সংস্কৃত সাহিত্য সম্ভার

৭

দণ্ডী ঃ শূদ্রক

প্রথম প্রকাশ ঃ ২৫শে সেপ্টেম্বর / ১৯৫৩

SANSKRITA SAHITYASAMBHAR
Vol. VII

প্রধান উপদেষ্টার কথা

বিশ্বের বিখ্যাত ক্লাসিক সাহিত্যের ভাষান্তরিকরণ বর্তমান যুগের একটি উল্লেখযোগ্য দাবী। সেই কারণেই রাশিয়া, জাপান, ফ্রান্স, আমেরিকা প্রভৃতি দেশগুলি একে অন্যের শ্রেষ্ঠ সাহিত্য নিজের ভাষায় রূপান্তরিত করিয়া স্বদেশের সাহিত্যকে সমৃদ্ধ করিবার ব্রত গ্রহণ করিয়াছেন।

সংস্কৃত আধুনিক বহু ভারতীয় ভাষারই উৎস—যে বিস্ময়কর সম্পদ সংস্কৃত সাহিত্যে সঞ্চিত রহিয়াছে তাহা মাতৃভাষায় প্রতিফলিত দেখিতে কাহার না সাধ হয়। কেবল আত্মতৃপ্তির কথা বলিতেছি না, আমার মনে হয়, 'নবপত্র প্রকাশন'-এর এই ব্রতপালন বাঙলা ভাষাকেই সমৃদ্ধ ও শ্রীমণ্ডিত করিয়া তুলিবে। আশা ও আনন্দের কথা, হাজার বছরের সংস্কৃত সাহিত্যের ভাষান্তরীকরণের এই ব্যাপক উদ্যম সমগ্র ভারতে এই প্রথম। আমি মনে করি, ইহা এক সুমহৎ জাতীয় কর্তব্যপালন। একথাও আমার মনে হইয়াছে, সম্প্রতি সংস্কৃত ভাষাকে বিলুপ্ত করিবার জন্য যে হাস্যকর অপচেষ্টা চলিয়াছে, 'নবপত্রে'র সংস্কৃত-সাহিত্য প্রকাশনা তাহার বিরুদ্ধে এক প্রদীপ্ত প্রতিবাদ।

যে গভীর আগ্রহে গ্রাহক-গ্রাহিকাগণ আমাদের এই প্রচেষ্টাকে অভ্যর্থনা জানাইয়াছেন, তাহাতে উৎসাহিত হইয়া আমরা সিদ্ধান্ত গ্রহণ করিয়াছি— বিপুল সংস্কৃত সাহিত্যের যে সকল কবি-কর্ম সুধীজন কর্তৃক অভিনন্দিত অথচ স্থানাভাবে পরিকল্পিত আটটি খণ্ডের অন্তর্ভুক্ত করা সম্ভব হয় নাই, সেই সব কাব্য ও নাটক আরও দশটি খণ্ডে আমরা প্রকাশ করিব।

সূচীপত্র

প্রকাশকের নিবেদন

সংস্কৃত সাহিত্যসম্ভারের সপ্তম খণ্ড প্রকাশিত হলো। লোড শেডিং সেই পুরাতন ভৃত্যের মতই আমাদের চিরসাথী—'ছাড়ালে না ছাড়ে'। কাজেই এই পুরাতন কাহিনী ব'লে লাভ নেই। নূতন উপসর্গ একটি জুটেছে—কাগজের অত্যন্তাভাব; মানে দ্বিগুণ অর্থ ব্যয় করেও পাওয়া যাচ্ছে না। এই অস্বাভাবিক মূল্যবৃদ্ধি আমাদের সমস্ত বাস্তব বুদ্ধিকে পরাজিত করেছে; সমস্ত কল্পনাকে অতিক্রম করেছে। তবে যে আদর্শ নিয়ে কাজে নেমেছিলাম—তার সঙ্গে যুক্ত রয়েছে আপনাদের অকুণ্ঠ সহযোগিতা, এ ছাড়া আমাদের সম্বল কিছু নেই। কিন্তু এই সম্বল আশ্রয় করেই আমরা আগামী দশটি খণ্ডের পরীক্ষাতেও উত্তীর্ণ হব—এ আশা নিশ্চয়ই আমরা করতে পারি।

এই প্রকাশনার ব্যাপারে পরিচিত বা অপরিচিত সকলের কাছেই আমি ঋণী—শুধু কৃতজ্ঞতা প্রকাশেই সে ঋণ শোধ হয় না। এই অভিযানের কর্ণধার পণ্ডিত গৌরীনাথ শাস্ত্রী—তাঁর স্বস্নেহ ও জাগ্রত দৃষ্টি অক্ষয় কবচের মতো আমাদের ঘিরে রয়েছে, তাঁর উদ্দেশ্যে জানাই সশ্রদ্ধ নমস্কার। অনুবাদকর্মে ও অন্যান্য রূপ পরিকল্পনায় ঘনিষ্ঠ সহায়ক রূপে যাঁদের পেয়েছি তাঁদের মধ্যে আছেন যাদবপুর বিশ্ববিদ্যালয়ের সংস্কৃত বিভাগের অধ্যাপক ডক্টর রবিশঙ্কর বন্দ্যোপাধ্যায়, জগবন্ধু ইনস্টিটিউশনের ভাষা শিক্ষক জ্যোতিভূষণ চাকী, রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয় ও চারুচন্দ্র কলেজের সংস্কৃত বিভাগের অধ্যাপক তারাপদ ভট্টাচার্য, উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের অবসরপ্রাপ্ত রীডার সংস্কৃত ও বাংলা বিভাগের অধ্যাপক ডঃ মুরারিমোহন সেন, লেডি ব্রাবোর্ন কলেজের সংস্কৃত বিভাগের অধ্যাপিকা শ্রীমতী গৌরী ধর্মপাল—এঁরা আমার কাছে কৃতজ্ঞতাভাজন। এই খণ্ড প্রকাশনায় আমাদের নানা ভাবে সাহায্য করেছেন, শ্রীজগদীশ তর্কতীর্থ, অধ্যাপিকা রত্না বসু, অধ্যাপক সুরেন্দ্রনাথ দেব, শ্রীমতী লক্ষ্মী সাহা, শ্রীমতী মল্লিকা ঘোষ ও শ্রীমতী কৃষ্ণকলি ভট্টাচার্য—এঁদের কাছেও আমি কৃতজ্ঞ।

দণ্ডী	ঃ	দশকুমারচরিতম্
ভূমিকা ও অনুবাদ	ঃ	অমিতা চক্রবর্ত্তী
শূদ্রক	ঃ	মৃচ্ছকটিকম্
ভূমিকা	ঃ	তারাপদ ভট্টাচার্য
অনুবাদক	ঃ	জ্যোতিভূষণ চাকী

দণ্ডী

দশকুমারচরিতম্

ভূমিকা

গদ্য-কাব্যের কথা

সংস্কৃত-সাহিত্যের ইতিহাসে দণ্ডীর রচিত 'দশকুমারচরিত' একটি বিশিষ্ট 'গদ্যকাব্য'। অবশ্য 'গদ্যকাব্য' এই আলংকারিক পরিভাষাটির বিশ্লেষণের প্রয়োজন আছে। সাধারণত বাংলা ভাষায় 'কাব্য' বলতে ছন্দোবদ্ধ রচনাকেই বোঝায়। কিন্তু সংস্কৃত-সাহিত্যের ক্ষেত্রে এই কথাটির তাৎপর্য আরও ব্যাপক। এখানে সাহিত্য-কর্ম মাত্রই কাব্যপদবাচ্য। অতএব শুধু পদ্য বা ছন্দোবদ্ধ রচনাই নয়, গদ্য তথা ছন্দ-নিরপেক্ষ রচনাকেও কাব্য শ্রেণীভুক্ত করা হয়েছে।

বহু প্রাচীন কাল থেকেই সংস্কৃত রচনায় গদ্যের ব্যবহার দেখা যায়। অবশ্য প্রাচীনতম গ্রন্থ ঋগ্‌বেদ ছন্দে রচিত হলেও বৈদিক যুগ থেকেই গদ্যশৈলীকে লিখন-রীতির অন্তর্ভুক্ত করা হয়েছে। যেমন যজুর্বেদের যাগযজ্ঞ সংক্রান্ত নির্দেশ এবং অথর্ববেদের কিছু-কিছু রচনা গদ্যে লিখিত। ব্রাহ্মণ গ্রন্থগুলির ভাষাও মূলত গদ্য। শ্রৌতসূত্র, গৃহ্যসূত্র জাতীয় রচনাগুলিও গদ্যে লেখা। পরবর্তীকালে পতঞ্জলির মহা-ভাষ্য ও অন্যান্য বহু ভাষ্যগ্রন্থে যে-গদ্যের ব্যবহার লক্ষ্য করা যায় তা যথেষ্ট উন্নত। কিন্তু তবুও এই গদ্যভঙ্গিকে সাহিত্যের বাহন হিসাবে গ্রহণ করা চলে না, কারণ শুধু-মাত্র বিভিন্ন বিষয়ের ব্যাখ্যার প্রয়োজনেই এর ব্যবহার। সাহিত্যের মাধ্যম-রূপে গদ্য-শৈলীর স্বীকৃতি লাভ আরও অনেক পরের ব্যাপার।

কিছু-কিছু রাজ-প্রশস্তিতে সাহিত্যরস-বিশিষ্ট গদ্যের ব্যবহার দেখা যায়। উদাহরণ স্বরূপ রুদ্রদামনের জুনাগড়লিপির কথা বলা যেতে পারে। রচনাকাল খ্রীষ্টীয় দ্বিতীয় শতক। এক রাজকর্মচারী হ্রদ-সংস্কারের পর তাঁর প্রভুর এই প্রশস্তি উৎকীর্ণ করিয়ে দিয়েছিলেন "…স্বয়মভিগতজনপদপ্রণিপতিতায়ুষশরণদেন…স্ফুটলঘুমধুরচিত্রকান্ত-শব্দসময়োদারালংকৃত গদ্যপদ্যপ্রবীণেন…নরেন্দ্রকন্যা-স্বয়ংবরানেকমাল্যপ্রাপ্তদাম্না মহাক্ষত্রপেন রুদ্রদাম্না…" ইত্যাদি।

অধীনস্থদের শরণস্থান, কাব্যরস প্রবীন, বহু রাজকন্যার বরমাল্যের পাত্র মহাবীর রুদ্রদামনের স্তুতির ভাষায় অলংকারবহুল সংস্কৃত-গদ্যের ব্যবহার নিঃসন্দেহে সাহিত্য-লক্ষণাক্রান্ত।

অবদানশতক, দিব্যাবদান, মহাবস্তু' ললিত বিস্তার, বোধিসত্ত্বাবদান প্রমুখ বৌদ্ধ সাহিত্যের গ্রন্থগুলি সরল গদ্যশৈলীর চমৎকার নিদর্শন। "তত্রচ শ্রীমতী নামান্তঃ পুরিকা। সা স্বকং জীবিতমগণয়িত্বা বুদ্ধজ্ঞাংশ্চানুস্মৃত্য কেশনখ স্তূপং সংমৃজ্য দীপমালামকাৎ। যাবদজাতশত্রুঃ উপরিপ্রাসাদতলগতস্তমুদারমবভাসং, দৃষ্টা পপ্রচ্ছ, 'কিমিদমিতি' যাবদন্যায়া কথিতম্—'শ্রীমত্যা কেশনখস্তূপে দীপমালা-কৃতেতি'।"

(শ্রীমতী, অবদানশতক)

এ-ছাড়া সংস্কৃত-সাহিত্যের ইতিহাসে পশুপাখির চরিত্র হিসাবে গ্রহণ করে নীতি-শিক্ষামূলক বহু গল্প সংকলনও আছে। যেমন পঞ্চতন্ত্র, তন্ত্রাখ্যায়িকা, হিতোপদেশ ইত্যাদি। আরও আছে গদ্যে লেখা বিরাট গল্প-সাহিত্যের ভাণ্ডার। বেতালপঞ্চবিংশতি, সিংহাসনদ্বাত্রিংশিকা, শুক-সপ্ততি প্রমুখ গ্রন্থগুলির ভাষার সাবলীলতা লক্ষণীয়।

সংস্কৃত পদ্যকাব্যের অনুসরণে গদ্যেও যে বিরাট কাব্যগ্রন্থ বা রমন্যাস জাতীয় রচনা সম্ভব তার প্রমাণ দণ্ডীর 'দশকুমারচরিত', সুবন্ধুর 'বাসবদত্তা' ও বাণভট্টের 'কাদম্বরী'। ইতিহাসমূলক গদ্য-কাব্য 'হর্ষচরিত' বাণভট্টেরই রচনা।

এখন প্রশ্ন—এঁরাই কি এই বিশেষ ধারাটির প্রথম দিশারী? এই রচনাগুলির আগে আর কোন গদ্যকাব্যের অস্তিত্ব কি ছিল না? উত্তরে বলা চলে—বাণ পূর্বসূরী রূপে আঢ্যরাজ ও ভট্টারহরিচন্দ্রের উল্লেখ করেছেন ("ভট্টারহরিচন্দ্রস্য গদ্যবন্ধো নৃপায়তে"—হর্ষচরিত) কিন্তু এঁদের কোন গ্রন্থ পাওয়া যায় নি। আবার মহাভাষ্যে পতঞ্জলি তিনখানি গদ্যকাব্যের উল্লেখ করেছেন—'বাসবদত্তা', 'সুমঙ্গোরা', 'ভৈমরথী'। জল্হনের 'সূক্তি-মুক্তাবলী' গ্রন্থে শীলভট্টারিকা নামে একজন গদ্যকাব্যের রচয়িত্রীর নাম পাওয়া যায়। কিন্তু এই রচনাগুলি দুর্লভ। অতএব সংস্কৃত গদ্যকাব্যের আলোচনা সুবন্ধু, বাণভট্ট ও দণ্ডীর বিষয়েই সীমাবদ্ধ।

এবার এসে যাচ্ছে 'গদ্যকাব্য' এই শব্দটির শাস্ত্রগত রূপের আলোচনা। সংস্কৃত অলংকারশাস্ত্র মতে কাব্যের প্রধান ভাগ দুটি—দৃশ্য ও শ্রব্য। নাটক জাতীয় সমস্ত লেখাগুলি দৃশ্যকাব্যের অঙ্গীভূত। অবশিষ্ট সব ধরনের রচনাই শ্রব্য কাব্যের অন্তর্ভুক্ত। শ্রব্য কাব্য ভাষার ভিত্তিতে তিন শ্রেণীতে বিভক্ত—গদ্যময়, পদ্যময় ও মিশ্র। সাহিত্য-তত্ত্বের কোন-কোন আলোচক গদ্যকাব্যকে দু-ভাগে ভাগ করেছেন—'কথা' ও 'আখ্যায়িকা'। অবশ্য এ-দুয়ের সংজ্ঞা অনেক ক্ষেত্রেই পরস্পর নির্ভরশীল। ভামহের মত অনুসারে আখ্যায়িকার নায়ক নিজেই নিজের অভিজ্ঞতা বর্ণনা করবেন। ভাষা হবে সংস্কৃত। নায়কের বীরত্বের কথা, অবশ্যই স্থান পাবে। এবং নায়ক নিজে 'স্বচেষ্টিত' বর্ণনা করবেন। আখ্যায়িকার অধ্যায়ের নাম 'উচ্ছ্বাস'। মাঝে 'বক্ত্র' বা 'অপরবক্ত্র' নামে ছন্দ থাকবে। কথার কাহিনী হবে কাল্পনিক, নায়ক ব্যতীত অন্য কেউ বক্তব্য উপস্থাপিত করবে। এই বক্তব্যগুলির বিষয়ে অগ্নিপুরাণ ও ভামহের প্রদত্ত সূত্রেরও মিল আছে।

কিন্তু দণ্ডী স্বয়ং এই পার্থক্য স্বীকার করেন না। তিনি বলেন 'কথাখ্যায়িকেত্যে-কাজাতিঃ সংজ্ঞা দ্বয়াঙ্কিতা'—আসলে দুটিই প্রায় একধরনের রচনা, শুধু নামেই ভিন্ন। অবশ্য এদের মৌলিক পার্থক্য হিসাবে উল্লেখ করা যেতে পারে যে 'কথা' জাতীয় রচনা প্রধানত কবির কল্পনাশক্তি-নির্ভর ('প্রবন্ধ-কল্পনাকথা'—অমরকোষ) আর আখ্যায়িকার মধ্যে সাধারণত ইতিহাসাশ্রয়ী ঘটনারই দ্বারস্থ হতে হয়। এ-ব্যাপারে বাণভট্টের 'কাদম্বরী', ও 'হর্ষচরিত' যথাক্রমে 'কথা' ও 'আখ্যায়িকা'র উদাহরণরূপে সুপরিচিত।

দশকুমারচরিত—গদ্যকাব্য

এখন প্রশ্ন হলো—দণ্ডীর রচনা 'দশকুমারচরিত'কে কোন্ শ্রেণীর অন্তর্ভুক্ত করা সঙ্গত? 'অগ্নিপুরাণ' ও ভামহ-কথিত কোন বিশেষ একটি সজ্ঞার সংগে এর একাত্মতার অভাব। কারণ—

ক) এতে কবির বংশ বৃত্তান্তের বর্ণনা অনুপস্থিত।

খ) বর্ণনীয় বিষয়ের দিক থেকে একে আখ্যায়িকা মনে হলেও সর্বদা নায়কমুখে ঘটনা বিবৃত হয় নি।

গ) উচ্ছ্বাস হিসাবে বিভাজন থাকায় 'কথা' শ্রেণীভুক্তও করা চলে না। আবার বক্ত্র বা অপরবক্ত্র ছন্দের ব্যবহারও অনুপস্থিত। সুতরাং দণ্ডীর মতানুসারেই 'দশকুমারচরিত'কে স্বতন্ত্র কোন উপবিভাগের অন্তর্ভুক্ত না করে শুধু গদ্যকাব্য রূপে গ্রহণ করাই বাঞ্ছনীয়। সাহিত্য দর্পনকার বিশ্বনাথ কবিরাজও এ-ক্ষেত্রে দণ্ডীরই মতানুসারী (আখ্যায়িকা কথাবৎ স্যাৎ)।

গদ্যকাব্য এই আলংকারিক পরিভাষাটির মধ্যেই এই শ্রেণীর কাব্যের বৈশিষ্ট্য প্রকাশিত। অর্থাৎ এ-ক্ষেত্রে ভাষা গদ্য হলেও পদ্য কাব্যের মৌলনীতিই অনুসৃত। নিসর্গ বর্ণনা, নায়ক-নায়িকার রূপগুণের অসামান্যতার পরিচয়, শৃঙ্গারাদি রসের প্রাধান্য ও একাধিক অঙ্গরসের উপস্থিতি যেমন কাব্যবৈশিষ্ট্যের সূচক, তেমনি শব্দ ও অর্থালংকারের প্রাচুর্য, দীর্ঘ সমাসবন্ধ পদপ্রয়োগ ইত্যাদি ভাষাগত কৌশলগুলিও 'রাজসভা পৃষ্ঠপোষিত কাব্যের' লক্ষণাক্রান্ত। দণ্ডী, সুবন্ধু ও বাণভট্ট তিন-জনের রচনাতেই এই আঙ্গিকগুলি বর্তমান।

সুবন্ধু ঃ বাণভট্ট

দণ্ডী সম্বন্ধে বিস্তৃত আলোচনার পূর্বে সুবন্ধু ও বাণভট্টের রচনা সম্বন্ধে সংক্ষিপ্ত পরিচিতি আলোচ্য বিষয়ের স্বরূপকে স্পষ্টতর করে তুলতে সাহায্য করবে। রাজপুত্র কন্দর্পকেতু ও রাজকন্যা বাসবদত্তার প্রেমের কাহিনীই সুবন্ধু-রচিত গ্রন্থ 'বাসবদত্তা'র উপজীব্য। নায়ক-নায়িকার স্বপ্ন-দর্শন পারস্পরিক আকর্ষণের উৎস। বন্ধু মকরন্দের সঙ্গে কন্দর্পকেতু যাত্রা করলেন স্বপ্নদৃষ্টা বাঞ্ছিতার অন্বেষণে। পথে বিশ্রাম কালে পক্ষী-দম্পতির আলাপের মাধ্যমে তিনি কুসুমপুরের রাজকন্যা বাসবদত্তার দূতী প্রেরণের বিষয়ে অবহিত হলেন। সখি তমালিকার সঙ্গে সাক্ষাতের পর গোপনে বাসবদত্তাসহ পলায়ন করে বিন্ধ্যপর্বতে উপস্থিত হলেন। শ্রান্ত দম্পতি নিদ্রিত হয়ে পড়েন এক আশ্রম সমীপে। প্রভাতে নিদ্রাভঙ্গের পর কন্দর্পকেতু দেখলেন পাশে বাসবদত্তা অনুপস্থিত। প্রিয়তমার বিরহে আত্মহত্যার সংকল্প করলেন তিনি। কিন্তু দৈববাণীতে আশ্বস্ত হয়ে নিরস্ত হলেন। বহু অনুসন্ধানের পর এক পাষাণ প্রতিমাকে আলিঙ্গন করায় তা প্রাণময়ী বাসবদত্তায় পরিণত হয়। জানা গেল ফল সংগ্রহে আগতা বাসবদত্তার লাবণ্যে মুগ্ধ দুই কিরাতের মধ্যে কলহের পরিণীতিতে উভয়েই জীবনাবসান হয়। আশ্রমের শ্রীহীনতার কারণস্বরূপা বাসবদত্তার প্রতি ঋষির অভিশাপের ফলেই তার এই রূপান্তর। পরিশেষে নায়ক-নায়িকার মিলনে ঘটনার পরিসমাপ্তি।

সাধারণভাবে খ্রীষ্টীয় ষষ্ঠ শতকের শেষ বা সপ্তম শতকের প্রথম ভাগকে সুবন্ধুর কালরূপে চিহ্নিত করা অসংগত নয়। কারণ সপ্তম শতকের মধ্যভাগের কবি বাণভট্ট সুবন্ধুর উল্লেখ করেছেন। আবার সুবন্ধু স্বয়ং সম্ভবত কালিদাসকে লক্ষ্য করেই আক্ষেপ করেছেন যে বিক্রমাদিত্যের পর কাব্য ও কবিদের সমাদরের অভাব দেখা যাচ্ছে। অতএব বাণভট্টের পূর্ববর্তী ও কালিদাসের পরবর্তী যুগেই তাঁর আবির্ভাব। 'বাসবদত্তায়' ধর্মকীর্তি কর্তৃক ষষ্ঠ শতকে রচিত 'বুদ্ধসংগীতি' নামে গ্রন্থের ও উদ্যোতকরের উল্লেখও এই মতকে সমর্থন করে।

সুবন্ধুর সাহিত্যগত উৎকর্ষ সম্বন্ধে বাণভট্ট বলেছেন—'কবীনামগলদ্দর্পো নূনং বাসবদত্তয়া'। শ্লেষ প্রধান এই কাব্যটিকে রাঘবপাণ্ডবীয় গ্রন্থে কবিরাজ বক্রোক্তিমার্গ

নিপুণ কবি হিসাবে উচ্চ প্রশংসা করেছেন। এই ধরনের সপ্রশংস উক্তিগুলি সুবন্ধুর কাব্যোৎকর্ষ প্রমাণের পক্ষে যথেষ্ট।

কনৌজেশ্বর হর্ষবর্ধনের সভাকবি বাণভট্টের (খ্রীষ্টীয় সপ্তম শতক) অবিস্মরণীয় সাহিত্যকৃতি 'কাদম্বরী'কে উপন্যাসধর্মী রচনারূপে স্বীকৃতি দেওয়া চলে। গন্ধর্বকন্যা কাদম্বরী ও তারাপীড়-পুত্র চন্দ্রাপীড়ের প্রেম এই গল্পের মূল সূত্র হলেও মহাশ্বেতা-পুণ্ডরীকের পার্শ্বকাহিনী ও 'পত্রলেখা' 'বৈশম্পায়ন' ইত্যাদি একাধিক চরিত্রের উপস্থিতি, নানা ঘটনার ঘাত-প্রতিঘাত কাব্যের আকর্ষণ যথেষ্ট বর্দ্ধিত করে তুলেছে। জন্মান্তরীণ সম্পর্কের যোগসূত্রের মাধ্যমে গল্পের মধ্যে গল্প বয়নের অপূর্ব কৌশল এই কাব্যকে এক মৌলিক ক্ষেত্রে প্রতিষ্ঠিত করেছে! তাছাড়া সুনিপুণ অলংকার প্রয়োগ, অসাধারণ বর্ণনাশক্তি ও অতুলনীয় বাগ্‌বৈদগ্ধ্যের সমন্বয় বাণভট্টের কাব্য-দক্ষতাকে এক রাজকীয় মহিমা দান করেছে। অবশ্য ভাষাগত কাঠিন্য, সমাসবাহুল্য ইত্যাদি কারণে পাশ্চাত্য পণ্ডিতদের কাছে তাঁর রচনারীতি সমালোচিত হলেও তৎকালীন প্রাচ্য-সাহিত্যের মান অনুসারে গুণগ্রাহী পণ্ডিত মহলের সশ্রদ্ধ সমাদর লাভে বঞ্চিত হয় নি—'কাদম্বরী'র রসে নিমজ্জিত ব্যক্তি আহার্যের প্রতিও নিস্পৃহ হয়ে পড়ে'! প্রাসংগিকভাবে রবীন্দ্রনাথের মন্তব্য উদ্ধৃতিযোগ্য—"সংস্কৃত কবিদের মধ্যে চিত্রাঙ্কণে বাণভট্টের সমতুল্য কেহ নাই··· সমস্ত 'কাদম্বরী' কাব্য একটি চিত্রশালা।"

গদ্যকাব্য বিভাগে অনন্য সংযোজন 'দশকুমারচরিত' সম্পর্কে আলোচনার পূর্বে রচয়িতা দণ্ডী সংক্রান্ত সমস্যাগুলির প্রতি আলোকপাতের প্রয়োজন আছে।

দণ্ডীর পরিচয় ঃ দণ্ডীর কাল

নিজের কাল সম্বন্ধে নির্দিষ্ট প্রমাণ দাখিল করে গেছেন এমন সংস্কৃত কবির সংখ্যা খুবই বিরল। ফলে এঁদের যথার্থ সময় নিরূপণ যথেষ্ট গবেষণা সাপেক্ষ। এবং এ-ক্ষেত্রে প্রাচ্য ও পাশ্চাত্ত্য পণ্ডিতদের আলোকপাতের প্রয়াস কোনমতেই উপেক্ষণীয় নয়। দণ্ডীর কাল সম্বন্ধেও বহু গবেষণা চলেছে, এখনও চলছে। এ-বিষয়ে উল্লেখ্য বক্তব্যগুলিরই আলোচনা হওয়া বাঞ্ছনীয়!

দণ্ডীর সময় নির্দ্ধারণের ব্যাপারে প্রাসঙ্গিক প্রশ্নগুলিকে সংক্ষিপ্তাকারে এইভাবে উপস্থাপিত করা যেতে পারে—(ক) দণ্ডী নামে কি একজনই লেখক ছিলেন অথবা একাধিক লেখক কি এই নাম ব্যবহার করেছেন? (খ) 'কাব্যাদর্শ' ও 'দশকুমারচরিত' একই দণ্ডীর সৃষ্টি কি না? গ) রাজশেখর 'ত্রয়ো দণ্ডীপ্রবন্ধাশ্চ···' এই উক্তির দ্বারা দণ্ডীর কোন্ কোন্ রচনার প্রতি দৃষ্টি আকর্ষণ করতে চেয়েছিলেন ইত্যাদি।

কোন-কোন পণ্ডিতের মতে দণ্ডী নামে একাধিক লেখক ছিলেন। জি. জে. আগাশে (G. J. Agashe) মনে করেন যে অন্তত তিন-জন দণ্ডীর অস্তিত্ব ছিল। এক—কাব্যাদর্শের রচয়িতা আচার্য দণ্ডী, দুই—'কবি দণ্ডী' যাঁর সব রচনা এখনও উদ্ধার করা সম্ভব হয় নি, তিন—'দশকুমারচরিত' নামে গদ্যকাব্যের স্রষ্টা দণ্ডী। অতএব অলংকার গ্রন্থ 'কাব্যাদর্শ' ও গদ্যকাব্য 'দশকুমারচরিত'—এই দুই দণ্ডীর নামে প্রচলিত হলেও দুজন ভিন্ন ব্যক্তি—এ-রকম একটি ধারণা বর্তমান। এই মতবাদের স্বপক্ষে যুক্তি হিসেবে যে-সব বক্তব্য তুলে ধরা হয়েছে সংক্ষেপে তা হলো এইরকম—'কাব্যাদর্শে' কাব্যের যে-আদর্শ প্রতিষ্ঠা করা হয়েছে, 'দশকুমারচরিতে' তা ঠিকমতো অনুসৃত হয় নি। কাব্যা-

দর্শে নির্দেশিত গদ্যের প্রাণ ওজঃগুণ তথা সমাসবহুল। কাব্য সর্বদা সৎ বিষয় অবলম্বনে রচিত হবে (সদাশ্রয়ত্ব)। এই সমস্ত নিয়মের বেড়াজাল 'দশকুমারচরিতে' অনেকস্থলেই লঙ্ঘিত। কাব্যের ভাষা তথা শব্দ-প্রয়োগ, বাক্য গঠন এবং ব্যাকরণগত যে সব নীতি কাব্যাদর্শে প্রচারিত, 'দশকুমারচরিতে' বহুক্ষেত্রেই সেইগুলি উপেক্ষিত।

কিন্তু কীথ (Keith) শুধুমাত্র এই কারণে দুই পৃথক দণ্ডীর অস্তিত্ব স্বীকারে অনিচ্ছুক। তাঁর মতে দণ্ডী আলংকারিক তথা সাহিত্য-সমালোচক রূপে যে-সব নিয়মের বিধান দিয়েছেন, কবি হিসবে সেগুলি সব সময় অনুসরণ করা তাঁর পক্ষে হয়তো সম্ভব হয় নি এবং এটাই স্বাভাবিক। কারণ প্রকৃত কবিদের কাছে নিয়মের বাঁধনের চেয়ে কাব্যসৃষ্টির তাগিদ অনেক বেশি জোরালো। তাই কালিদাস শেক্সপীয়ার প্রমুখ বহু মহাকবির রচনাতেই আর্য প্রয়োগের উদাহরণ দুর্লভ নয়।

অনেকে মনে করেন 'কাব্যাদর্শ' দণ্ডীর পরিণত বয়সের রচনা। কিন্তু 'দশকুমার-চরিত' অপেক্ষাকৃত পরিণত লেখনীর সৃষ্টি। কীথ এই মতের সমর্থক। কিন্তু এরকম সিদ্ধান্তের স্বপক্ষে জোরদার যুক্তি বেশি নেই, কারণ গদ্য কাব্যটিতে অপরিণত কাব্য-ক্ষমতার প্রমাণ হাজির করা খুবই আয়াসসাধ্য।

দণ্ডী নামটির ব্যুৎপত্তিগত অর্থ দেখিয়ে অনেকে প্রমাণ করতে চেয়েছেন যে-কোন দণ্ডধারণকারী সন্ন্যাসীকেই এই আখ্যায় ভূষিত করা যায়। অতএব একাধিক 'দণ্ডী' সন্ন্যাসীর অস্তিত্বের সম্ভাবনার কথা অস্বীকার করা চলে না। কিন্তু এই ধারণার সমর্থনে আর কোন যুক্তির নিতান্তই অভাব। কালে (Kale) মহোদয় মনে করেন—নামের আগে শ্রী শব্দের ব্যবহার থাকায় (শ্রীদণ্ডী) দণ্ডী কথাটি এখানে ব্যক্তিগত অভিধা রূপে (proper name) প্রযুক্ত। কোন তৃতীয় দণ্ডীর অস্তিত্বের সমর্থনে ঐতিহাসিক প্রমাণ বিরল। এই তত্ত্ব শুধুমাত্র অনুমান নির্ভর। অতএব 'কাব্যাদর্শ' ও 'দশকুমারচরিত' একই লেখকের রচনা—এই মতবাদের বিরুদ্ধ-যুক্তিগুলি যথেষ্ট সবল না হওয়ায় সিদ্ধান্ত হিসাবে এই মতই গ্রহণযোগ্য।

কাব্যাদর্শ সপ্তম খ্রীষ্টাব্দে রচিত হয়েছিল—এ-বিষয়ে বহু প্রমাণ আছে। সুতরাং দুটি গ্রন্থ একই রচয়িতার সৃষ্টি রূপে গৃহীত হলে 'দশকুমারচরিতে'র রচনাকাল কোন মতেই খ্রীষ্টীয় অষ্টম শতকের পরে হতে পারে না।

অবশ্য অধ্যাপক উইলসন (Wilson) খ্রীষ্টীয় একাদশ শতকের শেষ অথবা দ্বাদশ শতকের প্রথম ভাগকে 'দশকুমারচরিতে'র রচনাকাল রূপে নির্দেশ করেছেন। এই মতের স্বপক্ষে তাঁর প্রধান যুক্তি গ্রন্থমধ্যে (১) 'যবন' শব্দ ও (২) ভোজ বংশের উল্লেখ। তাঁর ধারণা 'যবন' বলতে এ-ক্ষেত্রে আরব জলদস্যুদের নির্দেশ করা হয়েছে যাঁরা মুসলিম আক্রমণের কাছাকাছি সময়ে দস্যুতার জন্য হিন্দুদের কাছে পরিচিত ছিল। অতএব মুসলিম আক্রমণের অল্পকাল পূর্বেই এই গ্রন্থ রচিত। কিন্তু এই যুক্তি সহজেই খণ্ডনযোগ্য। কারণ এই প্রাচীনকাল থেকেই 'ম্লেচ্ছ' বা বিদেশী বোঝাতে সংস্কৃত-সাহিত্যে যবন শব্দ ব্যবহৃত হয়েছে। গ্রীকদের প্রতিও এই শব্দ প্রযুক্ত হতো। সংস্কৃত নাটকে 'যবনিকা' শব্দের ব্যবহারও উইলসনের বক্তব্যের বিপক্ষেই রায় দেয়। দ্বিতীয়ত উইলসন মনে করেন ভোজবংশীয় যে-নরপতির উল্লেখ গ্রন্থে আছে তিনি হলেন সেই ভোজরাজ যিনি দশম খ্রীষ্টাব্দে দণ্ডীর পৃষ্ঠপোষক রূপে খ্যাতি অর্জন করেছিলেন। কিন্তু এই মত সমর্থনের পক্ষে যথেষ্ট যুক্তির অভাব। কারণ কালিদাসের রচনায়,

এমনকি মহাভারতেও ভোজবংশীয় রাজার উল্লেখ আছে। এই বংশের বিশেষ রাজার কথা 'দশকুমারচরিতে' বলা হয়েছে—তা অনুমান করা কঠিন। এইপ্রসঙ্গে শ্রীযুত কালে মনে করেন—ভোজরাজ দণ্ডীর পৃষ্ঠপোষক ছিলেন এই কিম্বদন্তীর দ্বারাই উইলসন প্রভাবিত হয়েছেন বলে মনে হয় এবং এই মত গ্রহণ করার পেছনে যে-বইয়ের প্রভাব রয়েছে, সেই ভোজবংশের ঐতিহাসিক সারবত্তা বিশেষ কিছুই পাওয়া যায় না। ঐ বইটিতে এমনিতে যা রয়েছে তা হলো সাহিত্য-সংক্রান্ত নানান পাঁচমিশেলি গল্প। অতএব দণ্ডীর কাল সম্বন্ধে নিশ্চিত হতে গেলে প্রমাণ খুঁজতে হবে অন্যত্র।

'অবন্তিসুন্দরী কথা' বইটি আবিষ্কৃত হওয়ার পর দণ্ডীর জীবনালেখ্যের উপর বেশ কিছুটা আলোকপাত ঘটেছে! অনেকে মনে করেন (এটি দশকুমারচরিতের লুপ্ত পূর্বাংশ)। কৌশিক গোত্রীয় ব্রাহ্মণ বংশে দণ্ডীর জন্ম। তিনি ছিলেন কবি ভারবির প্রপৌত্র, বীরদত্ত ও গৌরীর পুত্র। দণ্ডীর পূর্বপুরুষের আদি নিবাস গুজরাটের আনন্দপুরে, পরে তাঁরা দক্ষিণ-ভারতের কাঞ্চীতে বসবাস শুরু করেন। বাল্যে তিনি পিতা-মাতাকে হারান। চালুক্যরাজ বিক্রমাদিত্য ৬৫৫ খ্রীষ্টাব্দে 'কাঞ্চী' আক্রমণ করলে তিনি দেশত্যাগ করেন। আবার পল্লবরাজ নরসিংহ বর্মা যখন সিংহাসন অধিকার করলেন তখন দণ্ডী ফিরে আসেন ও রাজসভায় উচ্চপদে নিযুক্ত হন। এই কাহিনী থেকেও দণ্ডীর কাল সম্বন্ধে কিছু-কিছু উপাদান সংগ্রহ করা সম্ভব। ভারবি পল্লবরাজ সিংহবিষ্ণুর (৫৭০ খৃষ্টাব্দ) সভাকবি হলে তাঁর প্রপৌত্রের কাল হিসাবে খৃষ্টীয় সপ্তম শতকের মাঝামাঝি সময়কে অনায়াসে গ্রহণ করা যেতে পারে। নরসিংহ বর্মা কর্তৃক কাঞ্চী পুণরাধিকারের ঘটনাও প্রায় এই সময়ের।

দণ্ডী যে দাক্ষিণাত্যের অধিবাসী ছিলেন এ-কথার যথেষ্ট বিশ্বাসযোগ্যতা আছে। কাব্যাদর্শে মাহারাষ্ট্রী ভাষার ও বৈদর্ভী রীতির প্রশংসা করা হয়েছে (কাব্যাদর্শ প্রথম—৩৪, ৪১, ৪২)। 'দশকুমারচরিতে' উল্লিখিত 'মোরগলড়াই' দক্ষিণ-ভারতের সাধারণ প্রমোদ। কাবেরীতীরপত্তন, কলিঙ্গ, অন্ধ্র ইত্যাদি দক্ষিণ-ভারতীয় স্থানগুলি সম্বন্ধে তাঁর যথেষ্ট অভিজ্ঞতা, পরিচয় আছে। বিশেষত 'গোমিনীর' গল্পে দক্ষিণ-ভারতের অভাবী পরিবার সম্বন্ধে খুবই বাস্তব-সম্মত বিবরণ পাওয়া যায়।

লেখক বাৎসায়নের 'কামসূত্র' ও কৌটিল্যের 'অর্থশাস্ত্রের' সঙ্গে সুপরিচিত ছিলেন। 'মৃচ্ছকটিক' নাটকের সমাজচিত্রের সঙ্গেও 'দশকুমারচরিতে' প্রতিফলিত সমাজব্যবস্থার যথেষ্ট সাদৃশ্য বর্তমান। যে-ধরনের বিলাসবহুল নাগরিক-জীবনের ছবি তাঁর কাব্যে চিত্রিত সেই ধরনের রাজকীয় আড়ম্বরময় জীবনের সঙ্গে তাঁর যে সাক্ষাৎ যোগ ছিল এ-সম্বন্ধে সন্দেহের অবকাশ নেই।

সাধারণভাবে এ-কথা স্বীকৃত যে দণ্ডী ও বামন—এই দুই আলংকারিকের মধ্যে দণ্ডীপূর্বে, বামন পরে। কারণ বামন দণ্ডীর বক্তব্যের সমালোচনা করেছেন তাঁর গ্রন্থে। খ্রীষ্টীয় অষ্টম শতকের শেষভাগ বামনের সময়রূপে চিহ্নিত। অতএব এইটি দণ্ডীর কালের শেষ সীমা। আবার কাব্যাদর্শে প্রবর সেন রচিত 'সেতুবন্ধ' কাব্যের উল্লেখ আছে (কাব্যাদর্শ—প্রথম—৩৪)। প্রবর সেন খ্রীষ্টীয় পঞ্চম শতকের লোক, সুতরাং এই সময়টি দণ্ডীর ঊর্ধসীমা।

দণ্ডী নিঃসন্দেহে বাণভট্টের পূর্বসূরী। ভাষার অপেক্ষাকৃত স্বচ্ছতা, বাণসুলভ দীর্ঘ সমাস-বাহুল্যের অভাব ইত্যাদি বিষয়গুলিও প্রাক্‌-বাণ যুগের রচনারীতির

পরিচায়ক। বাণভট্টের রচনাকালরূপে হর্ষবর্ধনের রাজত্বকাল তথা খৃষ্টীয় সপ্তম শতকের শেষ ভাগকে গ্রহণ করা হলে দণ্ডীকে অনায়াসে খ্রীষ্টীয় সপ্তম শতকের প্রথম দিকের কবিরূপে স্বীকৃতি দেওয়া চলে। 'দশকুমারচরিতে'র ভৌগোলিক বর্ণনাও প্রমাণ করে যে দণ্ডী হর্ষবর্ধনের রাজত্বকালের পূর্ববর্তী সময়ের লেখক—এ-কথা বিখ্যাত গবেষক মার্ক কলিনস্ও স্বীকার করেছেন। (The geographical date of the Roghuvamsa and the Dasakumaracharita P—91)

কর্ণাটকের রাণী বিজ্জকা বা বিজয়া (খ্রীষ্টাব্দ ৬৫০) একটি শ্লোকে দণ্ডীর উল্লেখ করেছেন।

"নীলোৎপলদলশ্যামাং বিজ্জকাং মামজানতা
বৃথেব দণ্ডিনা প্রোক্তং সর্বশুক্লা সরস্বতী"

(শার্ঙ্গধর পদ্ধতি)

অতএব দণ্ডীর কাল সম্বন্ধে এই সিদ্ধান্ত অযৌক্তিক হবে না যে তিনি অন্তত খ্রীষ্টীয় ষষ্ঠ শতকের শেষ থেকে খ্রীষ্টীয় সপ্তম শতকের প্রথমার্ধ পর্যন্ত বর্তমান ছিলেন।

রচনারীতি

'দশকুমারচরিত'—এই একটি মাত্র গ্রন্থই সাহিত্যিক রূপে দণ্ডীকে চিরন্তনতার মর্যাদা দেওয়ার পক্ষে যথেষ্ট। একদিকে যেমন পরবর্তী প্রাচ্য-পণ্ডিতেরা তাঁর মূল্যায়ন প্রসঙ্গে বহু সপ্রশংস উক্তি রেখে গেছেন আর একদিকে তেমনি বহু আধুনিক বিদগ্ধজনও তাঁর কাব্য-নৈপুণ্যকে দ্ব্যর্থহীনভাবে স্বীকৃতি দিয়েছেন।

কিংবদন্তীতে বলা হয়েছে 'বাল্মীকির জন্মের পরই 'কবি' শব্দটি তার যথার্থতা লাভ করল, ব্যাসের পর শব্দটি দ্বিবচনান্ত এবং দণ্ডীর কাব্যসৃষ্টির পর বহুবচনান্ত শব্দে পরিণত হলো।'

"জাতে জগতি বাল্মীকৌ কবিরিত্যভিধাঽভবৎ।
'কবী' ইতি ততোব্যাসে কবয়স্ত্বয়িদণ্ডিনি॥"

অর্থাৎ এ-ক্ষেত্রে ব্যাস, বাল্মীকির সঙ্গে দণ্ডীকে একাসনে বসাতেও কুণ্ঠার কারণ ঘটে নি।

দণ্ডীর কবিখ্যাতি যে যথেষ্ট প্রসারিত ছিল তার প্রমাণ 'কবির্দণ্ডী, কবির্দণ্ডী, কবির্দণ্ডী ন সংশয়ঃ' ইত্যাদি উক্তি। রাজশেখর তো মন্তব্য করলেন যেমন 'তিনটি যজ্ঞাগ্নি (আহবনীয়, গার্হপত্য ও দক্ষিণ), তিন বেদ (ঋক্, সাম, যজুঃ) ও তিন দেবতা (ব্রহ্মা, বিষ্ণু, মহেশ্বর) বিখ্যাত তেমনি দণ্ডীর তিনটি রচনার খ্যাতিও ত্রিভুবন-বিশ্রুত।' কোন-কোন সমালোচক কালিদাসের উপমাশক্তি, ভারবির অর্থগৌরবের সঙ্গে দণ্ডীর পদলালিত্যকে সমমর্যাদা দিতে দ্বিধাবোধ করেন নি। গঙ্গাদেবী তাঁর 'মথুরাবিজয়' কাব্যে দণ্ডীর রচনাকে অমৃতের সঙ্গে তুলনা করেছেন। 'আচার্যদণ্ডিনো বাচামাচান্তা-মৃতসংপদাম্…"(ম. বি ১ম, ১০)।

স্বভাবতই অনুসন্ধিৎসু পাঠকের মনে এই প্রশ্ন উদিত হতে পারে যে এইসব মন্তব্যগুলির বাস্তব ভিত্তি কি? বলা বাহুল্য গুণমুগ্ধতাজনিত উচ্ছ্বাস সবসময় ন্যায়ের অনুশাসন মেনে চলে না, আবার এ-কথাও তো ঠিক যে কিছু ক্ষমতা না থাকলে মুগ্ধ করাও সম্ভব হয় না। সুতরাং সাহিত্যিক হিসাবে দণ্ডীর কোন্ কোন্ বৈশিষ্ট্য

তাঁকে অমর করে রেখেছে সেই দিকগুলির প্রতি আলোকপাত করার প্রয়োজন আছে।

দণ্ডীর আলোচ্য রচনার সবচেয়ে আকর্ষণীয় দিক তার বাস্তবধর্মিতা। জুয়াখেলা, প্রতারণা, লাম্পট্য, গণিকাসক্তি ইত্যাদি তৎকালীন নগরজীবনের নীতিহীনতার দিকগুলি তাঁর লেখনীতে যথার্থভাবেই রূপায়িত। একদিকে প্রমোদ ও বিলাসবহুল নাগরিক সমাজ অপরদিকে গ্রাম-জীবনের দারিদ্র্য, (যেমন গোমিনীর গল্পে) বৈপরীত্যের আভাসে উজ্জ্বল। মোরগলড়াই, পাশাখেলা জাতীয় নিষ্ফল উত্তেজনামূলক আমোদই সময় কাটাবার উপায় ছিল। নগর-সভ্যতায় ও রাজসভায় বারবণিতাদের প্রাধান্যও একটি স্বীকৃত ব্যাপার ছিল। আবার নায়কদের বীরত্ব, চাতুর্য, বুদ্ধিমত্তা, সাহসিকতা ইত্যাদি দিকগুলিও দণ্ডীর শিল্পনৈপুণ্যে সুচিত্রিত হয়েছে। কুমারেরা সকলেই নানা বিদ্যায় পারঙ্গম। কামশাস্ত্রেও যেমন তাঁদের অধিকার, যুদ্ধবিদ্যায় পারদর্শিতা তার চেয়ে কিছু কম নয়। অপহারবর্মা একদিকে যেমন চৌর্যবিদ্যায়, হস্তী-বশীকরণে কৃতিত্ব দেখিয়েছেন তেমনি অন্যদিকে কাব্যরচনায় ও সাহসিকতায়ও পটুতার বহু প্রমাণ রেখেছেন। নায়কদের মধ্যে সবচেয়ে প্রকট যে-মনোভাব তা হলো অধিকার প্রতিষ্ঠার আগ্রহ—নারীর প্রতি ও ভূমির প্রতি। অধিকাংশ নায়কই ছলে-বলে-কৌশলে নিজ উদ্দেশ্য সাধন করেছেন ও বাঞ্ছিতাকে করায়ত্ত করেছেন। পুষ্পোদ্ভব প্রতিদ্বন্দ্বীকে ছদ্মবেশে হত্যা করেছেন, রাজবাহন ঐন্দ্রজালিকের সহায়তা নিয়েছেন, প্রমতি কৌশলের আশ্রয়ে শ্রাবস্তীর রাজাকে বাধ্য করেন তাঁর হাতে কন্যা সমর্পণ করতে ইত্যাদি।

বাৎস্যায়ন প্রভাবিত সমাজের সুস্পষ্ট চিত্রায়ন করেছেন দণ্ডী। বণিকপ্রধান নাগরিক সমাজ প্রমোদ-বিলাসে আকণ্ঠ নিমজ্জিত। রাজাদের মধ্যে নিত্য সংঘর্ষ একটি সাধারণ ঘটনা। বৌদ্ধ ও জৈন ধর্মের প্রভাব বিলুপ্ত-প্রায়। গ্রামীন জীবনের প্রতি ঔদাসীন্য নগর-জীবনের চাকচিক্যের প্রতি আকর্ষণ—ক্ষয়িষ্ণু সমাজ-ব্যবস্থার ইংগিতবাহী।

দণ্ডীর অতুলনীয় বর্ণনাশক্তির পরিচয় বহন করছে এই রচনাটি। প্রাকৃতিক বর্ণনা, চরিত্রগুলির রূপগুণের বর্ণনা, প্রেমবিহ্বল নায়ক-নায়িকার অবস্থার বর্ণনা, কন্দুকাবতীর ক্রীড়ার বিচিত্র বিবরণ এতই সজীব যে বাস্তব ঘটনার মতো সহজেই অনুভূতির জগতে আলোড়ন আনে।

কাহিনী নির্বাচনের ক্ষেত্রেও তিনি মৌলিকতার দাবী করতে পারেন। কিছু-কিছু ক্ষেত্রে 'বৃহৎকথা'র সঙ্গে সামান্য সাযুজ্য লক্ষিত হলেও সার্বিক ঋণের কোন প্রশ্নই ওঠে না। 'স্বকপোলকল্পনাই এই কাব্য রচনার মূল প্রেরণা।'

অনেকে অবশ্য এই অভিযোগ তোলার চেষ্টা করেছেন যে দণ্ডীর বর্ণনায় কোন-কোন স্থলে সুরুচির অভাব লক্ষ্য করা যায় কারণ চুরি, হত্যা, প্রতারণা, নারীর উপর বলপ্রয়োগ ইত্যাদি কুরুচিকর ব্যাপারগুলিকেও এই রচনায় স্থান দেওয়া হয়েছে। কিন্তু এ-কথা ভুলে যাওয়া ঠিক নয় যে দণ্ডী এখানে কোন নীতি-প্রচারকের ভূমিকায় অবতীর্ণ হন নি। সমকালীন জীবনকে, সমাজকে তিনি যেমন দেখেছেন, কাব্যরূপের মাধ্যমে তাকেই তিনি ফুটিয়ে তুলেছেন। উপদেশ দান তাঁর উদ্দেশ্য নয়। তিনি দ্রষ্টা, তিনি স্রষ্টা, তিনি কবি।

ভৌগোলিক বর্ণনার জন্যেও এই গ্রন্থের গুরুত্ব যথেষ্ট। অন্ধ্র, কলিঙ্গ, মগধ, প্রমুখ বহু দেশ ; উজ্জয়িনী, শ্রাবস্তী, বারাণসী, তাম্রলিপ্ত প্রমুখ বহু নগর ; সমুদ্র, বিন্ধ্য পর্বত ইত্যাদির বিবরণ তাঁর ভৌগোলিক জ্ঞানের পরিচয়বাহী।

সাধারণভাবে দণ্ডীর রচনারীতি সহজ ও স্বতঃস্ফূর্ত। কোথাও-কোথাও ব্যাকরণ তথা প্রচলিত বাগ্‌ধারার নিয়মভঙ্গ তার লেখায় দেখা যায়। কিন্তু তা এমন কিছু উল্লেখ্য ত্রুটি নয়! বিশেষত বাণভট্টের তুলনায় তাঁর বাগভংগী যথেষ্ট সরল। বাণের সাড়ম্বর শব্দ ঝংকার, শ্লেষ, সুদীর্ঘ সমাসবাহুল্য ইত্যাদি কৃত্রিমতা থেকে দণ্ডীর কাব্য অনেকখানি মুক্ত। শব্দালঙ্কার ও অর্থালংকারের সুমিত ব্যবহার তাঁর ভাষাকে কখন আড়ষ্ট হতে দেয় নি। অবশ্য অনুপ্রাসের প্রতি তাঁর আকর্ষণের কথা অস্বীকার করা চলে না—'আরব্ধকামিজনবৃত্তং নিবৃত্তবৃত্তাভিলাষং' 'অয়ুগ্মশরঃ শরশয়নে শায়য়িষ্যতি'—ইত্যাদি সংক্ষিপ্ত বাক্যগুলিতে এই প্রবণতা লক্ষণীয়। জাগতিক সত্যগুলিকে সরল অথচ মনোগ্রাহী ভাষায় প্রকাশ করার ব্যাপারে তিনি যথেষ্ট পারংগম—'ইহ জগতি হি ন নিরীহং দেহিনং শ্রিয়ঃ সংশ্রয়ন্তে' কিংবা 'স্বদেশো দেশান্তরমিতি নেয়ং গণনা বিদগ্ধস্য পুরুষস্য'—ইত্যাদি। সপ্তম উচ্ছ্বাসে ওষ্ঠ্যবর্ণের ঐকান্তিক পরিহার নিঃসন্দেহে তাঁর অনন্য বাক্‌বৈদগ্ধ্যের প্রমাণ। অধ্যাপক কীথের সংগে একসুরে বলা চলে—'লোক-কথার (folk tale) প্রতি প্রযুক্ত কাব্যরীতি কবিপ্রতিভার সমন্বয়ে এক সুষমামণ্ডিত রূপ লাভ করেছে।'

দণ্ডীর কবিত্বের প্রসিদ্ধি তথা জনপ্রিয়তা যে-সব কিংবদন্তীর জন্ম দিয়েছিল তাদের মধ্যে মাত্র একটির এখানে উল্লেখ করা যাক, দেখা যাবে কিংবদন্তীটি কেমন চিত্তাকর্ষক এবং দণ্ডীর কবিত্বের উচ্ছ্বসিত প্রশংসায় একদা যুগ-রুচি বিভোর ছিল।

একদা বাগ্‌দেবী এক সুদর্শনা তরুণীর বেশে আবির্ভূত হয়েছেন, হাতে তাঁর একটি কন্দুক। শুরু হলো তাঁর কন্দুক ক্রীড়া। তাঁর দিকে চেয়ে-চেয়ে দণ্ডী, ভবভূতি ও কালিদাস প্রত্যেকে একটি করে শ্লোক রচনা করলেন, প্রতিটি শ্লোকে তাঁদের নিজ-নিজ প্রতিভার স্বতন্ত্র স্বাক্ষর। দণ্ডী বললেন ঃ

"একোঽপি ত্রয় ইব ভাতি কন্দুকোঽয়ং
কান্তায়াঃ করতলরাগরক্তরক্তঃ।
ভূমৌ তচ্চরণনখাংশুগৌরগৌরঃ
স্বস্থঃ সন্নয়নমরীচিনীলনীলঃ ॥"

কন্দুক (বল) একটি ঠিকই, কিন্তু দেখাচ্ছে যেন তিনটি। যখন তিনি তাঁর করতল দিয়ে এটিকে আঘাত করছেন, তখন ঐ লাবণ্যময়ীর করতলের রক্তিমায় রঞ্জিত হয়ে কন্দুকটি উজ্জ্বল বলে প্রতিভাত হচ্ছে। যখন ভূমিতে, তখন তাঁর পাদনখের শুভ্র ছটায় কন্দুকটি তখন তাঁর ভাস্বর হয়ে উঠছে। আবার, যখন কন্দুক উচুঁতে তাঁর মাথার কাছাকাছি, শুভ্রতায় নীল আঁখি থেকে বিচ্ছুরিত আভায় কন্দুকটিকে দেখাচ্ছে যেন কতো নীল।

ভবভূতি বললেন ঃ

"বিদিতং ননু কন্দুকতে হৃদয়ং প্রমদাধরসঙ্গমলুব্ধ ইব।
বনিতাকরতামরসাভিহতঃ পতিতঃ পতিতঃ পুনরুৎপতসি ॥"

ওহে কন্দুক, তোমার মতিগতি আমার বুঝতে বাকি নেই। ঐ তরুণীর অধর স্পর্শের লোভ তোমায় পেয়ে বসেছে। তার জন্যেই তো তুমি ঐ তরুণীর করকমলের আঘাত বারংবার উপেক্ষা করে ভূমিতে পতিত হওয়ামাত্র আবার লাফিয়ে উঠে ওপরদিকে (অধরপানে) ছুটছ।

কালিদাস বললেন :

"পয়োধরাকারধরো হি কন্দুকঃ করেণ রোষাদভিহন্যতে মুহুঃ।
ইতীব নেত্রাকৃতিভীতমুৎপলং স্ত্রিয়ঃ প্রসাদায় পপাত পাদয়োঃ॥"

কন্দুকটি তাঁর স্তনের সুডৌল আকৃতির প্রতিদ্বন্দ্বী জেনে তরুণী রেগে গিয়ে তাকে সজোরে বার-বার করাঘাত করছেন। তাঁর কেশগুচ্ছে গোঁজা ছিল নীল পদ্ম, সেও তরুণীর নেত্রাকৃতির প্রতিদ্বন্দ্বী। এই মুহূর্তে ক্রুদ্ধা কামিনীর হাতে উদ্ধত কন্দুকের দুর্দশা দেখে ভয় পেয়ে সেই নীল পদ্মও লুটিয়ে পড়েছে তাঁর পায়ে ; তরুণীর অনুগ্রহ পাবার জন্যে সে তাঁর পায়ে পড়ে মিনতি করছে।

এ-প্রসঙ্গ তুলনার নয়, এটা শুধু উপলব্ধির যে, সাহিত্যানুরাগী হিসেবে আমাদের পূর্বসূরীরা দণ্ডীকে কতটা উচ্চাসনে বসিয়েছেন। দণ্ডীর রচনা বলে প্রচলিত উদ্ধৃত শ্লোকটিতে তাঁর পদলালিত্য সহজেই পাঠকের শ্রুতিতে আকর্ষণ করে। এখানে দণ্ডীর 'দশকুমারচরিতে'র মূলভাগ থেকে তাঁর পদলালিত্যের দু-একটি দৃষ্টান্ত দেবার লোভ সংবরণ করতে পারছি না। যেমন—

'সখে, সৈষা সজ্জনাচরিতা সরণিঃ ; যদণীয়সি কারণেঽনণীয়ানাদরঃ সন্দৃশ্যতে।' 'অসত্যেন নাসাস্যং সংসৃজ্যতে।' 'বহুশ্রুতে বিশ্রুতে বিকচরাজীবসদৃশং দৃশং চিক্ষেপ দেবো রাজবাহনঃ।' (সপ্তম উচ্ছ্বাস)

'ন মাং স্নিগ্ধং পশ্যতি, ন স্মিতপূর্বং ভাষতে, ন রহস্যানি বিবৃণোতি, ন হস্তে স্পৃশতি, ন ব্যসনেষ্বনুকম্পতে, নোৎসবেষ্বনুগৃহ্ণাতি··· ।' (অষ্টম উচ্ছ্বাস)

মহাকবি দণ্ডীর শব্দচয়ন, বর্ণবিন্যাস এবং রচনার পারিপাট্য তাঁকে যে পদলালিত্যের অনুপম শিল্পীরূপে প্রতিষ্ঠিত করেছে, এ-বিষয়ে সন্দেহের কোন অবকাশ নেই। প্রখ্যাত সাহিত্য-সমালোচক কীথ মহোদয় যথার্থই বলেছেন, "Dandin is unquestioanbly masterly in his use of language···. He aims both at exactness of expression and clearness of sense, at the avoidance of harsh sounds and exaggeration of bombast ; he attains beauty, harmony of sound, and effective expression of sentiment." [ভাষার প্রয়োগে দণ্ডী নিঃসন্দেহে এক দক্ষ শিল্পী। ···তিনি যেমন সুনির্দিষ্ট পদাবলীর পক্ষপাতী, তেমনি অর্থের স্পষ্টতার দিকেও তাঁর সমান লক্ষ্য। শ্রুতিকটু বা কর্কশ ধ্বনি তিনি সযত্নে পরিহার করেন এবং গালভরা জাঁকালো শব্দের বাহুল্যকেও তিনি প্রশ্রয় দেন না। তাঁর লেখায় তাই কোমল সৌন্দর্যের ছড়াছড়ি, অর্থের সঙ্গে শব্দের সুন্দর বোঝাপড়া, এবং ভাবপরিবাহী সার্থক বাগ্‌বিন্যাসের উপস্থিতি তিনি সম্ভব করে তুলতে পেরেছেন।]

পূর্ব-কাহিনী

'দশকুমারচরিত' এই নাম থেকে মনে হয় দশজন কুমারের কাহিনী গ্রন্থটির বিষয়বস্তু। কিন্তু দণ্ডীর রচিত যে-অংশটুকু পাওয়া গেছে সেখানে আটজন কুমারের বিবরণ আছে। কেউ-কেউ মনে করেন পরবর্তীকালে চক্রপাণি দীক্ষিত নামে দাক্ষিণাত্যবাসী এক ব্রাহ্মণ-পণ্ডিত পূর্ব-পীঠিকা ও উত্তর-পীঠিকা নামে দুটি অংশ মূল গ্রন্থের প্রথম ও শেষে যোগ করে ঘটনাগুলিকে একটি নিটোল পরিসমাপ্তির দিকে পৌঁছিয়ে দিয়েছেন।

পূর্ব-পীঠিকার পাঁচটি উচ্ছ্বাসে সোমদত্ত ও পুষ্পোদ্ভব—এই দুজন কুমারের কাহিনী ও রাজবাহনের জীবনের প্রাথমিক ঘটনাগুলি সংযোজিত হয়েছে। উত্তর-পীঠিকায় দশকুমার বিশ্রুতের বিবরণ পরিশিষ্ট হিসাবে যুক্ত করা হয়েছে।

পূর্ব-পীঠিকা ঃ প্রথম উচ্ছ্বাস ঃ

মগধের রাজা রাজহংস, রাজধানী পুষ্পপুরী। পত্নী বসুমতী রূপে-গুণে অতুলনীয়া। তিন মন্ত্রী—ধর্মপাল, পদ্মোদ্ভব, সিতবর্মা। ধর্মপালের তিন পুত্র—সুমন্ত্র, সুমিত্র ও কামপাল। পদ্মোদ্ভবের দুই পুত্রের নাম সুশ্রুত ও রত্নোদ্ভব এবং সিতবর্মার পুত্রদ্বয়—যথাক্রমে সুমতি ও সত্যবর্মা। এঁদের মধ্যে কামপাল ছিলেন খুবই উচ্ছৃংখল। তিনি পরে গৃহত্যাগ করেন। রত্নোদ্ভব বাণিজ্যের উদ্দেশ্যে বহু দূর-দেশে গমন করেন আর সত্যবর্মা সন্ন্যাস অবলম্বন করে পরিব্রাজক রূপে তীর্থস্থানের উদ্দেশ্যে যাত্রা করেন। বাকি চারজন—সুমন্ত্র, সুমিত্র, সুমতি ও সুশ্রুত মন্ত্রীরূপে পৈতৃক পদে নিযুক্ত হন।

মালবরাজ মানসারের সংগে রাজহংসের যুদ্ধ বাধে। প্রথমদিকে মগধরাজই জয়লাভ করেন—কিন্তু পরে মানসার আরও শক্তি সঞ্চয় করে তাঁকে পরাজিত করেন। রাজহংস সস্ত্রীক বিন্ধ্যপর্বতে আশ্রয় নিলেন, মন্ত্রীরাও তাঁকে অনুসরণ করলেন। এখানেই রাণী বসুমতী পুত্র লাভ করলেন—তাঁর নাম হলো **রাজবাহন**। চার মন্ত্রীরও চার সন্তানের জন্ম হলো—এঁদের নাম যথাক্রমে **মিত্রগুপ্ত, মন্ত্রগুপ্ত, প্রমতি** ও **বিশ্রুত**। এঁরাও রাজবাহনের সংগেই মানুষ হতে থাকেন।

মিথিলারাজ প্রহারবর্মা রাজহংসের সাহায্যের জন্য আসছিলেন। অরণ্যপথে শবরেরা আক্রমণ করায় তাঁর দুই পুত্র ধাত্রীসহ বিচ্ছিন্ন হয়ে পড়ে। একজন ব্রাহ্মণ কোনক্রমে শবরদের কবল থেকে এক পুত্রকে উদ্ধার করে রাজহংসের কাছে উপস্থিত করেন। এর নাম দেওয়া হয়— **উপহারবর্মা**। স্বয়ং রাজহংস এক শবর রমণীর কাছ থেকে আর এক পুত্রকে উদ্ধার করে তার নাম রাখেন **অপহারবর্মা**। রাজপুত্র ও মন্ত্রীপুত্রদের সংগে এই কুমারেরাও পালিত হতে থাকে।

রত্নোদ্ভব বাণিজ্য উপলক্ষে সুদূর কাল যবনদ্বীপে উপস্থিত হয়ে কালগুপ্ত নামে এক বিত্তশালী বণিকের কন্যা সুবৃত্তাকে বিবাহ করেন। অন্তসত্ত্বা পত্নীকে নিয়ে দেশে ফেরার সময় ঝড়ে জাহাজডুবি হয়। ধাত্রীর সহায়তায় সুবৃত্তা কোনক্রমে উদ্ধার পান ও পুত্রের জন্ম দেন। পরে এক ব্রাহ্মণ এই পুত্রকে উদ্ধার করে রাজহংসের আশ্রয়ে সমর্পণ করেন। এর নাম রাখা হয় **পুষ্পোদ্ভব**। •

মন্ত্রী ধর্মপালের পুত্র কামপাল যক্ষকন্যা তারাবলীকে বিবাহ করেন। পুত্র লাভের পর তারাবলী রাজবাহনের ভবিষ্যৎ সহচররূপে তাঁর সন্তানকে বসুমতীর কাছে গচ্ছিত রাখেন। এই কুমারের নাম দেওয়া হলো **অর্থপাল**।

আর একদিন ঋষি বামদেবের এক শিষ্য অপর একটি কুমারকে রাজার কাছে উপস্থিত করে জানালেন যে কাবেরী নদীর তীরে এই শিশুটিকে পাওয়া গেছে। সিতবর্মার পুত্র সত্যবর্মা বিদেশ ভ্রমণের সময় কালী ও গৌরী দুই ভগিনীকে বিবাহ করেন। গৌরীর সন্তান হওয়ায় ঈর্ষান্বিতা কালী ধাত্রীসহ ঐ শিশুকে নদীর জলে ফেলে দেয়। ধাত্রী শিশুটিকে নিয়ে কোনমতে সাঁতার দিয়ে গাছের ডাল ধরে তীরে আসতে পারে কিন্তু

সর্পাঘাতে তার প্রাণবিয়োগ ঘটে। মৃত্যুর পূর্বে ঐ শিষ্যকে দেখতে পেয়ে শিশুটির সমস্ত বিবরণ দিয়ে তাঁকে জানিয়ে দেয়। এই কুমারের নাম দেওয়া হলো—**সোমদত্ত।** এইভাবে দশজন কুমার একত্রে শিক্ষালাভ করতে থাকেন এবং নানা বিদ্যায় পারদর্শী হয়ে ওঠেন।

দ্বিতীয় উচ্ছ্বাস ঃ

কুমারেরা বয়ঃপ্রাপ্ত হওয়ায় ঋষি বামদেবের পরামর্শ অনুসারে রাজহংস তাঁদের দিগ্বিজয় যাত্রার অনুমতি দিলেন। কিছুদিন ভ্রমণের পর তাঁরা বিন্ধ্যারণ্যে এসে উপস্থিত হলেন। রাজবাহনের সংগে এক ব্রাহ্মণের সাক্ষাৎ হলো। সে নিজের পরিচয় প্রসঙ্গে জানাল তার নাম মাতঙ্গ। কিরাতদের দলভুক্ত হয়ে কিছুকাল অনাচারে লিপ্ত থাকার পর এক ব্রাহ্মণের প্রাণ রক্ষার পুণ্যে সে নবজীবন লাভ করে। মহাদেব বর দান করেন যে, সে পাতালকন্যাকে বিবাহ করে পাতালের অধীশ্বর হবে যদি রাজবাহন তার সহায়তা করেন। রাজবাহন রাজী হলেন। মধ্যরাতে সবাই যখন নিদ্রামগ্ন—তখন মাতঙ্গের সঙ্গে তিনি যাত্রা করলেন। শিবমন্দিরের নিকটে তাম্রফলক তুলে ফেলে যে ভূগর্ভ পাওয়া গেল সে-পথে পাতালে উপস্থিত হয়ে মাতঙ্গের অভিষ্ট সিদ্ধিতে সাহায্য করলেন। পাতাল-কন্যা কালিন্দী তাঁকে উপহার দিল এক ক্ষুধাতৃষ্ণাহর মণি।

এদিকে অন্য কুমারেরা নিদ্রাভঙ্গের পর তাঁকে দেখতে না পেয়ে তাঁর অনুসন্ধানের জন্যে বিভিন্ন দিকে রওনা হয়ে গেলেন। রাজবাহন ভূগর্ভ পথে পূর্বস্থানে ফিরে এসে কুমারদের দেখা না পেয়ে তাদের সন্ধানে যাত্রা করলেন। বহু ভ্রমণের পর তিনি উপস্থিত হলেন উজ্জয়িনীর নগরদ্বারে। সেখানে দেখা হয়ে গেল সস্ত্রীক সোমদত্তের সঙ্গে। রাজবাহনকে দেখে আনন্দিত সোমদত্ত ঘটনার বিবরণ দান করনে।

তৃতীয় উচ্ছ্বাস ঃ

অনুসন্ধানক্লান্ত সোমদত্ত তৃষ্ণা নিবারণের জন্যে এক নদীতীরে এসে উপস্থিত হলেন। সেখানে একটি পরিত্যক্ত মূল্যবান রত্ন দেখতে পেলেন। ঐ রত্নটি তুলে নিয়ে নিকটস্থ শিবমন্দিরে আসার পর এক ব্রাহ্মণের সঙ্গে সাক্ষাৎ হলো। সে জানাল—'লাট দেশের রাজা মত্তকাল উজ্জয়িনীর রাজকন্যা বামলোচনাকে বিবাহের ইচ্ছা প্রকাশ করেন। কিন্তু উজ্জয়িনীরাজ বিরাটকেতু রাজী না হওয়ায় মত্তকাল রাজধানী অবরোধ করে রাখেন। বাধ্য হয়ে বিরাটকেতু কন্যাকে উপহার হিসাবে প্রেরণ করলেন। মত্তকালও হৃষ্টমনে দেশের দিকে যাত্রা করলেন। পথে ঐ নদীতীরস্থ অরণ্যে শিবির স্থাপন করেছেন। বিরাটকেতুর মন্ত্রী মানপালও তাঁর সহযোগীদের নিয়ে আর একটি শিবিরে রয়েছেন—প্রতিশোধ গ্রহণের সুযোগের অপেক্ষায়। ব্রাহ্মণের দারিদ্র্য দেখে করুণাবশত সোমদত্ত প্রাপ্ত রত্নটি তাঁকে দান করলেন!

নিদ্রাভঙ্গের পর সহসা সোমদত্ত দেখলেন প্রহার জর্জরিত ঐ ব্রাহ্মণ কয়েকজন সৈন্যসহ তাঁর দিকে নির্দেশ করে বলছে—'এই সেই তস্কর'। সৈন্যরা ব্রাহ্মণকে মুক্ত করে তাকে বন্দী করে নিয়ে মত্তকালের শিবিরের কারাগারে নিক্ষেপ করে। অন্য বন্দীদের সঙ্গে পরিচয়ের পর জানতে পারলেন এরা আসলে মন্ত্রী মানপালের অনুচর। সুড়ঙ্গ খনন করে মত্তকালের শিবিরে এসে তাকে না পেয়ে ধনরত্ন নিয়ে চলে যায় কিন্তু মত্তকালের সৈন্যদের কাছে তারা পরে ধরা পড়ে। সব ধনসম্পত্তি উদ্ধার করা গেলেও

একটি বিশেষ রত্ন না পাওয়ায় তাদের কারাগারে নিক্ষেপ করা হয়েছে। সোমদত্ত এইভাবে প্রাপ্ত রত্নটির সম্বন্ধে প্রকৃত তথ্য অবহিত হলেন। তারপর সোমদত্ত ঐ বন্দীদের উত্তেজিত করে রক্ষীদের পরাভূত করার পর মানপালের শিবিরে উপস্থিত হলেন। ফলে মত্তকালের সঙ্গে মানপালের যুদ্ধ শুরু হলো। কৃতজ্ঞ বিরাট কেতু সোমদত্তের সঙ্গে কন্যার বিবাহ দিয়ে তাকে যুবরাজরূপে বরণ করলেন।

পত্নীসহ মহাকালের মন্দিরে আসার সময় রাজবাহনের সঙ্গে তার সাক্ষাৎ ঘটল। এই সময় পুষ্পোদ্ভবও এসে উপস্থিত সেই উদ্যানে। সহর্ষ আলিঙ্গনের পর রাজবাহনের ইঙ্গিতে তিনিও শুরু করলেন তাঁর বৃত্তান্ত।

চতুর্থ উচ্ছ্বাস ঃ

রাজবাহনের সন্ধানে বহু ভ্রমণের পর পুষ্পোদ্ভব এলেন এক পর্বতে। পতনোন্মুখ এক ব্যক্তিকে রক্ষা করার পর জানতে পারলেন ইনিই তাঁর পিতা রত্নোদ্ভব। কিছুদূরে ক্রন্দনধ্বনি শুনে এগিয়ে এসে দেখেন আগুনে প্রাণত্যাগ করতে চলেছেন এক নারী। পুষ্পোদ্ভবের চেষ্টায় কোনক্রমে তিনি নিবৃত্ত হলেন। এই মহিলার বয়স্কা সংগিনীর কাছ থেকে জানতে পারলেন ইনিই রত্নোদ্ভব-পত্নী সুবৃত্তা। সিদ্ধ-পুরুষের কথামতো ষোল বছর প্রতীক্ষার পর স্বামী-পুত্রের দর্শন না পাওয়ায় হতাশায় প্রাণত্যাগে উদ্যত হয়েছিলেন—কিন্তু এখন ভবিষ্যদ্‌বাণী সফল হলো—পিতা-মাতা ও পুত্রের মিলনে।

পিতা-মাতাকে এক ঋষির আশ্রমে রেখে ঐ পর্বতের একাংশে গুপ্তধন উদ্ধার করে পুষ্পোদ্ভব উজ্জয়িনীতে চলে এলেন। সেখানে তিনি চন্দ্রপালের পিতা বন্ধুপালের গৃহে বাস করতে থাকেন। শ্রেষ্ঠীকন্যা বালচন্দ্রিকার প্রতি তাঁর আকর্ষণ জন্মে। কিন্তু রাজার আত্মীয় দারুবর্মা ঐ কন্যারত্ন লাভের জন্যে দারুণ আগ্রহী। তখন পুষ্পোদ্ভবের পরিকল্পনা অনুসারে প্রচার করা হলো যে এক যক্ষ বালচন্দ্রিকাকে আশ্রয় করে রয়েছে। সেই যক্ষকে হত্যা করতে পারলে তবেই পাওয়া যাবে বালচন্দ্রিকাকে। দারুবর্মা রাজী হয়ে গেলেন। পুষ্পোদ্ভব সখির ছদ্মবেশে বালচন্দ্রিকার সঙ্গে দারুবর্মার প্রমোদকক্ষে উপস্থিত হলেন। কামান্ধ দারুবর্মা যখন এগিয়ে আসছেন বালচন্দ্রিকাকে আলিঙ্গনের উদ্দেশ্যে তখন প্রচণ্ড প্রহারে পুষ্পোদ্ভব তাকে হত্যা করে আবার স্ত্রীবেশ ধারণ করে বালচন্দ্রিকাকে নিয়ে চলে এলেন। নগরবাসীরা মনে করল বালচন্দ্রিকার মধ্যে বাস করে যে-যক্ষ সেই দারুবর্মার নিধনকর্তা। কিছুদিন পরে পুষ্পোদ্ভবের সঙ্গে বালচন্দ্রিকার বিবাহ সম্পন্ন হলো।

ভবিষ্যদ্‌বক্তা বন্ধুপালের উক্তি অনুসারেই তিনি রাজবাহনের সঙ্গে সাক্ষাতের আশায় উদ্যানে এসেছিলেন। এখন থেকে সোমদত্ত ও পুষ্পোদ্ভবের সঙ্গে রাজবাহনও এই নগরে অবস্থান করতে থাকেন। নানা বিদ্যাবিশারদ এক ব্রাহ্মণকুমাররূপে তিনি যথেষ্ট খ্যাতি অর্জন করলেন।

পঞ্চম উচ্ছ্বাস ঃ

তখন বসন্তকাল। প্রকৃতি নিজেকে সাজিয়ে তুলেছে নয়নাভিরাম রূপে। এ-সময় একদিন পাখির কূজনে মুখরিত পত্রপুষ্পের সমারোহে শ্রীমণ্ডিত নগরোদ্যানে এলেন মানসারকন্যা অবন্তিসুন্দরী, সঙ্গে সখি বালচন্দ্রিকা ও পুরনারীরা, উদ্দেশ্য—কামদেবের

অর্চনা। রাজবাহনও তখন সেখানে উপস্থিত। দুজনেই দুজনকে দেখে মুগ্ধ। অবন্তিসুন্দরীর অপরূপ সৌন্দর্য রাজবাহনের হৃদয়কে সম্পূর্ণ অধিকার করল, আর রাজকুমারীও এই অপরূপ দর্শন কুমারের প্রতি গভীরভাবে আকৃষ্ট হয়ে পড়লেন। তাঁদের অবস্থা দেখে এগিয়ে এলেন বালচন্দ্রিকা। নানা বিদ্যায় নিপুণ ব্রাহ্মণ কুমাররূপে রাজবাহনের সঙ্গে পরিচয় করিয়ে দিলেন অবন্তিসুন্দরী। রাজবাহনের মনে পড়ে গেল পূর্বজন্মের কথা। রাজা শাম্ব-পত্নী যজ্ঞবতীকে সন্তুষ্ট করার জন্যে পদ্মদীঘির মধ্যে বিশ্রামরত এক রাজহংসকে বেঁধে উপহার দেন। সেই হংস বিনাকারণে অবমাননার জন্যে তাঁকে পত্নী বিচ্ছেদের অভিশাপ দেয়। অনেক অনুনয়-বিনয় করার পর হংসবেশী ঋষি বলেন—'দুই মুহূর্ত পদবন্ধনের জন্যে অন্তত দুমাস বিচ্ছেদ-দুঃখ সহ্য করতেই হবে। তারপর আবার ফিরে আসবে মিলন ও আনন্দের কাল।' অবন্তিসুন্দরী যখন কৌতুকচ্ছলে সখিকে উদ্যানে আগত রাজহংসকে বন্ধনের জন্যে বলছিলেন তখন সাবধান বাণী হিসাবে রাজবাহন এই কাহিনী উপস্থাপিত করেন। ফলে অবন্তিসুন্দরীর মনে পড়ে যায় পূর্বজন্মের কথা। তিনিই ছিলেন রাণী যজ্ঞবতী আর এই কুমারই রাজা শাম্ব। ফলে তাঁর অনুরাগ আরও দৃঢ়মূল হয়।

এমন সময় মানসার-পত্নী কন্যার ক্রীড়া দর্শনের জন্যে সেই কাননে এলেন। বালচন্দ্রিকা তাড়াতাড়ি রাজবাহন ও সঙ্গী পুষ্পোদ্ভবকে গাছের আড়ালে আত্মগোপন করার ইঙ্গিত করলেন। অবন্তিসুন্দরীকে ফিরে যেতে হলো মায়ের সঙ্গে। কিন্তু রাজবাহনের অদর্শনে তাঁর অবস্থা ক্রমশই খুব শোচনীয় হয়ে উঠল। রাজবাহনও তাঁর জন্যে ব্যাকুল। বন্ধুপত্নী বালচন্দ্রিকাই দূতীরূপে বয়ে নিয়ে আসে অবন্তিসুন্দরীর সংবাদ। রাজবাহনের মনের অবস্থার কথাও পৌঁছে দেয় তাঁর বাঞ্ছিতার কাছে।

একদিন বিরহদগ্ধ রাজবাহন পুষ্পোদ্ভবসহ সেই উদ্যানে এসেছেন এমন সময় উজ্জ্বল সজ্জায় সজ্জিত এক ব্রাহ্মণ সেখানে উপস্থিত হলেন। পরিচয় জিজ্ঞাসা করায় ব্রাহ্মণ জানালেন তাঁর নাম বিদ্যেশ্বর, পেশায় ঐন্দ্রজালিক। রাজবাহনের মুখের ম্লানিমা দেখে কারণ জিজ্ঞাসা করায় পুষ্পোদ্ভব সব ঘটনা বিবৃত করলেন। বিদ্যেশ্বর আন্তরিকভাবে সাহায্যের আশ্বাস দেওয়ায় আশান্বিত চিত্তে তাঁরা উদ্যান থেকে ফিরে এলেন।

পরদিন প্রভাতে সমস্ত দলবল নিয়ে বিদ্যেশ্বর রাজপ্রাসাদে চলে এলেন। অন্তঃপুরিকারা ইন্দ্রজাল দেখার আগ্রহ প্রকাশ করায় অনুষ্ঠান শুরু হয়ে গেল। নানা চমকপ্রদ কৌশল প্রদর্শনের পর বিদ্যেশ্বর রাজাকে বললেন সবশেষে মাঙ্গলিক অনুষ্ঠান হওয়া বাঞ্ছনীয়। তাই সুপাত্রে কন্যা সম্প্রদানরূপ শুভ ঘটনার প্রদর্শন হবে। এই ব্যাপারে অবন্তিসুন্দরীকে পূর্ব থেকেই সচেতন করা হয়েছিল। রাজবাহনও গোপনে উপস্থিত। অতএব অগ্নিসাক্ষী করে ব্রাহ্মণ ঐন্দ্রজালিক রাজবাহন ও অবন্তিসুন্দরীর পরিণয় সাধন করলেন উপস্থিত সকলের সম্মুখে। মালবরাজ এই ঘটনাকে শুধুমাত্র ইন্দ্রজালের কৌশল বলে মনে করে প্রচুর পুরস্কার দিলেন। অবাধে সাধিত হলো নবদম্পতি—রাজবাহন ও অবন্তিসুন্দরীর অন্তঃপুর প্রবেশ।

দশকুমারচরিত

প্রথম উচ্ছ্বাস

ঘটনাক্রমে রাজবাহন ও অবন্তিসুন্দরীর পরিণয়-রহস্য উদ্ঘাটিত হলো। পরিজনরা তৎক্ষণাৎ ব্যাপারটি চণ্ডবর্মাকে জানাল। রাজবাহনকে চিনতে পেরে চণ্ডবর্মা ক্রোধে ক্ষিপ্ত হলেন, 'এ কী! এ যে আমার কনিষ্ঠ ভ্রাতার মৃত্যুর একমাত্র কারণ দুষ্টা বালচন্দ্রিকার স্বামী পুষ্পোদ্ভবের বন্ধু!' রাজবাহনকে বধ করাই ছিল চণ্ডবর্মার কাম্য, কিন্তু বৃদ্ধ রাজা মানসারের হস্তক্ষেপে তা হলো না। রাজবাহনকে আপাতত কাষ্ঠনির্মিত পিঞ্জরে আবদ্ধ করে রাখা হলো এবং রাজা দর্পসারকে ঐ সংবাদ পাঠিয়ে তাঁর আদেশের অপেক্ষায় থাকা হলো! ইতিমধ্যে চণ্ডবর্মা সিংহবর্মার বিরুদ্ধে যুদ্ধাভিযানে প্রবৃত্ত হলেন। অঙ্গরাজ সিংহবর্মার কন্যার পাণি-প্রার্থনা করলে সিংহবর্মা তাঁর প্রার্থনা প্রত্যাখ্যান করেছিলেন—এ-অপমান চণ্ডবর্মা ভুলবেন কি করে? অতএব অঙ্গরাজকে উৎখাত করতে হবে। চণ্ডবর্মা পিঞ্জরাবদ্ধ অবস্থায় রাজবাহনকেও তাঁর সঙ্গে নিলেন। অঙ্গরাজ্যের রাজধানী চম্পানগরী অবরুদ্ধ হলো, সিংহবর্মা তাঁর কন্যাসহ বন্দী হলেন চণ্ডবর্মার হাতে। এদিকে কৈলাস থেকে দর্পসারের আদেশ-সহ দূত এল। দর্পসার আদেশ করেছেন— শীঘ্রই দুরাত্মা রাজবাহনের বিচিত্র বধের সংবাদ যেন তাঁকে জানানো হয়। তদনুসারে হাতির পায়ের তলায় তাঁর মৃত্যু ঘটানোর জন্য রাজবাহনকে বাইরে নিয়ে আসা হলো। সেই মুহূর্তেই তাঁর পদদ্বয় থেকে শৃঙ্খল আপনা-আপনি খুলে গেল এবং এক অপ্সরার রূপ ধারণ করল। মহর্ষি মার্কণ্ডেয়ের অভিশাপই ছিল অপ্সরার অনুরূপ পরিণতির কারণ। রাজবাহনের শৃঙ্খলমুক্তির সঙ্গে-সঙ্গেই রাজপ্রাসাদে তুমুল কোলাহল শোনা গেল—'কোন্ এক দুঃসাহসী তস্কর সিংহবর্মার কন্যা অম্বালিকার করস্পর্শ করতে উদ্যত চণ্ডবর্মাকে নৃশংসভাবে হত্যা করেছে।' রাজবাহন দেখে চিনতে পারলেন যে, ঐ দুঃসাহসী পুরুষ আর কেউ নন, তাঁরই প্রিয়বন্ধু অপহারবর্মা। আনন্দে জড়িয়ে ধরলেন তাঁকে। আলিঙ্গনের পালা শেষ হলে অপহারবর্মা তাঁর অসমাপ্ত কাজ শুরু করলেন; চারদিক থেকে বেষ্টনকারী শত্রুসৈনিকদের তিনি ধরাশায়ী করলেন। তারপর দেখলেন তাঁর অনুগামী বাহিনীর সব সম্মুখে ধাবমান। এঁরা আর কেউ নন, স্বয়ং অঙ্গরাজ সিংহবর্মার মিত্রবাহিনী। অঙ্গরাজ ও তাঁর কন্যার নিরাপত্তার স্বার্থে এঁরা তাঁর সাহায্যে এগিয়ে এসেছেন। রাজবাহন ক্রমে জানতে পারলেন, এইসব শক্তিধর পুরুষ আসলে তাঁরই সব হারানো সঙ্গী। তাঁর আনন্দের আজ সীমা নেই। পরস্পর প্রগাঢ় আলিঙ্গনের পালা শেষে শুরু হলো বার্তাবিনিময়। এঁদের মধ্যে অপহারবর্মা প্রথম বলতে লাগলেন তাঁর অভিজ্ঞতার কথা।

দ্বিতীয় উচ্ছ্বাস

ভ্রমণ করতে-করতে একদিন ঋষি মরীচির সঙ্গে তাঁর দেখা হলো। ঋষির কাছ থেকে তিনি রাজবাহনের সংবাদ সংগ্রহের চেষ্টা করলেন। ঋষি তাঁকে এ-ব্যাপারে সাহায্যের প্রতিশ্রুতি দিলেন এবং চম্পানগরীতে গিয়ে তাঁকে বাস করতে বললেন। প্রসঙ্গত মহর্ষি অপহারবর্মাকে তাঁর নিজের অভিজ্ঞতার কাহিনীও বললেন—কিভাবে কামমঞ্জরী নামে এক বারাঙ্গনার প্রেমে তিনি আবদ্ধ হয়েছিলেন; প্রেমের জুয়াখেলায় বাজি জেতার পর সেই রমণী

তাঁকে কিভাবে প্রত্যাখ্যান করে লোকের কাছে তাঁকে পরিহাসের পাত্র করে তুলেছিল। মারীচির আশ্রমে রাত্রিবাসের পর অপহারবর্মা চম্পা অভিমুখে যাত্রা করলেন। পথে বিমর্দক নামে এক ভদ্রলোকের সঙ্গে তাঁর বন্ধুত্ব হলো। ইনিও কামমঞ্জরীর প্রেমমৃগয়ার অন্যতম শিকার। সর্বস্ব খুইয়ে পরিণামে আজ তাই তিনি ভিখারী। হৃতভাগ্যের পুনরুদ্ধারে অপহারবর্মা তাঁকে যথাসাধ্য সাহায্যের প্রতিশ্রুতি দিলেন।

বৃত্তি হিসেবে অপহারবর্মা ইদানীং বেছে নিলেন জুয়াখেলা আর সিঁধকাটা। একদিন নৈশ অভিযানে বেরিয়ে দেখা পেলেন তিনি কুলপালিকা নামে এক সুন্দরী তরুণীর। তার পিতা কুবেরদত্ত ধনমিত্রের সঙ্গেই প্রথমে তাঁর কন্যার বিবাহ স্থির করেছিলেন। মুক্তহস্তে দান করে-করে ধনমিত্র একদিন দরিদ্র হয়ে পড়লেন। ধনমিত্রকে কুলপালিকা ভালোবাসত। কিন্তু তার পিতা নিজের প্রথম প্রতিশ্রুতি বিসর্জন দিয়ে সম্প্রতি অর্থপতি নামে জনৈক ব্যক্তির কাছে তাকে সমর্পণ করতে চাইলেন। অবাঞ্ছিত বিয়ে এড়াবার জন্য কুলপালিকা তাই চলেছে ধনমিত্রের গৃহে। রাতের অন্ধকারে ঐভাবে তাকে যেতে দেখে অপহারবর্মা তাকে সাহায্যের আশ্বাস দিলেন, সঙ্গে করে নিয়ে চললেন তার প্রেমিকের গৃহে। ধনমিত্র ও অপহারবর্মা তার সঙ্গে তার পিতৃগৃহে এলেন, লুণ্ঠন করলেন সে-গৃহের মূল্যবান সামগ্রী। কুলপালিকাকে ঐ গৃহেই তাঁরা রেখে গেলেন এবং যাবার পথে অর্থপতির বাড়িতে সিঁধ কাটলেন। এইসব উপদ্রবের দরুন বিয়ের তারিখ একমাস পিছিয়ে গেল। অপহারবর্মার চুরি-ডাকাতির অর্থে ধনমিত্র বিত্তবান হলেন। তখন একটি গল্প বানিয়ে রাষ্ট্র করে দেওয়া হলো যে, ধনমিত্র একটি আশ্চর্য থলি পেয়েছেন, ঐ থলি ঝাড়লে প্রতিদিনই প্রচুর সোনা ঝরে। এ-কথা শুনতে পেয়ে কুবেরদত্ত ধনমিত্রকে তাঁর কন্যা সম্প্রদান করলেন।

ঘটনাচক্রে অপহারবর্মা কামমঞ্জরীর বোন রাগমঞ্জরীর প্রেমে আকৃষ্ট হলেন। কামমঞ্জরী তাঁদের মিলনের শর্ত দিলেন—ঐ আশ্চর্য থলিটি তাকে এনে দিতে হবে। অপহারবর্মা ঐ শর্তপূরণে সম্মত হলেন, কিন্তু স্বর্ণপ্রসূ সেই থলির ফলপ্রসূতার জন্য কামমঞ্জরীকে কি করতে হবে, সে-নির্দেশও তিনি দিলেন। হ্যাঁ, কামমঞ্জরীকে তাঁদের সব সম্পদ ফিরিয়ে দিতে হবে, যাঁদেরকে সে সর্বশান্ত করেছে। রাজি হলো কামমঞ্জরী, বিমর্দক ফিরে পেলেন তাঁর হারানো ধন। এবার সেই থলি হস্তগত হলো কামমঞ্জরীর। আশ্চর্য থলিটি তাঁর চুরি গেছে বলে ধনমিত্র রাজার কাছে নিবেদন করলেন। কামমঞ্জরীকে ফেরত দিতে হলো সেই থলি, শাস্তি এড়াবার জন্য অপহারবর্মার কথামতো সে বলতে লাগল - থলিটি তাকে এনে দিয়েছে অর্থপতি। ফলে দাঁড়াল এই যে অর্থপতি দেশ থেকে বিতাড়িত হলো আর তার সম্পত্তি হলো বাজেয়াপ্ত।

একদিন রাতে হঠাৎ এক অকাণ্ড করে বসলেন অপহারবর্মা, চড়াও হলেন প্রহরারত এক রক্ষীর উপর। বন্দী হলেন সেই রক্ষীর হাতে ; পাঠানো হলো তাঁকে কারাগারে। কারাধ্যক্ষ কণ্টক আবার আসক্ত ছিল রাজকন্যা অম্বালিকার প্রতি। পাকা সিঁধেল অপহারবর্মাকে সে কাজে লাগাতে চাইল। কারাগার থেকে প্রাসাদ পর্যন্ত যাবার ভূগর্ভ পথ খনন করতে হবে অপহারবর্মাকে। অপহারবর্মা সে-পথ তৈরি করলেন বটে কিন্তু কণ্টককে কৌশলে সরিয়ে দিলেন পৃথিবী থেকে। গোপন পথে নিজেই চললেন রাজকুমারী অম্বালিকার কক্ষে। রাজকুমারীকে দেখে ভালোবেসে ফেললেন তিনি। কিন্তু রাজকুমারী যেহেতু নিদ্রিতা, তাই তিনি তাঁর নিদ্রার ব্যাঘাত না করে ফিরে এলেন

সেখান থেকে। এরপর, চণ্ডবর্মা যখন চম্পানগরী অবরুদ্ধ করে রাজকুমারীকে তাঁর পিতাসহ বন্দী করে নিয়ে গেলেন, অপহারবর্মা তখন তাঁদের উদ্ধার করতে ছুটে গেলেন এবং আকস্মিক আক্রমণে চণ্ডবর্মাকে নিহত করলেন। এই ঘটনার সূত্র ধরেই রাজবাহনের সঙ্গে তার সাক্ষাৎ ঘটল। এমনিভাবে ঋষি মরীচির সেই ভবিষ্যদ্বাণী সত্যে পরিণত হলো।

তৃতীয় উচ্ছ্বাস

এবারে উপহারবর্মা শুরু করলেন তাঁর কাহিনী। রাজবাহনের সন্ধানে তিনি গিয়ে পেঁছিলেন তাঁর নিজের দেশ বিদেহে। সেখানে তাঁর সঙ্গে তাঁর বৃদ্ধা ধাত্রীর দেখা হয়ে গেল, ধাত্রী তাঁকে শোনাল সেই করুণ বৃত্তান্ত—কিভাবে তাঁর পিতার রাজ্য তাঁর অগ্রজের বিকটবর্মা-প্রমুখ পুত্রেরা দখল করে নিয়েছে এবং তাঁর পিতা-মাতাকে তারা কিভাবে কারারুদ্ধ করে রেখেছে। পিতা-মাতার মুক্তির জন্য সচেষ্ট হলেন তিনি। ধাত্রীকন্যার মাধ্যমে তিনি বিকটবর্মার পত্নীর স্নেহলাভের সুযোগ পেলেন।

বিকটবর্মার লাম্পট্যের জন্য তার পত্নী তাকে সহ্য করতে পারতেন না। উপহারবর্মার পরামর্শ মতো তিনি বিকটবর্মাকে প্ররোচিত করলেন এক অদ্ভুত যজ্ঞ করতে। তাকে বোঝানো হলো, এই যজ্ঞের ফলস্বরূপ সে তার কুৎসিত ও বিকলাঙ্গ দেহের পরিবর্তে এক পরম সুন্দর দেহ লাভ করবে। ফাঁদে পা দিতে দেরি হলো না তার এবং ফলে উপহারবর্মা তখন শক্ত হাতে রাজ্যের হাল ধরলেন। সকলে জানল, তিনি সেই প্রাক্তন রাজা, তাঁর দেহটাই যা কেবল পরিবর্তিত হয়েছে। তিনি ঘোষণা করলেন, তাঁর আকৃতির পরিবর্তনের সঙ্গে-সঙ্গে প্রকৃতিরও পরিবর্তন হয়েছে। মন্ত্রীরা পর্যন্ত তাদের রাজার এই অভিনব ভূমিকায় বিন্দুমাত্র সন্দেহ পোষণ করল না। উপহারবর্মা প্রাক্তন রাজার যত পাপাচার, সেগুলোর প্রক্ষালনের জন্যই যেন যত পুণ্য কর্ম করতে লাগলেন। এরপর তিনি পিতা-মাতাকে মুক্ত করলেন এবং পিতাকে সিংহাসনে বসিয়ে নিজে হলেন যুবরাজ। যুবরাজ হিসেবে তিনি একটি সেনাবাহিনীকে নেতৃত্ব দিয়ে তাঁর মিত্র সিংহবর্মার সাহায্যে যখন এগিয়ে এলেন, তখন সেখানেই রাজবাহনকে দেখতে পেয়ে তিনি আনন্দে আত্মহারা হলেন।

চতুর্থ উচ্ছ্বাস

এরপর অর্থপাল তাঁর বৃত্তান্ত বিবৃত করলেন: অর্থপাল কাশীতে গিয়ে এক বিপন্ন ব্যক্তির কাছে থেকে কামপালের কাহিনী শুনলেন। কামপাল ছিলেন কাশীরাজের মন্ত্রী। অর্থপাল জানতে পারলেন—এই কামপাল তাঁর পিতা এবং যক্ষকন্যা তারাবলীর পতি। মহারাজ রাজবাহনের চরণ সেবার জন্য রাণী বসুমতীর হাতে ঐ যক্ষকন্যাই তাঁকে সঁপে দিয়েছিলেন। বৃদ্ধ কাশীরাজ চণ্ডসিংহের কাছ থেকে কামপাল তাঁর মন্ত্রিত্বের নিয়োগ-পত্র পেয়েছিলেন, কিন্তু নূতন রাজা সিংহঘোষ তাঁকে পদচ্যুত করলেন এবং আদেশ দিলেন তাঁর প্রাণদণ্ডের। এ-রাজার যৌবনের দৌরাত্ম্য এবং অবিমৃশ্যকারিতাই আজ কামপালকে এই চরম সঙ্কটে ফেলেছে। এ-কথা শুনে অর্থপাল সঙ্কল্প করলেন—

পিতাকে মৃত্যুর কবল থেকে উদ্ধার করতে হবে। তিনি একটি বিষাক্ত সাপ সংগ্রহ করলেন এবং তাঁর পিতাকে যখন বধ্যভূমিতে নিয়ে যাওয়া হচ্ছিল, তখন তাঁর মাথার উপরে সাপটিকে ছুঁড়ে দিলেন। সাপটি তাঁকে দংশন করল এবং তিনি সংজ্ঞাহীন হয়ে লুটিয়ে পড়লেন। অর্থপাল সাপের বিষের মন্ত্রতন্ত্র জানতেন। রাজার অনুমতি নিয়ে তিনি প্রাণস্পন্দহীন ঐ দেহকে অন্যত্র সরিয়ে আনলেন এবং বিষহারী মন্ত্রগুণে ঐ দেহে প্রাণ ফিরিয়ে আনলেন। এবারে তাঁরা পিতা-পুত্রে সিংহঘোষকে সিংহাসন থেকে সরিয়ে দেবার পরিকল্পনা করলেন। অর্থপাল রাজপ্রাসাদে প্রবেশের এক সুড়ঙ্গ পথ খনন করালেন ; এই পথ আবার ভূগর্ভে কুমারী মণিকর্ণিকার বাসকক্ষের সন্ধান পাইয়ে দিল। মণিকর্ণিকার সহচরীরা অর্থপালকে অনুরোধ করল—তিনি রাজকুমারীকে বিবাহ করুন। অর্থপাল তাদের অনুরোধ রাখবেন বলে প্রতিশ্রুতি দিয়ে রাজ-অন্তঃপুরে প্রবেশ করলেন এবং দেখলেন, রাজা ঘুমিয়ে আছেন। তিনি তৎক্ষণাৎ রাজাকে বন্দী করে কামপালের কাছে নিয়ে গেলেন। এরপর রাজ্যের শাসনভার কামপাল নিজ হাতে তুলে নিলেন। পূর্বপ্রতিশ্রুতি মতো অর্থপাল মণিকর্ণিকাকে বিবাহ করলেন এবং যৌবরাজ্যে অভিষিক্ত হলেন। এরপর অঙ্গরাজ সিংহবর্মার সাহায্যার্থে চম্পানগরীতে তিনি তাঁর অনুগামী বাহিনী নিয়ে যখন অগ্রসর হলেন, তখন সৌভাগ্যবশত রাজ-বাহনের সঙ্গে তাঁর পুনর্মিলন হলো।

পঞ্চম উচ্ছ্বাস

অনন্তর প্রমতি আরম্ভ করলেন তাঁর কাহিনী। পর্যটন করতে-করতে তিনি যখন বিন্ধ্যারণ্যে প্রবেশ করলেন, তখন রাত্রি নেমে এল। ঘন অন্ধকারে শ্বাপদসংকুল অরণ্যে আত্মরক্ষার জন্য তিনি বনভূমির অধিষ্ঠাত্রী দেবতার কাছে প্রার্থনা জানালেন। পথভ্রমণ-জনিত শ্রম অপনোদনের জন্য তরুতলে শয়ন করা মাত্র তিনি গভীর নিদ্রায় আচ্ছন্ন হলেন। ঘুমঘোরে তাঁর মনে হলো তিনি এক রাজপ্রাসাদে উপনীত হয়েছেন। সেখানে এক লাবণ্যময়ী তরুণীকে দেখে তিনি তাঁর প্রেমে আকৃষ্ট হলেন। ঘুম ভাঙলে তিনি অবাক হলেন দেখে যে, তাঁর সম্মুখে দাঁড়িয়ে রয়েছেন এক অপ্সরা। প্রমতি ভাবতে পারছেন না—এ-কি স্বপ্ন না মায়া ? অপ্সরা বললেন, এ-সবই সত্যি। তিনি নিজে প্রমতিকে ঘুমন্ত অবস্থায় শ্রাবস্তীর রাজকন্যা নবমল্লিকার কক্ষে নিয়ে গিয়ে-ছিলেন। তাঁর স্বপ্নে-দেখা তরুণী তো সেই রাজকন্যা নবমালিকা। এরপর অপ্সর তাঁর নিজের পরিচয় দিলেন। তিনি হলেন কামপালের পত্নী তারাবলী। প্রমতি তাঁর প্রণয় ব্যাপারে সাফল্য লাভ করবেন—এই কথা জানিয়ে তারাবলী বিদায় নিলেন প্রমতি যাত্রা করলেন শ্রাবস্তীর পথে। সেই পথে তিনি দেখলেন, এক ব্রাহ্মণ মোরগের লড়াই নিয়ে ব্যস্ত। ব্রাহ্মণের সাথে তাঁর মিত্রতা হলো। দুজনে মিলে একটা পরিকল্পন করলেন তাঁরা। প্রমতিকে স্ত্রীবেশে সাজিয়ে ব্রাহ্মণ তাঁর কন্যারূপে তাঁকে নিয়ে চললেন রাজার কাছে। কন্যার নিরাপত্তার জন্য তাঁকে তিনি রাজার তত্ত্বাবধানে রাখলেন এবং কালক্ষয় না করে বেরিয়ে পড়লেন সেই যুবকের সন্ধানে—যার কাছে তাঁর কন্যা বাগ্‌দত্ত হয়ে আছে। রাজা ব্রাহ্মণের চাতুরী ধরতে পারলেন না। অন্তঃপুরে প্রমতি নবমালিকার চিত্ত জয় করলেন। অতঃপর একদিন প্রমতি কৌশলে প্রাসাদ থেকে পালিয়ে গেলেন, যোগ দিলেন গিয়ে ব্রাহ্মণের সঙ্গে। ব্রাহ্মণ তখন চললেন রাজার কাছে

সঙ্গে রইলেন প্রমতি। রাজার কাছে গিয়ে ব্রাহ্মণ প্রমতিকে দেখিয়ে বললেন, ইনিই তাঁর ভাবী জামাতা। এবারে অন্তঃপুর থেকে ব্রাহ্মণ তাঁর কন্যাকে ফিরে পেলেই শুভকার্য সম্পন্ন হবে। কিন্তু কন্যা তো নিরুদ্দেশ, রাজা তাকে কোত্থেকে ফিরিয়ে দেবেন? ব্রাহ্মণ তখন অগ্নিতে আত্মাহুতি দেবার সংকল্প ঘোষণা করলেন। এই অঘটন নিবারণের জন্য বাধ্য হয়ে রাজা তাঁর নিজ কন্যাকেই প্রমতির কাছে অর্পণ করলেন। এইভাবে প্রমতি শ্রাবস্তীরাজের জামাতা হলেন এবং অচিরেই তাঁর অত্যন্ত আস্থাভাজন হলেন। এরপর সিংহবর্মাকে সহায়তা করতে তিনি যখন সেনা সহ অগ্রসর হলেন, তখন সৌভাগ্যক্রমে রাজবাহনকে তিনি সেখানে দেখতে পেলেন।

ষষ্ঠ উচ্ছ্বাস

এরপর মিত্রগুপ্ত বিবৃত করলেন তাঁর রোমাঞ্চকর কাহিনী। ভ্রমণ করতে-করতে তিনি গিয়ে পৌঁছলেন সুহ্মদেশের রাজধানী দামলিপ্ত নগরে। দেবী দুর্গার কৃপায় সুহ্মরাজ একটি পুত্র এবং একটি কন্যা সন্তান লাভ করেছিলেন। দেবীর নির্দেশ ছিল, রাজপুত্রকে তাঁর ভগ্নীপতির অনুগত হয়ে থাকতে হবে এবং রাজকন্যা বার্ষিক উৎসব উপলক্ষে জনসমক্ষে কন্দুক ক্রীড়াকালে তাঁর পতি নির্বাচন করবেন। মিত্রগুপ্ত রাজধানীতে পেঁছে উৎসবের কথা শুনে দেখতে গেলেন সেই উৎসব। রাজকন্যা মিত্রগুপ্তকে দেখতে পেয়ে তাঁকেই নিজ পতিরূপে নির্বাচিত করলেন। এই ঘটনায় রাজপুত্র ভীমধন্বা প্রচণ্ড রেগে গেলেন—কি করে তিনি একজন অপরিচিত ব্যক্তির অনুগত হয়ে থাকবেন। সুতরাং ভীমধন্বার আদেশে মিত্রগুপ্তকে বন্দী করে সমুদ্রে নিক্ষেপ করা হলো। লৌহশৃংখলে বদ্ধ মিত্রগুপ্ত দৈবক্রমে একখণ্ড কাঠ পেয়ে তারই সাহায্যে দিনরাত সমুদ্রে ভেসে রইলেন। পরদিন প্রাতে ভাগ্যক্রমে এক যবন জাহাজের নাবিকেরা তাঁকে দেখতে পেয়ে জল থেকে তুলল। যবনদের ইচ্ছে ছিল তাঁকে দিয়ে ক্রীতদাসের কাজ করাবে। কিন্তু যবনদের জাহাজ জলদস্যুদের দ্বারা আক্রান্ত হলো। যুদ্ধে যবনেরা পরাস্ত হলো। অবস্থাগতিকে মিত্রগুপ্তকে শৃংখলমুক্ত করলে তিনি জলদস্যুদের নৌকায় লাফিয়ে পড়লেন এবং একাকী-ই অনেক দস্যুকে হত্যা করে তাদের দলপতিকে বন্দী করলেন। দেখা গেল, ঐ দলপতি আর কেউ নয়, সেই দুরাত্মা ভীমধন্বা। যবনেরা মিত্রগুপ্তের বন্ধনশৃংখল দিয়েই তাকে বেঁধে ফেলল এবং মিত্রগুপ্তকে তাদের উচ্ছ্বসিত অভিনন্দন জানাল।

প্রতিকূল বায়ুবেগে যবনদের জাহাজখানি এক দূর দ্বীপে গিয়ে ঠেকল। দ্বীপে নেমে মিত্রগুপ্ত নানা রমণীয় দৃশ্য দেখতে-দেখতে একটি সুরম্য সরোবরের তীরে উপস্থিত হলেন। সেখানে সহসা তাঁর সামনে এসে দাঁড়াল এক ভয়াল রাক্ষস। মিত্রগুপ্তের কাছে চারটি প্রশ্ন রেখে রাক্ষস বলল, প্রশ্ন চারটির উত্তর না পেলে সে তাঁকে গিলে ফেলবে। মিত্রগুপ্ত তার প্রশ্নের উত্তর দিতে সম্মত হলেন। রাক্ষস একে-একে জিজ্ঞেস করল: (১) 'নিষ্ঠুর কি?' (২) 'গৃহীর পক্ষে প্রিয় ও হিতকর কি?' (৩) 'চাওয়া বলতে কি বুঝায়?' এবং (৪) 'কিসের সাহায্যে দুঃসাধ্য সাধন সম্ভব?' মিত্রগুপ্ত একে-একে উত্তর দিলেন: (১) স্ত্রী-হৃদয়; (২) ভার্যার গুণাবলী; (৩) সংকল্প এবং (৪) প্রজ্ঞার সাহায্যে। এই বলে মিত্রগুপ্ত তাঁর উত্তরের সমর্থনে যথাক্রমে ধূমিনী, গোমিনী, নিম্ববতী এবং নিতম্ববতী নামে চারজন রমণীর গল্প বললেন। ব্রহ্মরাক্ষস প্রসন্ন হয়ে

মিত্রগুপ্তকে সমাদর করল। সেই সময় আকাশপথে আর এক রাক্ষস একটি তরুণীকে নিয়ে পালিয়ে যাচ্ছিল। তরুণীটি প্রাণপণ চীৎকার করছিলেন। বিপন্ন তরুণীকে উদ্ধার করার পর দেখা গেল তিনি সেই কন্দুকাবতী, যিনি মিত্রগুপ্তকে তাঁর ভাবী পতিরূপে নির্বাচিত করেছিলেন। মিত্রগুপ্ত অবিলম্বে কন্দুকাবতীকে সঙ্গে নিয়ে দামলিপ্ত নগরের অভিমুখে যাত্রা করলেন। বৃদ্ধ রাজা তাঁকে পেয়ে পরম সমাদরে স্বীয় জামাতারূপে তাঁকে বরণ করে নিলেন। এরপর মিত্ররাজ সিংহবর্মার বিপদ শুনে তিনি সৈন্যসহ তাঁর সাহায্যার্থে চম্পায় এলে রাজবাহনকে দেখে বিস্ময়ে এবং আনন্দে অভিভূত হলেন।

সপ্তম উচ্ছ্বাস

এবার পালা মন্ত্রগুপ্তের। তিনি বলতে শুরু করলেন তাঁর বিচিত্র অভিজ্ঞতার কথা ঃ

তিনি তো ঘুরতে-ঘুরতে উপস্থিত হলেন কলিঙ্গরাজ্যে। সেখানে এক শ্মশানে রাজকন্যা কনকলেখা এক 'সিদ্ধ' পুরুষের হাতে বন্দিনী হয়ে মৃত্যুর দিন গুণছিলেন। এক প্রেতের মাধ্যমে 'সিদ্ধ' তাঁকে সেখানে নিয়ে এসেছে, উদ্দেশ্য তাঁকে বলি দিয়ে অলৌকিক ক্ষমতার অধিকারী হওয়া। মন্ত্রগুপ্ত রাজকন্যাকে সেখান থেকে উদ্ধার করে রাজপ্রাসাদে নিয়ে গেলেন। উভয়ের হৃদয়ে পরস্পরের প্রতি অনুরাগ জন্মাল। মন্ত্রগুপ্ত সংগোপনে রাজকন্যার সঙ্গে তাঁর বাসকক্ষে থেকে গেলেন।

ইতিমধ্যে একদিন কলিঙ্গরাজ কর্দন সপরিবারে সমুদ্রতীরে দিন কয়েকের জন্য বেড়াতে গেলেন। সেখানে তিনি অন্ধ্ররাজ জয়সিংহের দ্বারা আক্রান্ত ও তাঁর হাতে বন্দী হলেন। মন্ত্রগুপ্ত কলিঙ্গরাজকে উদ্ধার করতে আগ্রহী হলেন এবং তদনুসারে শীঘ্র যথাযোগ্য উপায়ও উদ্ভাবন করলেন। অন্ধ্ররাজ জয়সিংহ ইচ্ছা করলেন, তিনি কলিঙ্গ-রাজকন্যা কনকলেখাকে বিবাহ করবেন। কিন্তু এ-কথা সর্বত্র রাষ্ট্র হয়ে গেছে যে, কনকলেখার উপর এক যক্ষ ভর করে আছে। অতএব ভূতে-ধরা কনকলেখাকে বিয়ে করার আগে তাঁর ভূত-নামানোটাই হবে প্রথম কাজ। এই সুযোগে মন্ত্রগুপ্ত এক মহা তপস্বীর বেশ ধরে উপস্থিত হলেন গিয়ে জয়সিংহের কাছে। কনকলেখাকে যক্ষের প্রভাবমুক্ত করার জন্য তিনি তাঁর সাহায্যের হাত বাড়িয়ে দিলেন। জয়সিংহের প্রতি তপস্বীর নির্দেশ রইল ঃ সরোবরে তাঁকে স্নান করতে হবে। তপস্বীর মন্ত্রবলে স্নানশেষে তিনি এক নূতন দেহ নিয়ে উঠে আসবেন সরোবর থেকে। এই নূতন দেহের অধিকারী হলেই তিনি যক্ষকে সমুচিত শাস্তি দিতে সমর্থ হবেন। তদনুসারে, জয়সিংহ সরোবরে অবগাহন করতে নামলেন এবং তপস্বীবেশী মন্ত্রগুপ্তের পাতা মৃত্যুর ফাঁদে পা দিলেন। জয়সিংহের পরিবর্তে সরোবর থেকে উঠে এলেন মন্ত্রগুপ্ত, লোকে জানল ইনিই নূতন দেহে তাদের পুরাতন রাজা জয়সিংহ। এরপর তাঁর কোন অসুবিধা রইল না কলিঙ্গরাজ কর্দন ও তাঁর কন্যাকে মুক্ত করতে। কর্দন অতঃপর অন্ধ্র ও কলিঙ্গ দু-রাজ্যেরই রাজা হলেন।

মন্ত্রগুপ্ত হলেন তাঁর জামাতা। তারপর মিত্ররাজ সিংহবর্মাকে সাহায্য করতে এসে মন্ত্রগুপ্ত তাঁর হারানো বন্ধু রাজবাহনকে সেখানে দেখতে পেয়ে উল্লাসে আত্মহারা হলেন।

অষ্টম উচ্ছ্বাস

এবার বাকি একজন। তিনি বিশ্রুত। বিশ্রুত শুরু করলেন তাঁর কথা ঃ

বিন্ধ্যারণ্যের পথে যেতে-যেতে তিনি একদিন দেখলেন, জনৈক বৃদ্ধ এক বালকের পরিচর্যা করছে। জিজ্ঞেস করে তিনি জানতে পারলেন, ঐ বালক বিদর্ভরাজ অনন্তবর্মার পুত্র। তার পিতা কুসঙ্গে পড়ে নানা কু-অভ্যাসে কাল কাটাতেন, রাজকার্যের প্রতি তাঁর ছিল চরম ঔদাসীন্য। ফলে প্রতিবেশী রাজা বসন্তভানু যখন তাঁর রাজ্য আক্রমণ করলেন, তখন তিনি যুদ্ধে পরাভূত ও নিহত হলেন। বসন্তভানু তাঁর সিংহাসন দখল করে বসলেন। স্বামীর মৃত্যুতে রাণী বসুন্ধরা কন্যা মঞ্জুবাদিনী ও পুত্র ভাস্করবর্মা সহ মাহিষ্মতীরাজ্যের অধীশ্বর মিত্রবর্মার আশ্রয়ে চলে গেলেন। মিত্রবর্মা ছিলেন অনন্তবর্মার বৈমাত্রেয় ভ্রাতা। কিন্তু ক্রমে বোঝা গেল যে মিত্রবর্মা আসলে বিশ্বাসঘাতকদেরই দলের লোক। তখন বসুন্ধরা তাঁর পুত্রকে একজন বিশ্বস্ত পরিচারকের হাতে সঁপে দিয়ে বললেন—সে যেন বালককে কোন নিরাপদ স্থানে নিয়ে যায়। বিশ্রুত অধীর আগ্রহে এদের কাহিনী শুনলেন এবং কথাবার্তার মধ্য দিয়ে রাজপুত্রের সঙ্গে তার একটা আত্মীয়তার সম্পর্কও বেরিয়ে পড়ল। বালককে তিনি প্রতিশ্রুতি দিলেন, হারানো রাজ্য ফিরে পেতে তাকে তিনি সাধ্যমত সাহায্য করবেন। ইতিমধ্যে এক বনেচরের মুখে শোনা গেল যে মিত্রবর্মার ব্যবস্থাপনায় মাহিষ্মতীতে প্রচণ্ডবর্মার মঞ্জুবাদিনীর বিবাহ অনুষ্ঠিত হতে যাচ্ছে। বিশ্রুত সেই বৃদ্ধ পরিচারককে পাঠালেন রাণী বসুন্ধরার কাছে, রাণীকে বলা হলো, তিনি যেন তাঁর পুত্রের মৃত্যুর সংবাদ সর্বত্র প্রচার করেন। বিশ্রুত একটি বিষাক্ত কণ্ঠহারও পাঠালেন রাণীর কাছে যাতে তিনি ঐ হারের সাহায্যে মিত্রবর্মাকে মেরে ফেলতে পারেন। পুত্রের মৃত্যুর মিথ্যা সংবাদ রটানো এবং মিত্রবর্মার মৃত্যু ঘটানোর পর তাঁকে বিশ্রুতের উপস্থিতির অপেক্ষায় থাকতে হবে। অনতিবিলম্বে বিশ্রুত নিজে রাজকুমারকে সঙ্গে নিয়ে গিয়ে উপস্থিত হলেন মিত্রবর্মার রাজধানীতে এবং কিছুকাল সন্ন্যাসীর ছদ্মবেশ ধারণ করে রইলেন। শীঘ্রই তিনি সুযোগ বুঝে প্রচণ্ডবর্মাকে হত্যা করলেন এবং তারপর দেবী দুর্গার মন্দিরে প্রবেশ করে মূর্তির পাদদেশের অধোভাগে গোপন গহ্বরে আত্মগোপন করে রইলেন। পূর্বপরিকল্পনা মতো রাণী বসুন্ধরা এসে উপস্থিত হলেন সেই মন্দিরে। তিনি আগে থেকেই দেবীর স্বপ্নাদেশের কথা প্রচার করেছিলেন যে, দেবীর অনুগ্রহে তাঁর মৃত পুত্র ঐদিন মন্দিরের মধ্য থেকে সশরীরে তাঁর কাছে ফিরে আসবে। যথাকালে বিশ্রুত রাজকুমারকে সঙ্গে নিয়ে মন্দিরগর্ভ থেকে বেরিয়ে এলেন এবং সমবেত জনতার কাছে ঘোষণা করলেন: দেবী স্বয়ং রাজপুত্রকে তাঁর বিশেষ তত্ত্বাবধানে রক্ষা করে রেখেছেন এবং এতদিন পরে অত্যন্ত প্রসন্ন হয়ে তিনি রাজপুত্রকে তাদের কাছে ফিরিয়ে দিচ্ছেন এই জন্যই যে, এই রাজকুমারই হবেন তাদের বৈধ শাসক। এইভাবে ভাস্করবর্মা মাহিষ্মতীর রাজা রূপে সকলের কাছে স্বীকৃতি পেলেন এবং বিশ্রুত তাঁর ভগ্নী মঞ্জুবাদিনীকে বিবাহ করে রাজার প্রধান উপদেষ্টার পদ অলঙ্কৃত করলেন। ভাস্করবর্মার হয়ে রাজ্যের দায়দায়িত্ব বস্তুত তিনিই পালন করতে লাগলেন।

উত্তরপীঠিকা

বিশ্রুত অতঃপর সংকল্প করলেন বসন্তভানুর কাছ থেকে বিদর্ভের রাজসিংহাসন ছিনিয়ে নিয়ে ভাস্করবর্মাকে তা ফিরিয়ে দিতে হবে, কেননা ভাস্করবর্মাকে তাঁর পিতৃরাজ্য

ফিরিয়ে দিতে তিনি প্রতিশ্রুতিবন্ধ। অতএব বসন্তভানুর বিরুদ্ধে শুরু হলো তাঁর সুসংবন্ধ অভিযান। অসিযুদ্ধে বিশ্রুত বসন্তভানুকে হত্যা করলেন। ভাস্করবর্মা এবারে অবাধে তাঁর পৈতৃক সিংহাসনে অধিষ্ঠিত হলেন। বিশ্রুতের সকল প্রচেষ্টা এমনিভাবে সাফল্যমণ্ডিত হলো। তারপর, একসময় তিনি যখন মিত্ররাজ সিংহবর্মার দুর্দিনে তাঁকে সাহায্য করতে এগিয়ে এসেছেন, তখন দৈবাৎ সেখানে রাজবাহনকে দেখতে পেলেন।

এ-সকল কাহিনী যখন বলা শেষ হলো, তখন রাজবাহনের পিতা বৃদ্ধ রাজা রাজহংসের কাছ থেকে এক দূত এসে পৌঁছল। তার হাতে একটি পত্র। পুত্রের আকস্মিক অন্তর্ধানে এবং তার ফলশ্রুতিস্বরূপ অন্যান্য কুমারদের নিরুদ্দেশ হয়ে যাওয়ার দুঃসংবাদে রাজহংস অত্যন্ত শোকাহত হয়েছিলেন। তখন ঋষি বামদেব শোকার্ত রাজাকে সান্ত্বনা দেন এবং ভবিষ্যদ্‌বাণী করেন যে ষোল বৎসর পরে তাঁরা সকলে সুস্থদেহে নিরাপদে ফিরে আসবেন। সেই সময় আজ অতিক্রান্ত; ঋষি রাজাকে জানিয়েছেন কিভাবে কুমারেরা সকলে চম্পায় একত্র মিলিত হয়েছেন। পত্রে তাঁর এ-নির্দেশও রয়েছে যে কুমারেরা যেন পত্রপাঠ স্বদেশে যাত্রা করেন। ঋষির অভিপ্রায় ও রাজার আদেশ, কোনটাই উপেক্ষণীয় নয়। অতএব আর দেরি নয়; পুষ্পপুর অভিমুখে তাঁদের যাত্রা হলো শুরু। উজ্জয়িনীতে এসে তাঁরা মানসারকে পরাজিত ও নিহত করলেন এবং মালবরাজ্য অধিকার করলেন। এরপর তাঁরা এসে পৌঁছলেন পুষ্পপুরে। কুমারদের দেখে বৃদ্ধ রাজার যে কী আনন্দ হলো, তা ভাষায় বলার নয়। কুমারদের মধ্যে বিজিত রাজ্যগুলি সব বিতরণ করে দিয়ে বৃদ্ধ রাজা তাঁর গুরু দায়িত্ব থেকে অবসর নিলেন। উজ্জয়িনী ও পুষ্পপুরের যুক্তরাজ্যের শাসনভার ন্যস্ত হলো রাজবাহনের উপর। রাজবাহন এবং তাঁর মিত্রগণ প্রত্যেকে নিজ-নিজ রাজ্য ন্যায় ও নিষ্ঠার সঙ্গে সুষ্ঠুভাবে শাসন করতে লাগলেন এবং নির্বিঘ্নে সুখ ও সমৃদ্ধির মধ্যে তাঁদের দিন অতিবাহিত হতে লাগল।

দশকুমারের পরিচয়

পদ্মোদ্ভব (রাজহংসের মন্ত্রী)

সুভাষিত

দণ্ডীর রচনায় সুভাষিতের বাহুল্যের অভাব আছে। মূল কারণ সম্ভবত নীতিকথা প্রচারে দণ্ডীর অনীহা ও ঘটনাকে বাস্তব-সম্মতভাবে তুলে ধরার চেষ্টা। তাছাড়া গল্পগুলিতে চিন্তার প্রতিফলনের (reflection) চেয়ে ঘটনার বিবরণই (description) প্রাধান্য পেয়েছে। তবুও তৎকালীন সমাজজীবনের পরিপ্রেক্ষিতে কিছু-কিছু মূল্যবোধেরও প্রকাশ ঘটেছে উদ্ধৃত বক্তব্যগুলির মাধ্যমে—

১. বরাকস্য সেবয়া কিং লভ্যম্ ? (পূর্বপীঠিকা, তৃতীয় উচ্ছ্বাস) ক্ষুদ্রলোকের সেবায় কি ফল ?
২. লোকে পণ্ডিতাঅপি দাক্ষিণ্যেন অকার্যং কুর্বন্তি। (পূর্বপীঠিকা পঞ্চম উচ্ছ্বাস) জগতে জ্ঞানী-লোকেরাও প্রিয়জনের প্রীতির জন্যে অকার্য করে থাকেন।
৩. সুহৃদামকথ্যঞ্চ কিমস্তি ? (ঐ) বন্ধুর কাছে সবকিছুই বলা চলে।
৪. 'ন ধর্মস্তত্ত্বদর্শিনাং বিষয়োপ-ভোগেনোপরুধ্যতে'। (দশকুমারচরিত, দ্বিতীয় উচ্ছ্বাস) বিষয়সম্ভোগের দ্বারা তত্ত্বজ্ঞানীদের ধর্ম নষ্ট হয় না।
৫. 'নান্যৎ পাপিষ্ঠতমমাত্মত্যাগাৎ' (ঐ) আত্মহত্যার চেয়ে গুরুতর পাপ আর নাই।
৬. 'কিং হি বুদ্ধিপ্রযুক্তং নাভ্যুপৈতি শোভাম্ ? (দশকুমারচরিত, চতুর্থ উচ্ছ্বাস) বুদ্ধি দিয়ে করলে কোন্ কাজটা না সুন্দর হয় ?
৭. 'কিং দুষ্কর সাধনম্—প্রজ্ঞা' (দশকুমারচরিত, ষষ্ঠ উচ্ছ্বাস) দুষ্কর কার্যসিদ্ধি কি উপায়ে সম্ভব ? প্রজ্ঞাবলে।
৮. আগমদীপদৃষ্টেন খল্বধ্বনা সুখেন বর্ততে লোকযাত্রা। (অষ্টম উচ্ছ্বাস) শাস্ত্রজ্ঞানরূপ দীপের আলোতেই সংসারের পথে সুখে চলা সম্ভব।
৯. 'দেব্যাঃ শক্তেঃ পুরো ন বলবতী মানষী শক্তিঃ' দেবতার শক্তির কাছে মানুষের শক্তি বলবতী নয়। (উত্তর পীঠিকা)

দশকুমারচরিত

পূর্বপীঠিকা

প্রথম উচ্ছ্বাস

মঙ্গলাচরণ—ব্রহ্মাণ্ডরূপ ছত্রের দণ্ড—ব্রহ্মার বাসস্থান নাভিপদ্মের নালদণ্ড—পৃথিবীরূপ তরণীর মাস্তুলদণ্ড—প্রবাহিত মন্দাকিনীর পতাকাদণ্ড—নক্ষত্রমণ্ডলের চক্রদণ্ড—ত্রিভুবনবিজয়ের স্তম্ভদণ্ড—দেবশত্রুদের যমদণ্ডের তুল্য ত্রিবিক্রম বিষ্ণুর পাদদণ্ড তোমাদের কল্যাণ বিতরণ করুক।

মগধদেশের রাজধানী পুষ্পপুরী—সমস্ত নাগরীর মধ্যে আদর্শ স্থানীয় সেখানে অসংখ্য বিপণীতে বিক্রয়ের জন্য সুসজ্জিত অগণিত বস্তু-সমূহের মধ্যে রত্নরাশি যেন রত্নাকর সমুদ্রের মতোই এই সর্ব্বদা নগরীর মহিমা।

সেখানে এক রাজা ছিলেন নাম রাজহংস। মন্দরপর্বতের মতোই দৃঢ় তার বাহু। ভীষণ সমুদ্ররূপ শত্রুপক্ষকে এই বাহুর দ্বারা মন্থন করতেন। তাঁর দিগন্তব্যাপী কীর্তির শুভ্রতা শরতের চন্দ্র কুন্দকুসুম, কর্পূর, শিশির, মৃণাল, রাজহংস, ঐরাবত, কাশ-পুষ্প ইত্যাদির সঙ্গে তুলনীয়। সেই কাহিনী স্বর্গের অপ্সরারা উদ্যান ভ্রমণকালে গান গেয়ে প্রকাশ করতেন। তিনি ছিলেন সমুদ্রমেখলা পৃথিবীর অধীশ্বর। এই সমুদ্রের রত্নই সমুদ্রের দেবতারা মুকুটে ধারণ করতেন। তিনি যজ্ঞানুষ্ঠানের দক্ষিণাদ্বারা শাস্ত্রজ্ঞ, গুণবান, বিদ্বান, যশস্বী ব্রাহ্মণদের পালন করতেন, প্রতাপে শত্রুদের সন্তপ্ত করতেন। সৌন্দর্যেও তিনি ছিলেন কামদেবের তুল্য এবং সকলের প্রিয়।

রাজা রাজহংসের মহিষীর নাম বসুমতী। মহাদেব যখন ক্রোধে কামদেবকে ভস্মে পরিণত করেছিলেন তখন ভ্রমরেরা বসুমতীকে রতিদেবী মনে করে তার কেশকলাপে আশ্রয় নিয়েছিল। পদ্মজয়ী চন্দ্র যেন তার মুখমণ্ডল, কামদেবের মীনকেতনের মৎস্য-দ্বয় যেন তার নয়ন যুগল, নিশ্বাস যেন মলয় সমীর। নবপল্লবের অস্ত্র যেন তাঁর অধর-বিম্ব। ত্রিরেখা যুক্ত লাবণ্যময় গ্রীবা যেন বিজয় শঙ্খ। পূর্ণ কুম্ভদ্বয় চক্রবাক অনুকারী কুচযুগ। কামদেবের ধনুর জ্যা তাঁর কোমল মৃণাল ভুজ। পদ্ম কোরকের মতো রক্তিম নাভিদেশে—সেখানে গঙ্গার মতোই আবর্ত। যোগিদেরও ধ্যানভংগকারী নিবিড় জঘন—যেন কামদেবের জয়রথ[১]। তাঁর সুন্দর কদলীতরুর মতো উরুদ্বয় যেন কামদেবের জয়স্তম্ভ। সহস্রদলপদ্মের মতো চরণদ্বয় কামদেবের ছত্রতুল্য আর অন্য অংশগুলি কামদেবের কুসুমশর[২]। অমরাবতীর চেয়েও সুন্দর সেই পুষ্পপুরীতে ধরিত্রীর মতো দেবী বসুমতী মগধরাজের সঙ্গে সুখে বাস করতেন। রাজার বংশানুক্রমে তিনি মন্ত্রী ছিলেন। তাঁরা অতিশয় অনুগত বৃহস্পতির চেয়েও বুদ্ধিমান এবং সুবিবেচক ছিলেন। তাঁদের নাম—ধর্মপাল, পদ্মোদ্ভব, ও সিতবর্মা। সিতবর্মার দুই পুত্র—সুমতি ও সত্যবর্মা। ধর্মপালের তিন পুত্র—সুমন্ত্র, সুমিত্র, কামপাল। পদ্মোদ্ভবেরও দুই পুত্র—সুশ্রুত ও রত্নোদ্ভব। এদের মধ্যে ধর্মশীল সত্যবর্মা সংসারের অসারতার কথা ভেবে তীর্থযাত্রায় ইচ্ছুক হয়ে দেশ-দেশান্তরে গমন করতে লাগলেন। দুর্বিনীত কামপাল বীট নট ও বারনারীতে আসক্ত হয়ে পিতা ও জ্যেষ্ঠ ভ্রাতার আদেশ অগ্রাহ্য করে ঘুরে বেড়াতে লাগলেন। আর রত্নোদ্ভব সমুদ্রযাত্রা করলেন বাণিজ্যের উদ্দেশ্যে। অন্য মন্ত্রী-পুত্ররা নিজ-নিজ পিতার

স্বর্গপ্রাপ্তির পর মন্ত্রীপদ লাভ করেছিলেন। তারপর মগধরাজ, যিনি অস্ত্রনৈপুণ্যে বিপক্ষ রাজাদের পরাজিত করেছিলেন, তীব্র রোষে মালবরাজ মানসারের বিরুদ্ধে চতুরঙ্গ[৩] সেনাসহ যুদ্ধ যাত্রা করলেন। তার ভেরীর রবে সমুদ্রের শব্দ তিরোহিত, দিক্‌গজেরাও যেন ভয়ে আকুল। সৈন্যদের পদভারে পৃথিবী নত হওয়ায় অনন্ত নাগের মস্তক যেন দুর্বল হয়ে পড়ল। মালবরাজ বহু হস্তিসহ মূর্তিমান অমরের ন্যায় মগধরাজের অভিমুখে ধাবিত হলো।

আরম্ভ হলো তুমুল যুদ্ধ। রথচক্রের ঘর্ষণে, অশ্বখুরের আঘাতে ভূমি থেকে উত্থিত ধূলি হস্তিসমূহের কপোলদেশে মদধারার সংস্পর্শে কর্দমে পরিণত হলো। নিহত বীরদের বরণ করার জন্যে আকাশের সমবেত স্বর্গ কন্যাদের আবৃত করেছিল সেই ধূলিরাশি, ঢক্কানিনাদে সবাই যেন বধির হয়ে গেল। পরস্পর অস্ত্রাঘাত ও প্রহারের ফলে ভয়ঙ্কর যুদ্ধে বহু সৈন্য হতাহত হলো।

যুদ্ধে মালবরাজের সব সৈন্যদল হ্রাস পাওয়ায় মগধরাজ বন্দী করে ফেললেন তাঁকে, কিন্তু সদয় হয়ে আবার স্বরাজ্যে প্রতিষ্ঠিত করলেন। পৃথিবীর একচ্ছত্র অধিপতি হলেও মহারাজ রাজহংস নিঃসন্তান ছিলেন – তাই সৃষ্টির মূল কারণ নারায়ণের অর্চনায় ব্রতী হলেন।

একদিন প্রভাতে মহিষী বসুমতী স্বপ্ন দেখলেন—একজন যেন তাঁকে বলছেন, 'দেবি, আপনি রাজার সঙ্গে কল্পলতার ফল গ্রহণ করুন।' তারপর দেখা গেল রাণী গর্ভবতী হয়েছেন। এতদিনে স্বামীর মনোবাঞ্ছা পুষ্পিত হলো। তিনি ইন্দ্রের মতো বিত্তশালী মিত্র রাজাদের আমন্ত্রণ জানিয়ে নিজের শক্তি সামর্থ্য অনুসারে দেবীর সীমন্তোন্নয়ন[৪] উৎসব সম্পন্ন করলেন।

রাজা হিতৈষী মিত্র ও পুরোহিতবর্গের সঙ্গে রাজসভায় আসীন—এমন সময় দ্বারপাল এসে নমস্কার জানিয়ে নিবেদন করল, 'প্রভু, এক পূজনীয় সন্ন্যাসী আপনার দর্শন কামনায় দ্বারে উপস্থিত।' রাজা অনুমতি দিলে সেই সন্ন্যাসী উপস্থিত হলেন। তাঁকে দেখে রাজা বুঝতে পারলেন যে ইনি একজন গুপ্তচর। অন্য সকলকে বিদায় দিয়ে শুধু মন্ত্রীদের সঙ্গে বসে প্রণত সেই চরকে মৃদু হেসে বললেন, 'হে তাপস, আপনি দেশ দেশান্তরে ভ্রমণ করে যে-যে সংবাদ জানতে পেরেছেন তা বলুন।' পৃথিবী পর্যটনকারী সেই তাপস করজোড়ে জানাল, 'প্রভু, আপনার আদেশ শিরোধার্য করে সন্ন্যাসীর বেশে মালবরাজের রাজধানীতে প্রবেশ করেছিলাম। সেখানে গোপনে অবস্থান করে রাজার সমস্ত বৃত্তান্ত জেনে ফিরে এসেছি।' মানী রাজা মানসার সৈন্য বিনষ্ট হওয়ায় পরাজিতের লজ্জা বহন করে আপনার দয়াতেই স্বরাজ্যে পুনঃপ্রতিষ্ঠিত হয়েছিলেন। তিনি মহাকাল নিবাসী কালিকাপতি অবিনাশ মহাদেবের আরাধনা শুরু করে দিলেন—তাঁকে সন্তুষ্ট করে এক বীরনাশী ভয়ংকর গদা লাভ করলেন। এখন নিজেকে অপ্রতিদ্বন্দী মনে করে মহাগর্বে আপনাকে আক্রমণ করতে উদ্যত হয়েছেন। এবার কর্তব্য নির্দ্ধারণের দায়িত্ব আপনার।' এই সংবাদ আলোচনা করে মন্ত্রীরা রাজাকে জানাল, 'প্রভু, দৈবসহায়ে শত্রু অপ্রতিরোধ্য, অতএব আমাদের এখন যুদ্ধ করা অনুচিত। আপনি দুর্গে আশ্রয় গ্রহণ করুন। তাঁকে এইভাবে পরামর্শ দেওয়া হলেও মগধরাজ যুদ্ধ করাই মনস্থ করলেন।

এদিকে মহাদেব প্রদত্ত গদার প্রভাবে শক্তিশালী মানসার যুদ্ধোপকরণে সজ্জিত হয়ে

যোদ্ধাদের পুরোভাগে এসে অক্লেশে মগধে প্রবেশ করলেন। তখন মন্ত্রীরা মগধরাজকে কোনমতে অনুনয় করে অন্তঃপুরিকাদের পাঠালেন শত্রুর অগম্য বিন্ধ্যারণ্যে, মূল বাহিনীর উপর রইল রক্ষার ভার। কিন্তু রাজহংস নিজে নির্ভীক ও উত্তম সৈন্যদের সঙ্গে তীব্রগতিতে বেরিয়ে এলেন, গতিরোধ করলেন শত্রুর। দেবতারাও কৌতূহলী হয়ে যেন আকাশে উপস্থিত—উদ্দেশ্য এই দুই বীরের যুদ্ধ দর্শন। অবিচলভাবে ইন্দ্রের মতোই যিনি নানা অস্ত্র প্রয়োগ করেছিলেন—সেই রাজহংসের প্রতি জিগীষু মানসার মহাদেব প্রদত্ত গদা নিক্ষেপ করলেন। বহু শাণিত শরে সেই গদা খণ্ডিত হলেও সারথিকে নিহত করে শিববাক্যের অমোঘতা প্রমাণ করল। রথস্থ রাজাও মূর্ছিত হয়ে পড়লেন।

তখন বল্গাহীন অশ্বগুলি রথ নিয়ে দৈবক্রমে সেই মহারণ্যে প্রবেশ করল, যেখানে রাজ-অন্তঃপুরের রমণীগণ আশ্রয় নিয়েছিল।

মালবরাজ যুদ্ধে জয়লাভ করে বিশাল মগধরাজ্য অধিকার করে পুষ্পপুরীতে বাস করতে লাগলেন।

এদিকে অস্ত্রাঘাতে মূর্ছিত অমাত্যগণ ভাগ্যক্রমে প্রভাতের বায়ুতে জ্ঞান ফিরে পেয়ে রাজাকে চারদিকে খুঁজতে লাগলেন ; কিন্তু দেখতে না পেয়ে বিষণ্ন মনে রাজ্ঞীর কাছে উপস্থিত হলেন। তাঁদের কাছে সমস্ত দুঃসংবাদ জেনে বসুমতী শোকে আকুল হয়ে স্বামীর অনুমরণের ইচ্ছা প্রকাশ করলেন। তখন মন্ত্রী ও পুরোহিতেরা বহু অনুনয় করে তাঁকে বললেন, 'কল্যাণী, রাজার মৃত্যু অনিশ্চিত। দৈবজ্ঞেরা বলেছেন আপনার গর্ভে যে-কুমার বাস করছে সে ভবিষ্যতে উদ্ধত শত্রুকে পরাজিত করে সার্বভৌম রাজা হবে। অতএব আপনার এখন মৃত্যুকে বরণ করা অনুচিত।' এ-কথা শুনে রাণী বিষণ্ন ভাবে মৌন হয়ে রইলেন।

তারপর রাত্রির দ্বিতীয় প্রহরে পরিজনগণ নিদ্রিত হয়ে পড়লে রাজ্ঞী বসুমতী দারুণ শোক সহ্য করতে না পেরে নিঃশব্দে সেনানিবাস অতিক্রম করে নির্জনে এগিয়ে গেলেন। ওদিকে বহু পথ অতিক্রম করায় রাজার রথের ক্লান্ত অশ্বরা এই অরণ্যেই থেমে পড়তে বাধ্য হয়েছিল, কারণ এখানেই এক বটবৃক্ষের কাণ্ডে রথটি আটকে গিয়েছিল। রাণী না জেনে ঐ বটগাছের শাখাতেই বস্ত্রাঞ্চলে গলদেশ বন্ধন করে বাষ্পরুদ্ধ কণ্ঠে বিলাপ করতে লাগলেন, 'হে কামদেবতুল্য মগধরাজ আপনাকেই যেন পরজন্মে স্বামীরূপে লাভ করি।'

এদিকে মগধরাজ প্রচুর রক্তক্ষরণের ফলে যদিও মূর্ছিত হয়ে পড়েছিলেন এমন চন্দ্রকিরণের শীতল স্পর্শে সংজ্ঞা ফিরে পেলেন। সেই বিলাপবাণী মহারাণীর কণ্ঠ-নিঃসৃত বুঝতে পেরে তাকে আহ্বান করলেন। রাণী দ্রুত এগিয়ে এসে রাজাকে দেখতে পেলেন—আনন্দে বিহ্বল হয়ে নির্নিমেষে তার দিকে তাকিয়ে রইলেন। তারপর স্পষ্ট স্বরে পুরোহিত ও অমাত্যদের আহ্বান করে রাজাকে দেখালেন। তাঁরা রাজাকে প্রণাম করে বললেন, 'প্রভু, নিশ্চয় সারথি নিহত হলে অশ্বগুলি রথটিকে এই অরণ্যে এনে ফেলেছিল?' রাজা বললেন, 'যুদ্ধে আমার সৈন্যরা নিহত হলে নির্দয় মালবরাজ শিবের আরাধনায় প্রাপ্ত গদা আমার দিকে নিক্ষেপ করেছিল, আমি সেই আঘাতে মূর্ছিত হয়ে পড়ি। এমন শীতল বায়ুতে চৈতন্য লাভ করে দেখি এই অরণ্যে রয়েছি।'

মন্ত্রীরা তখন শুভলগ্নে শুভ অনুষ্ঠানের মাধ্যমে রাজাকে শিবিরে নিয়ে এলেন ;

সমস্ত শল্য তুলে ফেলে ক্ষতস্থানে ঔষধ প্রয়োগ করে রাজাকে সুস্থ করে তুললেন।

দৈববিরোধী থাকায় যুদ্ধে নিজপুরুষকার বিফল হয়েছিল—এজন্য মগধরাজের মলিনতা ও মনোকষ্ট দেখে মৃদুভাষিণী বসুমতী তাকে সান্ত্বনা দিতে লাগলেন। 'প্রভু নৃপতিদের মধ্যে আপনিই ছিলেন শ্রেষ্ঠ। কিন্তু আজ আপনাকে বাস করতে হচ্ছে বিন্ধ্যপর্বতের গোপন অরণ্যে। অতএব সম্পদ জলের বুদ্‌বুদের মতো অল্পস্থায়ী বিদ্যুতের মতোই চঞ্চল। সুতরাং জাগতিক সমস্ত কিছুকেই দৈবায়ত্ত বলেই মনে করতে হবে। হরিশ্চন্দ্র[৫], রামচন্দ্র প্রমুখ ঐশ্বর্যে ইন্দ্রতুল্য রাজগণও দৈবাধীন দুঃখ অনুভব করে পরে বহুকাল নিজেরা রাজত্ব করেছিলেন, আপনিও সেই রকম হতে পারেন। এখন কিছুদিন দেবার্চনার মাধ্যমে মনের কষ্ট লাঘব করুন।'

রাজহংস অবশিষ্ট সৈন্যসহ তেজস্বী ঋষি বামদেবের কাছে বাঞ্ছিত ফললাভের আশায় উপস্থিত হলেন। তাঁকে প্রণাম করার পর যথোচিত অতিথি সৎকারাদি লাভ করে কিছুকাল বিশ্রামের পর চন্দ্রবংশীয় মিষ্টভাষী রাজা নিজরাজ্য প্রাপ্তির ইচ্ছায় মুনিকে বলতে লাগলেন, 'ভগবন্, তপস্যাই আপনার ব্রত! মানসার প্রবল দৈববলে আমাকে পরাজিত করে রাজ্য ভোগ করছে। লোকশরণ আপনার করুণায় উগ্রতপস্যার দ্বারা সেই শত্রুকে নির্মূল করার জন্যে আপনার কাছে এসেছি।' ত্রিকালজ্ঞ তপস্বী বামদেব রাজাকে বললেন, 'সখে, শরীরের পক্ষে কষ্টকর তপস্যার প্রয়োজন নেই। বসুমতীর গর্ভে সমস্ত শত্রুকুল মর্দন রাজপুত্র শীঘ্রই জন্মগ্রহণ করবে। কিছুকাল নীরবে অবস্থান করুন।'

সেই সময় আকাশবাণী শোনা গেল "এই বাক্য সত্য"। রাজাও ঋষির কথামত অপেক্ষা করতে লাগলেন। দশমাস পরে শুভলগ্নে বসুমতীর সুলক্ষণ-যুক্ত পুত্র জন্মগ্রহণ করল। রাজা ব্রহ্মার ন্যায় তেজস্বী পুরোহিতদের নিয়ে সেই বালকের জাতকর্মাদি সংস্কার সম্পন্ন করলেন। উপযুক্ত অলংকারে মণ্ডিত করে নামকরণ করলেন 'রাজবাহন' মন্ত্রী সুমতিরও এক পুত্র হয়েছিল নাম প্রমতি। সুমন্ত্রের মিত্রগুপ্ত, সুমিত্রের মন্ত্রগুপ্ত ও বিশ্রুতের সুশ্রুত নামে পুত্র জন্মগ্রহণ করল। নবোদিত চন্দ্রের মতোই তাদের সৌন্দর্য। রাজবাহন সেই মন্ত্রীপুত্রদের বন্ধুরূপে লাভ করলেন তাদের সঙ্গেই খেলাধুলো করে বড় হয়ে উঠতে লাগলেন।

একদিন এক তাপস রাজলক্ষণ যুক্ত এক সুকুমার কুমারকে রাজার হাতে সমর্পণ করে বললেন, 'মহারাজ আমি কুশ ও সমিধ্ সংগ্রহের জন্যে বনে গিয়ে দেখলাম এক নিরাশ্রয়া দীনা নারী ক্রন্দনরতা। তাকে জিজ্ঞাসা করলাম—কি জন্যে তুমি এই গভীর বনে অশ্রু বিসর্জন করছ? সে তখন চোখ মুছে রুদ্ধ কণ্ঠে বলতে লাগল—মিথিলার রাজা প্রহারবর্মা, যিনি সৌন্দর্যে কামদেবকেও পরাজিত করেছেন, দেবসভাতেও যাঁর যশ প্রচারিত, তিনি বন্ধু মগধ রাজমহিষীর সীমন্তোন্নয়ন অনুষ্ঠানে যোগদানের জন্য স্ত্রী-পুত্রসহ পুষ্পপুরীতে এসে কিছুদিন বাস করেছিলেন। এই সময় মালবরাজ মানসার মহাদেবের আরাধনার পর মগধরাজের সঙ্গে যুদ্ধে অবতীর্ণ হয়েছিলেন। যুদ্ধরত দুই পক্ষের মধ্যে বিদেহরাজ প্রহারবর্মা মগধরাজের সাহায্যে এগিয়ে এসেছিলেন। কিন্তু তাঁর সৈন্যদল বিধ্বস্ত হলো। বিজয়ী মানসার তাঁকে করুণা করে মুক্তি দিলে অবশিষ্ট অস্ত্রহীন সৈন্যদের নিয়ে রাজধানীর দিকে ফিরে যাচ্ছিলেন। তাঁকে প্রচণ্ডভাবে পথে দুর্গম অরণ্যে শক্তিশালী[৬] ব্যাধেরা আক্রমণ করল। তিনি

প্রধান সৈন্যদের নারীদের রক্ষায় নিযুক্ত করে কোনমতে পলায়ন করলেন। তাঁর দুই যমজ পুত্রের ধাত্রী ছিলাম আমি ও আমার কন্যা। কিন্তু দ্রুতগতি রাজাকে অনুসরণে অসমর্থ হয়ে পড়লাম। হঠাৎ দেখি মূর্তিমান্ ক্রোধের মতো ছুটে আসছে এক বিরাট বাঘ—ভয়ে উঁচু পাথরে উঠতে গিয়ে হোঁচট খাওয়ায় শিশুটি আমার হাত থেকে পড়ে গেল নিচে একটি গরুর মৃতদেহের মধ্যে—রাগে বাঘটি যেই সেই দেহটি টানতে গেল তক্ষুণি একটা বাণ এসে তার দেহে বিদ্ধ হলো—সংগে-সংগে পঞ্চত্ব প্রাপ্ত হলো বাঘটি, এগিয়ে এলো তীর নিক্ষেপকারী শবরেরা, শিশুটিকে উদ্ধার করে নিয়ে চলে গেল। আরেক কুমারকে নিয়ে আমার মেয়ে কোথায় গেছে তাও জানি না। আমি মূর্চ্ছিত হয়ে পড়েছিলাম—কোন এক দয়ালু রাখাল নিজের কুটিরে নিয়ে গিয়ে সারিয়ে তুলেছিল আমার ক্ষতস্থানগুলি। সুস্থ হয়ে উঠে বিদেহরাজের কাছে ফিরে যেতে চাইলাম—কিন্তু আমি অসহায়, কন্যারও খোঁজ পাচ্ছি না তাই খুবই ব্যাকুল হয়ে পড়েছি। কিছুক্ষণ পর—আমি একাই প্রভুর কাছে যাই—এই কথা বলে সেই নারী চলে গেল, আমি তখন আপনার মিত্র বিদেহরাজের বিপদে বিষণ্ণ হয়ে তাঁর বংশের অঙ্কুরতুল্য কুমারকে অন্বেষণ করতে-করতে দেবী চণ্ডিকার সুন্দর এক মন্দিরে উপস্থিত হলাম। দেখলাম একদল ব্যাধ একটি শিশুকে ভবিষ্যৎ জয়ের আশায় দেবীর কাছে বলিদানে উদ্যত। একজন বলছে—একে গাছের ডালে ঝুলিয়ে তলোয়ারের আঘাতে কেটে ফেলব। আরেকজন বলছে—বালির গর্তের ভিতর পা ঢুকিয়ে রেখে ধারাল বাণ মেরে শেষ করে ফেলব। আবার অন্যরা বলছে—একে কুকুর দিয়ে খাওয়াব। আমি তাদের কাছে গিয়ে বিনীতভাবে বললাম কিরাত শ্রেষ্ঠগণ, আমি এক বৃদ্ধ ব্রাহ্মণ—এই ঘোর অরণ্যে পথভুলে আমার শিশুপুত্রকে ছায়ায় রেখে পথের অন্বেষণে কিছুদূর গিয়েছিলাম—এখন আর তাকে কোথাও দেখতে পাচ্ছি না। কি করি, কোথায় গেলে তাকে পাই? আপনারা কি তাকে দেখেছেন? তারা বলল—হে ব্রাহ্মণ, একটি বালক এখানে আছে, এই কি আপনার পুত্র? তাহলে একে নিয়ে যান। এই বলে আমার হাতে তাকে অর্পণ করল। তাদের আশীর্বাদ জানিয়ে বালকটিকে গ্রহণ করলাম। শীতল জলসেচন ও শুশ্রূষায় আশ্বস্ত করে আপনার কাছে উপস্থিত করলাম, পিতারূপে আপনি এই আয়ুষ্মান বালককে রক্ষা করুন।' মিত্রের বিবাদজনিত শোকে রাজহংস অভিভূত হয়ে পড়েছিলেন, এখন তাঁর পুত্রের মুখ দেখে কিছুটা আশ্বস্ত হলেন। এর নাম দিলেন উপহারবর্মা। পুত্র রাজবাহনের মতোই তাকে পালন করতে লাগলেন।

এক পুণ্যদিনে রাজা তীর্থস্নানের জন্যে চণ্ডাল-পল্লীর কাছ দিয়ে যাচ্ছিলেন—সেখানে এক রমণীর ক্রোড়ে দেখতে পেলেন অনুপম দেহ এক বালককে। কৌতূহলী হয়ে তাকে জিজ্ঞাসা করলেন—'ভামিনি, এই রাজলক্ষণান্বিত সুদর্শন বালক তোমাদের বংশজাত নয়; এই শিশু কার সন্তান? কি করেই বা তোমার হস্তগত হলো? যথাযথ-ভাবে সব কিছু বল।'

শবরী প্রণাম করে মৃদু হেসে বলল, 'রাজন্, আমাদের পল্লীর কাছে শবরেরা মিথিলাপতির সর্বস্ব অপহরণ করে নিলে আমার স্বামী এই বালককে সরিয়ে এনে আমার হাতে দেয়—আমার কাছেই এ বেড়ে উঠেছে।' তার কথা শুনে রাজা বুঝতে পারলেন ওই বালক মিথিলারাজের দ্বিতীয় পুত্র। ধনদানে শবরীকে সন্তুষ্ট করে রাণীর হাতে পালনের জন্যে বালকটিকে অর্পণ করলেন—নাম দিলেন অপহারবর্মা।

এক সময় বামদেবের শিষ্য সোমদেবশর্মা নামে এক ব্রাহ্মণ একটি বালককে রাজার সামনে এনে বললেন—'মহারাজ, রামতীর্থে স্নান করে ফিরে আসার সময় বনে এক স্ত্রীলোকের কাছে এই উজ্জ্বল দর্শন কুমারকে দেখে সাদরে বললাম—হে বৃদ্ধা, কে তুমি? এই বনের মধ্যে শিশুকে কোলে নিয়ে কষ্ট করে ঘুরে বেড়াচ্ছ কেন? স্ত্রীলোকটি বলল—হে মুনিবর, কালযবনদ্বীপে' কালগুপ্ত নামে এক বণিক বাস করেন। তাঁর কন্যা সুন্দরী সুবৃত্তাকে বিবাহ করেছিলেন মগধরাজের এক মন্ত্রীপুত্র—রত্নোদ্ভব। ইনি বহুগুণের আধার—বাণিজ্য উপলক্ষ্যে ভূমণ্ডল ভ্রমণান্তে এখানে উপস্থিত হয়েছিলেন—শ্বশুর তাঁকে বহু দ্রব্য ও ধন দিয়ে সম্মানিত করেছিলেন। কালক্রমে সেই কোমলাঙ্গী সুবৃত্তা গর্ভবতী হলেন। রত্নোদ্ভব তখন ভ্রাতার সঙ্গে সাক্ষাতের জন্যে শ্বশুরের অনুমতি নিয়ে সুবৃত্তাসহ সমুদ্রপোতে আরোহণ করে পুষ্পপুরের দিকে যাত্রা করলেন। কিন্তু তরঙ্গের আঘাতে সেই পোত সমুদ্রের জলে নিমজ্জিত হলো। ধাত্রী আমি গর্ভবতী সুবৃত্তাকে দু-হাতে নিয়ে একটি ভেসে আসা কাঠের উপর উঠে দৈবক্রমে তীরভূমিতে উপস্থিত হলাম। রত্নোদ্ভব অন্য পরিজনদের সঙ্গে সমুদ্রে নিমগ্ন হয়েছেন বা কোন উপায়ে তীরে উঠেছেন কি-না তা জানি না। এদিকে খুব কষ্ট পেয়ে সুবৃত্তা এই বনের মধ্যে পুত্র প্রসব করেছেন। বেদনায় অচেতন হওয়ায় ছায়া-শীতল বৃক্ষতলে তাঁকে শুইয়ে রেখেছি। কিন্তু এই বিজন বনে থাকা অসম্ভব, তাই লোকালয়ের পথ খুঁজতে গিয়ে ভাবলাম চৈতন্যহীনা জননীর কাছে বালকটিকে ফেলে যাওয়া অনুচিত; অতএব কুমারকেও সঙ্গে নিয়ে এলাম।

হঠাৎ দেখা গেল একটি বন্যহস্তী এগিয়ে আসছে, অমনি সেই স্ত্রীলোক ভয়ে বালকটিকে ফেলে দৌড়ে পালিয়ে গেল। আমি কাছের লতাগুল্মের মধ্যে প্রবেশ করে কী হয় দেখার প্রতীক্ষায় রইলাম। গজরাজ সেই পড়ে থাকা বালকটিকে একগুচ্ছ পল্লবের মতো শুঁড়ে করে তুলে ধরা মাত্র এক সিংহ মহাগর্জনে আক্রমণের ইচ্ছায় ধেয়ে এল—ভীত হস্তী বালকটিকে উপরের দিকে ছুঁড়ে দেওয়ায় সে পড়ে যেতে লাগল—উঁচুডালে বসেছিল এক বানর—পাকাফল ভেবে সে পড়ন্ত শিশুটিকে ধরে ফেলল—কিন্তু পাকা ফল নয় দেখে তাকে দুই ডালের মধ্যে রেখে দিয়ে চলে গেল। দেহ শক্ত হওয়ায় ও আয়ু থাকার ফলে বালকটি রক্ষা পেয়ে গেল। সিংহ হাতিকে মেরে ফেলে চলে যাওয়ার পর আমি লতাকুঞ্জ থেকে বেরিয়ে এলাম। সেই তেজস্বী শিশুকে বৃক্ষ থেকে নামিয়ে দূর বনে সেই ধাত্রীর অনুসন্ধান করলাম, কিন্তু না পেয়ে গুরুর কাছে সব জানালাম। তাঁর আদেশেই আপনার কাছে এনেছি।'

দুর্ভাগ্যবশত বন্ধুদের একই সময়ে বিপদ ঘটেছে জেনে রাজা খুবই আশ্চর্য হয়ে রত্নোদ্ভবের কি হলো—একথা চিন্তা করে খুবই উদ্বেগবোধ করতে লাগলেন—তার পুত্রের নাম দিলেন পুষ্পোদ্ভব—কনিষ্ঠ ভ্রাতার পুত্রকে সুশ্রুতের হাতে সমর্পণ করলেন লালনপালনের জন্যে।

আরেকদিন আরেক বালককে ক্রোড়ে নিয়ে বসুমতী স্বামীর কাছে এলেন। রাজা জিজ্ঞাসা করলেন—'একে কোথায় পেলে?' দেবী বললেন—'গতরাত্রে স্বর্গ-বাসিনী এক ললনা নিদ্রিত আমাকে জাগিয়ে কুমারকে আমার সামনে রেখে বিনীতভাবে বললেন—দেবি. আপনার মন্ত্রী ধর্মপালের পুত্র কামপালের পত্নী আমি। নাম তারাবলী, যক্ষ মণিভদ্রের কন্যা। আমার এই পুত্রকে যক্ষরাজ কুবেরের অনুমতি অনুসারে

সমুদ্রবেষ্টিত পৃথিবীর ভাবী অধিশ্বর আপনার মহাযশস্বী পুত্র রাজবাহনের পরিচর্যার জন্যে এনেছি। আপনি এই কামদেবতুল্য রূপবান বালককে প্রতিপালন করুন।—একথা শুনে আমি খুবই বিস্মিত হলাম। স্বাগত ভাষণের পর সবিস্ময়ে তাঁকে সম্মানিত করলে সেই সুনয়না যক্ষিণী অন্তর্হিত হলো।'

কামপালের সংগে যক্ষকন্যার মিলনের কথা জেনে রাজাও খুব আশ্চর্য হয়ে গেলেন। তার আত্মীয় সুমিত্রকে ডেকে সব বৃত্তান্ত জানিয়ে ভ্রাতুষ্পুত্রের দায়িত্ব তার হাতেই অর্পণ করলেন—এই পুত্রের নাম হলো 'অর্থপাল'।

পরদিন কামদেবের আশ্রমবাসী এক ব্রাহ্মণ-শিষ্য এক কুসুমসুকুমার বালককে নরপতির কাছে এনে দিলেন। এই কুমার যেন দেবার্চনার লব্ধ ফল রূপে যেন কামদেবকেও পরাজিত করেছে। ব্রাহ্মণ বললেন, 'দেব আমি তীর্থযাত্রা কালে কাবেরী নদী তীরে এসে দেখলাম এক বৃদ্ধা নারী কুঞ্চিত কেশ, এক বালককে কোলে করে কাঁদছে। বললাম—হে বৃদ্ধে তুমি কে? এই শিশুটি কার সন্তান কেন এই অরণ্যে এসেছ? তোমার দুঃখেরই বা কারণ কি?" সে দুহাতে অশ্রু মুছে আমার দিকে দৃষ্টিপাত করল এই ভেবে যে আমি হয়তো তার শোকের কারণ দূর করতে পারি। তারপর বলল—হে দ্বিজশ্রেষ্ঠ মহারাজ রাজহংসের মন্ত্রী মিতবর্মার কনিষ্ঠ পুত্র সত্যবর্মা তীর্থযাত্রার ইচ্ছায় এই স্থানে এসেছিলেন; তিনি প্রথমে কালী নামে এক ব্রাহ্মণ কন্যাকে বিবাহ করেন; তিনি নিঃসন্তান হওয়ায় তারই গৌরবর্ণা ভগিনী গৌরীকে বিবাহ করার পর তার গর্ভে এক পুত্র লাভ করেন, কালী ঈর্যান্বিত হয়ে একদিন এই শিশুটিকে কোনছলে নদীতে ফেলে দিল আমি তাড়াতাড়ি এসে এক হাতে ছেলেটিকে তুলে ধরে অন্য হাতে সাঁতার দিতে লাগলাম। স্রোতে ভেসে আসা একটি গাছের ডাল দেখতে পেয়ে তার উপর শিশুটিকে রেখে নিজে খরস্রোতে ভাসতে লাগলাম কিন্তু সেই শাখায় লগ্ন কালসর্প যখন আমাকে দংশন করেছে এমন সময় অবলম্বন শাখাটি এই তীরে এসে লেগেছে কিন্তু বিষের তাড়নায় আমি মারা গেলে অরণ্যে এই শিশুটির কোন আশ্রয় থাকবে না। এই ভেবেই কাঁদছি। তারপর দারুণ বিষের তীব্র যাতনায় অঙ্গ অবশ হওয়ায় সে ভূতলে পড়ে গেল। আমি দয়ার্দ্র চিত্তে মন্ত্রবলে তার বিষের যাতনা দূর করতে চেষ্টা করলাম কিন্তু না পেরে কাছের লতাকুঞ্জে গেলাম বিশেষ ওষধি খুঁজে বার করার জন্যে। ফিরে এসে দেখলাম তার মৃত্যু ঘটেছে। তখন মৃতদেহের অগ্নি সংস্কার করে শোকাকুল চিত্তে নিরাশ্রয় বালকটিকে নিয়ে এলাম কিন্তু সত্যবর্মার পত্নির গ্রামের নাম না শোনায় তা খুঁজে পাওয়া অসম্ভব বুঝতে পেরে আপনার কাছেই আনলাম, ভাবলাম আপনার মন্ত্রীর পুত্রকে আপনিই পালন করবেন।' রাজাও তার নিবাস সম্বন্ধে অনিশ্চিত ছিলেন অতএব দুঃখিত অন্তরে মন্ত্রী সুমতিকে ডেকে তার কনিষ্ঠ ভ্রাতার পুত্রকে তার হাতে সমর্পণ করলেন, এই শিশুর নাম হলো 'সোমদত্ত'। সুমতিও ভ্রাতার কথা ভেবে তাকে বিশেষভাবে পালন করতে লাগল।

এইভাবে রাজবাহন সমস্ত কুমারদের সঙ্গে কখন হস্তীতে আরোহণ কখন অশ্বে আরোহণ ইত্যাদি বাল্যখেলায় কালযাপন করতেন পরে তাঁদের চূড়াকরণ উপনয়ন ইত্যাদি সংস্কার সম্পন্ন হয়েছিল।

ক্রমে কুমারেরা শিক্ষকের কাছে বহুরকমের লিপিজ্ঞান, বিভিন্ন ভাষা, ষড়ঙ্গবেদ, কাব্যনাটক আখ্যায়িকা ইতিহাস উপাখ্যান পুরাণ প্রভৃতি বিষয়ে স্মৃতি-শব্দ-জ্যোতিষ-

তর্কবিদ্যা-মীমাংসা ইত্যাদি জ্ঞানের নানা শাখায় শিক্ষিত হলেন। কৌটিল্য কামন্দকীয় প্রমুখ নীতিশাস্ত্রে অভিজ্ঞতা লাভ করলেন, বীণা ও অন্যান্য বাদ্যযন্ত্রে, সংগীত ও সাহিত্যে, মণিমন্ত্রৌষধির দ্বারা মায়া বিস্তারে কুশলতা অর্জন করলেন। হস্তী অশ্ব ইত্যাদি বাহনে আরোহণ পটুত্ব, নানা অস্ত্র প্রয়োগে চাতুর্য, চৌর্যবিদ্যা পাশাখেলা ইত্যাদি প্রতারণা ব্যাপারে বিচক্ষণতা অর্জন করলেন।[৮] এইভাবে সর্ববিদ্যায় পারদর্শী, যৌবনদীপ্ত, কর্তব্যে নিরলস কুমারদের দেখে রাজা রাজহংস আনন্দের সংগে ভাবলেন—'আমি শত্রুদের কাছে অজেয় হলাম।'

॥ শ্রীদণ্ডী বিরচিত দশকুমারচরিতে 'কুমারোৎপত্তি' নামে প্রথম উচ্ছ্বাস সমাপ্ত ॥

× × × × × × × × × × × × × দ্বিতীয় উচ্ছ্বাস × × × × × × × × × × × × ×

একদিন মহারাজ রাজহংস বসে আছেন, তাঁর চারদিকে রয়েছেন, সহোদরের মতো কুমারেরা। সকলেই কামদেবতুল্য সুন্দর, কার্তিকেয়ের চেয়েও সাহসী, সুকুমার, করতলে ধ্বজ-ছত্র-বজ্রের চিহ্ন অঙ্কিত। এমন সময় ঋষি বামদেব সেখানে উপস্থিত হলেন। অবনতশিরে রাজা তাঁকে পরিচর্যা করার পর ভাবী শত্রুজয়ী রাজবাহন ও অন্য কুমারেরা মহর্ষিকে প্রণামের সময় তাদের কেশরাজি ঋষির চরণ-স্পর্শ করল। মহর্ষি গাঢ় আলিঙ্গনের পর সংক্ষিপ্ত অথচ সত্য বাক্যে তাদের আশীর্বাদ জানিয়ে বললেন, 'মহারাজ, আপনার পুত্র আপনার আকাঙ্ক্ষিত ফলস্বরূপ পরম সৌন্দর্যময় তারুণ্য লাভ করেছে, মিত্রদেরও প্রীতিভাজন হয়েছে। সহচরদের সংগে দিগ্বিজয়ের এখনই যথার্থ সময়। এখন সে কষ্টসহিষ্ণুও হয়েছে, সুতরাং রাজবাহনের দিগ্বিজয় যাত্রার ব্যবস্থা করুন।'

রামচন্দ্রের মতো অস্ত্রনিপুণ, ক্রোধে শত্রুজয়ী, বায়ুর চেয়েও বেগবান, রাজহংসের মনে আবার দেখা দিল উন্নতির আশা। অপহারবর্মা ও অন্য কুমারদের রাজবাহনের সহচর নিযুক্ত করে, কর্তব্য সম্বন্ধে নির্দেশ দিয়ে শুভ মুহূর্তে সদলবলে কুমারদের দিগ্বিজয়ের জন্যে বিদায় দিলেন।

রাজবাহন শুভ লক্ষণ দেখে অগ্রসর হলেন। কিছুদূর যাওয়ার পর তাঁরা বিন্ধ্যারণ্যে এমন এক ব্যক্তির দেখা পেলেন যার লোহকঠিন শরীরে বহু অস্ত্রাঘাতের চিহ্ন। ব্রাহ্মণোপযোগী যজ্ঞোপবীত থাকলেও দেহে অস্ত্রের চিহ্ন থাকায় ব্যাধ বলে মনে হতে পারে। সে এসে রাজবাহনকে উপযুক্ত সম্মান প্রদর্শন করলে রাজবাহন প্রশ্ন করলেন, 'মহাশয়, এই হিংস্র প্রাণী সঙ্কুল বিন্ধ্যপর্বতের ভীষণ অরণ্যে আপনি একা কিজন্যে আছেন? আপনার স্কন্ধলগ্ন উপবীত আপনাকে ব্রাহ্মণ রূপে চিহ্নিত করলেও দেহের অস্ত্রচিহ্ন থেকে কিরাত বলে মনে হচ্ছে। ব্যাপার কি বলুন তো?

সে ব্যক্তি ভাবল—এই তেজস্বী ব্যক্তি নিশ্চয় সাধারণ মানুষ নন। তারপর তাঁর এক বয়স্যের কাছ থেকে নাম ও বংশ পরিচয় জেনে তাঁকে নিজের বৃত্তান্ত বলতে লাগল—'এই অরণ্যে নিকৃষ্ট ধরনের কিছু ব্রাহ্মণ বাস করে, তারা বেদপাঠ পরিত্যাগ করেছে, কুলাচার, সত্য ও শৌচাদি ধর্মকর্ম বাদ দিয়ে ম্লেচ্ছদের সংস্পর্শে পাপে লিপ্ত

হয়ে তাদেরই অন্ন গ্রহণ করে ; নিন্দনীয় চরিত্র এই রকম এক ব্যক্তিরই সন্তান আমি, নাম মাতঙ্গ। কিরাতদের সংগে লোকালয়ে প্রবেশ করে গ্রামের ধনীদের স্ত্রী-পুত্রসহ এই বনে এনে বেঁধে রেখে তাদের সর্বস্ব অপহরণ করতাম নিষ্ঠুরভাবে। তারপর উদ্ধত হয়ে ঘুরে বেড়াতাম।

একদিন সহচরেরা এক ব্রাহ্মণকে হত্যা করতে উদ্যত হলে আমার খুবই দয়া হলো। তাদের বললাম, 'ওরে পাপিষ্ঠেরা, ব্রাহ্মণকে মারিস না।' তারা চক্ষু রক্তবর্ণ করে আমাকে নানাভাবে তিরস্কার করল। তাদের কথা সহ্য করতে না পেরে ব্রাহ্মণের জীবন রক্ষার জন্যে অনেকক্ষণ যুদ্ধ করলাম, কিন্তু তাদের মিলিত আঘাতে মৃত্যুমুখে পতিত হলাম।

আমাকে যমপুরীতে আনা হলো—দেখলাম দেহধারী পুরুষবেষ্টিত সভার মধ্যে রত্নসিংহাসনে আসীন যমরাজ, তাঁকে প্রণাম করলাম। তিনি আমাকে দেখে চিত্রগুপ্তকে ডেকে বললেন, 'মন্ত্রী, এই ব্যক্তির মৃত্যুর সময় হয় নি, মন্দচরিত্রের হলেও এ-ব্রাহ্মণের জীবন রক্ষার জন্যে প্রাণত্যাগ করেছে। এখন থেকে এর পাপ দূর হয়ে গেল, এবার ধর্মে মতি হবে। এখানে পাপিষ্ঠেরা যে দারুণ যন্ত্রণা ভোগ করে তা দেখে এই ব্যক্তি আবার পূর্বদেহ লাভ করুক।'

চিত্রগুপ্ত[১] আমাকে নরকের দৃশ্যগুলি দেখিয়ে পুণ্যের উপদেশ দিয়ে বিদায় দিলেন। দেখলাম—নরকে পাপীদের উত্তপ্ত লৌহস্তম্ভে বাঁধা হচ্ছে, ফুটন্ত তেলের কড়ায় ফেলে দেওয়া হচ্ছে, লগুড়ের আঘাতে শরীর চূর্ণ করা হচ্ছে—ধারাল শাবল দিয়ে দেহের মাংস কেটে ফেলা হচ্ছে—এই রকম আরও অনেক শাস্তি!

আমি ফিরে এসে পূর্বদেহ প্রাপ্ত হলাম। জ্ঞান হলে দেখলাম সেই অরণ্যেই আছি, যে-ব্রাহ্মণকে রক্ষার জন্যে প্রাণ দিয়েছিলাম, তিনি আমাকে শিলাতলে শুইয়ে জলসেচন ও শুশ্রূষার পর পরীক্ষা করছেন দেহে প্রাণ আছে কি-না। জীবিত আছি জেনে আমার আত্মীয়েরা এসে গৃহে নিয়ে গেল, ক্ষতস্থানগুলিতে ঔষধ দিয়ে আমাকে সুস্থ করে তুলল।

সেই কৃতজ্ঞ ব্রাহ্মণ আমার অক্ষর পরিচয় করালেন, নানা শাস্ত্র পড়িয়ে পাপনাশের হেতু সদাচার বিষয়ে উপদেশ দিলেন, জ্ঞান চক্ষুতে যাঁকে উপলব্ধি করা যায়, সেই চন্দ্রচূড় মহাদেবের পূজার বিধান শিখিয়ে আমার বন্দনা গ্রহণ করে বিদায় নিলেন।

আমি তখন থেকে কিরাতদের সংগ ত্যাগ করে ভগবান মহাদেবের ধ্যানে পবিত্রভাবে এই অরণ্যে বাস করছি।

রাজপুত্র, আপনাকে বলার কিছু গোপন বিষয় আছে, এইদিকে আসুন।'

বয়স্যদের কাছ থেকে রাজবাহনকে দূরে নিয়ে গিয়ে সে গোপনে বলতে লাগল— 'রাজপুত্র, গতরাত্রি শেষে প্রসন্নকান্তি মহাদেব স্বপ্নে দেখা দিয়ে বলেছেন—মাতঙ্গ, দণ্ডকারণ্যের[৩] মধ্যে প্রবাহিত নদীর তীরে একটি স্ফটিকময় শিবলিঙ্গ আছে। সিদ্ধ প্রমুখ দেবযোনিরা এঁর আরাধনা করেন। এই লিঙ্গের পশ্চাতে আছে ব্রহ্মার মুখবিবরের তুল্য এক গর্ত ; কাছেই আছে পার্বতীর পদচিহ্ন-লাঞ্ছিত এক পাথর। সেই গর্তে প্রবেশ করলে বিধাতার আদেশের মতো অব্যর্থ এক তাম্রশাসন[৪] দেখতে পাবে, তাতে লিখিত উপায় অবলম্বন করলে তুমি পাতালের অধীশ্বর হবে। আজ বা কাল এখানে এক রাজপুত্র আসবেন, তিনিই তোমাকে সাহায্য করবেন।'

দেবতার আদেশ অনুসারে আপনার আগমন ঘটেছে অতএব পাতালের আধিপত্যের জন্যে আমি আপনার সাহায্যপ্রার্থী। রাজবাহন প্রতিশ্রুতি দিলেন। মাতঙ্গ প্রণাম করে চলে গেল। তারপর রাত্রির দ্বিতীয় প্রহরে রাজবাহন নিদ্রিত বন্ধুদের পরিত্যাগ করে মাতঙ্গের সঙ্গে বনান্তরে চলে গেলেন।

প্রভাতে সহচরেরা রাজকুমারকে না দেখে বিষন্ন মনে সমস্ত বনাঞ্চলে তাকে অন্বেষণ করে ব্যর্থ হলো। এবার তার সন্ধানে বিভিন্ন দেশে যাত্রা করার সিদ্ধান্ত গ্রহণ করল। একটি মিলনস্থান নির্দিষ্ট করে তারা পরস্পরের কাছে বিদায় নিয়ে বিভিন্ন দিকে চলে গেল।

পৃথিবীর অদ্বিতীয় বীর রাজবাহনের দ্বারা রক্ষিত হয়ে মাতঙ্গ হৃষ্টমনে মহাদেব কথিত চিহ্ন দেখে নির্ভয়ে মর্তে এসে প্রবেশ করল। তাম্রশাসনটি নিয়ে সেই পথে পাতালে এসে এক নগরের ক্রীড়া-কাননে পদ্মসরোবরের তীরে উপস্থিত হলো। দেবতার আদেশমত ঘৃত দ্বারা হোম করার পর সেই প্রজ্বলিত হোমাগ্নিতে মন্ত্রোচ্চারণের সঙ্গে নিজের শরীর আহুতি দিয়ে মাতঙ্গ লাভ করল বিদ্যুতের মতো উজ্জ্বল কান্তিময় দেহ।

তখন রত্নালঙ্কারে ভুষিত এক নারীরত্ন সখিদের সঙ্গে বিনীতভাবে এগিয়ে এলেন— ব্রাহ্মণশ্রেষ্ঠ মাতঙ্গকে উপহার দিলেন একটি উজ্জ্বল রত্ন।

মাতঙ্গ জিজ্ঞাসা করল, 'আপনি কে?' কলস্বরে উত্তর দিলেন সেই রমণী, 'দ্বিজোত্তম, আমি অসুররাজের কন্যা, নাম কালিন্দী। আমার পিতা এই পাতালের অধীশ্বর ছিলেন। যুদ্ধে তিনি দেবতাদের পরাজিত করায় বিষ্ণু তাঁর পরাক্রম সহ্য করতে না পেরে তাঁকে নিহত করেন। আমাকে শোকে অভিভূত দেখে এক করুণাময় সিদ্ধ তাপস বলেছিলেন, 'দুঃখ কোরো না, এক দিব্য দেহধারী মানব তোমার স্বামীরূপে সমগ্র পাতালরাজ্য পালন করবে।' তাঁর আদেশের পর চাতকী যেমন মেঘের শব্দে বর্ষার জন্যে উন্মুখ হয়ে থাকে, আমিও তেমনিভাবে আপনার প্রতীক্ষায় আছি। আপনার আগমনের কথা জেনে অমাত্যদের অনুমতি নিয়ে অনুরক্ত চিত্তে আপনার কাছে এসেছি। এই রাজ্যের রাজলক্ষ্মীকে বরণ করে আমাকে তাঁর সপত্নীরূপে গ্রহণ করুন।'

মাতঙ্গ ও রাজবাহনের অনুমতি নিয়ে সেই তরুণীকে বিবাহ করল। নারীরত্ন লাভের জন্যে সন্তুষ্ট চিত্তে সমগ্র রসাতলের অধীশ্বর রূপে আনন্দে বাস করতে লাগল। এখন রাজবাহন পৃথিবীতে ফিরে আসার ইচ্ছা প্রকাশ করলেন, কারণ বয়স্যদের অজ্ঞাতে তিনি মাতঙ্গের সঙ্গে চলে এসেছিলেন। কালিন্দীপ্রদত্ত ক্ষুৎপিপাসাহারী মণিটি মাতঙ্গ রাজবাহনকে সাহায্যের জন্যে সন্তুষ্ট হয়ে উপহার দিল। কিছু পথ তাঁর সঙ্গে আসার পর মাতঙ্গকে বিদায় দিয়ে রাজবাহন সেই গর্তমুখ দিয়ে বেরিয়ে এলেন।

কিন্তু ফিরে এসে সেখানে আর বন্ধুদের দেখতে পেলেন না, ফলে সারা পৃথিবী ভ্রমণ করতে লাগলেন; অবশেষে উপস্থিত হলেন এক জনপদের প্রান্তবর্তী এক উদ্যানে। সেখানে বিশ্রামের ইচ্ছায় অপেক্ষা করতে গিয়ে দেখলেন—একজন এক রমণীর সঙ্গে দোলায়[৫] চড়ে এসেছে—সঙ্গে পরিজনেরা আছে। হঠাৎ তাঁকে দেখে সেই ব্যক্তি আনন্দের সঙ্গে বলে উঠল, 'এইতো আমাদের প্রভু রাজবাহন; যিনি নির্মল যশের আধার, চন্দ্রবংশের অলংকার! সৌভাগ্যবশে এঁর দেখা পেয়ে আজ আমার দৃষ্টি উৎসবের আনন্দ লাভ করল।' এই বলে তাড়াতাড়ি দোলা থেকে নেমে রাজবাহনের দিকে অগ্রসর

হলেন, রাজবাহনও এগিয়ে এসেছিলেন। তার মাথার পুষ্পমাল্য রাজবাহনের চরণ স্পর্শ করল। আনন্দাশ্রুপূর্ণ রাজবাহনও পুলকিত দেহে তাঁকে গাঢ় আলিঙ্গন করে বললেন, 'আরে, এ যে সোমদত্ত !'

তাঁরা এক নাগেকেশরের ছায়ায় এসে বসলেন। রাজবাহন সস্নেহে বললেন, 'সখা, এতদিন কোথায় কিভাবে ছিলে ? এখন কোথায় যাচ্ছ ? এই তরুণীই বা কে ? কি করে এইসব পরিচারক সংগ্রহ করলে ?' সোমদত্ত এখন নিশ্চিন্ত হয়ে করজোড়ে নিজের কাহিনী বিবৃত করতে লাগল।

॥ শ্রীদণ্ডী-বিরচিত দশকুমারচরিতে 'দ্বিজোপকৃতি' নামে দ্বিতীয় উচ্ছ্বাস সমাপ্ত ॥

× × × × × × × × × × × × তৃতীয় উচ্ছ্বাস × × × × × × × × × × × ×

দেব, আপনার চরণসেবার অভিলাষে ভ্রমণ করতে-করতে উপস্থিত হলাম এক বনভূমিতে, পিপাসার্ত হওয়ায় লতা-পরিবৃত নদের শীতল জল পান করতে গিয়ে তাঁর ভিতরে দেখতে পেলাম এক উজ্জ্বল রত্ন। সেই রত্নটি নিয়ে কিছুদূর যাওয়ার পর সূর্যের খর-তাপে আর অগ্রসর হতে অক্ষম হয়ে পড়লাম। তখন ঐ বনেই এক দেবালয়ে প্রবেশ করে দেখলাম মলিন বদন বৃদ্ধ এক ব্রাহ্মণকে, সঙ্গে তাঁর বহু সন্তান। দয়াপরবশ হয়ে তাঁকে কুশল প্রশ্ন করলাম।

আশান্বিত হয়ে সেই দারিদ্র্যে মলিনমুখ ব্রাহ্মণ বললেন, 'মহাশয়, এই মাতৃহীন সন্তানদের নানাভাবে রক্ষা করে এখন এই কুস্থানে এসে পেঁছেছি। ভিক্ষালব্ধ অন্ন-মাত্র এদের দিয়ে এই শিবমন্দিরে বাস করছি।' আমি তাঁকে জিজ্ঞাসা করলাম, 'ব্রাহ্মণ, (নিকটে অবস্থিত) এই সৈন্য শিবিরের অধিপতি কোন দেশের রাজা ? তাঁর নাম কি ? এখানে এঁর আসার কারণই বা কি ?'

ব্রাহ্মণ বললেন, 'ইনি লাটদেশের' রাজা, নাম মত্তকাল। এই দেশের রাজা বীরকেতুর কন্যা বামলোচনা তরুণীরত্নস্বরূপা। তাঁর রূপ লাবণ্যের খ্যাতি শুনে মত্তকাল তাঁকে বিবাহের ইচ্ছা প্রকাশ করেন। কিন্তু বীরকেতু এই প্রার্থনা অগ্রাহ্য করায় মত্তকাল রাজধানী পাটলী নগরী অবরোধ করেন। ভীত বীরকেতু উপঢৌকন রূপে কন্যাকে মত্তকালের কাছে সমর্পণ করেন। ঐ তরুণীকে লাভ করে আনন্দিত চিত্তে লাটপতি নিজ রাজধানীতে গিয়ে এঁকে বিবাহ করবেন স্থির করলেন। দেশের দিকে যাত্রা করে এখন মৃগয়ার প্রতি আগ্রহী হয়ে এই বনে সৈন্যশিবির স্থাপন করেছেন।

কন্যার সহচর রূপে প্রেরিত মানগর্বী মন্ত্রী মানপালও চতুরঙ্গ বাহিনীসহ অন্যত্র শিবির রচনা করেছিলেন। নিজপ্রভুর অবমাননায় ক্লিষ্টমনে মত্তকালের সৈন্যদের মধ্যে ভেদনীতি প্রয়োগ করলেন।'

এই ব্রাহ্মণ বহু সন্তানের জনক, বিদ্বান ও বৃদ্ধ, অতএব দানযোগ্য এই ভেবে করুণার্দ্রচিত্তে তাকে রত্নটি দান করলাম। পরম আহ্লাদে তাঁর মুখ উদ্ভাসিত হয়ে উঠল। অনেক আশীর্বাদ করে তিনি চলে গেলেন। পথশ্রমে ক্লান্ত হওয়ায় আমিও সেখানে নিদ্রায় অভিভূত হয়ে পড়লাম।

তারপর হঠাৎ জেগে উঠে দেখলাম, পিছমোড়া করে বাঁধা অবস্থায় সেই ব্রাহ্মণ এগিয়ে

আসছে সঙ্গে বহু খড়্গধারী পুরুষ, ব্রাহ্মণের দেহে কশাঘাতের চিহ্ন। আমাকে দেখিয়ে বললেন—'এই সেই দস্যু'।[২] রাজভৃত্যরা তখন ব্রাহ্মণকে ছেড়ে আমাকে রজ্জু দিয়ে দৃঢ় ভাবে বেঁধে কারাগারে নিয়ে এল—'এরাই তোমার বন্ধু' এই বলে সেখানে কয়েকজন শৃঙ্খলাবদ্ধ পুরুষের সঙ্গে আমাকেও শৃঙ্খলিত করে রেখে দিল।

কিংকর্তব্যবিমূঢ় আমি নিরাশ হয়ে ক্লিষ্ট মনে বললাম, 'হে বীর্যবান পুরুষেরা, কিজন্যে আপনারা দুঃসহ কারাবাসের দুঃখ ভোগ করছেন? কেনই বা আপনাদের আমার বন্ধু হিসাবে নির্দিষ্ট করা হলো?' আমাকে সেই অবস্থায় দেখে ব্রাহ্মণের কাছ থেকে লাটপতির যে-বৃত্তান্ত আমি শুনেছিলাম তা বিবৃত করে চোরবীরেরা বলল, 'মহাশয়, আমরা বীরকেতুর মন্ত্রী মানপালের ভৃত্য। তাঁর আজ্ঞায় লাটপতিকে হত্যা করার জন্যে রাত্রে সুড়ঙ্গপথে কক্ষে প্রবেশ করলাম। রাজাকে দেখতে না পেয়ে বিষণ্ণচিত্তে বহু ধন অপহরণ করে মহারণ্যে প্রবেশ করলাম।

পরদিন রাজার অনুচরেরা আমাদের খুঁজে পেয়ে সকলকে ঘিরে ফেলে শক্ত করে বেঁধে ফেলল; তারপর রাজার কাছে এনে সমস্ত হৃতধন উদ্ধারের সময় বহুমূল্য একটি রত্ন না পাওয়ায় সেই রত্নটি গ্রহণের জন্যে ও হত্যা করার জন্যে আমাদের শৃঙ্খলিত করা হয়েছে।' সেই রত্নটির বিষয় ও প্রাপ্তিস্থানের কথা শুনে বুঝতে পারলাম যে ওইটি সেই ব্রাহ্মণকে প্রদত্ত রত্ন। তখন ব্রাহ্মণকে দানের জন্য আমার দুরবস্থার কথা, নিজের নাম ও পরিচয়, আপনার অন্বেষণের জন্যে, ভ্রমরের কথা প্রকাশ করে সময়োচিত আলাপে তাদের সঙ্গে মৈত্রী স্থাপন করলাম।

তারপর অর্ধরাত্রে তাদের ও আমার বন্ধন ছিন্ন করে ফেললাম। তাদের সঙ্গে নিয়ে নিদ্রিত দ্বার-রক্ষীদের অস্ত্র সংগ্রহ করে সামনে আগত পুরোরক্ষকদের বিক্রমে অভিভূত করে মানপালের শিবিরে প্রবেশ করলাম।

মানপাল নিজের ভৃত্যদের কাছ থেকে আমার বংশ পরিচয় ও পরাক্রমের কথা শুনে আমাকে সম্মান প্রদর্শন করলেন। পরদিন মত্তকালের প্রেরিত কয়েকজন পুরুষ মানপালের কাছে এসে রূঢ় বাক্যে বলেছিল, 'মন্ত্রী, আমাদের রাজপ্রাসাদে সুড়ঙ্গ পথে এসে এই চোরেরা বহু ধন অপহরণ করে আপনার শিবিরে প্রবেশ করেছে তাদের সমর্পণ করুন নতুবা ভীষণ অনর্থের আশঙ্কা।' সেই কথা শুনে রোষে আরক্ত চক্ষু মন্ত্রী এই বলে ভৎর্সনা করলেন—'লাটপতি কে?' তার সঙ্গে বন্ধুত্বই বা কিসের? এই ক্ষুদ্র ব্যক্তির সেবা করে কিই বা লাভ হবে?" তারা মানপালের সেই বিরুদ্ধ ভাষণ মত্তকালকে সেইভাবে জানিয়ে দিল। ক্রুদ্ধ বলদর্পিত লাটপতি অল্পসংখ্যক সৈন্য নিয়ে যুদ্ধে অবতীর্ণ হলেন। মানী মানপাল যুদ্ধ করাই স্থির করেছিলেন, তাই সুসজ্জিত বাহিনী সহ যুদ্ধের ইচ্ছায় নিঃশঙ্কভাবে যাত্রা করলেন। আমিও সেই মন্ত্রী মানপালকে অনুসরণ করলাম। সঙ্গে বহু অশ্বযুক্ত ও দক্ষ সারথি সমন্বিত রথ, দৃঢ় কবচ, আমার উপযুক্ত ধনু, বিবিধ বাণপূর্ণ দুটি তূণীর এবং যুদ্ধের উপযোগী আরও অস্ত্রশস্ত্র। এইভাবে যুদ্ধ সজ্জায় সজ্জিত হয়ে নিজ শক্তিতে বিশ্বাসহেতু শত্রু-জয়াভিলাষী সেই মন্ত্রীকে অনুসরণ করেছিলাম।

পরস্পর শত্রুতাহেতু তুমুল যুদ্ধ শুরু হলো। দুই পক্ষের সৈন্যদের অতিক্রম করে, বাহুবল গর্বে উদ্দীপিত হয়ে শত্রুদের অঙ্গে বাণ নিক্ষেপ করে প্রহার করতে লাগলাম। তারপর অতি বেগবান অশ্ব-বিশিষ্ট আমার রথ কাছে নিয়ে গিয়ে ঝাঁপিয়ে পড়লাম

শত্রুর রথে, ও তার শিরশ্ছেদ করলাম। মত্তকালের পতনের পর অবশিষ্ট সৈন্যরা পলায়ন করতে লাগল। তখন মন্ত্রী মানপাল শত্রুদের হস্তী, অস্ত্র ও নানাবিধ দ্রব্য গ্রহণ করে পরমানন্দে আমাকে নানারূপে সম্মানিত করলেন। রাজা বীরকেতু মানপালের প্রেরিত অনুচরদের কাছ থেকে সব বৃত্তান্ত শুনে অত্যন্ত সন্তুষ্ট হলেন। আমার পরাক্রমে বিস্মিত হয়ে মন্ত্রী ও বন্ধুদের অনুমতি অনুসারে শুভদিনে নিজ কন্যাকে আমার হস্তে প্রদান করলেন।

যৌবরাজ্যে আমার অভিষেক হলো! রাজার মন সন্তুষ্ট রেখে রামলোচনা রাজকন্যার সঙ্গে নানাবিধ সুখ অনুভব করলেও আপনার বিরহ বেদনায় কাতর চিত্তে দিন কাটাতে লাগলাম। কোন সিদ্ধ পুরুষের আদেশানুসারে বন্ধুর দর্শনলাভের আশায় মহাকাল মন্দির-নিবাসী মহাদেবের আরাধনার উদ্দেশ্যে আজ পত্নীসহ এখানে উপস্থিত হয়েছি। ভক্তবৎসল গৌরীপতির করুণায় আপনার চরণকমল দর্শনের আনন্দ লাভ করলাম।'

এই কাহিনী শুনে রাজবাহন সোমদত্তের বীরত্বের প্রশংসা করলেন, নিরপরাধ হওয়া সত্ত্বেও কারাদণ্ড ভোগ করার জন্য অদৃষ্টকে দায়ী করে ক্রমশঃ নিজের কথা বলার উপক্রম করলেন। এই সময়েই সামনে দেখতে পেলেন পুষ্পোদ্ভবকে। পুষ্পোদ্ভব সসম্ভ্রমে নিজ ললাটে রাজবাহনের চরণাঙ্গুলি স্পর্শ করিয়ে করজোড়ে দাঁড়িয়ে রইলেন। রাজবাহন তাঁকে গভীর আলিঙ্গন করলেন। আনন্দাশ্রুতে তাঁর চক্ষু বিকশিত হয়ে উঠল, তিনি বললেন—'সৌম্য সোমদত্ত, এই সেই পুষ্পোদ্ভব।'

এই বলে পুষ্পোদ্ভবের দিকে দৃষ্টি আকর্ষণ করলেন। এতদিনের বিরহ-দুঃখ ভুলে তাঁরাও পরস্পরের আলিঙ্গন সুখ অনুভব করলেন। তারপর সেই বৃক্ষের ছায়ায় উপবেশন করে রাজবাহন সহাস্যে বললেন, 'বন্ধু, তোমরা জেগে উঠে আমার কাজে বাধা দিতে পার এই ভেবে নিদ্রিত অবস্থায় তোমাদের পরিত্যাগ করে ব্রাহ্মণের কার্য সম্পাদনের ইচ্ছায় প্রস্থান করেছিলাম। তারপর মিত্ররা সব জাগরিত হয়ে কি স্থির করে আমার অন্বেষণের জন্য কোথায় যাত্রা করেছিল, তুমিই বা একাকী কোথায় গিয়েছিলে?' তখন পুষ্পোদ্ভব ললাটে অঞ্জলি স্পর্শ করে সবিনয়ে বলতে লাগলেন।

॥ শ্রীদণ্ডী বিরচিত দশকুমারচরিতে 'সোমদত্তচরিত' নামক তৃতীয় উচ্ছ্বাস সমাপ্ত ॥

× × × × × × × × × × × × চতুর্থ উচ্ছ্বাস × × × × × × × × × × × ×

দেব, ব্রাহ্মণের উপকারের জন্যেই আপনি গেছেন, এ-সম্বন্ধে নিশ্চিত হওয়া সত্ত্বেও আপনার গন্তব্য স্থান নির্ণয় করতে পারল না; তখন বয়স্যারা পরস্পর বিদায় নিয়ে আপনার অন্বেষণের উদ্দেশ্যে বিভিন্ন দিকে যাত্রা করল। আমিও আপনার জন্যে পৃথিবী পর্যটন করতে লাগলাম। একসময় মধ্যাহ্নসূর্যের প্রখর তাপ সহ্য করতে অসমর্থ হয়ে এক পর্বতের কাছে বৃক্ষের ছায়া শীতল তলদেশে কিছুক্ষণ বসে রইলাম।

হঠাৎ সামনে দেখলাম কচ্ছপাকৃতি' এক মানুষের ছায়া—সূর্য আকাশের মধ্যস্থানে থাকায় ছায়াটি খুবই সঙ্কুচিত দেখাচ্ছিল। উপর দিকে দৃষ্টিপাত করে দেখতে পেলাম এক ব্যক্তি মহাবেগে আকাশ থেকে পড়ে যাচ্ছে। দয়ার্দ্র চিত্তে তাকে ধরে ফেল্লাম ভূতলে পড়ার কিছু আগেই। ধীরে-ধীরে তাকে শুইয়ে দিলাম। খুব উঁচু থেকে পড়ার ফলে

তার সংজ্ঞা লোপ পেয়েছিল। জলসেক ও অন্যান্য শীতল প্রক্রিয়াতে জ্ঞান ফিরিয়ে আনলাম। অতিদুঃখে তার দৃষ্টি বাষ্পাকুল হয়ে উঠল। আমি তাকে পতনের কারণ জিজ্ঞাসা করলাম। সে অশ্রু মুছে বলল, 'সৌম্য, আমি মগধরাজের অমাত্য পদ্মোদ্ভবের পুত্র রত্নোদ্ভব। বাণিজ্যের জন্যে কালযবন দ্বীপে উপস্থিত হয়ে এক বণিক কন্যাকে বিবাহ করেছিলাম।

তাকে সংগে নিয়ে সমুদ্র পথে ফিরে আসার সময় তীরের অনতিদূরে জলযানটি[২] ভগ্ন হওয়ায় সকলে নিমজ্জিত হলো। দৈবাৎ আমি তীরে পেঁছিলাম, কিন্তু পত্নীর বিয়োগে দুঃখসাগরে ভাসতে লাগলাম। অবশেষে এক সিদ্ধ তাপসের কথামতো কোনমতে ষোল বৎসর অতিক্রম করলাম, কিন্তু তখনও দুর্ভাগ্যের শেষ না হওয়ায় জীবনে হতাশ হয়ে পর্বত থেকে ঝাঁপ দিলাম।'

পুষ্পোদ্ভব বলতে লাগল—'আমি ঠিক সেই সময়েই এক নারীর কণ্ঠস্বর শুনতে পেলাম, সিদ্ধ পুরুষ কর্তৃক কথিত পতি ও পুত্রের সংগে মিলনের দিনে বিরহ সহ্য করতে অসমর্থ হয়ে অগ্নিতে জীবন বিসর্জন দিতে যাচ্ছ, এ-কাজ উচিত নয়।'

আমি বুঝতে পেরেছিলাম যে-ব্যক্তি পর্বত থেকে ঝাঁপ দিয়েছিলেন তিনি আমার পিতা। তাঁকে বললাম, 'বাবা, আপনাকে বহু কথা বলার আছে, পরে সব জানাব। এখন এই নারীর কণ্ঠস্বরকে উপেক্ষা করা চলে না। কিছুক্ষণ আপনি এখানে অপেক্ষা করুন।'

তারপর আমি দ্রুতবেগে সেইদিকে গেলাম। দেখলাম—এক নারী কৃতাঞ্জলি হয়ে ভয়ঙ্কর জ্বালাময় অগ্নিতে ঝাঁপ দেওয়ার উপক্রম করছে, সসম্ভ্রমে আমি তাঁকে সরিয়ে এনে নিষেধকারিণী বৃদ্ধাকে সংগে নিয়ে পিতার কাছে উপস্থিত করলাম। বৃদ্ধাকে বললাম—'বৃদ্ধে, তোমরা কোথা থেকে এসেছ। এই অরণ্যে কেনই বা তোমরা এই দুরবস্থা ভোগ করছ বল?' সে দুঃখে জড়িত স্বরে বলল—'পুত্র, ইনি কালযবন দ্বীপের অধিবাসী কালগুপ্ত নামে বণিকের কন্যা, নাম সুবৃত্তা। স্বামী রত্নোদ্ভবের সংগে আসার সময় জলযান সমুদ্রে নিমজ্জিত হলে, আমি এর ধাত্রী, আমি দৈবাৎ এক কাষ্ঠফলক অবলম্বন করে এঁকে তীরে নিয়ে এসেছিলাম। প্রসবের সময় আসন্ন হওয়ায় অরণ্যমধ্যেই ইনি পুত্রের জন্মদান করেছিলেন। আমার দুর্ভাগ্যবশত এক বন্যহস্তী ঐ বালকটিকে নিয়ে চলে গেল। তখন ইনি আমার সংগে পরিভ্রমণ করতে লাগলেন। অবশেষে এক সিদ্ধ পুরুষ বললেন—ষোল বৎসর পরে তোমার সংগে স্বামী-পুত্রের মিলন হবে। এই কথায় বিশ্বাস করে পবিত্র তপোবনে এতদিন অতিবাহিত করে, সীমাহীন দুঃখ সহ্য করতে অসমর্থ হয়ে আজ, প্রজ্জ্বলিত অগ্নিতে নিজেকে আহুতি দিতে উদ্যত হয়েছেন।

এ-কথা শুনে বুঝতে পারলাম ইনিই আমার জননী। তাঁকে প্রণাম করে আমার সমস্ত বৃত্তান্ত জানালাম। ধাত্রীর কথায় পিতার চক্ষু বিস্ময়ে বিকশিত ও মুখ আনন্দে উৎফুল্ল হয়ে উঠেছিল—মাতার সংগে তাঁর সাক্ষাৎ ঘটালাম। মাতা-পিতা উভয়ে উভয়কে অভিজ্ঞান দেখে চিনতে পেরে খুবই আনন্দিত হলেন। আমি তাদের চরণে প্রণত হলাম—আমাকে প্রচুর অশ্রুবর্ষণে অভিষিক্ত করে গাঢ় আলিঙ্গন ও শিরচুম্বনের পর তারা এক বৃক্ষের ছায়ায় উপবেশন করেছিলেন।

পিতা প্রশ্ন করলেন—'রাজহংস কীভাবে আছেন?' তখন আমি তাঁর রাজ্যচ্যুতি,

আপনার (রাজবাহনের) জন্ম, সকল কুমারদের প্রাপ্তি, আপনার দিগ্বিজয় যাত্রা, মাতঙ্গের অনুগমন ও আমাদের অন্বেষণ সমস্ত কথা বললাম। তারপর তাঁদের এক মুনির আশ্রমে রেখে আপনার অন্বেষণে ব্যস্ত হলাম। ক্রমশ বুঝতে পারলাম অর্থই সমস্ত কর্মসাধনের উপায়। যেন আপনার অনুগ্রহেই এক তপস্বীর শিষ্যগণকে আমার সাহায্যে সম্মত করে বিন্ধ্যারণ্যে প্রাচীন নগরীর ধ্বংসস্থানে এসে সিদ্ধ পুরুষ প্রদত্ত অঞ্জন[৩] ব্যবহার করে বৃক্ষের নিচে বহু ধনরত্ন পূর্ণ কলসের অবস্থানের কথা জানতে পারলাম। খনন করে সেইগুলি উত্তোলন করলাম। অসংখ্য স্বর্ণমুদ্রা রাশিকৃত করে অনতিদূরে অবস্থিত আধুনিক বণিক অধ্যুষিত এক আধুনিক নগরে উপস্থিত হলাম। শক্তিশালী কতগুলি বৃষ ও বড় আকারের থলি কিনে ফেললাম। মুদ্রাগুলি সেগুলিতে ভর্তি করে, অন্য দ্রব্য নিয়ে যাওয়ার ছলে বৃষদের দ্বারা বহন করিয়ে ঐ বণিক নগরে চলে এলাম। সেই নগরের প্রধান চন্দ্রপাল নামে এক বণিকপুত্রের সংগে বন্ধুত্ব করে তাকে সংগে নিয়ে উজ্জয়িনী নগরে উপস্থিত হলাম। পরে পিতা-মাতাকে সেখানে নিয়ে এসে চন্দ্রপালের পিতা গুণবান বন্ধুপালের সংগে মালবরাজের কাছে এলাম ; পরে তাঁর অনুমতি গ্রহণ করে গোপনে সেই নগরে বাস করতে লাগলাম।

তারপর অরণ্যে আপনার অন্বেষণে উদ্যত হলে পরম মিত্র বন্ধুপাল বললেন—'এই অনন্ত পৃথিবীতে তোমার পক্ষে অন্বেষণ করা সম্ভব নয়। মনোকষ্ট দূর করে কিছুদিন নিঃশব্দে থাক। তোমার প্রভুর সংগে সাক্ষাতের লক্ষণস্বরূপ মাঙ্গলিক পক্ষী দেখতে পেলে তোমায় জানিয়ে দেবো।'

তাঁর কথায় আশ্বস্ত হয়ে সর্বদাই তাঁর কাছে-কাছে থাকলাম। একদিন নবযৌবনবতী ইন্দুমুখী, নয়নরঞ্জিকা বালচন্দ্রিকা নামে তরুণী রত্নকে দেখতে পেলাম। তিনি যেন বণিক গৃহের লক্ষ্মী স্বরূপিণী। তাঁর লাবণ্যে চঞ্চল হয়ে কামদেবের বাণে বিদ্ধ হয়ে পড়লাম। চকিত হরিণ শিশুর মতো চঞ্চল দৃষ্টি বালচন্দ্রিকাও আমার দিকে বারংবার পুষ্পধনুর বানের মতোই কটাক্ষপাত করতে লাগলেন। নিজেও কাঁপতে লাগলেন মৃদু বায়ুতে আন্দোলিত লতার মতোই। অনুরাগ ও লজ্জায় মিশ্রিত অঙ্গভঙ্গি ও দৃষ্টিপাতের মাধ্যমে তার মনোভাব আমার কাছে প্রকাশিত হয়ে গেল। গোপন হাবভাবে তাঁর অনুরাগ বুঝতে পেরে ভাবতে লাগলাম, কিভাবে আমাদের সুখ মিলন সম্ভব হবে ?

ইতিমধ্যে একদিন বন্ধুপাল পাখির কাছ থেকে আপনার গতিবিধি জানার জন্য আমাকেও সংগে নিয়ে নগর প্রান্তের উদ্যানে এসে এক বৃক্ষে উপবিষ্ট পাখির ডাক শুনতে লাগলেন। আমি উৎকণ্ঠা দূর করার জন্য উদ্যানের প্রান্তে ভ্রমণ করতে করতে সাগরের তীরে চিন্তিত-হৃদয়া, মলিনমুখী, আমার বাঞ্ছিতা বালচন্দ্রিকাকে দেখতে পেলাম। হঠাৎ আমার সঙ্গে সাক্ষাৎ হওয়ায় সে ব্যস্ততার সংগে প্রেম, লজ্জা ও কৌতুকপূর্ণ দৃষ্টিপাত করল। সুদতী বালচন্দ্রিকার বিষণ্ণ মুখমণ্ডলে মদন দহনের রেখা দেখে তার কারণ জানবার জন্য কাছে গিয়ে জিজ্ঞাসা করলাম—'সুমুখি, সুখকমলে মলিনতার কারণ কি বল ?' সে লজ্জা ভয় বিসর্জন দিয়ে গোপন সাক্ষাৎজনিত বিশ্বাসে ধীরে-ধীরে বলতে লাগল—'সৌম্য, মালবরাজ মানসার বার্ধক্যহেতু নিজপুত্র দর্পসারকে উজ্জয়িনীতে অভিষিক্ত করেছেন। দর্পসার সপ্তসমুদ্র বিস্তৃত পৃথিবী পালন করে নিজ পিতৃষ্বসার অত্যাচারী পুত্রদ্বয় চন্দ্রবর্মা ও দারুবর্মাকে রাজ্যশাসনে

নিযুক্ত করে তপস্যার জন্য কৈলাস পর্বতে যাত্রা করেছেন। চণ্ডবর্মা নির্বিঘ্নে রাজ্য শাসন করছিলেন কিন্তু দারুবর্মা মাতুল ও জ্যেষ্ঠ ভ্রাতার আদেশ অবহেলা করে পরস্ত্রী গ্রহণ, পরদ্রব্য অপহরণ ইত্যাদি দুষ্কর্ম করতে লাগলেন। আমি আপনার কন্দর্প তুল্য রূপে আকৃষ্টা ; আমাকে দেখে কন্যা সংসর্গ দোষ অগ্রাহ্য করে বলপ্রয়োগে আমাকে উপভোগ করার চেষ্টা করছেন। এই চিন্তাই আমার বিষণ্ণতার কারণ।' আমার প্রতি তার আন্তরিক অনুরাগ ও বাসনা সিদ্ধির বিঘ্নের কথা শুনে সেই অশ্রুলোচনাকে আশ্বাস দিলাম। দারুবর্মার বিনাশের উপায় ভেবে নিয়ে প্রিয়া বালচন্দ্রিকাকে বললাম—তরুণী, তোমার প্রতি আসক্ত দুষ্টমনা এই দারুবর্মার নিধনের এক সহজ উপায় চিন্তা করেছি। তোমার সত্যভাষী আত্মীয়েরা পৌরজনদের সামনে এই কথা বলবেন যে কোন এক যক্ষ বালচন্দ্রিকাকে আশ্রয় করে বাস করছে। রূপে আকৃষ্ট হৃদয়ে যদি উপযুক্ত কোন ব্যক্তি তাকে বিবাহ করতে চায় তাহলে তাকে সেই যক্ষকে পরাজিত করার পর রতিগৃহে একমাত্র সখির সংগে উপস্থিত মৃগাক্ষী বালচন্দ্রিকার সংগে আলাপ-সুখ অনুভব করে নির্গত হতে হবে।—সিদ্ধপুরুষ এই কথা বলেছেন।

তখন দারুবর্মা যদি এই কথা শুনে ভয়ে চুপ করে থাকে তাহলে ভাল, নতুবা যদি নিজের দুর্জনতা বশত তোমার সংগে মিলিত হতে চায়, তাহলে তোমার আত্মীয়দের বলতে হবে—সৌম্য, রাজা দর্পসারের মন্ত্রী আপনার পক্ষে আমাদের গৃহে এইরকম সাহসের কাজ করা অনুচিত। পৌরজনদের সমক্ষে এই কমলনয়নাকে নিজ গৃহে নিয়ে গিয়ে যদি এঁর সংগে ক্রীড়া করতে পারেন, তাহলেই এই তরুণীকে বিবাহ করে বাঞ্ছিত সুখ লাভ করতে পারবেন। সে এই কথায় স্বীকৃত হবে। তুমিও সখিবেশধারী আমাকে সংগে নিয়ে তার গৃহে যাবে। আমিও কক্ষের একাংশে তাকে মুষ্টি-জানু ও পদাঘাতে নিহত করে আবার সখির বেশে তোমার সংগে নিশঙ্কভাবে বেরিয়ে আসব।

তুমি এই পন্থা স্বীকার করে নাও, লজ্জা ও ভয় দূর করে জনক-জননী ও সহোদরদের কাছে আমাদের ভালবাসার বিষয় প্রকাশ করে বিবাহের জন্যে তাঁদের অনুনয় করবে। তাঁরাও উচ্চ বংশজাত সুন্দর ধনবান যুবক আমার হস্তে তোমাকে সম্প্রদান করবেন। দারুবর্মার নিধনের উপায় জানিয়ে আমাকে তাঁদের উত্তর এনে দাও।

বালচন্দ্রিকার মুখ আধফোটা পদ্মের মতো প্রফুল্ল হয়ে উঠল। সে বলল—'মহাশয়, ক্রূরকর্মা দারুবর্মাকে আপনিই হত্যা করতে সমর্থ। সে নিহত হলে আপনার অভিলাষ সফল হবে। এইরকমই করুন—আপনিও যেমন বলেছেন সেইরকমই করব'—এই বলে সে বারংবার আমার দিকে মুখ ফিরিয়ে দেখতে-দেখতে ধীরে-ধীরে চলে গেল। আমিও পক্ষীতত্ত্বজ্ঞ বন্ধুপালের কাছে এসে শুনলাম যে ত্রিশদিন পরে আমার সঙ্গে মিলন হবে। তারপর বন্ধুপাল নিজগৃহে প্রবেশ করে আমাকে বিদায় দিল।

দারুবর্মা আমার উপায়রূপ জালে আবদ্ধ হয়ে বালচন্দ্রিকাকে রতিমন্দিরে আহ্বান করল—বালচন্দ্রিকা যেতে রাজী হয়ে আমার কাছে দূতী পাঠাল। আমিও মণি-নূপুর-মেখলা-কঙ্কণ-বালা-কুণ্ডল-হার-ক্ষৌমবস্ত্র-কাজল ইত্যাদি নারীর উপযোগী বেশভূষায় নিপুণভাবে সজ্জিত হয়ে প্রিয়ার সঙ্গে দারুবর্মার দ্বারপ্রান্তে উপস্থিত হলাম।

দৌবারিক গিয়ে আমাদের আগমন-সংবাদ জানালে দারুবর্মা এসে আমার সঙ্গে বালচন্দ্রিকাকে সঙ্কেত কক্ষে নিয়ে গেল। দ্বারের সম্মুখে সমবেত পরিজনদের ভিতরে প্রবেশ নিষেধ করে দিল। নগরের অধিবাসীরাও বহুল প্রচারিত যক্ষের কথা পরীক্ষা

করার জন্য কৌতূহলে তার গৃহসংলগ্ন প্রাঙ্গণে অপেক্ষা করতে লাগল। বিবেকবুদ্ধিহীন দারুবর্মা গভীর কামনায় রত্নখচিত স্বর্ণ-পালঙ্কে কোমল শয্যার উপরে সেই তরুণীকে আসন দিল; অন্ধকার রাত্রিতে আমার পুরুষভাব বুঝতে না পেরে সুন্দর স্ত্রী বেশেই আমাকে দেখেছিল। বালচন্দ্রিকাকে ও আমাকে মণিময় অলঙ্কার, নানা সূক্ষ্মবস্ত্র, কস্তুরী মিশ্রিত শ্বেতচন্দন, কর্পূরসহ তাম্বুল, সুগন্ধী পুষ্প ইত্যাদি নানা রকম সুন্দর বস্তু দান করে মাত্র কয়েক মুহূর্তের জন্য হাসিমুখে আলাপ করতে লাগল। তারপর কামান্ধতা হেতু সুমুখী বালচন্দ্রিকাকে আলিঙ্গন করার ইচ্ছা প্রকাশ করল। আমি ক্রোধে রক্তবর্ণ হয়ে সেই পালঙ্কের তলদেশে তাকে নিক্ষেপ করে মুষ্টি, জানু ও পাদপ্রহারে নিহত করলাম।

যুদ্ধের ফলে স্থানভ্রষ্ট অলঙ্কারগুলিকে যথাস্থানে স্থাপিত করে ভয়কম্পিতা, অবনতাঙ্গী বালচন্দ্রিকাকে আশ্বস্ত করলাম! তারপরে প্রাঙ্গণে এসে যেন ভয়ে কাঁপতে কাঁপতে চিৎকার করে বললাম—'হায়, বালচন্দ্রিকাতে অধিষ্ঠিত ভয়ংকর আকৃতির যক্ষ দারুবর্মাকে হত্যা করেছে। দ্রুত এসে একে দেখ।' উপস্থিত পৌরজনেরা একথা শুনে সাশ্রুলোচনে হাহাকার করতে লাগল। পরস্পর বলতে লাগল—'বালচন্দ্রিকাতে আশ্রিত বলবান যক্ষের কথা শুনেও মদান্ধ দারুবর্মা একে কামনা করেছে। অতএব নিজের কাজেই নিজে নিহত হয়েছে। তারজন্য আর বিলাপ করে কি হবে?' আমিও কোলাহলের মধ্যে বালচন্দ্রিকাকে নিয়ে নিজগৃহে চলে এলাম। তারপর কয়েকদিন কেটে গেলে পৌরজনদের সামনে সিদ্ধপুরুষের আদেশ অনুসারে সেই সুন্দরীকে বিবাহ করে, পূর্ব সংকল্পিত মিলনসুখ অনুভব করলাম। আজ আমি বন্ধুপালের পক্ষী নির্দিষ্ট দিনে নগরের বাইরে এসে, নয়নের উৎসব স্বরূপ আপনার দর্শনসুখ অনুভব করলাম।'

অম্লান চিত্তে রাজবাহন মিত্র পুষ্পোদ্ভবের এই বৃত্তান্ত শুনে নিজের ও সোমদত্তের কাহিনী তাঁকে জানালেন আর সোমদত্তকে বললেন—'মহাকাল শিবের আরাধনার পর তোমার পত্নী ও পরিবারবর্গকে স্বস্থানে রেখে ফিরে এস।'—এইভাবে সোমদত্তকে নিযুক্ত করে, ভূস্বর্গতুল্য অবন্তিকাপুরে রাজবাহন প্রবেশ করলেন। সেখানে পুষ্পোদ্ভব 'ইনি আমার প্রভুপুত্র'—এই বলে বন্ধুপাল ইত্যাদি বন্ধুদের সঙ্গে পরিচয় করিয়ে দিলেন। পুরবাসীদের জানালেন—'ইনি একজন সকল কলাবিদ্যায় পারদর্শী ব্রাহ্মণ।' তারপর প্রতিদিন নিজ গৃহে রাজকুমারের স্নানাহারাদির ব্যবস্থা করলেন।

॥ শ্রীদণ্ডী-বিরচিত দশকুমারচরিতে 'পুষ্পোদ্ভবচরিত' নামক চতুর্থ উচ্ছ্বাস সমাপ্ত ॥

× × × × × × × × × × × × × × **পঞ্চম উচ্ছ্বাস** × × × × × × × × × × × × × ×

তারপর এলো বসন্তকাল—সঙ্গে কামদেবের সেনাপতি দক্ষিণ-সমীরণ; সেই সমীরণ মলয়-পর্বতের বৃক্ষবাসী সর্পদের দ্বারা ভুক্ত হয়েই যেন লঘু, আর চন্দনের সুগন্ধভার বহন করেই যেন মৃদুগতি। বিরহীহৃদয়ে জ্বলে উঠল কামানল, ভ্রমর ও কোকিলের কলকাকলীতে মুখরিত হয়ে উঠল চারদিক; আমের কিশলয় ও মধুপান করেই বুঝি তাদের কণ্ঠস্বর এত মধুর! মানিনীদের হৃদয়ে জাগল উৎকণ্ঠা, আকন্দ-

সিন্ধুবার-রক্তাশোক-কিংশুক ও তিলকতরুতে দেখা দিল কুঁড়ি, রসিকজনের চিত্ত মদনমহোৎসবের আশায় উল্লসিত হয়ে উঠল।

সেই রমণীয় বসন্তকালে মালবরাজ মানসারের কন্যা অবন্তিসুন্দরী প্রিয় বান্ধবী বালচন্দ্রিকা ও পুরবাসিনী ললনাদের সঙ্গে বিহারের ইচ্ছায় নগরপ্রান্তের রম্য উদ্যানে উপস্থিত হলেন। একটি ছোট আমগাছের[২] তলায় শীতল ছায়ায় চন্দন-পুষ্প-হরিদ্রা আতপচাল চীনাংশুক ইত্যাদি উপাচার ও নানাবিধ সুগন্ধি দ্রব্যে কামদেবের অর্চনা করে আনন্দ উপভোগ করেছিলেন।

বসন্তসখা কামদেবের মতোই পুষ্পোদ্ভব সহ রাজবাহন রতিদেবীর তুল্য সুন্দরী অবন্তিসুন্দরীর দর্শনের ইচ্ছায় সেই উপবনে এলেন। শুনতে পেলেন আমগাছের শাখায় উপবিষ্ট কোকিল ও ভ্রমর সমূহের মধুর আলাপ। ফুল-ফল-পল্লবে সমৃদ্ধ এই শাখা-গুলি মৃদু মলয় পবনে আন্দোলিত হচ্ছিল। দেখতে-দেখতে যাচ্ছিলেন নির্মল ও শীতল জলপূর্ণ সরোবরগুলি, যেখানে ঈষৎ উন্মিলিত নীলপদ্ম কহ্লার কুমুদ-লালপদ্মের মধ্যে ক্রীড়া করে বেড়াচ্ছে ও কলরবে মুখর করে রেখেছে কলহংস সারস—চক্রবাকের দল। ধীরে-ধীরে এগিয়ে এলেন তাঁরা সেই ললনাদের কাছে। বালচন্দ্রিকা হাতের ইঙ্গিতে জানাল—'নিশঙ্কচিত্তে এদিকে আসুন', আহূত হয়ে তেজে ইন্দ্রময়ী রাজবাহন কৃশোদরী অবন্তিসুন্দরীর কাছে এগিয়ে গেলেন।

কামদেব যেন ইচ্ছা করে পত্নীরতির ক্রীড়াপুত্তলি নির্মাণ করতে গিয়ে এই বিশিষ্ট নারী রচনা করেছেন। তাঁর চরণ দুখানি গড়েছেন নিজের ক্রীড়া সরোবরে শ্রেষ্ঠ পদ্মের সৌন্দর্য দিয়ে, তাঁর গতিভঙ্গিতে পবনের দীর্ঘিকার মত্ত মরালীর গমন শোভা, জঙ্ঘা দুটিতে যেন কামদেবের বাণের মহিমা, মনোহর উরুদ্বয়ে যেন লীলামন্দিরদ্বারের কদলী স্তম্ভের শোভা, লালিত্য, ঘন নিতম্বে জৈত্র-রথচক্রের কান্তি, গঙ্গা জলের আবর্তসংকুল নাভিদেশে ঈষৎ বিকশিত পদ্মের মতোই শোভাময় মধ্যস্থান, ত্রিবলীরেখায় যেন সৌধ সোপানের পরিপাট্য। তাঁর রোমাবলী যেন পুষ্পশরে উপবিষ্ট ভ্রমর পংক্তির নীলিমায় রঞ্জিত, কুচযুগলে পূর্ণ সুবর্ণ কলসের শোভা, বাহুতে লতামণ্ডপের সৌকুমার্য গ্রীবা-দেশ যেন জয়শঙ্খ, অধরোষ্ঠে আম্রপল্লবের রক্তিমার প্রতিবিম্ব, শুচিহাস্যে পুষ্পবাসের লাবণ্য, বচনে মদনদূতী কোকিলার কলকণ্ঠের মাধুর্য, নিঃশ্বাসে মলয়-পবনের সৌরভ, নয়নযুগলে ধ্বজাস্থিত মীনের সাদৃশ্য, ভ্রূ-লতায় ধনুকের শ্রী, মুখমণ্ডলে চন্দ্রের কান্তি, কেশপাশে লীলাময়ূরের পুচ্ছশোভা, সমস্ত মধু ও কস্তুরী মিশ্রিত চন্দনরসে প্রক্ষালিত করে কর্পূরের পরাগে অঙ্গ-প্রত্যঙ্গ মার্জিত করে মদনদেব অবন্তিসুন্দরীকে সৃষ্টি করেছেন।

সেই মূর্তিমতী লক্ষ্মীর মতো মালবরাজকন্যা অবন্তীসুন্দরী রাজবাহনকে দেখে ভাবলেন, 'বুঝি কামদেব দেহধারণ করে এসেছেন তাঁর আরাধনায় সন্তুষ্ট হয়ে অভীষ্ট বরদানের জন্যে।' অনুরাগবশে মৃদুবায়ুতে আন্দোলিত লতার মতোই তিনি কাঁপতে লাগলেন। নিবৃত্ত হলেন খেলা থেকে। লজ্জায় কত না ভাবান্তর দেখা দিতে লাগল তাঁর মধ্যে।

'নারীসৃষ্টিকর্তা বিধাতা নিশ্চয় এঁকে ঘুণাক্ষর ন্যায়েই[৩] নির্মাণ করেছেন। নতুবা ব্রহ্মা যদি এইরকমই রচনাপটু হতেন তাহলে এঁর সমান লাবণ্যবতী অন্য কোন তরুণী সৃষ্টি করেন নি কেন?' এই কথা ভেবে বিস্ময়ের সংগে অনুরাগপূর্ণ দৃষ্টিপাত

করলে অবন্তিসুন্দরী তাঁর সামনে দাঁড়াতে লজ্জা পেলেন, তাই সখিদের আড়ালে সরে গিয়ে ভ্রূলতা কুঞ্চিত করে অপাঙ্গ দৃষ্টিতে চিত্তহারী রাজবাহনকে দেখতে লাগলেন। রাজবাহনও কামদেবের শক্তিশালী শরের লক্ষ্য হয়ে পড়লেন। অবন্তিসুন্দরী মনে-মনে ভাবলেন, 'ইনি অসাধারণ সৌন্দর্যের দ্বারা কোন নগরীর ভাগ্যবতী তরুণীদের নয়নানন্দের সৃষ্টি করেছেন। পুত্রবতী নারীদের মধ্যে কোন সীমন্তিনী এঁকে পুত্র-রূপে লাভ করে ধন্য হয়েছেন! এঁর পত্নী কে, এখানে আগমনের কারণই বা কী? রূপে কামদেবকেও পরাজিত করেছেন—আমি শুধুই এঁকে দেখছি বলে ঈর্ষাবশতই যেন আমার মনকে অতিশয় আলোড়িত করে কামদেব নিজের 'মন্মথ' নাম সার্থক করেছেন। কি করি, কিভাবে এঁর পরিচয় জানতে পারি!' বালচন্দ্রিকা তাঁদের হাবভাব দেখেই পরস্পরের প্রতি অনুরাগের কথা বুঝতে পারলেন, তবে উপস্থিত নারীদের কাছে রাজবাহনের সমস্ত বৃত্তান্ত বলা অনুচিত বিবেচনা করে সাধারণ ভাষায় বলতে লাগলেন, 'রাজকুমারী, এই ব্রাহ্মণকুমার সমস্ত রকম কলাবিদ্যায় সুশিক্ষিত, দেবতা সাক্ষাৎকারী, রণকুশল এবং রত্ন, মন্ত্র ও ঔষধির প্রভাব জানেন—অতএব আপনার পরিচর্যা লাভের যোগ্যপাত্র, এঁর অর্চনা করুন।'

বালচন্দ্রিকার কাছ থেকে একথা শুনে নিজের জ্ঞাতব্য জানার ফলে অবন্তিসুন্দরীর মন আনন্দে উৎফুল্ল হয়ে উঠল, মৃদু বায়ু যেমন জলে তরঙ্গের সৃষ্টি করে, তেমনি তাঁর অন্তরেও দেখা দিল কামনার আলোড়ন। রাজকন্যা কামবিজয়ী রাজকুমারকে উপযুক্ত আসনে উপবেশন করিয়ে সুন্দরী সখিদের হাত দিয়ে গন্ধপুষ্প-আতপচাল-কর্পূর-তাম্বুল ইত্যাদি নানা অর্ঘ দিয়ে তাঁর অভ্যর্থনা করালেন।

রাজবাহন ভাবলেন, 'ইনি নিশ্চয় পূর্ব-জন্মে ছিলেন আমারই পত্নী যজ্ঞবতী। নতুবা আমার মনে এঁর প্রতি এই রকম অনুরাগ কখনই সৃষ্টি হতো না। সেই ঋষি বলেছিলেন অভিশাপের কাল শেষ হলে আমাদের দুজনের ক্ষেত্রে পূর্বজন্মের কথা[১] মনে পড়বে। তবুও সময়োচিত বিশেষ ধরনের কথা বলে এঁর মনে স্মৃতি উৎপাদনের চেষ্টা করব।'

ঠিক এইসময় একটি সুন্দর রাজহংস কেলিকরার ইচ্ছায় সেই দিকে এল। উৎসুক রাজকন্যা বালচন্দ্রিকাকে সেই রাজহংসটিকে নিয়ে আসার জন্য নিয়োগ করলেন। এই ব্যাপার দেখে রাজবাহন ভাবলেন, 'বাক্যালাপের উপযুক্ত সময় এসেছে।' সুমধুর ভাষায় তিনি বলতে লাগলেন, সখি, পুরাকালে শাম্ব নামে এক রাজা নিজ পত্নীর সঙ্গে বিহারের ইচ্ছায় এক পদ্ম সরোবরের কাছে এসেছিলেন। পদ্মগুলির কাছে প্রায় নিদ্রিত এক রাজহংসকে ধরে মৃণাল সূত্র দিয়ে তার পা দুটি বেঁধে সানুরাগে প্রিয়ার মুখের প্রতি দৃষ্টিপাত করে মৃদুহাস্যে বলেছিলেন, 'ইন্দুমুখি, আমি এই মরালকে আবদ্ধ করায় মুনির মতোই শান্তভাবে অবস্থান করছে। ইচ্ছামত একে নিয়ে যেতে পার।' তখন সেই রাজহংস শাম্বকে অভিশাপ দিল—'হে রাজন, এই পদ্মবনে ধ্যান মগ্ন হয়ে পরমানন্দে ব্রহ্মচারী আমি অবস্থান করছিলাম। অকারণে রাজ্যগর্বে গর্বিত হয়ে আমায় অপমানিত করলেন অতএব এই পাপহেতু, তুমি পত্নীবিচ্ছেদ দুঃখ অনুভব কর।' মলিনবদন শাম্ব প্রিয়তমার বিচ্ছেদ-দুঃখ সহ্য করতে অসমর্থ হয়ে ভূমিতে নত হয়ে প্রণাম করে সবিনয়ে বললেন, 'মহাভাগ, অজ্ঞানতাহেতু আমি যা করেছি তা ক্ষমা করুন।' তখন সেই তাপস করুণাপূর্ণ অন্তরে বললেন, 'রাজন, এই জন্মে তোমার

প্রতি এই অভিশাপ প্রযুক্ত হবে না কিন্তু আমার বাক্য অব্যর্থ হওয়ায় পরজন্মে এই কমলাক্ষী অন্য দেহ ধারণ করলে তুমিই এর স্বামী হবে কিন্তু দুই মুহূর্ত আমার চরণদ্বয় বেঁধে রেখেছ বলে দু-মাস তোমার পদদ্বয় শৃংখলাবদ্ধ থাকবে এবং পত্নী বিচ্ছেদ দুঃখ অনুভব করতে হবে। পরে বহুকাল ধরে আবার ভার্যার সঙ্গে রাজ্য-সুখ লাভ করতে পারবে।'

তারপর তিনি অনুগ্রহ করে জাতিস্মরত্ব বজায় থাকার আশীর্বাদও জানিয়েছিলেন। অতএব তোমার পক্ষে এই রাজহংসের বন্ধন অনুচিত। অবন্তীসুন্দরী রাজহংসের এই কথা শুনে নিজের পূর্ব-জন্মবৃত্তান্ত স্মরণ করতে সমর্থ হলেন। ভাবলেন, নিশ্চয়ই ইনিই আমার প্রিয়তম। অনুরাগপূর্ণ অন্তরে মৃদু হেসে বললেন, 'সৌম্য, পুরাকালে শাম্বপত্নী যোগ্যবতীর বাক্য রক্ষার জন্যই হংসটিকে আবদ্ধ করেছিলেন। অতএব পৃথিবীতে পণ্ডিত ব্যক্তিরাও দাক্ষিণ্যহেতু অকার্য করে থাকেন।'

রাজকন্যা ও রাজপুত্র এইভাবে পরস্পরের পূর্ব-জন্মগত নামের পরিচয় পেলেন। পরস্পরের জ্ঞানের জন্য নানা বৃত্তান্ত বিবৃত করার পর তাঁদের অন্তর অনুরাগে পূর্ণ হয়ে উঠল। সেই সময় মালবরাজ মহিষী পরিজনদের সঙ্গে সেখানে এসে উপস্থিত হলেন কন্যা অবন্তীসুন্দরীর ক্রীড়া দর্শনের জন্য। কিন্তু বালচন্দ্রিকা তাঁকে দূর থেকে দেখতে পেয়ে, পাছে এই গোপনতা প্রকাশ হয়ে পড়ে সেই ভয়ে হাতের ইংগিতে পুষ্পোদ্ভব সহ রাজবাহনকে বৃক্ষের অন্তরালে লুকিয়ে থাকতে বললেন। মানসার পত্নী সখিদের সঙ্গে অবন্তিসুন্দরীর ক্রীড়া কৌতুক উপভোগ করে কিছুক্ষণ সেখানে অবস্থান করলেন, তারপর কন্যাসহ নিজগৃহ গমনে উদ্যোগী হলেন।

মাতার অনুগমন করতে-করতে অবন্তিসুন্দরী বলতে লাগলেন, 'হে রাজহংস কুলশ্রেষ্ঠ, বিহারের বাসনায় তুমি এই ক্রীড়া কাননে আমার কাছে এসেছিলে, কিন্তু জননীর সঙ্গে যাওয়া উচিত এই কথা ভেবে তোমাকে অসময়ে পরিত্যাগ করে যাচ্ছি। এজন্যে আমার প্রতি তোমার ভালবাসার যেন হানি না ঘটে।' এইভাবে মরালের ছলে রাজকুমারের উদ্দেশ্যে বলতে-বলতে বারবার ফিরে-ফিরে দৃষ্টিপাত করতে-করতে নিজগৃহে চলে গেলেন।[৭]

সেখানে বালচন্দ্রিকা রাজবাহনের প্রসংগে তার নাম ও বংশপরিচয় প্রকাশ করলেন রাজকন্যা। মন্মথ শরে বিদ্ধ হয়ে ব্যাকুল হয়ে পড়লেন। বিরহ-বেদনায় দিনে-দিনে কৃষ্ণপক্ষের চন্দ্রকলার মতোই ক্ষীণ হয়ে যেতে লাগলেন তিনি। আহারাদি পরিত্যাগ করে গোপন কক্ষে চন্দনরসে ধৌত পত্রপুষ্পের কোমল শয্যায় নিজের তনুদেহ সমর্পণ করলেন।

কামানল-সন্তপ্তা সুকুমারী কুমারী অবন্তিসুন্দরীর সেই অবস্থা দেখে সখিরা বিষণ্ন হয়ে উঠল। তারা কণক কলসে সঞ্চিত শ্বেতচন্দন, উশীর[৮] ও কর্পূর মিশ্রিত স্নানের জল, মৃণালতন্তু নির্মিত বস্ত্র, পদ্মপত্রের পাখা ইত্যাদি তাপহর দ্রব্য এনে তাঁর দেহ শীতল করার চেষ্টা করতে লাগল। কিন্তু শৈত্য সাধক সেইসব প্রক্রিয়া ফুটন্ত তেলে জল দেওয়ার মতোই তাঁর অংগের উত্তাপ আরও বাড়িয়ে দিল।

অবনতাঙ্গী অবন্তিসুন্দরীর অধরোষ্ঠ বিরহতাপিত নিঃশ্বাসে ম্লান হয়ে উঠল, তিনি বাষ্পাকুল নয়নে কিংকর্তব্য-বিমূঢ় বিষণ্ন বালচন্দ্রিকার দিকে দৃষ্টিপাত করে রুদ্ধকণ্ঠে বলতে লাগলেন, 'প্রিয়সখি, কামদেবকে যে-কুসুম নির্মিত মাত্র পাঁচটি শরের

অধিকারী বলা হয় তা মিথ্যা। কারণ তিনি যেন লৌহ নির্মিত অসংখ্য শর দিয়ে আমাকে প্রহার করছেন, চন্দ্র যেন আমার কাছে বাড়বানলের[৯] চেয়েও উত্তপ্ত, নানা দোষের আকর এই চন্দ্রের বর্ণনা আর কি করব ? নিজ সহোদরা[১০] লক্ষ্মীর বাসস্থান পদ্মকেও সে বিনষ্ট করে। মলয় পবন আমার বিরহতপ্ত হৃদয় স্পর্শ করে উষ্ণ ও শুষ্ক হয়ে ওঠে। নবপল্লব নির্মিত শয্যাও যেন কামাগ্নি শিখায় অঙ্গকে সন্তপ্ত করছে। শ্বেতচন্দনও বৃক্ষস্থিত সর্পের বিষের স্পর্শেই যেন আমার দেহ দগ্ধ করছে, সুতরাং আমার শীতলতা-সম্পাদক প্রয়াসের প্রয়োজন নেই। রূপে মন্মথজয়ী রাজকুমারই আমার উত্তাপ দূর করতে পারেন। কিন্তু তাঁকে লাভ করা অসম্ভব, অতএব আমার এখন কি করণীয় ?

বালচন্দ্রিকা বুঝতে পারলেন, কোমলাঙ্গী অবন্তিসুন্দরী রাজবাহনের সৌন্দর্যে আকৃষ্ট হয়ে মন্মথ তাপে চরম অবস্থা প্রাপ্ত হয়েছেন। তাই তিনি ভাবলেন—কুমারকে শীঘ্র আনা দরকার—নাহলে কামদেব এঁর অবস্থা শোচনীয় করে তুলবেন। সেই উদ্যানে পরস্পরের সাক্ষাতের সময় উভয়েই কামশরে বিদ্ধ হয়েছিলেন ; অতএব রাজকুমারকে আনা খুব কঠিন হবে না। তখন বালচন্দ্রিকা অবন্তিসুন্দরীর রক্ষণাবেক্ষণের জন্যে নিপুণ সখিদের নিযুক্ত করে রাজকুমারের গৃহে উপস্থিত হলেন।

এদিকে কামবাণে হৃদয় বিদ্ধ হওয়ায় রাজবাহনের অবস্থাও শোচনীয়। অঙ্গের উত্তাপে ম্লান হয়ে গেছে পল্লবের শয্যা—তিনিও অবন্তীসুন্দরীর বিষয়েই আলাপ করছিলেন পুষ্পোদ্ভবের সঙ্গে। এমন সময় দেখতে পেলেন, বালচন্দ্রিকা উপস্থিত। রোগনিরাময়ের প্রয়োজনীয় ওষধিরূপ লতাকেই যেন খুঁজে পাওয়া গেল ! হৃষ্ট হলো রাজবাহনের অন্তর। বালচন্দ্রিকা পদ্মকলির মতো করপুট ললাটে ন্যস্ত করে অভিবাদন জানালেন। তারপর রাজবাহনের অনুরোধে নির্দিষ্ট আসনে উপবেশন করে নম্রভাবে সমর্পণ করলেন অবন্তিসুন্দরী-প্রেরিত তাম্বুল। রাজবাহন জিজ্ঞাসা করলেন প্রিয়ার বার্তা। সবিনয়ে বলতে লাগলেন বালচন্দ্রিকা, 'দেব, ক্রীড়াকাননে আপনাকে দেখার পর থেকে রাজকন্যা কামশরে এতই অভিভূতা হয়ে পড়েছেন যে পুষ্পশয্যাতেও তাঁর তাপ দূর হচ্ছে না, খর্বকায়া নারীর পক্ষে যেমন উঁচু ডালের ফল দুর্লভ তেমনি আপনার আলিঙ্গন তাঁর কাছে দুষ্প্রাপ্য হলেও ব্যাকুল কামনায় পত্র লিখে আপনাকে সমর্পণের জন্যে আমাকে পাঠিয়েছেন।'

রাজবাহন সেই পত্র নিয়ে পড়তে লাগলেন, 'হে সুন্দর, জগতে অতুলনীয় আপনার কুসুমসুকুমার রূপ দর্শন করে আমার মন আপনার প্রতি আসক্ত, (আশাকরি) আপনার অন্তরও আমার প্রতি কোমল হবে।' এই লেখা পড়ে রাজকুমার সাদরে বললেন, 'সখি, পুষ্পোদ্ভব ছায়ার মতো আমার অনুসরণকারী ; তুমি তার প্রিয়তমা, আবার হরিণনয়না সেই অবন্তীসুন্দরীরও প্রাণতুল্যা। তোমার চাতুর্যই আমাদের প্রথমদর্শনকে লতাদর্শনকারী আলবালের[১১] মতোই বেষ্টন করে রেখেছিল। যা করলে তোমার অভীষ্ট সিদ্ধ হয় ও বাসনা সফল হয় তা সবই আমি করব। সেই কোমলাঙ্গী আমার মনের কাঠিন্যের ইঙ্গিত দিয়েছেন, কিন্তু সেই উদ্যানে তাঁর দর্শনের পর থেকে তিনিই আমার মন হরণ করে নিয়ে চলে গেছেন। এখন তাঁর নিজের অধীনে মনের মাধুর্য বা কাঠিন্যের কথা তিনি নিজেই বুঝবেন। অন্তঃপুরে প্রবেশ দুঃসাধ্য ব্যাপার ; অতএব উপযুক্ত উপায় স্থির করে আগামীকাল বা পরদিন সেই কোমলাঙ্গীর সঙ্গে মিলিত হব ! এইভাবে

আমার সমস্ত বৃত্তান্ত বলে যাতে তাঁর শিরীষকুসুমের মতো সুকুমার তনুর কোন পীড়া না হয়, সেইরকম আচরণ করবে।'

বালচন্দ্রিকা রাজবাহনের প্রেমপূর্ণ কথা শুনে সন্তুষ্ট হয়ে অন্তঃপুরে ফিরে গেল। রাজবাহনও পুষ্পোদ্ভবের সঙ্গে বিরহবেদনা অপনোদনের জন্যে সেই উদ্যানে গেলেন যেখানে প্রিয়তমার সঙ্গে প্রথম সাক্ষাৎ হয়েছিল। সেখানে তিনি দেখতে লাগলেন সেই বৃক্ষগুলি যেখান থেকে সুনয়না অবন্তীসুন্দরী পুষ্প-পল্লব আহরণ করেছিলেন, সেই স্থান যেখানে সেই ইন্দুমুখী কামদেবের আরাধনা করেছিলেন, সেইসব বালুকাময় প্রদেশ সেই লতাঙ্গীর পদচিহ্নমালায় যারা চিত্রিত হয়েছিল, যা সেই সুদতী উপভোগ করেছিলেন। তিনি স্মরণ করতে লাগলেন তাঁকে দেখে অবন্তিসুন্দরী যেসব হাবভাব প্রকাশ করেছিলেন ; চকিতভাবে দেখতে লাগলেন কামাগ্নি শিখার মতো আম্রপল্লব ; শুনতে পেলেন প্রেমগুঞ্জনের মতো কোকিল, শুক ও ভ্রমরের রব—এইভাবে ভাববিহ্বল হয়ে কোথাও স্থির থাকতে না পেরে ঘুরে বেড়াতে লাগলেন।

সেই সময় একজন ব্রাহ্মণ এলেন সেখানে। পরণে তাঁর সূক্ষ্মবস্ত্র, কর্ণে উজ্জ্বল রত্নকুণ্ডল। মুণ্ডিতমস্তক এক ব্যক্তি ছিল তাঁর সঙ্গে, মনোরম বেশে তাঁকে সুন্দর দেখাচ্ছিল। তিনি এসে দেহকান্তিতে চতুর্দিক উজ্জ্বলকারী রাজবাহনকে দেখে আশীর্বাদ করলেন। রাজকুমার সাদরে তাঁকে প্রশ্ন করলেন, 'আপনি কে ? কোন্ বিদ্যায় নিপুণ ?' তিনি উত্তর দিলেন—'আমার নাম বিদ্যেশ্বর, আমি ইন্দ্রজালবিদ্যা[১২] জানি। রাজাদের মনোরঞ্জনের জন্যে নানাদেশে ভ্রমণ করে এখন উজ্জয়িনীতে এসেছি।'

পুনরায় রাজবাহনকে ভাল করে দেখে সেই আগন্তুক মৃদু হেসে কোন্ অভিপ্রায়ে জিজ্ঞাসা করলেন, 'এই লীলাকাননে আপনার বিষণ্ণতার কারণ কি ?' পুষ্পোদ্ভব ভাবলেন ঐন্দ্রজালিকের চতুরতা নিজেদের উদ্দেশ্য-সিদ্ধির সহায়ক হতে পারে, তাই সাদরে তাকে বললেন, 'সৎ ব্যক্তিদের মধ্যে আলাপ মাত্রেই বন্ধুত্বের সৃষ্টি হয়। এতক্ষণ সুমধুর আলাপের দ্বারা আপনি আমাদের বন্ধুতে পরিণত হয়েছেন। আর বন্ধুর কাছে বলা যায় না এমন কি কথাই বা থাকতে পারে ? এই ক্রীড়াকাননে বসন্ত উৎসব উপলক্ষ্যে আগতা মালবরাজকন্যার সঙ্গে এই রাজকুমারের হঠাৎ সাক্ষাৎ হওয়ায় পরস্পরের প্রতি অত্যন্ত অনুরাগের সঞ্চার হয়েছে। কিন্তু মিলন সার্থক হওয়ার উপায় না থাকায় ইনি এই অবস্থা অনুভব করছেন।' বিদ্যেশ্বর রাজকুমারের লজ্জারক্তিম মুখের দিকে দৃষ্টিপাত করে মৃদু হেসে বললেন, 'দেব, আমি যদি আপনার অনুচর হই, তাহলে আপনার অসাধ্য আর কি থাকতে পারে ? আমি ইন্দ্রজাল বিদ্যায় মালবরাজকে মুগ্ধ করে সমস্ত পুরবাসীদের সামনে তাঁর কন্যার বিবাহ সম্পন্ন করে অন্তঃপুরে প্রবেশের ব্যবস্থা করব। এই বৃত্তান্ত রাজকন্যাকে সখির মাধ্যমে পূর্বেই জানাতে হবে।'

এ-কথা শুনে রাজপুত্র অত্যন্ত সন্তুষ্ট হলেন কারণ বন্ধু, সেই বিদ্যেশ্বর ইন্দ্রজাল বিদ্যায় নিজের কৃতিত্বের কথা প্রকাশ করেছেন ; প্রতারণা, মিথ্যা প্রেম, স্বাভাবিক সোহার্দ বিচারে তিনি অভিজ্ঞ—সুতরাং সেই বিদ্যেশ্বরকে তিনি সম্মানের সঙ্গে বিদায় জানালেন।

তারপর রাজবাহন বিদ্যেশ্বরের কৌশলে নিজ-বাসনা পূর্ণ হওয়া সম্বন্ধে নিশ্চিত হয়ে পুষ্পোদ্ভবের সঙ্গে নিজ-গৃহে ফিরে গেলেন। বালচন্দ্রিকার মাধ্যমে প্রিয়তমার কাছে বিদ্যেশ্বর কর্তৃক কথিত মিলনের উপায় জানিয়ে দিলেন। তারপর কিভাবে এই রজনী

অতিবাহিত করি এই কথা ভাবতে-ভাবতে কৌতুকাবিষ্ট চিত্তে অবস্থান করতে লাগলেন। পরদিন সকালে অভিনয়, গান ও ব্যবহারে নিপুণ বিদ্যেশ্বর নিজের উপযুক্ত বহু অনুগামীদের সঙ্গে রাজপ্রাসাদের দ্বারদেশে উপস্থিত হয়ে দৌবারিকদের নিজের বৃত্তান্ত জানালেন। দ্বারপালেরা মালবরাজকে প্রণাম করে বলল, 'এক ঐন্দ্রজালিক দ্বারে সমাগত।' দর্শনের জন্যে কুতুহলী রাজা উৎসুক অন্তঃপুরবাসীদের সঙ্গে তাকে আহ্বান জানালেন। বিদ্যেশ্বর কক্ষে প্রবেশ করে সবিনয়ে আশীর্বাদ জানিয়ে রাজার অনুমতি লাভ করলেন। অনুচরেরা বাজনা বাজাতে লাগল, মদমত্ত কোকিলের ধ্বনির মতো স্বর বিশিষ্টা গায়িকার সভাসদদের মনোরঞ্জন করে গান করতে লাগল—ময়ূরপাখার চামর[১৩] দোলান হতে লাগল—এইভাবে সপরিবারে রাজাকে মোহাভিভূত করে বিদ্যেশ্বর কিছুক্ষণ চক্ষুমুদ্রিত করে অবস্থান করলেন। তারপর ফণাশোভিত ভয়ঙ্কর সর্পকুল তীব্র বিষোদ্গার করে তাদের মস্তকের মণির প্রভায় রাজপ্রাসাদের ভিত্তিগুলি উদ্ভাসিত করে বিচরণ করতে লাগল। তখন বহু শকুনি চঞ্চুতে সেই সর্পগুলিকে গ্রহণ করে আকাশে উড়তে লাগল। তারপর ব্রাহ্মণ বিদ্যেশ্বর নরসিংহের দ্বারা দৈত্যরাজ হিরণ্য-কশিপুর[১৪] বক্ষ বিদারণরূপ অভিনয়ের পর রাজাকে খুবই আশ্চর্যান্বিত করে বললেন, 'মহারাজ, শেষকালে আপনার একটি শুভ অনুষ্ঠান দেখা উচিত। অতএব বহুবিধ কল্যাণলাভের জন্য আপনার জন্য আপনার কন্যার আকৃতি বিশিষ্ট এক তরুণীর সঙ্গে সর্ব সুলক্ষণযুক্ত রাজকুমারের বিবাহ অনুষ্ঠান সম্পন্ন করব। সেই ঘটনা দর্শনের আগ্রহে রাজা অনুমতি দিলেন। উদ্দেশ্য সিদ্ধির আশায় প্রফুল্লবদন বিদ্যেশ্বর মোহ-উৎপাদক কাজল চোখে দিয়ে চতুর্দিকে দৃষ্টিপাত করলেন। সকলে এই ভেবে মুগ্ধ হতে লাগল যে ঘটনাগুলি সবই ইন্দ্রজালের ব্যাপার। তখন বিদ্যেশ্বর অনুরাগে উৎফুল্ল রাজবাহনের সঙ্গে পূর্ব সংকেত অনুসারে উপস্থিত সালঙ্কারা অবন্তিসুন্দরীকে অগ্নিসাক্ষী করে বিবাহের উপযোগী মন্ত্র-তন্ত্রের দ্বারা সম্মিলিত করে দিলেন।

কার্যসম্পন্ন হয়ে গেলে বিদ্যেশ্বর উচ্চৈস্বরে আদেশ দিলেন, 'হে ইন্দ্রজালবিদ্যায় অভিজ্ঞ সহকারিগণ, তোমরা সকলে চলে যাও।'

তখন সেই মায়ামানবেরা অন্তর্হিত হয়ে গেল। আর রাজবাহন পূর্বে স্থির করা গুপ্ত কৌশলে ইন্দ্রজালসৃষ্ট পুরুষের মতো কন্যান্তঃপুরে প্রবেশ করলেন। মালবরাজ এই ব্যাপারটিতে খুবই বিস্মিত হয়ে বিদ্যেশ্বরকে প্রচুর ধন দিয়ে বিদায় দিলেন। তারপর নিজে গৃহমধ্যে প্রবেশ করলেন।

অবন্তিসুন্দরী প্রিয়সখিদের সঙ্গে রাজবাহনসহ অন্তঃপুরে চলে গেলেন।

এইভাবে দৈব ও মানুষের সাহায্যে রাজবাহনের মনোবাসনা সফল হলো। সরস ও মধুর ব্যবহারে ধীরে-ধীরে সেই হরিণনয়নার লজ্জা দূর করে তাঁর মধ্যে জাগিয়ে তুললেন মিলন-কামনা। গোপনতায় বিশ্বাস জাগিয়ে আলাপের মাধ্যমে প্রিয়ার বচনসুধা পানের আশায় চতুর্দশভুবনের[১৫] বিচিত্র ও চিত্তাকর্ষক বিবরণ শোনাতে লাগলেন রাজবাহন।

॥ শ্রীদণ্ডী-বিরচিত দশকুমারচরিতে 'অবন্তিসুন্দরী পরিণয়' নামক পঞ্চম উচ্ছ্বাস সমাপ্ত ॥

দশকুমারচরিত

মূল অংশ

প্রথম উচ্ছ্বাস

রাজবাহনচরিত

ভুবনের সৃষ্টি-স্থিতি-লয় বিষয়ক কাহিনী শুনে নারীশ্রেষ্ঠা অবন্তিসুন্দরীর চোখদুটি বিস্ময়ে বিস্ফারিত হয়ে উঠল। স্মিতহাস্যে তিনি বললেন. 'প্রিয়তম, তোমার কৃপায় আমার কর্ণেন্দ্রিয় আজ পরিতৃপ্ত। আমার মন থেকে তুমি অজ্ঞানের অন্ধকার দূর করে জ্ঞানের প্রদীপ জ্বালিয়ে দিয়েছ। তোমার পদসেবার ফল এখন লাভ করলাম। এই অনুগ্রহের প্রতিদান দিতে আমি. কী-ই বা করতে পারি? তোমার কাছে আমার অদেয় তো কিছুই নাই। অথবা আমার মতো লোকেরও কোন-কোন ব্যাপারে প্রভুত্ব থেকে যাচ্ছে। আমার ইচ্ছা না হলে তো সরস্বতীর চুম্বনোচ্ছিষ্ট তোমার ওষ্ঠ আমাকে দিয়ে চুম্বন করাতে পারবে না, কিংবা লক্ষ্মীর বক্ষস্পর্শলব্ধ তোমার বক্ষস্থলও আমাকে দিয়ে আলিঙ্গন করাতে পারবে না।'

তারপর বর্ষাকাল আকাশে যেমন মেঘরাজি বিন্যস্ত করে সেইরকম ময়ূরপুচ্ছের তুল্য, পুষ্পসজ্জিত, ভ্রমর পরিব্যপ্ত কেশদাম যুক্তা অবন্তিসুন্দরী গুরু পয়োধর প্রিয়ের বক্ষে স্থাপন করলেন এবং অধীরভাবে কেশরতুল্য রক্তবর্ণ কিরণ বিকীরণকারী কদম্ব-কলির মতো প্রিয়ের অধর চুম্বন করলেন। চুম্বনে প্রকাশিত অনুরাগের সমাপ্তি হলো মধুর মিলনে। ক্লান্ত নিদ্রিত দম্পতি স্বপ্ন দেখলেন, 'এক বৃদ্ধ রাজহংস, তার পা-দুটি মৃণালসূত্রে বাঁধা!' দুজনেই জেগে উঠলেন। দেখা গেল রাজকুমার রাজবাহনের চরণযুগল রৌপ্যশৃংখলে আবদ্ধ; চন্দ্র যেন পদদ্বয়কে পদ্ম ভেবে কিরণরূপ রজ্জু দিয়ে বেঁধে রেখেছেন!

'এ কি!' ভয়বিহ্বলা রাজকন্যা চীৎকার করে কেঁদে উঠলেন। তার ফলে অন্তঃ-পুরিকাগণ এমনভাবে ভয়ে কেঁপে উঠতে লাগল যে মনে হলো যেন আগুন তাদের পরিবেষ্টণ করেছে; কিম্বা পিশাচ আক্রমণ করেছে। তারা বর্তমান ও ভবিষ্যৎ করণীয় বিষয়ে কিছুই স্থির করতে পারছিল না। ঘটনার গোপনতা রক্ষার কথাও ভুলে গেল। ভূমিতে পড়ে নিজেদের দেহে আঘাত করে, উচ্চরোদনে কণ্ঠ বিদীর্ণ করে আকুল হয়ে পড়ল।

সেই তুমুল কোলাহলের সময় অন্তঃপুররক্ষী পুরুষদের প্রবেশের আর কোন নিয়ন্ত্রণ রইল না। 'কী হলো' 'কী হলো' বলতে-বলতে তারা হঠাৎ উপস্থিত হয়েই রাজবাহনকে সেই অবস্থায় দেখতে পেল, কিন্তু তাঁর রূপের প্রভাবে কোন নির্যাতন করতে সমর্থ হলো না। তাই তারা সেই ঘটনা তৎক্ষণাৎ শাসন ভারপ্রাপ্ত চণ্ডবর্মার কাছে নিবেদন করল।

চণ্ডবর্মাও[১] এসে ক্রোধে জ্বলন্ত দৃষ্টিতে দেখে বুঝতে পারলেন, 'এই সেই ব্যক্তি, যে তার অনুজের মৃত্যুর কারণ; তিনি চিনতে পারলেন—পাপিষ্ঠ এই ব্যক্তি বালচন্দ্রিকার স্বামী ধনগর্বী বিদেশী বণিকপুত্র পুষ্পোদ্ভবের বন্ধু; রূপাভিমানী,

কলাবিদ্যার জন্যে গর্বিত। মূর্খ পুরবাসীরা নানারকম প্রতারণায় বশীভূত হয়ে এঁর ওপর মিথ্যা দেবভাব আরোপ করেছে। এ-ব্যক্তি বাইরে ধার্মিকতার ভাণ করলেও অন্তরে পাপাচারী, চপলস্বভাব ও ব্রাহ্মণাধম। তিনি ভাবলেন, পাপীয়সী অবন্তিসুন্দরী তার মতো পুরুষসিংহকে অবজ্ঞা করে কি-না এই ব্যক্তির প্রতি অনুরক্তা হলো। আজই এই কুলটা দুশ্চরিত্রা নারী-পতিকে শূলবিদ্ধ হয়ে মরতে দেখুক, এই বলে ভীষণ ভ্রূকুটিতে ললাট বিকৃত করে কৃষ্ণবর্ণ লৌহদণ্ডের মতো কর্কশ বাহুদ্বারা যমতুল্য চণ্ডবর্মা রাজবাহনের পদ্ম ও চক্ররেখাঙ্কিত হস্তধারন করে সজোরে আকর্ষণ করল। রাজবাহন স্বভাব-শান্ত ও পৌরুষের আশ্রয় স্বরূপ ; তিনি ভাবলেন—'এই দৈবী বিপদের প্রতিকার হচ্ছে সহিষ্ণুতা।' প্রাণত্যাগে উদ্যত প্রাণপ্রিয়াকে এই বলে আশ্বাস দিলেন—'হংস-গামিনি, সেই হংসের কাহিনী মনে কর। দু-মাস মাত্র বিচ্ছেদের দুঃখ সহ্য করে নাও।'

এরপর তিনি শত্রুর বশ্যতা স্বীকার করে নিলেন। এই সংবাদ শুনে মালবরাজ ও রাজ্ঞী অত্যন্ত কাতর হয়ে পড়লেন। কিন্তু জামাতার আকৃতি দেখে তারা পক্ষপাতযুক্ত হয়ে পড়লেন ; তারা হত্যায় ইচ্ছুক চণ্ডবর্মার হাত থেকে তাঁকে রক্ষা করার চেষ্টায় রইলেন—'এঁর অনিষ্ট হলে আমরা প্রাণ বিসর্জন করব।' কিন্তু ক্ষমতা না থাকায় বিপদ থেকে উদ্ধার করতে পারলেন না।

কোপনস্বভাব চণ্ডবর্মা এই সমস্ত বৃত্তান্ত কৈলাসপর্বতে তপস্যারত দর্পসারকে (অবন্তিসুন্দরীর জ্যেষ্ঠ ভ্রাতা) জানালেন। তারপর পুষ্পোদ্ভবের সমস্ত আত্মীয়দের বন্দী করে তাদের সর্বস্ব অপহরণ করলেন। দেবতুল্য রাজবাহনকে সিংহশিশুর মতো কাষ্ঠপিঞ্জরে আবদ্ধ করলেন। মস্তকে কেশরাজির মধ্যে রক্ষিত (কালিন্দী প্রদত্ত) মণির[২] প্রভাবে ক্ষুৎপিপাসাদি কষ্টের হাত থেকে রাজবাহন মুক্ত ছিলেন।

চণ্ডবর্মা অঙ্গদেশের[৩] রাজকন্যার পাণিপ্রার্থনা করায় অঙ্গরাজ প্রত্যাখ্যান করেছিলেন। তাই তাঁকে শাস্তিদানের জন্যে যুদ্ধযাত্রা করার সময় চণ্ডবর্মা অন্য কারও ওপর বিশ্বাস না থাকায় পিঞ্জরাবদ্ধ রাজবাহনকে সঙ্গে নিয়ে চললেন। তাঁর সৈন্য পদভারে কম্পিত হলো অঙ্গরাজধানী চম্পানগরী। সিংহের মতো পরাক্রমশালী চম্পেশ্বর সিংহবর্মা প্রাচীর অতিক্রম করে বিশালবাহিনীসহ নির্গত হলেন। তাঁর প্রেরিত দূতদের দ্বারা আমন্ত্রিত হয়ে নানা দেশের রাজারা সাহায্যের জন্যে দ্রুত এগিয়ে আসছিলেন। অল্প সময়ের মধ্যেই তাঁদের উপস্থিতির সম্ভাবনা থাকলেও তিনি অপেক্ষা করলেন না ; প্রত্যক্ষ গর্বের মূর্তির মতোই অসহিষ্ণুভাবে বিপক্ষ সৈন্যদের আক্রমণ করে বসলেন। এই যুদ্ধে সিংহবর্মার সমস্ত সৈন্য বিনষ্ট হয়ে গেল এবং অজস্র অস্ত্রাঘাতে অসাধারণ প্রাণশক্তিসম্পন্ন চণ্ডবর্মা লম্ফ দিয়ে তাঁকে ধরে ফেললেন যেমন এক হস্তী আরেক হস্তীকে ধরে আনে।

সিংহবর্মার কন্যা রমণীরত্ন অম্বালিকার প্রতি গভীর প্রেমবশত তাঁর প্রাণ বিনষ্ট করলেন না, তবে অস্ত্রের অংশগুলি দেহ থেকে মুক্ত করে কারাগারে আবদ্ধ করে রাখলেন। দৈবজ্ঞদের দ্বারা গণনা করিয়ে স্থির করলেন—আজই রাত্রিশেষে রাজকন্যার বিবাহ নিষ্পন্ন করতে হবে।

বিবাহপূর্বের মাঙ্গলিকবিধি প্রায় শেষ, এমন সময় কৈলাস পর্বত থেকে এণজঙ্ঘ নামে এক দ্রুতগামী দূত ফিরে এসে প্রভু দর্পসারের আদেশ জানাল—'মূঢ়, যে অন্তঃপুরের শুচিতা দূষিত করেছে তার প্রতি কৃপার কোন অবকাশ আছে কী ?

স্থবির রাজা, বার্ধক্যের জন্যে যাঁর মান-অপমানের জ্ঞান লুপ্ত হয়েছে, তিনি যদি দুশ্চরিত্রা কন্যার প্রতি পক্ষপাতবশত কিছু প্রলাপ বকেন তোমার কি তাকে অনুমোদন করা উচিত ? অবিলম্বে সেই কামোন্মত্তের হত্যার সংবাদ প্রেরণ করে আমার শ্রবণের আনন্দ বিধান করবে। আর সেই দুষ্টা কন্যাকে কনিষ্ঠ ভ্রাতা কীর্তিসারের সঙ্গে শৃঙ্খলাবদ্ধ করে কারাগারে রুদ্ধ করে রাখবে।'

এই কথা শুনে চণ্ডবর্মা আদেশ দিলেন—'এই দুরাত্মা অন্তঃপুরের শুচিতা কলঙ্কিত করেছে, ওকে প্রভাতেই রাজপ্রাসাদের দ্বারে উপস্থিত করবে। মাতঙ্গপতি চণ্ডপোতকেও উপযুক্ত বেশে সজ্জিত করে উপস্থিত করবে। বিবাহের অনুষ্ঠান শেষ হওয়া মাত্রই ওই অনার্যকে (রাজবাহনকে) চণ্ডপোতের ক্রীড়নকে পরিণত করব, তারপর ঐ হস্তীর উপর আরোহণ করে শত্রুর সাহায্যের জন্যে ধন ও বাহন সহ আগত রাজন্যবৃন্দকে বাধাদান করব।' এই বলে পার্শ্বচরদের প্রতি আদেশের ভঙ্গিতে তাকালেন।

পরদিন ঊষাকালেই রাজপুত্র রাজবাহনকে রক্ষিগণ রাজপ্রাসাদের প্রাঙ্গণে উপস্থিত করলেন। মদস্রাবী চণ্ডপোতকেও হাজির করানো হলো। ঠিক সেই মুহূর্তেই রাজবাহনের পদদ্বয় থেকে রৌপ্যশৃঙ্খল খুলে গেল। সেই শৃঙ্খল চন্দ্রকলাতুল্য এক অপ্সরায় পরিণত হয়ে তাঁকে প্রদক্ষিণ করে করজোড়ে বলতে লাগল, 'প্রভু, প্রসন্নচিত্তে আমার কথা শুনুন। আমি সোমরশ্মি নামে গন্ধর্বের কন্যা ; আমার নাম সুরতমঞ্জরী। কোন একদিন যখন আমি আকাশপথে বিচরণ করছিলাম তখন পদ্মলোভী এক ভ্রান্ত কলহংস আমার মুখের অনুসরণ করে আসছিল। তাকে বাধা দেওয়ার চাঞ্চল্যবশত আমার কণ্ঠহার ছিন্ন হয়ে গেল। সেই সময় মহর্ষি মার্কণ্ডেয় হিমালয়ের অল্পজলযুক্ত সরোবরে স্নান করছিলেন। তাঁর কেশের শুভ্রতাকে যেন দ্বিগুণ বর্ধিত করে সেই হার তাঁর মস্তকে পতিত হলো। তখন ক্রুদ্ধ ঋষি অভিশাপ দিলেন—পাপিষ্ঠা, চৈতন্যহীন হয়ে ধাতুপদার্থে পরিণত হও। অনেক অনুনয়-বিনয় করার পর তিনি জানালেন যে দু-মাস মাত্র আপনার (রাজবাহনের) পদযুগলে বন্ধন রজ্জু রূপে থাকার পর এই বিপদ কেটে যাবে, পঞ্চেন্দ্রিয়ের শক্তিও হ্রাস পাবে না।

আমি কৈলাস পর্বতে রৌপ্য-শৃঙ্খলে পরিণত। হয়তো গুরুতর কোন পাপের জন্যেই ইক্ষ্বাকু বংশের রাজা বেগবানের পৌত্র, মানসবেগের পুত্র বীরশেখর নামে বিদ্যাধর আমাকে কুড়িয়ে পেয়ে আত্মসাৎ করল। তারপর বৎসরাজবংশীয় বিদ্যাধররাজ নরবাহনদত্তের সঙ্গে পৈতৃক সূত্রে শত্রুতা থাকায় বীরশেখর এই ভেবে তপস্যারত দর্পসারের সঙ্গে মিত্রতা করল যে সে (দর্পসার) নরবাহনদত্তের অপকার করতে পারবে। দর্পসারও নিজ ভগিনী অবন্তিসুন্দরীকে তার হস্তে প্রদানের প্রতিশ্রুতি দিলেন।

একদিন আকাশ জ্যোৎস্নায় উজ্জ্বল হয়ে উঠলে মানসীপ্রিয়া অবন্তিসুন্দরীকে দেখার ইচ্ছায় কামার্ত বীরশেখর ইন্দ্রভবনের তুল্য (মালবরাজের) অন্তঃপুরে উপস্থিত হলো। তিরস্করিণী বিদ্যায় অদৃশ্য হয়ে এসে দেখতে পেল—ত্রিভুবনের সৃষ্টি-স্থিতি-লয় বিষয়ক অমৃতবাণী শুনে অনুরাগপূর্ণ চিত্তা অবন্তিসুন্দরী ক্লান্তভাবে আপনার ক্রোড়ে শায়িতা। দুজনে আলিঙ্গনাবদ্ধ হয়ে সুখে নিদ্রিত আছেন দেখে সে খুব ক্রুদ্ধ হলেও আপনার আকৃতির প্রভাবে পীড়নের ইচ্ছা রোধ করতে বাধ্য হলো। কিন্তু যেন দৈববশেই উৎসাহিত হয়ে রৌপ্যশৃঙ্খলরূপী আমাদ্বারা আপনার চরণদ্বয় আবদ্ধ করে

সরোষে দ্রুতবেগে প্রস্থান করল। আজ আমার শাপের অবসান ঘটেছে। এই দুই মাস আপনার অধীনে ছিলাম, এখন প্রসন্ন হয়ে বলুন আমি আপনার জন্যে কী করতে পারি।' এই কথা বলে সুরতমঞ্জরী প্রণিপাত করলেন। 'প্রাণপ্রিয়া অবন্তি-সুন্দরীকে আমার বন্ধনমুক্তির সংবাদ জানিয়ে আশ্বস্ত কর।' এই বলে রাজবাহন তাকে বিদায় দিলেন।

তৎক্ষণাৎ এক কোলাহল শোনা গেল। সিংহবর্মার কন্যা অম্বালিকার পাণিগ্রহণের ইচ্ছায় বাহু প্রসারিত করা মাত্রই কোন এক দুঃসাধ্য সাধনকারী দস্যু সজোরে সেই বাহু আকর্ষণ করে ছুরিকা প্রহারে চণ্ডবর্মাকে নিহত করেছে। তারপর রাজপ্রাসাদের দ্বার শত-শত শবে আকীর্ণ করে নির্ভয়ে বিচরণ করছে। এ-কথা শুনে রাজবাহন মাহুতকে দূরে সরিয়ে দিয়ে নিজে সেই মত্ত হস্তীতে আরোহণ করে দ্রুত রাজপ্রাসাদের দিকে অগ্রসর হলেন। হস্তীর বেগে পদাতিক সৈন্যরা সরে গিয়ে পথ করে দিল। প্রাসাদের অভ্যন্তরে পুঞ্জীভূত মেঘগর্জনের মতো গম্ভীর স্বরে রাজবাহন ঘোষণা করলেন, 'কে সেই মহাশক্তিধর পুরুষ যিনি মানুষমাত্রেরই দুঃসাধ্য এই কাজ সম্পন্ন করেছেন? তিনি এগিয়ে আসুন, আমার সঙ্গে এই মত্ত হস্তীতে আরোহণ করুন। আমার কাছে থেকে দেবতা-দানবদের সঙ্গে যুদ্ধ করলেও কোন ভয় নাই।' এ-কথা শুনে সেই পুরুষ আনন্দিত হয়ে করজোড়ে এগিয়ে এলেন; হস্তসংকেতে হস্তী দেহ কুঞ্চিত করে নিচু করায় রাজবাহনকে স্পর্শ না করেই হস্তীতে আরোহণ করলেন।

আরোহণকারীকে দেখে আনন্দে উৎফুল্ল হয়ে বাজবাহন বললেন, 'একি, এসো প্রিয় সখা অপহারবর্মা!' তারপর পশ্চাতে উপবিষ্ট অপহারবর্মার হস্তদ্বয় নিজ বাহুমূলের তলদেশ দিয়ে আকর্ষণ করে নিজেকে আলিঙ্গন করালেন এবং নিজের বাহুদ্বয় পশ্চাতে প্রসারিত করে তাকে বেষ্টন করলেন। আলিঙ্গনের পরই নিজেকে সংযত করে নিয়ে অপহারবর্মা বাণ-চক্র-কণপ-কর্পণ-প্রাস-পট্টিশ-মুষল-তোমর প্রভৃতি অস্ত্রসমূহ নিক্ষেপ করে বলদর্পিত শত্রুপক্ষীয় আক্রমণশীল যোদ্ধাদের, যারা নানাভাবে যুদ্ধ করছিল, তাদের ভূমিতলে নিক্ষেপ করলেন। পরমুহূর্তেই দেখা গেল অন্য কোন একজন নিজের অগ্রগামী সৈন্যদের দ্বারা ঐ বিপক্ষ সৈন্যদের বেষ্টন করে ফেলেছে।

তারপর দেখা গেল স্থলপদ্মের মতো সুগৌর বর্ণবিশিষ্ট এক ব্যক্তি নিপুণ হস্তের বাণ বর্ষণে শত্রুপক্ষকে অভিভুত করে ফেললেন তার কেশ কুরুবিন্দের[৫] মতো কৃষ্ণ, স্নিগ্ধ নীল চক্ষুদ্বয় আকর্ণ বিস্তৃত, কটিতটে রত্নছুরিকা, পরণে পট্টবস্ত্র—তার কটি ক্ষীণ ও বক্ষ বিশাল। তারপর পাদাঙ্গুষ্ঠ দিয়ে বেগমান গজের কর্ণ তাড়না করে তাতে আরোহণ করে রাজবাহনের নিকটে এগিয়ে এলেন। উপরে লব্ধ উপদেশহেতু বুঝতে পারলেন—ইনিই নিশ্চয় রাজকুমার রাজবাহন, কৃতাঞ্জলিপুটে তাঁকে প্রণাম জানিয়ে অপহারবর্মার দিকে দৃষ্টিপাত করে বললেন, 'আপনার আদেশ অনুসারে অঙ্গরাজকে সাহায্যদানের জন্যে আগত রাজন্যবৃন্দকে এখানে উপস্থিত করেছি; শত্রুসৈন্যকে এমনভাবে নিহত ও বিধ্বস্ত করেছি যে এখন স্ত্রীলোক বা বালকেরাও তাদের অস্ত্র-সস্ত্র কেড়ে নিতে পারে। এখন আর কি করণীয় আছে?'

অপহারবর্মা আনন্দিত হয়ে রাজবাহনকে বললেন, 'দেব, এই সেবকের প্রতি দৃষ্টিপাত করে অনুগৃহীত করুন। এই ব্যক্তির নাম ধনমিত্র; আমার মতোই একে মনে করবেন—শুধু নামেই যা পার্থক্য। এ আজই অঙ্গরাজকে কারাগার থেকে মুক্ত করে ইতস্তত

বিক্ষিপ্ত তাঁর সৈন্য, বাহন ও ভাণ্ডার একত্র করে আমাদের পক্ষের এই রাজন্যবৃন্দের সঙ্গে এসে নির্জন স্থানে সুখে উপবিষ্ট আপনার সেবা করুক, যদি এতে কোন দোষ না মনে করেন।'

'তোমার যেরূপ অভিরুচি'—এই বলে রাজবাহন অপহারবর্মার প্রদর্শিত পথে নগরের বাইরে এসে বিশাল বটগাছের নিচে রেশমকোমল শুভ্র বালুকাময় স্থানে হস্তী থেকে অবতরণ করলেন। গঙ্গাতরঙ্গবাহী বায়ু প্রবাহিত হওয়ায় স্থানটি ছিল শীতল। প্রথমে অপহারবর্মা নেমে স্বহস্তে স্থানটি সমান করে দিলেন ; শ্বেতহস্তিতুল্য রাজবাহন স্ফটিকশুভ্র ভাগীরথী তীরে সুখে উপবেশন করলেন।

উপহারবর্মা—অর্থপাল—প্রমতি—মিত্রগুপ্ত—মন্ত্রগুপ্ত—বিশ্রুত, মিথিলারাজ প্রহারবর্মা, কাশীরাজ কামপাল, চম্পেশ্বর সিংহবর্মা—এঁদের সকলকে সঙ্গে নিয়ে এসে ধনমিত্র উপবিষ্ট রাজবাহনকে প্রণাম করলেন। রাজবাহনও সানন্দে উঠে দাঁড়িয়ে বললেন—'কি সৌভাগ্য ! সমস্ত মিত্ররাই উপস্থিত হয়েছেন।' তারপর জ্যেষ্ঠের আশীর্বাদ, কনিষ্ঠের নমস্কার ইত্যাদি সমাপ্ত হলে তিনি সকলকে গাঢ় আলিঙ্গনে আবদ্ধ করলেন। কাশীরাজ, মিথিলাপতি ও অঙ্গরাজের সঙ্গে পরিচিত হওয়ার পর তাঁদের প্রতি পিতৃতুল্য সম্মান প্রদর্শন করলেন, তাঁরা আনন্দে শুভ্রকেশ কম্পিত করে দ্রুত আলিঙ্গন করলে রাজবাহন খুবই হৃষ্ট হয়ে উঠলেন।

এবার প্রীতিপূর্ণ আলাপ শুরু হলো। প্রিয়বন্ধুদের দ্বারা অনুরুদ্ধ হয়ে নিজের সোমদত্ত ও পুষ্পোদ্ভবের কাহিনী বর্ণনা করে ক্রমশ মিত্রদের বৃত্তান্ত শোনার প্রস্তাব এনে তাদের নিজ-নিজ বিবরণ শোনাতে আদেশ দিলেন। প্রথম শুরু করলেন অপহারবর্মা।

॥ শ্রীদণ্ডী বিরচিত 'দশকুমারচরিতে' 'রাজবাহনচরিত' নামে প্রথম উচ্ছ্বাস সমাপ্ত ॥

× × × × × × × × × × × × **দ্বিতীয় উচ্ছ্বাস** × × × × × × × × × × × ×

অপহারবর্মাচরিত

দেব, আপনি মাতঙ্গ নামে ব্রাহ্মণের উপকারের জন্যে পাতালে প্রবেশ করার পর (আপনাকে না দেখতে পেয়ে) অন্য বন্ধুরা আপনার অন্বেষণে নানা দিকে রওনা হয়ে গেল। আমিও ঘুরতে-ঘুরতে অঙ্গদেশে এসে পড়লাম। রাজধানী চম্পানগরীর বাইরে গঙ্গার তীরে আলাপরত লোকদের কাছ থেকে জানতে পারলাম যে তপস্যার প্রভাবে দিব্যদৃষ্টি সম্পন্ন মরীচি নামে এক মহর্ষি আছেন। আপনার গন্তব্য জানার ইচ্ছায় তাঁর কাছে গেলাম।

আশ্রমে এসে দেখতে পেলাম ছোট একটি আমগাছের ছায়ায় দুঃখে মলিন এক তাপস বসে আছেন। তিনি অতিথিরূপে আমাকে অভ্যর্থনা জানালেন। কিছুক্ষণ বিশ্রামের পর তাঁকে বললাম, 'ভগবান মরীচি কোথায় ? তাঁর কাছ থেকে আমি বিদেশগত এক বন্ধুর গন্তব্যের সন্ধান জানতে চাই। কারণ এই ঋষি আশ্চর্য জ্ঞানশক্তির জন্য পৃথিবীতে বিখ্যাত।' তিনি তখন উষ্ণ দীর্ঘশ্বাস ফেলে বললেন, এই আশ্রমে এইরকম এক মহর্ষি ছিলেন বটে। কিন্তু একবার কামমঞ্জরী নামে রাজধানীর

অলঙ্কার তুল্য এক গণিকা অশ্রুধারায় বক্ষ সিক্ত করে, দীর্ঘকেশ ভূমিতে লুণ্ঠিত করে তাঁকে প্রণাম করল। সে-সময় তার মা ও অন্যান্য আত্মীয়রা তাকে অনুসরণ করে সেখানে উপস্থিত হলো। দয়ালু ঋষি তাদের মিষ্টি কথায় আশ্বস্ত করে সেই গণিকার দুঃখের কারণ জিজ্ঞাসা করলেন। সেও ঋষির প্রতি যথাযথ সম্মান প্রকাশের পর যেন লজ্জায় ও দুঃখে অভিভূত হয়ে বলতে লাগল, 'ভগবন্, আমি ঐচ্ছিক সুখভোগে অনধিকারী কিন্তু পারলৌকিক মঙ্গলের জন্য আপনার চরণে শরণ নিলাম কারণ দুঃখীজনের প্রতি অনুগ্রহের জন্য আপনি সুপরিচিত।' তার মা তখন ভূমি স্পর্শ করে উঠে দাঁড়াল, বার্ধক্যে ধূসর কেশরাশি তার তখন গ্রন্থিমুক্ত; সে করজোড়ে বলতে শুরু করল—'বৃত্তি অনুযায়ী কর্তব্য করতে আমি তাকে উৎসাহিত করেছি, কেবল এইটুকুই আমার অপরাধ। গণিকার মাতার প্রধান কর্তব্য এই—জন্মের পর থেকেই দেহের পরিচর্যা কি করে করতে হয় তা শেখাতে হবে . এ-ছাড়া আছে উপযুক্ত খাদ্যের সাহায্যে অঙ্গের শ্রীবৃদ্ধি সাধন—যাতে দেহের দীপ্তি, শক্তি, বর্ণ এবং বুদ্ধি পুষ্ট হয়ে উঠতে পারে—যাতে মেজাজ ঠিক থাকে, উদরাগ্নির তৃপ্তি হয় এবং দেহের প্রধান রস প্রবাহগুলির সাম্য বিহিত হয়। এছাড়াও অন্য বক্তব্য আছেঃ জন্মের পর পাঁচ বছর বয়স থেকে জন্মদাতা পিতার সঙ্গেও যাতে অধিক সাক্ষাৎ না হয় তার ব্যবস্থা করা; জন্মদিনে এবং অন্যান্য শুভদিনে মহোৎসব রূপে চিহ্নিত মঙ্গলানুষ্ঠানগুলি পালন করা। কামশাস্ত্রের বিভিন্ন শাখায় তাকে দীক্ষিত করা এবং নৃত্য, সঙ্গীত, গীত, যন্ত্রবিদ্যা, অভিনয়, চিত্রনবিদ্যা এবং সেই সঙ্গে বিভিন্ন গন্ধদ্রব্য ও খাদ্য প্রস্তুতি বিষয়ে শিক্ষাদান করাও মায়েরই কর্তব্য। তাছাড়া, লেখাপড়া শেখানো, কিভাবে সুষ্ঠুভাবে আত্মপ্রকাশ করতে হয়, ব্যাকরণ, দর্শন ও জ্যোতিষশাস্ত্রের মূল বিষয়গুলিতে অভিজ্ঞ করে তোলা —এসব তো আছেই।

জীবিকার জন্য নির্বাচিত বৃত্তি বিষয়ে দীক্ষিত করতে গিয়ে বিচিত্র লীলাভঙ্গি, ভাগ্যের খেলায়, জীবনের সংগ্রামে শিক্ষিত করে তোলাও মায়েরই কাজ। বিশ্বাসভাজন ব্যক্তিদের কাছে যাতে কন্যা কামলীলায় ও কামশাস্ত্রে প্রত্যক্ষ জ্ঞান অর্জন করতে পারে —সেদিকেও মায়ের দৃষ্টি থাকে। সযত্নে সজ্জিত হয়ে, অনুচর পরিবৃত হয়ে লোকানুষ্ঠানগুলিতে যাতে সে অংশ গ্রহণ করে মা সেদিকেও দৃষ্টি রাখেন। বিভিন্ন উপলক্ষ্যে উপযুক্ত সঙ্গীত বিদ্যায় তাকে অভিজ্ঞদের কাছে নৈপুণ্য লাভ করতে হবে—নানা কৌশলে বিভিন্ন বিদ্যায় অভিজ্ঞ ব্যক্তিগণ সর্বত্র তার প্রচার করবেন—হস্তরেখা বিশারদ এবং জ্যোতির্বিদ পণ্ডিতগণ তাকে সর্বসুলক্ষণযুক্তা বলে ঘোষণা করবেন।

পীঠমর্দ বিট-বিদূষক ও পরিব্রাজিকাদের দ্বারা নাগরিক পুরুষদের মধ্যে রূপ, স্বভাব, শিল্পচাতুর্য, বাক্যের মাধুর্য ইত্যাদি প্রচার করা, কোন যুবকের বাসনার পাত্রী হলে তার কাছ থেকে প্রচুর ধন আদায় করে তাকে আনা, ভাবান্মত্ত ও অনুরাগে মুগ্ধ এমন স্বাধীন ব্যক্তিকে কন্যাপ্রদান যে জাতি, রূপ, বয়স, অর্থ, শক্তি, পবিত্রতা, ত্যাগশীলতা, নিপুণতা, সরলতা, শিল্পগুণ, সচ্চরিত্রতা ও আলাপপ্রিয়তায় বিশিষ্ট। অতিশয় গুণবান ও প্রাজ্ঞ ব্যক্তি যদি স্বাধীন নাও হয় তাহলে সামান্য ধনের বিনিময়েও 'অনেক পাওয়া গেছে' মনে করে তার হাতে কন্যা সমর্পণ, পরাধীন কোন লোকের সঙ্গে গান্ধর্ব বিধিমতে মিলন হলে তার অভিভাবকের কাছ থেকে টাকা আদায় করা, আকৃষ্ট-জন যদি অর্থ না দেয় তাহলে তাকে রাজার কাছে বা বিচারালয়ে অভিযুক্ত করা,

একান্ত অনুগত লোকের প্রতি কন্যাকে সতীর নিয়ম পালন করান, উপনায়কের যে-ধন উপহার রূপে পাওয়া গেছে, তাছাড়া অবশিষ্ট সম্পদ নানা উপায়ে অপহরণ করা, লোভী কিন্তু কৃপণ লোকের সঙ্গে কলহ করা—প্রতিবেশীদের দ্বারা তাকে অর্থদানে উৎসাহিত করা, নির্ধন ব্যক্তিকে কটুকথা বলে, লোকসমাজে হেয় করা ; এছাড়া লজ্জা দিয়ে, কন্যাকে আবদ্ধ রেখে বিচারালয়ে অভিযোগ এনে অপমানিত করে দূর করার পর শুল্কদানে সক্ষম, বিপদ নিবারণে সমর্থ ধনী প্রশংসাযোগ্য কোন ব্যক্তির সঙ্গে কন্যাকে মিলিত করান—এইরকম আরও অনেক কিছু।

গণিকা নায়কের প্রতি মিলনের ইচ্ছা প্রকাশ করবে, কিন্তু মিলিত হবে না, অনুরাগ থাকলেও মাতা মাতামহীর আদেশ লঙ্ঘন করবে না,—এইরকম নিয়ম থাকা সত্ত্বেও আমার এই কন্যা বিধাতানির্দিষ্ট ধর্ম অতিক্রম করে বিদেশী এক রূপবান দরিদ্র যুবকের সঙ্গে নিজের অর্থ ব্যয় করেই একমাস কাটিয়েছে। ফলে ধনবান নায়করা প্রত্যাখ্যাত হওয়ায় ক্রুদ্ধ। এর আত্মীয়রাও কষ্টে পড়েছে। আমি যখন নিবৃত্ত করার জন্যে বললাম—'তোমার এই কুবুদ্ধি ভাল নয়'—তখন রেগে সে বনবাসে চলে গেল। এখন এই সংকল্প যদি না ত্যাগ করে, তাহলে নিরুপায় আমাদের অনশনে মরতে হবে।' এই বলে কামমঞ্জরীর মা কাঁদতে লাগল।

ঋষি অনুকম্পা বশত কামমঞ্জরীকে বললেন, 'ভদ্রে, এই বনবাস খুবই কষ্টকর, এর ফল মুক্তি অথবা স্বর্গ। প্রথমটি তত্ত্বজ্ঞানলভ্য, অত্যন্ত দুঃসাধ্য। দ্বিতীয়টি অর্থাৎ স্বর্গ কুলধর্মের আচরণকারী সকলের পক্ষেই লাভ করা সম্ভব। অতএব মুক্তির ইচ্ছা থেকে বিরত হয়ে মাতার মতানুসারে চল।' উত্তরে কামমঞ্জরী খুবই বিচলিত হয়ে বলল, 'আমি হতভাগিনী, যদি আপনার পদতলে আশ্রয় না পাই তাহলে অগ্নিদেবই আমার শরণ হোন।' ঋষি তখন কিছু চিন্তা করে তার মাকে বললেন, 'তোমরা এখন ফিরে যাও, কিছুদিন অপেক্ষা কর। এই সুখে অভ্যস্থা কোমলা বালিকা বনবাসের ক্লেশে কিছুদিনের মধ্যেই কাতর হয়ে পড়বে। আমরাও বারবার বুঝিয়ে বলতে থাকলে নিশ্চয় প্রকৃতিস্থ হবে।'

'তাই হোক্' এই বলে তার আত্মীয়রা বিদায় নিল। কামমঞ্জরী ঋষির প্রতি খুবই ভক্তির ভাব দেখাতে লাগল। সে শুদ্ধ বস্ত্র পরে, শরীর সংস্কারের প্রতি উদাসীন হয়ে আশ্রম তরুদের জলসেচন, পূজার পুষ্পচয়ন, মহাদেবের আরাধনায় নৃত্যগীতবাদ্য, গন্ধমাল্য ও বিভিন্ন উপচারের আয়োজন ইত্যাদি কাজে ব্যস্ত হয়ে পড়ল। নির্জনে ধর্মার্থকাম সম্বন্ধে ও আত্মতত্ত্ব বিষয়ে আলোচনা করে অল্প সময়ের মধ্যেই ঋষিকে নিজের প্রতি আকৃষ্ট করে তুলল।

কামমঞ্জরী ঋষি মরীচিকে অনুরক্ত বুঝতে পেরে একদিন নির্জনে মৃদু হেসে বলল, 'লোকেরা মূর্খ, তাই ধর্মের সঙ্গে অর্থ ও কামকে স্থান দেয়।' তপস্বী তখন তাকে জিজ্ঞাসা করলেন সে কোন্ অংশে ধর্মকে কাম ও অর্থ থেকে বড় বলে মনে করে। কামমঞ্জরী যেন লজ্জাবশতই ধীরে-ধীরে বলতে থাকল—'আমার মতো (তুচ্ছ) লোকের কাছ থেকে আপনার কি ত্রিবর্গের প্রবলতা ও দুর্বলতার জ্ঞান সম্ভব? অথবা প্রকারান্তরে দাসীর প্রতি অনুগ্রহ প্রকাশ? যাই হোক্ শুনুন। ধর্ম ব্যতীত অর্থ ও কামের উৎপত্তি সম্ভব নয় কিন্তু অর্থ কাম ব্যতিরেকেই ধর্ম নিবৃত্তি-সুখ উৎপাদনে সমর্থ ও বাহ্য কোন কারণের প্রতি নির্ভরশীল নয়। আবার ধর্ম বর্দ্ধিত হয় তত্ত্বজ্ঞানের

দ্বারা, তাই অর্থ ও কাম কখনও তা নষ্ট করতে পারে না। তবে কিছু ফল কোন কারণে ক্ষয় পেলেও তা আবার অল্প আয়াসেই পূরণ করে নেওয়া চলে। এইভাবে দোষ নষ্ট হওয়ায় ধর্ম বহুতর মঙ্গলের আকর হয়। দেখুন—

পিতামহ ব্রহ্মার তিলোত্তমার প্রতি কামনা[২], মহাদেবের সহস্র ঋষিপত্নী গমন[৩], কৃষ্ণ-রূপী নারায়ণের ষোল হাজার নারীর সঙ্গে বিহার[৪], প্রজাপতির নিজ কন্যার প্রতি প্রণয় প্রবৃত্তি[৫], ইন্দ্রের অহল্যা কামনা[৬], চন্দ্রের গুরুপত্নী গমন[৭], সূর্যের বড়বারূপী অশ্বের সঙ্গে মিলন[৮], বায়ুর বানর পত্নী অঞ্জনাগ্রহণ[৯], বৃহস্পতির জ্যেষ্ঠভ্রাতা উতথ্যের পত্নীকে অংকশায়িনী করা[১০], পরাশর কর্তৃক দাসকন্যা সত্যবতীর কুমারীত্ব হরণ[১১], ব্যাসের ভ্রাতা বিচিত্রবীর্যের পত্নী অম্বা ও অম্বালিকার সঙ্গে মিলিত হওয়া[১২], ঋষি অত্রির মৃগী সংগম[১৩]—ইত্যাদি কাহিনী কে না জানে? দেবতারা সমুদ্র মন্থন, অমৃত পান ইত্যাদি ব্যাপারে অসুরদের বঞ্চনা করেছিলেন; কিন্তু প্রজ্ঞাবলে বলীয়ান হওয়ায় তাঁদের ধর্ম-পীড়া ঘটেনি আকাশে যেমন ধূলিস্পর্শ সম্ভব নয়, তেমনি ধর্মজ্ঞান হেতু পবিত্র মনে কখনও মালিন্য স্থায়ী হতে পারে না। সেইজন্যেই আমার মনে হয় অর্থ কাম ও ধর্মের শতাংশের একাংশও স্পর্শ করতে অসমর্থ।'

—একথা শুনে অনুরাগপূর্ণ চিত্তে মরীচি বললেন, 'অয়ি বিলাসিনি, যথার্থই বুঝেছ, বিষয় সম্ভোগের দ্বারা তত্ত্বজ্ঞানীদের ধর্ম নষ্ট হয় না। কিন্তু আমি তো জন্ম থেকেই অর্থ ও কামের বিষয়ে অনভিজ্ঞ। এই দুই বর্গের লক্ষণ কি, উৎপত্তির কারণ কি, ফলই বা কি—জানতে হবে।'

কামমঞ্জরী বলল, 'যে বস্তু অর্জন, বর্ধন ও পরিপালন করতে হয় তা অর্থ। কৃষি—পশুপালন—বাণিজ্য—সন্ধি—বিগ্রহ ইত্যাদি অর্থাগমের কারণ। সৎপাত্রে দান অর্থের ফল।

বিষয়ে আসক্ত স্ত্রী-পুরুষের অতিশয় সুখকর স্পর্শ বিশেষই কাম। পৃথিবীতে সুন্দর ও উজ্জ্বল যত কিছু আছে সবই কাম উদ্দীপনের কারণ; ফল আছে পরম আহ্লাদজনক পরস্পরের মর্দন-জনিত সুখ, যা স্মরণেও মধুর, অভিমান উৎপন্নকারী, সর্বোত্তম এবং কামীজনের দ্বারাই প্রত্যক্ষভাবে জ্ঞেয়। এর জন্যে বিশিষ্ট জনেরাও কষ্টকর তপস্যা, প্রচুর দান, দারুণ যুদ্ধ, ভয়ংকর সমুদ্র-লঙ্ঘন প্রভৃতি কঠিন কাজ করে থাকেন।'

—একথা শুনে ঋষি হয় দৈববশে, নয় তো কামমঞ্জরীর কৌশলে, কিম্বা নিজের মন্দ বুদ্ধির জন্যে ব্রহ্মচর্যাদি নিয়মের অবহেলা করে গণিকার প্রতি আসক্ত হয়ে পড়লেন।

কামমঞ্জরী তখন সেই কর্তব্যজ্ঞান রহিত্ তপস্বীকে রথে করে নগরের সুশোভিত রাজপথ দিয়ে নিজগৃহে নিয়ে এল। ঘোষণা করা হলো—আগামী কাল মদনোৎসব অনুষ্ঠিত হবে।

পরদিন মরীচি নিজের উপযুক্ত আচরণ ভুলে স্নানান্তে চন্দনলেপন মাল্যধারণ ও কামীজনোচিত বেশ-বিন্যাস করে অপেক্ষা করতে লাগলেন। কামমঞ্জরীর ক্ষণমাত্র অদর্শনও তাঁকে উৎকণ্ঠিত করে তুলছিল। অবশেষে কামমঞ্জরী সুসজ্জিত রাজপথ দিয়ে উৎসব স্থানে নিয়ে এলেন। উদ্যানের প্রান্তে যুবতী বেষ্টিত রাজার কাছে এসে উপস্থিত হলে রাজা হেসে বললেন, 'ভদ্রে, ভগবান্ মরীচির সঙ্গে উপবেশন কর।' এই আদেশের পর কামমঞ্জরী বিলাসভঙ্গি সহকারে প্রণাম করে মৃদু হেসে সেই ভাবে বসল। তখন

এগিয়ে এলো আরেক সুন্দরী, করজোড়ে ঘোষণা করল, 'প্রভু, কামমঞ্জরীর কাছে আমি হেরে গেছি, অতএব আজ থেকে আমি ওর দাসীত্ব স্বীকার করে নিচ্ছি।' জনসমাজে তখন বিস্মিত কোলাহল শুরু হয়ে গেছে। প্রীত রাজা মূল্যবান অলংকার ও পরিচ্ছদ দিয়ে কামমঞ্জরীকে অনুগৃহীত করলেন। গণিকারা ও পৌর-প্রধানেরা বারবার তার প্রশংসা করতে লাগল। এবার কামমঞ্জরী ঋষিকে জানাল, 'ভগবান্, অনুগৃহীত এই দাসী আপনাকে প্রণাম জানাচ্ছে, এখন আপনি নিজের কাজে যেতে পারেন।' তপস্বী স্তম্ভিত! উদ্‌ভ্রান্ত চিত্তে তিনি বলে উঠ্‌লেন, 'প্রিয়ে, এ কি! কি করে এমন উদাসীন হয়ে উঠ্‌লে? কোথায় গেল আমার প্রতি তোমার সেই অসাধারণ অনুরাগ!' হাসি মুখে কামমঞ্জরী উত্তর দিল, 'ভগবান্, আজ রাজার সামনে যে-নারী আমার কাছে পরাজয় স্বীকার করে নিল--এক সময় তার সঙ্গে আমার কলহ হয়েছিল। সে আমাকে এই বলে তিরস্কার করেছিল—তুই যেন মহর্ষি মরীচিকে বশ করার মতো অহঙ্কার করছিস্। আমিও দাসত্বের পণে এই সর্ত গ্রহণ করেছিলাম। আপনার কৃপায় সফলও হয়েছি।' এইভাবে প্রতারিত সেই তপস্বী অনুতপ্তচিত্তে কামমঞ্জরীর বিষয়ে নিবৃত্ত হলেন। —যার প্রতি ছলনা করা হয়েছিল, আমাকেই সেই তপস্বী বলে মনে করবেন। স্বপ্রবর্তিত অনুরাগ তুলে নিয়ে সেই গণিকা আমার অন্তরে মহৎ বৈরাগ্য সঞ্চার করেছে। 'আশাকরি শীঘ্রই নিজেকে আপনার উদ্দেশ্য সাধনের যোগ্য করে তুলতে পারব। এই সময়টুকু আপনি অঙ্গদেশের রাজধানী চম্পানগরীতে বাস করুন।'

তারপর সেই তপস্বীর মনের মোহরূপ অন্ধকারের ভয়েই যেন সূর্যাস্ত হয়ে গেল, আর তাঁর পরিত্যক্ত অনুরাগ যেন সন্ধ্যারাগে পরিণত হলো। তাঁর কাহিনী থেকে যেন বৈরাগ্যের শিক্ষা লাভ করে পদ্মবন সংকুচিত হয়ে পড়ল।

আমিও মুনির কথামতো সন্ধ্যা-বন্দনান্তে একসাথে শয়ন করে সুখকর আলাপ আলোচনায় রাত্রি অতিবাহিত করলাম। ক্রমশঃ স্বীয় অরুণকিরণে কল্পবৃক্ষের পল্লবকে যেন ম্লান করে সূর্যদেব উদিত হলেন—উদয়গিরির শিখর দাবাগ্নির মতো আলোকিত হয়ে উঠল। তখন তাঁকে নমস্কার করে নগরের দিকে যাত্রা করলাম।

কিছুদূর যাওয়ার পর পথের পাশে এক বৌদ্ধ মঠের সামনে এলাম। বাইরে নির্জন অশোকবনে বসে এক বৌদ্ধ সন্ন্যাসী।—মলিনবর্ণ কুৎসিত এই ক্ষপণকের মনঃকষ্টে শরীর ক্ষীণ—চোখের জলে বুকের ধূলা ধুয়ে যাচ্ছে। আমি তার কাছে বসে জিজ্ঞাসা করলাম—'মহাশয়, কোথায় বা তপস্যা আর কোথায় বা রোদন? যদি গোপনীয় না হয়, তাহলে, আমি আপনার কষ্টের কারণ জানতে ইচ্ছুক।' সে বলল, 'তবে শুনুন, সৌম্য। আমি এই চম্পানগরীর বণিক নিধিপালিতের বড় ছেলে বসুপালিত, কুৎসিত রূপের জন্যে আমি 'বিরূপক' নামে বিখ্যাত। এখানে 'সুন্দরক' নামে সার্থকনামা কলাবিদ্যায় পারদর্শী ও নানাগুণসম্পন্ন কিন্তু অল্প ধনবিশিষ্ট আরেক ব্যক্তি আছে। পরস্পরের শত্রুতাই যাদের জীবিকা সেই ধূর্ত পুরবাসীরা দেহের সৌন্দর্য বনাম ধনকে নিমিত্ত করে আমাদের দুজনের মধ্যে শত্রুতার সৃষ্টি করে দিল। তারাই আবার কোন উৎসব সভায় আমাদের শুনিয়ে বলল—সৌন্দর্য বা অর্থ পৌরুষের কারণ নয়, কিন্তু শ্রেষ্ঠ্য গণিকা যার যৌবন কামনা করে সেই প্রকৃত পুরুষ। অতএব কামমঞ্জরী যাকে প্রার্থনা করবে সেই যথার্থ ভাগ্যবান। আমরা তাদের এই সর্ত স্বীকার করে নিয়ে কামমঞ্জরীর কাছে দূত পাঠালাম। অবশেষে আমিই হলাম তার বাসনার উৎস।

সুন্দরক ও আমি দুজনেই বসে ছিলাম—কিন্তু আমার কাছেই এগিয়ে এল কামমঞ্জরী, বারবার নীলপদ্মমালার মতো কটাক্ষ বর্ষণ করতে লাগল, ফলে সুন্দরক লজ্জায় অধোবদন হয় গেল।

আমিও নিজেকে ভাগ্যবান মনে করে কামমঞ্জরীকে ধন-জন-গৃহ-দেহ এমনকি জীবনেরও অধীশ্বরী করে তুললাম। শেষ পর্যন্ত সে সব অপহরণ করে নিল; তখন শুধু কৌপীন আমার সম্বল—সেই অবস্থায় আমাকে সে বাড়ি থেকে দূর করে দিল। ফলে আমি সকলের উপহাসের পাত্র হয়ে উঠলাম। পৌরবৃদ্ধদের ধিক্কার সহ্য করতে না পেরে এই বৌদ্ধ মঠে এসে এক ভিক্ষুর কাছে থেকে মোক্ষের উপদেশ গ্রহণ করলাম।

ক্রমশঃ বৈরাগ্যের সৃষ্টি হওয়ায় কৌপীনও ত্যাগ করে মল ও ধূলায় সর্বাঙ্গ লিপ্ত করলাম। জোর করে সব কেশ উৎপাটন[১৪] করায় দারুণ যন্ত্রণা ও ক্ষুধা-তৃষ্ণার কষ্ট ভোগ করতে হচ্ছে। দুঃখে কাতর হয়ে মনে হচ্ছে—আমি বৈশ্য, অতএব এই পাষণ্ড-বৃত্তি অনুসরণ করা নিজের ধর্ম নয়। আমার পূর্বপুরুষেরা বেদ ও স্মৃতি বিহিত পথে চলেছিলেন, কিন্তু হতভাগ্য আমার শরীর এই নিন্দনীয় বেশধারণ করায় মহা-দুঃখের আধার। নিরন্তর ব্রহ্মা-বিষ্ণু-মহেশ্বরের নিন্দা শুনতে থাকায় পরজন্মেও নরকে গতি হবে। প্রতারণাপূর্ণ নিষ্ফল এই অধর্ম পথ ধর্মের মতোই আমাকে অনুসরণ করতে হচ্ছে। এইসব দুঃখের কথা ভেবে এই নির্জন অশোকবনে বসে অশ্রুপাত করছি।'

এ-কথা শুনে সদয় হয়ে বললাম, 'মহাশয়, এখানেই কিছুদিন অপেক্ষা করে থাকুন, ঐ গণিকা যাতে নিজেই আপনার টাকা ফিরিয়ে দেয় আমি সেই চেষ্টাই করব—তার উপায়ও আমার জানা আছে।' এইভাবে আশ্বাস দিয়ে আমি চলে গেলাম। নগরে এসে লোকের কথাবার্তা থেকে জানতে পারলাম যে খুবই সমৃদ্ধ ঐ নগর। স্থানটিতে বহু অর্থলোভী লোকের বাস। ধনের নশ্বরতা প্রমাণ করে তাদের স্বভাব পরিবর্তনের উদ্দেশ্যে চুরি করাই স্থির করলাম।

প্রথমে উপস্থিত হলাম এক পাশাখেলার আসরে! নিপুণ খেলোয়াড়দের কাছে গিয়ে দেখলাম তাদের খেলার নানা কৌশল, দান ফেলার সময় হাতের কায়দায় প্রতি-পক্ষকে প্রতারণা, সদর্প আস্ফালন, প্রাণের মায়া না রেখে ক্রোধ প্রদর্শন, সভাধ্যক্ষের ন্যায্য আচরণ, নিপুণ ব্যক্তিদের প্রশংসা, অনভিজ্ঞদের নিন্দা, নিজের দলে টানার ক্ষমতা, নানারকম প্রলোভন, বিশেষ পণের বর্ণনা, লব্ধ ধন বণ্টনে উদারতা ইত্যাদি। অশ্লীল-বাক্যপূর্ণ কোলাহল ও এই ধরনের আরও নানারকম ব্যবহার আমাকে আদৌ তৃপ্তি দিল না।

এক খেলোয়াড় ভুল দান ফেললে আমি হেসে ফেললাম। তখন প্রতিপক্ষ খেলোয়াড় খুব রেগে গিয়ে রক্তচক্ষুতে আমার দিকে 'তাকিয়ে বলল, 'হাসির ছলে তুই একে খেলার নিয়ম শিখিয়ে দিচ্ছিস্? তবে এই আনাড়ী খেলোয়াড়কে বাদ দিয়ে তোর মতো অভিজ্ঞ লোকের সঙ্গেই খেলা যাক্।' এই বলে সভাপতির অনুমতি নিয়ে আমার সঙ্গে খেলতে শুরু করে দিল।

শেষ পর্যন্ত আমিই ষাট হাজার দীনার জিতে নিলাম। অর্ধেক সভাধ্যক্ষ[১৫] ও সভ্যদের দিয়ে বাকি অর্ধেক নিজের জন্যে রাখলাম। আনন্দের সঙ্গে সবাই আমার প্রশংসা করতে লাগল। সভাধ্যক্ষের অনুরোধে আমি তার বাড়িতে গিয়ে গভীর তৃপ্তির সঙ্গে ভোজন সমাধা করলাম।

যার জন্যে আমি দ্যূতসভায় গিয়েছিলাম তার নাম বিমর্দক। সে আমার দ্বিতীয় হৃদয়ের মতোই বিশ্বাসভাজন হয়ে উঠল। তার কাছ থেকে নগরের কার কতখানি শক্তি, কি পরিমাণ ধন, কে কি কাজ করে, কার স্বভাবই বা কেমন—এইসব জেনে নিলাম, তারপর মহাদেবের কণ্ঠের মতো গাঢ় অন্ধকারে, নীলবস্ত্রে সমস্ত শরীর আবৃত করে সাবল-সাঁড়াশী-বাঁশী কাঠের তৈরি নরমুণ্ড, যোগচূর্ণ, যোগবর্তিকা, পরিমাপের সূত্র, কর্কট অস্ত্র, রজ্জু, প্রদীপ, গৃহস্থের দীপ নেভাবার জন্যে ভ্রমরপাত্র প্রভৃতি অনেক রকম চৌর্যের উপকরণ[১৬] নিয়ে যাত্রা করলাম। এক লোভী বণিকের গৃহে সিঁদ কেটে প্রথমে ছোট ছিদ্রের মধ্যে দিয়ে ভিতরের সব কিছু দেখে নিলাম, তারপর খুব সহজে প্রবেশ করে মূল্যবান রত্ন ও অর্থ সংগ্রহ করে বেরিয়ে এলাম।

ঘনমেঘের মতো গভীর অন্ধকারে ঢাকা রাজপথ। হঠাৎ বিদ্যুৎ চমকের মতো ক্ষণিক আলোতে দেখলাম সামনে উজ্জ্বল অলংকারে শোভিতা এক যুবতী, যেন চুরি করার জন্যে ক্রুদ্ধ হয়ে নগরের অধিষ্ঠাত্রী দেবী স্বয়ং উপস্থিত হয়েছেন।

যাইহোক, আমি তাকে প্রশ্ন করলাম, 'বালিকা, কোথায় যাচ্ছ ?' ভয়জড়িত কণ্ঠে সে বলল, 'আর্য, এই নগরীতে কুবেরদত্ত নামে এক বৈশ্যশ্রেষ্ঠ্য বাস করেন। আমি তাঁর কন্যা। আমার জন্মের পরই ধনমিত্র নামে নগরের এক ধনীপুত্রের হাতে আমাকে অর্পণ করবেন বলে পিতা প্রতিশ্রুতি দিয়েছিলেন।

এই ধনমিত্র পিতা-মাতার মৃত্যুর পর অতিরিক্ত দানের ফলে খুবই দরিদ্র হয়ে পড়লেন। লোকেরা তখন তাঁকে প্রশংসা করে 'উদারক' নাম দিল। তিনি যখন আমাকে বিবাহ করতে চাইলেন; তখন দারিদ্র্যের জন্যে পিতা তাঁকে উপেক্ষা করে অর্থপতি নামে এক ধনী বণিকের হাতে আমাকে সম্প্রদান করাই স্থির করলেন। আজই প্রভাতে সেই অমঙ্গল অনুষ্ঠান সম্পন্ন হবে জানতে পেরে আমি আত্মীয়দের ছলনা করে বেরিয়ে পড়েছি। এখন শুধুমাত্র কামদেবের সহায়ে পূর্বসঙ্কেত অনুসারে ছোটবেলার অভ্যস্ত পথে উদারকের গৃহের দিকে চলেছি। অতএব আমাকে যেতে দিন, বরং এই অলঙ্কার গ্রহণ করুন।'—এই বলে অলঙ্কার খুলে আমায় দিয়ে দিল।

আমি সদয় হয়ে বললাম, 'সাধ্বী এসো, তোমাকে তোমার প্রিয়তমের আবাসে পৌঁছিয়ে দিই।' এ-কথার পর তিন-চার পা মাত্র এগিয়েছি—দেখা গেল একদল নগররক্ষী এগিয়ে আসছে—হাতে তাদের লাঠি ও তরবারি। তাদের হাতের দীপের আলোয় অন্ধকার দূর হয়ে গেল। মেয়েটিকে ভয়ে কাঁপতে দেখে বললাম, 'আমার এই অসিধারী বাহু যতক্ষণ আছে ততক্ষণ ভয়ের কোন কারণ নেই। কিন্তু তোমার কথা ভেবে আমি একটা সহজ উপায় স্থির করলাম। আমি বিষের ঘোরে বিকার দেখিয়ে শুয়ে পড়ব, তুমি এদের বলবে—রাত্রিতে এই নগরে আসার পর ঐ সভাকক্ষের কোণে এক বিষধর সর্প আমার স্বামীকে দংশন করেছে। যদি আপনাদের মধ্যে কেউ সর্পমন্ত্রে অভিজ্ঞ ব্যক্তি থাকেন তিনি দয়া করে এঁকে বাঁচিয়ে এই অনাথার প্রাণদান করুন। সেই বালিকাও অশ্রুপ্লাবিত নয়নে ভয়রুদ্ধ কণ্ঠে আমার উপদেশমতো কথাগুলি বলল। আমিও বিষবিকারের ভাণ করে শুয়ে রইলাম। তাদের মধ্যে একজন, যে নিজেকে বিষবৈদ্য বলে মনে করত, সে আমার প্রতি নানারকম মন্ত্র-তন্ত্র-ধ্যান-ধারণা ইত্যাদি প্রয়োগ করে ব্যর্থ হয়ে বলে দিল, 'একে কালসাপে দংশেছে, অতএব এর পঞ্চত্ব প্রাপ্তি হয়ে গেছে। শরীর শীতল ও বিবর্ণ, দৃষ্টিশক্তিও লুপ্ত। এরজন্যে শোক

করা বৃথা। কাল দাহ করা হবে। দৈবকে কি অতিক্রম করা যায় ?'—এইসব বলে অন্য রক্ষীদের সঙ্গে চলে গেল।

আমি তখন তাকে উদারকের কাছে এনে বললাম, 'আমি এক তস্কর। এই নারী আপনার প্রতি অনুরক্ত চিত্তে আসছিলেন দেখে এঁকে পেঁছে দিলাম। এইটি এঁর অলঙ্কার'—এই বলে সেই উজ্জ্বল ভূষণ তাকে দিয়ে দিলাম। আনন্দিত উদারক সসম্ভ্রমে আমায় বলল, 'প্রিয়াকে যদিও ফিরিয়ে দিলেন—কিন্তু আমার বাক্‌শক্তি হরণ করে নিলেন। কি আর বলব জানি না; অসাধারণ আপনার এই কাজ, অতুলনীয় আপনার স্বভাব।

এইরকম নিঃস্বার্থ উপকার আর কেউ কখনও করেনি। অন্য পুরুষের মতো ইত্যাদি দোষ আপনার নেই। আপনি আজ যে-সৌজন্য প্রকাশ করেছেন তার প্রশংসা করতে সংকুচিত হচ্ছি এই কারণে যে আপনি পূর্বে আরও যেসব মহৎ কাজ করেছেন—সেগুলির হয়তো অবমাননা করা হবে। আপনার উদারতায় আমি মুগ্ধ। কিন্তু আপনার ইচ্ছা না জেনেই আমার কর্তব্য নির্ধারণ করা অনুচিত। এই সৎকাজের জন্যে আমি আপনার ক্রীতদাস হয়ে রইলাম। তবে আপনার বুদ্ধির গুণগান করতে পারলাম না, কারণ আমার মতো তুচ্ছ ব্যক্তিকে কিনে নেওয়ার জন্যে আপনি যা দিলেন তা অমূল্য। আমার প্রাণ দিয়েও তো আপনাকে কোন প্রতিদান দিতে পারব না, কারণ তা আপনারই দান,—প্রিয়াকে না পেলে তো আর বেঁচে থাকা সম্ভব হতো না ! শুধু এ-কথাই বলতে পারি যে, আজ থেকে এই দাস আপনারই।'—এই বলে সে আমার পায়ে পড়ে গেল।

তাকে তুলে আলিঙ্গন করে বললাম—'এখন আপনার কি ইচ্ছা ?' সে বলল, 'আমি এই বালিকার পিতা-মাতার অনুমতি ছাড়া বিবাহ করলে এখানে বেঁচে থাকতে পারবো না। কাজেই আজ রাত্রেই এই দেশ ছেড়ে চলে যেতে চাই। কিংবা আপনি যা আদেশ করবেন সেই মতোই কাজ করব।' আমি বললাম, 'ঠিক কথা—এই ব্যাপারে বুদ্ধিমান লোক কখনও দেশ-বিদেশ বিবেচনা করে না কিন্তু এই বালিকা খুবই কোমলা, পথ দুর্গম ও বিপদসঙ্কুল, ফলে এর পক্ষে খুবই কষ্টকর। আবার এই গোপন দেশত্যাগও বুদ্ধি ও শক্তির পক্ষে অপমানকর। অতএব এই বালিকার সঙ্গে এখানে সুখেই বাস করুন—আসুন একে এর নিজের গৃহে নিয়ে যাই।' উদারক নির্বিবাদে আমার কথা স্বীকার করে নিল। তার সঙ্গে সেই কন্যাকে তার বাসগৃহে পেঁছে দিয়ে তার কাছ থেকেই সেই গৃহের সব বৃত্তান্ত জেনে নিলাম। তারপর এমনভাবে চুরি করলাম যে শুধুই মাটির পাত্র অবশিষ্ট রইল। অপহৃত দ্রব্যগুলি একটি বিশেষ স্থানে রেখে আমরা এগিয়ে যাচ্ছিলাম—এমন সময় সামনে এসে পড়ল নগররক্ষীরা। আমরা তখন পাশে শায়িত এক মত্ত হস্তীর উপর উঠে পড়লাম। আমি যখন তার গলার দড়ির মধ্যে পা ঢুকিয়ে তাকে ওঠালাম তখন সে ভূতলে শায়িত মাহুতকে দাঁতের আঘাতে শেষ করে দিয়েছে। এইভাবে নগররক্ষীদেরও বিধ্বস্ত করল। তারপর ঐ হস্তীর দ্বার অর্থপতির গৃহ ধ্বংস করে নগর থেকে বেরিয়ে এক পুরাতন উদ্যানে গাছের শাখ ধরে মাটিতে নেমে পড়লাম ও পরে ঘরে ফিরে স্নান সেরে ঘুমিয়ে পড়লাম।

ধীরে-ধীরে সমুদ্রের মধ্য থেকে সূর্যের প্রকাশ ঘটল, উদয়গিরির চূড়া যেন পদ্মরাগ

মণির রঙে রাঙা হয়ে উঠল কল্পতরুর সোনালী পাতার বর্ণ শোভায় ভাস্বর হলো যেন তার শিখরদেশ।

প্রাতঃকৃত্যাদি সমাপনের পর আমরা সেই নগরে বিচরণ করার সময় কুবেরদত্তের গৃহে দারুণ কোলাহল শুনতে পেলাম। কিন্তু অর্থপতি অর্থ দিয়ে কুবেরদত্তকে আশ্বস্ত করে তুলল, স্থির হলো একমাসের মধ্যে কুবেরদত্তের কন্যা কুলপালিকার সঙ্গে তার বিবাহ হবে। তখন আমি নিভৃতে ধনমিত্রকে শিখিয়ে দিলাম—বন্ধু, এই চামড়ার থলি নিয়ে অঙ্গরাজের কাছে চলে যাও, তাঁকে বল—মহারাজ আপনি তো জানেন যে আমি বহুধনের অধিকারী বসুমিত্রের একমাত্র পুত্র ধনমিত্র কিন্তু প্রার্থীদের দান করার ফলে মূলধন পর্যন্ত নষ্ট হওয়ায় আজ আমি অবজ্ঞার পাত্র। তাই কুবেরদত্ত কন্যা কুলপালিকাকে আমার প্রতি বাগ্‌দত্তা হওয়া সত্ত্বেও, অর্থপতির হাতে সমর্পণ করা স্থির করেছে। আমি দুঃখে নগরের কাছে এক অরণ্যে প্রবেশ করে আত্মহত্যা করতে যাচ্ছিলাম তখন এক জটাধারী সন্ন্যাসী আমায় নিষেধ করে বললেন—তোমার এই দুঃসাহসের কারণ কি? আমি উত্তর দিলাম—দারিদ্র্যের সহোদর অবজ্ঞার জন্য। দয়ালু সেই সন্ন্যাসী আমায় অনুগ্রহ করে বললেন—বৎস, তুমি মূর্খ, আত্মহত্যার চেয়ে বড় পাপ আর নেই। বুদ্ধিমান ব্যক্তি নিজেকে দুঃখ না দিয়ে বিপদ থেকে উদ্ধার পাওয়ার চেষ্টা করে। অর্থোপার্জনের বহু উপায় আছে কিন্তু প্রাণ একবার গেলে আর ফিরে পাওয়ার কোন পথই নেই। অতএব, এই অপকর্মের কি দরকার?

আমি মন্ত্রসিদ্ধ, তপস্যাবলে এই 'চর্মথলিকা' সৃষ্টি করেছি, প্রত্যহ এখান থেকে লক্ষমুদ্রা পাওয়া যায়।—কামরূপে যখন বাস করতাম তখন এর দ্বারাই লোকের মনোবাঞ্ছা পূর্ণ করতাম। এখন বার্ধক্য আসায় ভোগে বাধার সৃষ্টি হয়েছে। ঘুরতে ঘুরতে এই ভূ-স্বর্গতুল্য নগরে এসে উপস্থিত হলাম। এই থলি এখন তুমিই গ্রহণ কর। আমি ছাড়া কোন বণিক বা শ্রেষ্ঠ্য বারাঙ্গনার জন্যে এটি পূর্ণ হতে পারে। তবে অন্যায়ভাবে কেউ যদি কারও অর্থ গ্রহণ করে, তবে তাকে তা প্রত্যর্পণ করতে হবে, আর অন্যায় পথে উপার্জিত সবকিছুই দেব-ব্রাহ্মণে দান করতে হবে। তারপর কোন পবিত্র স্থানে থলিটি রেখে দেবতার মতো পূজা করলে প্রতিদিন প্রভাতে এটি অর্থে পরিপূর্ণ হয়ে যাবে—এইটিই নিয়ম। এই বলে কৃতাঞ্জলি আমাকে থলিটি অর্পণ করে ভূগর্ভে প্রবেশ করলেন। মহারাজকে না জানিয়ে আমার এটি ভোগ করা উচিত নয়—এজন্যেই এসেছি। এখন মহারাজই স্থির করে দিন আমার কি কর্তব্য। তখন রাজা নিশ্চয় বলবেন—ভদ্র, আমি খুসি হলাম। যাও, ইচ্ছামতো এটি ভোগ কর। তুমি আবার বলবে, আপনি অনুগ্রহ করে এমন ব্যবস্থা করে দিন, যাতে কেউ যেন চুরি করতে না পারে। রাজা অবশ্য সে-কথাও স্বীকার করে নেবেন। তারপর বাড়িতে ফিরে এসে সন্ন্যাসীর কথামতো টাকাকড়ি সব দান করে দিয়ে এই থলির পূজা করবে। তারপর চুরি করা ধনে রাত্রিবেলা থলি পূর্ণ করে রেখে সকালে লোককে দেখাবে। তখন ধনলোভী কুবেরদত্ত অর্থপতিকে তৃণজ্ঞান করে নিজেই তোমার হাতে কন্যা সমর্পণ করবে। ফলে ক্রুদ্ধ অর্থপতি তোমার সঙ্গে কলহ করতে চাইবে। আমরা তখন তাকে নানা পন্থায় শুধু কৌপীন-সম্বল করে ছেড়ে দেব।—এইভাবে আমাদের চৌর্যবৃত্তির কথাও গোপন থাকবে।

ধনমিত্র সন্তুষ্ট হয়ে আমার কথামতোই সব কাজ করল। সেদিন থেকে আমার

নির্দেশে বিমর্দক অর্থপতির সেবায় নিযুক্ত হয়ে উদারকের (ধনমিত্রের) প্রতি তার শত্রুতাও বাড়িয়ে দিতে লাগল। এদিকে অর্থলোভী কুবেরদত্ত অর্থপতিকে কন্যাদান না করে ধনমিত্রের হাতে দেওয়ার ইচ্ছা প্রকাশ করায় অর্থপতি বাধা দিতে এল।

এই সময় জানা গেল কামমঞ্জরীর ছোটবোন রাগমঞ্জরী পঞ্চবীরগোষ্ঠে[১৭] সঙ্গীতের অনুষ্ঠান করবে। নাগরিকেরা সকলে খুব আগ্রহের সঙ্গেই সেই সভায় এসে উপস্থিত। আমিও (অপহারবর্মা) ধনমিত্রের সঙ্গে সেখানে গেলাম।

রাগমঞ্জরীর নৃত্য শুরু হলো। আমার মনই যেন তার দ্বিতীয় রঙ্গপীঠ। তার সবিলাস দৃষ্টিপাত যেন কামদেবের পদ্মশর, যা আমাকে বিদ্ধ করে ব্যথিত করে তুলল। রাগমঞ্জরী যেন স্বয়ং নগরলক্ষ্মী, আমার চৌর্যরূপ অপরাধের জন্যে তাঁর পদ্মনয়নের লীলাকটাক্ষমালার শৃঙ্খলে আমাকে বেঁধে ফেলা হলো।

নৃত্য সভা থেকে সে যখন উঠল তখন তার মুখ খুবই প্রফুল্ল। হয়তো অনুরাগ-হেতু, কিম্বা দৈববশেই সখীদের অলক্ষ্যে বারবার আমার দিকে সবিভ্রম দৃষ্টিপাত করতে লাগল। মৃদু হেসে আমার নয়ন ও মন আকর্ষণ করে চলে গেল।

আমি যদিও ফিরে এলাম, কিন্তু রাগমঞ্জরীর জন্যে অধীর উৎকণ্ঠার ফলে আমার আহারের ইচ্ছাও রইল না। মাথার যন্ত্রণার ছল করে নির্জনে শয্যায় শয়ন করলাম।

কামশাস্ত্রে অভিজ্ঞ ধনমিত্র আমার কাছে এসে বলল, 'ধন্য সেই গণিকা, যার প্রতি তোমার মতো পুরুষ এতখানি আকৃষ্ট হয়ে পড়েছে। অবশ্য তার মনেও যে বিকার জন্মেছে তাও আমি ভালভাবেই লক্ষ্য করেছি। শীগ্গীর কামদেব তাকেও শরশয্যায় শায়িত করবেন। তোমাদের আকর্ষণ পরস্পরের যোগ্য হওয়ায় সহজেই মিলন সম্ভব হবে। কিন্তু সে গণিকার কন্যা হলেও আচরণে বিপরীত। তার প্রতিজ্ঞা—আমি গুণবানকে বরণ করব, ধনবানকে নয়। বিবাহ না করলে আমার যৌবন কারও ভোগ্য হবে না।' এই প্রতিজ্ঞা সম্বন্ধে মাতা মাধবসেনা ও ভগিনী কামমঞ্জরী বহু নিষেধ করেও বিফল হয়ে অশ্রুরুদ্ধ কণ্ঠে রাজাকে জানাল' 'মহারাজ, আপনার দাসী রাগমঞ্জরী তার অনুরূপ স্বভাব ও শিল্প কৌশল প্রভৃতি দ্বারা আপনার মনোবাঞ্ছা পূর্ণ করবে—এইটিই আমাদের বড় আশা ছিল। কিন্তু আজ সে আশার মূলোচ্ছেদ ঘটেছে। সে নিজের কুলধর্ম অতিক্রম করে, অর্থের প্রতিও নিস্পৃহ হয়ে গুণের কাছেই নিজের যৌবন বিক্রয়ে ইচ্ছুক। কুলস্ত্রীর মতোই সে আচরণ করতে চায়। এখন আপনার আদেশে যদি সে প্রকৃতিস্থ হয় তবেই মঙ্গল।'

রাজা তাদের অনুরোধে সেইরকমই উপদেশ দিলেন, কিন্তু রাগমঞ্জরীকে বশ করা গেল না। তখন আবার তারা কাঁদতে কাঁদতে রাজাকে জানাল, 'যদি কোন লম্পট আমাদের বিনা অনুমতিতে এই বালিকার সঙ্গে মিলিত হয় তাহলে তাকে চোরের শাস্তি দিয়ে বধ করতে হবে।' —এই নিয়ম নির্দিষ্ট হওয়ায় অর্থ না দিলে আত্মীয়দের অনুমতি পাওয়া যাবে না, আবার ধনদাতাকে রাগমঞ্জরী স্বীকার করে নেবে না—অতএব এইসব দিক চিন্তা করে মিলনের উপায় স্থির করতে হবে।

আমি বললাম, 'চিন্তার আর কি আছে গুণে তাকে বশীভূত করে গোপনে আত্মীয়-দের অর্থ দিয়ে সন্তুষ্ট করব।'

তারপর কামমঞ্জরীর প্রধানা দূতী ধর্মরক্ষিতা নামে বৌদ্ধ ভিক্ষুণীকে অন্নবস্ত্র ইত্যাদি দিয়ে বশ করে তার মাধ্যমে কামমঞ্জরীর সঙ্গে এই সর্ত করলাম—উদারকের (ধনমিত্রের)

কাছ থেকে ঐ চর্মথলিকা নিয়ে এসে তাকেই (কামমঞ্জরীকে) দান করব যদি প্রতিদানে রাগমঞ্জরীকে পাই। সে রাজী হলো। আমিও কথা মতো কাজ করে গুণমুগ্ধা রাগমঞ্জরীর পাণি গ্রহণ করলাম। সেই রাত্রিতেই 'চর্মরত্ন' চুরির কথা প্রকাশ হয়ে গেল। এইভাবে প্রভাতে আমার গুপ্তচর বিমর্দক অর্থপতির পক্ষ নিয়ে ধনমিত্রকে এমনভাবে তিরস্কার করতে লাগল যাতে উপস্থিত পৌর প্রধানেরা শুনতে পায়। ধনমিত্র বলল, 'অপরের জন্যে আমায় তিরস্কার করছ কেন ? তোমার উদ্দেশ্য কি ? আমি তো তোমার কোন ক্ষতি করেছি বলে মনে পড়ছে না।' বিমর্দক কিন্তু আরও উত্তেজিত হয়ে বলতে লাগল—'তোমার এমনই ধনগর্ব যে পণে আবদ্ধ অন্যের স্ত্রীর পিতা-মাতাকে অর্থের প্রলোভন দেখিয়ে নিজের জন্যে পেতে চেষ্টা করছ। তুমিও বলতো আমিই বা তোমার কি অপরাধ করলাম ? এ-কথা তো সকলেই জানে যে বিমর্দক বণিক অর্থপতির প্রাণের তুল্য প্রিয়বন্ধু। কাজেই আমি তার জন্যে প্রাণও দিতে কিংবা ব্রহ্মহত্যাতেও কুণ্ঠিত নই। আমার এক রাত্রির জাগরণই তোমার চর্মরত্ন লাভের অহংকার জনিত উত্তাপের প্রতীকার করতে সমর্থ।' সে এইরকম বলতে থাকলে পৌর-প্রধানেরা রেগে তাকে নিষেধ করে সরিয়ে দিল। এদিকে ধনমিত্র কৃত্রিম দুঃখ প্রকাশ করে চর্মরত্ন চুরি হওয়ার বিষয়টি রাজাকে জানিয়ে দিল।

রাজা অর্থপতিকে ডেকে গোপনে জিজ্ঞাসা করলেন—'বিমর্দক নামে তোমার কেউ আছে কি ?' মূর্খ অর্থপতি বলে ফেলল—'আছে মহারাজ, সে আমার পরম বন্ধু।' রাজা—'তাকে ডেকে আনতে পারবে ?' 'হ্যাঁ, নিশ্চয় পারি'—এই কথা বলে অর্থপতি গৃহে, গণিকালয়ে, পাশাখেলার আসরে, বাজারে ও বহুস্থানে খোঁজ করল, কিন্তু কোথাও তাকে পেল না। কি করেই বা পাবে ? কারণ বিমর্দক তখন আপনাকে (রাজবাহনকে) খোঁজার জন্যে আমার আদেশ মতো আপনার পরিচয় চিহ্ন নিয়ে উজ্জয়িনীর দিকে রওনা দিয়েছিল। অর্থপতি নানা জায়গায় ঘুরে তাকে না পেয়ে ভাবল—'বিমর্দকের সব অপরাধ তো আমারি ওপর পড়বে'—ফলে ভয়ে রাজার কাছে মূর্খের মতো বিমর্দকের সঙ্গে পরিচয়ের কথা অস্বীকার করল। তখন রাজা ক্রুদ্ধ হয়ে তাকে বন্দী করলেন।

এদিকে কামমঞ্জরী 'চর্মরত্ন'[৮] থেকে প্রত্যহ অর্থ লাভের ইচ্ছায় যে বিরূপকের সর্বস্ব অপহরণ করেছিল তার কাছে গোপনে সমস্ত অর্থ ফিরিয়ে দিয়ে এল। শুধু তাই নয়, তাকে অনেক অনুনয় ও শপথবাক্যে সন্তুষ্ট করে তুলল। বিরূপকও সন্ন্যাসের কষ্ট থেকে নিজেকে মুক্ত করে আমার উপদেশ মতো খুব খুশি মনে স্বধর্মে ফিরে এল। কামমঞ্জরীও কয়েক দিনের মধ্যেই এই থলি থেকে অর্থ প্রাপ্তির আশায় শুধুমাত্র উনানটি অবশিষ্ট রেখে নিজের সব সম্পত্তি বিতরণ করে দিল।

তখন আমার নিযুক্ত ধনমিত্র রাজাকে গোপনে জানাল—'মহারাজ, এই কামমঞ্জরী নামে গণিকা অতিরিক্ত লোভের জন্যে 'লোভমঞ্জরী' নামে নিন্দিত হতো ; আজ সে মুষল—উদূখলও বিতরণ করে দিচ্ছে। তাইজন্যে মনে হচ্ছে আমার 'চর্মরত্ন' তার কাছেই আছে, কারণ নিয়ম এই যে বণিক্ ও গণিকাই এখান থেকে অর্থলাভ করতে পারবে। কাজেই কামমঞ্জরী সম্বন্ধে যথেষ্ট সন্দেহের অবকাশ আছে।

রাজা তখনই কামমঞ্জরী ও তার মাকে ডেকে পাঠালেন। আমি যেন দুঃখিত ভাবে গোপনে কামমঞ্জরীকে বললাম—'আর্যে', আপনার সর্বস্ব বিতরণের কথা প্রকাশিত হয়ে পড়ায় ভয় হচ্ছে যে আপনি 'চর্মরত্ন' পেয়েছেন কিনা জিজ্ঞাসা করার জন্যেই অঙ্গরাজ

ডেকে পাঠিয়েছেন। বার-বার আপনাকে প্রশ্ন করতে থাকলে আপনি নিশ্চয়ই আমাকেই এই থলিকা প্রাপ্তির কারণ রূপে নির্দেশ করে দেবেন—তখন আমাকে বধ করা হবে। কিন্তু আমি মারা গেলে আপনার ভগিনী আর বাঁচবেন না। আপনিও নিঃস্ব হয়ে পড়বেন আর চর্মরত্নটি ধনমিত্রই ভোগ করবে। এই একটি বিবাদই চারিদিক থেকে অনেক বিপদ ডেকে আনবে। সুতরাং কিভাবে এর প্রতিবিধান করা যায় তা ভাবতে হবে।

তখন কামমঞ্জরী ও তার মা অশ্রুপাত করে বলল, 'ঠিক কথা আমাদের মূঢ়তার ফলেই গোপনীয় বিষয়ের রহস্য ফাঁস হয়ে গেছে। রাজার জেরার মুখে কিছুক্ষণ গোপন করে রাখতে পারলেও পরে হয়তো বলে ফেলব—যে আপনি এই থলিটি পাওয়ার মূলে। একবার আপনাকে দেখিয়ে দিলেই সমস্ত আত্মীয়সহ আমাদের আর রক্ষা থাকবে না। আবার অর্থপতির উপরেও সন্দেহ আছে, তার সঙ্গে আমাদের মতো ক্ষুদ্র ব্যক্তির ভালবাসার কথাও চম্পানগরীর সকলে জানে। অতএব এ-কথাই বলল যে অর্থপতিই আমাদের ঐ থলি দিয়েছে। অনন্তর এভাবে নিজেদের বাঁচাতে পারব।' —আমাকে এইরকম আশ্বাস দিয়ে তারা রাজার কাছে চলে গেল।

রাজা জিজ্ঞাসা করায় তারা প্রথমে বলল যে দাতার নাম প্রকাশ গণিকাদের নীতি-বিরুদ্ধ। পুরুষেরা ন্যায়পথে উপার্জিত অর্থে বেশ্যালয়ে আসে না। এইভাবে গোপন করার চেষ্টা করায় তাদের নাক-কান কেটে দেওয়ার ভয় দেখান হলো, তখন বাধ্য হয়ে তারা হতভাগ্য অর্থপতিকে চোর বলে জানিয়ে দিল। রাজা ক্রুদ্ধ হয়ে তাকে প্রাণদণ্ড দিতে উদ্যত হলে ধনমিত্র করজোড়ে বাধা দিয়ে বলল, 'মহারাজ, এই ব্যক্তি শ্রেষ্ঠ্য বণিক, শুধুমাত্র এই অপরাধে প্রাণ বিনাশ করা উচিত হবে না। যদি কূপিত হয়ে থাকেন তবে এই পাপাত্মার সর্বস্ব হরণ করে একে নির্বাসিত করুন।' এই কথা বলায় ধনমিত্রের প্রশংসা চারিদিকে ছড়িয়ে পড়ল। রাজাও সন্তুষ্ট হলেন। বস্ত্রখণ্ডমাত্র অবশিষ্ট রেখে গর্বিত অর্থপতিকে সব পুরবাসীদের সমক্ষে নির্বাসিত করা হলো। ধনমিত্রের কথামতো রাজা অর্থপতির অর্থের কিছু অংশ দয়া করে কামমঞ্জরীকে দিলেন কারণ সে ইতিমধ্যে মিথ্যা ধনের আশায় সর্বস্ব বিসর্জন দিয়ে বসেছিল। ধনমিত্র শুভ দিনে কুলপালিকার সঙ্গে বিবাহ বন্ধনে আবদ্ধ হলো।

এদিকে আমার উদ্দেশ্য সিদ্ধ হওয়ায় আমি রাগমঞ্জরীর গৃহ ধনরত্নে পূর্ণ করে দিলাম। এই নগরীর ধনলোভীদের গৃহে এমনভাবে চুরি করলাম যে হাতে ভিক্ষা-পাত্র নিয়ে তারা যাদের কাছে প্রার্থী হয়ে এল একসময় তারা নিজেরাই দরিদ্র ছিল, কিন্তু এখন আমার কাছ থেকে অর্থ লাভ করায় ধনী হয়ে উঠেছে।

কিন্তু কর্মদক্ষ মানুষও অনেক সময় বিধিলিপি অতিক্রম করতে পারে না। একদিন রাগমঞ্জরীর রাগভঞ্জনের জন্য তাকে বহু অনুনয় করে সুরা পান করালাম। সেও প্রেমের বশে বার বার আমার মুখে তার গণ্ডূষ দিতে থাকলে আমিও তার স্বাদ নিতে-নিতে উন্মত্ত হয়ে উঠলাম। মদমত্ততা ও উন্মাদ রোগের লক্ষণ হচ্ছে—অনুচিত হলে স্বভাব অনুসারে কাজ করান। আমি মদমত্ত হয়ে বলে ফেললাম, 'এক রাত্রের মধ্যে এই নগরের সব ধন চুরি করে এনে তোমার ঘর ভরে দেব।' প্রিয়তমা রাগমঞ্জরী অনেক শপথ ও অনুনয় করে আমাকে নিবৃত্ত করতে চেষ্টা করল কিন্তু আমি শৃঙ্খল-ছিন্ন মত্ত হস্তীর মতো তরবারি সম্বল করে নগরীর দিকে ছুটে চললাম। ধাত্রী শৃগালিকা আমাকে অনুসরণ করে আসতে লাগল।

কিছুদূর যাওয়ার পর নগররক্ষী সৈন্যদের সম্মুখীন হলাম। আমি নির্ভীকভাবে তাদের মধ্য দিয়ে এগিয়ে যাওয়ার চেষ্টা করায় তারা আমাকে চোর ভেবে বেদম প্রহার দিতে শুরু করল। আমিও দু-তিনজনকে তরবারির আঘাতে ভূপাতিত করলাম। ক্রমশঃ আমার চক্ষু রক্তবর্ণ হয়ে উঠল, মাথা ঘোরায় আমি মাটিতে পড়ে গেলাম। তারপর শৃগালিকা আর্তনাদ করতে-করতে যখন আমার কাছে এগিয়ে এল তখন সৈন্যরা আমায় বেঁধে ফেলেছে। বিপদে পড়ে আমার মত্ততা কেটে গেল, বুদ্ধি ফিরে পেয়ে ভাবলাম যে আমার মূর্খতার জন্যেই এই বিষম বিবাদ ঘটে গেল। সকলেই জানে যে ধনমিত্র আমার বন্ধু, রাগমঞ্জরী আমার বধূ। আমার অপরাধে তারাও নিশ্চয়ই নিগৃহীত হবে। অতএব এখন এমন কিছু করা উচিত যাতে তারা অন্তত রক্ষা পায়। আমি নিজে কোন-না-কোনভাবে এই বিপর্যয় থেকে নিষ্কৃতি পেতে পারব। এইভাবে মনে-মনে একটা উপায় চিন্তা করে শৃগালিকাকে বললাম—'দূর হ বুড়ি, তুই লোভী বেশ্যা রাগমঞ্জরীর চর্মরত্ন লাভে গর্বিত, কপট মিত্র ধনমিত্রদের সঙ্গে মিলিত করে দিয়েছি, তোর বিনাশ আসন্ন।

সেই দুরাচার ধনমিত্রের থলি চুরি করে নিয়ে, আর তোর মেয়ের সব গয়না সরিয়ে ফেলে এখন আমি নিশ্চিন্তে মরতে পারব। অতি ধূর্ত শৃগালিকা আমার অভিপ্রায় বুঝতে পেরে করজোড়ে সেই নগররক্ষীদের কাছে গিয়ে প্রমাণ করে বলল, 'মহাশয়রা, কিছুক্ষণ অপেক্ষা করুন, যাতে আমি এর কাছ থেকে অপহৃত ধনের খবর জেনে নিই।' তারা রাজী হলে শৃগালিকা আমার কাছে এসে বলল, 'মহাশয়, এই দাসীর অপরাধ ক্ষমা করুন। আপনার স্ত্রীর সঙ্গে সম্পর্ক থাকায় ধনমিত্রদের প্রতি শত্রুতা হতে পারে, কিন্তু দাসী রাগমঞ্জরী বহুদিন ধরে আপনার সেবা করেছে, তাকে অবশ্যই আপনার অনুগ্রহ করা উচিত। রূপোপজীবিনীদের বেশভূষাই প্রধান—অতএব বলে দিন কোথায় তার অলংকার লুকিয়ে রেখেছেন।' —এই বলে পায়ে পড়ে গেল। আমি যেন তখন দয়া পরবশ হয়েই বললাম, 'আমি এখন মৃত্যু পথযাত্রী, তার সঙ্গে আর শত্রুতা করে কি হবে? শোন তবে—' তারপর যেন গুপ্তস্থান সম্বন্ধে বলার ছলেই কানে-কানে শিখিয়ে দিলাম কি-কি করতে হবে। সেও সব বুঝে নিয়ে বলল—'বেঁচে থাক বাছা, দেবতারা তোমাকে দয়া করুন। প্রভু অঙ্গরাজও তোমার সাহসে সন্তুষ্ট হয়ে তোমাকে মুক্ত করে দিন। এই রক্ষীরাও যেন তোমাকে কৃপা করেন।' তারপর শৃগালিকা চলে গেল।

রক্ষীদলপতির নির্দেশ মতো আমাকে কারাগারে আনা হলো। পরদিন কান্তক নামে কারাগারের অধ্যক্ষ আমার কাছে এল—পিতার মৃত্যুর পর তাকে ঐ পদ দেওয়া হয়েছিল। রূপ যৌবন ও সৌভাগ্যের জন্যে তার ছিল যথেষ্ট অহংকার। সে আমাকে তিরস্কার করে বলল, 'যদি ধনমিত্রের থলি ও নাগরিকদের চুরি করা ধন ফিরিয়ে না দাও তাহলে বহু শাস্তি ভোগের পর মৃত্যু অনিবার্য।'

আমি হেসে বললাম, 'ভদ্র, যদি জন্ম থেকে যা চুরি করেছি সবই ফিরিয়ে দিই তবুও অর্থপতির পত্নী অপহরণকারী প্রকৃত শত্রু অথচ মুখে বন্ধু ধনমিত্রের চর্মথলি লাভের ইচ্ছা পূর্ণ করব না। এর জন্যে আমি সবরকম যন্ত্রণাই সহ্য করতে রাজী আছি—এটাই আমার দৃঢ় প্রতিজ্ঞা।' এইভাবে কখনও তর্জন করে কখনও বা সান্ত্বনার ছলে আমাকে জিজ্ঞাসাবাদ করা হতো। উপযুক্ত পানাহারের ফলে কয়েক দিনের

মধ্যেই শরীরের ক্ষত সেরে যাওয়ায় আমি সম্পূর্ণ সুস্থ হয়ে উঠলাম।

একদিন সূর্যাস্তের পর শৃগালিকা এসে উপস্থিত। সে আলিঙ্গন করে আমাকে বলল, 'সৌভাগ্যক্রমে আপনার উপায় সফল হয়েছে। আপনার আদেশ অনুসারেই আমি ধনমিত্রকে বললাম—তোমার বন্ধু বিপন্ন হয়ে জানিয়েছেন যে বারাঙ্গনা সংসর্গ-জনিত পানদোষের ফলে তিনি বন্দী। তুমি নির্ভয়ে রাজাকে বলবে—মহারাজ, অর্থপতি চুরি করার পর আপনার দয়াতেই 'চর্মরত্ন' ফেরত পেয়েছিলাম। তারপর রাগমঞ্জরীর স্বামী পাশাখেলায় নিপুণ, কলাবিদ্যা, কবিত্ব ও লোকচরিত্রে অভিজ্ঞ হওয়ায় তার সঙ্গে বন্ধুত্ব করেছিলাম। এই জন্যেই প্রতিদিন বস্ত্র অলংকারাদি পাঠিয়ে তার ভার্যাকে সন্তুষ্ট করার চেষ্টা করেছিলাম। কিন্তু এ ধূর্ত অত্যন্ত নীচাশয় হওয়ায় ঈর্ষ্যাবোধ করল। ক্রুদ্ধ হয়ে তখন সে আমার 'চর্মরত্ন' ও রাগমঞ্জরীর অলংকারপাত্র অপহরণ করল। সে যখন আবার চুরি করার জন্যে নগরে ঘুরে বেড়াচ্ছিল তখন রক্ষীরা তাকে ধরে ফেলেছিল। তখন রাগমঞ্জরীর পরিচারিকা শৃগালিকা কাঁদতে-কাঁদতে ছুটে এসে অনুনয় করায় সেই অলঙ্কারপাত্র রাখার স্থানের কথা বলে দিয়েছে। এখন আমার (ধনমিত্রের) কথায় বশীভূত হয়ে যদি চর্মরত্নটি ফিরিয়ে দেয় তাহলে মহারাজ তার প্রতি প্রসন্ন হবেন। এইভাবে অনুরোধ করলে রাজা হয়তো তোমার বন্ধুকে বধ নাও করতে পারেন—বরং মিষ্টি কথায় ভুলিয়ে যাতে তুমি থলিটি উদ্ধার করতে পার, সেই চেষ্টাই করবেন। তাহলে সকলেরই মঙ্গল।'

নিজ ক্ষমতায় আস্থাবান ধনমিত্র ভয় না পেয়ে সুষ্ঠুভাবে সব কাজ সম্পন্ন করল। আমিও আপনার অভিজ্ঞান দেখিয়ে রাগমঞ্জরীর কাছ থেকে বাঞ্ছিত দ্রব্য লাভ করলাম। রাজকন্যা অম্বালিকার ধাত্রী মাঙ্গলিকীকেও আপনার আদেশ মতো সন্তুষ্ট করেছি। এই মাঙ্গলিকীর সাহায্যে পরম বন্ধুত্ব স্থাপন করিয়ে, প্রতিদিন নতুন-নতুন উপহার দিয়ে, নানারকম মনোহারী গল্প শুনিয়ে আমিও তাঁর (অম্বালিকার) অনুগ্রহ লাভ করেছি।

একদিন আমি রাজপ্রাসাদে রাজকন্যার কাছে থাকার সময় কারাধ্যক্ষ কান্তক নিচের প্রাঙ্গনে প্রবেশ করেছিল, তখন রাজকন্যার কানের পদ্মফুল যেন খসে যাচ্ছে, তাই তুলে নিয়ে পরিয়ে দেওয়ার ভাণ করতে গিয়ে তাকে মিলন ভীত পারাবত দেখানোর ছলে হাসতে-হাসতে ফুল ছুঁড়ে প্রহার করলাম। কান্তক নিজেকে ধন্য মনে করে মৃদু হেসে উপর দিকে দৃষ্টিপাত করল। রাজকন্যাও আমার ব্যবহারে হেসে ফেললেন। তাঁর সেই বিলাসিনী মূর্তি দেখে কান্তক নিজের বাসনা চরিতার্থ হওয়ার আনন্দে উল্লসিত হয়ে উঠল। আমিও চোখমুখের সেইরকম প্রশ্রয় প্রকাশ করলাম। সন্ধ্যেবেলা রাজকন্যার আংটির ছাপ দেওয়া একটি পেটিকাকে তাম্বুল, উত্তমবস্ত্র, কিছু অলংকার একটি বালিকার হাতে দিয়ে—ঐগুলি রাগমঞ্জরীর পথের লোককে এই কথা বলে কান্তকের কাছে নিয়ে গেলাম। গভীর প্রেম দরিয়ায় মগ্ন কান্তক আমাকে দেখে যেন নৌকার সন্ধান পেল। আমিও রাজকন্যার অবস্থা খুব শোচনীয়—সেইসব কথা বলে তাকে উন্মত্ত করে তুললাম। আর একদিন আমার উচ্ছিষ্ট তাম্বুল, অনুলেপন, মালা পরিহিত, বস্ত্র ইত্যাদি নিয়ে—'আপনার প্রিয়া পাঠিয়েছেন' এই বলে উপহার দিলাম। তাঁর দেওয়া দ্রব্যগুলিও রাজকন্যার জন্য নিচ্ছি—এই কথা বলে লুকিয়ে ফেলে দিলাম। এই পন্থায় তার কামাগ্নি উদ্দীপ্ত করে গোপনে বললাম, 'আর্য, নিঃসন্দেহে আপনার শরীরে রাজচিহ্ন আছে। আমার প্রতিবেশী দৈবজ্ঞ বলেছেন—কান্তকের হাতেই রাজ্যভার

পড়বে। সেইরকম লক্ষণও দেখা যাচ্ছে। কারণ রাজকন্যা আপনার প্রতি আকৃষ্টা, ইনি রাজার একমাত্র সন্তান হওয়ায় রাজা ক্রুদ্ধ হলেও কন্যার মৃত্যুভয়ে আপনাকে হত্যা করবেন না বরং যৌবরাজ্য দান করবেন। অতএব একটি ঘটনা আর একটির পরিপূরক। সুতরাং আপনি নিজে উদ্যোগী হন। যদি কুমারীপুরে প্রবেশের উপায় না বুঝতে পেরে থাকেন তাহলে কারাগারের ভিত্তি থেকে অন্তঃপুরের উপবন পর্যন্ত দূরত্বটুকু কোন নিপুণ চোরকে দিয়ে সুড়ঙ্গ খনন করিয়ে প্রবেশ করুন। তারপর আসলকে রক্ষার দায়িত্ব আমার। রাজকন্যার পরিজনেরা তাঁর প্রতি খুব অনুরক্ত বলে গোপনতা কখনই প্রকাশ করবে না। কান্তক আমার পরামর্শ গ্রহণ করে জিজ্ঞাসা করল, 'এমন কোন চোর আছে কি যে খনন-ব্যাপারে সগররাজার পুত্রের মতো দক্ষ? তাকে পাওয়া গেলে অল্প সময়ের মধ্যেই এই কাজ সিদ্ধ হতে পারবে।' 'বহুজনের মধ্যে এরকম লোক কেনই বা পাওয়া যাবে না?' আমি (শৃগালিকা) একথা বলায় কান্তক এই কথা বলে তোমাকেই নির্দেশ করল 'যে ধনমিত্রের 'চর্মরত্ন' চুরি করে কারাগারে আছে সে পারবে।' আমি বললাম, 'যদি তাই হয় তাহলে তাকে বলবে— তুমি এই কাজ করে দিলে তোমাকে কারাগার থেকে মুক্ত করিয়ে দেব।' এইরকম শপথের পর তার দ্বারা কার্যোদ্ধার হয়ে গেলে আবার বন্দী করে রাজাকে জানাবে, 'এই চোর খুবই ধূর্ত। নানাভাবে চেষ্টা করা সত্ত্বেও ধনমিত্রের সঙ্গে শত্রুতার জন্যে 'চর্মরত্ন' কোথায় রেখেছে তা দেখাবে না। তারপর তাকে হত্যা করাবে। তাহলে উদ্দেশ্যও সফল হবে, গোপনীয়তাও নষ্ট হবে না।' আমি একথা বলার পর কান্তক খুব খুশি হয়ে সব কথা মেনে নিল। এখন তোমাকে বশীভূত করার জন্যে আমাকে নিযুক্ত করে বাইরে অপেক্ষা করছে। এবার তুমি তোমার কর্তব্য স্থির কর। আমি (অপহারবর্মা) প্রীত হয়ে বললাম, 'আমি অল্পই বলেছিলাম, তুমি অনেক কিছুই করেছ। এখন ওকে নিয়ে আসতে পার।'

কান্তককে আনার পর সে আমার মুক্তির শপথ করল—আমিও গোপনতা রক্ষার প্রতিশ্রুতি দিলাম।

বন্ধনমুক্তির পর আমি স্নানাহার ও প্রসাধন সেরে অন্ধকার কারাগারের দেওয়ালের কোণ থেকে সুড়ঙ্গ করতে লাগলাম। মনে-মনে ভাবলাম—কান্তক যদিও শপথ করেছে মুক্তি দেওয়ার, প্রকৃতপক্ষে সে আমাকে হত্যা করবে। অতএব তাকে বধ করলে আমাকে কোন মিথ্যা ভাষণের অপরাধ স্পর্শ করবে না। সুতরাং সুড়ঙ্গ কেটে অন্তঃপুরের উদ্যানের দিকে বার হয়ে আসার সময় কান্তক আমাকে বেঁধে ফেলার জন্যে হাত বাড়াতেই তাকে পদাঘাতে ফেলে দিয়ে তারই ছুরিকা দিয়ে তার শিরশ্ছেদ করে ফেললাম। শৃগালিকাকে বললাম—'কন্যান্তঃপুরের অবস্থান সম্বন্ধে যা জান বল। আমার এই প্রচেষ্টা যেন বৃথা না হয়, কিছু চুরি করে তবে আমি ফিরে যাব।' সে আমাকে পথের নির্দেশ দিয়ে দিল। আমি অন্তঃপুরে প্রবেশ করে দেখলাম—মণিময় প্রদীপ জ্বলছে, সখীরা খেলার পর শ্রান্ত হয়ে ঘুমিয়ে পড়েছে। মধ্যে এক হাতির দাঁতের পালঙ্ক—তার দন্তগুলি রত্নখচিত, উপরে শুভ্রকোমল শয্যা বিস্তৃত। পুষ্পাস্তীর্ণ এই শয্যার উপর রাজকন্যা নিদ্রিতা। তাঁর বামপদ দক্ষিণপদের নিচে রাখা আছে, সুন্দর গোড়ালী অল্প-অল্প দেখা যাচ্ছে, জঙ্ঘা দুটি পরস্পর সংলগ্ন, কোমল জানু ও উরুযুগল বঙ্কিম ভঙ্গিতে শোভমান, নিতম্বের উপর একটি হাত শিথিলভাবে পড়ে

আছে, আরেকটি হাত মাথার কাছে ন্যস্ত। দেহের আবরণ অতি সূক্ষ্ম চীনাংশুক, কৃশ উদর ঈষৎ কুঞ্চিত। দীর্ঘশ্বাসের ফলে বক্ষ কম্পিত, বন্ধুর কণ্ঠদেশে স্বর্ণসূত্রে গ্রথিত পদ্মরাগমণির অলংকার, কর্ণাভরণের আভায় স্বর্ণালী কেশ পার্শ্বপরিবর্তনের জন্যে শিথিল, রক্তবর্ণ ওষ্ঠদ্বয় ঈষৎ উন্মুক্ত, নির্মল কপোলদেশে নানাবর্ণের পত্রলেখায় উজ্জ্বল, পদ্মনয়ন দুটি মুদ্রিত, ভ্রূযুগল পতাকার মতো স্থির, ঘর্মজলে চন্দনতিলকের একাংশ ধৌত, শুভ্র শয্যায় নিমগ্নশরীর রাজকন্যাকে শরতের মেঘের মধ্যে অবস্থিত বিদ্যুতের মতো দেখাচ্ছিল। আমি অনুরাগে অধীর হয়ে উঠলাম। আমার চুরির স্পৃহা নষ্ট হয়ে গেল, রাজকন্যাই আমার হৃদয় চুরি করে নিলেন। আমি কিংকর্তব্য-বিমূঢ় হয়ে পড়লাম। ক্ষণপরে ভাবলাম—যদি এই সুদর্শনাকে না পাই, কামদেব আমাকে জীবিত থাকতে দেবেন না। আবার পূর্বসংকেত ছাড়াই স্পর্শ করলে এই বালিকা ভয়ে আর্তনাদ করে উঠতে পারে; তখন আমার অভিলাষ নষ্ট হয়ে যাবে, প্রহরীরাও আমাকে প্রহার করবে।

এখন তবে এইরকমই করি—এই ভেবে হাতির দাঁতের দন্তসংলগ্ন নির্যাসরঞ্জিত উজ্জ্বল কাষ্ঠফলক সংগ্রহ করলাম; মণিময় পেটিকায় রক্ষিত তুলিকা তুলে নিয়ে সেই ফলকে শায়িতা রাজকন্যার প্রতিচ্ছবি আঁকিলাম। তাঁর পদতলে করজোড়ে উপবিষ্ট আমার ছবিও চিত্রিত করে এই শ্লোকটি লিখলাম—

'অঞ্জলিবদ্ধ এই দাসের আপনার কাছে প্রার্থনা এই যে, আমার সঙ্গেও এরকম মিলনশ্রান্ত ভাবে শয়ন করুন।'

সোনার ডাবর থেকে একখিলি পান, কর্পূর-চূর্ণ ও সুগন্ধি খয়ের খেয়ে সাদা দেওয়ালে আলতার মতো রঙীন পিকের রসে চক্রবাকমিথুনের ছবি আঁকিলাম! তারপর সন্তর্পণে রাজকন্যার সঙ্গে আংটি-বিনিময় করে কোনরকমে বেরিয়ে এলাম।

আবার সেই সুড়ঙ্গ পথে কারাগারে ফিরে এলাম। সেখানে সিংহঘোষ নামে যে নাগরিক বন্দী ছিলেন—তাঁর সঙ্গে বন্ধুত্ব হয়েছিল। আমি তাঁকে জানালাম কিভাবে কান্তককে হত্যা করেছি। তারপর বললাম—'আপনি এই গুপ্ত ঘটনা রাজার কাছে প্রকাশ করে দিয়ে মুক্তিলাভ করতে পারবেন।' এরপর শৃগালিকার সঙ্গে পলায়ন করে রাজপথে আসামাত্র রক্ষীরা ধরে ফেলল। আমি ভাবলাম এরা আমাকে স্পর্শ করার আগেই দৌড়ে পালাতে পারি; কিন্তু শৃগালিকাকে এরা ধরে ফেলবে। সুতরাং এইরকম করি—তাড়াতাড়ি তাদের সামনে গিয়ে নিজের হাত পিঠের দিকে রেখে বললাম, 'যদি চোর হই তবে আমাকে বেঁধে ফেলুন, আপনাদের সে-অধিকার আছে, কিন্তু এই বুড়ির সে-অধিকার নেই।' শৃগালিকা এই কথাতেই আমার অভিপ্রায় বুঝতে পারল। রক্ষীদের প্রণাম জানিয়ে বলল, 'আমার এই পুত্র উন্মত্ত; বহুদিন ধরে চিকিৎসা চলছে। গতকাল যেন নির্দোষ ও প্রকৃতিস্থই ছিল, তাই আমি বিশ্বাস করে বন্ধন খুলে দিয়ে স্নান ও অঙ্গরাগের পর নতুন কাপড় পরিয়ে দিলাম। তারপর পরমান্ন খাইয়ে স্বাধীনভাবে ঘোরাফেরার সুযোগ দিলাম। কিন্তু রাত্রে আবার বায়ুরোগগ্রস্ত হয়ে 'কান্তককে মেরে রাজকন্যার সঙ্গে মিলিত হব' এই কথা বলতে-বলতে ছুটে রাজপথে এসে পড়েছে। আমি দেখতে পেয়েই এই অবস্থায় পুত্রের পেছনে ছুটেছি। আপনারা প্রসন্ন হয়ে ওকে বেঁধে আমার হাতে দিন' - এই বলে যখন শৃগালিকা কাঁদতে লাগল তখন বললাম, ওরে বুড়ি, বায়ুকে আগে কে বাঁধতে পেরেছে? কাকের তুল্য এই রক্ষীরা বাজপাখির

সমান আমাকে কি করে ধরবে ?'—এই বলে দৌড় দিলাম। 'তুমিই উন্মত্তা, কারণ সুস্থ ভেবে পাগল লোককে ছেড়ে দিয়েছ। এখন আর তাকে কি করে বাঁধা যাবে ?'—এই বলে রক্ষীরা শৃগালিকাকে ভর্ৎসনা করতে থাকলে সে কাঁদতে-কাঁদতে আমার পেছনে ছুটতে লাগল।

আমি রাগমঞ্জরীর গৃহে এসে তাকে বহু চেষ্টায় আশ্বস্ত করে রাত্রি কাটিয়ে দিলাম। সকালে উদারকের সঙ্গে মিলে ঋষি মরীচির কাছে উপস্থিত হলাম। তিনি গণিকার প্রভাবমুক্ত হওয়ার পর আবার তপস্যা করায় দিব্যদৃষ্টি ফিরে পেয়েছিলেন। তিনিই আমাকে জানালেন যে এইভাবে আপনার (রাজবাহনের) সঙ্গে দেখা হবে।

সিংহঘোষ কান্তকের দুর্ব্যবহার ও হত্যার কথা প্রকাশ করে দিলে রাজা প্রসন্ন হয়ে তাকেই কারাধ্যক্ষের পদ দিলেন। তার সাহায্যে সুড়ঙ্গপথে আবার কন্যান্তঃপুরে প্রবেশ করা আমার পক্ষে সম্ভব হলো। ইতিমধ্যে শৃগালিকা তাঁর কাছে আমার বিষয়ে বিস্তৃত-ভাবে বলায় তিনি আমার প্রতি আকৃষ্ট হয়ে পড়েছিলেন—ফলে আমি সহজেই তাঁর সঙ্গে মিলিত হতে পারলাম।

চণ্ডবর্মা অঙ্গরাজ সিংহবর্মার কন্যা অম্বালিকার পাণিপ্রার্থনা করেছিল। কিন্তু সিংহবর্মা প্রত্যাখ্যান করায় সে এইসময় রাজধানী চম্পানগরী অবরোধ করেছিল। শত্রুপক্ষের গ্রাম কিভাবে লুণ্ঠন করা যায় এ-সব কথা যখন ভাবছিল তখন অঙ্গরাজও প্রাচীর ভেদ করে বেরিয়ে এসে আক্রমণ শুরু করলেন, সাহায্যের জন্য যেসব রাজারা আসছিলেন তাদের জন্যে তিনি অপেক্ষাও করলেন না। অতিশয় বলবান চণ্ডবর্মা ভীষণ যুদ্ধে সিংহবর্মার বক্ষে আঘাত করে বলপূর্বক বন্দী করলেন। অম্বালিকাকে বিবাহ করার জন্য নিজ ভবনে নিয়ে গেলেন এবং রাত্রিশেষে বিবাহের মঙ্গলসূত্রও বেঁধেছিলেন। আমিও অম্বালিকাকে বিবাহ করব স্থির করে ধনমিত্রকে বললাম—'বন্ধু, অঙ্গরাজের সাহায্যের জন্য প্রায় সব রাজারা এসেছেন ; তুমি পৌরবৃন্দদের সঙ্গে মিলিত হয়ে গোপনে তাকে তোমার গৃহে নিয়ে এস, কার্যসিদ্ধি করে ফিরে এসে শত্রুর ছিন্ন মস্তক দেখতে পাবে।' ধনমিত্র রাজী হয়ে চলে গেল।

আমি দেখলাম চণ্ডবর্মার গৃহ উৎসব আয়োজনে পূর্ণ, পরিজনেরা নানারকম উপকরণ নিয়ে আসছে, আসা-যাওয়ার পথে বহু লোকের ব্যস্ততা। অন্যের অলক্ষ্যে ছুরিকা নিয়ে প্রবেশ করে দেখলাম—পুরোহিত অগ্নি সাক্ষী করে অথর্ববেদের বিধি অনুসারে অম্বালিকার পাণি প্রদানে উদ্যত। তখন পাণিগ্রহণে উৎসুক চণ্ডবর্মার দীর্ঘ বাহু আকর্ষণ করে বক্ষে ছুরিকাঘাত করলাম। আমাকে আক্রমণ করার জন্য যারা এগিয়ে এল তাদের যমালয়ে পাঠালাম। বহুজনকে আহত ও নিহত করার পর সামনে দেখলাম—বিশাল-নয়না কোমলা অম্বালিকা ভয়ে কম্পিতা। তার আলিঙ্গন সুখ লাভের ইচ্ছায় গৃহে প্রবেশ করলাম। এই সময় নবীন মেঘের গর্জনের মতো আপনার গম্ভীর স্বর শুনে খুবই আনন্দ হলো।

এই বিবরণ শোনার পর রাজকুমার রাজবাহন মৃদু হেসে বললেন 'তুমি নিষ্ঠুরতায় কর্ণীসুতকেও অতিক্রম করেছ।' তারপর উপহারবর্মার দিকে দৃষ্টিপাত করে বললেন—'এবার তোমার কাহিনী শুরু কর'।

॥ শ্রীদণ্ডী-বিরচিত দশকুমারচরিতে 'অপহারবর্মাচরিত' নামে দ্বিতীয় উচ্ছ্বাস সমাপ্ত ॥

উপহারবর্মাচরিত

নানা স্থানে পর্যটনের পর আমি বিদেহে[১] উপস্থিত হলাম। রাজধানী মিথিলা নগরীর বাইরে ছিল একটি ছোট মঠ, সেখানে বিশ্রামের জন্য গেলাম। এক বৃদ্ধা তাপসী পাদ্যার্ঘ দেওয়ায় আমাকে অলিন্দে কিছুক্ষণ অপেক্ষা করতে হলো। আমাকে দেখার পর তাঁর চোখ দিয়ে জল পড়তে লাগল। অবাক হয়ে জিজ্ঞাসা করলাম—'মা, কেন আপনার চোখে জল ?'

তিনি করুণ কণ্ঠে বলতে লাগলেন—'আয়ুষ্মন্, নিশ্চয় শুনেছ মিথিলার রাজা ছিলেন প্রহারবর্মা। মগধরাজ রাজহংস ছিলেন তাঁর ঘনিষ্ঠ বন্ধু। তাঁদের রাণী বসুমতী ও প্রিয়ংবদার মধ্যেও গভীর বন্ধুত্ব ছিল। প্রথম অন্তঃসত্ত্বা বসুমতীকে অভিনন্দিত করার জন্যে প্রিয়ংবদা স্বামীসহ পুষ্পপুরের দিকে যাত্রা করেছিলেন। এই সময় মগধরাজ ও মালবরাজের মধ্যে যুদ্ধ শুরু হওয়ায় মগধরাজ অভাবনীয় দুর্ভাগ্যের সম্মুখীন হন। প্রহারবর্মা কোনমতে রক্ষা পেলেও রাজ্যে ফিরে এসে দেখলেন তাঁর জ্যেষ্ঠ ভ্রাতার পুত্র বিকটবর্মা সিংহাসন অধিকার করে বসেছে। তিনি তখন ভাগিনেয় সুহ্ম[২] রাজের সহায়তা লাভের জন্যে অরণ্যপথে অগ্রসর হলেন। কিন্তু বনচর দস্যুরা তাঁর সর্বস্ব লুণ্ঠন করল। আমি তাঁর কনিষ্ঠ সন্তানকে নিয়ে দস্যুদের তীরের ভয়ে অরণ্যের গভীরে প্রবেশ করলাম। এক ব্যাঘ্রের আক্রমণে শিশুটি আমার হস্তচ্যুত হয়ে একটি কপিশবর্ণের মৃত গাভীর শবদেহের উপর পতিত হলো। হঠাৎ এক তীর এসে বিদ্ধ হলো ব্যাঘ্রের দেহে ; মুহূর্তেই তার প্রাণ বিয়োগ ঘটল। বনচরদের সন্তানেরা এসে শিশুটিকে নিয়ে চলে গেল।

আমি তখন অচেতন ; কোন এক গোপালক আমার দেহ তার কুটিরে নিয়ে এসেছিল। তারই কৃপায় আমার ক্ষতস্থানগুলির আরোগ্যের ব্যবস্থা হলো। আমি যখন প্রভুর কাছে উপস্থিত হওয়ার আগ্রহ সত্ত্বেও নিজের অসহায়তার জন্যে ব্যাকুল হয়ে উঠেছিলাম তখন আমার কন্যা এক যুবকের সঙ্গে সেখানে উপস্থিত হলো। প্রথমে সে খুবই কাঁদতে লাগল, তারপর তার কাহিনী বিবৃত করে জানাল—বনচরদের কাছে সৈন্যরা পরাজিত হলে প্রহারবর্মার আরেক কুমারকে তার কাছ থেকে কেড়ে নেওয়া হলো। তবে একজন দস্যু তাকে সুস্থ করে তোলে। পরে এই ব্যক্তি তার পাণি প্রার্থনা করে। কিন্তু নীচ জাতি হওয়ায় এই প্রস্তাব সে ঘৃণাভরে প্রত্যাখ্যান করে। তখন এই বনচর ক্রুদ্ধ হয়ে আমার কন্যাকে হত্যায় উদ্যত হয়, কোনরকমে এই যুবক সেখানে উপস্থিত হওয়ায় সেই দুরাত্মা শাস্তি লাভ করে এবং এই যুবক আমার কন্যাকে বিবাহ করে। তারপর জানতে পারলাম এই ব্যক্তিও মিথিলারাজেরই কর্মচারী। কোন কাজের জন্যে পেছনে পড়ে গিয়েছিল। অতএব একই দিকে যাওয়ার উদ্দেশ্য থাকায় তার সঙ্গেই আমরা প্রভুর কাছে এসে পেঁছালাম। আমাদের কাছ থেকে পুত্রদের হারিয়ে যাওয়ার সংবাদ আগুনের মতোই তাঁদের দগ্ধ করল।

রাজা প্রহারবর্মা ভ্রাতুষ্পুত্রদের সঙ্গে দীর্ঘকাল ধরে যুদ্ধ করা সত্ত্বেও দুর্ভাগ্যবশতঃ বন্দী হলেন, রাণীকেও বন্দী করা হলো। হতভাগিনী আমি নিজের জীবন বিসর্জন দিতে না পেরে প্রব্রজ্যা গ্রহণ করলাম। আমার কন্যা কিন্তু প্রাণের মায়ায় বিকটবর্মার

মহিষী কল্পসুন্দরীর আশ্রয় নিল। প্রহারবর্মার সেই দুই পুত্র বয়ঃপ্রাপ্ত হয়ে আজ তোমার মতোই হতো, আর তারা থাকলে মহারাজের আত্মীয়রা এত অত্যাচারী হয়ে উঠতে পারত না। —এই বলে গভীর দুঃখে সে অশ্রুবিসর্জন করতে লাগল। সেই বৃদ্ধার কথায় আমার চোখেও জল দেখা দিল। তাকে গোপনে বললাম—'মা, যদি তাই হয় তবে আপনি নিশ্চিত হোন। আপনার নিশ্চয় মনে আছে যে এক সন্ন্যাসীকে দেখতে পেয়ে সেই শিশুর কথা বলেছিলেন? সেই সন্ন্যাসী পরে তাকে উদ্ধার করে তার রক্ষার ব্যবস্থা করেন। সে এক সুদীর্ঘ কাহিনী—এখন আর সেকথা বলে কি হবে। তবে জেনে রাখুন আমিই সেই শিশু। আমি যে-কোন সময়েই বিকটবর্মার কাছে উপস্থিত হয়ে তাকে হত্যা করতে পারি। কিন্তু তার বহু ভাই আছে, পুরবাসীরাও এদের সঙ্গে যোগ দিতে পারে। তাছাড়া এখানে কেউই আমার পরিচয় জানে না এমন কি পিতামাতাও আমার সম্বন্ধে সম্পূর্ণ অজ্ঞ। অতএব বিশেষ কৌশলে আমাকে উদ্দেশ্য সিদ্ধ করতে হবে।' এই কথা বলার পর বৃদ্ধা আমার শিরশ্চুম্বন করে আলিঙ্গন করল। সজল নেত্রে বলতে লাগল—'দীর্ঘজীবী হও বৎস, সৌভাগ্য তোমাকে আশ্রয় করুক। ভাগ্যদেবতা এখন নিশ্চয় প্রসন্ন হয়েছেন। আজই বিদেহ প্রহারবর্মার অধিকারে আসতে পারে, কারণ তোমার দৃঢ় বাহু সব বিপদ-সাগর পার হতে সমর্থ; রাণী প্রিয়ংবদা সত্যিই ভাগ্যবতী।' আনন্দের সঙ্গে সে নানাভাবে আমার পরিচর্যা করল, এবং স্নানাহারের ব্যবস্থা করে দিল, আমি সেখানে কিছুক্ষণ বিশ্রাম করে ভাবলাম—কৌশল ছাড়া উদ্দেশ্য সিদ্ধ সম্ভব নয়, স্ত্রীলোকেরাই কৌশলের উৎস, সুতরাং এই বৃদ্ধা ধাত্রীর মাধ্যমে অন্তঃপুর সংক্রান্ত সংবাদ সংগ্রহ করে এক পরিকল্পনা করব।

ক্রমশঃ রাত্রি শেষ হয়ে এল। সমুদ্রের অভ্যন্তর থেকে ক্ষীণপ্রভ প্রভাত সূর্য উদিত হলো। আমি গাত্রোত্থান করে প্রাভাতিক বিধিপালনের পর ধাত্রীমাতাকে দুর্বৃত্ত বিকটবর্মার অন্তঃপুরের বিষয়ে জিজ্ঞাসা করলাম। সে-সময়ে এক রমণীকে ওই দিকে আসতে দেখা গেল। তাকে দেখেই বৃদ্ধা ধাত্রী আনন্দাশ্রুরুদ্ধ কণ্ঠে বলে উঠল, 'কন্যা পুষ্করিকা, প্রভুর পুত্রকে দেখ'। দুর্বিপাক বশতঃ অরণ্যে হারিয়ে যাবার পর আবার এইভাবে ফিরে এসেছে। রমণীটি আনন্দে অভিভূত হয়ে অশ্রু বিসর্জন করতে লাগল, তারপর বলল, 'রাজকুমার, কামরূপেশ্বরের কন্যা কল্পসুন্দরী রূপে গুণে অপ্সরাদেরও হার মানিয়েছেন। স্বামী বিকটবর্মা সম্পূর্ণরূপে তার দ্বারাই প্রভাবিত যদিও অন্তঃপুরে অনেক রমণীই আছেন।' আমি বললাম, 'রাণীর কাছে আমার প্রস্তুত এই মাল্য ও গন্ধদ্রব্য নিয়ে যাও। নানাভাবে স্বামীর প্রতি তাঁর ঘৃণার সৃষ্টি কর ও বিকটবর্মার দোষগুলি তুলে ধর। যে-সব নারীরা নিজেরাই পতি বরণ করে নিয়েছিলেন, যেমন বাসবদত্তা,[৩] তাদের উদাহরণ স্মরণ করিয়ে অনুতাপের সৃষ্টি করবে। অন্তঃপুরে অন্য নারীদের সঙ্গে রাজা কিভাবে সময় কাটান সেসব খবর তাঁকে জানিয়ে তাঁর ঈর্ষাকে জাগিয়ে তুলবে।' তারপর বৃদ্ধাকে বললাম—'আর এসব কাজ ফেলে প্রত্যহ আপনি রাণীর কাছে যাবেন এবং কি ঘটছে আমাকে জানাবেন। আপনার কন্যা যেন আমার কথামতো সবসময় রাণী কল্পসুন্দরীকে ছায়ার মতো অনুসরণ করে, এর ফলে আমাদের উদ্দেশ্য সিদ্ধ হবে।' তারা দুজনে আমার ইচ্ছানুসারেই কাজ করতে লাগল।

কিছুদিন কেটে গেল। ধাত্রী আমাকে ডেকে জানালেন, 'বৎস, মাধবীলতার

নিমগাছ আশ্রয়ের মতো রাণী নিজেকে অযোগ্য পাত্রে সমর্পিত ভেবে দুঃখ পাচ্ছেন। আমার এখন আর কি করণীয় আছে?' আমি তখন নিজের একটি প্রতিকৃতি এঁকে তাঁকে দিয়ে বললাম, 'এইটি নিয়ে রাণীর কাছে যান। তিনি নিশ্চয় জিজ্ঞাসা করবেন এইরকম আকৃতি বিশিষ্ট কোন ব্যক্তির অস্তিত্ব সত্যিই আছে কিনা। আপনি বলবেন—যদি থাকে তাহলে কি হবে? এই প্রশ্নের উত্তরে তিনি কি বলেন সে-কথা আমাকে জানাবেন। স্বীকৃতি জানিয়ে ধাত্রী প্রাসাদে চলে গেল। তারপর ফিরে এসে গোপনে আমাকে বলল 'বৎস, এই প্রতিকৃতিটি দেখানোর পর কল্পসুন্দরী খুব আশ্চর্য হয়ে বললেন কামদেবেরও এইরকম অতুলনীয় সৌন্দর্যের অভাব আছে এবং সেজন্য জগতের মঙ্গলই হয়েছে। চিত্রটি সেই কারণে আরও বিস্ময়কর যে অঙ্কনবিদ্যায় এতখানি নিপুণ কোন ব্যক্তির পরিচয় আমার জানা নেই। কে এই চিত্রকর?' তার, আগ্রহ দেখে আমি মৃদু হেসে বললাম, 'রাণী আপনি ঠিকই বলেছেন। কামদেবও যে এত সুন্দর হতে পারেন এও যেন অবিশ্বাস্য। কিন্তু বিশাল এই পৃথিবীতে কখনও কখনও এমন অনুপম রূপও দৈবশক্তি বলে সম্ভব হতে পারে। কিন্তু সত্যিই যদি এইরকম কোন রূপবান যুবক উপযুক্ত বিদ্যা ও বংশমর্যাদা সহ আমার কাছে উপস্থিত হয় তবে সে কি আশা করবে?' কল্পসুন্দরী বললেন, 'আমি কি আর বলতে পারি? আমার দেহ, মন, প্রাণ সবই তাঁর তুলনায় অতি নগণ্য। সুতরাং তাঁর আর কিই-বা পাওয়ার আছে? তবে যদি শুধু কল্পনা না হয় তাহলে এমন ব্যবস্থা করুন যাতে এই ব্যক্তির দর্শন লাভ করে আমার দৃষ্টি ধন্য হয়।' তাঁর কামনা আরও গভীরতর করার জন্যে আমি বললাম—'আত্মগোপনকারী এইরকম একজন রাজপুত্র আছেন। বসন্তোৎসবে যখন সখীদের সঙ্গে উদ্যানে বিহার করছিলেন তখন ভাগ্যক্রমে রতির তুল্যা সুন্দরী আপনি তাঁর দৃষ্টি পথে এসেছেন। কামশরে জর্জরিত হয়ে সে আমার শরণ নিয়েছে। আমিও আপনাদের পরস্পরের যোগ্য রূপগুণের বৈশিষ্ট্যে মুগ্ধ হয়ে তার প্রেরিত পুষ্পমালা-বিলেপনে আপনাকে সন্তুষ্ট করার চেষ্টা করেছি। সেই ব্যক্তি নিজ প্রতিকৃতি অঙ্কিত করে আপনার প্রতি গভীর ভালবাসার প্রমাণের জন্যে পাঠিয়ে দিয়েছে। এই ব্যাপারে যদি নিশ্চিন্ত সিদ্ধান্ত নেওয়া হয়, তাহলে তার পথে কিছুই বাধা হবে না, কারণ সে অসাধারণ প্রতিভা ও শক্তির অধিকারী। তাকে আজই আপনাকে দেখাতে পারি, আপনি শুধু একবার সংকেত দিন।' কিছুক্ষণ পরে কল্পসুন্দরী বললেন, 'মা, আপনার কাছে আর গোপন করার কি আছে? তবে শুনুন—আমার পিতার সঙ্গে রাজা প্রহারবর্মার খুব বন্ধুত্ব ছিল। মাতা মানবতীর সঙ্গে দেবী প্রিয়ংবদার সখীত্বও ছিল খুবই গভীর। সন্তানজন্মের পূর্বেই তাঁরা স্থির করেছিলেন যে পরস্পর পুত্রকন্যার বিবাহ দিয়ে বন্ধন আরও গভীর করবেন। কিন্তু দুর্ভাগ্যবশতঃ প্রিয়ংবদার পুত্র হারিয়ে যাওয়ায় বাধ্য হয়ে তাঁরা বিকটবর্মার হাতে আমাকে সমর্পণ করলেন। আমার এই স্বামী অত্যন্ত নিষ্ঠুর, পিতার প্রতি বিশ্বাসঘাতক, বিকৃতদেহ, কামক্রীড়ায় অনিপুণ, শিল্পচর্চা-কাব্য-নাটকের প্রতি নিরুৎসাহ, ধনোন্মত্ত, বৃথা অহংকারী, মিথ্যাবাদী ও অপাত্রে অনুগ্রহকারী। আমার রোপিত ও পালিত চম্পকলতা থেকে নিজে ফুল তুলে রময়ন্তিকাকে সাজালেন যখন আমার অন্তরঙ্গ সখী পুষ্করিকা সেখানে উপস্থিত। উদ্দেশ্য, বোধহয় আমার মনে সপত্নীর ঈর্ষার সৃষ্টি করা। এমনকি প্রমোদ-উদ্যানের গুহার যে-রত্নবেদিকায় আমাকে উপভোগ করেছেন, তারপরেই সেখানে তার সঙ্গে বিহার

করতেও দ্বিধা করলেন না। ইনি আমার অযোগ্য হওয়া সত্ত্বেও আমাকে অবজ্ঞা করতে শুরু করেছেন। তবে আর অপেক্ষা করে কি হবে? ইহজন্মের কষ্ট পরকালের দুঃখ-ভোগের চিন্তাকে দূরে সরিয়ে দিয়েছে। কামদেবের শরে যে-রমণী একবার বিদ্ধ হয় অবাঞ্ছিত কোন পুরুষের সঙ্গ তার কাছে খুবই দুঃসহ। সুতরাং কোনভাবে উদ্যানের মাধবীলতামণ্ডপে এই ব্যক্তির সঙ্গে আমার মিলন ঘটিয়ে দিন—এঁর সব সংবাদ জেনে আমার মন গভীরভাবে আকৃষ্ট হয়ে পড়েছে। আমার যত ধনরত্ন আছে সবকিছুর বিনিময়ে তাঁকে বিকটবর্মার স্থানে বসিয়ে তাঁর সেবায় জীবন কাটিয়ে দিতে চাই।'—'এই প্রস্তাব গ্রহণ করে আমি ফিরে এলাম। এবার কি করতে হবে তা কুমার, আপনার ওপরই নির্ভর করছে।'

আমি তখন সেই ধাত্রীর কাছ থেকে অন্তঃপুরের অবস্থার কথা জেনে নিলাম। কোথায় রক্ষীরা পাহারা দেয়, কোথায় বা প্রমোদকাননের অবস্থান ইত্যাদি। তারপর অস্তশিখরের সংগে আঘাত লাগায় সূর্য যেন রক্তিমাভ হয়ে উঠলেন, জ্বলন্ত অঙ্গারের মতো পশ্চিম সমুদ্রে নিমজ্জিত হওয়ায় যেন উত্থিত ধূমরাশি অন্ধকার রূপে আকাশে ছড়িয়ে পড়ল। সন্ধ্যা নেমে এল ধরণীতে। ধীরে-ধীরে উদিত হলেন চন্দ্র যিনি একসময় গুরুপত্নীর প্রতি অভিলাষী ছিলেন, তিনি যেন এখন পরস্পর গ্রহণের ব্যাপারে গুরু রূপেই আমাকে পথ দেখাতে লাগলেন। এই চন্দ্রকিরণই তো প্রতিফলিত হচ্ছে কল্পসুন্দরীর পদ্মাননে! ভুবনজয়ী কামদেবের প্রভাবে বাসনা আমার উদ্দাম হয়ে উঠল। শয্যায় শয়ন করে ভাবতে লাগলাম—আমার উদ্দেশ্য প্রায় সফল হতে চলেছে। কিন্তু পরস্ত্রীগমনের ফলে ধর্মপীড়া হতে পারে। অবশ্য শাস্ত্রকারেরা এই কাজও অনুমোদন করেছেন, যদি এর দ্বারা অর্থ ও কাম সাধিত হয়। আবার গুরুজনদের মুক্ত করার জন্যেই আমি এই পন্থা গ্রহণ করেছি। অতএব পাপ তো কিছু হবেই না বরং ধর্মফল লাভ হতে পারে। কিন্তু একথা শুনে কুমার রাজবাহন ও অন্যসুহৃদেরাই বা কি বলবেন! এই কথা ভাবতে-ভাবতে আমি নিদ্রিত হয়ে পড়লাম। স্বপ্ন দেখলাম—দেব গজানন বলছেন, 'সৌম্য উপহারবর্মা, দুশ্চিন্তা কোরো না, তুমি আমার অংশে জাত। আর কল্পসুন্দরী শিবের জটায় স্থিত গঙ্গার অংশ। কোন একসময় আমার আলোড়নে বিক্ষুব্ধ হয়ে ইনি অভিশাপ দিয়েছিলেন—মর্ত্যে যাও। আমিও পুনরভিশাপ দিলাম—"এখানেও যেমন তুমি বহুভোগ্যা তেমনি মর্ত্যে গিয়ে তুমিও বহু মানুষের ভোগ্যা হও।" তখন দেব-নদী বহু অনুনয় করে বললেন, "একজন ব্যক্তির পত্নী হওয়ার পর আবার যেন তোমারই পরিচর্যায় জীবন কাটাতে পারি।" অতএব সেই ঘটনা অবশ্যই ঘটবে এবং এ-ব্যাপারে তুমি নির্দোষ।"

আমি জেগে উঠে প্রিয়ার সংকেতের কথা মনে করে সারাদিন খুব আনন্দেই কাটালাম। পরদিন অন্য আর কোন কাজ ছিল না। নিঃসঙ্গ আমার উপর মদন তীক্ষ্ন শরধারা বর্ষণ করে চললেন। সেই ফুলশরের তেজেই যেন সূর্যরশ্মির উজ্জ্বলতাও ম্লান হয়ে এল, আর তমসারূপী কর্মি চারিদিকে ব্যাপ্ত হয়ে গেল! দিনের শেষে বেরিয়ে পড়লাম কৃষ্ণ বসন পরে; কোমরে শক্ত কোমরবন্ধ, হাতে খড়্গ, সংগে এই ধরনের কাজে ব্যবহার যোগ্য অস্ত্রাদি। রাজপ্রাসাদের কাছে এসে উপস্থিত হলাম। চতুর্দিকে জলপূর্ণ পরিখা। ধাত্রীমাতার নির্দেশ মতো পৌঁছে দেখতে পেলাম যে পুষ্করিকা পূর্ব থেকেই একটি বংশদণ্ড সেখানে রেখে দিয়েছে। ওই দণ্ডটি আড়াআড়িভাবে রেখে পরিখা

পার হলাম, তারপর প্রাচীরের উপরে উঠে গেলাম। সংলগ্ন গহ্বরের পাকা ইঁটের সিঁড়ি বেয়ে নেমে পড়লাম ভিতরে। বকুল-বীথির পাশ দিয়ে এগিয়ে গেলাম। চম্পক তরুরাজির মধ্যে দিয়ে চলতে গিয়ে কিসের যেন শব্দ শুনতে পেলাম, পরে বুঝলাম তা চক্রবাক মিথুনের করুণ কূজন। আরও কিছুদূরে অগ্রসর হয়ে সন্ধান পেলাম অন্তঃপুরের প্রাচীরের।

পূর্বদিকের কাঁকর বিছানো পথ ধরে হেঁটে গেলাম। তার একদিকে রক্তিম অশোক আর অন্যদিকে শুভ্র যূথীর ঝাড়। আরও কিছু পথ অতিক্রম করে দক্ষিণের আম্রবাটিকায় প্রবেশ করলাম—আচ্ছাদিত দীপাধারের ক্ষীণ রশ্মিতে দেখতে পেলাম এক ঘন মাধবীলতার কুঞ্জ। আমি মণ্ডপের অভ্যন্তরে গর্ভগৃহে প্রবেশ করলাম। চারিদিকে শিশু কুরুবক শ্রেণীর বেষ্টন, দ্বারে রক্তাশোকের শাখা লাল কুঁড়ির ভারে ঝুকে পড়েছে। ভিতরে বিস্তৃত পুষ্পশয্যা, পদ্মপত্রে রক্ষিত কামোপভোগের নানাদ্রব্য, হস্তিদন্তের পাখা, সুগন্ধিজলপূর্ণ ভৃঙ্গার ইত্যাদি। মুহূর্তকাল সেখানে বসে বিশ্রাম করলাম, সুগন্ধ যেন জড়িয়ে গেল আমার সর্বাঙ্গে। হঠাৎ শুনতে পেলাম মৃদুপদধ্বনি! তাড়াতাড়ি গাছের আড়ালে আত্মগোপন করলাম। ধীরে-ধীরে প্রবেশ করলেন কামাহতা কল্পসুন্দরী, আমাকে দেখতে না পেয়ে খুবই ব্যথিত হয়ে পড়লেন। মত্ত রাজহংসীর মত গদ্‌গদ্ ভাষে বলতে লাগলেন, 'আমি প্রতারিত হয়েছি—একথা প্রমাণ হয়ে গেল। জীবন বিসর্জন দেওয়া ছাড়া আর কি উপায় আছে? হে হৃদয়, তুমি অসম্ভবকে সম্ভব বলে গ্রহণ করেছিলে, সুতরাং উদ্দেশ্য সিদ্ধ না হওয়ায় কেন আক্ষেপ করছ? ভগবান অনঙ্গ, আমি তোমার কাছে কি অপরাধ করেছি যে আমায় এইভাবে দহন করছ কিন্তু সম্পূর্ণ ভস্মে পরিণত করছ না?' এবার আমি তার সামনে এগিয়ে গেলাম। দীপের আবরণ সরিয়ে দিয়ে বললাম, 'ভামিনি, সত্যিই তুমি কামদেবকে অপমানিত করেছ, কারণ তার প্রাণপ্রিয়া রতি তোমার সৌন্দর্যে লজ্জিত, তার ধনুক তোমার ভ্রূলতায়, তার ভ্রমরমালা-পূর্ণ জ্যা তোমার ঘননীলকেশরাজির দ্যুতিতে, তোমার কটাক্ষ বর্ষণই তার শরক্ষেপ, তার অগ্নিবর্ণ কেতন তোমার ওষ্ঠকিরণে, তার প্রধান সখা মলয়-পবন তোমার অতি সুগন্ধি নিঃশ্বাসে, কোকিলের কূজন তোমার মিষ্টস্বরে আশ্রয় পেয়েছে। তোমার দীর্ঘ সবল বাহুদ্বয় তার পুষ্পময় ধ্বজদণ্ড, তোমার বক্ষযুগল তার দিগ্বিজয় যাত্রার জলপূর্ণ কুম্ভস্বরূপ। তোমার বৃত্তাকার গভীর নাভি যেন মদনেরই ক্রীড়া সরোবর, শ্রোণিদেশ যুদ্ধক্ষেত্র, জঙ্ঘাদ্বয়—কামগৃহের রত্নস্তম্ভ, তোমার চরণতলের প্রভা যেন তার কর্ণকিশলয়ের দ্যুতি—এইভাবে তোমার কাছে পরাজিত হয়ে কামদেব তোমাকে পীড়িত করতে পারেন কিন্তু আমি সম্পূর্ণ নিরপরাধ হওয়া সত্ত্বেও আমার প্রতি তাঁর আক্রমণ খুবই কষ্টকর। সুতরাং সুন্দরি, প্রীত হও, তোমার দৃষ্টির সঞ্জীবনী সুধায় আমার কামগরল দূর কর'—এই কথা বলতে-বলতে আমি তাকে গাঢ় আলিঙ্গনে আবদ্ধ করে তাঁর সঙ্গে মিলিত হলাম। অনুরাগরক্তিম তাঁর আঁখি, কপোলদেশে ঘর্মজাল, মুখে অনর্গল প্রলাপ ভাষণ, নখদন্তের রক্তাঘাত তাঁর দেহে। অঙ্গ অত্যন্ত শিথিল ও অসহায় দেখে তার মানসিক ও শারীরিক দুই ধারণাকেই সরিয়ে দিলাম। মিলনের পরবর্তী মিলনের পর রতি-পরবর্তী বিধিগুলি অনুভব করতে-করতে চিরপরিচিতের মতো অতি অন্তরঙ্গভাবে কিছু সময় কাটালাম। পুনরায় চুম্বনের পর অশ্রুমুখী কল্পসুন্দরী অঞ্জলিপুটে বলতে লাগলেন, 'নাথ, যদি চলে যাও তবে আমাকেও নিয়ে চল, নইলে

আমার জীবনও শূন্য হয়ে যাবে।' উত্তরে বললাম, 'মুগ্ধে, এমন কে পুরুষ আছে যে নিজের প্রতি নারীর কামনাকে অভিনন্দিত না করে? যদি সত্যিই আমাকে ভালবাস তাহলে আমার কথামতো আচরণ কর। নিভৃতে রাজাকে আমার প্রতিকৃতি দেখিও এবং প্রশ্ন কোরো যে এই আকৃতি আদর্শ পুরুষরূপে আকর্ষণীয় কি-না? রাজা অবশ্যই এ-কথা স্বীকার করতে বাধ্য হবেন। তখন তুমি বলবে, একজন মাতৃতুল্যা পরিব্রাজিকা বহু দেশ ভ্রমণের পর নানা ক্ষমতা অর্জন করে আমার সামনে চিত্রটি রেখে বলেছিলেন— এমন এক মন্ত্র আছে যার দ্বারা নির্জন স্থানে শুক্লপক্ষের প্রথম রাত্রিতে উপবাসের পর পুরোহিত কর্তৃক আহুতি প্রদত্ত অগ্নিতে একাকী শত চন্দন কাষ্ঠ, শত অগুরু কাষ্ঠ, কর্পূরমুষ্টি, প্রচুর পট্টবস্ত্র প্রদান করলে এইরকম আকৃতি লাভ করা যাবে। তারপর তোমার সমস্ত গোপন কথা প্রকাশ করে আমাকে আলিঙ্গন করার পর এই আকৃতি লাভ করতে পারবে। যদি এই চিত্রের রূপে তুমি মুগ্ধ হয়ে থাক তাহলে তোমার বন্ধু, মন্ত্রী, কনিষ্ঠ ভ্রাতা, পুরবাসী ও প্রজাদের সঙ্গে পরামর্শ করে এই ব্যাপারে অগ্রসর হতে পার। বিকটবর্মা নিশ্চয়ই এতে রাজী হয়ে যাবে। সেই বিশেষ দিনে এই প্রমোদ-উদ্যানে চারিটি পথের সংযোগস্থলে যখন অথর্ববেদ বিধি অনুসারে যজ্ঞাগ্নিতে আহুতি দেওয়া হবে তখন আমি প্রবেশ করে লতামণ্ডপে নিজেকে গোপন করে রাখবো। রাত্রি গভীর হলে তুমি রহস্যময় হাসি হেসে বিকটবর্মার কাছে মৃদুস্বরে বলবে, সত্যিই তুমি ধূর্ত ও অকৃতজ্ঞ। আমারই কৃপায় তুমি মদনমোহন রূপ লাভ করে সপত্নীদের সঙ্গে কেলি করবে, অতএব আত্মবিনাশের জন্য আমি কখনই বেতাল-উপস্থাপনা করতে পারি না। তোমার এই প্রস্তাব শুনে সে কি উত্তর দেয় আমার কাছে এসে জানাবে, তারপর যা করণীয় তা আমিই করব। এখন পুষ্করিকাকে আমার পদচিহ্নগুলি মুছে ফেলতে বল।' কল্পসুন্দরী আমার পরামর্শ শাস্ত্রবচন রূপে গ্রহণ করে অন্তঃপুরে ফিরে গেল অতৃপ্তচিত্তে। আমিও যে-পথ ধরে ফিরেছিলাম সেই পথে আমার বাসস্থানে ফিরে এলাম।

অল্প সময়ের মধ্যেই কল্পসুন্দরী আমার পরামর্শমতো কাজ করেছিল। কুমতি বিকটবর্মা ঐ প্রস্তাব গ্রহণ করার পর সমস্ত নগরে এই বার্তা ছড়িয়ে পড়ল—রাজ্ঞীর মন্ত্রবলে রাজা বিকটবর্মা দেবতুল্য বপু লাভ করতে চলেছেন। ব্যাপারটি কোন প্রতারণা নয়, এক কল্যাণকর অনুষ্ঠান। কোন প্রমাদেরও কারণ নেই কারণ অন্তঃপুরের উদ্যানে দেবী স্বয়ং এই কর্ম সম্পাদন করবেন। বৃহস্পতিতুল্য মন্ত্রীরাও এই কাজ অনুমোদন করেছেন। ঘটনা সত্য হলে খুবই আশ্চর্যের ব্যাপার হবে। এ-কথা প্রমাণিত হবে যে—রত্ন, মন্ত্র ও ওষধির প্রভাব প্রকৃতই অচিন্তনীয়।

অবশেষে সেই বিশেষ দিনটি এসে গেল। রাত্রির অন্ধকার গাঢ়তর হলে অন্তঃপুরের উদ্যান থেকে শিবের কণ্ঠের মতো ঘননীল ধূম উদ্গীর্ণ হতে লাগল, দুগ্ধ-ঘৃত-দধি-তিল-শ্বেত সরিষা-চর্বি-মাংস—শোণিতযুক্ত আহুতির গন্ধ চারিদিকে ছড়িয়ে পড়তে লাগল। তারপর আমিও সেই উদ্যানে প্রবেশ করলাম, কুঞ্জরগমনা কল্পসুন্দরীও সেখানে উপস্থিত হলেন। আলিঙ্গন করে মৃদু হেসে বললেন, 'প্রিয়তম, তোমার মনোবাঞ্ছা পূর্ণ হতে চলেছে। নরাধমের মৃত্যু আসন্ন। তোমার উপদেশ মতো আমি ওকে বলেছি, ধূর্ত, আমি তোমাকে সৌন্দর্যমণ্ডিত করে তুলব আর তুমি সেই রূপ দিয়ে শুধু মানবীদের নয় অপ্সরাদেরও মনোহরণ করবে। চঞ্চল মধুকরের মতো যেকোন নারীতেই আসক্ত হবে। সে তখন আমার পায়ে পড়ে বলল, সুন্দরি আমার সব অপরাধ ক্ষমা কর। এখন থেকে

আমি কোন নারীর কথা মনেও আনব না। সুতরাং উদ্দেশ্যসাধনে তৎপর হও। অনুরাগরূপ অগ্নিকে সাক্ষী করে কামদেবরূপ অভিভাবক কর্তৃক তোমার হস্তে পত্নীরূপে সমর্পিত হয়েছি। তাই বিবাহসজ্জাতেই তোমার কাছে এসে এই যজ্ঞাগ্নির সামনে তোমাকে বরণ করে নিলাম'—এই বলে লতার মতো বাহুপাশে আমাকে আলিঙ্গন করল, কণ্ঠ বেষ্টন করে বারবার চুম্বন করতে লাগল, দর্শনীয় হয়ে উঠল তার বিশাল নয়নের লীলাচাপল্য।

কিছুক্ষণ পরে তাকে বললাম, 'এই কুরুন্টকের ঝোপে অপেক্ষা কর, আমি করণীয় সম্পাদন করেই ফিরে আসছি।' তারপর প্রজ্বলিত যজ্ঞাগ্নির কাছে গিয়ে অশোকবৃক্ষ থেকে লম্বমান ঘণ্টাটি বাজিয়ে দিলাম। এটি যেন যমদূতের মতোই রাজাকে আহ্বান জানাল। আমি অগুরু, চন্দন ইত্যাদি আহুতি দিতে থাকলাম। রাজা পূর্বব্যবস্থা মতো, সেখানে এলেন। শঙ্কিত ও বিস্মিত বিকটবর্মাকে নারীস্বরের অনুকরণে বললাম, 'অগ্নিসাক্ষী করে সত্য কথা বল—সুন্দর দেহ প্রাপ্ত হয়ে সপত্নীদের সঙ্গে মিলিত হবে কি-না, তারপর আমি তোমাতে এই আকৃতি সংক্রামিত করব।' এই উক্তিতে সে নিশ্চিন্ত হলো যে রাজ্ঞীর সঙ্গেই সে কথা বলছে, ছলনা নয়। আত্মবিশ্বাস ফিরে পেয়ে সে আমার কথামতোই প্রতিজ্ঞাবদ্ধ হলো। মৃদু হেসে বললাম, 'শপথ করেই বা কি হবে? এমন কোন নারী এই জগতে আছে যে আমাকে অবমাননা করতে সাহস করবে? যদি অপ্সরাদের সঙ্গে মিলন চাও, তাও পাবে। এখন বল তোমার গোপন কথা, তারপর নিজের কুৎসিত আকৃতি নষ্ট হবে।' বিকটবর্মা উত্তরে জানাল, 'পিতৃব্য প্রহারবর্মাকে আমি বন্দী করে রেখেছি। মন্ত্রীদের সঙ্গে ষড়যন্ত্র করেছি যে খাদ্যে বিষ মিশিয়ে তাকে হত্যা করব। প্রচার করব যে অজীর্ণ রোগে তিনি মারা গেছেন। দ্বিতীয়ত, সৈন্যবাহিনীর একাংশকে ভ্রাতা বিশালবর্মার নেতৃত্বে পুণ্ড্রদেশে পাঠিয়ে দেব। তৃতীয়ত, পৌরবৃদ্ধ পাঞ্চালিক ও বণিক পরিত্রাত গোপনে আমায় জানিয়েছে যে 'খনতি' নামে এক যবনের কাছে এমন এক রত্ন আছে যার মূল্য সমগ্র পৃথিবীর তুল্য। ওই রত্ন অর্ধমূল্যে লাভ করতে হবে। চতুর্থত, শতপুলি নামে নগরাধ্যক্ষের সঙ্গে আমার বিশেষ অন্তরঙ্গতা আছে, আমার আদেশ অনুসারে সে ভূস্বামী অনন্তসীরকে নিধনের জন্যে সেনাপতি নিযুক্ত করেছে; এইগুলিই আমার গোপন ষড়যন্ত্র।'

'—তোমার আয়ু এখানেই শেষ, কৃতকর্মের উপযুক্ত শাস্তি লাভ কর'—এই বলে বিকটবর্মাকে দ্বিখণ্ডিত করে আহুতি রূপে অগ্নিতে সমর্পণ করলাম। প্রচুর হবি নিক্ষেপ করতে লাগলাম। যতক্ষণ না সে ভস্মে পরিণত হয়। কল্পসুন্দরী নারীসুলভ ভীরুতায় বিহ্বল হয়ে পড়েছিলেন, তাঁকে আশ্বস্ত করে তাঁর সঙ্গে প্রাসাদের ভিতরে উপস্থিত হলাম। বিস্মিত অন্তঃপুরবাসীরা সাদর অভ্যর্থনা জানালেন। তাঁদের সঙ্গে আনন্দে কিছু সময় অতিবাহিত করে বিদায় জানালাম। এরপর প্রিয়া কল্পসুন্দরীর সঙ্গ উপভোগ করতে লাগলাম। এই ভাবে ক্ষণস্থায়ী রাত্রি অবসিত হলো।

প্রিয়ার কাছ থেকে জেনে নিয়েছিলাম রাজপ্রাসাদের নিয়মকানুনগুলি। প্রভাতে স্নানান্তে মঙ্গলাচরণের পর মন্ত্রীদের সঙ্গে সাক্ষাৎ করলাম। তাঁদের বললাম, 'মাননীয় মন্ত্রিগণ, আকৃতির সঙ্গে আমার প্রকৃতিরও পরিবর্তন হয়েছে। আমার পিতৃতুল্য পিতৃব্য, যাঁকে বিষ-মিশ্রিত অন্ন দিয়ে হত্যা করার কথা ভাবছিলাম তাঁকে মুক্ত করে সিংহাসনে প্রতিষ্ঠিত করব—আর আমি পুত্রের মতোই তাঁর আদেশ পালন করব, কারণ পিতৃতুল্য

ব্যক্তিকে হত্যা জঘন্য অপরাধ।' তারপর ভ্রাতা বিশালবর্মাকে ডেকে বললাম, 'প্রিয় ভাই, পুণ্ড্রদেশের অবস্থা এখন বিশেষ ভাল নয়, তারা দুর্দশাগ্রস্ত হয়ে আমাদের সমৃদ্ধ রাজ্য আক্রমণ করতে পারে—তখন যুদ্ধ করা যাবে। কিংবা বীজবপন বা ফসল কাটার সময় যুদ্ধযাত্রা করা যেতে পারে, আপাতত স্থগিত থাক।'

নগরবৃদ্ধ দুজনকে ডেকে জানিয়ে দিলাম, 'খনতি'র কাছ থেকে মূল্যবান রত্ন প্রতারিত করে পাওয়ার ইচ্ছা নাই। উপযুক্ত মূল্য দিয়েই ক্রয় কর, যাতে আমার দিক থেকে ধর্মহানি না ঘটে।'

নগরাধ্যক্ষ শতহলিকে বললাম, 'পিতৃব্যকেই যখন মর্যাদা ফিরিয়ে দিলাম, তখন প্রহারবর্মার প্রতি অনুরক্ত বলে কেন আর তাকে ধ্বংস করা হবে? সুতরাং তার বিরুদ্ধে যুদ্ধযাত্রা নিষ্প্রয়োজন।'—এইভাবে মন্ত্রীরা আমার কাছ থেকে প্রত্যয়-উৎপাদক সব গোপন ব্যাপারের পরিচয় পেয়ে এই সিদ্ধান্ত করল যে আমিই সেই বিকটবর্মা এবং বিস্মিত হয়ে আমার, রাজ্ঞীর ও মন্ত্রের প্রশংসা করতে লাগল। পিতামাতা কারাগার থেকে মুক্তি পেয়ে রাজপদে স্থাপিত হলেন। আমিও ধাত্রীর মাধ্যমে গোপনে তাঁদের সবকিছু জানিয়ে তাঁদের চরণ বন্দনা করলাম। তখন তাঁরা আনন্দে অভিভূত হয়ে পড়লেন। তাঁদের আদেশে আমিই যৌবরাজ্যে অভিষিক্ত হলাম।

এবার দুঃখ রইল শুধু আপনার (রাজবাহনের) সঙ্গে বিচ্ছেদের জন্যে। পিতৃবন্ধু সিংহবর্মার পত্রে জানতে পারলাম চম্পেশ্বর সিংহবর্মা আক্রমণোদ্যত। সৈন্যবাহিনী নিয়ে দ্রুত যাত্রা করলাম মিত্রের রক্ষা ও শত্রুর বিনাশের জন্যে। এখানেই ঘটল উৎসবের মতো আনন্দময় ঘটনা—আপনার চরণযুগলের দর্শন লাভ করে ধন্য হলাম।"

রাজবাহন এই কাহিনী শুনে মৃদু হেসে বললেন, 'কপটাচরণ, পরস্ত্রীগমনও ধর্ম-অর্থ প্রাপ্তির সহায়ক হতে পারে—যেহেতু পিতা-মাতাকে মুক্ত করা, দুষ্ট শত্রু বধ করে রাজ্য পুনরুদ্ধারের বিষয়ে কার্যকরী হয়েছে। বুদ্ধিমান লোকের কাছে নিন্দনীয় বিষয়ও প্রশংসনীয় কাজে রূপান্তরিত হয়।'—এবার অর্থপালের দিকে স্নিগ্ধ দৃষ্টি স্থাপন করে তাকে তার কাহিনী বিবৃত করতে বললেন। সেও করজোড়ে বলতে শুরু করল।

॥ শ্রীদণ্ডী-বিরচিত দশকুমারচরিতে 'উপহারবর্মাচরিত' নামে তৃতীয় উচ্ছ্বাস সমাপ্ত ॥

× × × × × × × × × × × × × চতুর্থ উচ্ছ্বাস × × × × × × × × × × × × ×

অর্থপালচরিত

দেব, আমিও আর সব বন্ধুদের মতো একই উদ্দেশ্যে সমুদ্রমেখলা পৃথিবী পরিভ্রমণ করে বারাণসীতে এসে উপস্থিত হলাম। নির্মল জলবিশিষ্ট মণিকর্ণিকা[১] ঘাটে স্নান করে অন্ধকমথন[২] 'র বিমুক্তেশ্বরকে প্রণাম করলাম। মন্দির প্রদক্ষিণ করার সময় একজন দীর্ঘকায় ব্যক্তিকে দেখতে পেলাম, সে লৌহদণ্ড সদৃশ বাহু দ্বারা নিজেকে বেষ্টিত করে রেখেছে। তার চক্ষুদ্বয় রক্তাভ এবং ক্রন্দনের ফলে স্ফীত। আমি ভাবলাম—এই ব্যক্তির দেহ খুবই সবল, কিন্তু এর চক্ষুর ম্লান তারকা যেন

কারুণ্যের বৃষ্টি করছে। সে যে-কাজ করতে চলেছে তা খুবই সাহসের পরিচায়ক। নিশ্চয় কোন প্রিয়জনের বিচ্ছেদের জন্যেই জীবন সম্বন্ধে নিস্পৃহ হয়ে প্রাণত্যাগে উদ্যত। সুতরাং আমি জানতে চাই কিভাবে ওকে সাহায্য করতে পারি।

কাছে এগিয়ে গিয়ে জিজ্ঞাসা করলাম, 'ভাই, তোমার এই আচরণ দেখে মনে হচ্ছে তুমি কোন হঠকারিতা করতে চলেছ। যদি কিছু গোপন ব্যাপার না হয় তাহলে তোমার দুঃখের কারণ জানতে পারি কি?' শ্রদ্ধাভরে আমার দিকে দৃষ্টিপাত করে সে বলল, 'ক্ষতি কি? শুনুন তাহলে। আমি পূর্বদেশের অধিবাসী, এক গৃহস্থের পুত্র, নাম পূর্ণভদ্র। বাল্যে ইচ্ছামতো ঘুরে বেড়াতাম। পিতার চেষ্টা সত্ত্বেও ভাগ্যের পরিহাসে আমি চৌর্যবৃত্তি গ্রহণ করলাম। একদিন নগরের এক প্রধান বণিকের গৃহে চুরি করার সময় ধরা পড়ে গেলাম; আমাকে বন্দী করে মৃত্যুদণ্ড দানের জন্যে হত্যাবিলাসী মৃত্যুবিজয় নামে হস্তীকে কামপালের আদেশে আনা হলো। মুখ্যমন্ত্রী কামপাল নগরদ্বারে দাঁড়িয়ে দেখছিলেন—অনেক লোকের চীৎকারের মধ্যে সেই হস্তী ঘণ্টার ধ্বনি দ্বিগুণিত করে শুঁড় উঁচু করে ধেয়ে এল। আমিও তার দিকে নির্ভয়ে এগিয়ে গেলাম। সে দন্ত প্রহারে উদ্যত হতেই আমি তার দুই দন্তের মধ্যে বাহু দিয়ে প্রচণ্ড জোরে আঘাত করলাম। তার ফলে সে ভয়ে পশ্চাদপসরণ করল। ক্রুদ্ধ মাহুত তাকে ভর্ৎসনা করে পা ও অঙ্কুশের আঘাতে আবার ফিরিয়ে নিয়ে এল। দ্বিগুণ ক্রোধে তিরস্কার করে আমি যখন আবার আঘাত হানলাম তখন সে মুখ ফিরিয়ে পালিয়ে গেল। এবার আমি তীব্র আক্রোশে ধেয়ে গেলাম মাহুতের দিকে। রুষ্ট মাহুত হস্তীকে ভর্ৎসনা করে বলল, 'ওরে কুঞ্জরাধম, তোর মৃত্যু আসন্ন।' তারপর তীক্ষ্ন অঙ্কুশ দিয়ে তার নেত্রকোণে বারবার ঘা দিয়ে কোনমতে তাকে আমার দিকে ফিরিয়ে নিয়ে এল। আমি বললাম, 'দূর হোক এই কীটতুল্য হস্তী, কোন গজরাজকে নিয়ে এস, যাতে তার সঙ্গে মুহূর্তকাল ক্রীড়ার পর পরমাগতি লাভ করতে পারি।' আমাকে ক্রুদ্ধভাবে গর্জন করতে দেখে সেই হস্তী মাহুতের আদেশ অবহেলা করেই পলায়ন করল। তখন মন্ত্রী আমাকে ডেকে বললেন, 'হিংসাবিহারী এই হস্তী মৃত্যুবিজয়, সাক্ষাৎ মৃত্যু। সেও তোমার কাছে এই অবস্থা প্রাপ্ত হয়েছে। তুমি অকাজ-কুকাজ বাদ দিয়ে সম্মানজনক জীবন কাটাতে চাও কি? তাহলে আমি তোমার কর্মের ব্যবস্থা করতে পারি।' আমি সবিনয়ে জানালাম, 'আপনার আদেশ অনুসারে কাজ করতে রাজী আছি।' তিনি তখন থেকে আমার সঙ্গে মিত্রবৎ আচরণ করতে থাকলেন।

একদিন আমি অনুরোধ করায় আমার প্রতি বিশ্বাস বশতঃ তিনি (কামপাল) নিজের কাহিনী শোনাতে লাগলেন। কুসুমপুরের রাজা ছিলেন ধর্মপাল। তিনি শাস্ত্রজ্ঞানের জন্যে খ্যাতি অর্জন করেছিলেন। তাঁর পুত্র সুমিত্র প্রজ্ঞায় পিতৃতুল্য। কিন্তু সুমিত্রেরই বৈমাত্রেয় কনিষ্ঠ ভ্রাতা আমি ছিলাম গণিকাসক্ত। আমাকে নিবারণ করার চেষ্টা করলে দুর্নীতিগ্রস্ত আমি গৃহত্যাগ করলাম। বহুদিক ভ্রমণের পর বারাণসীতে এসে প্রমোদ উদ্যানে দেখতে পেলাম শিবের আরাধনার্থে আগতা কাশীরাজ চণ্ডসিংহের কন্যা কান্তিমতীকে। কন্দুকক্রীড়ারতা তাঁকে দেখে আমি মুগ্ধ হয়ে পড়লাম। কোনরকমে তাঁর সঙ্গে মিলনও ঘটল। কিন্তু অন্তঃপুরে গোপন মিলনের ফলে তিনি সন্তানসম্ভবা হয়ে পড়লেন। পরে এক পুত্রের জন্ম দিলেন। গোপনতা

প্রকাশ হয়ে পড়ার ভয়ে সখীরা শিশুটিকে ক্রীড়াশৈলে রেখে এসে বলল, যে মৃত-সন্তান জন্মেছে। সেখান থেকে এক চণ্ডালিনী তাকে তুলে নিয়ে শ্মশানে ফেলে দিয়ে এল। আসার সময় রাত্রে রাজপথে প্রহরীদের হাতে ধরা পড়ে গেল। শাস্তির ভয়ে সে সব গুপ্ত কথাই প্রকাশ করে দিল। আমি তখন প্রমোদ উদ্যানের ক্রীড়াশৈলের গুহায় নিদ্রিত ছিলাম—আমাকেও দেখিয়ে দিল। সেই মধ্যরাত্রেই রাজার আদেশে আমাকে সেখানে যে-দড়ি পাওয়া গেল তাই দিয়ে বেঁধে ফেলা হলো। শ্মশানে আনার পর চণ্ডাল যখন তরবারির আঘাতে আমাকে হত্যায় উদ্যত তখনই হঠাৎ আমার বন্ধন কেটে গেল। আমিও তার তরবারিটি কেড়ে নিয়ে সেই চণ্ডালকে প্রহার করতে-করতে পালিয়ে গেলাম। নিরাশ্রয়ভাবে আমি যখন অরণ্যে ভ্রমণ করছিলাম তখন সাক্ষাৎ পেলাম এক দিব্যাকৃতি রমণীর, চোখে তাঁর জল, হাতে তাঁর পূজার উপকরণ, কুঞ্চিত-কেশরাজি শোভিত মস্তকে করপুট স্পর্শ করে প্রণিপাত করে বিশাল বটবৃক্ষের স্নিগ্ধচ্ছায়ায় তিনি আমার সঙ্গে উপবেশন করলেন।

'কে তুমি কন্যা? কোথা হতে আগমন? কেনই বা আমার মতো ব্যক্তির প্রতি কৃপাবর্ষণ?' এইভাবে জিজ্ঞাসা করায় মধুর বাক্যে তিনি উত্তর দিলেন, আর্য, আমি যক্ষরাজ মণিভদ্রের কন্যা, নাম তারাবলী। অগস্ত্য-পত্নী লোপামুদ্রাকে নমস্কার করে আসার সময় বারাণসীর মহাশ্মশানে এক শিশুকে কাঁদতে দেখলাম। তীব্র স্নেহ অনুভব করায় আমি তাকে আমার পিতা-মাতার কাছে নিয়ে এলাম। পিতা তাকে অলকাধিপতি কুবেরের সভায় উপস্থিত করলেন। মহাদেবের সখা কুবের আমায় ডেকে বললেন, 'কন্যা, এই শিশুর প্রতি তোমার মনোভাব কি রকম?' আমি জানালাম, 'নিজের সন্তানের মতোই।' তখন তিনি বললেন, 'বেচারি ঠিক কথাই বলেছে।' তারপর এই ব্যাপারে এক বিরাট কাহিনী বিবৃত করলেন। আমি জানতে পারলাম শৌণিক শূদ্রক ও কামপাল অভিন্ন। বন্ধুমতী, বিনয়বতী ও কান্তিমতী অভিন্না। বেদিমতী আর্যদাসী সোমদেবীরাও এক। হংসাবলী শূরসেনা সুলোচনারাও পৃথক নয়। নন্দিনী-বঙ্গপতাকা-ইন্দ্রসেনারাও এক। শূদ্রকরূপে আর্যদাসী নামে সে গোপকন্যাকে অগ্নিসাক্ষী করে গ্রহণ করেছিলেন সেই এজন্মে এই তারাবলী। আমি যখন আর্যদাসী ও আপনি শূদ্রক তখন যে-পুত্র জন্মায় তাকে বিনয়বতী স্নেহের সঙ্গে পালন করেছিলেন। বিনয়বতীই পরজন্মে কান্তিমতীরূপে ঐ পুত্রসন্তান লাভ করেন।[৩] ভাগ্যক্রমে এ অনেকবার মৃত্যুর হাত থেকে রক্ষা পেয়েছে। আমি একে কুড়িয়ে পেয়ে কুবেরের আদেশে অরণ্যে তপস্যারত রাজহংসের পত্নী বসুমতীর কাছে গচ্ছিত রেখে আসি যাতে ভবিষ্যতে তাঁর পুত্র রাজবাহনের পরিচর্যা করতে পারি। সৌভাগ্যবশত আপনি এখন মৃত্যুমুখ থেকে উদ্ধার পেয়েছেন, আমিও গুরুজনদের অনুমতি নিয়ে আপনার চরণ সেবা করার জন্য এসেছি। এ-কথা শুনে আমি বারবার বহু জন্মের পত্নীকে আনন্দাশ্রু সহ আলিঙ্গন করে সান্ত্বনা দিলাম এবং তার প্রভাব সৃষ্ট মনোরম প্রাসাদে অপার্থিব ভোগ সুখ লাভ করলাম। কয়েকদিন এইভাবে কাটিয়ে সেই নারীরত্ন তারাবলীকে বললাম, 'আমার অপকারক চণ্ডসিংহ যে আমাকে বধ করতে চেয়েছিল তার উপর প্রতিশোধ নিতে চাই।' মৃদু হেসে সে বলল, 'চলুন আপনাকে কান্তিমতীর কাছে নিয়ে যাই'।

মধ্যরাত্রে কাশীরাজের প্রাসাদে উপনীত হলাম। নিদ্রিত চণ্ডসিংহের মাথার কাছে

রাখা তরবারি নিয়ে তাকে জাগিয়ে তুললাম। বললাম, 'আমি তোমার জামাতা তোমার অনুমতি বিনাই তোমার কন্যাকে গ্রহণ করেছিলাম। এখন সেই অপরাধ ক্ষালনের জন্য এসেছি।' ভয়ে কম্পিত চণ্ডসিংহ আমাকে অভিবাদন করে বলল—'মূঢ় আমিই অপরাধী, যেহেতু তুমি আমার কন্যাকে গ্রহণ করে অনুগৃহীত করলেও আমি গ্রহের বিপাকে তোমার মর্যাদা ক্ষুন্ন করে প্রাণদণ্ডের আদেশ দিয়েছিলাম। শুধু কান্তিমতী কেন, আমার এই রাজ্য এবং এই জীবন আজ থেকে তোমার অধীন।' পরদিন মন্ত্রীকে ডেকে পাঠিয়ে বিধিমতে কন্যার সঙ্গে আমার বিবাহ দিল। তারাবলী তারপর কান্তিমতীকে তার শিশু পুত্রটির বৃত্তান্ত জানিয়ে সোমদেবী-সুলোচনা-ইন্দ্রসেনা রূপে বিগত জন্মগুলির কাহিনীও বিবৃত করলেন। এইভাবে মন্ত্রীপদ লাভ করে সুখে কাল কাটাতে লাগলাম।

কামপালের শ্বশুর (চণ্ডসিংহ) অলসক[৪] রোগে স্বর্গত হলেন। জ্যেষ্ঠ শ্যালক চণ্ডঘোষও অতিশয় স্ত্রী-সংসর্গ বশত অসময়ে ক্ষয়রোগে প্রাণত্যাগ করলেন। তখন পঞ্চদশ বর্ষীয় সিংহঘোষ নামে কুমারকে সিংহাসনে অভিষিক্ত করা হলো। সজ্জন কামপাল কুমারকে যথাবিধি পালন করতে লাগলেন। নবযৌবনমত্ত এই কুমারের কয়েকজন দুষ্ট মন্ত্রনাদাতা জুটে গেল। তারা নানা দুর্বুদ্ধি দিত একান্ত অন্তরঙ্গভাবে। তারা কুমারকে এই রকম বুঝিয়ে দিল, 'এই লোক তোমার ভগিনীকে জোর করে দখল করেছে এবং নিদ্রিত রাজাকে প্রহার করতেও উদ্যত হয়েছিল, ফলে ভীত রাজা জেগে উঠে কন্যাদান করতে বাধ্য হয়েছিলেন। আবার তোমার বড় ভাই চণ্ডঘোষকেও বিষ প্রয়োগে হত্যা করেছিল। শুধু তুমি বালক, তাই ক্ষতি করতে অসমর্থ—এই কথা ভেবে প্রজাদের বিশ্বাস উৎপাদনের জন্যে তোমাকে উপেক্ষা করেছে। অকৃতজ্ঞ এই লোক অচিরেই তোমাকে ধ্বংস করবে, অতএব তাকে যমদ্বারে প্রেরণের ব্যবস্থা কর।' কিন্তু বিরোধী হওয়া সত্ত্বেও সিংহঘোষ যক্ষিণী তারাবলীর ভয়ে কামপালের কোন ক্ষতি করতে সমর্থ হলো না। এই সময় তার প্রধানা মহিষী সুলক্ষণা কান্তিমতীর মুখভাবের পরিবর্তন লক্ষ্য করে নম্রভাবে জিজ্ঞাসা করলেন, 'দেবি, আমাকে ছলনা করবেন না—সত্যি করে বলুন কেন আপনার মুখকমল এমন ম্লান?' কান্তিমতী উত্তরে বললেন, 'ভদ্রে, কখনও কি আমি তোমায় মিথ্যা বলেছি? ব্যাপার এই যে আমার সখী তথা সপত্নী তারাবলীকে স্বামী নির্জনে আমার নাম ধরে ডেকে ফেলায় ঈর্ষাবশে সমস্ত ভালবাসা উপেক্ষা ও আমাদের সব অনুরোধ অবহেলা করে চলে গেছেন। ফলে স্বামী তার জন্য অত্যন্ত কাতর হয়ে পড়েছেন—এই জন্যেই আমার দুশ্চিন্তা।' সুলক্ষণা নিভৃতে স্বামী সিংহ-ঘোষকে এই সংবাদ জানালেন। এইবার সিংহঘোষও নির্ভয়ে কামপালকে বন্দী করে কারাগারে নিক্ষেপ করল।

প্রিয়তমার বিরহে কামপালের দেহ ইতিমধ্যেই ক্ষীণ হয়েছিল, এখন অবস্থা আরও শোচনীয় হয়ে উঠেছে। ঠিক হয়েছে তাঁর দোষের কথা সাধারণ্যে প্রচার করে এমন ভাবে চোখ উৎপাটিত করা হবে যাতে মৃত্যু হয় অনিবার্য। এই কারণে আমি নির্জনে অশ্রু বিসর্জন করছি এবং এই সদাশয় ব্যক্তির মৃত্যুর পূর্বে নিজে মৃত্যুবরণ করতে উদ্যত হয়েছি।'

পিতার সেই বিপদের কথা শুনে সাশ্রুনয়নে সেই ব্যক্তিকে বললাম, 'তোমার কাছে আর গোপন করে কি হবে? যক্ষিণী রাজবাহনের পরিচর্যার্থে দেবী বসুমতীর কাছে

যাকে রেখে এসেছিল—আমি কামপালের সেই পুত্র। সহস্র সশস্ত্র যোদ্ধাকে বধ করে আমি পিতাকে মুক্ত করতে সক্ষম কিন্তু কেউ যদি তাঁর দেহে অস্ত্রাঘাত করে বসে তাহলে ভস্মে আহুতিদানের মতো আমার সমস্ত চেষ্টা ব্যর্থ হয়ে যাবে। আমার (অর্থপালের) কথা শেষ হওয়া মাত্রই প্রকাণ্ড এক বিষধর সর্প প্রাচীরের রন্ধ্রে দেখা দিল। আমি মন্ত্র ও ঔষধের সাহায্যে তাকে বশ করে পূর্ণভদ্রকে বললাম, 'মহাশয়, আমাদের উদ্দেশ্য সিদ্ধ হয়েছে। জনতার মধ্যে অলক্ষিতভাবে থেকে এই সাপ ছুঁড়ে দিয়ে তাকে দংশন করাব তারপর বিষক্রিয়া এমনভাবে রোধ করে রাখব যেন সকলেই তাকে মৃত ভেবে পরিত্যাগ করে যায়। তুমি নির্ভয়ে মাকে বোঝাবে—আপনার সেই পুত্র যক্ষিণী যাকে বসুমতীর কাছে রেখে এসেছিল সে উপস্থিত হয়েছে, আমার কাছ থেকে পিতার অবস্থার কথা জেনে সে বুদ্ধি অনুসারে কাজ করবে। আপনি শুধু ভয়শূন্য হয়ে রাজাকে এই কথা বলে পাঠাবেন—ক্ষত্রিয়ের ধর্ম আত্মীয়-অনাত্মীয় নির্বিশেষে দুষ্টব্যক্তি মাত্রকেই দমন করা। আর নারীর ধর্ম এই যে ভাল হোক বা মন্দ হোক স্বামীকেই অনুসরণ করা। অতএব এঁর সঙ্গেই আমি চিতা-আরোহণ করব। সুতরাং চরম বিধি পালনের আদেশ দেওয়া হোক।—এই রকম বলা হলে সিংহঘোষ অবশ্যই অনুমতি দেবে। তখন আপনি স্বামীর দেহ নিজ-গৃহে নিয়ে যাবেন, পটবেষ্টিত নির্জন স্থানে কুশতৃণের আস্তরণের উপর সেই দেহ স্থাপন করবেন। তারপর অনুমরণের উপযোগী বেশভুষা ধারণ করে সেখানে অপেক্ষা করতে থাকবেন—যতক্ষণ না আমি (অর্থপাল) উপস্থিত হই। আমিই তখন পিতাকে বাঁচিয়ে তুলব এবং পরে তাঁর ইচ্ছা অনুসারে কাজ হবে।'—তাই হবে, এই বলে পূর্ণভদ্র অত্যন্ত আনন্দিত হয়ে তাড়াতাড়ি নির্দেশ পালনের জন্য রওনা হলো।

আমি ঘোষণাস্থানে শাখাবহুল তেঁতুল গাছে চড়ে লুকিয়ে রইলাম। অন্য সব লোকেরা উঁচু জায়গাগুলিতে উঠে দাঁড়াল। নানারকম বিষয়ে আলাপ-আলোচনা শুরু করে দিল। এবার ঘাতক বন্দী পিতাকে হাজির করল চোরের মতো পিছমোড়া করে বাঁধা অবস্থায়। পেছনে বিরাট জনতা। দাঁড় করাল ঠিক আমি যে-গাছটিতে ছিলাম তার নিচে। তিনবার ঘোষণা করল—এই বন্দী মন্ত্রী কামপাল রাজ্যলোভে প্রভু চণ্ডসিংহ ও যুবরাজ চণ্ডঘোষকে বিষান্নের দ্বারা গোপনে হত্যা করিয়েছে। এখন বয়ঃপ্রাপ্ত সিংহঘোষের প্রতিও এইরকম পাপাচরণের ইচ্ছায় নিভৃতে বিশ্বস্ত মন্ত্রী শিবনাগকে ডেকে 'স্থূণ' ও 'অঙ্গারবর্ষ' নামে দুজনের ওপর এই হত্যার ভার দেওয়ার ব্যবস্থা করেছিল কিন্তু তাদের প্রভুভক্তির জন্যে এই গোপনতত্ত্ব প্রকাশিত হয়ে পড়ল। রাজ্যলোভী এই ব্রাহ্মণের অন্ধত্ব প্রাপ্তিই যথার্থ শাস্তি—বিচারকগণ এইরূপ সিদ্ধান্ত করায় চক্ষু-উৎপাটনের জন্যে একে এখানে আনা হয়েছে। এরপর অন্য অপরাধীগুলিরও যথাযথভাবে দণ্ডবিধান করা হবে।'—এই ঘোষণা শুনে জনতার মধ্যে মহা কোলাহল দেখা দিল, আমিও সেই সুযোগে ফণাযুক্ত সর্পটি পিতার শরীরে নিক্ষেপ করলাম। আমি যেন ভয় পেয়ে গেছি—এইভাবে লাফিয়ে নেমে জনতার সঙ্গে মিশে গিয়ে সর্পদষ্ট পিতার জীবন রক্ষার জন্যে মন্ত্রের শক্তিতে বিষক্রিয়া রুদ্ধ করে দিলাম। তিনি মৃতবৎ ভূমিতে পড়ে গেলে আমি জোরে বলে উঠলাম, 'বিশ্বাসঘাতকতার শাস্তি হিসাবে দৈবদণ্ড নেমে এল। রাজা শুধুমাত্র চক্ষু থেকে বঞ্চিত করতে চেয়েছিলেন, কিন্তু বিধি তার প্রাণবিয়োগ ঘটালেন। কেউ কেউ আমার উক্তি সমর্থন করল, কেউ-বা নিন্দা করল। এদিকে সর্পটি ঘাতককেও দংশন করে দ্রুতবেগে এগিয়ে যাচ্ছিল, ফলে জনতা ভয়ে তার পথ থেকে সরে পড়ল।

পূর্ণভদ্রের কাছ থেকে সমস্ত ব্যাপারটি জানার পর আমার মা এই বিপদেও খুব বিচলিত হলেন না। সহচরীদের সঙ্গে নিজেই পদব্রজে সেখানে এলেন। পিতার মস্তক ক্রোড়ে নিয়ে রাজা সিংহঘোষকে খবর পাঠালেন, 'আমার স্বামী তোমার বিরুদ্ধতা করেছিলেন কিনা ঈশ্বর জানেন, সেকথা চিন্তা করেও কোন লাভ হবে না। কিন্তু স্বামীর গতি যদি অনুসরণ না করি তাহলে তোমার বংশ কলঙ্কিত হবে। অতএব তাঁর সঙ্গে আমাকেও চিতায় আরোহণের অনুমতি দেওয়া উচিত।' এ-কথা শুনে রাজা হৃষ্টচিত্তেই আজ্ঞা দিলেন, 'বংশমর্যাদার উপযুক্ত অনুষ্ঠান করা হোক। ভগিনীপতির অন্তিম সংকার উৎসবরূপে পালিত হোক।' রাজা নিজের মাহাত্ম্য প্রকাশের জন্যে কামপালের দেহ তাঁর গৃহে আনার অনুমতি দিলেন, বললেন—'এ নিশ্চয় মারা গেছে', কারণ সর্পটি ঘাতকটিকে দংশন করায় সে তৎক্ষণাৎ মৃত্যুমুখে পতিত হয় যেহেতু তার আরোগ্যের সব প্রয়াস আমি রুদ্ধ করে দিয়েছিলাম।

পিতাকে গৃহে এনে নির্জন স্থানে কুশতৃণের উপর স্থাপন করা হলো। মা সহমরণের উপযোগী বেশভুষা করে সহচরীদের কাছ থেকে করুণবাক্যে বিদায় নিয়ে গৃহদেবতাদের বারবার প্রণাম করে এবং পরিজনদের কাঁদতে নিষেধ করে—সেই পটবেষ্টিত স্থানটিতে প্রবেশ করলেন, দেখলেন—তাঁর স্বামী জীবিত! বস্তুত পূর্ণভদ্রের চেষ্টায় আমি পূর্বেই সেখানে উপস্থিত হয়ে মন্ত্রৌষধির প্রভাবে তাঁকে নির্বিষ করে তুলেছিলাম। অসীম আনন্দে অশ্রুপ্লাবিত নেত্রে মা স্বামীর চরণে পতিত হলেন। আমার মস্তক চুম্বন করে বাষ্পরুদ্ধ কণ্ঠে বললেন, 'বাছা, তুমি অনুগ্রহ প্রকাশ করলে আমার মতো পাপীয়সীর প্রতি যে জন্মমাত্র তোমাকে অতি নিষ্ঠুরভাবে পরিত্যাগ করেছিল! তবে তোমার পিতা তো নিরপরাধ, তাঁকে মৃত্যুমুখ থেকে উদ্ধার করে যথার্থ কর্তব্য করেছ। কিন্তু তারাবলী খুবই নিষ্ঠুরা, কুবেরের কাছে তোমার পরিচয় জানা সত্ত্বেও আমাকে না দিয়ে দেবী বসুমতীর কাছে রেখে এল! কিংবা হয়তো সে ঠিকই করেছে, আমার মতো হতভাগিনী তোমার বচনসুধা পানের যোগ্য নয়!'—এইরকম বলতে-বলতে বারবার মস্তকাঘ্রাণ করে, ক্রোড়ের উপর বসিয়ে তারবলীর উদ্দেশ্যে গঞ্জনা করে, অশ্রু-আলিঙ্গনে আমাকে অভিষিক্ত করে কম্পিত অঙ্গে কিছুক্ষণ কেমন যেন অবশ হয়ে পড়লেন।—পিতাও যেন নরক থেকে স্বপ্নে উত্তরণের মতো সেই বিপদ থেকে অভ্যুদয় লাভ করলেন। পূর্ণভদ্রের কাছ থেকে সব ঘটনার বিবরণ জেনে ইন্দ্রের মতোই নিজেকে ভাগ্যবান বলে মনে করলেন। আমার কাজে আনন্দিত ও বিস্মিত পিতা-মাতার উদ্দেশ্যে বললাম, 'আদেশ করুন, এখন আমাদের কি কর্তব্য।' পিতা বললেন, 'বৎস, আমাদের এই বাসগৃহ অতি বিশাল প্রাকারে বেষ্টিত হওয়ায় দুর্ভেদ্য। এখানে আছে অক্ষয় অস্ত্রভাণ্ডার। তাছাড়া আমার অনেক উপকৃত সামন্ত আছে, বহু প্রজাই আমার এই দুর্দশা দেখতে অনিচ্ছুক, কয়েক সহস্র যোদ্ধাও আছে যারা তাদের বন্ধু ও আত্মীয় সহ আমার প্রতি অনুরক্ত। অতএব এইস্থানে কয়েকদিন থেকে রাজ্যের ভিতরে ও বাইরে বিদ্রোহের সৃষ্টি করব। ক্রুদ্ধ প্রজাদের দলে যোগ দিয়ে, প্রতিবেশী শত্রুদের উৎসাহিত করে এবং সহজ শত্রুদের প্ররোচনা দিয়ে এই দুর্দান্ত রাজাকে উচ্ছেদ কর।' আমি পিতার এই কথা স্বীকার করে নিলাম।

আমরা প্রতিরক্ষামূলক ব্যবস্থা নিয়ে সুযোগের প্রতীক্ষা করছিলাম। রাজা সমস্ত ব্যাপার জানার পর নিজের অদূরদর্শিতার জন্যে অনুতপ্ত হয়ে আমাদের বিরুদ্ধে সৈন্য

প্রেরণ করেছিলেন, কিন্তু তারা প্রত্যেকদিনই আমাদের দ্বারা প্রতিহত হচ্ছিল। এই অবকাশে পূর্ণভদ্রের কাছ থেকে রাজার শয়নগৃহের অবস্থান জেনে নিয়ে আমাদের গৃহের দেওয়ালের এক কোণে ভূগর্ভ পথ খনন করে ফেললাম ফণাকৃতি যন্ত্রের সাহায্যে। এই পথ ধরে উপস্থিত হলাম এমন এক স্থানে যা শোভায় স্বর্গের তুল্য। সেখানে রয়েছে একদল কুমারী, আমাকে দেখে তারা ভয়ে সন্ত্রস্ত হয়ে উঠল। একজন কুমারী তপ্ত-কাঞ্চনবর্ণ দেহের প্রভায় চন্দ্রকলার মতো পাতালের অন্ধকার দূর করে দিয়েছিলেন, যেন স্বয়ং পৃথিবীর অধিষ্ঠাত্রী দেবী! যেন দানবদলনের জন্যে পাতালে অবতীর্ণা দেবী দুর্গা! যেন কামদেব-পত্নী রতি! যেন রাজলক্ষ্মী দুষ্ট রাজার দর্শন পরিহারের জন্য মহীবিবরে প্রবেশ করেছেন! সেই কুমারী আমাকে দেখে মলয়বায়ুর প্রভাবে চন্দন-লতার মতো কম্পিত হতে থাকলেন। সেই অঙ্গনা-সমাজে পুষ্পিত কাশ-যষ্টির মতো শুভ্র কেশ-বিশিষ্টা এক বৃদ্ধা আমার চরণে পতিত হয়ে জানাল, ‘অনন্য-শরণ এই স্ত্রীলোকদের অভয় দিন। আপনি কি কোন দেবকুমার? অসুরদের সঙ্গে যুদ্ধের বাসনায় পাতালে প্রবেশের ইচ্ছা করেছেন? দয়া করে বলুন আপনি কে, কেনই বা এখানে এসেছেন?’ আমি উত্তর দিলাম, ‘মহাশয়া, আপনারা ভয় পাবেন না, আমি দ্বিজ-শ্রেষ্ঠ কামপাল ও কান্তিমতীর পুত্র, নাম অর্থপাল। কোন উদ্দেশ্যে নিজ-গৃহ থেকে রাজার কক্ষে যাওয়ার জন্য এই সুড়ঙ্গ পথে আসায় আপনাদের এখানে দেখতে পেলাম, বলুন আপনারা কে, কেনই বা এখানে বাস করছেন?’ করজোড়ে সে বলতে লাগল, ‘হে প্রভুপুত্র, আমরা ভাগ্যবতী যে আপনাকে নিজেদের চোখে দেখে নিরাপদ দেখলাম, এবার আমাদের কাহিনী শুনুন। আপনার মাতামহ চণ্ডসিংহ-পত্নী শীলা-বতীর গর্ভে চণ্ডঘোষ ও কান্তিমতী নামে পুত্র ও কন্যা লাভ করেছিলেন। অত্যন্ত বেশি নারী আসক্তি থাকায় যুবরাজ চণ্ডঘোষ রাজযক্ষ্মায় স্বর্গলাভ করলেন। তখন পত্নী আচারবতী অন্তঃস্বত্বা, তিনি পরে মণিকর্ণিকা নামে কন্যা প্রসব করেন এবং মৃত্যু-মুখে পতিত হন। তখন প্রভু চণ্ডসিংহ আমাকে ডেকে নির্জনে বললেন—ঋদ্ধিমতী, এই কন্যা সুলক্ষণা। বড় হলে মালব রাজপুত্র দর্পশারের সঙ্গে বিবাহ দিতে চাই কিন্তু কান্তিমতীর ব্যাপারের পর কন্যাদের প্রকাশ্য অবস্থানে ভয় পাচ্ছি। অতএব শত্রুর আক্রমণ ঘটলে আশ্রয়ের জন্যে নির্মিত কৃত্রিম শৈল, চিত্রখোদিত গুহা, প্রেক্ষাগৃহযুক্ত ভূমিগৃহে বহু পরিজনসহ একে পালন কর। এখানে যা ভোগ্যবস্তু রাখা হয়েছে তা শতবর্ষ ভোগ করলেও শেষ হবে না, এ-কথা বলে তার শয়নগৃহের একাংশে দু অঙ্গুলি পরিমাণ গভীর ভিত্তিতে একহাত প্রশস্ত একটি প্রস্তর খণ্ড তুলে নিয়ে সেই রন্ধ্রে আমাদের প্রবেশ করিয়ে দিলেন। প্রায় দ্বাদশ বর্ষ আমরা এখানে আছি। বালিকা রাজকুমারী এখন তরুণী হয়ে উঠেছেন। কিন্তু রাজা এখন আমাদের স্মরণ করছেন না, রাজকন্যার পিতামহ যদিও একে দর্পসারের সঙ্গে বিবাহ দিতে মনস্থ করেছিলেন, আপনার মা কান্তিমতী কিন্তু পাশাখেলায় এঁর মাকে হারিয়ে আপনার বধূরূপেই স্থির করে-ছিলেন। অবশ্য ইনি তখন মাতৃগর্ভে। এখন কি করা উচিত আপনিই চিন্তা করুন।’ আমি বললাম, ‘আজকেই রাজগৃহে কোন কাজ শেষ করে এসে তোমাদের প্রতি যা করণীয় তাই করব।’

তারপর দীপদর্শিত ভূগর্ভস্থ পথ দিয়ে সেই গুপ্তদ্বার উন্মোচন করে সিংহঘোষের শয়নকক্ষে উপস্থিত হলাম। নিশ্চিন্তভাবে নিদ্রামগ্ন তাকে বন্দী করে সর্প-শিকারী

ঈগলের মতো আমি তাকে সেই কুমারী সমাজে টেনে আনলাম, সেই সুড়ঙ্গপথে নতমস্তকে মলিন বদন সিংহঘোষকে পিতামাতার চরণে উপস্থিত করলাম। তাঁদের চোখে আনন্দাশ্রু! ভূগর্ভ পথ সংক্রান্ত সমস্ত বৃত্তান্ত তাদের জানালাম। তাঁরা অত্যন্ত আনন্দিত হয়ে সেই নীচাশয়কে বন্দী করে রেখে রাজকন্যা মণিকর্ণিকার সঙ্গে যথাযথ ভাবে আমার বিবাহ দিলেন। রাজাহীন সেই রাজ্য আমাদের অধীনস্থ হলো। মায়ের ইচ্ছাসত্ত্বেও বিদ্রোহের ভয়ে সিংহঘোষকে মুক্তি দেওয়া হলো না। এবার আমরা অঙ্গরাজ্য সিংহবর্মার সাহায্যার্থে অগ্রসর হলাম। আপনার (রাজবাহনের) প্রতি তার বিশ্বস্ততার জন্যই তাকে আক্রমণ করা হয়েছিল। যাইহোক এখন আপনার পাদপদ্ম দর্শনের সৌভাগ্য হয়েছে, সিংহঘোষ আপনার চরণে নত হয়ে প্রায়শ্চিত্ত করুক।'

অর্থপাল এই কথা বলে রাজবাহনকে করজোড়ে প্রণাম করল। রাজবাহন বললেন, 'যথেষ্ট বুদ্ধি ও পরাক্রমের পরিচয় দিয়েছ। এখন তোমার শ্বশুরকে বন্ধনমুক্ত করে আমার কাছে নিয়ে এস।' তারপর প্রীতিপূর্ণ হাস্যে প্রমতির দিকে দৃষ্টিপাত করে বললেন, 'এবার নিজের কাহিনী শুরু কর।'

॥ শ্রীদণ্ডী-বিরচিত দশকুমারচরিতে 'অর্থপালচরিত' নামক চতুর্থ উচ্ছ্বাস সমাপ্ত ॥

× × × × × × × × × × × × × **পঞ্চম উচ্ছ্বাস** × × × × × × × × × × × × ×

প্রমতিচরিত

প্রণামান্তে প্রমতি নিবেদন করল, প্রভু, আপনার সন্ধানে চারিদিকে ভ্রমণ করতে করতে বিন্ধ্যপর্বতে উপস্থিত হলাম। ক্রমশ সন্ধ্যা হয়ে এল—পশ্চিমাকাশ অস্তসূর্যের কিরণে রক্তিমাভ হয়ে উঠেছিল। পথের অসমানতা বোঝা যাচ্ছিল না তাই আর অগ্রসর হওয়া অসম্ভব হয়ে পড়েছিল। পুষ্করিণীর জলে আচমন করে সন্ধ্যা উপাসনার পরে বিশাল বনস্পতির তলায় কচিপাতার শয্যা তৈরি করে শয়ন করতে ইচ্ছুক হলাম। অঞ্জলিবদ্ধ করপুট মস্তকে স্পর্শ করে প্রার্থনা করলাম, 'যে দেবতা এই বৃক্ষে বাস করেন তিনি একাকী নিদ্রিত অবস্থায় আমার শরণ হন। কারণ এই মহারণ্য শ্বাপদ-সংকুল, মহাদেবের কণ্ঠের মতো অন্ধকারাচ্ছন্ন গভীর গহ্বরে পরিপূর্ণ।' এই বলে বামহস্তের উপর মস্তক রেখে নিদ্রিত হয়ে পড়লাম। কিছুক্ষণ পরে আমার দেহ অপার্থিব স্পর্শসুখে রোমাঞ্চিত হয়ে উঠল। সমস্ত হৃদয় ও অন্তরাত্মায় লাগল আনন্দের ঢেউ। দক্ষিণবাহু স্ফুরিত হতে থাকল। কি ব্যাপার! অবাক হয়ে চোখ মেলে দেখতে পেলাম—একখণ্ড চন্দ্রালোকের মতো শুভ্র বস্ত্রের বিতান। বামদিকে দেখলাম প্রাসাদের প্রাচীরের কাছে চিত্রিত অসুরদের উপর একদল কুমারী নিশ্চিতভাবে নিদ্রিত। দক্ষিণদিকে দৃষ্টিপাত করায় প্রত্যক্ষ করলাম এক তরুণীকে যেন ঐরাবতের দলনে বিচ্ছিন্ন নন্দন-কাননের কল্পবৃক্ষের রত্ন শাখা। তার নিদ্রামগ্ন আননে অর্ধ-নিমীলিত চোখ দুটি যেন দুষ্ট ভ্রমর সহ পদ্ম। সে অমৃত-ফেনতুল্য শুভ্র শয্যায় শায়িত ছিল। তার বক্ষাভরণ স্থানচ্যুত হওয়ায় তাকে আদি বরাহের[১] দন্তলগ্ন ভয়ে মূর্ছিতা দুগ্ধ ধবল বসন পরিহিতা পৃথ্বীর মতো মনে হচ্ছিল। সুগন্ধি নিঃশ্বাসে তার কিশলয়তুল্য অধর কম্পিত হচ্ছিল—যেন মহাদেবের রোষানলে দগ্ধ কামদেব পুনরুজ্জীবিত হয়ে উঠছিলেন।

আমি ভাবলাম—কোথায় সেই মহারণ্য ? কি করে এল প্রাসাদ যার উপর কার্তিকের মূর্তি সমন্বিত আকাশচুম্বী লোহশলকা[২] ? কোথায় বা সেই অরণ্যক্ষেত্রে বিস্তৃত পর্ণ শয্যা, কোথায় বা এই চন্দ্রকিরণের মতো উচ্ছ্বাস, হংসপক্ষের মতো কোমল শয়ন ? কারা এই নিদ্রিত কুমারী যেন চন্দ্রকিরণ নির্মিত রজ্জুদোলা থেকে পরিভ্রষ্ট অপ্সরা কমল পাণি লক্ষ্মীর ন্যায় এই শয্যায় শায়িতা কন্যাই বা কে যার বস্ত্র শরৎচন্দ্র মণ্ডলের মতো নির্ম্মল, ইনি নিশ্চয় দেবকন্যা নন যেহেতু চন্দ্র কিরণের দ্বারা সৃষ্ট হয়ে পদ্মের মতো চক্ষু মুদ্রিত করেছেন। কপোলদেশ স্বেদবিন্দু যুক্ত হওয়ায় মনে হচ্ছে যেন ভগ্নবৃন্ত থেকে পতিত রসবিন্দুতে রঞ্জিত পক্ক আম, কুচতটে লিপ্ত অঙ্গরাগ নব যৌবনের দাহজনিত উষ্ণতায় বিবর্ণতা প্রাপ্ত…অতএব ইনি মানবী। সৌভাগ্যবশত এর যৌবন এখনও অপরিভুক্ত যেহেতু অবয়ব সমূহ সুকুমার অথচ দৃঢ়। গাত্রবর্ণ খুব স্নিগ্ধ হলেও ঈষৎ পাণ্ডুবর্ণ। দংশনের অভাবে আনন অনতি-রক্তিম। অধরে প্রবালের কান্তি ; নাতি-প্রস্ফুটিত কপোল যেন ঈষৎ রক্তিম চাঁপার কলি ; অনঙ্গের শর পতনের ভয় না থাকায় নিশ্চিন্তে নিদ্রিতা। স্তনযুগলের মুখভাগ নির্দয়ভাবে বিমর্দিত না হওয়ায় অবিস্তৃত। শিষ্টতার সীমা লঙ্ঘন না করেও আমার মন এর প্রতি আকর্ষণ অনুভব করছে। কিন্তু আমি যদি আসক্তিভরে আলিঙ্গন করি তবে সে আর্তরবে নিদ্রাভঙ্গে উঠে বসবে। তবুও আমি তাকে আলিঙ্গন না করে পারছি না। অতএব যা হওয়ার তাই হোক, আমি নিজের ভাগ্য পরীক্ষা করব। এই ভেবে ভয়ে ও অনুরাগে অল্পমাত্র স্পর্শ করেই কপটভাবে চোখ বন্ধ করে রইলাম। বামদিকে শিহরণ অনুভব করে তিনি জেগে উঠলেন। ধীরে-ধীরে হাই তুলে কম্পিত চক্ষু স্বল্প উন্মোচিত করলেন। তারকা স্পন্দিত, ঘুম ভেঙে যাওয়ায় নেত্র রক্তবর্ণ, কামদেবের দ্বারা প্রভাবিত হওয়ায় ভয়-বিস্ময় ও হর্ষমিশ্রিত এক অপার্থিব অবস্থায় উপনীত। কিন্তু তাঁর নম্রতার জন্যে কামনাও লাবণ্যময়। পরিজনকে ডাকতে গিয়েও তিনি আত্ম-সংবরণ করলেন। তাঁর হৃদয় ভালবাসায় পূর্ণ, অঙ্গে পুলক সস্পৃহভাবে আমার দিকে কটাক্ষপাত করে শরীরের অগ্রভাগ সরিয়ে নিয়ে একই শয্যায় সচকিতভাবে শুয়ে রইলেন। আমিও অনুরাগে আপ্লুত হওয়া সত্ত্বেও কেমন যেন নিদ্রায় অভিভুত হয়ে পড়লাম।

আবার জাগরিত হলাম কোন এক অস্বস্তিকর স্পর্শে ; দেখলাম সেই অরণ্যে বৃক্ষতলের পর্ণশয্যা। রজনী শেষ হয়ে এল। আমি ভাবলাম, একি স্বপ্ন, মতিভ্রম না দৈবী বা আসুরী মায়া! যা হবার তা হোক, প্রকৃত ব্যাপার না জেনে আমি এই ভূমি ত্যাগ করব না। যতক্ষণ আয়ু আছে ততক্ষণ এইখানে এই বৃক্ষের অধিষ্ঠাত্রী দেবতার সামনে অন্নগ্রহণ না করেই শুয়ে থাকব। এই প্রতিজ্ঞা করে সেই-রকমই করলাম।

তারপর আবির্ভূতা হলেন এক নারী। তার দেহ রবিরশ্মিতে উত্তপ্ত পদ্মের মৃণালের মতোই ম্লান, বসনযুগল মলিন, ওষ্ঠ শুষ্ক ও অলক্তকহীন হওয়ায় ধূসর, নিঃশ্বাসের উষ্ণতার জন্যে অনুজ্জ্বল, আমি প্রণাম করায় সচ্চরিত্রা এক বেণীধরা পাতিব্রত্যের পতাকার মতো সেই সীমন্তিনী[৩] আনন্দে কম্পিত হস্তে আমাকে পুত্র-রূপে আলিঙ্গন করে মস্তকে চুম্বন করলেন। বাৎসল্য হেতু তাঁর স্তনদ্বয়ে দুগ্ধধারা ক্ষরিত হচ্ছিল। অশ্রুবাষ্পে তাঁর কণ্ঠ রুদ্ধ হওয়ায় গদগদ ভাষে স্নেহের সঙ্গে বলতে

লাগলেন, 'বৎস হয়তো মগধরাজ মহিষী বসুমতী তোমাকে জানিয়েছেন যে মণিভদ্রের কন্যা শিশুকে তাঁর হাতে সমর্পণ করে কুবের কর্তৃক কথিত স্বামী-পুত্র ও আত্মীয়দের বিষয় বলে অন্তর্হিত হয়েছিলেন। আমিই তোমার সেই জননী। তোমার পিতা ধর্মপালের পুত্র ও সুমিত্রের কনিষ্ঠ ভ্রাতা কামপাল। অকারণ ক্রোধে কলুষিত অন্তরে তাঁর কাছ থেকে চলে গিয়েছিলাম। অনুতপ্ত হওয়ার পর আমি স্বপ্ন দেখলাম রক্ষরূপী একজন আমাকে অভিশাপ দিচ্ছেন—'তুমি স্বামীর উপর ক্রুদ্ধ হয়েছিলে, তোমার দেহে এক বছর বাস করে তোমাকে বিচ্ছেদের দুঃখ অনুভব করাব।' তারপর আমি কেমন আবিষ্টের মতো জেগে উঠলাম। এতদিনে সহস্র বর্ষের মতো দীর্ঘ এক বৎসর অবসিত। শ্রাবস্তীতে দেবাদিদেব মহাদেবের উৎসব উপলক্ষ্যে বিভিন্ন স্থান থেকে সমাগত আত্মীয়দের সঙ্গে সাক্ষাতের পর শাপমুক্ত হয়ে স্বামীর, কাছে ফিরে যাওয়ার জন্যে গত রাত্রে ঐ দেবস্থানের উদ্দেশ্যে যাত্রা করেছিলাম। এইখান দিয়ে যাওয়ার পথে তোমায় বলতে শুনলাম—'দেবতাদের শরণ নিলাম'। তারপর তুমি নিদ্রিত হয়ে পড়লে। কিন্তু আমার মন দুঃখে আবিষ্ট থাকায় তোমায় চিনতে পারলাম না। আবার এই বিপদসংকুল অরণ্যে আমার শরণ নেওয়ায় তোমাকে ফেলে দিতেও মন সরল না, সুতরাং নিদ্রিত তোমাকে সঙ্গে নিয়েই রওনা দিলাম। মন্দিরের কাছাকাছি এসে ভাবলাম সভায় তোমাকে নিয়ে উপস্থিত হওয়া অনুচিত। ভাগ্যক্রমে দেখতে পেলাম—শ্রাবস্তীর রাজা ধর্মবর্ধনের কন্যা সার্থকনামা নবমল্লিকা তার প্রাসাদের উপরে মনোরম শয্যায় শায়িতা। ভাবলাম—এই রাজকুমারী ও সখীরা সকলেই গাঢ় নিদ্রায় অভিভূত ; এই ব্রাহ্মণকুমারও এখানেই নিদ্রিত থাকুক, যতক্ষণ না আমি সেই উৎসব দর্শন করে ফিরে আসি। এই ভেবে তোমাকে সেখানে শুইয়ে দিয়ে উৎসব স্থানে চলে গেলাম। উৎসবান্তে আত্মীয়দের সঙ্গে সাক্ষাতের পর ত্রিভুবনেশ্বরকে প্রণাম করলাম। অপরাধভীত অন্তরে দেবী অম্বিকাকে প্রণতি জানানোর পর তিনি মৃদুহাস্যে বললেন, 'বৎসে, ভয় পেও না। স্বামীর কাছে ফিরে যাও ; অভিশাপের কাল সমাপ্ত।' এই অনুগ্রহে আমার পূর্বমহিমা ফিরে এল। তোমার কাছে এসে তোমাকে দেখার পর তোমার পরিচয় মনে পড়ল—এ তো আমারই পুত্র, অর্থপালের প্রাণতুল্য বন্ধু প্রমতি। পাপিষ্ঠা আমি না জেনে এর প্রতি ঔদাসীন্য দেখিয়েছি। রাজকুমারী ও এই যুবা পরস্পরের প্রতি আকৃষ্ট হয়েছে, কিন্তু লজ্জা ও ভয়ে দুজনেই নিদ্রার ভাণ করে রয়েছে। প্রেমমুগ্ধা হওয়া সত্ত্বেও গোপনতা রক্ষার জন্যে রাজকন্যা সখীদের কিছুই বলতে পারছে না। কিন্তু আমাকে চলে যেতে হবে, এই কুমারকেও নিয়ে যাই। যখন জানতে পারবে তখন নিজেই উদ্দেশ্য-সিদ্ধির উপায় খুঁজে নেবে—এই কথা ভেবে আমি নিজ প্রভাবে তোমাকে নিদ্রাভিভূত করে এই পর্ণশয্যায় নিয়ে চলে এলাম। এইটিই ঘটনা। এখন আমি তোমার পিতার পাদমূলে ফিরে যাচ্ছি।'—এই কথা বলে বার-বার আমাকে আলিঙ্গন, চুম্বন ও মস্তকাঘ্রাণ করে স্নেহবিহ্বলভাবে চলে গেলেন।

আমি (প্রমতি) পঞ্চশরের দ্বারা অভিভূত হয়ে শ্রাবস্তীর[৫] দিকে রওনা দিলাম। পথে বিরাট বাণিজ্যস্থান। বণিকেরা মোরগ-লড়ায়ের জন্যে খুব গণ্ডগোল করছিল। সেখানে কিছুক্ষণ দাঁড়ানোর পর আমি হেসে ফেললাম। কাছেই দাঁড়িয়ে ছিল বৃদ্ধ বিট—সে আমার হাসির কারণ জিজ্ঞাসা করল, আমি বললাম, 'কি ব্যাপার পশ্চিমদেশের বলাকা জাতীয়[৬] মোরগের সঙ্গে প্রাচ্যের নারিকেল জাতীয় শক্তিশালী মোরগকে লড়িয়ে

দেওয়া হয়েছে !' অভিজ্ঞ লোকটি বলল, 'এসব অজ্ঞদের আর বলে কি হবে, চুপ করে থাকাই ভাল।' তারপর তার বটুয়া থেকে কর্পূর মেশানো তাম্বূল আমাকে দিয়ে নানা রকম গল্প করতে লাগল। মোরগদুটি খুব উত্তেজিত হয়ে যুদ্ধ করছিল, কারণ প্রত্যেক আঘাতের আগেই উৎসাহিত করার জন্যে দারুণ চীৎকার করা হচ্ছিল। পশ্চিমের কুক্কুটটি জিতে গেল। সেই বিটব্রাহ্মণও নিজের দেশের পক্ষী জয়লাভ করায় আনন্দিত হয়ে আমার সঙ্গে বয়সের পার্থক্য সত্ত্বেও বন্ধুত্ব স্থাপন করল। সেইদিন তার গৃহে স্নান-ভোজন সারলাম, পরদিন শ্রাবস্তীর দিকে রওনা হলে সেও আমার সঙ্গে কিছুদূর এসেছিল, 'প্রয়োজনে আমাকে স্মরণ করো' এই কথা বলে অবশেষে বন্ধুর মতো বিদায় জানিয়ে ফিরে গেল।

আমি শ্রাবস্তীতে পৌঁছে পথশ্রমে ক্লান্ত হয়ে নগরের বাইরে উদ্যানের লতা-বিতানে ঘুমিয়ে পড়েছিলাম। হঠাৎ নূপুরের শব্দে ঘুম ভেঙে গেল। জেগে উঠে দেখলাম এক তরুণী আমার দিকে এগিয়ে আসছেন। তাঁরই চরণের নূপুরের নিক্কণ শোনা যাচ্ছে। তিনি এগিয়ে এসে হর্ষ, বিস্ময় ও সন্দেহের সঙ্গে বার-বার আমার দিকে দৃষ্টিপাত করতে লাগলেন ! তার হস্তে আমার মতো এক পুরুষের প্রতিকৃতি, সেই চিত্রপট দেখে বুঝলাম এঁর আগমন আকস্মিক নয়। বললাম, 'এই রমণীয় উদ্যান সর্বসাধারণের আরামের জন্যেই উন্মুক্ত, কেন এতক্ষণ দাঁড়িয়ে থেকে কষ্ট করছেন, উপবেশন করুন।' —'অনুগৃহীত হলাম', মৃদু হেসে এই কথা বলে তিনি বসে পড়লেন। তারপর আমাদের মধ্যে দেশের অবস্থা সম্বন্ধে কিছু আলোচনা হলো। কথা-প্রসঙ্গে তিনি বললেন, 'আপনি এই দেশের অতিথি। আপনাকে দেখে মনে হচ্ছে পথশ্রমে অত্যন্ত ক্লান্ত। যদি দোষ না ভাবেন তাহলে অনুগ্রহ করে আমার গৃহে আজ বিশ্রাম করুন।' আমি বললাম, 'সুন্দরী এতে দোষের কিছুই নেই বরং আপনার গুণেই প্রকাশ পাচ্ছে' এই বলে তাকে অনুসরণ করে তার গৃহে এসে স্নান-আহার ইত্যাদির মাধ্যমে রাজোচিত সমাদর লাভ করলাম। যখন নিভৃতে বসেছিলাম তখন তিনি আমায় জিজ্ঞাসা করলেন, 'মহাশয়, বিভিন্ন দেশে ভ্রমণের সময় আপনি অদ্ভুত কিছু দেখেছেন কি ?' আমার মনে হলো আশা পূর্ণ হওয়ার যথেষ্ট সম্ভাবনা আছে। ইনি নিশ্চয় রাজকন্যার সখী যাঁকে তাঁর পরিজনদের মধ্যেও দেখা যাচ্ছে। এই চিত্রেও ছাদের ওপর বিস্তৃত শুভ্র বিতান—সেখানে বিস্তির্ণ শরৎমেঘের মতো শুভ্র শয্যায় শায়িত নিদ্রায় বদ্ধচক্ষু আমারই প্রতিকৃতি। অতএব সেই রাজকন্যাও কামদেবের দ্বারা এমন অবস্থায় উপনীত হয়েছেন যে সখীদের আগ্রহে চাতুর্যের সঙ্গে উত্তর দেওয়ার জন্যেই এই চিত্র অঙ্কন করেছেন। তাই ইনি অঙ্কিত পুরুষের সঙ্গে আমার সাদৃশ্য থাকায় আমার প্রতি আগ্রহ প্রকাশ করে প্রশ্ন করছেন। আমিও আমার অভিজ্ঞতার কথা বলে সন্দেহের নিরসন করব। এই স্থির করে চিত্রপটটি চেয়ে নিলাম। আমার প্রতিকৃতির পাশে নবপ্রেম-বিহ্বলা কপট নিদ্রায় শায়িতা রাজকন্যার চিত্র অঙ্কন করে দিলাম। বললাম, 'আমি অরণ্যে নিদ্রিত হয়ে এইরকম এক কুমারীকে এই ধরনের পুরুষের পার্শ্বে শায়িতা দেখেছিলাম—ব্যাপারটি স্বপ্নও হতে পারে।' সেই সখী আনন্দিত হয়ে অনুরোধ করায় আমি সমস্ত বিবরণ তাঁকে জানালাম। ইনি বললেন, 'আমার জন্যেই রাজকন্যার অবস্থা শোচনীয়।' এই কথা জেনে তাঁকে বললাম, 'যদি আপনার সখীর অন্তরে আমাকে অনুগৃহীত করার বাসনা থাকে তাহলে কয়েকদিন

ধৈর্য ধরুন, আমি এমন ব্যবস্থা করব যাতে প্রাসাদে রাজকন্যার সঙ্গে নিঃশঙ্কভাবে বাস করতে পারি।'—তারপর গ্রামে সেই বৃদ্ধ বিটব্রাহ্মণের কাছে চলে গেলাম।

আমাকে অভ্যর্থনার পর বিশ্রাম ও স্নানাহার সম্পন্ন হলে সেই ব্রাহ্মণ নিভৃতে জিজ্ঞাসা করল, 'আর্য, কি কারণে এত তাড়াতাড়ি ফিরে এলেন?' উত্তরে বললাম, 'ঠিক প্রশ্নই করেছেন। তবে শুনুন—শ্রাবস্তী নামে নগরীর রাজা ধর্মবর্ধন যেন ধর্মেরই আরেক সন্তান। তাঁর কন্যা রূপে লক্ষ্মীকেও হারিয়েছেন; তিনি কামদেবের প্রাণস্বরূপা, নবমালিকা লতার মতোই কোমলা, নামেও 'নবমালিকা'। সহসা আমি তাঁর দর্শন লাভ করি—তিনিও কামদেবের শরতুল্য কটাক্ষে আমার মর্মবিদ্ধ করেন। সেই শল্য উদ্ধার করতে পারে এমন কোন ধন্বন্তরি আপনি ছাড়া আর নাই, তাই আপনার কাছেই এলাম। অতএব কোন উপায় খুঁজে বার করতে হবে। আমি স্ত্রীবেশ ধারণ করে আপনার কন্যারূপে আপনাকে অনুসরণ করব, আপনি ধর্মাসনে উপবিষ্ট রাজা ধর্মবর্ধনকে বলবেন—আমার এই একটিমাত্র কন্যা—জন্মের পরই এর মা দেহরক্ষা করেছেন। আমি একাধারে পিতা ও মাতার দায়িত্ব নিয়ে একে পালন করেছি। একে পত্নীরূপে লাভ করার জন্যে উপযুক্ত বংশে জাত এক ব্রাহ্মণ কুমার বিদ্যার্জনের প্রয়োজনে অবন্তীদেশের রাজধানী উজ্জয়িনী গমন করেছে। তার বাগ্‌দত্তা হওয়ায় অন্যের পক্ষে এই কন্যা অযোগ্য। এদিকে কন্যা বয়ঃপ্রাপ্ত হলেও পাত্রের বিলম্ব হচ্ছে। আমার ইচ্ছা কন্যার বিবাহের পর জামাতার উপর সংসারের দায়িত্ব দিয়ে সন্ন্যাস গ্রহণ করব। শৈশব অতিক্রান্ত হওয়ার পর, বিশেষত কন্যা মাতৃহীন হলে, রক্ষার দায়িত্ব খুবই কষ্টসাধ্য। তাই প্রজাদের পিতা-মাতা স্বরূপ শরণাগতের আশ্রয়স্থল আপনার কাছেই এলাম। বৃদ্ধ বেদজ্ঞ ব্রাহ্মণ যে অসহায় এবং অতিথি, তার প্রতি যদি অনুগ্রহ করেন তাহলে মনুতুল্য আপনার আশ্রয়ে এই সচ্চরিত্রা কন্যা বাস করুক যতদিন না আমি এর ভাবী পতিকে নিয়ে আসি। এইরকম বললে রাজা নিশ্চয় অনুমতি দেবেন, ফলে ছদ্মবেশে আমি অন্তঃপুরে তাঁর কন্যার সঙ্গে বাস করতে পারব। তারপর আপনি বিদায় নিয়ে চলে যাবেন।

আগামী ফাল্গুন মাসে পুরনারীদের তীর্থ যাত্রার উৎসবের দিনে উত্তর ফাল্গুনী নক্ষত্রে কার্তিকেয়ের মন্দিরে শুভ্র বস্ত্র নিয়ে অপেক্ষা করবেন। এই মন্দিরটির অবস্থান শরবনের মধ্যে, স্নানঘাটের পূর্বে। আমি এতদিন ধরে নিশঙ্কভাবে রাজকুমারীর সঙ্গে বিহার করার পর এই উৎসবে পুরনারীরা যখন ক্রীড়ায় ব্যস্ত থাকবেন, তখন জলে ডুব দিয়ে সাঁতার কেটে আপনার কাছে চলে আসব। ঐ বস্ত্র পরে ভাবী জামাতা হিসাবে আপনার সঙ্গেই রাজদরবারে আসব। ওদিকে রাজকন্যা আমাকে খুঁজে না পেয়ে আকুল হয়ে উঠবেন, প্রাসাদে কান্নাকাটি শুরু করে দেবেন, আমার বিহনে তিনি জলগ্রহণও করবেন না। পরিজনরা কাঁদতে থাকবে, সখীরা আমার জন্যে অনুতাপ করবে, পুরবাসীরা দুঃখ প্রকাশ করবে, এইরকম এক কোলাহলময় অবস্থায় রাজা ও মন্ত্রীরা কিংকর্তব্যবিমূঢ় হয়ে পড়বে। এই সময় রাজসভায় উপস্থিত হয়ে রাজার কাছে বলবেন—দেব এই আমার জামাতা, আপনার সেবার উপযুক্ত।

এ ষড়ঙ্গসহ চতুর্বেদ অধ্যয়ন করেছে, ন্যায়শাস্ত্রে জ্ঞান লাভ করেছে, চৌষট্টি কলাবিদ্যায় পটুত্ব অর্জন করেছে, হস্তী-রথ ও অশ্বচালনাতেও পারংগম, ধনুর্বিদ্যা ও গদাযুদ্ধে অতুলনীয়, পুরাণ ও ইতিহাস বিষয়েও কুশল, কাব্য-নাটক-আখ্যায়িকা

রচনাতেও সমর্থ, উপনিষদ ও অর্থশাস্ত্রে জ্ঞানবান, গুণগ্রহণে নিরপেক্ষ, বন্ধুদের প্রতি আস্থাশীল, প্রিয়ভাষী, বিদ্বান ও নিরহঙ্কার। আমি তার অনুমাত্রও দোষ দেখি না। সমস্ত রকম গুণেই সে ভূষিত। সামান্য আমার মতো ব্রাহ্মণের পক্ষে এইরকম আত্মীয় খুবই দুর্লভ। এখন প্রভু যদি অনুমোদন করেন তাহলে একে কন্যা সম্প্রদান করে বার্ধক্যের উপযুক্ত সন্ন্যাসাশ্রম অবলম্বন করি। এ-কথা শুনে তাঁর মুখ বিবর্ণ হয়ে যাবে এবং বিচলিত হয়ে মন্ত্রিদের সঙ্গে পার্থিব বস্তুর অনিত্যতার কথা বলে আপনাকে সান্ত্বনা দেওয়ার চেষ্টা করবেন। আপনি এইসব কথায় কান না দিয়ে উচ্চস্বরে রোদন করে যাবেন যতক্ষণ না বাষ্পে কণ্ঠরুদ্ধ হয়ে যায়। তারপর কাষ্ঠ সংগ্রহ করে আগুন জ্বালিয়ে রাজপ্রাসাদের দ্বারে চিতাগ্নিতে প্রাণ বিসর্জন দিতে যাবেন। রাজা তৎক্ষণাৎ আপনার পায়ে পড়ে প্রচুর অর্থদ্বারা তুষ্ট করে আমার হস্তে কন্যাদান করবেন, পরে আমার যোগ্যতায় সন্তুষ্ট হয়ে সমস্ত রাজ্যভার আমার উপর সমর্পণ করবেন। এখন তোমার যদি মনঃপূত হয় তাহলে এই উপায় অবলম্বন কর।'

বিটশ্রেষ্ঠ পটু পাঞ্চালশর্মা ছলনায় খুবই অভ্যস্ত। যেরকম বলা হয়েছিল সে তার চেয়েও ভালভাবে কাজ শেষ করল। অল্প সময়ের মধ্যেই উদ্দেশ্য সিদ্ধ হলো। ভ্রমর যেমন সিক্ত পুষ্প উপভোগ করে আমিও নবমালিকাকে সেইভাবে উপভোগ করতে লাগলাম।

এই সময় রাজা সিংহবর্মাকে সাহায্য দান ও বন্ধুদের সংকেতিত স্থানে গমন—এই দুই উদ্দেশ্য সিদ্ধির জন্যে সমস্ত সৈন্যবল সহ চম্পানগরীর দিকে আসার সময় দৈববশে আপনার দর্শন-সুখ লাভ করলাম।

প্রমতির এই কাহিনী শুনে রাজবাহনের মুখকমল স্মিতহাস্যে উজ্জ্বল হয়ে উঠল। তিনি বললেন, 'বিলাসবহুল বঞ্চনা ও নম্রতাযুক্ত কার্য বুদ্ধিমানদের কাছে বাঞ্ছিত পথ।' তারপর মিত্রগুপ্তের দিকে দৃষ্টিপাত করে তার কাহিনী বিবৃত করার আহ্বান জানালেন।

॥ শ্রীদণ্ডী-বিরচিত রাজবাহনচরিতে 'প্রমতিচরিত' নামে পঞ্চম উচ্ছ্বাস সমাপ্ত ॥

× × × × × × × × × × × × × × **ষষ্ঠ উচ্ছ্বাস** × × × × × × × × × × × × × ×

মিত্রগুপ্তচরিত

মিত্রগুপ্ত তাঁর কাহিনী শুরু করলেন—বন্ধুদের মতো একই উদ্দেশ্যে ঘুরতে-ঘুরতে আমি সুহ্মদেশে দামলিপ্ত নগরে উপস্থিত হলাম। দেখলাম নগর প্রান্তের উদ্যানে কোন উৎসব উপলক্ষ্যে বহু লোক সমবেত হয়েছে। সেখানে অতিমুক্তলতার কুঞ্জে একজন চিন্তামগ্ন যুবক বীণা বাজিয়ে যেন তাঁর বেদনার ভার লাঘব করার চেষ্টা করছে। আমি তাকে জিজ্ঞাসা করলাম, 'ভদ্র, কিসের জন্য এই উৎসব? আপনি কেনই বা উৎসবকে অবহেলা করে উৎকণ্ঠিতভাবে কেবল বীণাটি মাত্র সঙ্গী করে এই নির্জনস্থানে একা বসে আছেন?'

তিনি উত্তরে বললেন, 'মহাশয়, সুহ্মরাজ তুঙ্গধন্বা নিঃসন্তান ছিলেন। এই মন্দিরের দেবী বিন্ধ্যবাসিনীর কাছে দুটি সন্তানের প্রার্থনা জানিয়েছিলেন। তিনি

উপহাস্য করে দেবীর সম্মুখে নিদ্রিত হয়ে পড়লে দেবী স্বপ্নে দেখা দিয়ে বলেছিলেন—তুমি এক পুত্র ও এক কন্যা লাভ করবে, তবে পুত্রকে কন্যার স্বামীর অনুজীবী হয়ে থাকতে হবে। ঐ কন্যা যেন সাত বছর বয়স থেকে বিবাহের পূর্ব পর্যন্ত প্রতি মাসে কৃত্তিকানক্ষত্রে কন্দুকক্রীড়ার[১] মাধ্যমে আমার পূজা করে, তাহলেই সে উপযুক্ত পতি লাভ করবে। কন্যার অভিলাষ অনুযায়ী যেন তার বিবাহ দেওয়া হয়, এই উৎসবের নাম হবে 'কন্দুক উৎসব'।

কিছুদিন পরে রাজার প্রিয়তমা পত্নী মেদিনী এক পুত্রের জন্ম দিলেন। পরে জন্মগ্রহণ করল এক কন্যা। সেই রাজকন্যা কন্দুকাবতী আজ কন্দুকনৃত্যে দেবী বিন্ধ্যবাসিনীর অর্চনার জন্য এখানে আসবেন। তাঁর ধাত্রীকন্যা সখী চন্দ্রসেনা আমার বাঞ্ছিতা। কিন্তু রাজপুত্র ভীমধন্যা চন্দ্রসেনাকে অবরোধে রেখে দিয়েছে। সেইজন্যে কামশরে বিদ্ধ হয়ে আমি উদ্বিগ্নচিত্তে নির্জনে বীণার সুরের মধ্যে সান্ত্বনা লাভের চেষ্টা করছি।

সেই মুহূর্তে হঠাৎ শোনা গেল নূপুরের নিক্কণ। প্রবেশ করলেন এক যুবতী। তাকে দেখেই আনন্দে উৎফুল্ল হয়ে উঠল যুবকটির দৃষ্টি। প্রগাঢ় আলিঙ্গনের পর যুবতীকে নিয়ে সেখানেই যুবকটি উপবেশন করল তারপর আমাকে বলল, 'এই সেই প্রাণসমা নারী যার বিরহ আমাকে আগুনের মতো দগ্ধ করছিল। একে আমার কাছ থেকে দূরে সরিয়ে রাজকুমার ভীমধন্যা আমাকে জীবনের উত্তাপ থেকে বঞ্চিত করেছিল, এনে দিয়েছিল মৃত্যু যন্ত্রণা। কিন্তু ভীমধন্যা রাজার নন্দন, আমার পক্ষে তার কোনই ক্ষতি করা সম্ভব নয়। শুধু একে ভাল করে দেখে নিয়ে আমি অসহায় জীবন ত্যাগ করব।' অশ্রুমুখী সেই যুবতীও বলতে লাগল, 'প্রিয়তম আমার জন্য তুমি এরকম দুঃসাহস কোর না। তুমি বণিক শ্রেষ্ঠ অর্থদাসের পুত্র কোশদাস। আমার প্রতি অতিরিক্ত আকর্ষণের জন্য ঈর্ষান্বিত শত্রুরা তোমার নাম দিয়েছে গণিকাদাস। তোমার মৃত্যুর পর আমাকে যদি বেঁচে থাকতে হয় তাহলে তো প্রমাণিত হয়েই যাবে যে আমি এক হৃদয়হীনা গণিকা! সুতরাং আজই তোমার বাঞ্ছিত দেশে আমায় নিয়ে চল।'

সেই যুবক তখন আমার কাছে জানতে চাইল আমার দেখা দেশগুলির মধ্যে কোনটি সমৃদ্ধ, শস্যপূর্ণ ও সজ্জনদের দ্বারা অধ্যুষিত। মৃদু হেসে আমি বললাম—'বিশাল এই সমুদ্র মেখলা পৃথিবী। বিভিন্ন স্থানে রম্য জনপদের সংখ্যাও সীমাহীন। তবে এখানেই যদি আপনাদের দুজনের সুখে বসবাসের কোন উপায় না স্থির করতে পারি তবে আমিই সেই পথ দেখিয়ে দেব।'

এমন সময় শোনা গেল বহু চরণের নূপুরের ধ্বনি। চন্দ্রসেনা সসম্ভ্রমে বলে উঠল, 'রাজকুমারী কন্দুকাবতী আসছেন। কন্দুকক্রীড়ায় আরাধনা করবেন দেবী বিন্ধ্যবাসিনীকে। এই উৎসবে তাঁর দর্শন সাধারণের কাছে নিষিদ্ধ নয়। অতএব তাঁকে দেখে দৃষ্টি সফল করতে পারেন। আমাকে এখন অবশ্যই সখীর কাছে যেতে হবে'—এই বলে চন্দ্রসেনা বিদায় নিল। আমরা দুজনেই তাঁকে অনুসরণ করলাম। বিশাল রত্নরঙ্গপীঠের উপরে সেই পক্কবিম্বাধরার দর্শন লাভ করলাম। প্রথম দর্শনেই তিনি আমার হৃদয়ে চির মুদ্রিতা হয়ে রইলেন। বিস্ময়ে অভিভূত হয়ে আমি ভাবলাম—ইনি কি স্বয়ং লক্ষ্মী? · না তাতো নয়। কারণ লক্ষ্মীর হাতে ধরা থাকে পদ্ম। লক্ষ্মী বিষ্ণুরও পূর্বতন রাজাদের দ্বারা উপভুক্তা। কিন্তু এই কুমারীর যৌবন এখনও অনাবিদ্ধ। আমি যখন এইরকম ভাবছিলাম তখন সেই সুন্দরী তাঁর কোমল হস্ত দিয়ে লাবণ্যময় ভঙ্গিতে

ভূমি স্পর্শ করে দেবীকে প্রণাম জানালেন। আন্দোলিত হলো তার কুঞ্চিত কৃষ্ণ কেশ রাশি। তারপর গ্রহণ করলেন কন্দুকটি। কন্দুকের উপর গাঢ় লাল রং-এর ফোঁটা যেন কামদেবের অনুরাগ রঞ্জিত আঁখি। লীলায়িত ভঙ্গিতে ভূমিতে ফেলে দিলেন কন্দুকটি, আবার উপরে উৎক্ষিপ্ত হলে কোমল হাতের আঘাতে নিক্ষেপ করলেন নিচের দিকে। কখনও বা উপরে ওঠার পর শূন্যেই কন্দুকটিকে ধরে ফেললেন। অস্থির কটাক্ষে বার বার দৃষ্টিপাত করতে লাগলেন। দৃষ্টি নয়তো যেন ভ্রমরপূর্ণ একগুচ্ছ পুষ্প। কন্দুক যখন ধীর গতি তখন জোরে আবার যখন বিপরীত তখন মৃদু আঘাতে গতি নিয়ন্ত্রিত করতে লাগলেন। ক্রমান্বয়ে বাম ও দক্ষিণ হস্তের দ্বারা আঘাত করে কখনও বা পাখির মতো শূন্যে রেখে দিয়েছিলেন কন্দুকটি। যখন অনেক উঁচুতে উঠে গেল কন্দুক তখন দশপদ চক্রমণ করে মুদ্রা রচনা করলেন। এইভাবে নানা করণ ও অঙ্গহারের মাধ্যমে রঙ্গ-ভূমিতে সমবেত মুগ্ধ দর্শকবৃন্দের প্রশংসা গ্রহণ করতে লাগলেন। আমি কোশদাসের স্কন্ধে ভর দিয়ে অবাক বিস্ময়ে তাঁর মুখোমুখী দাঁড়িয়েছিলাম। আমার গণ্ডদেশ কণ্ঠ শিহরিত ও উৎফুল্ল হয়ে উঠেছিল। তিনিও যেন কন্দর্পের প্রভাবে অভিভূত হয়ে আমার প্রতি কটাক্ষপাত করেছিলেন। তাঁর ভ্রূলতায় লীলা বিলাসের কুঞ্চন, মুখকমলে এসে বসেছিল ভ্রমর, কিন্তু বায়ুতে আন্দোলিত অধরের দ্যুতি লীলাপল্লবের মতোই তাঁদের বিতাড়িত করছিল। কন্দুকের অতি দ্রুত বেগের জন্য যখন তাঁকে মণ্ডলাকারে ঘুরতে হচ্ছিল তখন মনে হচ্ছিল তিনি যেন আমাকে দেখে লজ্জায় পুষ্পময় পিঞ্জরে প্রবেশ করলেন। কন্দুকটিকে পর-পর পাঁচবার আঘাত দেওয়ায় পাঁচটি বিন্দুর মতো দেখাচ্ছিল। মনে হচ্ছিল, তিনি যেন কন্দর্প নিক্ষিপ্ত পর্বতবাণকে একসঙ্গে বাধা দিতে চেষ্টা করছেন। গোমূত্রিকা প্রচাররূপ নৃত্যাংশের বেগে তিনি মেঘের মধ্যে নৃত্যরতা বিদ্যুল্লতার গতিকেও লজ্জা দিলেন।

তারপর রাজকুমারী নানাভাবে ক্রীড়া কৌশল প্রদর্শন করতে লাগলেন। কখনও বসে, কখনও দাঁড়িয়ে, কখনও নিজেকে সংকুচিত, কখনও বা প্রসারিত করে। অলঙ্কারের রত্নগুলি পায়ের গতিতে ত্বরান্বিত হয়ে উঠল। হাসিতে উদ্ভাসিত হয়ে উঠল বিম্বাধর। রত্ন মেখলার ঝঙ্কার তুলে নিতম্বের অঞ্চলটিকে সংযত করে, কোমল বাহুদুটি কখনও কুঞ্চিত কখনও প্রসারিত করে ললিত ভঙ্গিমায় কন্দুকে আঘাত করতে লাগলেন।

উড়ন্ত কুন্তলি স্পর্শ করছে পৃষ্ঠদেশ, কণ্ঠের মুক্তমালা স্থানচ্যুত, ঘর্মজলে মলিন কপোলের পত্র লেখা, কর্ণভূষা পল্লবের বাতাসে শুষ্ক, একহাতে ধরা বক্ষের স্খলিত বসন। এইরকম বিচিত্রভাবে কন্দুকটিকে নানাদিকে নিক্ষেপ করায় এক কন্দুকই বহু-রূপে দেখা দিচ্ছিল।

এইভাবে চন্দ্রসেনা ও অন্য সখীদের সঙ্গে ক্রীড়া সাঙ্গ হলে দেবীকে প্রণাম করে দিন শেষে তিনি ফিরে গেলেন প্রাসাদে। আমার প্রেমপূর্ণ হৃদয়টিও তাঁর সঙ্গে নিয়ে গেলেন। সেই চন্দ্রাননা বিদায়কালে বারবার আমাকে কামদেবের পদ্মশরের মতোই কটাক্ষে বিদ্ধ করছিলেন।

আমি বিহ্বল হয়ে গৃহে ফিরে এলাম। কোশদাসই সযত্নে আমার স্নান ভোজনাদির ব্যবস্থা করল। সন্ধ্যায় গোপনে চন্দ্রসেনা এসে উপস্থিত। কোশদাসের কাছে প্রেমিকা-সুলভ ভঙ্গিতে বসে পড়ায় হৃষ্ট কোশদাস বলল, 'অয়ি আয়তলোচনে, সারাজীবন যেন তোমার এইরকমই কৃপার পাত্র হই।' আমি মৃদু হেসে বললাম, 'সখে, তুমি কি শুধু

আশা বলেই ভাবছ ? এমন কাজল যা চোখে দিয়ে দিলে রাজপুত্র ভীমধন্বার দৃষ্টিতে একে বানরীর মতো মনে হবে, ফলে বিরক্ত হয়ে আর এঁকে দেখতে চাইবেন না।' চন্দ্রসেনা হেসে ফেলল, বলল, 'আমার মতো লোককে সত্যিই আপনি অনুগৃহীত করলেন, কারণ এ-জন্মেই মানবদেহের পরিবর্তে বানরীদেহ ধারণ করা যাবে। তবে এই উপায় এখন থাকুক, অন্যভাবেও আমাদের উদ্দেশ্য সিদ্ধ হতে পারবে। আজ 'কন্দুকোৎসবে' আপনাকে দেখে কামদেবের শরে রাজকন্যা দারুণভাবে আহত হয়েছেন, যেন আপনি রূপে কামদেবকে পরাস্ত করেছেন মনে করায় কামদেব ক্রুদ্ধ হয়ে তাঁকে এই শাস্তি দিয়েছেন। এই ঘটনাটি আমি আমার মাকে বলার পর তিনি মহিষীকে বলবেন, এবং মহিষীই রাজাকে জানাবেন। রাজা ব্যাপারটি জানতে পারলে আপনার হাতেই কন্যা সম্প্রদান করবেন, ফলে রাজপুত্র ভীমধন্বাকে আপনার উপর নির্ভর করতে হবে, দৈব নির্দিষ্ট বিধিলিপিই এই। রাজ্য আপনার আয়ত্তে এলে রাজপুত্রকে ভীমধন্বা আর আপনাকে অতিক্রম করে আমাকে অবরুদ্ধ করতে পারবে না। অতএব কোশদাসকে এখনও তিন-চার দিন অপেক্ষা করতে হবে।' এ-কথা বলে কোশদাসকে আলিঙ্গনের পর সে বিদায় নিল। চন্দ্রসেনার বক্তব্য আলোচনা করেই আমরা সারারাত কাটিয়ে দিলাম।

প্রত্যূষে প্রাতঃকৃত্য সম্পাদনের পর প্রিয়ার দর্শনলাভের জন্যে সেই মনোহর উদ্যানে গমন করলাম। কিছু পরে এলেন রাজপুত্র ভীমধন্বা, আমার সঙ্গে মধুরভাবে আলাপ করতে লাগলেন, নিয়ে গেলেন রাজ অতিথিশালায়, সেখানেই তাঁর সঙ্গে স্নানাহার করে শয়ন করলাম। স্বপ্ন দেখতে লাগলাম—যেন প্রিয়াকে দেখে তাঁর আলিঙ্গন লাভ করে ধন্য হচ্ছি !

হঠাৎ শক্তিশালী পুরুষেরা এসে লৌহ শৃঙ্খলে আমার হাত বেঁধে ফেলল। চেয়ে দেখলাম রাজকুমার আমাকে সম্বোধন করে বলছেন, 'ওরে দুর্মতি, এই কুব্জা জাফরির[২] ফাঁক দিয়ে চন্দ্রসেনার কথাবার্তা সবই শুনেছে, একে তোর কাজকর্ম জানার জন্যেই নিযুক্ত করেছিলাম। তুই নাকি কন্দুকাবতীর প্রেমপাত্র, আমাকে নাকি তোর দাস হয়ে থাকতে হবে, তোর আদেশে আমাকে নাকি কোশদাসের হাতে সঁপে দিতে হবে চন্দ্রসেনাকে।'

তারপর এক পার্শ্বচরকে আদেশ দিল, 'একে সমুদ্রে ফেলে দাও।' সে খুবই খুশি হয়ে প্রভুর আজ্ঞা পালন করল। অবলম্বনহীন আমি বদ্ধ হাতের ওপর ভর দিয়েই ভাসার চেষ্টা করতে লাগলাম। দৈবাৎ পেয়ে গেলাম একখণ্ড কাঠ বুকের কাছে। ঐটিতে ভর দিয়ে সারাদিন রাত্রি কাটিয়ে দিলাম।

সকালে চোখে পড়ল একটি জাহাজ—তাতে রয়েছে যবন আরোহী। তারাই আমাকে উদ্ধার করল। নাবিক নায়ক রামেষুকে[৩] তারা বলল, 'লোহার শিকলে বাঁধা এই লোকটিকে আমরা জল থেকে তুলেছি। এ নিশ্চয় খুব অল্প সময়েই বহু আঙুর লতায় জল দিতে পারবে।[৪]'

সেই সময় দেখা গেল অনেক নৌকায় বেষ্টিত হয়ে একখানি যুদ্ধ জাহাজ এগিয়ে আসছে। যবনেরা ভয় পেয়ে গেল। নৌকাগুলি ক্ষিপ্র গতিতে আমাদের জাহাজকে ঘিরে ধরল—যেমন শিকারী কুকুরেরা শূকরকে ঘিরে ফেলে। যুদ্ধ শুরু হয়ে গেল ; যবনেরা ক্রমশ হেরে যেতে লাগল। তারা ক্লান্ত, নিরুৎসাহ হয়ে পড়েছে দেখে তাদের বললাম, 'আমার শৃঙ্খল খুলে দাও, আমি তোমাদের সব শত্রু ধ্বংস করব।'

তারা আমাকে মুক্ত করে দিল। আমি ভীমটংকার ধনু থেকে তীর নিক্ষেপ করে

শত্রুনিধন করতে লাগলাম। বহু যোদ্ধা শরবিদ্ধ হয়ে পঞ্চত্ব প্রাপ্ত হলো। আমাদের জাহাজ ততক্ষণে সেই রণপোতের গায়ে ভিড়িয়ে লাফিয়ে পড়লাম ভিতরে, জীবন্ত বন্দী করলাম তাদের নেতাকে। সেই ব্যক্তি রাজপুত্র ভীমধন্বা। আমি চিনতে পারায় লজ্জিত হলেও তাকে বললাম, 'মহাশয়, নিয়তির খেলা এবার বুঝতে পারলেন তো?' ইতিমধ্যে আমার শৃংখল দিয়ে যবনেরা তাকে বেঁধে ফেলে হর্ষধ্বনির সঙ্গে আমাকে অভিনন্দন জানাতে লাগল।

প্রতিকূল বায়ুর প্রভাবে আমাদের জাহাজ, দূরে এক অজানা দ্বীপে এসে লাগল; সেখানেই নোঙর ফেলা হলো। কারণ ওখানেই সংগ্রহ করে নিতে হবে পানীয় জল-ফল-মূল-কাঠ ইত্যাদি। সেখানে ছিল এক বিশাল পর্বত। তার উপত্যকা ধাতুশিলায় মনোরম, ঝর্ণাগুলির শীতল জল নীলপদ্মের মধুতে সুমিষ্ট, বৃক্ষগুলি বহুবর্ণ রঞ্জিত পুষ্পশোভায় মনোহর। অতৃপ্ত নয়নে আকর্ষণীয় দৃশ্যাবলী দেখতে-দেখতে উঠে গেলাম পর্বতের উপরে। দেখতে পেলাম সুন্দর এক জলাশয়—পদ্মরাগমণির বর্ণরঞ্জিত সোপান, পদ্মের পরাগময় জলরাশি। সেখানে স্নান সেরে অমৃতের মতো সুস্বাদু মৃণাল ভক্ষণ করলাম। কিছু কুমুদ তুলে নিয়ে চলে আসছিলাম—হঠাৎ আবির্ভূত হলো এক ব্রহ্মরাক্ষস। আমাকে ভর্ৎসনা করে বলল, 'তুই কে? এখানে কেন এসেছিস্?' আমি নির্ভয়ে বললাম, 'সৌম্য, আমি এক ব্রাহ্মণ, শত্রুর হাত থেকে প্রথমে সমুদ্রে, পরে যবনদের হাতে পড়ি, তাদের জাহাজ থেকে এই সুন্দর প্রস্তরময় পর্বতে এসে পড়েছি। ভ্রমণের পর এখন এই সরোবরের তীরে বিশ্রাম করতে ইচ্ছুক। আপনার কুশল কামনা করি।' সে বলল, 'যদি আমার প্রশ্নের উত্তর না দিতে পারিস তাহলে তোকে খেয়ে ফেলব।' আমি বললাম, 'বলুন তবে।' তারপর আর্যাছন্দে আমাদের মধ্যে এইরকম কথাবার্তা হলো—

প্রশ্ন ব্রহ্মরাক্ষস	—	নিষ্ঠুর কী?
আমি	—	স্ত্রী হৃদয়।
প্রশ্ন ব্রহ্মরাক্ষস	—	গৃহস্থের সুখের মূল কি?
আমি	—	পত্নীর গুণ।
ব্রহ্মরাক্ষস	—	কাম্য কী?
আমি	—	সংকল্পে দৃঢ়তা।
ব্রহ্মরাক্ষস	—	দুঃসাধ্য সাধনের উপায় কী?
আমি	—	প্রজ্ঞা।

এ-বিষয়ে ধূমিনী-গোমিনী-নিম্ববতী-নিতম্ববতীর কাহিনীই প্রমাণ। আমি এ-কথা বলায় ব্রহ্মরাক্ষস আমাকে গল্পগুলি বলতে আদেশ করল।

আমি প্রথমে শুরু করলাম ধূমিনীর গল্প। 'ত্রিগর্ত'[৫] নামে এক জনপদে যথেষ্ট ধনসম্পদের অধিকারী তিন ভাই বাস করত। তাদের নাম ধনক, ধান্যক ও ধন্যক। এক সময় প্রায় বার বছর ধরে অনাবৃষ্টি চলল। ফলে সব শস্য নষ্ট হয়ে গেল—ওষধি হলো বন্ধ্যা, গাছে আর ফল ধরল না। মেঘ হলো জলহীন, নদী স্রোতহীন, জলাশয়ে শুধুই কর্দম, ঝর্ণার উৎস গেল শুকিয়ে, ফলমূল নিঃশেষিত। লোকজনের কথাবার্তা আর শোনাই যায় না। উৎসব অনুষ্ঠানও সব বন্ধ। চুরি গেল বেড়ে, মানুষ মানুষকে খেয়ে ফেলতে আরম্ভ করল—চারিদিকে বিক্ষিপ্ত নরকঙ্কাল, ক্ষুধার্ত কাক উড়ে বেড়াতে

লাগল—উজাড় হয়ে গেল গ্রাম-নগর-জনপদ।

এই তিন ভাই তাদের সব পণ্য, গরু-মহিষ-ছাগল-ভেড়া ইত্যাদি সমস্ত গৃহপালিত পশু ভক্ষণের পর দাসদাসী, শিশুদের এমনকী বড় দুই ভাইয়ের পত্নীদেরও ভক্ষণ করার পর কনিষ্ঠ ভ্রাতার ভার্যা ধূমিনীকে খাওয়া হবে স্থির হলো। কিন্তু ধন্যক নিজের পত্নীকে আহার করার কথা সহ্য করতে না পেরে রাত্রের অন্ধকারে স্ত্রীসহ গৃহত্যাগ করল। স্ত্রী ক্লান্ত হয়ে পড়লে ধন্যক তাকে নিজের কাঁধে বয়ে নিয়ে যেতে লাগল। ক্ষুন্নিবৃত্তির জন্য দিতে লাগল নিজের রক্তমাংস। চলতে-চলতে রাস্তায় দেখতে পেল একটি লোক নাক-কান-হাত-পা কাটা অবস্থায় রাস্তায় গড়াচ্ছে। ধন্যক তাকেও পিঠে করে নিয়ে চলল। অনেক কষ্টে উপস্থিত হলো এক বনের প্রান্তে। সেখানেই কুটির তৈরি করে বাস করতে লাগল। সেই বনে আহার্যের অভাব ছিল না, প্রচুর পরিমাণে মিলত হরিণের মাংস, কন্দমূল ইত্যাদি। ধন্যক শেই বিকলাঙ্গ লোকটিকে শাক-মাংসাদি আহার করিয়ে ক্ষতস্থানে ইঙ্গুদী তেল দিয়ে পালন করতে লাগল।

ক্রমশ তার দেহ পুষ্ট হয়ে উঠল। একদিন ধন্যক যখন হরিণের অন্বেষণে গেল তখন ধূমিনী চাইল সেই পুষ্ট লোকটির সঙ্গে মিলিত হতে। সে ভর্ৎসনা করলেও বলপ্রয়োগে তাকে মিলনে বাধ্য করল। স্বামী ফিরে এসে তৃষ্ণার জল চাইলে তাকে ধূমিনী দড়ি কলসী দিয়ে বলল, 'কুয়ো থেকে তুলে খাও, আমার মাথায় যন্ত্রণা হচ্চে।' যখন ধন্যক কুয়োর কাছে গেল, তখন ধূমিনী এসে স্বামীকে পেছন থেকে ঠেলে ফেলে দিয়ে সেই বিকলাঙ্গ লোকটিকে নিয়ে বেরিয়ে পড়ল। নানাস্থানে ভ্রমণ করে পতিব্রতা রূপে নিজেকে জাহির করে বেশ যশও অর্জন করল। অবশেষে অবন্তীরাজার অনুগ্রহ লাভ করে সেখানেই ভালভাবে বসবাস করতে লাগল।

একদিন ধূমিনী সেখানেই দেখতে পেল প্রকৃত স্বামী ধন্যককে। এক বণিক দল তাকে কূপ থেকে উদ্ধার করায় সে ঘুরতে-ঘুরতে খাদ্যের সন্ধানে অবন্তী নগরে এসেছিল। ধূমিনী রাজার কাছে গিয়ে মিথ্যা নালিশ করল, 'এই ব্যক্তিই আমার স্বামীকে বিকলাঙ্গ করে দিয়েছে।' পূর্ব ঘটনা কিছু জানা না থাকায় রাজা তাকে মৃত্যুদণ্ডের আদেশ দিলেন। ধন্যককে যখন শৃঙ্খলাবদ্ধ করে বধ্যভূমিতে আনা হচ্ছিল তখন সে প্রহরীকে বলল, 'সেই বিকলাঙ্গ যদি আমাকে দোষী বলে স্বীকার করে তাহলে আমি এই দণ্ড অবশ্যই মেনে নেব।'

প্রহরী রাজী হওয়ায় সেই বিকলাঙ্গকে তার কাছে আনা হলো। ধন্যকের পায়ে পড়ে সাশ্রুনেত্রে সে তার উপকারের কথা স্বীকার করল, আর তার পত্নী ধূমিনীর দুশ্চরিত্রার ঘটনা জানিয়ে দিল রাজাকে। ক্রুদ্ধ রাজা ধূমিনীর রূপ বিকৃত করার আদেশ দিয়ে তাকে কুক্কুরের পাচিকা হিসাবে জীবন কাটানোর শাস্তি নির্ধারণ করলেন। ধন্যক লাভ করল রাজার দাক্ষিণ্য। এইজন্যেই বললাম, 'নারীহৃদয় অত্যন্ত নিষ্ঠুর।'

ব্রহ্মরাক্ষস দ্বিতীয় বৃত্তান্ত শুনতে চাইলে আমি গোমিনীর আখ্যান বিবৃত করলাম—দ্রাবিড়[৬] দেশে কাঞ্চী নামে নগরী আছে। এইখানে বাস করত এক কোটিপতি বণিকের পুত্র—নাম শক্তিকুমার। কোন লোক যদি অবিবাহিত থাকে তাহলেও যেমন কষ্ট তেমনি পত্নী যদি গুণহীন হয় তাহলেও সুখের আশা দুরাশা। অতএব কিভাবে গুণবতী ভার্যা লাভ করা যায় তার চেষ্টা করা দরকার। সম্পত্তির মতো পত্নীলাভের ব্যাপারে অপরের ওপর নির্ভর করা চলে না, সুতরাং সে নিজেই দৈবজ্ঞের ছদ্মবেশে এক প্রস্থ

শালিধান বস্ত্রে বেঁধে নিয়ে নানাদেশে ঘুরতে লাগলেন। যেখান দিয়ে সে গেল তাকে লক্ষণজ্ঞ মনে করে কন্যার পিতারা কন্যা দেখাতে লাগল। নিজ বর্ণে সুলক্ষণা দেখলে সে বলত, 'ভদ্রে, এই একপ্রস্থ শালিধান দিয়ে তুমি কি আমাকে পরিতোষের সঙ্গে আহার করাতে পারবে ?' উপহাস ও অপমান লাভ করে এইভাবেই গৃহ থেকে গৃহান্তরে ঘুরে বেড়াতে লাগলেন।

এইভাবেই শিবিরাজ্যে কাবেরী নদীর তীরে এক নগরে এসে পৌঁছুলেন শক্তিকুমার। এক ধাত্রী তাকে দেখাবার জন্যে আনল এক নিরাভরণা কুমারীকে। জানা গেল এই কুমারী পিতা-মাতার অবর্তমানে শহরে সম্পদশূন্য। তাকে দেখে শক্তিকুমার চিন্তা করল এই সুলক্ষণা কন্যার অবয়বগুলি নাতিস্থূল, নাতিকৃশ, নাতিহ্রস্ব, নাতিদীর্ঘ। উজ্জ্বল দেহ, রক্তাভ অঙ্গুলি যবরেখা করদ্বয়ে মৎস্য, কমল, কলস ইত্যাদি শুভ চিহ্ন বিদ্যমান, গোড়ালি শিরাহীন ও মাংসল, জংঘা সুডোল, জানুদেশ পীবর উরুতে প্রায় বিলীন, নিতম্বদেশ সমবিভক্ত ও শ্রেণীকূপ দুটোই সমান, নাভিমণ্ডল সূক্ষ্ম অথচ গভীর ও নিম্নমুখী, উদরদেশ ত্রিবলীরেখা পীন-পয়োধর বক্ষদেশ ব্যপ্ত। কোমল লতানো বাহুদ্বয়, করতলের রেখায় ধনধান্যপুত্রের লক্ষণ, নখমণি কোমল অথচ উজ্জ্বল। অঙ্গুলিসমূহ ঋজু, বৃত্তাকার ও রক্তাভ। স্কন্ধ নিম্নমুখী, গ্রীবা শংখতুল্য, কমলের মতোই মুখশ্রী, রক্তবর্ণ অধর, মধ্যে বিভক্ত, সুঠাম চিবুক, সুন্দর ভরাট কপোল, সুনীল ভ্রূদ্বয়—অযুগ্ম অথচ বঙ্কিম। নবীন তিলফুলের মতো নাসিকা। চক্ষুদ্বয় কৃষ্ণ শুভ্র ও রক্তিম—এই তিন বর্ণের সমন্বয়ে সুন্দর অথচ দৃষ্টি গভীর। ললাট অর্ধ-চন্দ্রাকার, কুঞ্চিত অলকগুচ্ছ যেন ইন্দ্রনীলমণি। স্নিগ্ধ নীল দীর্ঘ কেশপাশ অনতি কুঞ্চিত, সুগন্ধি প্রান্তভাগ রুক্ষ নয়।...এইরকম আকৃতি যার সেই কন্যা কখনও শীলভ্রষ্টা হতে পারে না, এর প্রতি আমার হৃদয় আকৃষ্ট হচ্ছে। অতএব পরীক্ষার পর একেই বিবাহ করা যেতে পারে। কারণ প্রথমে অবিবেচকের মতো কাজ করলে পরে বহু অনুতাপ করতে হয়।

স্নেহপূর্ণ দৃষ্টিতে কন্যাটিকে লক্ষ্য করে শক্তিকুমার বলল, 'ভদ্রে, এই একপ্রস্থ শালিধান দিয়ে আমাকে ভোজনে সন্তুষ্ট করতে পারবেন কি ?' তখন সেই গোমিনী নামে কন্যা ধাত্রীকে ইঙ্গিত করল ধানগুলি গ্রহণ করার জন্যে। শক্তিকুমারকে পাদ্যার্ঘে অভ্যর্থিত করে দ্বারপ্রান্তের স্থানটি পরিচ্ছন্ন করে বসার ব্যবস্থা করে দিল। এবার সেই গন্ধশালি ধানগুলি রোদে দিয়ে বারবার নাড়াচাড়া করে শুকিয়ে নিল। তারপর মাটিতে বিছিয়ে কাষ্ঠদণ্ডের মৃদু আঘাতে ধান থেকে চাল ও তুষ পৃথক করে ফেলল। ধাত্রীকে বলল, 'মা, এই তুষ দিয়ে স্বর্ণকারেরা অলঙ্কার পরিষ্কার করে, তাদের এগুলি দিয়ে যে-কটি কপর্দক পাবে সেগুলি থেকে কিনবে কিছু কাঠ—যেন খুব বেশি ভেজা বা শুকনো না হয়, দুটি মাটির থালা ও একটি হাঁড়ি।' ধাত্রী তার কথামতোই কাজ করল।

গোমিনী চাল নিয়ে চলে গেল ঢেঁকিশালে। অর্জুন কাঠের তৈরি ঢেঁকি। সুগোল, মাঝখানে সরু, মুখে লোহার পাত দেওয়া খদির কাঠের মুষলের সাহায্যে হাতের নিপুণ লাবণ্যময় ভঙ্গিতে চালগুলি কুটে ফেলল, তারপর তুলে নিয়ে ভাল করে ঝেড়ে বেছে রেখে দিল। এবার চুল্লীর পূজা করে পাঁচগুণ ফুটন্ত জলে চালগুলি ছেড়ে দিল। সেগুলি যখন ফুটতে-ফুটতে কুঁড়ির মতো হয়ে উঠল তখন আঁচ কমিয়ে দিয়ে ভাতের ফেন ঝেড়ে ফেলল। তারপর হাত দিয়ে ভাত অল্প-অল্প নেড়ে যখন

দেখল সব দানা ভালভাবে সিদ্ধ হয়ে গেছে তখন হাঁড়িটির মুখ উলটে রেখে দিল। এবার জল দিয়ে আগুন নিবিয়ে দেওয়ার পর যে পোড়া কয়লা পাওয়া গেল সেগুলি পাঠিয়ে দিল বিক্রির জন্য। যে-কড়ি পাওয়া গেল তাই দিয়ে কিনে আনতে বলল, শাক, ঘি, দই, তেল, আমলা ও তেঁতুল। এগুলি আনার পর শাক দিয়ে দু-তিন রকম ব্যঞ্জন প্রস্তুত করে ফেলল গোমিনী। ভিজে বালির ওপর রাখা মাটির পাত্রে সেই ভাতের ফেন ঢেলে দিয়ে হাতপাখার বাতাসে ঠাণ্ডা করে তাতে লবণ দেওয়া হলো। তারপর কাঠের সুগন্ধিতে সুবাসিত করে আমলার গুঁড়ো ছড়িয়ে দেওয়া হলো তার ওপর।

এবার গোমিনী ধাত্রীকে দিয়ে শক্তিকুমারকে স্নানের জন্যে অনুরোধ জানাল। আমলা-মেশান সুগন্ধি তেল পাঠাতেও ভুলল না। তার নিজের স্নান ইতিপূর্বেই সম্পন্ন হয়েছিল।

স্নানের পর ধোয়া মেঝেতে রাখা পিঁড়িতে এসে বসল শক্তিকুমার। সামনে রাখা মাটির পাত্র দুটি আর বাড়িরই প্রাঙ্গন থেকে কেটে আনা কলাগাছের পাতা।

গোমিনী প্রথমে আনল ভাতের ফেন থেকে তৈরি সেই সুস্বাদু পানীয়। এটি পান করে শক্তিকুমারের সমস্ত পথশ্রম যেন দূর হয়ে গেল, দেহ হৃষ্ট হয়ে উঠল। তারপর পরিবেশন করল দু-হাতা শালিধানের অন্ন, সঙ্গে সুপশাকাদি ব্যঞ্জন। সেগুলি শেষ হয়ে গেলে অবশিষ্ট অন্ন ও যৈত্রী-এলাচ-দারুচিনির গুঁড়ো মেশান সুগন্ধি দই ও শীতল ঘোল। তৃপ্তির সঙ্গে আহার শেষ করে শক্তিকুমার চাইল পানীয় জল। গোমিনী নতুন ভৃঙ্গারে কৃষ্ণ অগুরু ও পাটলপুষ্পের গন্ধ মিশ্রিত প্রস্ফুটিত পদ্মে সুশোভিত জল নিয়ে এসে ঢেলে দিতে লাগল। শক্তিকুমার মুখের কাছে পাত্র তুলে ধরে আকণ্ঠ পান করে নিতে লাগল সেই জল। চোখের পক্ষ্মে জল লেগে আঁখি হয়ে উঠল রক্তাভ, বারিধারার শব্দে কর্ণ স্নিগ্ধ, কপোলে জলের সুখ-স্পর্শের রোমাঞ্চ, নাসিকা মধুর গন্ধে উৎফুল্ল, মাধুর্যে রসনা তৃপ্ত হওয়ার পর মাথা নেড়ে শক্তিকুমার নিষেধ জানানোয় গোমিনী জল ঢালা থেকে বিরত হলেন। এগিয়ে দিল আচমনের জল। বৃদ্ধা ধাত্রী উচ্ছিষ্ট পরিষ্কার করে ভূমিতে গোময় লিপ্ত করে দিলে সে নিজের উত্তরীয় বিছিয়ে শুয়ে পড়ল। এইভাবে পরিতুষ্ট হয়ে যথাশাস্ত্র গোমিনীকে বিবাহ করে দেশে ফিরে গেল।

কিন্তু পরে শক্তিকুমার ঘরে নিয়ে এল এক গণিকাকে। তার সঙ্গে গোমিনী সখীর মতোই আচরণ করতে লাগল। স্বামীকে দেবতার মতোই সেবা করে চলে নিরলসভাবে, গৃহকর্মেও কোন ত্রুটি নেই, সমস্ত পরিজনদের দয়াদাক্ষিণ্যে মুগ্ধ করে ফেলল। শেষে গুণে বশীভূত করে ফেলল স্বামী ও সব আত্মীয় স্বজনদের। এইভাবে একমাত্র পুরুষের অধীনে শরীর ও জীবন কাটিয়ে ধর্মার্থকাম এই ত্রিবর্গ লাভ করল। এইজন্যেই বলছি, 'পত্নীর গুণেই গৃহীর মঙ্গলের কারণ।'

তারপর তাকে ব্রহ্মরাক্ষসের অনুরোধে নিম্ববতীর উপাখ্যান বলতে লাগলাম, 'সৌরাষ্ট্র' দেশে বলভী নামে এক নগরী আছে। সেখানে এক বণিক বাস করতেন নাম গৃহগুপ্ত। তিনি সমুদ্রপথে বাণিজ্যে প্রাধান্য অর্জন করে কুবেরের তুল্য বিত্ত সঞ্চয় করে-ছিলেন। তার কন্যার নাম রত্নবতী। মধুমতী থেকে এসে বলভদ্র নামে এক বণিক পুত্র তাকে বিবাহ করেছিলেন কিন্তু গোপন মিলনে বাধা পেয়ে বলভদ্র নববধূকে খুব ঘৃণা করতে লাগল এমনকি তার মুখ দর্শনও করতে চাইল না। বন্ধুদের শত অনুরোধেও তার বাড়ি যেতে রাজী হলো না, দুর্ভাগিনী রত্নবতীকে তখন থেকে সকলে 'নিম্ববতী'

এই আক্ষায় ভূষিত করলেন।

কিছুদিন কেটে যাওয়ার পর অনুতপ্ত নিম্ববতী ভাবল আমার কি গতি হবে। একদিন এক মাতৃস্থানীয়া বৃদ্ধা প্রব্রজিকাকে পূজার ফুল নিয়ে আসতে দেখে তার সামনে অশ্রুপাত করতে লাগলেন। সন্ন্যাসিনী তাঁকে বারবার অশ্রুর কারণ জিজ্ঞাসা করায় লজ্জিত হলো, কোনমতে বলল, 'মা কি বলব? স্ত্রীলোকের ক্ষেত্রে স্বামীর বিমুখতা জীবন-মরণের ব্যাপার বিশেষত কুলবধূদের বিষয়ে। আমি এক্ষেত্রে উদাহরণ। আমার জাতি বর্গ, এমনকি মাতাও আমাকে অবজ্ঞার দৃষ্টিতে দেখেন। এমন ব্যবস্থা করুন যাতে সকলে আমার প্রতি প্রসন্ন হয়, নতুবা আমি এই প্রয়োজনহীন প্রাণ বিসর্জন দেব। এই গোপন কথা আমার মৃত্যুর পূর্বে দয়া করে প্রকাশ করবেন না।' এই বলে সে সন্ন্যাসিনীর পায়ে কেঁদে পড়ল। সন্ন্যাসিনী তাকে তুলে অশ্রু মুছিয়ে দিয়ে বললেন 'বৎসে, এই-রকম হঠকারিতা করো না, আমি তোমার নির্দেশ মতোই কাজ করব যতদিন দরকার ততদিনই আমি তোমার অধীনে থাকব। আর যদি ইহজন্ম সম্বন্ধে নিস্পৃহ হয়ে পড় তাহলে পারলৌকিক কল্যাণের জন্যে তুমি আমার নির্দেশে তপস্যার ব্রত গ্রহণ কর। সুন্দর আকৃতি, সৎ চরিত্র উচ্চ বংশ সত্ত্বেও যে তুমি স্বামীর বিদ্বেষের পাত্রী হয়েছ তা নিশ্চয় তোমার পূর্ব জন্মের দুষ্কৃতির ফল। তুমি যথেষ্ট বুদ্ধিমতী যদি স্বামীর বিরাগ প্রশমনের কোন উপায় স্থির করে থাক, তবে তা বল।' তখন মাথা নিচু করে কিছুক্ষণ চিন্তা করার পর নিম্ববতী দীর্ঘশ্বাস ফেলে বলল, 'ভগবতি, সদ্বংশজাতা নারীদের পতিই একমাত্র দেবতা, এমন কোন উপায় স্থির করা উচিত যাতে আমি তাঁর সেবার যোগ্য হতে পারি। আমাদের প্রতিবেশী এক বণিক আছেন তিনি উচ্চবংশ, প্রচুর বিত্ত ও রাজার সখ্যতার জন্যে সকলের মধ্যে প্রাধান্য লাভ করেছেন। তাঁর কন্যা কনকবতী দেখতে অনেকটা আমার মতো, সে আমার প্রিয় বান্ধবীও বটে। তার সঙ্গে তাদের বাড়ির ছাদে তার দ্বিগুণ সজ্জিতা হয়ে কন্দুকক্রীড়া করব। আপনি কোন রকমে আমার স্বামীকে সেখানে আনবেন। আমি যেন ভুল করে কন্দুকটি নিচে আপনার দিকে ফেলে দেব। তখন সেটি তুলে নিয়ে তার হাতে দিয়ে বলবেন, নিধি পালিতের কন্যা কনকবতী তোমার স্ত্রীর সখী, রত্নবতীর প্রতি তোমার ব্যবহারের জন্যে তোমাকে নিষ্ঠুর বলে নিন্দা করছে। তুমি তাকে এই কন্দুক ফিরিয়ে দিও। এই কথা বলার পর সে ওপরের দিকে মুখ তুলে চাইবে। আমাকে কনকবতী মনে করে বদ্ধাঞ্জলি আমার দিকে সকাম দৃষ্টিপাত করে কন্দুকটি প্রত্যর্পণ করবে। আপনি তখন এই সুযোগে তার অনুরাগ উদ্দীপ্ত করে এমন ব্যবস্থা করবেন যাতে সে আমাকে নিয়ে অন্যদেশে পালিয়ে যায়।'

সন্ন্যাসিনী আনন্দের সঙ্গে সেইরকমই ব্যবস্থা করেছিলেন। তাপসীর বঞ্চনায় রত্নবতীকে কনকবতী ভেবে বলভদ্র তার সমস্ত অলঙ্কার সহ তাকে নিয়ে রাত্রির অন্ধকারে গৃহত্যাগ করল। তাপসী এই কথা রটনা করলেন যে বলভদ্র বলেছে—দুর্বুদ্ধির জন্যেই সে এতদিন রত্নবতীকে অবজ্ঞা করেছে, শ্বশুরকে অপমান করেছে ও আত্মীয়দের পরামর্শ উপেক্ষা করেছে। এখন এই নগরে রত্নবতীর সঙ্গে বাস করতে লজ্জিত হচ্ছে, তাই নিশ্চয় স্ত্রীকে নিয়ে অন্য কোথাও চলে গেছে—শীঘ্রই একথা জানা যাবে। একথা শুনে রত্নবতীর আত্মীয়রা তার অনুসন্ধানের ব্যাপারে খুব আগ্রহ দেখালেন না।

পথে রত্নবতী এক দাসী সংগ্রহ করেছিল তার মালপত্র বয়ে নিয়ে যাওয়ার জন্যে।

অবশেষে তারা উপস্থিত হলো ছোট এক শহরে, বাণিজ্য-দক্ষ বলভদ্র অল্প মূলধনেই এখানে বহু ধন অর্জন করতে সমর্থ হলো, বণিক মহলেও প্রাধান্য লাভ করল। বিত্তশালী হওয়ায় এখন তার অনেক দাসদাসী। একদিন সেই প্রথম দাসীটিকে তাড়না করার পর তিরস্কার করে বলল, 'তুমি কোন কাজ কর না, যা দেখ তাই চুরি কর আর কটু কথা বল।' দাসী রেগে রত্নাবতীর গোপন কাহিনীর কিছু অংশ প্রকাশ করে দিল। লোভী নগর-শাসক একথা শুনে পৌরপ্রধানদের ডেকে জানাল, 'দুর্মতি বলভদ্র নিধিপালিতের কন্যা কনকবতীকে আহরণ করে এনে এখানে বাস করছে ; অতএব তার সমস্ত সম্পত্তি বাজেয়াপ্ত করা হলে আপনাদের কিছু বলা উচিত নয়।' বলভদ্র খুবই ভয় পেয়ে যাওয়ায় রত্নাবতী তাকে আশ্বাস দিয়ে বলল, 'তুমি নির্ভীকভাবে জানাও যে নিধিপালিতের কন্যা কনকবতী নয় ; বলভীর গৃহগুপ্তের কন্যা রত্নাবতী এখানে বাস করে, তার পিতামাতা আমার সঙ্গে তার বিবাহ দিয়েছেন। যদি আমার কথা বিশ্বাস না করেন তাহলে তার আত্মীয়দের কাছে লোক পাঠিয়ে খবর নিতে পারেন।' বলভদ্র একথা জানিয়ে বণিকসভার কাছ থেকে নিরাপত্তার প্রতিশ্রুতি পেয়ে নিশ্চিন্তে বাস করতে লাগলেন। কন্যার প্রেরিত পত্রে তিনি সবই জানতে পেরেছিলেন। তিনি এসে খুবই আনন্দিত হয়ে কন্যা ও জামাতাকে নিয়ে আনন্দে ফিরে গেলেন। এই ঘটনায় রত্নাবতী বলভদ্রের খুবই প্রিয় হয়ে উঠল যদিও স্বামীর কাছে সে কনকবতীরূপে গৃহীত হয়েছিল। তাই আমি বলেছিলাম—ইচ্ছাই উদ্দেশ্য সিদ্ধির উপায়।

এবার ব্রহ্মরাক্ষস আমাকে নিতম্ববতীর গল্প বলতে অনুরোধ করল,—আমিও শুরু করলাম—

শূরসেন দেশে[৮] মথুরা নামে এক নগর ছিল। সেখানে বাস করত এক উচ্চবংশজাত যুবক। সে কলাবিদ্যা নিপুণা গণিকাদের প্রতি খুবই অনুরক্ত ছিল। বাহুবলের সাহায্যে বন্ধুদের বহু কলহের মীমাংসা করায় লোকেরা তার নাম দিয়েছিল কলহকণ্টক।

একদিন এক আগন্তুক চিত্রকরের কাছে পটে আঁকা এক যুবতীকে দেখে কামাতুর হয়ে উঠল তার মন, সে চিত্রকরকে বলল—এই ছবিটি খুব অদ্ভুত মনে হচ্ছে। যুবতীটির দেহ লাবণ্যময় হলেও মুখশ্রী পাণ্ডুর। আভিজাত্যের উপযুক্ত নম্রতা প্রকাশিত। এর যৌবন বেশি উপযুক্ত নয়, কিন্তু দৃষ্টি বেশ পরিপূর্ণ। ইনি তো প্রষিতভর্তৃকা নন, কারণ স্বামীর প্রবাসচিহ্ন স্বরূপ একবেণী ইত্যাদি অনুপস্থিত। দক্ষিণ দিক সধবার চিহ্নও বর্তমান, অতএব ইনি কোন বৃদ্ধ বণিকের পত্নী। স্বামী পুরুষত্বহীন হওয়ায় যৌবনচিত উপভোগের অভাবে বিমর্ষ। তুমিও খুবই নৈপুণ্যের সঙ্গে যেমন দেখেছ তেমনই এঁকেছ। চিত্রকর তার বুদ্ধির প্রশংসা করে বলল, 'ঠিক কথা। অবন্তি দেশের উজ্জয়িনী নগরে অনন্তকীর্তি নামে বণিকের পত্নী সার্থকনামা নিতম্ববতী। তার সৌন্দর্যে বিস্মিত হয়ে আমি চিত্রে অঙ্কিত করেছি।'

কলহকণ্টক উন্মনা হয়ে এই যুবতীকে দেখার জন্য উজ্জয়িনীতে উপস্থিত হলো। ভার্গব নাম গ্রহণ করে ভিক্ষার্থে তাঁর গৃহে এসে তাঁকে দেখতে সমর্থ হলো! ফলে তার কামনা আরও তীব্র হয়ে উঠল। পৌরপ্রধানদের অনুরোধ করে সে শ্মশান রক্ষার কর্ম গ্রহণ করল। শবাবরণ বস্ত্র ইত্যাদি দিয়ে সে আর্হন্তিকা নামে এক সন্ন্যাসিনীকে সন্তুষ্ট করে তার মাধ্যমে নিতম্ববতীর কাছে গোপন প্রস্তাব প্রেরণ করল। কিন্তু নিতম্ববতী সেই সন্ন্যাসিনীকে ভর্ৎসনা করে বিদায় দিলেন। কলহকণ্টক বুঝতে পারল যে একে

চরিত্রভ্রষ্ট করা খুবই দুঃসাধ্য। তখন সে দূতীকে এইভাবে নির্দেশ দিল, 'আর একবার গিয়ে সেই বণিকজায়াকে গোপনে বল—আমার মতো তাপসী যে সংসারের প্রতি বীতশ্রদ্ধ হন, তপস্যার দ্বারা মুক্তি কামনা করে সে কুলবধূর চরিত্র নষ্ট করবে তা কি কখন সম্ভব? আমি প্রকৃতপক্ষে পরীক্ষা করছিলাম তুমি এই বিরাট সমৃদ্ধি, অসাধারণ সৌন্দর্য ও নবীন বয়সের জন্য নারীসুলভ চপলতায় অভিভূত হও কি-না? কিন্তু তোমার একনিষ্ঠতায় আমি সন্তুষ্ট। শুধু তোমাকে এখন সন্তানবতী দেখতে চাই। তবে তোমার স্বামী এখন দুষ্ট নক্ষত্রের প্রভাবে পাণ্ডু রোগগ্রস্ত ও ভোগে অসমর্থ। এই বিঘ্নের প্রতিকার না করলে তুমি সন্তান লাভ করতে পারবে না। অতএব প্রসন্ন হয়ে আমার কথা অনুসারে কাজ কর। একাকী বৃক্ষবাটিকায় গোপনে উপস্থিত থাকবে, সেখানে আমি এক মন্ত্রসিদ্ধ ব্যক্তিকে আনব, তাঁর হাতে তোমার চরণ সঁপে দেবে, তারপর সেই মন্ত্রপূতঃ চরণ দিয়ে স্বামীর বক্ষে আঘাত করবে প্রেম কোপের ভাণ করে। এই রকম আচরণ করলেই সে ধাতুপুষ্টি লাভ করে সন্তান উৎপাদনে সক্ষম হবে ও তুমিও দেবীর মতো সম্মান লাভ করবে। এই ব্যাপারে তোমার কোন ভয়ের কারণ নেই। নিতম্ববতী সহজেই এই পরামর্শ গ্রহণ করবে। রাত্রিবেলা আমাকে বৃক্ষবাটিকায় প্রবেশ করিয়ে তারপর তাকে উপস্থিত করবে। এইটুকু করলেই আমি অনুগৃহীত হব।'

তাপসী তার উপদেশ মতোই সব কাজ করল। খুশিমনে কলহকণ্টক সেই বৃক্ষবাটিকায় উপস্থিত হলো। সন্ন্যাসিনীর বহু চেষ্টায় নিতম্ববতীও সেখানে গেলেন। মুহূর্তের মধ্যে তার চরণ থেকে স্বর্ণনূপুরের একটি খুলে নিয়ে ঊরুমূলে ছুরি দিয়ে কিছু লিখে দিয়ে দ্রুত অন্তর্হিত হয়ে গেল। সন্ত্রস্তা নিতম্ববতী নিজের দুর্বুদ্ধির জন্য নিজেকেই ভর্ৎসনা করতে লাগলেন, পলায়িতা তাপসীর জন্যও তাঁর এই প্রচণ্ড ক্রোধ প্রকাশিত হলো। উদ্যানসংলগ্ন পুষ্করিণীতে ক্ষতস্থান ধুয়ে বস্ত্রাবৃত করে রাখলেন। আর একটি নূপুর খুলে অন্তঃপুরে ফিরে এসে পীড়িত হওয়ার ভাণ করে তিন-চার দিন শয্যায় কাটালেন।

সেই কূটবুদ্ধি যুবক অনন্তকীর্তির কাছে এল নূপুর নিয়ে বিক্রয়ের উদ্দেশ্যে। নূপুরটি দেখেই অনন্তকীর্তি বুঝতে পারলেন যে এটি তাঁর পত্নীরই। কিছুক্ষণ চুপ করে থেকে তিনি জানতে চাইলেন কীভাবে সে এটি পেয়েছে। সে দৃঢ়ভাবে বলল, 'আমি বণিকসভায় সকলের সামনেই জানাব।' অনন্তকীর্তি পত্নীর কাছে তার নূপুর-জোড়া প্রেরণের জন্য সংবাদ পাঠালেন। লজ্জা ও ভয়ে ত্রস্তা নিতম্ববতী একটি নূপুর পাঠিয়ে জানাল—বিশ্রামের জন্য রাত্রে বৃক্ষবাটিকায় যাওয়ার পর একটি নূপুরের বাঁধন শিথিল হয়ে পড়ে গেছে। সেটি আজকেও খুঁজে পেলাম না—এইটি দ্বিতীয় নূপুর। এই সংবাদ জেনে অনন্তকীর্তি সেই ধূর্তকে বণিকসভার সামনে উপস্থিত করলেন। তাকে জিজ্ঞাসা করা হলে সে বলতে লাগল, 'আপনারা সকলেই জানেন যে আপনাদের আজ্ঞায় শ্মশান-রক্ষার কাজ করে আমি জীবন ধারণ করি। রাত্রে আমি শ্মশানেই শুয়ে থাকি কেন-না কোন কৃপণ ব্যক্তি ধার্য অর্থ না দিয়েই গোপনে গভীর রাত্রে শবদাহ করে যেতে পারে। সেদিন রাত্রে দেখলাম এক কৃষবর্ণা নারী চিতা থেকে অর্ধদগ্ধ মৃতদেহ টেনে নিচ্ছে। আমি অর্থলোভে নির্ভীকভাবে এগিয়ে এসে তাকে ধরে ফেললাম। তার ঊরুমূলে ছুরিকা দিয়ে চিহ্ন দিয়ে দিলাম আর একটি নূপুর পা থেকে খুলে নিলাম।

সে তাড়াতাড়ি পালিয়ে গেল। এইভাবে আমি নূপুরটি পেয়েছি। এরপর আপনারা যা করার করুন।'

আলোচনার পর নাগরিকরা সিদ্ধান্ত করলেন যে এই নারী ডাকিনী। অনন্তকীর্তি পত্নীকে পরিত্যাগ করলেন। স্বামী-পরিত্যক্তা নিতম্ববতী নিরুপায় হয়ে রাত্রিবেলা শ্মশানে এলেন। বহু বিলাপের পর প্রাণবিসর্জনে উদ্যত হলেন। কিন্তু সেই ধূর্ত এসে তাঁকে ধরে ফেলল। এই বলে অনুনয় করতে লাগল, 'সুন্দরি, তোমার রূপে উন্মাদ হয়ে তোমাকে পাওয়ার জন্য ভিক্ষুকী দিয়ে বহু চেষ্টা করেছিলাম কিন্তু ব্যর্থ হওয়ায় এই উপায় করলাম যাতে যাবজ্জীবন তোমার সঙ্গ লাভ করতে পারি। অতএব এই দাসের প্রতি কৃপা কর।' এই বলে বার-বার চরণে পতিত হয়ে মিষ্ট বাক্যে তাকে সন্তুষ্ট করার চেষ্টা করতে লাগল। বহু প্রয়াসের পর তাকে বশীভূত করতে সমর্থ হলো। তাই বলছিলাম বুদ্ধি দুঃসাধ্য সাধন করতে পারে।

এই কাহিনী শুনে ব্রহ্মরাক্ষস আমাকে সম্মান প্রদর্শন করতে লাগল। ঠিক সেই মুহূর্তে আকাশ থেকে নাগকেশরের কুঁড়ির মতো কতগুলি মুক্তা জলবিন্দুর সঙ্গে পড়তে লাগল। উপর দিকে তাকিয়ে দেখলাম—এক রাক্ষস আকাশ পথে এক রমণীকে জোর করে ধরে নিয়ে যাচ্ছে, রমণীটিও নিজেকে মুক্ত করার জন্য প্রাণপণ চেষ্টা করছে। ব্যাপারটি আমার কাছে খুব অসহ্য বোধ হলো। এক অনাচারী রাক্ষস এক অনিচ্ছুক নারীকে জোর করে অপহরণ করছে। আমি নিরস্ত্র, আকাশে উঠতেও অসমর্থ। বন্ধু ব্রহ্মরাক্ষস তাকে তিরস্কার করতে লাগল, 'ওরে পাপিষ্ঠ থাম, থাম—কোথায় নিয়ে যাচ্ছিস?' এই বলে নিজে আকাশ পথে আরোহণকারী রাক্ষসটিকে আক্রমণ করল। ক্রোধে রমণীকে পরিত্যাগ করায় আমার বিস্তৃত বাহুতে স্বর্গের বৃক্ষমঞ্জরীর মতোই সে পতিত হলো। আমি ধরে রইলাম তাকে, তার চক্ষু নিমীলিত, দেহ কম্পিত, আমার স্পর্শে তার অঙ্গ রোমাঞ্চিত।

ইতিমধ্যে আকাশে চলতে লাগল দুই রাক্ষসের তুমুল যুদ্ধ। উভয়ে উভয়ের প্রতি নিক্ষেপ করতে লাগল পর্বতের চূড়া, গাছ, পাথর। বাহুবল প্রয়োগেও বিরত হলো না। শেষে দুজনেই পঞ্চত্ব প্রাপ্ত হলো।

আমি সেই রমণীকে ধীরে-ধীরে শুইয়ে দিলাম ফুলের পাঁপড়ি বিছান সরোবরের তীরে। তারপর তাকে ভাল করে লক্ষ্য করে স্তম্ভিত হয়ে গেলাম। 'এ কী! এ যে আমারি প্রাণপ্রিয়া রাজকন্যা কন্দুকাবতী!' জ্ঞান ফিরে এলে তিনি অবাক হয়ে আমার দিকে তাকিয়ে রইলেন। চিনতে পেরে অশ্রুরুদ্ধ কণ্ঠে বললেন, 'কন্দুকোৎসবে আপনাকে দেখার পর থেকেই আমি আপনার প্রতি আকৃষ্ট। সখী চন্দ্রসেনা আপনার সম্বন্ধে সংবাদ এনে আমায় বাঁচিয়ে রেখেছিল। যখন শুনলাম নিষ্ঠুর ভ্রাতা ভীমধন্বা আপনাকে সমুদ্রে ডুবিয়ে দিয়েছে, তখন প্রাণত্যাগের সিদ্ধান্ত করে সকলকে এড়িয়ে উদ্যানে চলে গেলাম। এমন সময় কামচারী রাক্ষস আকাশ থেকে আমায় দেখতে পেয়ে আমার প্রতি আকৃষ্ট হলো। তার কামনা পূর্ণ না করায় ভয়ে কম্পিতা আমাকে ধরে নিয়ে চলে গেল—এখন এখানে তার মৃত্যু ঘটেছে। ভাগ্যক্রমে আমি আপনার হাতেই পড়েছি যিনি আমার জীবনের একমাত্র অধীশ্বর। আপনাকে সন্তুষ্ট করাই আমার লক্ষ্য।' এই কথা শুনে হৃষ্টচিত্তে আমি তাকে নিয়ে জাহাজে ফিরে এলাম।

অনুকূল বায়ুতে জাহাজ চলতে লাগল। অবশেষে আমরা দামলিপ্ত বন্দরে অবতরণ

করলাম। তীরে নেমেই শুনতে পেলাম ক্রন্দনরত প্রজাদের বিলাপ। জানতে পারলাম সুহ্মরাজ তুঙ্গধন্বা পুত্র ও কন্যার অদর্শনে দুঃখিত ও মলিন হয়ে রাজ্ঞীর সঙ্গে গঙ্গাতীরে মৃত্যুবরণের জন্যে যাত্রা করেছেন। আর কোন সন্তান না থাকায় অনশনে দেহত্যাগ করার সংকল্প করেছেন। অনুরক্ত বৃদ্ধ পৌরজনেরা তাঁর সঙ্গেই মৃত্যু বরণ করতে চলেছেন!

সেখানে উপস্থিত হয়ে রাজাকে সব ঘটনা জানালাম, ফিরিয়ে দিলাম তাঁর দুই সন্তানকে। পরম প্রীত হয়ে রাজা আমার সঙ্গে কন্যার বিবাহ দিলেন। পুত্র ভীমধন্বা হলো আমার অধীন। আমার আদেশে সে চন্দ্রসেনাকে মুক্তি দিতে বাধ্য হলো। এখন চন্দ্রসেনা কোশদাসের পত্নী।

তারপর সিংহবর্মার সাহায্যের জন্যে এসে আপনার দেখা পেয়ে গেলাম—ধন্য হলো জীবন।

কাহিনী শুনে রাজবাহন বললেন, 'দৈবের গতি খুবই বিস্ময়কর, পুরুষকারও যথাসময়ে প্রকাশ করা হয়েছে।' এবার মৃদু হেসে দৃষ্টিপাত করলেন মন্ত্রগুপ্তের দিকে—প্রেয়সীর সঙ্গে কামক্রীড়ায় মন্ত্রগুপ্তের ওষ্ঠে দন্তক্ষত; সেই ওষ্ঠ আবৃত করে সে তাঁর কাহিনী বলতে লাগলেন। ওষ্ঠ্যবর্ণের[*] ব্যবহার বাদ দিয়েই তাঁর বিবৃতি শুরু।

॥ শ্রীদণ্ডী-বিরচিত দশকুমারচরিতে 'মিত্রগুপ্তচরিত' নামে ষষ্ঠ উচ্ছ্বাস সমাপ্ত ॥

× × × × × × × × × × × × × সপ্তম উচ্ছ্বাস × × × × × × × × × × × × ×

মন্ত্রগুপ্তচরিত

রাজপুত্র, পর্বতের রন্ধ্রপথে আপনি অন্তর্হিত হওয়ার পর আপনার অন্বেষণে কলিঙ্গদেশে উপস্থিত হলাম। কলিঙ্গ[১] নগরের নিকটে শ্মশানের এক গাছের তলায় কচিপাতার শয্যা রচনা করে নিদ্রিত হয়ে পড়লাম। ক্রমে রাত্রি খুব গভীর হলে অন্ধকার যেন গলিত মসীধারা রূপে ছড়িয়ে পড়তে লাগল, চারিদিক হয়ে উঠল হীম শীতল। নিশাচরেরা বেরিয়ে পড়ল ঘন কুয়াশার অন্ধকারে। সবাই তখন নিজগৃহে নিদ্রামগ্ন। আমি শুনতে পেলাম বিরাট শাল গাছের জটিল শাখা-প্রশাখার অভ্যন্তর থেকে এক কাতর ধ্বনি। কোন কিঙ্কর তার পত্নীকে বলছে, 'মিলনের বাসনায় দেহ যখন উদ্বেল তখন তাতে বাধা দিয়ে এই কপট যোগী আদেশ পালনে নির্দেশ দিচ্ছে। এমন কোন শক্তিশালী ব্যক্তির কি দেখা পাওয়া যাবে না[*] যে এই ভণ্ড যোগীর সিদ্ধিতে বাধা দিতে পারবে!' একথা শুনে আমি ভাবলাম—কে এই যোগী, কিসেরই বা সিদ্ধি, আর কিঙ্করই বা কে? আমি তাকে অনুসরণ করে গিয়ে দেখতে পেলাম এমন এক ব্যক্তিকে যার অঙ্গে নর-কঙ্কালের আভরণ, চিতাভস্মের অঙ্গরাগ, জটা যেন বিদ্যুৎ, বামহস্ত দ্বারা অরণ্যের অন্ধকার বিনাশী অগ্নিতে ইন্ধন দিচ্ছেন তিল, সরিষা ইত্যাদি, আহুতির শব্দে চারিদিক মুখরিত।

সেই কিঙ্কর করজোড়ে তার সামনে দাঁড়িয়ে বলল, 'কি করতে হবে আদেশ দিন।' সেই নীচাশয় আদেশ দিল, 'যাও কলিঙ্গরাজ কর্দনের কান্তা কনকলেখাকে এখানে নিয়ে এসো।' কিঙ্কর সেই মতোই কাজ করল।

ভীতা রাজকুমারী অশ্রুরুদ্ধ কণ্ঠে আর্তনাদ করতে লাগলেন, 'হা তাত, হা জননী!' সেই ভণ্ড শাণিত তরবারি হাতে নিয়ে রাজকুমারীর কেশ আকর্ষণ করে আঘাত করতে উদ্যত হওয়া মাত্রই আমি দৌড়ে গিয়ে অস্ত্র কেড়ে নিলাম। তারপর ঐ অস্ত্র দিয়েই জটাসহ মুণ্ড কেটে ফেলে ঐ প্রাচীন শালগাছের রন্ধ্রে রেখে দিলাম। কিঙ্কর তার কষ্টের কারণ দূরীভূত হওয়ায় আমার প্রতি খুবই সন্তুষ্ট হলো সবিস্ময়ে বলল, 'মহাশয়, এই নীচাশয়ের অত্যাচারে আমাকে বিনিদ্র রজনী কাটাতে হতো, সব সময় তর্জন করত, ভয় দেখাত ও অসাধ্য-সাধনের আদেশ করত। আপনি এই নর-কাককে যমালয়ে প্রেরণ করে অশেষ কল্যাণ সাধন করেছেন। সুতরাং দয়ালু ও তেজস্বী আপনার আজ্ঞা পালনে আমি উৎসুক। অবিলম্বে আমায় আদেশ দিতে পারেন।' এই বলে সে নত মস্তকে অপেক্ষা করতে লাগল। আমি বললাম, 'সখা, সজ্জনদের চরিত্রই এইরকম যে অতি অল্প কারণেই তারা অপরকে সম্মান প্রদর্শন করেন। যদি আপনি অনিচ্ছুক না হন তাহলে ক্লেশ সহনে অসমর্থা এই সুন্দরী রাজকন্যাকে প্রাসাদে ফিরিয়ে নিয়ে যান।' একথা শুনে রাজকুমারী নীলপদ্মের মতো শোভাময় নয়নের দৃষ্টি আমার দিকে নিক্ষেপ করলেন, তার বঙ্কিম ললাটের রঙ্গপীঠে ভ্রূলতা সুন্দর ভঙ্গিতে কুঞ্চিত হলো, রক্তিম কপোলে দেখা দিল রোমাঞ্চ—অনুরাগ ও লজ্জায় তিনি অভিভূত হয়ে পড়লেন—পদনখ দিয়ে ভূমিতে দাগ টানতে লাগলেন—ছড়িয়ে পড়ল নখের দীপ্তি—আনন্দাশ্রুতে বক্ষের চন্দন সিক্ত হয়ে গেল—আমার হৃদয় ভেদ করল মদনের ফুলবাণের মতো তার ওষ্ঠ নিঃসৃত দীর্ঘশ্বাস। মধুর কণ্ঠে তিনি বলতে লাগলেন, 'কি কারণে এই দাসীকে মৃত্যুর হাত থেকে রক্ষা করে আবার ভাসিয়ে দিচ্ছেন প্রেমের সাগরে? আমাকে আপনার চরণ-কমলের ধূলিকণা বলে মনে করবেন। যদি আমার প্রতি করুণা হয় তাহলে আপনার চরণ সেবার সুযোগ দিয়ে ধন্য করুন। অন্তঃপুরে বাস করলে গোপনতা নষ্ট হয়ে বিপদ দেখা দিতে পারে এ-আশংকা অমূলক। কারণ আমার সখী ও পরিজনেরা সকলেই আমার প্রণত খুবই অনুরক্ত, তাদের চেষ্টায় কেউই আপনার উপস্থিতির কথা জানতে পারবে না।'

আমি কামশরে নিদারুণ ভাবে আহত হয়ে পড়লাম, বাঁধা পড়ে গেলাম তাঁর কটাক্ষের শৃঙ্খলে। কিঙ্করকে বললাম, 'এই চক্রজঘনা যা বলছেন—সেই মতো না করলে কামদেব বিন্দুমাত্র বিলম্ব সহ্য করবেন না, তাঁর অবস্থা করে তুলবেন অসহনীয়। অতএব হরিণনয়নার সঙ্গে আমাকেও কন্যানঃপুরে নিয়ে চলুন।'

সেই নিশাচর রাজকুমারীর সঙ্গে আমাকেও নিয়ে এল। শরৎ মেঘের মতো শুভ্র সুন্দর তাঁর নিকেতনে। চন্দ্রশালার[২] একস্থানে আমাকে অপেক্ষা করতে বলে পরিজনদের কাছে চলে গেলেন। তিনি নিদ্রিতা সখীদের হাতের স্পর্শ দিয়ে জাগিয়ে ঘটনাগুলি বিবৃত করলেন। তারা এসে আমার পায়ে লুটিয়ে পড়ল। অশ্রুতে রক্তাভ তাদের নয়ন। কলগুঞ্জনে তারা বলতে লাগল, 'আর্য', সূর্যের মতো তেজস্বী আপনার দৃষ্টির ফলে কৃতান্ত এঁকে গ্রহণ করতে অসমর্থ হয়েছেন। স্বয়ং কামদেব যেন গুরুর ভূমিকা গ্রহণ করে কামনারাগ অগ্নিকে সাক্ষী রেখে এঁকে আপনার হাতে সম্প্রদান করেছেন। মেরুশীলার মতোই আপনার অচঞ্চল হৃদয়ে অনুরাগের রশ্মিতে উজ্জ্বল এই রত্ন ধারণ করুন। গাঢ় আলিঙ্গনে সার্থক করুন এঁর যৌবন।'

তখন থেকে সেই সুন্দরী রাজকন্যার সঙ্গসুখ উপভোগ করতে লাগলাম সখীদের

কৃপায়, তাঁর প্রতি আমার প্রেমের বন্ধন আরও দৃঢ় হয়ে উঠল।

বসন্তকাল সমাগত। পত্নীবিরহে প্রবাসীদের চিত্ত উতলা, ভ্রমরদের অতিরিক্ত মধুপানের ফলে বকুলফুলগুলি ম্লান—অরণ্যের ললাটে তিলকফুলের জয়টীকা। মলয়বায়ুতে হিল্লোলিত আম্রমঞ্জরীতে ভ্রমরেরা মধুপানে ব্যস্ত। কোকিলের কুহুধ্বনির প্রভাবে অনুরাগ আরও গভীর হয়, রক্তাধরা সুন্দরীরা অগ্রসর হন রতিরণে, সংযত কুমারীরাও বুঝি লজ্জা ভুলে যায়। দর্দুর[৩] পর্বতের চন্দনগাছের সংস্পর্শে এসে সুরভিত দক্ষিণাপবনে হিল্লোলিত হয়ে ওঠে লতাগুলি। এইরকম সময়ে কলিঙ্গরাজ পুরাঙ্গনাদের নিয়ে সমুদ্রতীরের উদ্যানে এলেন প্রমোদক্রীড়ার উদ্দেশ্যে। বিশিষ্ট নাগরিকরাও তাঁর সঙ্গে এলেন। প্রায় তেরো দিন কাটালেন সেই কাননে। ঘনলতার আবরণ ভেদ করে সেখানে সূর্যালোকও প্রবেশ করতে পারে না—গুঞ্জনরত ভ্রমরের ভারে লতাগুলি অবনত। ঢেউ-এর জলকণার স্পর্শে স্থানটি শীতল।

কলিঙ্গরাজ সঙ্গীত ও কামকলায় অঙ্গনাদের সঙ্গে ব্যস্ত থাকায় সেই দুর্বলতার সুযোগে অন্ধ্ররাজ জয়সিংহ নৌকাতে বহু সৈন্য নিয়ে উপস্থিত হলেন—বন্দী করলেন কলিঙ্গরাজকে সপরিবারে। এমনকি সখীদের সঙ্গে ত্রস্তা প্রিয়া কনকলেখাকেও বন্দী করে নিয়ে চলে গেলেন। আমি অনঙ্গ দহনে উত্তপ্ত হয়ে আহার-নিদ্রা পরিত্যাগ করে প্রিয়ার কথাই ভাবতে লাগলাম। আমার শরীর ক্ষীণ হয়ে যেতে লাগল। চিন্তা করলাম—কলিঙ্গরাজ-দুহিতা পিতা-মাতার সঙ্গে শত্রুর হাতে বন্দী! যদি সেই শত্রু রাজা অধৈর্য হয়ে তাঁকে অধিকারের চেষ্টা করে তাহলে তা সহ্য করতে না পেরে হয়তো তিনি বিষপান করবেন! তাঁর এইরকম অবস্থা হলে আমার পক্ষেও বেঁচে থাকা সম্ভব নয়! কী করা যায়!

এই সময় দেখা হয়ে গেল অন্ধ্ররাজ্যের রাজধানী থেকে আগত এক ব্রাহ্মণের সঙ্গে। তিনি জানালেন, 'জয়সিংহ কর্দনকে হত্যা করার বাসনা সত্ত্বেও আপাতত শুধুমাত্র যথেষ্ট অপমান করেই ক্ষান্ত হয়েছেন—কারণ জয়সিংহ কর্দনের কন্যা কনকলেখাকে দেখে খুবই কামার্ত হয়ে পড়েছেন। কিন্তু কোন যক্ষ রাজকন্যাকে ভর করায় কোন লোকই এমনকি রাজাও তাঁর সামনে আসতে পারছেন না। এই যক্ষকে দূর করার জন্যে রাজা বহু ঐন্দ্রজালিকের সাহায্য নিয়েছেন, কিন্তু বৃথা চেষ্টা।' এই ঘটনা আমার উদ্দীপনা জাগিয়ে তুলল। আমি সেই শ্মশানে গেলাম যেখানে শালগাছের কোটরে লুকিয়ে রেখেছিলাম ভণ্ডযোগীর জটা। সেই জটা ধারণ করে ছিন্নবস্ত্রে দেহ আবৃত করে সন্ন্যাসীর ছদ্মবেশ গ্রহণ করলাম। কিছু শিষ্যও সংগ্রহ করা হলো। নানা আশ্চর্য ক্রিয়াকলাপ দেখিয়ে গ্রামবাসীদের মুগ্ধ করে অন্নবস্ত্র ও যে-সকল দ্রব্য লাভ করতাম সেগুলি দিয়ে এই শিষ্যদের সন্তুষ্ট করে রাখলাম।

কিছুদিনের মধ্যেই আমি অন্ধ্রের রাজধানীতে প্রবেশ করলাম। এক সরোবরের তীরে কাননে আশ্রম রচনা করে অবস্থান করলাম। সরোবরটি সমুদ্রের মতোই বিরাট। সেখানে বিচরণ করছে কলহংসের দল, তাদের ডানার আঘাতে পদ্মের পাঁপড়ি থেকে ঝরে পড়া রেণুর রঙে জলাশয়টি বিচিত্রিত; তীরে শোভা পাচ্ছে সারসশ্রেণী।

শিষ্যদের চেষ্টায় নাগরিকরা আসতে শুরু করল আশ্রমে। আমার নানারকম অলৌকিক ক্ষমতা দেখে তারা বিস্মিত। দিকে-দিকে লোকের মুখে ছড়িয়ে পড়তে লাগল আমার সম্বন্ধে নানা কাহিনী—'সরোবরের তীরে বনভূমিতে যে-সন্ন্যাসী ব্রত ধারণ করে শুয়ে

থাকেন তাঁর জিহ্বাগ্রে ষড়ঙ্গ বেদ ও তার রহস্য বিদ্যমান। আর সমস্ত শাস্ত্রবিদ্যাও তাঁর কাছে খুবই সরল। যেকোন দুরূহ তত্ত্ব-বিষয়ক শাস্ত্র হোক না কেন তিনি খুবই সহজ ভাবে বুঝিয়ে দিতে পারেন। সত্যবাদী, করুণাময় এই ব্যক্তিকে গুরু বলে স্বীকার করলেই যেন দীক্ষণ লাভ সার্থক হয়। অনেকের অনেক অসাধ্য রোগ এঁর পায়ের ধুলো মাথায় নিতেই ভাল হয়ে যাচ্ছে। বিরূপ গ্রহ-নক্ষত্রের প্রভাব নষ্ট করতে হলে বা যাদুকরদের কুপ্রয়াস ব্যর্থ করতে হলে এঁর পাদোদক সিঞ্চনই যথেষ্ট। অপরিমেয় এঁর ক্ষমতা—কিন্তু বিন্দুমাত্রও অহংবোধ নেই।' এই জনশ্রুতি রাজা জয়সিংহকে আকর্ষণ করল ঃ কারণ তিনি কনকলেখার আশ্রয়কারী যক্ষকে দূরে করার জন্যে খুবই উদ্‌গ্রীব হয়ে উঠছিলেন।

প্রতিদিন জয়সিংহ আমার আশ্রমে উপস্থিত হতে লাগল। গভীর শ্রদ্ধায় আমার অর্চনা করে ও শিষ্যদের উপহার দিয়ে সন্তুষ্ট করল। একদিন সুযোগ বুঝে আমাকে অনুরোধ জানাল তার উদ্দেশ্য সিদ্ধির জন্যে। গভীর ধ্যানের পর ধীরভাবে নিজের জ্ঞান প্রকাশ করলাম। কিছুক্ষণ তাঁকে ভাল করে লক্ষ্য করে বললাম, 'বৎস, এক্ষেত্রে চেষ্টার অবকাশ আছে। সমস্ত কল্যাণচিহ্নযুক্তা সেই কন্যারত্নকে লাভ করার অর্থ হলো সমুদ্র মেখলা পৃথিবীর অধীশ্বর হওয়া। কিন্তু এর মধ্যে অধিষ্ঠিত যক্ষের কাছে কোন ব্যক্তি অসহনীয়। অতএব দু-তিনদিন অপেক্ষা কর আমি চেষ্টা করে দেখি।'

একথা শুনে রাজা হৃষ্টচিত্তে বিদায় নিলেন গভীর নিশীথে যখন চারিদিকে নিরন্ধ্র অন্ধকার, কণামাত্র চাঁদের আলো ছিল না, সকলেরই দৃষ্টি নিদ্রায় আচ্ছন্ন—তখন আমি বেরিয়ে পড়লাম। সরোবরের তটের প্রান্তে এক স্থানে প্রচুর পরিশ্রম করে একটি গর্ত খুঁড়লাম। জলে ডুব দিয়ে সেখানে যাওয়া যাবে। গর্তের মুখটি ইঁট-পাথর দিয়ে এমনভাবে ঢেকে দিলাম যাতে লোকে কিছুই না বুঝতে পারে। তারপর প্রাতঃস্নানে দেহ পবিত্র করে রক্তকমল তুলে উপাসনা করলাম সহস্র কিরণ সূর্যের যিনি ভাল-মন্দ সমস্ত কাজের সাক্ষী—যিনি রাত্রির তমসারূপ হস্তীকে বিদারণ করেন। নক্ষত্রশ্রেষ্ঠ সূর্যই তো স্বর্ণশৈল শৃঙ্গরূপ রঙ্গপীঠের প্রধান নট। পূর্বদিগঙ্গনার অঙ্গরাগে রঞ্জিত হয়ে ওঠে তার কিরণ যেন। দেবারাধনার পর আশ্রমে ফিরে গেলাম।

তিনদিন কেটে গেল, সন্ধ্যাবেলা রাজা জয়সিংহ আশ্রমে এসে তাঁর মুকুট আমার চরণে রেখে করজোড়ে দাঁড়িয়ে রইলেন। আদেশ দিলাম, 'ভাগ্যক্রমে এই সিদ্ধির উপায় দৃষ্ট হয়েছে। এই জগতে নিরীহ ব্যক্তিকে কখনও লক্ষ্মী আশ্রয় করেন না, নিরলস ব্যক্তিরাই শ্রেয়কে লাভ করেন। তোমার অকলঙ্ক চরিত্র, শ্রদ্ধেয়দের প্রতি শ্রদ্ধা এবং আকর্ষণ আমার হৃদয়কে আকৃষ্ট করেছে। সেইজন্য এই সরোবরটিকে তোমার উদ্দেশ্যে এমনভাবে সংস্কার করে রেখেছি যে আজ তোমার সিদ্ধিলাভ হবে। এই রাত্রে এখানে স্নান করবে। ডুব দিয়ে জলের গভীরে যতক্ষণ সম্ভব নিঃশ্বাস বন্ধ করে শুয়ে থাকবে। তারপর জলের মধ্যে একটা আলোড়নের শব্দ শোনা যাবে। রাজহাঁসের দেহ পদ্মের কণ্টকে বিদ্ধ হলে তারা যে-ধরনের আর্তনাদ করে সেইরকম ধ্বনি। শব্দ থেমে গেলে সিক্ত শরীরে রক্তাভ দৃষ্টিতে তুমি বেরিয়ে আসবে। সকলের নয়ন আনন্দকর তোমার সেই পরিবর্তিত মূর্তি দেখে যক্ষ আর তোমার সামনে দাঁড়াতে পারবে না। রাজকন্যার হৃদয়ও মুহূর্তের মধ্যে তোমার প্রতি অনুরক্ত হয়ে পড়বে। শত্রুরা হবে তোমার বশীভূত, পৃথিবী হবে তোমার করায়ত্ত, এ-বিষয়ে কোনই সন্দেহ নেই। যদি ইচ্ছা

কর তাহলে এ-ব্যাপারে শাস্ত্রজ্ঞ ও বিচক্ষণ অমাত্যদের সঙ্গে পরামর্শ করতে পার। শত শত জালিক ও আস্থাভাজন ব্যক্তিদের দিয়ে পুষ্করণীর অভ্যন্তর পরীক্ষা করিয়ে নিতে পার। তাছাড়া বিশদণ্ড দূরে-দূরে সৈনিকদের রক্ষার স্থানে স্থাপন করবে, কারণ বলা যায় না শত্রু কিভাবে সুযোগ গ্রহণ করবে।'—এই উক্তিগুলি জয়সিংহকে মুগ্ধ করল। কর্মচারীরাও এই ব্যবস্থায় কোন ছিদ্র না দেখে ও রাজকন্যা সম্পর্কে রাজার আগ্রহের কথা জেনে কোন বাধা দিল না। উদ্দেশ্যসাধনের জন্য দৃঢ়চিত্ত রাজাকে বললাম, 'রাজন্, এইদেশে আমরা বহুদিন বাস করেছি যদিও একস্থানে বহুদিন বসবাস শাস্ত্রে নিষিদ্ধ। তবে তোমার উদ্দেশ্য সিদ্ধ হয়ে গেলে এখানে আর আমাদের দেখতে পাবে না। যে রাজ্যে অন্নপানাদি গ্রহণ করা হয় তার কিছু মঙ্গলজনক কাজ না করে যাওয়া আর্যোচিত আচরণ নয়। এই করণে এখানে দীর্ঘদিন অবস্থান করছি। আজ এই উদ্দেশ্য সিদ্ধ হলো।

এখন তুমি প্রাসাদে ফিরে যাও। উপযুক্ত সুগন্ধি জলে স্নান করে শুভ্রমাল্য অঙ্গরাগ ধারণ করে ব্রাহ্মণদের অর্চনা কর। তারপব রাত্রে বহুসংখ্যক উজ্জ্বল আলোর দ্বারা অন্ধকার দূর করে ইষ্টসাধনে ব্রতী হবে।'

রাজা কৃতজ্ঞতা প্রকাশ করে বললেন, 'আমার এই সিদ্ধি হবে অসার্থক যদি আপনি এখানে না থাকেন। আমি কোন দোষ না করা সত্ত্বেও আপনার এই বিদায় গ্রহণ আমার পক্ষে খুবই কষ্টকর। যাই হোক, গুরুজনদের ইচ্ছায় আপত্তি করা উচিত নয়।' এই বলে স্নানার্থে গৃহে ফিরে গেলেন।

আমি নির্জন রাত্রে সরোবরের তীরে এসে সেই গর্তে প্রবেশ করলাম ; তারপর এক ক্ষুদ্র ছিদ্রে কান দিয়ে বাইরে কি হচ্ছে শুনতে লাগলাম। অর্ধরাত্রে রাজা আমার উপদেশ অনুসারে সব ব্যবস্থা করে জালিকদের নিয়ে এসে জলের মধ্যে থেকে কাঁটা পাথর ইত্যাদি পরিচ্ছন্ন করে নিঃশঙ্ক চিত্তে ডুব দিলেন। বিপর্যস্ত কেশে নাসিকা ও কর্ণরন্ধ্র জলপূর্ণ হওয়ার পর তিনি যখন জলের গভীরে অবস্থান করতে লাগলেন তখন আমি কুমীরের মতো নিঃশব্দে জলতলে তাঁর দিকে এগিয়ে গেলাম, তাঁর মাথা আমার বস্ত্রে ঢেকে ফেলে যমদণ্ডের মতো তাকে হাত ও পা দিয়ে আঘাত করতে লাগলাম। কিছুক্ষণের মধ্যেই তাঁর দেহ স্থির হয়ে গেল তখন টেনে এনে সেই গর্তে ঢুকিয়ে মুখ বন্ধ করে উঠে এলাম।

সৈনিকেরা এসে আমাকে দেখে পরিবর্তিত রাজা মনে করে স্তম্ভিত হয়ে গেল। রাজহস্তীতে আমাকে বসিয়ে রাজছত্র, দণ্ড, ধ্বজ ইত্যাদি সহ রাজকীয় মর্যাদায় ভূষিত করে পথ দিয়ে শোভাযাত্রা সহকারে অগ্রসর হতে লাগল। রক্ষীদের দণ্ডকপ্রহারের ভয়ে সকলে পথ ছেড়ে দিল। প্রাসাদে উপস্থিত হয়ে আনন্দে বিনিদ্র রজনী অতিবাহিত করলাম।

পরদিন প্রভাতে সূর্যমণ্ডলকে মনে হচ্ছিল যেন দিগ্‌লালসার রত্নমুকুর, যেন লাক্ষারঞ্জিত কুম্ভ। আমি প্রাভাতিক বিধি পালন করে সিংহাসনে উপবেশন করলাম। রত্নখচিত সেই আসনের উজ্জ্বলতা চতুর্দিকে বিকীর্ণ হচ্ছিল। উপস্থিত সভাসদেরা উপযুক্ত সম্মান প্রদর্শনের পর ভয়ে বিস্ময়ে অঙ্গ সংকুচিত করে উপবেশন করছিলেন। সম্বোধন করে বললাম, 'প্রত্যক্ষ করুন সেই জিতেন্দ্রিয় যোগীর শক্তি। তাঁর চেষ্টায় আমার ইন্দ্রিয়সমূহ রজোগুণমুক্ত, ভ্রমরপূর্ণ পদ্ম সরোবরের সান্নিধ্যে পদ্মের পাপড়ির চেয়েও অধিকতর আকর্ষণীয় হয়ে উঠেছে। আমার রূপ এবং সিদ্ধি লাভও সম্ভব

হয়েছে। আজ নাস্তিকদের মাথা লজ্জায় নত হয়ে গেল। ব্রহ্মা, বিষ্ণু, মহেশ্বরের মন্দিরে-মন্দিরে নৃত্যগীতের মাধ্যমে দেবার্চনা করা হউক। রাজকোষ থেকে অর্থ নিয়ে দান করো দরিদ্রদের যাতে তাদের কষ্ট দূর হয়।'

সভাসদেরা বিস্মিত ও আনন্দিত হয়ে জয়ধ্বনিতে দশদিক মুখরিত করে তুলল। বলতে লাগল, 'আপনি আদি রাজের কীর্তি নিজ যশে পরাজিত করেছেন।' এইভাবে বারংবার স্তুতিবাদের পর তারা আমার আদিষ্ট কর্মে নিযুক্ত হলো।

কোন কার্যোপলক্ষ্যে প্রিয়ার অন্তরঙ্গ সখী শশাঙ্কসেনা সেদিকে আসছিলেন, তাকে আহ্বান করে গোপনে বললাম, 'এই ব্যক্তিকে পূর্বে কখনও দেখেছেন কি?' সে অবাক হয়ে আমার দিকে চেয়ে রইল। আনন্দে উজ্জ্বল হয়ে উঠল তার মুখ। স্মিত হেসে পরক্ষণেই সে নিজেকে সংযত করে নিল। চোখের কাজল ধুয়ে ঝরে পড়তে লাগল আনন্দাশ্রু, করজোড়ে বলল, 'যদি যাদুকরের যাদুর খেলা না হয় তাহলে কাকে দেখছি ভাল করেই জানি; বলুন কি করে এই ব্যাপার সম্ভব হলো?' আমি তার কাছে সমস্ত ঘটনা বিবৃত করলাম। তার মাধ্যমে কনকলেখাও সব কিছু জানতে পারলেন। আনন্দে অভিভূত হয়ে গেল তাঁর অন্তর। আমি রাজা কর্দনকে মুক্তি দিয়ে সম্মান প্রদর্শন করলাম। তিনিও আমার হস্তে কন্যা সম্প্রদান করে অনুগৃহীত করলেন। আমিই হলাম অন্ধ্র ও কলিঙ্গের অধিপতি। তারপর শত্রুর দ্বারা আক্রান্ত অঙ্গরাজের সহায়তায় এসে সখাদের সঙ্গে আপনার (রাজবাহনের) দেখা পেয়ে আনন্দে অভিভূত হয়ে পড়েছি।

রাজবাহন স্মিত হেসে তার কৌশলের জন্য অভিনন্দন জানালেন। বললেন, 'মহামুনির এই কাহিনী খুবই বিচিত্র। কঠিন তপস্যার ফল এ-জন্মেই ফলে গেল। যথার্থই বলা চলে যে প্রজ্ঞা ও সাহসের মিলনে অত্যন্ত সন্তোষজনক ফল লাভ হয়েছে।' এই কথা বলে রাজবাহন বহুশ্রুত বিশ্রুতের দিকে তাঁর কোমল নয়নের দৃষ্টি স্থাপন করে বললেন, 'এবার তাহলে আপনি নেমে আসুন।'

॥ শ্রীদণ্ডী-বিরচিত দশকুমারচরিতে 'মন্ত্রগুপ্তচরিত' নামে সপ্তম উচ্ছ্বাস সমাপ্ত ॥

× × × × × × × × × × × × × **অষ্টম উচ্ছ্বাস** × × × × × × × × × × × × ×

বিশ্রুতচরিত

বিশ্রুত বলতে লাগলেন—দেব আমি ভ্রমণ করতে-করতে বিন্ধ্যারণ্যে উপস্থিত হলাম। সেখানে দেখলাম কূপের পাশে ক্ষুধা-তৃষ্ণায় কাতর অষ্টম বর্ষীয় ক্লান্ত এক বালক বসে আছে। সে ভীত কণ্ঠে আমাকে বলল, 'মহাশয় আমি বিপন্ন, আপনার সাহায্য প্রার্থী। আমার একমাত্র আশ্রয় বৃদ্ধ ভৃত্য আমার পিপাসা নিবারণের জন্য জল তুলতে গিয়ে কূপের মধ্যে পড়ে গেছে। কিছুতেই তাকে উদ্ধার করতে পারছি না।' আমি (বিশ্রুত) এগিয়ে গিয়ে লতার দড়ি তৈরি করে কূপের ভিতর নিক্ষেপ করলাম; বৃদ্ধ সেই দড়ি অবলম্বন করে উপরে উঠে এল। বংশদণ্ডের নল তৈরি করে বালকটিকে জলপান করালাম ও তীর নিক্ষেপ করে গাছ থেকে 'লকুচ' ফল পেড়ে খেতে দিলাম। এইভাবে তাদের প্রাণ রক্ষা হলো। তারপর বৃক্ষতলে উপবিষ্ট বৃদ্ধকে বললাম,

'মহাশয়, কে এই বালক? আপনার পরিচয় কি? কিভাবেই বা এইরকম বিপদগ্রস্ত হলেন?'

সে অশ্রুরুদ্ধ কণ্ঠে বলল, 'মহাভাগ, দয়া করে শুনুন। বিদর্ভ[১] নামে এক জনপদ আছে, সেখানে ভোজবংশের অলঙ্কার, ধর্মের অবতার, বলবান, সত্যবাদী, বদান্য, বিনীত, সুশাসক, ভৃত্যরঞ্জক, কীর্তিমান, তীক্ষ্নবুদ্ধি, উন্নতিশীল, শাস্ত্রানুসারী, প্রজাদের কল্যাণকর্মে নিযুক্ত, বিদ্যোৎসাহী, প্রভাব-সম্পন্ন এক রাজা ছিলেন। তিনি অসম্বন্ধ প্রলাপীদের কথায় কান দিতেন না। গুণের প্রতি কখনই বিতৃষ্ণা প্রকাশ করতেন না। কলাবিদ্যায় নিপুণ, ধর্মশাস্ত্র ও বেদবিষয়ে পারদর্শী, প্রত্যুপকারী, রাজকোষ, সৈন্য ও বাহন বিষয়ে সচেতন, বিভাগীয় অধ্যক্ষদের কাজের পরীক্ষক, কৃতীব্যক্তিদের দান ও উপহার প্রদানের দ্বারা উৎসাহদাতা দেবী ও মানুষী বিবাদের প্রতিকার কর্তা, সন্ধি-বিগ্রহাদি ষড়-গুণ্যের[২] প্রয়োগ নিপুণ, মনুর নির্দেশ অনুসারে চতুর্বর্ণের প্রণেতা পুণ্যশ্লোক এই রাজার নাম পুণ্যবর্মা।

পুণ্যকর্মের দ্বারা পূর্ণ আয়ু লাভ করে এবং প্রজাদের পুণ্যহীন করে তিনি একদিন দেবলোকে গমন করলেন। তারপর রাজা হলেন তাঁর পুত্র সননুবর্মা। তিনি সমস্ত গুণে সমৃদ্ধ হলেও রাজনীতির বিশেষ সমাদর করতেন না। বসুরক্ষিত নামে বৃদ্ধ মন্ত্রী তাকে একদিন গোপনে বললেন, 'আপনার আভিজাত্য ও অন্যান্য সমস্ত গুণ রয়েছে। আপনার স্বাভাবিক তীক্ষ্ন বুদ্ধি, নৃত্য, গীত, চিত্রকলা, কাব্য প্রতিভা ইত্যাদির দ্বারা সমৃদ্ধ হয়ে সকলকে অতিক্রম করেছে। কিন্তু এই বুদ্ধি অর্থ শাস্ত্রাদি অধ্যয়নের দ্বারা সংস্কৃত না হওয়ার ফলে ঔজ্জ্বল্য হারিয়েছে যেমন অগ্নিতে শোধিত না হলে স্বর্ণ তার ভাস্বরতা হারায়। ঐশ্বর্যশালী অথচ অসংস্কৃত-বুদ্ধি রাজা অপরের দ্বারা অভিভূত হলেও বুঝতে অক্ষম হন। সাধ্য এবং সাধনার মধ্যে ক্ষমতার মূল্যায়ন করতে পারেন না। অবিবেচকের মতো কাজ করার ফলে নিজের এবং অপর লোকেদের কাছে অবমাননার পাত্র হন। তাঁর আজ্ঞা অবহেলিত হওয়ায় প্রজাদের মঙ্গলসাধনে তিনি অপারগ হয়ে ওঠেন, প্রজারা রাজার শাসন লঙ্ঘন করে যথেচ্ছাচারণ করায় রাজ্যের সকল শান্তি নষ্ট হয়ে যায়। বিশৃঙ্খল প্রজা নিজেদের এবং রাজার ইহজগতেও পরলোকে পতনের কারণ হয়।

তাছাড়া অর্থশাস্ত্রের আলোকে প্রদর্শিত পথ অনুসরণ করলে লোকযাত্রা সফল হয়, শাস্ত্রই সেই দিব্যদৃষ্টি দান করে যার দ্বারা অতীত, ভবিষ্যৎ, বর্তমান সম্বন্ধে ধারণা স্পষ্ট হয়ে ওঠে। এই দৃষ্টি থেকে বঞ্চিত অথচ বিশাল নয়ন বিশিষ্ট ব্যক্তিও অন্ধের তুল্য। অতএব বাহ্য বিদ্যাগুলির প্রতি আসক্তি ত্যাগ করে রাজনীতি রূপ কুলবিদ্যার প্রতি মনোযোগী হওয়া বাঞ্ছনীয়। শাস্ত্র অনুসারে আচরণের দ্বারা শক্তি ও সিদ্ধিলাভ করে অপ্রতিহতভাবে সমুদ্র মেখলা পৃথিবী শাসন করুন।' একথা শুনে রাজা বললেন, 'গুরুজনের এই উপদেশ যথার্থ, এইরূপ আচরণই করা উচিত।' তারপর অন্তপুরে প্রবেশ করলেন। পুরনারীদের এই কথা বলার সময় নিকটে উপবিষ্ট রাজার বাল্যসঙ্গী বিহারভদ্র সব শুনলেন। বাকপটুতার জন্য তিনি রাজার প্রিয়পাত্র হয়ে উঠেছিলেন। নৃত্য-গীত-বাদ্যে সুদক্ষ বারনারী পরায়ন, চতুর ও বাচাল, বাঁকা কথায় ওস্তাদ, পরিহাস প্রিয়, পরনিন্দায় আগ্রহী, ছলনায় পণ্ডিত, মন্ত্রীদের কাছ থেকে উৎকোচ গ্রহণকারী সমস্ত রকম দুর্নীতির আচার্য, কামতন্ত্রের কর্ণধার বিহারভদ্র

মৃদু হেসে রাজাকে বললেন, 'দেব, যখন কেউ দৈবানুগ্রহে কিছু সৌভাগ্য লাভ করে, তখন ধূর্তরা তাকে নানা রকম প্রলোভন দেখিয়ে নিজেদের স্বার্থ সিদ্ধির চেষ্টা করে থাকে। এই জন্যই মৃত্যুর পর অভ্যুদয় লাভের আশায় অনুপ্রাণিত করে, মাথা মুণ্ডনের বিধান দেয়, কুশতৃণে আবদ্ধ করে, মৃগচর্মের আচ্ছাদন পরিয়ে ননী দিয়ে গাত্র মার্জনার পর অনশনে শয়ন করতে বাধ্য করে তার সব কিছু আয়ত্ত করে নেয়। এদের চেয়েও যারা ঘোরতর পাষণ্ড তারা তাকে বাধ্য করবে স্ত্রী, পুত্র, এমনকি জীবনও বিসর্জন দিতে। যদি কোন চতুর ব্যক্তি এইরকম মৃগতৃষ্ণিকার বিনিময়ে সব কিছু বিসর্জন দিতে না চায় তাহলে তারা তাকে ঘিরে বলতে থাকবে—আমরা একপণ কড়িকে লক্ষ মুদ্রায় পরিণত করতে পারি, অস্ত্রবিনাই সব শত্রুকে নির্মূল করতে পারি। মরণশীল দেহধারী সাধারণ মানবকেও রাজচক্রবর্তীতে পরিবর্তিত করা সম্ভব হয় আমাদের নির্দেশ পালন করলে। যদি কেউ প্রশ্ন করে কিরকম এই পন্থা? তারা উত্তরে বলে থাকে—রাজবিদ্যা চারপ্রকার[৩] তিনবেদ বিষয়ে জ্ঞান (ত্রয়ী), কৃষিবাণিজ্যাদির বিদ্যা (বার্তা), আত্মবিজ্ঞান (আন্বীক্ষিকী) ও রাজনীতি (দণ্ড-নীতি)। প্রথম তিনটি বিষয় খুবই ব্যাপক, অথচ ফললাভ ঘটে ধীরে-ধীরে। অতএব শুধু দণ্ড-নীতিই অধ্যয়ন করা বাঞ্ছনীয়। অধুনা আচার্য বিষ্ণুগুপ্ত[৪] মৌর্য রাজার প্রয়োজনে ছয় হাজার শ্লোকে সংক্ষেপে এই শাস্ত্র লিপিবদ্ধ করেছেন। এই গ্রন্থ ভাল করে পাঠের পর যথাযথ আচরণ করা হলেই প্রার্থিত ফললাভ সম্ভব। সেই রাজাও এই উপদেশ মেনে নিয়ে শাস্ত্র অধ্যয়ন ও শ্রবণে নিমগ্ন থেকে বার্ধক্যে উপনীত হন। কারণ এই শাস্ত্র ভাল করে জানতে হলে আর সব শাস্ত্রে জ্ঞান লাভের প্রয়োজন দেখা দেয়। যাই হোক, অল্প বা দীর্ঘ সময়ে হয়তো এই শাস্ত্রজ্ঞান সম্ভব হলো। তারপরে আর স্ত্রী-পুত্রের উপরও বিশ্বাস থাকবে না। পেট ভরানোর ব্যাপারেও নীতি অনুসরণ করা হবে—এইটুকু অন্নের জন্যে এই পরিমাণ তণ্ডুলের প্রয়োজন, পাকের জন্যে এই ইন্ধনই যথেষ্ট —এইভাবে সব হিসাবমত মেপে দিতেই ব্যস্ত হয়ে পড়বেন।

রাজাকে প্রত্যুষে শয্যা ত্যাগ করে প্রাতকৃত্যাদির পরে প্রথম প্রহরেই দিনের আয়ব্যয়ের হিসাব নিয়ে ব্যস্ত হয়ে পড়তে হবে। শোনার সময়ই রাজার চোখে ধুলো দিয়ে ধূর্ত অধ্যক্ষেরা দ্বিগুণ লাভ করবে। চাণক্য যদিও আহরণের চল্লিশটি উপায় নির্দেশ করে গেছেন, তারা কিন্তু অপহরণের সহস্র উপায় উদ্ভাবন করে ফেলবে।

দ্বিতীয় প্রহরে কলহপরায়ণ প্রজাদের অভিযোগ শুনতে-শুনতে কান ঝালাপালা হয়ে যাবে। বিচার করা ইচ্ছা মতো জয়-পরাজয়ের বিধান নিয়ে নিজেদের অর্থলাভের পথ সুগম করলেও রাজাকে পাপে লিপ্ত করে ফেলেন।

তৃতীয় প্রহর স্নানাহারের সময় কিন্তু আহার্য যতক্ষণ পরিপাক না হয় ততক্ষণার্থ থাকে বিষের ভয়।

চতুর্থ প্রহরে স্বর্ণ গ্রহণের জন্য বসে থাকার পালা। পঞ্চমে তপ্ত মন্ত্রণায় যথেষ্ট মানসিক ক্লেশ অনুভব করতে হয়। মন্ত্রীরা এইগুলি উপস্থাপিত করার সময় যদিও নিরপেক্ষতার ভাণ করেন তবুও তাঁদের নিজেদের মধ্যে একটা বোঝাপড়া হয়েই থাকে। চর ও দূতদের বিবরণ রাজার সামর্থ ও অসামর্থের বিষয়, দেশ এবং কালের অবস্থা—সব কিছুই নিজেদের ইচ্ছামতো দোষ-গুণ দেখিয়ে পরিবর্তিতভাবে তাঁরা বিবৃত করেন। এবং বন্ধু ও শত্রু সবার কাছ থেকে অর্থপ্রাপ্তির ব্যবস্থা করেন। বাইরে

এবং ভিতরে গোপনে রাজার বিরুদ্ধে উস্কানি দিয়ে প্রকাশ্যে তা প্রশমিত করে অসহায় রাজাকে নিজেদের করায়ত্ত করে রাখেন।

ষষ্ঠ প্রহরে রাজা নিজের ইচ্ছামতো কিংবা মন্ত্রীদের সঙ্গে বিহার করতে পারেন। তাঁর এই স্বৈর বিহারের সময় মাত্র দেড়ঘণ্টা।

সপ্তম প্রহরে চতুরঙ্গ সৈন্যবাহিনী পর্যবেক্ষণ। অষ্টম প্রহরে সেনাপতিদের সঙ্গে নিজের শক্তি পর্যালোচনার পরিশ্রম।

সন্ধ্যার প্রথম প্রহরে সন্ধ্যা আহ্নিকের পর গুপ্তচরদের সঙ্গে সাক্ষাৎকার এবং তাদের মাধ্যমে শত্রুদের প্রতি নিষ্ঠুরভাবে অস্ত্র প্রয়োগ, অগ্নি সংযোগ বা বিষ প্রয়োগের নির্দেশ প্রদান। রাত্রির দ্বিতীয় ভাগে আহারাদির পর বেদজ্ঞ ব্রাহ্মণের সঙ্গে বেদপাঠ, তৃতীয় ভাগে তুর্য ধ্বনির পর তাঁর শয়নের সময়, চতুর্থ ও পঞ্চম ভাগ পর্যন্ত। কিন্তু অসংখ্য চিন্তায় উদ্বিগ্ন চিত্তে তাঁর আর নিদ্রাসুখ লাভের সৌভাগ্য হবে কি করে?

ষষ্ঠ যামে আবার শুরু হলো আবার শাস্ত্রচিন্তা, কার্যচিন্তা। সপ্তমে দূতপ্রেরণ ইত্যাদি ব্যাপারে মন্ত্রীদের সঙ্গে পরামর্শ। এই দূতেরা দুদিক থেকেই অর্থ আদায় করেন, পথে বাণিজ্যও চলতে থাকে কারণ এঁদের শুল্কের ভয় নেই।[৩] কিছু করণীয় না থাকলেও তুচ্ছ কাজ খুঁজে নিয়ে এঁরা অনবরত ভ্রমণ করতে থাকবে।

অষ্টমযামে পুরোহিতেরা রাজাকে বলবেন—রাত্রে দুঃস্বপ্ন দেখেছি—গ্রহ কুপিত, লক্ষণগুলি অশুভ, অতএব শান্তি, স্বস্ত্যয়ন করা হোক। হোমের দ্রব্যাদি সব স্বর্ণময় হওয়া উচিত। এইভাবে অনুষ্ঠান করলেই শুভ ফল হবে। ব্রহ্মের তুল্য এইসব ব্রাহ্মণ এঁদের দ্বারা স্বস্ত্যয়ন করালেই কল্যাণ। এঁরা পবিত্র, বহু সন্তানের পালক, সর্বদা যাগযজ্ঞে নিরত এবং বীর্যবান। এঁরা কোন প্রতিগ্রহ করেননি এঁদের দান করলে স্বর্গ-লাভ, আয়ুবৃদ্ধি ও অরিষ্টনাশ অবশ্যম্ভাবী। এই বলে তাঁদের বহু অর্থদানের ব্যবস্থা করে পুরোহিতেরা দুদিক থেকেই লাভবান হবে।

এইভাবে দিবারাত্র লেশমাত্র সুখ না পেয়ে বহু কর্মভারে জর্জরিত হয়ে দণ্ড-নীতিজ্ঞ রাজার কাছে রাজচক্রবর্তীত্ব দূরে থাক, নিজের রাজ্য রক্ষাই দুরূহ হয়ে উঠবে। যা দান করবেন, যার প্রতি সম্মান প্রদর্শন করবেন বা প্রিয় বাক্য বলবেন—সব কিছু উদ্দেশ্য-মূলক হওয়ায় কেউই বিশ্বাস করতে পারবেন না। অবিশ্বাস অলক্ষ্মীর জন্মভূমি। লোকযাত্রার জন্য যতটুকু নীতি প্রয়োজন ততটুকুই গ্রহণযোগ্য। সব ব্যাপারেই শাস্ত্র-নিষ্ঠ হওয়ার প্রয়োজন। স্তন্যপায়ী শিশুও বিভিন্নভাবে জননীর বক্ষ থেকে দুগ্ধপান করে নিতে পারে। অতএব দণ্ড-নীতির যন্ত্রণা দূর করে দিয়ে যতদূর সম্ভব ইন্দ্রিয়সুখ অনুভব করুন। যাঁরা এই বলে উপদেশ দেয়—এইভাবে ইন্দ্রিয় জয় করতে হবে—কাম ক্রোধাদি রিপু ত্যাগ করতে হবে—সাম, দান, ভেদ ও দণ্ড-নীতি শত্রু ও মিত্রের প্রতি প্রয়োগ করতে হবে, সন্ধি বিগ্রহাদির চিন্তার কাল কাটাতে হবে, সুখকে স্বল্প অবকাশ দেওয়াও চলবে না। সেই বকধার্মিক মন্ত্রিরাই আপনার কাছ থেকে অর্থ সংগ্রহ করে তা দিয়ে গণিকালয়ে কাল যাপন করেন। শুক্র, অঙ্গিরস, অক্ষবাহু, দানিপুত্র, পরাশর প্রমুখ শাস্ত্রকারদের কথাই ধরা যাক। তাঁরা কি ষড়-রিপু জয় করতে পেরেছিলেন? কিংবা শাস্ত্র অনুসারেই কি সব কাজ করতেন। তাঁরাও প্রারব্ধ কার্যে কখনও সিদ্ধি, কখনও বা বিফলতা লাভ করেছেন। আবার এমন অনেকে আছেন যাঁরা বহু শাস্ত্র অধ্যয়ন করা

সত্ত্বেও মূর্খদের দ্বারা প্রভাবিত হয়ে থাকেন। প্রভু, আপনার তো সবই আছে—শ্রেষ্ঠবংশ, নবীন বয়স, দর্শনীয় রূপ, অপরিমেয় সম্পদ। রাষ্ট্রনীতির প্রতি অতি মনোযোগ দিয়ে এই সমস্ত কিছুই বৃথা নষ্ট করবেন না, কারণ এই নীতি অবিশ্বাসের মূল, ভোগ-সুখের অন্তরায় এবং সংশয়ের জনক। আপনার দশসহস্র হস্তী, তিন লক্ষ অশ্ব, অসংখ্য পদাতিক আছে। আপনার রাজকোষ স্বর্ণ ও রত্নে পরিপূর্ণ, প্রজারা সহস্র যুগ ভোগ করলেও শস্যাগার শেষ করতে পারবে না—এই সমস্ত কি পর্যাপ্ত নয় যে আরও প্রাপ্তির জন্য প্রয়াস করতে হবে? জীবন খুবই ক্ষণস্থায়ী এবং উপভোগের সময় আরও স্বল্প। মূর্খরাই শুধু উপার্জনের আশায় নিজেদের বিনষ্ট করে এবং যখন ধনার্জন শেষ হয় তখন আর অর্জিত সম্পদের উপভোগের সময় থাকে না। আর বেশি কি বলব? ভার বহনে পটু ভক্তিমান ব্যক্তিদের হাতে রাজ্যভার সমর্পণ করে অপ্সরাতুল্য অন্তঃপুরিকাদের সঙ্গে নৃত্য, গীত, পান-প্রমোদের মাধ্যমে ঋতুতে-ঋতুতে নবরূপে জীবন উপভোগ করুন, লাভ করুন দৈহিক আনন্দ।' এই কথা বলে বিহারভদ্র আভূমি নত হয়ে অঞ্জলিবদ্ধ মস্তকে রাজাকে প্রণাম করল। অন্তঃপুর ললনারা উৎফুল্ললোচনে হেসে উঠলেন। রাজা মৃদু হেসে বললেন, 'ওঠ, আমাকে উপদেশ দিয়ে তুমিই তো গুরুদেব হয়ে উঠলে! তবে কেন ভূমিশয্যা গ্রহণ করে বিপরীত আচরণ করছ।' —এই বলে বিহারভদ্রকে উঠিয়ে নিজে প্রমোদ ক্রীড়ায় ব্যস্ত হয়ে পড়লেন। দিন যায়, রাজাকে প্রত্যহের সব কর্তব্য সম্বন্ধে সচেতন করে দিতে চেষ্টা করেন বৃদ্ধ মন্ত্রী, কিন্তু মুখে সায় দিলেও মনে-মনে রাজা তাঁর উপদেশ অবজ্ঞা করেন। তখন মন্ত্রী ভাবলেন, 'হায়, মোহগ্রস্ত হয়ে আমি মূর্খতারই পরিচয় দিচ্ছি। রাজার অরুচিকর বিষয়ে উপদেশ দেওয়ায় আমি এখন চক্ষুশূলে পরিণত হয়েছি। স্পষ্টতই আমার প্রতি তাঁর ব্যবহার আর আগের মতো নেই। আমার দিকে স্নিগ্ধ দৃষ্টিপাত করেন না, স্মিতভাষণে আলাপও করেন না, কোন গোপন ব্যাপার প্রকাশ করেন না, হাতের স্পর্শ দিতেও কুণ্ঠিত, বিপদে কোন অনুকম্পা দেখান না, উৎসবে আমন্ত্রণ করেন না উপহার প্রেরণ স্থগিত, আমার কোন ভাল কাজও গণ্য করেন না, পারিবারিক কুশল প্রশ্নও পরিত্যক্ত। আমার পক্ষের লোকেদের কোন গুরুত্বই দেন না, কোন কর্ম সম্পাদনের ব্যাপারেও আমাকে গ্রহণ করেন না, এমনকি অন্তঃপুরের প্রবেশাধিকার থেকেও আমায় বঞ্চিত করেছেন।

অপরপক্ষে আমায় নিযুক্ত করছেন অযোগ্য কাজে, আমার আসন অপরকে গ্রহণ করার অনুমতি দিচ্ছেন, আমার শত্রুদের উপর প্রসন্নতা দেখাচ্ছেন, আমার কথার উত্তর দিতে অনিচ্ছুক। আমার সমান দোষ করলেও অপরকে উপেক্ষা করে আমাকে উপহাস করছেন। তাঁর মত অনুসারে কথা বললেও আমার বক্তব্য অবহেলা করছেন, মূল্যবান উপহার প্রেরণ করলেও তাঁর সমাদর করছেন না। মূর্খদের দিয়ে অপমান করাচ্ছেন। চাণক্য যথার্থই বলেছেন মনোভাবের অনুরূপ হলে অনর্থকারী পরামর্শ ও রাজার কাছে আদরণীয় হয়, অপরদিকে জ্ঞানগর্ভ পরামর্শ চিত্তবৃত্তির অনুসারী না হলে দোষাবহ রূপে প্রতীয়মান হয়। কিন্তু তাহলে কি আর করা যাবে! অবিনীত-হলেও পিতৃ-পিতামহের দ্বারা অনুসৃত এই বংশের রাজাকে তো আমি পরিত্যাগ করতে পারি না! তবে আমি আর কি উপকার করতে পারি, কারণ তিনি তো আমার কোন উপদেশই শোনেন না। অশ্মক[১] রাজনীতিজ্ঞ বসন্তভানুর হাতেই এই রাজ্য চলে যাবে। অবশ্য যদি অবশ্যম্ভাবী বিপদ তাঁকে প্রকৃতিস্থ করতে পারে। যাইহোক, যা অনর্থ ঘটার

ঘটুক, আমি শুধু উপদেশদানে উৎসুক আমার জিহ্বাটিকে সংযত করে নিজের পদ স্থির রাখার চেষ্টা করি।

মন্ত্রীর যখন এইরকম অবস্থা, আর রাজাও যখন কামকলার চর্চায় ব্যস্ত তখন অশ্মক রাজার অমাত্য ইন্দ্রপালিতের পুত্র চন্দ্রপালিত পিতা কর্তৃক নির্বাসিত হয়েছেন—এই ছলনায় বিদর্ভে উপস্থিত হলেন। তাঁর সঙ্গে এল বহু গায়ক, নর্তক, ছদ্মবেশী গুপ্তচর কিংকর। নানারকম ক্রীড়ার মাধ্যমে বিহারভদ্রকে জয় করে নিয়ে রাজদরবারে স্থান করে নিলেন। সুযোগ পাওয়া মাত্র রাজা যে-ধরনের প্রমোদ ভালবাসতেন তার প্রশংসা আরম্ভ করে দিলেন; শিকারের বিষয়ে বলতে লাগলেন, 'দেব, মৃগয়ার মতো উপকারী আর কিছুই নাই। ব্যায়াম হিসাবে শ্রেষ্ঠ এই ক্রীড়ার দ্বারা গতির দ্রুততা বর্দ্ধিত হয়, ফলে প্রয়োজন দেখা দিলে সহজে বহুদূর অতিক্রম করা যায়, শ্লেষ্মার আধিক্য কমে, আরোগ্যের মূল কারণ সৃষ্টি হয়, অগ্নিমান্দ্য দূর করে, মেদ বিনাশ করে, অঙ্গগুলি দৃঢ় সহিষ্ণু এবং লঘু হয়ে ওঠে। এর ফলে প্রচন্ড গরম এবং চরম শীত সহ্য করার শক্তি বাড়ে, ক্ষুধা-তৃষ্ণা বর্দ্ধিত হয়। পশুদের মনের ভাব বোঝার পক্ষেও সহায়ক হয়। হরিণ, গরু, মহিষ ইত্যাদি বধের দ্বারা শস্যহানিতে বাধার সৃষ্টি হয়, বৃক, ব্যাঘ্রজাতীয় হিংস্র পশু নিধনের ফলে স্থলপথ নিরুপদ্রব হয়, অরণ্য বা পার্বত্য অঞ্চলের সম্পদ সম্বন্ধে সচেতন হওয়া যায়, অরণ্যের পথ বিপদমুক্ত হয়, উৎসাহ শক্তির সৃষ্টি হয়, শত্রুরও সন্ত্রাস হওয়ায় মৃগয়া বহুগুণের আধার[৮]।

দ্যূতক্রীড়াতেও যথেষ্ট সুফল আছে। দ্রব্যসমূহ তৃণের মতোই ত্যাগ করার ফলে ঔদার্য প্রকাশিত হয়, জয়-পরাজয় সবই ক্ষণস্থায়ী হওয়ায় হর্ষ ও বিষাদ কোন কিছুই বেশিক্ষণ অভিভূত করতে পারে না। ক্রোধ বৃদ্ধি পাওয়ায় পৌরুষ জাগ্রত হয়। বুদ্ধিও তীক্ষ্ন হয়—কারণ পাশা খেলতে গেলে দুর্লক্ষ্য কূটকৌশল অবলম্বন করতেই হবে। একটি বিষয়ে মনোসংযোগ করার ফলে একাগ্রতাও বাড়ে। এই অধ্যবসায় থেকে আসে সাহস। আর কেউ সহজে তাকে প্রভাবিত করতে পারবে না, বহু রূঢ় পুরুষের সান্নিধ্যে আসার ফলে নানা অভিজ্ঞতা সঞ্চয় হয়। আবার মান বাঁচানো ও শরীর রক্ষা সম্বন্ধে সচেতন হওয়ার শিক্ষালাভ হয় এই পাশাখেলা থেকেই।

বারাঙ্গনা-ভোগের দ্বারা অর্থ ও ধর্ম—দুই উদ্দেশ্যই সাধিত হয়। পূর্ণ হয় পৌরুষের অভিমান, মনোভাব বোঝার শক্তি বেড়ে যায়, লোভ এসে বাধা দিতে পারে না কোন প্রচেষ্টাকে। আর সমস্ত কলাবিদ্যাতে নিপুণতা জম্মায়। অপ্রাপ্য নায়িকাকে পাওয়ার প্রয়াস প্রাপ্তাকে রক্ষণ, সুরক্ষিতাকে উপভোগ এবং উপভুক্তাকে সন্তুষ্টকরণ ইত্যাদি ব্যাপারের মাধ্যমে বুদ্ধি ও বাক্যের পটুত্ব অর্জিত হয়। দেহ মার্জিত করে সুসজ্জিত করায় লোকের সম্মান লাভ করা যায়। বন্ধুদের ভালবাসা ভৃত্যাদি পরিজনদের শ্রদ্ধা অর্জন সম্ভব হয়। ভাষণের সুমিষ্টতা; ব্যবহারের দাক্ষিণ্য, বীর্যের আধিক্য সব কিছুই পাওয়া যায় নারী-সম্ভোগে। তাছাড়া সন্তান উৎপাদনের দ্বারা ইহলোক ও পরলোকে কল্যাণ লাভ করা যায়।

মদ্যপানকেও দোষাবহ বলা চলে না, কারণ এর দ্বারা নানা রোগ দূর হয়, যৌবন দীর্ঘস্থায়ী হয়! অহংকার জাগরিত হওয়ায় বহু দুঃখ দূর করা যায়, কামনা প্রজ্বলিত হওয়ায় নারী-সম্ভোগের শক্তি বাড়ে, অপরাধ মার্জনা করায় মনের অশান্তি দূর হয়। প্রলাপভাষণ সত্ত্বেও পানাসক্ত ব্যক্তিকে মানুষ বিশ্বাস করে কারণ তার শঠতা থাকে না।

হিংসাশূন্য হওয়ায় মনে আনন্দ থাকে—ইন্দ্রিয়ানুভূতিও বৃদ্ধি পায়।

দানশীলতাহেতু বন্ধু লাভ করা যায়, অনুপম লাবণ্য ও অতুলনীয় বিলাসের অধিকারী হওয়া সম্ভব হয়, যুদ্ধক্ষেত্রেও সাহস বর্তমান থাকে।

বাক্‌পারুষ্য, দণ্ডপারুষ্য ও অর্থদূষণ (রুক্ষকথা, তীক্ষ্নদণ্ড, অর্থের অন্যায় ব্যবহার) দোষরূপে স্বীকৃত হলেও প্রয়োজন বুঝে প্রয়োগ করলে উপকার হতে পারে। কারণ রাজা যদি মুনি-ঋষিদের মতো শান্তিপ্রিয় হন তাহলে শত্রুকে দমন করতে পারবেন না, ফলে যথাযথভাবে রাজ্যশাসনও সম্ভব নয়।'

এত কথা বলে চন্দ্রপালিত বিরত হলেন। রাজাও তাঁর উপদেশ গুরুবাক্যের মতোই অনুসরণ করতে লাগলেন; রাজার অনুচরেরাও সব সংযম দূর করে উচ্ছৃঙ্খল হয়ে উঠল, ইচ্ছামতো পাপাচরণ করতে লাগল। সকলেই সমান দোষী হওয়ায় কেউ কারও ছিদ্র অন্বেষণের চেষ্টা করল না। রাজা-প্রজা সব সমান হওয়ায় সব ফল উপভোগ করতে লাগল বিভাগীয় অধ্যক্ষেরা। ক্রমশ আয়ের পথ সংকুচিত হয়ে ব্যয় বেড়ে যেতে লাগল বহুগুণ, একই রকম চরিত্র বিশিষ্ট সামন্তরাজা ও পৌর প্রধানেরা রাজার বিশ্বস্ত হয়ে উঠল। পত্নীসহ তারা আমন্ত্রিত হতে লাগল পান অনুষ্ঠানে, রাজাও তাদের স্ত্রীদের নিয়ে বিহার করতে লাগলেন। ভয় দূর হওয়ায় এরাও অন্তঃপুরিকাদের সঙ্গসুখ উপভোগ করতে লাগল। কুলাঙ্গনারাও স্বামীদের অবহেলা করে কুলটাদের মতোই আচরণ করতে লাগল। এইসব ব্যাপার থেকে কলহ বৃদ্ধি পেতে লাগল, দুর্বলেরা সবলের দ্বারা আক্রান্ত হতে লাগল। ধনীর ধন তস্করেরা অপহরণ করে নিল, প্রমাণের ভয় না থাকায় পাপের পথ প্রশস্ত হয়ে গেল। আত্মীয়-বন্ধু নিহত হওয়ায়, ধনরত্ন বিনষ্ট হওয়ায়, হত্যা ও বন্দীদশায় জর্জরিত হয়ে প্রজারা মুক্ত কণ্ঠে ক্রন্দন করতে লাগল। অযথা দণ্ডের ফলে দেখা দিল ভয় ও ক্রোধ! যাদের ধন নষ্ট হলো তারা হয়ে উঠল লোভী। তেজস্বীরা অপমানে ক্ষুব্ধ হয়ে উঠলেন। শত্রুর ভেদনীতি প্রসার লাভ করল।

তারপর অশ্মকরাজের গুপ্তচরেরা বিষ প্রয়োগ ও আরও নানা উপায়ে অনন্তবর্মার বাহিনীকে দুর্বল করে ফেলল। প্রধান যোদ্ধাদের নানাভাবে বিনষ্ট করল। শিকারের প্রলোভন দেখিয়ে তাদের সংকীর্ণ পর্বত উপত্যকায় এনে শুকনো ঘাস বাঁশ ইত্যাদি দিয়ে দিয়ে প্রবেশপথ রুদ্ধ করে আগুন লাগিয়ে দেওয়া হলো; বাঘ শিকারের উৎসাহ দিয়ে বাঘের মুখেই ফেলে দেওয়া হতে লাগল, ক্ষুৎপিপাসায় কাতর শিকারীকে কুয়োর কাছে নিয়ে যাওয়ার ছলনায় দূরে নিয়ে গিয়ে হত্যা করা হলো, তৃণগুল্মে আচ্ছন্ন গর্তে ফেলে দেওয়া হলো, পায়ে কাঁটা ফুটে গেলে কাঁটা তুলে ফেলার ছলনায় বিষাক্ত ছুরি দিয়ে ক্ষত সৃষ্টি করে নিধন করা হলো। বিচ্ছিন্নভাবে একাকী ভ্রমণকারী ব্যক্তিকেই সহজেই বিনষ্ট করা হলো।

পলাতক হরিণকে তীর বিদ্ধ করায় উৎসাহিত করে শিকারীকেই তীর ছুঁড়ে নিধন করা হলো। বাজি ধরে খুব উঁচু পর্বতের চূড়ায় উঠিয়ে সেখান থেকে তাদের ধাক্কা দিয়ে ফেলে দেওয়া হতো। অরণ্যে অল্প সৈনিক দেখলে বনচর সেজে তাদের সংহার করত।

পাশা খেলা, পাখির লড়াই বা যাত্রা উৎসব ইত্যাদিতে জোর করে ঢুকে পড়ে নাগরিকদের মধ্যে রেষারেষির সৃষ্টি করে দিত। গূঢ় উপায়ে কোন-কোন দুর্ঘটনা ঘটিয়ে তাতে নাগরিকদের দোষী করে তাদের উপর বিক্রম প্রকাশ করত, বন্ধুত্বের ভান করে পরস্ত্রীদের জার সংগ্রহ করে জার বা স্বামী অথবা দুজনকেই হত্যা করে নাগরিক-

দেরই দায়ী করত। মায়াবিনীদের সাহায্যে নাগরিককে সংকেত স্থানে ভুলিয়ে এনে আগে থেকেই আত্মগোপন করে থাকত ও পরে নাগরিকের মৃত্যু ঘটাত। গুপ্তধনের বা মন্ত্র-সিদ্ধির লোভ দেখিয়ে ভুলিয়ে নিয়ে এসে হত্যা করে প্রচার করা হলো—গর্ত খুঁড়তে গিয়ে বা মন্ত্রলাভ করতে গিয়ে ওই ব্যক্তি দুর্ঘটনার ফলে মৃত্যুমুখে পতিত হয়েছে। কিছু লোককে মত্ত হস্তীতে আরোহণে বাধ্য করে তাদের বাঁচার কোন উপায় না রেখে হস্তীকে উত্তেজিত করে নগর প্রধানদের উপর দিয়ে চালিয়ে দিত। যারা সম্পত্তির উত্তরাধিকার নিয়ে বিবাদে লিপ্ত এই গুপ্তচরেরা তাদের গোপন হত্যা করে প্রতিপক্ষের ওপর দোষ চাপিয়ে দিত। সামন্ত বা পৌরজনদের মধ্যে যারা যথেচ্ছাচারী তাদের গোপনে বিনাশ করে প্রকাশ্যে তাদের শত্রুদেরই দায়ী বলে ঘোষণা করে দিত।

কিছু লোককে দিবারাত্র মায়াবিনী অঙ্গনাদের সাহচর্যে রেখে অতিরিক্ত উপভোগের ফলে রাজযক্ষ্মা উৎপাদনে সমর্থ হলো। বস্ত্রে, অলংকারে, মালায়, অনুরাগে কৌশলে বিষ মাখিয়ে প্রেরণ করে, চিকিৎসার ছলে রোগ বাড়িয়ে দিয়ে ও আরো নানা রকম কৌশলের দ্বারা অশ্মকরাজ বসন্তভানুর নিযুক্ত গুপ্তঘাতকেরা অনন্তবর্মার বাহিনীর বীরদের বিনষ্ট করে জর্জরিত করে তুলল।

বসন্তভানু বনবাসীর[১০] রাজা ভানুবর্মাকে উৎসাহিত করে অনন্তবর্মার বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করালেন। রাজ্যের সীমান্ত আক্রান্ত হওয়ায় অনন্তবর্মা সৈন্যসজ্জা করলেন। সামন্তরাজাদের মধ্যে বসন্তভানুই তখন অনন্তবর্মার সাহায্যে উপস্থিত হয়ে তাঁর কাছে প্রিয় হয়ে উঠলেন। অন্য সামন্তরাও এসে মিলিত হলো। শত্রুর বিরুদ্ধে যাত্রা করে নর্মদাতীরে শিবির স্থাপন করলেন।

সেই সময়ে মহাসামন্ত কুন্তলাধিপতি[১১] অবন্তিদেবের নিজ দলভুক্তা 'ক্ষমাতলোর্বশী' নামে নৃত্যকলা পটিয়সী এক নর্তকীর নৃত্য দর্শন করলেন অনন্তবর্মা। চন্দ্রপালিত এর যথেষ্ট প্রশংসা করেছিল। অতিশয় আকৃষ্ট হয়ে প্রাণমত্তা এই নর্তকীকে উপভোগ করলেন অনন্তবর্মা। অশ্মকরাজ কুণ্ডলাধীশকে গোপনে বললেন, 'এই প্রমত্ত রাজা আমাদের নারীদেরও স্পর্শ করেছেন! এই অপমান আর কতদিন আর সহ্য করা যায়। আমার একশত, আপনার পাঁচশত হস্তী আছে। আমরা দুজনে মিলে মুরলেশ[১২] 'বীরসেন', ঋষিকেশ্বর 'একবীর', কোঙ্কনপতি 'কুমারগুপ্ত' ও নাসিক্যরাজ[১২] 'নাগপাল'-কে বুঝিয়ে দলে টানি। তাঁরাও অবশ্যই রাজার অবিনয় সহ্য করতে অসমর্থ হয়ে আমাদের সমর্থন করবেন। আর বনবাসীরাজ ভানুবর্মা তো আমার প্রিয়বন্ধু। তিনি যখন সামনে থেকে আক্রমণ করবেন অনন্তবর্মাকে আমরা তখন পশ্চাৎ থেকে আঘাত করব।' আনন্দিত কুণ্ডলাধীশ সম্মতি দিলেন তখন বসন্তভানু রাজাদের কাছে মূল্যবান বস্ত্র, স্বর্ণময় রক্তবর্ণ শাল ইত্যাদি উপঢৌকন পাঠিয়ে বিশ্বস্ত পুরুষের মাধ্যমে গোপন সংবাদ প্রেরণ করলেন। সামন্তরা মন্ত্রণা করে তাঁদের স্বীকৃতি জানালেন।

পরদিন সামন্তদেব ও বনবাসী রাজা ভানুবর্মার মিলিত আক্রমণে অনন্তবর্মার বাহিনী ছিন্নভিন্ন হয়ে পড়ল। বসন্তভানু তাঁর বিশীর্ণ কোষ বাহন অনুগ্রহণ করে প্রস্তাব করলেন যে প্রথমে সকলে নিজ বল অনুসারে ত্যাগ করে নেওয়ার পর যা অবশিষ্ট থাকবে তাতেই তিনি সন্তুষ্ট হয়ে থাকবেন। এই নীতিতে সকলকে খুশি করে ভাগ বাঁটোয়ারা নিয়ে সামন্তরাজাদের নিজেদের মধ্যে বাধিয়ে দিল বিবাদ। তারপর তাদের দুর্বলতার সুযোগে সম্পূর্ণ ধ্বংস করে সর্বস্ব নিজে আত্মসাৎ করলেন, যৎসামান্য ভানুবর্মাকে দিয়ে

অধিকার করলেন অনন্তবর্মার সমস্ত রাজ্য।

ইত্যবসরে বৃদ্ধমন্ত্রী বসুরক্ষিত কয়েকজন মৌলমন্ত্রীর সঙ্গে পরামর্শের পর এই বালককুমার ভাস্করবর্মাকে, এর ত্রয়োদশ বর্ষীয়া জ্যেষ্ঠ ভগিনী মঞ্জুবাদিনী ও এদের মা মহাদেবী বসুন্ধরাকে গোপনে সরিয়ে দিয়েছিলেন। পরে অতিশয় ক্লেশের ফলে প্রচণ্ড দাহজ্বরে বসুরক্ষিতের মৃত্যু ঘটে। তখন আমাদের মিত্ররা পুত্রকন্যাসহ দেবী বসুন্ধরাকে মাহিষ্মতী[১৪] নগরীতে অনন্তবর্মার বৈমাত্রেয় ভাই মিত্রবর্মার কাছে নিয়ে গেল, কিন্তু মিত্রবর্মা ভ্রাতৃবধূর প্রতি অনার্যের মতো কামনা প্রকাশ করায় দেবীর ভর্ৎসনা লাভ করল। নিষ্ঠুর মিত্রবর্মা ভাবল, 'অখণ্ড চরিত্রা বসুন্ধরা পুত্রকেই রাজা করতে চান, সুতরাং এই বালককে হত্যা করতে হবে।' একথা জেনে দেবী আমাকে বললেন, 'নালীজঙ্ঘ কুমারকে কোন নিরাপদ স্থানে নিয়ে চলে যাও। যদি বেঁচে থাকি আমিও অনুসরণ করব। তোমাদের নিরাপত্তার সংবাদ আমাকে জানিও।'

কোনমতে জনসংকুল রাজপ্রাসাদ থেকে কুমারকে নিয়ে বেরিয়ে পড়লাম, পৌঁছালাম বিন্ধ্যারণ্যে। পায়ে হাঁটার ফলে সে ক্লান্ত হয়ে পড়ায় তাকে বিশ্রাম নেওয়ার জন্য এক ঘোষপল্লীতে কয়েকদিন কাটালাম, কিন্তু সেখানেও রাজপুরুষদের আক্রমণের ভয় থাকায় আরও দূরে চলে এলাম। এখন এখানে কুমার দারুণ পিপাসার্ত হওয়ায় কূপ থেকে জল তুলতে গিয়ে পড়ে গেলাম। তারপর এখন আপনার অনুগ্রহে উদ্ধার পেয়েছি। নিঃসহায় এই রাজপুত্রের আপনিই একমাত্র ভরসা।' এই কথা বলে করজোড়ে সে দাঁড়িয়ে রইল। আমি জিজ্ঞাসা করলাম, 'এই বালকের মা কোন্ বংশের কন্যা?' সে উত্তরে জানাল— 'কোশলরাজ কুসুমধন্বার সঙ্গে পাটলিপুত্রের বৈশ্রবন নামে বণিকের কন্যা সাগরদত্তার বিবাহ হয়েছিল। এদের দু-জনের কন্যাই এই রাজপুত্রের মা।' একথা শুনে তাকে সস্নেহে আলিঙ্গন করে বললাম, 'যদি তাই হয় তাহলে এর মাতার ও আমার পিতার মাতামহ একই ব্যক্তি।' বৃদ্ধ জিজ্ঞাসা করল, 'সিন্ধুদত্তার পুত্রদের মধ্যে তোমার পিতা কে?' আমি জানালাম—'সুশ্রুত'। বৃদ্ধ খুবই আনন্দিত হয়ে উঠল। আমিও প্রতিজ্ঞা করলাম, 'যে রাজনীতির অহংকারে সম্পর্করাজ একে সিংহাসনচ্যুত করেছে, সেই রাজনীতি প্রয়োগ করেই তাকে নির্মূল করে আত্মীয় বালকটিকে পিতৃরাজ্যে স্থাপন করব।'

এবার ক্ষুন্নিবৃত্তির প্রয়োজন দেখা দিল। সেই সময়ে সেখানে ছুটে এল দুটি হরিণ। এক শিকারীর তিনটি বাণকে উপেক্ষা করেই তারা পালাতে লাগল। তখন আমি তার হাত থেকে অবশিষ্ট দুটি বাণ নিয়ে হরিণগুলির প্রতি নিক্ষেপ করলাম। একটি বাণ প্রায় অন্তভাগ পর্যন্ত প্রবিষ্ঠ হলো, আর একটি বাণ হরিণের দেহ ভেদ করে নির্গত হলো। একটি হরিণ দিলাম শিকারীকে। অপরটি ভালভাবে পরিষ্কার করে, কাঠ এনে আগুন জ্বালিয়ে মাংস শূল্যপক্ক করে নিলাম। নিবৃত্ত হলো ক্ষুধা। সেই ব্যাধকে প্রশ্ন করলাম, 'মাহিষ্মতীর কোন খবর জান কি?' সে উত্তর দিল, 'হ্যাঁ, জানি। সেখানে বাঘছাল ও চর্মপাত্র বিক্রয় করে ফিরে এসেছি। চণ্ডবর্মার ছোট ভাই প্রচণ্ডবর্মা মঞ্জুবাদিনীকে বিবাহ করতে আসছেন, তাই নগরীতে উৎসব শুরু হয়েছে।'

আমি নালীজঙ্ঘের কানে-কানে বললাম, 'ধূর্ত মিত্রবর্মা কন্যার উপর প্রভাব বিস্তার করে মায়ের বিশ্বাস উৎপাদন করতে চায়। তারপর তাঁকে দিয়ে বালকটিকে ফিরিয়ে এনে হত্যা করাই মতলব। তুমি এখন মহাদেবীর কাছে ফিরে গিয়ে গোপনে রাজপুত্রের

নিরাপত্তা ও আমার কথা জানাবে। তারপর প্রকাশ্যে বলবে কুমারকে বাঘে খেয়েছে। দুর্মতি মিত্রবর্মা অন্তরে প্রীত হলেও বাইরে দুঃখের ভাণ করে দেবীকে সান্ত্বনা দেবে। তাঁকে বলবে তিনি যেন মিত্রবর্মাকে এই কথা বলেন, 'যার জন্যে আপনাকে উপেক্ষা করেছিলাম, আমার পাপে সেই বালক মৃত। আজ থেকে আপনার আদেশ অনুসারে চলব।' এই কথা বলা হলে মিত্রবর্মা খুবই সন্তুষ্ট হবে। রাণীকে তখন বৎসনাভ নামে এই মহাবিষ দেবে। তিনি যেন এই বিষ জলে মিশিয়ে তাতে তাঁর গলার মালা ডুবিয়ে মিত্রবর্মার মুখে আঘাত করেন ও বলেন, 'আমি যদি পতিব্রতা হই তাহলে এই মালার আঘাত তোমার কাছে অসি প্রহারের তুল্য হোক।' পরে পরিষ্কার জলে ধুয়ে সেই মালা নিজের কন্যাকে দেবেন। মালার আঘাতে মিত্রবর্মা মারা গেলে তিনি যেন নির্বিকার থাকেন। সমস্ত প্রজারা তখন তাঁর সতীত্বের প্রশংসা করবে। এবার তিনি যেন প্রচণ্ডবর্মাকে খবর পাঠান রাজ্য ও রাজকুমারী মঞ্জুবাদিনীকে গ্রহণ করার জন্যে। ইতিমধ্যে আমরা দু-জনে (বিশ্রুত ও কুমার ভাস্করবর্মা) কাপালিক ও তার শিষ্যের ছদ্মবেশে দেবী বসুমতীর কাছ থেকে ভিক্ষা নিয়ে নগরের বাইরে শ্মশানে অবস্থান করতে থাকব।

এবার রাজ্ঞী পৌরবৃদ্ধ মন্ত্রী ও বিশ্বস্ত ব্যক্তিদের আহ্বান করে বলবেন, 'দেবী বিন্ধ্যবাসিনী স্বপ্নে দেখা দিয়ে কৃপা করে জানিয়েছেন। আজ থেকে চতুর্থদিনে প্রচণ্ডবর্মার মৃত্যু হবে। পঞ্চমদিনে রেবানদীর তীরে আমার মন্দিরের নির্জনতা পরীক্ষা করে সকলে যখন নিশ্চিত হবে তখন কপাট খুলে বেরিয়ে আসবেন এক ব্রাহ্মণ—সঙ্গে থাকবে তোমার পুত্র। এই ব্রাহ্মণই রাজ্য প্রতিপালন করে তোমার পুত্রকে সিংহাসনে প্রতিষ্ঠিত করবেন। এই বালককে আমিই ব্যাঘ্রীরূপে ভয় দেখিয়ে এতদিন গোপনে রেখেছি। তোমার কন্যা মঞ্জুবাদিনী সেই ব্রাহ্মণকুমারের পত্নী হবে—এইটিই আমার ইচ্ছা। এই ঘটনা ঘটার আগে পর্যন্ত বিষয়টি গোপন রাখা দরকার।'

নালীজঙ্ঘ সব শুনে অতিশয় প্রীত হয়ে রওনা হলো মাহিষ্মতীর দিকে। পরিকল্পনা অনুসারেই সবকিছু ঘটল। লোকেরা সর্বত্র বলতে লাগল। 'ওঃ, পতিব্রতার কী মাহাত্ম্য! এখানে কোন কৌশল আছে বলেও বলা চলে না, কারণ রাজকন্যার গলায় সেই মালা, মৃত্যুর কারণ তো হলোই না, বরং শোভা হয়ে উঠল। অতএব এই পতিব্রতার কথার অন্যথা যে করবে সে ভস্মে পরিণত হবে।'

তারপর আমি (বিশ্রুত) ও বালক ভাস্করবর্মা সন্ন্যাসীর ছদ্মবেশে ভিক্ষার্থে প্রাসাদে প্রবেশ করলাম। আমাদের দেখে রানীর বক্ষের ক্ষীরধারা উৎসারিত হয়ে উঠল। আনন্দে অভিভূত হয়ে তিনি বললেন, 'ভগবন্, আমার নমস্কার গ্রহণ করুন, অনাথাকে অনুগ্রহ করে বলুন যে স্বপ্ন দেখেছি তা সত্য হবে কি-না।' আমি বললাম, 'আজকেই এর ফল দেখতে পাবেন।' 'যদি তাই হয় তাহলে এই দাসীর খুবই সৌভাগ্য, কারণ স্বপ্নে আমার কন্যার স্বামী সম্বন্ধেও ভবিষ্যদ্বাণী করা হয়েছে— এই বলে আমার দর্শনমাত্র অনুরাগরঞ্জিতা মঞ্জুবাদিনীকে দিয়ে আমাকে প্রণাম করালেন ও হর্ষাপ্লুত অন্তরে বলতে লাগলেন, 'যদি মিথ্যা হয় তাহলে আপনার এই বালক সন্ন্যাসীকে কাল আমি বন্দী করব।' আমিও মৃদু হেসে বললাম—'তথাস্তু।' মঞ্জুবাদিনীর সলজ্জ দৃষ্টিপাত আমাকে অনুরাগে অধীর করে তুলেছিল। ভিক্ষা নিয়ে ইঙ্গিতে নালীজঙ্ঘকে অনুসরণ করতে বলে বেরিয়ে পড়লাম। পথে যেতে-যেতে তাকে

জিজ্ঞাসা করলাম 'স্বল্পায়ু প্রচণ্ডবর্মা এখন কোথায় ?' সে বলল, 'রাজ্য আমার অধীন হয়ে গেছে—একথা ভেবে নিয়ে নিঃশঙ্কচিত্তে তিনি রাজার অস্থান মণ্ডপে অবস্থান করছেন, শুনছেন স্তুতি-পাঠকের প্রশংসাবাণী।' 'যদি তাই হয় তাহলে তুমি এই উদ্যানে অপেক্ষা কর'—বৃদ্ধকে এই আদেশ দিয়ে সেই প্রাচীরের পাশে এক পরিত্যক্ত মন্দিরে অবতরণ করে সেখানে কুমার ভাস্করবর্মাকে পাহারায় রেখে নিজেকে অভিনেতার সজ্জায় সজ্জিত করলাম—প্রচণ্ডবর্মার কাছে উপস্থিত হয়ে তাঁকে মুগ্ধ করলাম কলাবিদ্যার নৈপুণ্যে।

বেলা শেষ হয়ে আসায় রৌদ্র রক্তবর্ণ ধারণ করল। জনসমাজের উপযোগী নানারকম নৃত্য দেখে বহুবিধ প্রকরণের অনুষ্ঠান করে সবাইকে স্তম্ভিত করে ফেললেন। সমবেত সব সভাসদদের ছুরিকাগুলি নৃত্যলীলার মধ্যে সংগ্রহ করে নিলাম। তারপর বাজপাখির ভঙ্গিতে বিংশতি ধনুক দূর থেকে ছুঁড়ে মারলাম প্রচণ্ডবর্মার বুক লক্ষ্য করে। গর্জন করে উঠলাম 'বসন্তভানু সহস্রজীবী হন।' গুপ্তরক্ষী আমার দেহ লক্ষ্য করা মাত্রই তাকে আক্রমণ করে অজ্ঞান করে ফেললাম। সমস্ত জনতা বিহ্বল দৃষ্টিতে তাকিয়ে রইল, আমি দুই পুরুষ উঁচু প্রাচীর লঙ্ঘন করে চলে এলাম। উপবনে এসে নালীজঙ্ঘকে বললাম, 'আমার অনুসরণকারীরা আমার পায়ের দাগ দেখে আমার পথ বুঝতে পারবে। সে তখন বালির উপর ছাপগুলি মুছে দিতে লাগল। আমি প্রাচীরের পশ্চাতে তমালগাছের বিথীর মধ্যে দিয়ে পূর্বদিকে যেতে লাগলাম, পরে দক্ষিণে বাঁক নিতে ইটের রাস্তা পাওয়া গেল, পায়ের চিহ্ন আর রইল না। এবার পরীক্ষা পার হয়ে সেই পরিত্যক্ত মন্দিরে এসে নর্তকের সজ্জা ত্যাগ করে আবার সন্ন্যাসীর বেশ পরে নিলাম—কুমারকে নিয়ে চলে এলাম শ্মশানে। রাজদ্বারে তখন তুমুল কোলাহল শুরু হয়ে গেছে।

আগে থেকেই শ্মশানের কাছে দেবী বিন্ধ্যবাসিনীর মন্দিরের প্রতিমার বেদির তলদেশে এক সুড়ঙ্গ খুঁড়ে রেখেছিলাম কোন ভাঙা এক পাথর দিয়ে ঢেকে দিয়েছিলাম সেই সুড়ঙ্গের মুখ। মধ্যরাত্রে আমি ও কুমার পরে নিলাম পট্টবস্ত্র ও রত্নভূষণ। ওইগুলি পূর্বেই ওখানে সংগ্রহ করে রেখেছিলাম রানীর এক কঞ্চুকের মাধ্যমে। ইতিমধ্যে রানী বসুন্ধরা প্রচণ্ডবর্মার অগ্নিসংস্কার করিয়ে তার ভ্রাতা চন্দ্রবর্মার কাছে সংবাদ পাঠিয়ে ছিলেন অশ্বকরাজ বসন্তভানুর জন্যেই এই দুর্ঘটনা ঘটেছে।

পরদিন প্রত্যুষে মহাদেবী পূর্বসংকেত অনুসারে পৌরজন, অমাত্য ও সামন্ত বৃদ্ধদের সঙ্গে এলেন সেই মন্দিরে। দেবীর পূজার পর সকলকে নিশ্চিতভাবে জানিয়ে দিলেন যে মন্দির সংলগ্নস্থান জনশূন্য। তারপর আদেশ দিলেন 'জোরে দামামা বাজাও'। সূক্ষ্ম এক রন্ধ্র দিয়ে আসা সেই শব্দের মাধ্যমে আমি সংকেত পেয়ে গেলাম। মাথা দিয়ে উঠিয়ে দিলাম প্রতিমার লোহ পাদপীঠ, যে-কোন শক্তিশালী পুরুষের পক্ষে সেই ভার তোলা ছিল দুঃসাধ্য ব্যাপার। তারপর দুপাশে হাতের ভর দিয়ে বেরিয়ে এলাম সুড়ঙ্গ থেকে, কুমারকেও বাইরে নিয়ে এলাম। এবার প্রতিমা স্বস্থানে স্থাপন করে সকলের সামনে বেরিয়ে এলাম দ্বার খুলে। বিস্ফারিত হয়ে উঠল সকলের দৃষ্টি, শরীরে দেখা দিল রোমাঞ্চ! অঞ্জলিবদ্ধ করে বিস্মিত প্রজারা প্রণাম করার পর তাদের বললাম, 'দেবী বিন্ধ্যবাসিনী জানাচ্ছেন—এই সেই রাজপুত্র, যাকে আমি ব্যাঘ্রীর রূপ ধরে সরিয়ে এনেছিলাম, এখন ফিরিয়ে দিলাম। আজ থেকে

একে আমার পুত্ররূপে গ্রহণ করবে। মনে রেখো, এর মাতৃপক্ষ দুর্বল নয়।'

'আমি (বিশ্রুত) এই কুমারকে নানা দুর্ঘটনা ও অশ্মকরাজের নিষ্ঠুর ষড়যন্ত্র থেকে রক্ষা করেছি, পুরস্কার স্বরূপে কুমারের ভগিনীকে দেবী আমারই হাতে অর্পণ করেছেন।' এই ঘোষণা শুনে প্রজারা আনন্দে বলে উঠল, 'অহো, এই ভোজবংশ খুবই ভাগ্যবান, কারণ দেবী আপনাকেই এই বংশের অধিপতি রূপে পাঠিয়েছেন।' অনির্বচনীয় আনন্দে উদ্বেল হয়ে উঠলেন আমার শ্বশ্রূমাতা রানী বসুন্ধরা সেইদিনই রাজকন্যা মঞ্জুবাদিনীর করপল্লব আমার হস্তে সমর্পণ করলেন।

রাত্রিবেলা আমি সুড়ঙ্গটি সম্পূর্ণ বন্ধ করে দিলাম, লোকেরা আমার কৌশল বুঝতে না পেরে আমার আজ্ঞানুবর্তী হয়ে রইল। তবে আমার দৈবী ক্ষমতার প্রমাণ দিতে হলো নানাভাবে, যেমন হারান জিনিষ কোথায় আছে, অন্যে কি চিন্তা করছে ইত্যাদি বলে দিয়ে। দেবী দুর্গার সন্তান হিসাবে কুমারের প্রসিদ্ধিও ছড়িয়ে পড়ল। শুভদিন দেখে তার চূড়াকরণ উপনয়ন ইত্যাদি সম্পন্ন হলো—পুরোহিতেরা মন্ত্রপাঠ করতে লাগলেন, আমিও রাজ্যভার গ্রহণ করলাম।

চিন্তা করলাম রাজ্য হচ্ছে ত্রিশক্তির আয়ত্ত—মন্ত্রশক্তি, প্রভুশক্তি ও উৎসাহ শক্তি। এইগুলিকে পরস্পরের সহায়কভাবে কর্মে অনুসরণ করা উচিত। মন্ত্রশক্তির দ্বারা উদ্দেশ্য সাধনের নিশ্চয়তা আসে প্রভাবের দ্বারা কর্মারম্ভ এবং উৎসাহের দ্বারা সাফল্য অনিবার্য। অতএব রাজনীতিরূপ বনস্পতির মূল পঞ্চাঙ্গ মন্ত্র, দু-রকমের প্রভাব—দুইকাণ্ড, চাররকম উৎসাহ-শাখা, দ্বিসপ্ততি প্রকৃতি-পত্রাবলী, ষড়গুণ-কিশলয়, শক্তিরূপ পুষ্প ও সিদ্ধিরূপ ফল[১৫]। রাজার পক্ষে এগুলি অবশ্য প্রয়োজনীয়। সহায়হীনের কাছে রাজনীতি খুবই দুঃসাধ্য।

আর্যকেতু নামে মিত্রবর্মার মন্ত্রী কোশলের অধিবাসী হওয়ায় কুমারের মাতৃপক্ষ। এই কথা চিন্তা করে আমি নালীজঙ্ঘকে বললাম, আর্যকেতুকে গোপনে বলতে হবে। এই মায়াপুরুষ কে, যিনি রাজলক্ষ্মী উপভোগ করছেন? বালক রাজপুত্র কি এই ভুজঙ্গের কবলে পড়ল? সে উত্তরে যা বলবে তা আমার জানা দরকার।

নালীজঙ্ঘ কিছুদিন পরে ফিরে এসে জানাল, আমি বহু উপহার দিয়ে নানা আলোচনা করে, পদসংবাহন ইত্যাদি সেবা দ্বারা তুষ্ট করে আপনার নির্দেশ মতো প্রশ্ন করলাম। আর্যকেতু উত্তর দিলেন, 'মহাশয়, এভাবে বলবেন না। তিনি অবশ্যই উচ্চ বংশজাত, অসাধারণ বুদ্ধির অধিকারী, অতিমানবিক শক্তি, অসাধারণ মানসিক উৎকর্ষ, অপূর্ব অস্ত্রনৈপুণ্য, অসামান্য শিল্প-জ্ঞান, অনুগ্রহসিক্ত হৃদয়, দুর্জয় শত্রুঞ্জয়ী সাহস। অতএব তাঁর মধ্যে যত গুণের সমন্বয় ঘটেছে একজন ব্যক্তির মধ্যে তা পাওয়া দুঃসাধ্য। শত্রুর কাছে তিনি বিষবৃক্ষ, কিন্তু বিনীতদের কাছে চন্দনতরু। অশ্মকরাজ বৃথাই গর্ব করতেন তাঁর রাজনীতি জ্ঞানের। ইনি তাঁকে উৎখাত করে কুমারকে প্রতিষ্ঠিত করেছেন তার পৈতৃক সিংহাসনে। এ বিষয়ে সন্দেহের কোনই অবকাশ নেই।

এই কথা শুনে এবং বিভিন্নভাবে তাঁর সততা পরীক্ষণ করে তাঁকে মন্ত্রীরূপে গ্রহণ করলাম। তাঁর সহায়তার জন্যে নিযুক্ত করলাম শুদ্ধচরিত্র অমাত্য ও বহু গুপ্তসেবক। এদের সাহায্যে প্রজাদের মধ্যে কে লুব্ধ, কে সমৃদ্ধ, কে উদ্ধত, কে বিদ্রোহী তা জানা গেল। নিজের লোভহীনতার পরিচয় দিয়ে, প্রজাদের কর্তব্যজ্ঞানে উদ্বুদ্ধ করে,

বিদ্রোহীদের শাসন করে, রাজ্যের সমৃদ্ধির পথে যারা কণ্টক তাদের উৎখাত করে, শত্রুর গোপন পরিকল্পনায় বাধা দিয়ে, চতুর্বর্ণকে তাদের যথাযথ কর্মে ব্যাপৃত রেখে অভীষ্ট লাভে সমর্থ হলাম। রাজনীতির মূল লক্ষ্যই হচ্ছে অর্থসিদ্ধি। 'দৌর্বল্যের চেয়ে আর বড় কোন পাপ নেই'—এই কথা চিন্তা করে বিভিন্ন নীতি প্রয়োগ করতে লাগলাম।

॥ শ্রীদণ্ডী-বিরচিত দশকুমারচরিতে 'বিশ্রুতচরিত' নামে অষ্টম উচ্ছ্বাস সমাপ্ত ॥

উত্তরপীঠিকা

বিশ্রুতচরিত

(অবশিষ্ট অংশ)

আমি ভেবে দেখলাম—'বীর সেবকেরা আমার প্রতি এরূপ অনুরক্ত যে আমার আজ্ঞায় তারা জীবনকে তৃণজ্ঞান করবে। তাছাড়া অশ্মকরাজ বসন্তভানুর চেয়ে আমি কোন অংশে হীন নই। আমার অধীনে আছে দুই রাজ্যের সুসজ্জিত সেবাদল, আমিও রাজনীতিতে সুদক্ষ। অতএব বসন্তভানুকে পরাজিত করে বিদর্ভরাজ অনন্তবর্মার পুত্র ভাস্করবর্মাকে ঐ সিংহাসনে বসাব। এই কিংবদন্তী সর্বত্র প্রচারিত যে ভাস্করবর্মা দেবীর পুত্র এবং আমি তার সাহায্যে নিযুক্ত। আজও পর্যন্ত আমার কৌশলের কথা কেউই জানে না। লোকেরাও আশা করে যে দেবীর প্রভাবে কুমার ভাস্করবর্মা পৈতৃক সিংহাসন উদ্ধার করবে। অশ্মকরাজের বাহিনী মানবী শক্তির চেয়ে দেবী শক্তির মাহাত্ম্যের কথা বুঝে দেবী ভবানীর কৃপাপুষ্ট কুমারের বিরুদ্ধে যুদ্ধ নাও করতে পারে। মৌল মন্ত্রীরাও কুমারের অভ্যুদয়ের আকাঙ্ক্ষা করেন, তারা আমার কাছ থেকে দান ও সম্মান লাভ করে আরও অনুগত হয়ে উঠছে। আমার নিযুক্ত বিশ্বস্ত পুরুষেরা অশ্মক রাজের অন্তরঙ্গ পরিজনদের ভালবাসা উৎপাদন করে বোঝাতে সমর্থ হয়েছে, 'তোমরা আমাদের বন্ধু, অতএব হিতকথা বলাই উচিত। দেবী ভবানী রাজপুত্রের সাহায্যের জন্য বিখ্যাত বিশ্রুতকে নিয়োগ করেছেন। অশ্মকরাজ বসন্তভানুর পক্ষে যোগ দেবে যারা তাদের যমসদনে প্রেরণ অনিবার্য। অতএব ভাস্করবর্মার অনুসরণ করাই বাঞ্ছনীয়। এইভাবেই নিরাপদেই নিজ পরিজনদের সঙ্গে সুখে বাস করা সম্ভব নতুবা দেবী ভবানীর ত্রিশূলে বিদ্ধ হতে হবে—একথা জানিয়ে দেওয়ার জন্য দেবী আমাকে আজ্ঞা দিয়েছেন। তোমরা মৈত্রীবন্ধন স্বীকার করে নিলে তাঁকে জানিয়ে দেওয়া হবে।' একথা শুনে অশ্মকরাজের ভৃত্যেরা, যারা ভবানী অনুগ্রহের কথা জেনে পূর্বথেকে ভিন্নমনা হয়েছিল তারা সকলে আমার আনুগত্য স্বীকার করে নিল।

এইসব বৃত্তান্ত জেনে অশ্মকরাজ ভাবলেন, 'রাজপুত্রের মৌল প্রজারা সকলেই একে প্রভুরূপে কামনা করে। আমার বাহ্য ও অভ্যন্তর দুদিকের ভৃত্যরাই ভিন্নমনা বলে মনে হচ্ছে। আমি যদি ক্ষমা অবলম্বন করে নিশ্চেষ্ট থাকি তাহলে নিজ রাজ্যও রক্ষা করতে পারব না। সুতরাং রাজপুত্র আমার সৈন্যদলকে প্রভাবিত করার পূর্বেই আমি যুদ্ধ ঘোষণা করব। সে আমার সামনে খুব অল্পক্ষণ টিকে থাকতে পারবে।' এই স্থির করে অশ্মকরাজ পররাজ্য আক্রমণের অপরাধহেতু যেন মৃত্যুমুখে প্রবেশের জন্য আমাদের সৈন্যদলকে আক্রমণ করলেন।

রাজকুমার যখন জানতে পারলেন যে অশ্মকরাজ অগ্রসর হচ্ছেন তখনই তিনি তাঁর সঙ্গে সাক্ষাতের উদ্দেশ্যে যাত্রা করলেন। আমি অশ্বারোহণে তাঁকে অনুসরণ করলাম। অশ্মকরাজের সৈন্যরা একাকী আমাকে আগুয়ান হতে দেখে স্তম্ভিত হয়ে গেল, ভাবল নিশ্চয়ই ভবানীর বরে আমি অসাধারণ সাহসের সঙ্গে একাকী শত্রুসৈন্যের মধ্যে আসতে পেরেছি। আমি এগিয়ে গিয়ে বসন্তভানুকে দ্বন্দ্ব যুদ্ধে আহ্বান করলাম। সে তার

তরবারি দিয়ে আমাকে দারুণ আঘাত করল, আমিও বিশেষ শিক্ষা থাকায় তাকে পাল্টা আঘাতে কাবু করে ফেললাম। অবশেষে তার মাথা কেটে মাটিতে ফেলে দিয়ে সৈন্যদের বললাম, 'যে কেউ আমার সঙ্গে যুদ্ধ করতে চাও এগিয়ে এস নতুবা রাজকুমারের চরণে প্রণাম করে তাঁর পক্ষ অবলম্বন করে নিজেদের পূর্বতন বৃত্তিভোগ কর ও নিঃশঙ্কচিত্তে সুখে অবস্থান কর।' আমার কথা শুনে অশ্মকরাজের সেবকেরা নিজেদের বাহন থেকে নেমে এসে রাজকুমারকে প্রণাম করে তাঁর বশ্যতা স্বীকার করল। তখন আমি ভাস্করবর্মাকে অশ্মক রাজ্যের রাজারূপে ঘোষণা করে রাজ্যরক্ষার জন্য কুলক্রমগত বিশ্বস্ত কর্মচারী নিয়োগ করলাম ও আমাদের পক্ষভুক্ত অশ্মকরাজের সেনাদের নিয়ে বিদর্ভে এসে পেঁছালাম। তারপর রাজধানীতে রাজপুত্র ভাস্করবর্মার অভিষেক সম্পন্ন করে পৈতৃক সিংহাসনে স্থাপন করলাম।

একদা মাতা বসুমতীর সঙ্গে উপবিষ্ট রাজাকে বললাম, 'আমার একটি কাজ বাকি আছে, সেটি সম্পন্ন না হওয়া পর্যন্ত কোথাও বেশিদিন থাকা আমার পক্ষে অসম্ভব। অতএব আমার ভার্যা ও তোমার ভগিনী মঞ্জুবাদিনী কিছুদিন এখানে থাকুক। আমি এক বাঞ্ছিত ব্যক্তিকে অন্বেষণের জন্য কিছুকাল নানাস্থানে ভ্রমণ করব। তারপর তার সঙ্গে মিলিত হয়ে আবার এখানে ফিরব।' একথা শুনে মা অনুমতি দিলেও পুত্র বলল, 'আপনার সাহায্যের ফলেই রাজ্য পুনরুদ্ধার সম্ভব হয়েছে—আপনার অনুপস্থিতিতে ক্ষণকালও এই রাজ্যভার বহন করা সম্ভব নয়—অতএব আপনার এই প্রস্তাব খুবই বিস্ময়কর।' আমি বললাম, 'কোন চিন্তা করবেন না, দুর্লভ গুণসম্পন্ন মন্ত্রী আর্যকেতু একসঙ্গে বহু রাজ্যভার বহনে সমর্থ; তার ওপর শাসনের দায়িত্ব অর্পণ করে তবেই আমি যাত্রা করব।' এইভাবে বহু কথায় আশ্বস্ত করার চেষ্টা সত্ত্বেও রাজা ও তাঁর মাতা আমাকে বহু অনুরোধ-উপরোধ করতে লাগলেন গমন স্থগিত রাখার জন্যে। আমাকে অর্পণ করলেন উৎকলরাজ প্রচণ্ডবর্মার রাজত্ব। রাজ্যভার গ্রহণের পর ভাস্করবর্মার কাছে বিদায় নিয়ে আমি যখন আপনার অন্বেষণে যাত্রার উদ্দেশ্যে প্রস্তুত হচ্ছি, তখন অঙ্গরাজ সিংহবর্মার সাহায্যের আমন্ত্রণ এল। তারপর এখানে এসে পূর্বজন্মের পুণ্যফলস্বরূপ আপনার দর্শন লাভ করলাম।

এইভাবে অপহারবর্মা-উপহারবর্মা-অর্থপাল-প্রমতি-মিত্রগুপ্ত-মন্ত্রগুপ্ত এবং বিশ্রুত একত্রে মিলিত হওয়ার পর সোমদত্তের সাক্ষাৎ পেলেন। সোমদত্ত পাটলিপুত্রের যৌবরাজ্য লাভ করেছিলেন। পূর্বের কথামত তিনিও একটি নির্দিষ্ট স্থানে উপস্থিত ছিলেন।

তারা যখন রাজবাহনের সঙ্গে আলাপসুখ উপভোগ করেছিলেন তখন পুষ্পপুর থেকে রাজহংসের আদেশ বহন করে রাজপুরুষেরা এসে উপস্থিত হলো। রাজবাহনকে প্রণাম করে তারা বলল, 'আপনার পিতা প্রভু রাজহংসের এই আজ্ঞাপত্র গ্রহণ করুন।' —একথা শুনে রাজবাহন উঠে দাঁড়িয়ে সম্মান প্রদর্শনের পর পত্র গ্রহণ করলেন; মাথায় স্পর্শ করে সকলে শুনতে পায় এমনভাবে পত্রটি পাঠ করতে লাগলেন—'রাজহংস বর্তমানে চম্পানগরীতে অবস্থানকারী রাজপুত্র রাজবাহন ও অন্যান্য কুমারদের আশীর্বাদ জানিয়ে এই আজ্ঞাপত্র প্রেরণ করছেন।

প্রত্যাগত সৈন্যদের কাছে জানতে পেরেছিলাম যে, আমার অনুমতি নিয়ে যাত্রার পর তোমরা সকলে অরণ্যে শিবমন্দিরের কাছে প্রথম শিবির স্থাপন করেছিলে। রাত্রে

মন্দিরে পূজার জন্যে প্রবিষ্ট রাজবাহনকে পরদিন প্রভাতে দেখতে না পেয়ে তোমরা প্রতিজ্ঞা করেছিলে—হয় রাজবাহনকে সঙ্গে নিয়ে আমার কাছে এসে প্রণাম জানাবে নতুবা জীবন বিসর্জন দেবে। একথা বলে বাহিনীকে বিদায় দিয়ে নিজেরাই পৃথকভাবে কুমারের সন্ধানে যাত্রা করেছিলে। এইসব সংবাদ সৈনিকদের কাছ থেকে জেনে আমি ও রাজ্ঞী অসহনীয় শোক সাগরে নিমজ্জিত হয়েছিলাম।

ঋষি বামদেবের আশ্রমে গিয়ে তাঁকে সব বৃত্তান্ত জানিয়ে প্রাণত্যাগ করব এই স্থির করে তাঁর কাছে গেলাম। প্রণাম করার পর এই ত্রিকালজ্ঞ ঋষি আমাদের মনোভাব বুঝতে পেরে বললেন, 'রাজন, তপোবনে আমি তোমাদের বাসনা জানতে পেরেছি। এই কুমারেরা রাজবাহনের জন্যে কিছুকাল দুঃখ ভোগ করার পর সৌভাগ্যের উদয়ে নিজেদের শক্তিতে বিভিন্ন রাজ্য অধিকার করবেন। ষোল বছর পরে বিজয়ী রাজবাহনকে সম্মুখে রেখে আপনার ও দেবী বসুমতীর চরণ বন্দনার পর আপনারই আজ্ঞা অনুসারে কাজ করবেন। অতএব এখন এই জন্য কোন দুঃসাহস করা অনুচিত।' তাঁর কথায় বিশ্বাস হেতু আমি ও দেবী বসুমতী ধৈর্যের সঙ্গে প্রাণধারণ করে রইলাম। এখন নির্দিষ্ট সময় প্রায় অতিক্রান্ত হওয়ায় বামদেবের আশ্রমে গিয়ে জানলাম—'প্রভু, আপনি যে সময় সীমা দিয়েছিলেন তা প্রায় পূর্ণ হয়ে গেল। এখন কুমারদের কি অবস্থা—তা জানালে অনুগৃহীত হব।' মুনি বললেন, 'রাজন, রাজবাহন প্রমুখ সমস্ত কুমারেরা বহু দুর্জয় শত্রুকে পরাজিত করার পর দিগ্বিজয় শেষে চম্পানগরীতে অবস্থান করছে। তাদের এখানে নিয়ে আসার জন্য আজ্ঞাপত্রসহ ভৃত্যদের প্রেরণ কর।' ঋষির কথা অনুসারে এই আজ্ঞাপত্র প্রেরণ করলাম। এরপর যদি ক্ষণকালও বিলম্ব কর তাহলে আমাকে ও তোমাদের মাতা বসুমতীকে জীবিত দেখতে পাবে না। একথা মনে রেখে এক্ষুনি যাত্রা করবে, জল-গ্রহণের প্রয়োজন হলেও তা পথেই সমাধান করবে।'

পিতার আজ্ঞা শিরধার্য করে তাঁরা যাওয়াই স্থির করলেন। সক্ষম এবং বিশ্বস্ত রাজপুরুষদের সৈন্যসহ বিজিত রাজ্য রক্ষা করার জন্য নিযুক্ত করে, কিছু সৈন্যদের দ্বারা পথ সুরক্ষার ব্যবস্থা করে, মালবরাজ মানসারের পরাজয়ের পর রাজ্য অধিকার করে রাজহংস ও দেবী বসুমতীর চরণ বন্দনা করব—এই রকম সংকল্প করে কিছু সংখ্যক সৈন্য নিয়ে মালবরাজের উদ্দেশ্যে যাত্রা করলেন।

উজ্জয়িনীতে এসে রাজবাহন কুমারদের সহায়তায় অতি বলবান মালবরাজ মানসারকে পরাজিত ও নিহত করলেন। তারপর অবন্তীসুন্দরীকে গ্রহণ করে মন্ত্রী চণ্ডবর্মা কর্তৃক কারাগারে নিক্ষিপ্ত কুমার পুষ্পোদ্ভব ও আত্মীয়দের মুক্ত করলেন। মালবরাজ্য বশীভূত করে সুরক্ষার জন্য কিছু সৈন্যসহ মন্ত্রীদের নিযুক্ত করে অল্প সংখ্যক সৈন্য নিয়ে যাত্রা করলেন। পুষ্পপুরে এসে কুমারেরা রাজবাহনকে সম্মুখে রেখে রাজহংস ও মাতা বসুমতীর চরণ বন্দনা করায় তাঁরা পুত্রের সঙ্গে মিলিত হয়ে পরমানন্দ লাভ করলেন।

রাজা রাজহংস ও রাজ্ঞীর উপস্থিতিতে বামদেব দশজন কুমারের অভিলাষ জেনে নিয়ে তাঁদের বললেন—'তোমরা সকলে নিজেদের রাজ্যে ফিরে গিয়ে ন্যায় অনুসারে শাসন কর। যখনই প্রয়োজন মনে করবে তখনই পিতার চরণ বন্দনার জন্যে এখানে আসতে পার।' সমস্ত কুমারেরা ঋষির কথা শিরোধার্য করে তাঁকে ও পিতা-মাতাকে প্রণাম জানিয়ে নিজেদের বিজয় কাহিনী মুনি সমক্ষে পৃথক পৃথক ভাবে বিবৃত

করলেন। কুমারদের এই দুঃসাহসিক বৃত্তান্ত শ্রবণ করে তাঁরাও খুবই আনন্দ লাভ করলেন। তারপর রাজা ঋষিকে সবিনয়ে জানালেন—'ভগবন্, আপনার প্রসাদে আমাদের পরম সন্তোষ লাভের সৌভাগ্য হয়েছে। এখন আপনার চরণতলে এসে বাণপ্রস্থ অবলম্বন করে অধ্যাত্ম সাধনায় নিযুক্ত হওয়াই আমাদের কর্তব্য। অতএব প্রভু আপনি এমন ব্যবস্থা করুন যাতে রাজবাহন পুষ্পপুর ও মানসারের রাজ্যে অভিষিক্ত হন, বাকি নয় কুমার অবশিষ্ট রাজ্য লাভ করে রাজবাহনের অনুগত থাকেন এবং এক মতানুসারী হয়ে শত্রুরূপ কণ্টক নির্মূল করে সমুদ্র মেখলা পৃথিবী ভোগ করেন।'

বামদেব দেখলেন পিতা-মাতার বাণপ্রস্থ গ্রহণে কুমারেরা অনিচ্ছুক, তিনি কুমারদের উদ্দেশ্যে বললেন—'পিতার বয়সোচিত বাণপ্রস্থ আশ্রম গ্রহণের পথে তোমাদের অন্তরায় সৃষ্টি করা উচিত নয়। তিনি বিনা কষ্টে আমার আশ্রমে থেকেই ভগবানের আরাধনা করতে পারবেন। তোমরাও পিতার উপস্থিতিতে রাজ্যসুখ লাভে সমর্থ হবে না।' মহর্ষির এই আজ্ঞা পেয়ে তাঁরা পিতার বাণপ্রস্থ গ্রহণে বাধা দেওয়ার ইচ্ছা ত্যাগ করলেন। রাজবাহনকে পুষ্পপুরে রেখে তাঁর আদেশে সব কুমারেরা স্ব-স্ব রাজ্য প্রতিপালন করতে লাগলেন। ইচ্ছামত পিতামাতার সাক্ষাতের সুযোগ থেকেও বঞ্চিত হলেন না।

এইভাবে রাজবাহন প্রমুখ সকল কুমারেরা শাস্ত্র মতেই সমগ্র পৃথিবী শাসন করে, সকলে ঐক্য বন্ধনে থেকে ইন্দ্রসুলভ রাজ্যসুখ উপভোগ করতে লাগলেন।

উত্তর পীঠিকা সমাপ্ত

॥ শ্রীদণ্ডী-বিরচিত দশকুমারচরিত সমাপ্ত ॥

প্রসঙ্গ কথা

পূর্ব-পীঠিকা

প্রথম উচ্ছ্বাস

১. অর্থাৎ কামদেবের জয়রথের চক্রতুল্য। জৈত্র = জয়শীল।
অরবিন্দমশোকঞ্চ চূতঞ্চ নবমল্লিকা, নীলোৎপলঞ্চ পঞ্চেতে পঞ্চবাণস্য সায়কঃ।

২. অরবিন্দ-অশোক চ্যুত-উৎপল, আম্রমুকুল, নবমল্লিকা, নীলোৎপল—এই পঞ্চপুষ্প নির্মিত কামদেবের পঞ্চ কুসুমশর।

৩. চতুরঙ্গ—'রথ-হস্তী-অশ্ব-পদাতী'—এই চতুর্বিধ বাহিনী।

৪. সীমন্তোন্নয়ন—গর্ভিনীর প্রথম গর্ভে চতুর্থ, ষষ্ঠ বা অষ্টম মাসে পালনীয় অনুষ্ঠান।

৫. হরিশ্চন্দ্র—সূর্যবংশীয় রাজা, ত্রিশঙ্কুর পুত্র। ঔদার্য-মহত্ত্ব-কর্তব্যবোধ ইত্যাদি গুণের জন্যে তিনি বিখ্যাত ছিলেন।

৬. শবর-কিরাত-পুলিন্দ ইত্যাদি পার্বত্য অধিবাসীদের অনেক স্থলে ম্লেচ্ছজাতি বলে উল্লেখ করা হয়েছে। তারা শিকার করে জীবিকা নির্বাহ করত। লক্ষণীয় যে আর্য-সভ্যতার প্রতি এদের বৈরীভাব থাকার ফলেই এরা অরণ্যপথে রাজা-রাজড়া বা সভ্য-মানুষদের সুযোগ পেলেই আক্রমণ করত।

৭. কালযবনদ্বীপ—পণ্ডিত বুলারের মতে বর্তমান জাঞ্জিবার।

৮. রাজকুমারদের শিক্ষার ব্যাপকতা লক্ষণীয়। সমস্ত ধরনের শাস্ত্র, শিল্পকলা, যুদ্ধবিদ্যা ইত্যাদি ভাল করে জানতে তো হতোই, এমনকি চৌর্য, প্রতারণা ইত্যাদি বিষয়েও পাঠ নিতে হতো। 'কাদম্বরী'তে চন্দ্রাপীড়ের শিক্ষা-ব্যাপারেও অনুরূপ বহুবিধ বিষয়ের কথা বলা হয়েছে। শকুন্তলা নাটকে দুষ্যন্ত শকুন্তলাকে মিথ্যাবাদী মনে করে প্রত্যাখ্যান করায় উত্তেজিত শার্ঙ্গরব বলেছিলেন, 'আজন্ম যে কোন ছলনা শেখেনি সেই শকুন্তলার কথা হলো মিথ্যা, আর রাজারা, যাঁদের প্রতারণা বিদ্যারূপে অধ্যয়ন করতে হয় তাঁরাই কিনা সত্যবাদী।' (৫, ২৫) কামান্দক-রচিত 'নীতিসার' গ্রন্থে উনিশটি অধ্যায় আছে। কৌটিল্যের অর্থশাস্ত্রের মতোই এই গ্রন্থ সমাদৃত।

দ্বিতীয় উচ্ছ্বাস

১. চিত্রগুপ্ত—যমরাজের মন্ত্রীরূপে পৌরাণিক সাহিত্যে প্রখ্যাত। ইনি প্রাণীদের সুকর্ম-কুকর্মের তালিকা লিপিবদ্ধ করে রাখেন—তাঁর বিবরণ অনুসারেই যমরাজ শাস্তিদান করেন।

২. মাতঙ্গ কর্তৃক দৃষ্ট নরকের দৃশ্যগুলি সাধারণভাবে প্রথানুগ (Conventional) প্রাচ্য ও পাশ্চাত্যের ক্লাসিকালধর্মী সাহিত্যে নরক-দৃশ্য একাধিক ক্ষেত্রেই বর্ণনা করা হয়েছে। বাংলা-সাহিত্যে মধুসূদন দত্ত এই আঙ্গিক অনুসরণ করেছেন।

৩. দণ্ডকারণ্য—রামায়ণের সময় থেকে এই অরণ্যের প্রসিদ্ধি। সাধারণভাবে মনে করা হতো নর্মদা ও গোদাবরীর মধ্যবর্তী অঞ্চলেই এই স্থান। কথিত আছে

ইক্ষ্বাকু বংশীয় রাজা দন্ডক শুক্রাচার্যের কন্যা অর্জাকে অসম্মান করায় দৈত্যগুরুর অভিশাপে শতযোজন বিস্তৃত তাঁর রাজ্য নির্জন অরণ্যে পরিণত হয়।

(রামায়ণ, উত্তরকাণ্ড—৮১)

৪. সাধারণভাবে তাম্রফলকে উৎকীর্ণ রাজাদেশকে তাম্রশাসন বলা হতো। এখানে তাম্রফলকে লিখিত দৈব নির্দেশ।

৫. মূল গ্রন্থে শব্দটি আছে 'আন্দোলিকা'। সম্ভবত পাল্কীজাতীয় কোন মনুষ্য-বাহিত যান। লক্ষণীয়, কোন-কোন অঞ্চলে পাল্কীকে 'হিন্দোলা' বলা হয়ে থাকে।

তৃতীয় উচ্ছ্বাস

১. লাটদেশ—নর্মদা নদীর পশ্চিমে অবস্থিত। সম্ভবত ব্রোচ, বরোদা ও আহমেদাবাদ অঞ্চল। ঐতিহাসিক ভিনসেণ্ট স্মিথের মতে দক্ষিণ গুজরাট।

(Barly History of India p. 425)

২. দস্যু—এখানে 'চোর' অর্থে ব্যবহৃত। বৈদিকযুগ থেকেই এই শব্দটির প্রয়োগ দেখা যায়। আর্যদের ভারতে আগমনের পর যে-অধিবাসীদের সঙ্গে তাঁদের সংঘর্ষে লিপ্ত হতে হয়েছিল, তাদেরই তাঁরা দস্যু, দাস ইত্যাদি আখ্যায় অভিহিত করেছিলেন।

চতুর্থ উচ্ছ্বাস

১. কচ্ছপাকৃতি—সূর্য মধ্য-গগনে থাকায় পড়ন্ত লোকটির ছায়া সংকুচিত হওয়ায় এইরকম মনে হওয়া স্বাভাবিক।

২. বহু ধরনের জলযানের নাম পাওয়া যায়—পোত, প্রবহণ ইত্যাদি। তৎকালিন সামুদ্রিক বাণিজ্য, নৌবিদ্যা, জলপথ ইত্যাদি বিষয়ে বহু দিক নির্দেশ করে এই ধরনের বিষয়ের উল্লেখ।

৩. যে বৃক্ষের নিচে গুপ্তধন থাকে তা জানা যেত বৃক্ষটির শাখাগুলির বিশেষ চরিত্র লক্ষ্য করে। কিন্তু যথার্থ অবস্থান স্থির করার জন্য চোখে সিদ্ধ-প্রদত্ত কাজল লাগাতে হতো। এই কাজলের প্রভাবে কঠিন দ্রব্যও স্বচ্ছ মনে হতো।

৪ দীনার—স্বর্ণমুদ্রা। কাত্যায়ন ও বৃহস্পতির মতানুসারে বিয়াল্লিশ (৪২) কার্ষাপণ বা তাম্রমুদ্রার সমতুল্য। সম্ভবত কণিষ্কই ভারতবর্ষে এই মুদ্রার প্রচলন করেন। ল্যাটিন শব্দ—'Denarius' থেকে এই শব্দের উৎপত্তি। পঞ্চতন্ত্রও 'দীনারে'র উল্লেখ দেখা যায়।

৫. পক্ষিশাস্ত্র অর্থাৎ পক্ষীরব থেকে ভবিষ্যৎ সম্বন্ধে জ্ঞান-সংগ্রহ বিদ্যারূপে স্বীকৃত ছিল। তুলনীয়—'তরুস্থ চুকুবুরুচ্চৈঃ পক্ষিণশ্চানুকুলাঃ।'—ভট্টি ১, ২৭

পঞ্চম উচ্ছ্বাস

১ মদনমহোৎসব—কামদেবের পূজার উৎসব। বসন্তকালের জনপ্রিয় উৎসব। সংস্কৃত-সাহিত্যের অন্তর্গত বহু রচনায় এই উৎসবের উল্লেখ আছে।

২. কামদেবের অর্চনার জন্যে বেছে নেওয়া হতো ছোট আমগাছ কিংবা অশোকতরু। গন্ধপুষ্প, আতপচাল, চীনাংশুক ইত্যাদি ছিল উপকরণ। সাধারণত তরুণীরাই এই পুজার অনুষ্ঠান করত।

৩. ঘুণাক্ষরন্যায়—কাঠে ঘুণ ধরলে সেইখানে অনেক সময় এমন দাগও দেখা যায় যা ঠিক অক্ষরের মতো। অথচ ঘুণপোকা কখনই কাঠের অনুরূপ অক্ষর খোদাই করতে যায় না। অতএব ঘুণপোকার অজ্ঞাতসারেই সৃষ্ট হয় ঘুণাক্ষর। কবির বক্তব্য এই যে বিধাতা অপ্রত্যাশিতভাবে এই অসাধারণ রূপের সৃষ্টি করে ফেলেছেন অবন্তিসুন্দরীর দেহে।

৪. মূলে ব্যবহৃত হয়েছে 'পুরন্ধ্রী' শব্দ, যার অর্থ পতিপুত্রবতী রমণী।

৫. মনকে যিনি মথিত বা আলোড়িত করেন তিনিই মন্মথ, কামদেবের আরেক নাম।

৬. জাতিস্মরত্ব—সংস্কৃত-সাহিত্যে একটি সুন্দর উপায়—এর দ্বারা দণ্ডী বহুক্ষেত্রেই যুবক-যুবতীর পারস্পরিক আকর্ষণকে বৈধতার পর্যায়ে উন্নীত করেছেন।

৭ শকুন্তলা নাটকেও ঠিক এই ধরনের ঘটনা আছে। তাপসী গৌতমীর আহ্বানে বৃক্ষান্তরালে আত্মগোপনকারী মিলনোৎসুক দুষ্যন্তকে পরিত্যাগ করে যাওয়ার সময় শকুন্তলা পিছু ফিরে তাকাতে-তাকাতে যাওয়ার সময় বলতে লাগলেন—'হে সন্তাপহারী লতাবলয়, তোমাকে আবার উপভোগের জন্যে আহ্বান জানাচ্ছি।'

৮. উশীর—এক ধরনের উদ্ভিদের সুগন্ধি মূল, শীতলীকরণের কাজে ব্যবহৃত হয়।

৯. বাড়বানল—সামুদ্রিক অগ্নি, এর আরেক নাম 'ঔর্ব'।

১০. চন্দ্র ও লক্ষ্মী একই সমুদ্রগর্ভ থেকে উদ্ভুত।

১১ আলবাল—গাছের গোড়ার চারদিক ঘিরে জলরক্ষার যে বেষ্টনী করা হয়।

১২. ইন্দ্রজাল অর্থাৎ ম্যাজিক। শব্দটি এইভাবে নিষ্পন্ন—ইন্দ্রস্য পরমেশ্বরস্য জালং মায়েব জালং যত্র। অর্থাৎ ঈশ্বরের মতোই যিনি মায়াজাল সৃষ্টি করতে সক্ষম তিনিই ঐন্দ্রজালিক।

১৩. অনেকটা যাদুদণ্ডের মতো ময়ূরপালকের গোছা থাকত ঐন্দ্রজালিকের হাতে—এর দ্বারা দর্শকদের প্রভাবিত করা যেত বলে মনে করা হতো।

১৪. কাশ্যপ ও দিতির পুত্র দানবরাজ হিরণ্যকশিপু ব্রহ্মার বরে ক্ষমতাশালী হয়ে ইন্দ্রকেও ক্ষমতাচ্যুত করে ত্রিভুবনের উপর অত্যাচার চালাতে থাকেন। বিষ্ণুকেই একমাত্র উপাস্য রূপে গ্রহণ করায় পুত্র প্রহ্লাদকে তাঁর ভয়ঙ্কর পীড়ন লাভ করতে হয়, পরে স্বয়ং বিষ্ণু নরসিংহ রূপে অবতীর্ণ হয়ে হিরণ্যকশিপুর নিধন করেন।

(ভাগবত পুরাণ—৭ম অধ্যায়)

১৫. চতুর্দশ ভুবন—পুরাণকাহিনী অনুসারে ভুবনের সংখ্যা চতুর্দশ—সাতটি উচ্চ ভুবন—ভূর্লোক, ভুবর্লোক, স্বর্লোক, মহর্লোক, জনলোক, তপোলোক ও সত্যলোক; সাতটি নিম্নভবন—অতল, বিতল, সুতল, রসাতল, তলাতল, মহাতল ও পাতাল।

বাৎস্যায়নের (কামসূত্র ৩য়—৩, ১৭) নির্দেশ অনুসারেই রাজবাহন অবন্তীসুন্দরীর মনোরঞ্জনের দ্বারা অনুরাগ বৃদ্ধির উদ্দেশ্যে চতুর্দশ ভুবনের নায়ক-নায়িকার আখ্যান বিবৃত করেছিলেন।

দশকুমারচরিত

প্রথম উচ্ছ্বাস

১. চণ্ডবর্মা—বৃদ্ধ মালবরাজ মানসারের পুত্র দর্পসার পিসতুত ভাই চণ্ডবর্মা ও দারুবর্মার উপর রাজ্যভার দিয়ে অধিক ক্ষমতাশালী হওয়ার জন্যে কৈলাসে তপস্যা করছিলেন। (পূঃ পীঃ ৪র্থ উঃ দ্রষ্টব্য)

২. মাতঙ্গ পাতালের রাজকন্যা কালিন্দীকে বিবাহ করে পাতালের অধীশ্বর হলে কালিন্দী 'ক্ষুৎপিপাসাহর' এই মণি মাতঙ্গকে দিয়েছিলেন। মাতঙ্গ রাজবাহনকে বিদায়ের সময় এই মণি উপহার দিয়েছিলেন তাঁর সাহায্যের জন্যে কৃতজ্ঞতার নিদর্শন হিসাবে।

৩. অঙ্গদেশ—গঙ্গার দক্ষিণ তীরে অবস্থিত ছিল। রাজধানীর নাম 'চম্পা'—সমৃদ্ধ নগরী রূপে প্রাচীন সাহিত্যে চিহ্নিত। অনুমান করা হয় বর্তমান ভাগলপুর বা তার নিকটবর্তী অঞ্চলে এই স্থান ছিল।

৪. নরবাহনদত্ত—বৎসরাজের পুত্র, কথাসরিৎসাগরে নায়ক এই গ্রন্থে এর সিংহাসন প্রাপ্তি ও নানা এ্যাডভেঞ্চারের গল্প আছে।

৫. কুরুবিন্দ—নীলকান্তমণি, টীকাকার ভুষণের মতে কুরুবিন্দ কালচে সবুজ রঙের এক ধরনের ঘাস।

দ্বিতীয় উচ্ছ্বাস

১. এই অনুচ্ছেদটিতে গণিকার শিক্ষণীয় বিষয় সম্বন্ধে বিস্তৃত তালিকা দেওয়া হয়েছে। কামশাস্ত্রের অনুসরণে বিষয়গুলি সংগৃহীত। তৎকালীন নগর-সভ্যতায় গণিকাদের গুরুত্ব ও তাদের বৈদগ্ধ্য সম্বন্ধে নিখুঁত চিত্র তুলে ধরা হয়েছে।

২. ব্রহ্মাসম্বন্ধে এইরকম মন্তব্যের সমর্থন মহভারতে পাওয়া যায় না।

৩. তাপসরূপী শিবের অরণ্য ভ্রমণকালে তাঁর অসামান্য সৌন্দর্যে ঋষি-পত্নীরা আকৃষ্ট হন। তখন ঋষিরা তপোবলে এক ব্যাঘ্র সৃষ্টি করে এক গর্তে স্থাপন করেন, সেই ব্যাঘ্রের সঙ্গে শিবের যুদ্ধ হলে নিহত ব্যাঘ্রের চর্ম শিব বস্ত্ররূপে ধারণ করেন।

৪. ভগবত পুরাণে (১০ম, ৫৯ : ৩৩ ; ৬৯) কৃষ্ণের ষোল হাজার পত্নীর কথা আছে।

৫. স্ব-দুহিতা বলতে এখানে ব্রহ্মার সৃষ্টি সন্ধ্যার কথা বলা হয়েছে ('গায়ত্রী নাম পূর্বাহ্ণে সাবিত্রী মধ্যমে দিনে, সরস্বতী চ সায়াহ্নে সৈব সন্ধ্যা ত্রিধা স্মৃতা।' মহিম্নস্তোত্রত (শ্লোক—২২) ও কালিকাপুরাণে কন্যা-সন্ধ্যার প্রতি আকর্ষণের কথা বলা হয়েছে। অবশ্য কুমারিলভট্টের মতে 'ব্রহ্মা' হলেন এক্ষেত্রে সূর্য এবং সন্ধ্যা হচ্ছে 'অরুণে'র (প্রত্যুষ) কন্যা।

৬. ঋষি গৌতমের পত্নী অহল্যার প্রতি ইন্দ্রের আকর্ষণ, ঋষির অনুপস্থিতিতে মিলন ও গৌতমের শাপে অহল্যার পাষাণত্ব প্রাপ্তি ও রামের স্পর্শে শাপমুক্তি ইত্যাদি ঘটনা ভারতীয় পৌরাণিক কাহিনীগুলিতে বিধৃত।

৭. চন্দ্র ওরফে সোম বৃহস্পতির পত্নী তারাকে গ্রহণ করেন। এমনকি ব্রহ্মার

অনুরোধেও তাঁকে স্বামীর কাছে ফিরিয়ে দিতে অস্বীকৃত হন। তখন যুদ্ধ হলে শিবের ত্রিশূলে সোমের দেহ খণ্ডিত হয়। পরে ব্রহ্মার চেষ্টায় শান্তি স্থাপিত হয়—তারাকে স্বামীর কাছে অর্পণ করা হয়। সোমের ঔরসে তারার পুত্র হয় তাঁর নাম হয় বুধ, যিনি চন্দ্রবংশের আদি পুরুষ।

৮. বিশ্বকর্মার কন্যা সংজ্ঞা সূর্যের পত্নী। পিতৃগৃহ গমনের প্রয়োজনে সূর্যের কাছে বিদায় চাইলে সূর্য অসম্মত হন। তখন সংজ্ঞা নিজের প্রতিকৃতি বা ছায়ারূপী নারী সৃষ্টি করে রেখে চলে যান। ফিরে এলে সূর্য তাঁকে গ্রহণে অসম্মত হন, তখন সংজ্ঞা ঘোটকীর রূপ ধরে অরণ্যে ভ্রমণ করতে থাকেন। পরে সব জানতে পেরে অশ্বের রূপ ধরে তাঁর সঙ্গে মিলিত হন, তাদের পুত্রদেরই নাম অশ্বিনীকুমার দ্বয়।

৯. স্বর্গের এক অপ্সরা অভিশাপের ফলে মর্ত্যে জন্মগ্রহণ করেন, নাম হয় অঞ্জনা। একদিন স্খলিত-বসনা অঞ্জনাকে দেখে বায়ুদেবতা আকৃষ্ট হন ও দেহধারণ করে অঞ্জনার সঙ্গে মিলিত হন। ফলে 'মারুতি' বা হনুমানের জন্ম।

১০. উতথ্য অঙ্গিরসের পুত্র বৃহস্পতির জ্যেষ্ঠভ্রাতা। অন্তঃসত্ত্বা ভ্রাতৃবধূর মমতার প্রতি আকৃষ্ট হয়ে তাঁর বাধা সত্ত্বেও সঙ্গত হন। গর্ভস্থিত শিশুও বাধা দেয়, ফলে বৃহস্পতির শাপে অন্ধরূপে ভূমিষ্ঠ হয়, নাম হয় দীর্ঘতমস।

১১. মহাভারতে আদিপর্বে ঋষি পরাশর কর্তৃক দাসকন্যা সত্যবতীকে নৌকায় দেখে মুগ্ধ হওয়া, কৃত্রিম কুয়াশার সৃষ্টি করে সত্যবতীতে উপগত হওয়া ও ব্যাসের জন্ম ইত্যাদি ঘটনার উল্লেখ আছে। এই সত্যবতীই ভীষ্ম-পিতা শান্তনুর পত্নী হন।

১২. বিচিত্রবীর্যের নিঃসন্তান অবস্থায় মৃত্যু হয়? তখন সত্যবতীর অনুরোধে ব্যাসদেব অর্ধভ্রাতা বিচিত্রবীর্যের পত্নী অম্বিকা ও অম্বালিকার সঙ্গে মিলিত হন ফলে তিনটি ক্ষেত্রজ পুত্রের জন্ম হয়—ধৃতরাষ্ট্র, পাণ্ডু ও বিদুর।

১৩. ঋষি অত্রি বহু বৈদিক মন্ত্রের প্রণেতারূপে উল্লিখিত। দশ প্রজাপতির মধ্যে তাঁকে গণনা করা হয়। তাঁর পত্নীর নাম অনসূয়া। কিন্তু মৃগী-সংক্রান্ত ঘটনাটির বিবরণ পাওয়া যায় না।

এই কাহিনীগুলি এই তথ্যই প্রতিপন্ন করে যে শুধু সাধারণ মানুষই নয়, বিশিষ্ট দেবতা-ঋষি প্রমুখেরাও প্রবৃত্তির সম্পূর্ণ প্রভাবমুক্ত হতে পারেন নি। নিয়মের নিগড় যতই শক্ত করার চেষ্টা হোক না কেন বহু প্রাচীনকাল থেকেই শাস্ত্রের বাঁধন জৈবধর্মের কাছে বহুক্ষেত্রেই নতি স্বীকার করেছে।

১৪. কেশলুঞ্চন বা কেশোৎপাটন জৈনভিক্ষুর পক্ষে অবশ্যকরণীয় প্রাথমিক কৃত্য-গুলির অন্যতম।

লুঞ্চিতাঃ পিচ্ছিকাহস্তা পাণিপাত্রা দিগম্বরাঃ।
ঊর্ধ্বাশিনো গৃহে দাতুর্দ্বিতীয়াঃ স্যুর্জিনর্ষয়ঃ॥

১৫. সভাধ্যক্ষ বা সভিক জুয়াতে লব্ধ অর্থের শতকরা পাঁচভাগ পাওয়ার অধিকারী যদি এই প্রাপ্ত অর্থ একশত টাকার বেশি হয়, কম হলে শতকরা দশভাগও সে পেতে পারে (যাজ্ঞবল্ক্য, ২য়, ১৯৯)। অপহারবর্মা শতকরা পঞ্চাশভাগ অর্থ দিয়ে তাকে আরও সন্তুষ্ট করেছিল।

১৬. চৌর্যের জন্যে প্রয়োজনীয় দ্রব্যগুলির উল্লেখ, খুবই কৌতূহলজনক। তরবারি বা কোক্ষোক ছাড়া সুড়ঙ্গ-খোঁড়ার জন্যে সর্পফণার মতো আকৃতিবিশিষ্ট যন্ত্র, নিদ্রিত বা জাগ্রত বোঝার জন্যে মৃদু মধুর ধ্বনি সৃষ্টিকারী বাঁশি, সুড়ঙ্গপথে প্রথমে ঢুকিয়ে গৃহস্থ সচেতন কিনা বোঝার জন্যে নকল মাথা, এক ধরনের ম্যাজিক পাউডার যা ছুঁড়ে দিলে সবাই ঘুমিয়ে পড়বে, যোগবর্তিকা যা যোগ-শক্তিসম্পন্ন দীপ—জ্বালালে গোপন ধনের অস্তিত্ব বোঝা যাবে, এমনকি তালা ভাঙার জন্যে রেঞ্চ বা কর্কটক, কৌটায় ভরে ভ্রমর নিয়ে যাওয়া হতো—যেগুলি গৃহস্থের কক্ষে প্রজ্বলিত দীপের উপর বসে সেটিকে নিবিয়ে ফেলতে পারে।

১৭. সর্বসাধারণের জন্যে সভাকক্ষ; পঞ্চবীর সম্ভবত ব্রাহ্মণ-ক্ষত্রিয়-বৈশ্য-শূদ্র, ও নিষাদ এই পঞ্চশ্রেণীর প্রধানকে বোঝাবার জন্যে ব্যবহৃত।

১৮. চর্মরত্ন—অর্থাৎ সেই চর্মনির্মিত থলিকা যেটি সন্ন্যাসী কর্তৃক প্রদত্ত হয়েছিল ও স্বর্ণমুদ্রায় পূর্ণ হয়ে থাকত বলে প্রচার করা হয়েছিল।

১৯. বাৎস্যায়নের কামসূত্র অনুসারে নায়ক কর্তৃক প্রতিকৃতি অঙ্কন, গীতবস্তু রচনা ক্রীড়নক বা প্রতীকী চিত্র সংস্থাপন ও অঙ্গুরীয়ক বিনিময় নিদ্রিতা বঞ্চিতার প্রতি প্রেম প্রকাশের উপায়। অপহারবর্মা সবগুলিই অনুসরণ করেছিলেন।

তৃতীয় উচ্ছ্বাস

১. বিদেহ—মগধের উত্তর-পূর্ব দিকে অবস্থিত দেশ, যার রাজধানীর নাম ছিল মিথিলা।

২. সুহ্ম—তৎকালীন বঙ্গের পশ্চিমে অবস্থিত ছিল। বলিরাজের চতুর্থ পুত্র সুহ্মের নামানুসারে এই দেশের নাম। রাজধানীর নাম দামলিপ্ত, সম্ভবত বর্তমান তমলুক। কাঁসাই নদীর দক্ষিণ তীরে অবস্থিত। এই নদীকেই কালিদাস 'কপিশা' রূপে উল্লেখ করেছেন। (রঘু ৪র্থ, ৩৫)

৩. বাসবদত্তা—প্রাচীন সাহিত্যের অন্যতম খ্যাতনাম্নী নায়িকা। সুবন্ধু-রচিত গ্রন্থের নায়িকা, যিনি কন্দর্পকেতুর সঙ্গে পলায়ন করেছিলেন। উজ্জয়িনীরাজ চণ্ডমহাসেনের কন্যার নামও বাসবদত্তা। যিনি বৎসরাজ উদয়নের সঙ্গে চলে এসেছিলেন। —ভাসের একাধিক নাটকে 'বাসবদত্তা' অতি পরিচিত স্ত্রী-চরিত্র এবং ভবভূতির মালতী-মাধবের দ্বিতীয় অঙ্কেও 'বাসবদত্তার' উল্লেখ আছে।

৪. বহুভোগ্যা—গঙ্গা সর্ব সাধারণের ভোগ্যা। কল্পসুন্দরী ও উপহারবর্মা যেন পূর্বজন্মেও স্বামী-স্ত্রী ছিলেন—এই স্বপ্নের অবতারণা করে সামাজিক বিধি লঙ্ঘনের দায় থেকে কবি মুক্তি পেয়েছেন।

৫. পূর্ববাংলার অন্তর্গত একটি অঞ্চল।

৬. খনতি—সম্ভবত কোন-কোন পারসিক বা আরব ব্যবসায়ী। 'খান' শব্দটির সংস্কৃত রূপারোপ হতে পারে কি?

৭. মূলগ্রন্থে—'গৃহপতি' শব্দটি আছে। ভুষণ-মতে 'গৃহপতি' মানে গ্রামাধ্যক্ষ। কিন্তু 'জনপদমহত্তর' অর্থাৎ নগর-প্রধান শব্দটি থাকার জন্যে নগরের অধ্যক্ষ অর্থে ব্যবহার করাই সঙ্গত।

চতুর্থ উচ্ছ্বাস

১. কাশীধামের বিখ্যাত গঙ্গার ঘাট। বলা হয় বিষ্ণুর প্রচণ্ড তপস্যা দেখে বিস্মিত হলে শিবের কর্ণ থেকে মণিময় কুণ্ডল পড়ে যাওয়ায় এই স্থানের এইরকম নাম হয়েছে।

২. অন্ধকমথন—অন্ধক নামে অসুর ঋষি কাশ্যপ ও দিতির সন্তান। দ্বিমস্তক বিশিষ্ট এই অসুর অন্ধ না হয়েও অন্ধের মতো বিচরণ করত। স্বর্গ থেকে পারিজাত বৃক্ষ নিয়ে চলে যাওয়ার চেষ্টা করায় শিব তাকে নিধন করেন, তাই শিবের এক নাম 'অন্ধকমথন'।

৩. বিভিন্ন জন্মে তারাবলী কামপালের পত্নী ছিলেন। অর্থপাল গতজন্মের শূদ্রক-অর্যদাসীর পুত্র ছিলেন, শূদ্রকের অপর পত্নী বিনয়বতী তাঁকে মানুষ করেন। এজন্মে তিনিই কান্তিমতী রূপে জন্মগ্রহণ করে এই সন্তান লাভ করেন। দণ্ডীর বিবরণ অনুসারে পূর্ববর্তী জন্মগুলিতে কামপাল ও তাঁর পত্নীদের নামের একটি তালিকা দেওয়া গেল।

শৌণক—	বন্ধুমতী,	বেদিমতী,	হংসাবলী,	নন্দিনী,	গোপকন্যা
↓	|	|	|	|	|
শূদ্রক—	বিনয়বতী,	অর্যদাসী,	সুরসেনা,	বঙ্গপতাকা,	অর্যদাসী
↓	|	|	|	|	|
কামপাল—	কান্তিমতী,	সোমদেবী,	সুলোচনা,	ইন্দ্রসেনা,	তারাবলী

৪. অলসক—ক্ষয়রোগ ('ক্ষয়স্ত্বলসকো মতঃ' ইতি বৈজয়ন্তী।)

৫. মূলগ্রন্থে আছে 'কৃতানুমরণমণ্ডনা'। মৃত স্বামীর চিতায় আত্মদানে উদ্যতা নারীকে 'সুবাসিনী'র বেশ ধারণ করতে হতো; গৈরিক রঙের বস্ত্রে সজ্জিত হয়ে মুক্ত কেশপাশে অলংকার ধারণ করে, কণ্ঠে মঙ্গলসূত্র ও কপালে সিঁদুর লেপন করতে হতো। উল্লেখযোগ্য দণ্ডীর সময়েও সতীপ্রথা ছিল। ঘটনাস্থল কাশীরাজ্য।

৬. সহজশত্রু—সংস্কৃত শাস্ত্র অনুসারে বন্ধু ও শত্রু, দুটিই তিন রকমের হয়ে থাকে—সহজ, কৃত্রিম এবং প্রকৃতি। সম্পত্তির অধিকারবোধ জন্মের সঙ্গে-সঙ্গেই শত্রুতার সম্পর্ক গড়ে তুলতে পারে—যেমন জ্যেঠা, খুড়ো বা তাদের সন্তানদের সঙ্গে। কৃত্রিম শত্রু হয় অর্থাৎ যাদের ক্ষতিকর কাজের দ্বারা শত্রুতে পরিণত করা হয়। যাদের সম্পত্তি বা রাজ্য ঠিক সীমানায় অবস্থিত তাদের প্রকৃতিশত্রু বলা হয়।

•

পঞ্চম উচ্ছ্বাস

১. আদি বরাহ—বিষ্ণুর তৃতীয় অবতার বরাহ। জল থেকে ডুবন্ত ধরিত্রীকে উদ্ধার করেন। বিষ্ণুপুরাণ তুলনীয়—"ততঃ সমুৎক্ষিপ্য ধরাং স্বদংষ্ট্রয়া মহাবরাহঃ স্ফুটপথলোচনঃ" ইত্যাদি।

২. শক্তিধ্বজ কুমার কার্তিকেয়ের নাম। প্রাসাদে দেব কার্তিকেয়ের মন্দির থাকত। উপরে প্রথিত হতো ত্রিশূল ধরনের অস্ত্র। লঘুদীপিকায় বলা হয়েছে এইরকম

প্রাসাদকে বলা হতো 'নন্দ্যাবর্ত'। উল্লেখযোগ্য বর্তমান যুগের উঁচু সৌধের ওপর লোহার শিক ধরনের জিনিস আটকে দেওয়া হয় বজ্রপতন রোধের জন্যে।

৩. স্বামীর কাছ থেকে দূরে থাকলে সচ্চরিত্রা ও পতিব্রতা নারীরা প্রসাধন করতেন না, বস্ত্রেও থাকত না কোন চাকচিক্য। একমাত্র বেণী ধারণ করে থাকতেন এবং সংযম ও নিয়মনিষ্ঠায় তাঁদের দেহ ক্ষীণ হয়ে যেত। তুলনীয়—শকুন্তলা (৭ম), "একবেণীধরা নিয়মক্ষামমুখী ধৃতৈকবেণী।"

৪. এই উচ্ছ্বাসে প্রমতির পরিচয় দেওয়া হয়েছে এইভাবে যে, সে যক্ষমণিভদ্রের কন্যা তারাবলী ও কামপালের পুত্র। কিন্তু পূর্ব-পীঠিকায় সুমতির পুত্ররূপেই তার উল্লেখ আছে। অধ্যাপক উইলসন মনে করেন, হয় লেখক বিস্মৃত হয়েছেন, নতুবা পূর্ব-পীঠিকা অন্য কারও রচিত।

৫. শ্রাবস্তী—ইরাবতী নদীর দক্ষিণতীরে অবস্থিত প্রাচীন নগরী। উত্তরকোশলের রাজধানী অযোধ্যা থেকে ৫৮ মাইল উত্তরে অবস্থিত ছিল। রঘু ১৫শ, ৯৭ শ্লোকে লবের রাজধানী শরাবতী রূপে উল্লিখিত। আগাশের মতে বৌদ্ধ-কাহিনীর 'সাবলীপুর'। বুদ্ধ এখানে পঁচিশ বছর বাস করেছিলেন।

৬. এই মোরগ-লড়াই ব্যাপারটি বেশ কৌতূহলজনক। বহু প্রাচীনকাল থেকেই সাধারণ মানুষের প্রমোদের উপায় হিসাবে এইরকম লড়াই জাতীয় উত্তেজক অনুষ্ঠান হতো।

বৈজয়ন্তী টীকা অনুসারে—দীর্ঘগ্রীবা, শুভ্রদেহ ও মহাশক্তিসম্পন্ন যারা তারাই 'বলাকা' জাতীয় কুক্কুট, অন্যগুলি 'নারীকেল' শ্রেণীর অন্তর্গত। এরাও বেশ বড় ও শক্তিশালী হয়।

ষষ্ঠ উচ্ছ্বাস

১. কন্দুকক্রীড়া—কন্দুক অর্থাৎ বল। ধাতু-নির্মিত এই গোলককে বিভিন্ন ভঙ্গিমায় উৎক্ষেপণ করে নৃত্যের মাধ্যমে ক্রীড়া। এই কন্দুক-নৃত্যের দ্বারা দেবীর আরাধনা করতেন রাজকন্যা কন্দুকাবতী। সংস্কৃত-সাহিত্যের বহুক্ষেত্রে রমণীদের ক্রীড়ারূপে কন্দুকক্রীড়ার উল্লেখ আছে—যেমন ভাসের স্বপ্নবাসবদত্তা নাটকে রাজকুমারী পদ্মাবতীর কন্দুকক্রীড়ার বর্ণনা আছে।

২. মূলগ্রন্থে 'জালরন্ধ্র' শব্দটি আছে। টীকায় বলা হয়েছে জালরন্ধ্র অর্থাৎ গবাক্ষছিদ্র। দেওয়ালের জাফরির ফাঁক (laffice-holes) বলেও মনে করা যেতে পারে।

৩. যবনদের জাহাজের ক্যাপ্টেনের নাম রামেষু সম্ভবত কোন যবন নামের সংস্কৃতায়ন (sanskritiaation) কারণ ভারতীয় নাম বিভক্তিযুক্ত এক্ষেত্রে (৭মী বহু সুপ্) হওয়া অস্বাভাবিক। 'রামেণ' বা 'রামায়' এইরকম নাম হয় না—শুধু 'রাম'ই হয়, বিভিন্ন ভাবপ্রকাশের প্রয়োজনেই বিভক্তি যোগ করা হয়ে থাকে। কিন্তু যখন নাম 'রামেসিস্'। যবন বলতে আরব, পারস্য বা অন্যান্য পাশ্চাত্ত্য দেশবাসীকে বোঝান হতো। বাণিজ্যের জন্যে বহু প্রাচীন কাল থেকেই 'যবন' বণিকদের ভারতে যাতায়াত ছিল।

৪. দ্রাক্ষাক্ষেত্রে জল দেওয়া প্রসঙ্গটি কৌতূহলজনক। পারস্য ইত্যাদি স্থানে আঙুর জন্মায়। শুকনো দেশে ক্ষেতে জল দেওয়ার জন্যে শক্তিশালী দাসের

প্রয়োজন—এই উদ্দেশ্যসাধনের জন্যেই জল থেকে মিত্রগুপ্তকে তোলা হয়েছিল।

৫. ত্রিগর্ত প্রাচীন এক অনুর্বর দেশে শতদ্রুর পূর্বের মরুময় অঞ্চল। উত্তর দিকে লুধিয়ানা ও পাতিয়ালার কিছু অংশ ও দক্ষিণে মরুভূমির অংশ এই দেশের অন্তর্ভুক্ত ছিল বলে মনে করা হয়।

৬. দ্রাবিড়—বৃহত্তর অর্থে সমগ্র করমণ্ডল উপকূল গোদাবরীর দক্ষিণ পর্যন্ত বিস্তৃত। সংকীর্ণ অর্থে কাবেরী নদী পর্যন্ত। রাজধানী কাঞ্চী প্রাচীনকালে সমৃদ্ধির জন্যে বিখ্যাত ছিল (নগরেষু কাঞ্চী)। বর্তমান কাঞ্জীভরম, মাদ্রাজের দক্ষিণ-পশ্চিমে বেগবতী নদীর তীরে অবস্থিত।

৭. সৌরাষ্ট্র—আরেক নাম আনর্ত, বর্তমান কাঠিয়াবার। দ্বারকা ছিল মূল রাজধানী, বলভী সম্ভবত পরবর্তী রাজধানী। ভাবনগরের দশমাইল উত্তর-পশ্চিমে 'বিলুবি'তে ধ্বংসাবশেষ পাওয়া গেছে।

৮. শূরসেন—মথুরার কাছাকাছি অঞ্চল। রঘুবংশে (ষষ্ঠ সর্গ ৪৫ শ্লোক) কালিদাস কর্তৃক উল্লিখিত। প্রাকৃত ভাষার একটি বিশেষ শাখাকে 'শৌরসেনী' বলা হতো। তুলনীয়—'কথা বলতে শৌরসেনী হলা পিঅ সহি।'

[সেকাল—রবীন্দ্রনাথ]

৯. মন্ত্রগুপ্ত ওষ্ঠ্য বর্ণের (স্বর = উ ও ঊ, ব্যঞ্জন = প, ফ, ব, ভ, ম) উচ্চারণ বাদ দিয়ে তার কাহিনী উপস্থিত করল। ভাষা ব্যবহারে রচয়িতার ক্ষমতার পরিচায়ক। কারণ হিসাবে অবশ্য প্রেয়সীর দংশনের জন্যে ওষ্ঠে ক্ষত সৃষ্টির কথা বলা হয়েছে।

সপ্তম উচ্ছ্বাস

১. কলিঙ্গ—পণ্ডিত কালের মতানুসারে ওড্র বা ওড়িষ্যার দক্ষিণাংশ, গোদাবরীর মুখ পর্যন্ত বিস্তৃত।

২. চন্দ্রশালা—প্রাসাদের শীর্ষকক্ষ। অমরকোষে বলা হয়েছে 'শিরোগৃহম্'।

৩. দর্দুর—মলয়পর্বতের সঙ্গে সংলগ্ন—ঘাট পর্বতমালার অংশ বিশেষ, মহীশূরের দক্ষিণসীমা (রঘু—৪র্থ, ৫১, = শৈলো মলয়দর্দুরৌ)।

৪ দণ্ড—পরিমাপ হিসাবে এখানে এই শব্দটির ব্যবহার। একদণ্ড মানে চার হাত পরিমাণ স্থান। কালে সম্পাদিত গ্রন্থের টীকা অনুসারে ষোল হাত দূরত্ব।

৫ আদিরাজ—শব্দটি ভ্রান্তিজনক। মনুর মতে বৈবস্বত মনু। কারও-কারও মতে পৃথু। মহাভারতে অবিক্ষিতের পুত্র হিসাবে আদিরাজের উল্লেখ। মনীষীকালের মতে দণ্ডী সম্ভবত 'আদিরাজ বলতে পূর্ববর্তী রাজাদের বোঝাতে চেয়েছেন। কাব্যাদর্শেও 'আদিরাজ' অর্থে পূর্ববর্তী ইক্ষ্বাকু প্রভৃতি রাজার কথা বলা হয়েছে।

অষ্টম উচ্ছ্বাস

১. বিদর্ভ—কৃষ্ণা নদীর তীর থেকে নর্মদার তীর পর্যন্ত বিস্তৃত বিশাল রাজ্য। এই স্থানটির বিরাটত্বের জন্যে একে মহারাষ্ট্রও বলা হতো। রাজধানীর নাম কুণ্ডিনপুর নলচম্পূতে এই নগরের উল্লেখ আছে।

২. ষাড়গুণ্য—পররাজ্যের সঙ্গে সম্পর্ক বিষয়ক ছয়টি মূল নীতি (১) সন্ধি (২) বিগ্রহ বা যুদ্ধ ঘোষণা, (৩) যান অর্থাৎ যুদ্ধযাত্রা, (৪) আসন—আক্রমণের সুযোগের অপেক্ষায় অবস্থান (৫) দ্বৈবীভাব—শত্রুপক্ষের মধ্যে বিভেদের বীজ বপন, (৬) সংশ্রয়—বলবান রাজার আশ্রয় গ্রহণ।

৩. চারটি রাজবিদ্যা হলো: (১) ত্রিবেদ (ঋক্‌-সাম-যজু) অধ্যয়ন (২) বার্তা কৃষিবাণিজ্য পশুপালনাদি বিষয়ে জ্ঞান (৩) আন্বীক্ষিকী অর্থাৎ ন্যায়শাস্ত্র ও আত্মবিদ্যা (৪) দণ্ডনীতি—রাষ্ট্রবিজ্ঞান। কামন্দকীয় নীতিসারের ২য় অধ্যায়ে এ-বিষয়ে বিস্তৃত আলোচনা আছে।

৪. বিষ্ণুগুপ্ত—আচার্য বিষ্ণুগুপ্ত সম্ভবত চাণক্যেরই নাম। খৃঃ পূঃ ৪র্থ শতকের শেষার্ধ তাঁর সময় রূপে চিহ্নিত। 'অর্থশাস্ত্র'কে তাঁর রচনা বলে মনে করা হয়।

৫. চতুরঙ্গ—হস্তী, অশ্ব, রথ ও পদাতি—এই চার সামরিক বাহিনীকে চতুরঙ্গ বলা হয়।

৬. এই বক্তব্যটি বেশ কৌতুহলজনক। বিদেশে নিযুক্ত দূতদের সঙ্গের জিনিসপত্রের জন্যে কোন শুল্ক দিতে হতো না। ফলে তাঁরা বিনা শুল্কেই এক রাজ্য থেকে অন্য রাজ্যে জিনিসপত্র আনা-নেওয়া করে উপরিলাভ করে নিতেন। রাজকর্মচারীদের অসাধুতার দিকটি পরিষ্কারভাবে ফুটে উঠেছে।

৭. অশ্মক—ত্রিবাঙ্কুরের প্রাচীন নাম। বরাহমিহিরের মতে অশ্মকেরা ছিল উত্তর ভারতের অধিবাসী। (বৃ সং ১৪শ, ৩৪) মার্ককলিন্স মনে করেন এই অকর্মকজাতির লোকেরা পরে গোদাবরীর তীরে বসতি স্থাপন করে। খৃঃ ষষ্ঠ শতকে অজন্তার গুহাচিত্রে এদের উল্লেখ আছে। অতএব বেরারের দক্ষিণে কিছু অংশ তারা অধিকার করেছিল বলা চলে।

৮. মৃগয়ার গুণ সম্বন্ধে শকুন্তলার ২য় অঙ্ক, ৪র্থ ৫ম শ্লোকে ও রঘু ৯ম, ৪৯ শ্লোকে বলা হয়েছে। মনু-সংহিতায় অবশ্য মৃগয়া, দ্যূতক্রীড়া ইত্যাদি 'ব্যসন' রূপে উল্লিখিত।

৯. বাক্‌পারুষ্য-দণ্ডপারুষ্য-অর্থদূষণ—কঠোর বাক্য প্রয়োগ, কঠিন দণ্ডদান ও অর্থের অপব্যবহার। মনু-সংহিতার ৭ম অধ্যায়ে রাজার ক্রোধজ দোষের প্রসঙ্গে এদের কথা বলা হয়েছে।

১০. বনবাসী—ভারতের দক্ষিণে অবস্থিত নগর। কর্নেল ম্যাকেঞ্জী 'সুন্দ' জেলায় এই নগরের ধ্বংসাবশেষ আবিষ্কার করেন। আগাশে মনে করেন, ৬ষ্ঠ-৭ম খৃষ্টাব্দে কদম্ব রাজাদের অন্যতম রাজধানী ছিল বনবাসী, যা বর্তমানে উত্তর কানাড়ায় অবস্থিত। মহাভারতেও ভীষ্ম পর্বে (৯ম, ৫৮-৫৯ শ্লোক) দক্ষিণ দেশবাসীদের তালিকা প্রসঙ্গে 'যনবামিকাঃ' শব্দটির উল্লেখ আছে।

১১. কুণ্ডল—চোলদেশের উত্তরে অবস্থিত। রাজধানী কল্যাণ। V. Smith বলেছেন ভীমা ও বেদবতী নদীর মধ্যবর্তী অঞ্চল, পশ্চিমে ঘাটপর্বতমালা। বেলারী, ধারওয়ার, বিজাপুর ইত্যাদি অঞ্চল এর অন্তর্ভুক্ত ছিল।

১২. মুরলেশ—কেরলের রাজা। কেরলের প্রধান নদী মুরলা, রঘু ৪র্থ—৫৫ শ্লোকে কালিদাস উল্লেখ করেছেন। প্রাচীন কেরল ছিল কাবেরীর উত্তরে অবস্থিত পশ্চিমঘাট ও সমুদ্রের মধ্যবর্তী অঞ্চল।

১৩. ঋষীক, কোংকন নাসিক্য দক্ষিণ ভারতে কাছাকাছি অবস্থিত তিন রাজ্যের রাজা। রামায়ণ মহাভারতেও ঋষীক দেশের উল্লেখ পাওয়া যায়। নাসিক্য সম্ভবত গোদাবরী তীরে অবস্থিত বর্তমান নাসিক।

১৪ মাহিষ্মতী— অথবা কলচুরি বংশীয় রাজাদের রাজধানী। বিন্ধ্য ও ঋক্ষ পর্বতের মাঝখানে জাবালপুরের নিচে অবস্থিত।

১৫ রাজনীতিকে বৃক্ষরূপে কল্পনা করা হয়েছে। মূল—পঞ্চাঙ্গমন্ত্র অর্থাৎ সহায়, সাধনোপায়, স্থান ও কালের বিভাগ, বিপত্তির প্রতিকার ও সিদ্ধি (কামন্দক ১২শ, ২৬) দুইকাণ্ড—অর্থ ও সৈন্য বিষয়ে প্রভাব। চার রকম উৎসাহ চারিটি শাখা · সামদানভেদদণ্ড রূপ উপায়গুলি অথবা কায়-মন-বাক্য-কর্ম এই চারিটি বিষয়ের কথা বলা হয়েছে। বাহাত্তরটি প্রকৃতি। মূলপ্রকৃতি—মধ্যম, বিজিগীষু উদাসীন ও শত্রু রাজা। বিজিগীষুর সামনে অবস্থিত চারজন মিত্র, অরিমিত্র, মিত্রমিত্র ও অরিমিত্র মিত্র এবং পশ্চাতে অবস্থিত চারজন পাষ্ণিগ্রাহ, আক্রন্দ, পাষ্ণিগ্রাহাসার, ও আক্রান্দাসার—এই আট শাখা প্রকৃতি মূল ও শাখা মিলিয়ে ১২ জনের প্রত্যেক রাজার আবার পাঁচটি দ্রব্যপ্রকৃতি—(১) অমাত্য, (২) রাষ্ট্র, (৩) দুর্গ (৪) কোষ (৫) দণ্ড। অতএব ১২×৫=৬০টি দ্রব্য+৪টি মূল +৮টি শাখা=৭২ মনু ৭ম (১৫৫—১৫৭ শ্লোক) কামন্দক ১২শ, ২৫। শক্তি ও সিদ্ধি এই বৃক্ষের ফুল ও ফল রূপে কল্পিত।

দশকুমারচরিতম্

পূর্বপীঠিকা

প্রথমোচ্ছ্বাসঃ

ব্রহ্মাণ্ডচ্ছত্রদণ্ড শতধৃতিভবনাম্ভোরুহো নালদণ্ডঃ
ক্ষোণীনৌকূপদণ্ডঃ ক্ষরদমরসরিৎপট্টিকাকেতুদণ্ডঃ।
জ্যোতিশ্চক্রাক্ষদণ্ডস্ত্রিভুবনবিজয়স্তম্ভদণ্ডোঽঙ্ঘ্রিদণ্ডঃ
শ্রেয়স্ত্রৈবিক্রমস্তে বিতরতু বিবুধদ্বেষিণাং কালদণ্ডঃ॥

অস্তি সমস্তনগরীনিকষায়মাণা শশ্বদগণ্যপণ্যবিস্তারিতমণিগণাদিবস্তুজাতব্যাখ্যাতরত্নাকরমাহাত্ম্যা মগধদেশশেখরীভূতা পুষ্পপুরী নাম নগরী। তত্র বীরভটপটলোত্তরঙ্গতুরঙ্গকুঞ্জরমকরভীষণসকলরিপুগণকটকজলনিধিমথনমন্দরায়মাণসমুদ্দণ্ডভুজদণ্ডঃ, পুরন্দরপুরাঙ্গণবনবিহরণপরায়ণগীর্বাণতরুণগণিকাগণজেগীয়মানয়াঽতিমানয়া শরদিন্দুকুন্দঘনসারনীহারহারমৃণালমরালসুরগজনীরক্ষীরগিরিশাট্টহাসকৈলাসকাশনীকাশমূর্ত্যা রচিতদিগন্তরালপূর্ত্যা কীর্ত্যাঽভিতঃ সুরভিতঃ, স্বর্লোকশিখরোরুরুচিরত্নাকরবেলামেখলাবলয়িতধরণীরমণীসৌভাগ্যভোগভাগ্যবান্, অনবরতযাগদক্ষিণারক্ষিতশিষ্টবিশিষ্টবিদ্যাসম্ভারভাসুরভূসুরনিকরঃ, বিরচিতারাতিসংতাপেন প্রতাপেন সতততুলিতবিয়ন্মধ্যহংসঃ, রাজহংসো নাম ঘনদর্পকংদর্পসৌন্দর্যহৃদ্যানিরবদ্যরূপো ভূপো বভূব।

তস্য বসুমতী নাম সুমতী লীলাবতীকুলশেখরমণী রমণী বভূব। রোষরূক্ষেণেন নিটিলেক্ষণেন ভস্মীকৃতচেতনে মকরকেতনে তদা ভয়েনানবদ্যা বনিতেতি মত্বা, তস্যা রোলম্বাবলী কেশজালম্, প্রেমাকরো রজনীকরো বিজিতারবিন্দং বদনম্, জয়ধ্বজায়মানো মীনো জায়াযুক্তোঽক্ষিযুগলম্, সকলসৈনিকাঙ্গবীরো মলয়সমীরো নিঃশ্বাসঃ, পথিকহৃদ্দলনকরবালঃ প্রবালশ্চাধরবিম্বম্, জয়শঙ্খো বন্ধুরা লাবণ্যধরা কংধরা পূর্ণকুম্ভৌ চক্রবাকানুকারৌ পয়োধরৌ, জ্যায়মানে মার্দবসমানে বিসলতে চ বাহূ, ঈষৎফুল্ললীলাবতংসকহ্লারকোরকো গম্ভাবর্তসনাভির্নাভিঃ, দূরীকৃতযোগিমনোরথো জৈত্ররথোঽতিঘনং জঘনম্, জয়স্তম্ভভূতে সৌন্দর্যভূতে বিঘ্নিতযতিজনারম্ভে রম্ভে চোরুযুগম্ আতপত্রসহস্রপত্রং পাদদ্বয়ম্, অস্ত্রভূতানি প্রসূনানি তানীতরাণ্যঙ্গানি চ সমভূবন্নিব। বিজিতামরপুরে পুষ্পপুরে নিবসতা সাহনন্তভোগলালিতা বসুমতী বসুমতীব মগধরাজেন যথাসুখমন্বভাবি।

তস্য রাজ্ঞঃ পরমবিধেয়া ধর্মপালপদ্মোদ্ভবসিতবর্মনামধেয়া ধীরধিষণাবধীরিতবিবুধাচার্যবিচার্যকার্যসাহিত্যাঃ কুলামাত্যাস্ত্রয়োঽভূবন্। তেষাং সিতবর্মণঃ সুমতিসত্যবর্মাণৌ, ধর্মপালস্য সুমন্ত্রসুমিত্রকামপালাঃ, পদ্মোদ্ভবস্য সুশ্রুতরত্নোদ্ভবাবিতি তনয়াঃ সমভূবন্। তেষু ধর্মশীলঃ সত্যবর্মা সংসারাসারতাং বুদ্ধ্বা তীর্থযাত্রাভিলাষী দেশান্তরমগমৎ। বিটনটবারনারীপরায়ণো দুর্বিনীতঃ কামপালো জনকাগ্রজন্মনোঃ শাসনমতিক্রম্য ভুবং বভ্রাম। রত্নোদ্ভবোঽপি বাণিজ্যনিপুণতয়া পারাবারতরণমকরোৎ। ইতরে মন্ত্রিসূনবঃ পুরন্দরপুরাতিথিষু পিতৃষু যথাপূর্বমন্বতিষ্ঠন্।

ততঃ কদাচিন্নানাবিধমহদায়ুধনৈপুণ্যরচিতাগণ্যজন্যরাজন্যমৌলিপালিনিহিতনিশিত-

সায়কো মগধনায়কো মালবেশ্বরং প্রত্যগ্রসংগ্রামঘস্মরং সমুৎকটমানসারং মানসারং প্রতি সহেলন্যক্কৃতজলধিনির্ঘোষাহংকারেণ ভেরীঝংকারেণ হঠিকাকর্ণনাক্রান্তভয়চণ্ডিমানং দিগ্দন্তাবলবলয়ং বিঘূর্ণয়ন্নিজভরনমন্মেদিনীভরেণায়স্তভুজগরাজমস্তকবলেন চতুরঙ্গবলেন সংযুতঃ সংগ্রামাভিলাষেণ রোষেণ মহতাবিষ্টো নির্যযৌ। মালবনাথোঽপ্যনেকানেকপযূথসনাথো বিগ্রহঃ সবিগ্রহ ইব সাগ্রহোঽভিমুখীভূয় ভূয়ো নির্জগাম। তয়োরথ রথতুরগখুরক্ষুণ্ণক্ষোণীসমুদ্ভূতে করিঘটাকটস্রবন্মদধারাধৌতমূলে নব্যবল্লভবরণাগতদিব্যকন্যাজনজবনিকাপটমণ্ডপ ইব বিয়ত্তলব্যাকুলে ধূলীপটলে দিবিষদধ্বনি ধিক্কৃতান্যধ্বনিপটহধ্বানবধিরিতাশেষদিগন্তরালং শস্ত্রাশস্ত্রি হস্তাহস্তি পরস্পরাভিহতসৈন্যং জন্যমজনি। তত্র মগধরাজঃ প্রক্ষীণসকলসৈন্যমণ্ডলং মালবরাজং জীবগ্রাহমভিগৃহ্য কৃপালুতয়া পুনরপি স্বরাজ্যে প্রতিষ্ঠাপয়ামাস।

ততঃ স রত্নাকরমেখলামিলামনন্যশাসনাং শাসদনপত্যতয়া নারায়ণং সকললোকৈককারণং নিরন্তরমর্চয়ামাস। অথ কদাচিত্তদগ্রমহিষী দেবী 'দেবেন কল্পবল্লীফলমাপ্নুহি' ইতি প্রভাতসময়ে সুস্বপ্নমবলোকিতবতী। সা তদা দয়িতমনোরথপুষ্পভূতং গর্ভমধত্ত। রাজাঽপি সম্পন্ন্যক্কৃতাখণ্ডলঃ সুহৃন্নৃপমণ্ডলং সমাহূয় নিজসম্পন্মনোরথানুরূপং দেব্যাঃ সীমন্তোৎসবং ব্যধত্ত।

একদা হিতৈঃ সুহৃন্মন্ত্রিপুরোহিতৈঃ সভায়াং সিংহাসনাসীনো গুণৈরহীনো ললাটতটন্যস্তাঞ্জলিনা দ্বারপালেন ব্যজ্ঞাপি—'দেব, দেবসংদর্শনলালসমানসঃ কোঽপি দেবেন বিরচ্যার্চনার্হো যতির্দ্বারদেশমধ্যাস্তে' ইতি। তদনুজ্ঞাতেন তেন স সংযমী নৃপসমীপমনায়ি। ভূপতিরায়ান্তং তং বিলোক্য সম্যগ্জ্ঞাততদীয়গূঢ়চারভাবো নিখিলমনুচরনিকরং বিসৃজ্য মন্ত্রিজনসমেতঃ প্রণতমেনং মন্দহাসমভাষত—'ননু তাপস,. দেশং সাপদেশং ভ্রমন্ ভবাংস্তত্র তত্র ভবদভিজ্ঞাতং কথয়তু' ইতি। তেনাভাষি ভুভ্রমণবলিনা প্রাঞ্জলিনা—'দেব, শিরসি দেবস্যাজ্ঞামাদায়ৈতং নির্দোষং বেষং স্বীকৃত্য মালবেন্দ্রনগরং প্রবিশ্য তত্র গূঢ়তরং বর্তমানস্তস্য রাজ্ঞঃ সমস্তমুদন্তজাতং বিদিত্বা প্রত্যাগমম্। মানী মানসারঃ স্বসৈনিকায়ুষ্মত্তান্তরায়ে সংপরায়ে ভবতঃ পরাজয়মনুভূয় বৈলক্ষ্যলক্ষ্যাহৃদয়ো বীতদয়ো মহাকালনিবাসিনং কালীবিলাসিনমনশ্বরং মহেশ্বরং সমারাধ্য তপঃপ্রভাবসংতুষ্টাদস্মাদেকবীরারাতিঘ্নীং ভয়দাং গদাং লব্ধ্বাত্মানমপ্রতিভটং মন্যমানো মহাভিমানো ভবন্তমভিযোক্তুমুদ্যুঙ্ক্তে। ততঃ পরং দেব এব প্রমাণম্' ইতি। তদালোচ্য নিশ্চিততৎকৃত্যৈরমাত্যৈ রাজা বিজ্ঞাপিতোঽভূৎ—'দেব, নিরুপায়েন দেবসহায়েন যোদ্ধুমরাতিরায়াতি। তস্মাদস্মাকং যুদ্ধং সাম্প্রতমসাম্প্রতম্। সহসা দুর্গসংশ্রয়ঃ কার্যঃ' ইতি। তৈর্বহুধা বিজ্ঞাপিতোঽপ্যখর্বেণ গর্বেণ বিরাজমানো রাজা তদ্বাক্যমকৃত্যমিত্যনাদৃত্য প্রতিযোদ্ধুমনা বভূব। শিতিকণ্ঠদত্তশক্তিসারো মানসারো যোদ্ধুমনসামগ্রীভূয় সামগ্রীসমেতোঽক্লেশং মগধদেশং প্রবিবেশ।

তদা তদাকর্ণ্য মন্ত্রিণো ভূমহেন্দ্রং মগধেন্দ্রং কথং চিদনুনীয় রিপুভিরসাধ্যে বিন্ধ্যাটবীমধ্যেঽবরোধান্মূলবলরক্ষিতান্নিবেশয়ামাসুঃ। রাজহংসস্তু প্রশস্তবীতদৈন্যসৈন্যসমেতস্তীব্রগত্যা নির্গত্যাধিকরুষং দ্বিষং রুরোধ; পরস্পরবদ্ধবৈরয়োরেতয়োঃ শূরয়োস্তদা তদালোকনকুতূহলাগতগগনচরাশ্চর্যকারণে রণে বর্তমানে জয়াকাঙ্ক্ষী মালবদেশরক্ষী বিবিধায়ুধস্থৈর্যচর্যাঞ্চিতসমরতুলিতামরেশ্বরস্য মগধেশ্বরস্য তস্যোপরি পুরা পুরারাতিদত্তাং গদাং প্রাহিণোৎ। নিশিতশরনিকরশকলীকৃতাপি সা পশুপতিশাসনস্যাবন্ধ্যতয়া

সূতং নিহত্য রথস্থং রাজানং মূর্ছিতমকার্ষীৎ। ততো বীতপ্রগ্রহা অক্ষতবিগ্রহা বাহা রথমাদায় দৈবগত্যাঽন্তঃপুরশরণ্যং মহারণ্যং প্রাবিশন্। মালবনাথো জয়লক্ষ্মীসনাথো মগধরাজ্যং প্রাজ্যং সমাক্রম্য পুষ্পপুরমধ্যতিষ্ঠৎ।

তত্র হেতিততিহতিশ্রান্তা অমাত্যা দৈবগত্যাঽনুৎক্রান্তজীবিতা নিশান্তবাতলব্ধসংজ্ঞাঃ কথংচিদাশ্বাস্য রাজানং সমন্তাদন্বীক্ষ্যানবলোকিতবন্তো দৈন্যবন্তো দেবীমবাপুঃ। বসুমতী তু তেভ্যো নিখিলসৈন্যক্ষতিং রাজ্ঞোঽদৃশ্যত্বং চাকর্ণ্যোদ্বিগ্না শোকসাগরমগ্না রমণানুগমনে মতিং ব্যধত্ত। 'কল্যাণি, ভূরমণমরণমনিশ্চিতম্। কিং চ দৈবজ্ঞকথিতো মথিতোদ্ধতারাতিঃ সার্বভৌমোঽভিরামো ভবিতা সুকুমারঃ কুমারস্তবোদরে বসতি। তস্মাদদ্য তব মরণমনুচিতম্' ইতি ভূষিতভাষিতৈরমাত্যপুরোহিতৈরনুনীয়মানয়া তয়া ক্ষণং ক্ষণহীনয়া তুষ্ণীমস্থায়ি। অথার্ধরাত্রে নিদ্রানিলীননেত্রে পরিজনে বিজনে শোকপারাবারমুত্তর্তুমশক্নুবতী সেনানিবেশদেশং নিঃশব্দলেশং শনৈরতিক্রম্য যস্মিন্ রথস্য সংসক্ততয়া তদানয়নপলায়নশ্রান্তা গন্তুমক্ষমাঃ ক্ষমাপতিরথ্যাঃ পথ্যাকুলাঃ পূর্বমতিষ্ঠংস্তস্য নিকটবটতরোঃ শাখায়াং মৃতিরেখায়ামিব ক্বচিদুত্তরীয়ার্ধেন বন্ধনং মৃতিসাধনং বিরচ্য মর্তুকামাঽভিরামা বাঙ্মাধুরীবিরসীকৃতকলকণ্ঠা সাশ্রুকণ্ঠা ব্যলপৎ—'লাবণ্যোপমিতপুষ্পসায়ক ভূনায়ক, ভবানেব ভাবিন্যপি জন্মনি বল্লভো ভবতু' ইতি। তদাকর্ণ্য নীহারকরকিরণনিকরসম্পর্কলব্ধাববোধো মাগধোঽগাধরুধিরবিক্ষরণনষ্টচেষ্টো দেবীবাক্যমেব নিশ্চিন্বানস্তন্বানঃ প্রিয়বচনানি শনৈস্তামাহ্বয়ৎ। সা সসম্ভ্রমমাগত্যামন্দহৃদয়হৃদয়ানন্দসম্ফুল্লবদনারবিন্দা তমুপোষিতাভ্যামিবানিমিষিতাভ্যাং লোচনাভ্যাং পিবন্তী বিকস্বরেণ স্বরেণ পুরোহিতামাত্যজনমুচ্চৈরাহূয় তেভ্যস্তমদর্শয়ৎ।

রাজা নিটিলতটচুম্বিতনিজচরণাম্বুজৈঃ প্রশংসিতদৈবমাহাত্ম্যৈরমাত্যৈরভাণি—'দেব, রথ্যচয়ঃ সারথ্যপগমে রথং রভসাদরণ্যমনয়ৎ' ইতি। 'তত্র নিহতসৈনিকগ্রামে সংগ্রামে মালবপতিনাঽরাধিতপুরারাতিনা প্রহিতয়া গদয়া দয়াহীনেন তাড়িতো মূর্ছামাগত্যাত্র বনে নিশান্তপবনেন বোধিতোঽভবম্' ইতি মহীপতিরকথয়ৎ। ততো বিরচিতমহেন মন্ত্রিনিবহেন বিরচিতদৈবানুকূল্যেন কালেন শিবিরমানীয়াপনীতাশেষশল্যো বিকসিতনিজাননারবিন্দো রাজা সহসা বিরোপিতব্রণোঽকারি। বিরোধিদৈবধিক্কৃতপুরুষকারো দৈন্যব্যাপ্তাকারো মগধাধিপতিরধিকাধিরমাত্যসংমত্যা মৃদুভাষিতয়া তয়া বসুমত্যা মত্যা কলিতয়া চ সমবোধি—'দেব, সকলস্য ভূপালকুলস্য মধ্যে তেজোবরিষ্ঠো গরিষ্ঠো ভবানদ্য বিন্ধ্যবনমধ্যং নিবসতীতি জলবুদ্বুদসমানা বিরাজমানা সম্পত্তড়িল্লতেব সহসৈবোদেতি নশ্যতি চ। তন্নিখিলং দৈবায়ত্তমেবাবধার্য কার্যম্। কিং চ পুরা হরিশ্চন্দ্ররামচন্দ্রমুখ্যা অসংখ্যা মহীন্দ্রা ঐশ্বর্যোপমিতমহেন্দ্রা দৈবতন্ত্রং দুঃখযন্ত্রং সম্যগনুভূয় পশ্চাদনেককালং নিজরাজ্যমকুর্বন্। তদ্বদেব ভবান্ ভবিষ্যতি। কঞ্চন কালং বিরচিতদৈবসমাধির্গতাধিস্তিষ্ঠতু তাবৎ' ইতি।

ততঃ সকলসৈন্যসমন্বিতো রাজহংসস্তপোবিভ্রাজমানং বামদেবনামানং তপোধনং নিজাভিলাষাবাপ্তিসাধনং জগাম। তং প্রণম্য তেন কৃতাতিথ্যস্তস্মৈ কথিতকথ্যস্তদাশ্রমে দূরীকৃতশ্রমে কঞ্চন কালমুষিত্বা নিজরাজ্যাভিলাষী মিতভাষী সোমকুলাবতংসো রাজহংসো মুনিমভাষত—'ভগবন্, মানসারঃ প্রবলেন দৈববলেন মাং নির্জিত্য মদ্ভোগ্যং রাজ্যমনুভবতি। তদ্বদহমপ্যুগ্রং তপো বিরচ্য তমরাতিমুন্মূলয়িষ্যামি লোকশরণ্যেন ভবৎকারুণ্যেনেতি নিয়মবন্তং ভবন্তং প্রাপ্নবম্' ইতি। ততস্ত্রিকালজ্ঞস্তপোধনো

রাজানমবোচৎ—'সখে, শরীরকার্শ্যকারিণা তপসাঽলম্। বসুমতীগর্ভস্থঃ সকলরিপুকুল-মর্দনো রাজনন্দনো নূনং সংভবিষ্যতি। 'কঞ্চন কালং তুষ্ণীমাস্স্ব' ইতি। গগনচারিণ্যাঽপি বাণ্যা 'সত্যমেতৎ' ইতি তদেবাবাচি। রাজাঽপি মুনিবাক্যমঙ্গীকৃত্যাতিষ্ঠৎ।

ততঃ সম্পূর্ণগর্ভদিবসা বসুমতী সুমুহূর্তে সকললক্ষণলক্ষিতং সুতমসূত। ব্রহ্মবর্চসেন তুলিতবেধসং পুরোধসং পুরস্কৃত্য কৃত্যবিন্মহীপতিঃ কুমারং সুকুমারং জাতসংস্কারেণ বালালংকারেণ চ বিরাজমানং রাজবাহননামানং ব্যধত্ত। তস্মিন্নেব কালে সুমতিসুমিত্রসুমন্ত্রসুশ্রুতানাং মন্ত্রিণাং প্রমতিমিত্রগুপ্তমন্ত্রগুপ্তবিশ্রুতাখ্যা মহাভিখ্যাঃ সূনবো নবোদ্যদিন্দুরুচশ্চিরায়ুষঃ সমজায়ন্ত। রাজবাহনো মন্ত্রিপুত্রৈরাত্মমিত্রৈঃ সহ বালকেলীরনুভবন্নবর্ধত।

অথ কদাচিদেকেন তাপসেন রসেন রাজলক্ষণবিরাজিতং কঞ্চিন্নয়নানন্দকরং সুকুমারং কুমারং রাজ্ঞে সমর্প্যাবাচি—'ভূবল্লভ কুশসমিদানয়নায় বনং গতেন ময়া কাচিদশরণ্যা ব্যক্তকার্পণ্যাঽশ্রু মুঞ্চন্তী বনিতা বিলোকিতা। 'নির্জনে বনে কিংনিমিত্তং রুদ্যতে ত্বয়া' ইতি পৃষ্টা সা করসরোরুহৈরশ্রু প্রমৃজ্য সগদ্গদং মামবোচৎ—'মুনে লাবণ্যজিতপুষ্প-সায়কে মিথিলানায়কে কীর্তিব্যাপৃতসুধর্মণি নিজসুহৃদো মগধরাজস্য সীমন্তিনীসীমন্ত-মহোৎসবায় পুত্রদারসমন্বিতে পুষ্পপুরমুপেত্য কঞ্চন কালমধিবসতি সমারাধিতগিরীশো মালবাধীশো মগধরাজং যোদ্ধুমভ্যগাৎ। তত্র প্রখ্যাতয়োরেতয়োরসংখ্যে সংখ্যে বর্তমানে সুহৃৎসাহায্যকং কুর্বাণো নিজবলে সতি বিদেহেশ্বরঃ প্রহারবর্মা জয়বতা রিপুণাঽভিগৃহ্য কারুণ্যেন পুণ্যেন বিসৃষ্টো হতাবশেষেণ শূন্যেন সৈন্যেন সহ স্বপুরগমনমকরোৎ।

ততো বনমার্গেণ দুর্গেণ গচ্ছন্নধিকবলেন শবরবলেন রভসাদভিহন্যমানো মূলবলাভি-রক্ষিতাবরোধঃ স মহানিরোধঃ পলায়িষ্ট। তদীয়ার্ভকয়োর্যমজয়োর্ধাত্রীভাবেন পরি-কল্পিতাঽহং মদ্দুহিতাঽপি তীব্রগতিং ভূপতিমনুগন্তমক্ষমে অভূব। তত্র বিবৃতবদনঃ কোঽপি রূপী ভূপতিরূপী কোপ ইব ব্যাঘ্রঃ শীঘ্রং মামাঘ্রাতুমাগতবান্। ভীতাঽহমুদগ্র-গ্রাবণি স্খলন্তী পর্যপতম্। মদীয়পাণিভ্রষ্টো বালকঃ কস্যাপি কপিলাশবস্য ক্রোড়মভ্যলীয়ত। তচ্ছবাকর্ষিণো ব্যাঘ্রস্য প্রাণান্বাণো বাণাসনযন্ত্রমুক্তোঽপাহরৎ। বিলোলালকো বালকোঽপি শবরৈরাদায় কুত্রচিদুপানীয়ত। কুমারমপরমুদ্বহন্তী মদ্দুহিতা কুত্র গতা ন জানে। সাঽহং মোহং গতা কেনাপি কৃপালুনা বৃষ্ণিপালেন স্বকুটীরমাবেশ্য বিরোপিতব্রণাঽভবম্। ততঃ স্বস্থীভূয় ভূয়ঃ ক্ষমাভর্তুরন্তিকমুপতিষ্ঠাসুরসহায়তয়া দুহিতুরনভিজ্ঞাততয়া চ ব্যাকুলীভবামি' ইত্যভিদধানা 'একাকিন্যাপি স্বামিনং গমিষ্যামি' ইতি সা তদৈব নিরগাৎ।

অহমপি ভবন্মিত্রস্য বিদেহনাথস্য বিপন্নিমিত্তং বিষাদমনুভবংস্তদন্বয়াঙ্কুরং কুমার-মন্বিষ্যংস্তদৈকং চণ্ডিকামন্দিরং সুন্দরং প্রাগাম্। তত্র সন্ততমেবংবিধবিজয়সিদ্ধয়ে কুমারং দেবতোপহারং করিষ্যন্তঃ কিরাতাঃ 'মহীরুহশাখাবলম্বিতমেনমসিলতয়া বা, সৈকততলে খননিক্ষিপ্তচরণং লক্ষ্যীকৃত্য শিতশরনিকরেণ বা, অনেকচরণৈঃ পলায়মানং কুক্কুরবালকৈর্বা দংশয়িত্বা সংহনিষ্যামঃ' ইতি ভাষমাণা ময়া সমভ্যভাষ্যন্ত 'ননু কিরাতোত্তমাঃ ঘোরপ্রচারে কান্তারে স্খলিতপথঃ স্থবিরভূসুরোঽহং মম পুত্রকং ক্বচি-চ্ছায়ায়াং নিক্ষিপ্য মার্গান্বেষণায় কিঞ্চিদন্তরমগচ্ছম্। স কুত্র গতঃ কেন বা গৃহীতঃ পরীক্ষ্যাপি ন বীক্ষ্যতে। তন্মুখাবলোকনেন বিনাঽনেকান্যহান্যতীতানি। কিং করোমি ক্ব যামি ভবদ্ভির্ন কিমদর্শি' ইতি। 'দ্বিজোত্তম কশ্চিদত্র তিষ্ঠতি। কিমেষ তব

নন্দনঃ সত্যমেব। তদেনং গৃহাণ' ইত্যুক্ত্বা দৈবানুকূল্যেন মহ্যং তং ব্যতরন্। তেভ্যো দত্তাশীরহং বালকমঙ্গীকৃত্য শিশিরোদকাদিনোপচারেণাশ্বাস্য নিঃশঙ্কং ভবদঙ্কং সমানীতবানস্মি। এনমায়ুষ্মন্তং পিতৃরূপো ভবানভিরক্ষতাৎ' ইতি। রাজা সুহৃদাপন্নিমিত্তং শোকং তন্নন্দনবিলোকনসুখেন কিঞ্চিদধরীকৃত্য তমুপহারবর্মনাম্নাহূয় রাজবাহনমিব পুপোষ।

জনপতিরেকস্মিন্পুণ্যদিবসে তীর্থস্নানায় পক্কণনিকটমার্গেণ গচ্ছন্নবলয়া কয়াচিদুপলালিতমনুপমশরীরং কুমারং কঞ্চিদবলোক্য কুতূহলাকুলস্তামপৃচ্ছত্—'ভামিনি রুচিরমূর্তিঃ সরাজগুণসংপূর্তিরসাবর্ভকো ভবদন্বয়সম্ভবো ন ভবতি। কস্য নয়নানন্দনঃ, নিমিত্তেন কেন ভবদধীনো জাতঃ, কথ্যতাং যাথাতথ্যেন ত্বয়া' ইতি। প্রণতয়া তয়া শবর্যা সলীলমলাপি—'রাজন্ আত্মপল্লীসমীপে পদব্যাং বর্তমানস্য শত্রুসমানস্য মিথিলেশ্বরস্য সর্বস্বমপহরতি শবরসৈন্যে মদ্দয়িতেনাপহৃত্য কুমার এষ মহ্যমর্পিতো ব্যবর্ধত' ইতি। তদবধার্য কার্যজ্ঞো রাজা মুনিকথিতং দ্বিতীয়ং রাজকুমারমেব নিশ্চিত্য সামদানাভ্যাং তামনুনীয়াপহারবর্মেত্যাখ্যায় দেব্যৈ 'বর্ধয়' ইতি সমর্পিতবান্।

কদাচিদ্বামদেবশিষ্যঃ সোমদেবশর্মা নাম কঞ্চিদেকং বালকং রাজ্ঞঃ পুরো নিক্ষিপ্যাভাষত—'দেব রামতীর্থে স্নাত্বা প্রত্যাগচ্ছতা ময়া কাননাবনৌ বনিতয়া কয়াপি ধার্যমাণমেনমুজ্জ্বলাকারং বিলোক্য সাদরমভাণি—'স্থবিরে কা ত্বম্। এতস্মিন্নটবীমধ্যে বালকমুদ্বহন্তী কিমর্থমায়াসেন ভ্রমসি' ইতি। বৃদ্ধয়াহপ্যভাষি—'মুনিবর, কালযবননাম্নি দ্বীপে কালগুপ্তো নাম ধনাঢ্যো বৈশ্যবরঃ কশ্চিদস্তি। তন্নন্দিনীং নয়নানন্দকারিণীং সুবৃত্তাং নামৈতস্মাদ্ দ্বীপাদাগতো মগধনাথমন্ত্রিসম্ভবো রত্নোদ্ভবো নাম রমণীয়গুণালয়ো ভ্রান্তভুবলয়ো মনোহারী ব্যবহার্যুপযম্য সুবস্তুসম্পদা শ্বশুরেণ সম্মানিতোঽভূৎ।

কালক্রমেণ নতাঙ্গী গর্ভিণী জাতা। ততঃ সোদরবিলোকনকুতূহলেন রত্নোদ্ভবঃ কথংচিচ্ছ্বশুরমনুনীয় চপললোচনয়াঽনয়া সহ প্রবহণমারুহ্য পুষ্পপুরমভিপ্রতস্থে। কল্লোলমালিকাভিহতঃ পোতঃ সমুদ্রাম্ভস্যমজ্জৎ। গর্ভভরালসাং তাং ললনাং ধাত্রীভাবেন কল্পিতাঽহং করাভ্যামুদ্বহন্তী ফলকমেকমধিরুহ্য দৈবগত্যা তীরভূমিমগমম্। সুহৃজ্জনপরিবৃতো রত্নোদ্ভবস্তত্র নিমগ্নো বা কেনাপ্যুপায়েন তীরমগমদ্বা ন জানামি। ক্লেশস্য পরাং কাষ্ঠামধিগতা সুবৃত্তাঽস্মিন্নটবীমধ্যেঽদ্য সুতমসূত। প্রসববেদনয়া বিচেতনা সা প্রচ্ছায়শীতলে তরুতলে নিবসতি। বিজনে বনে স্থাতুমশক্যতয়া জনপদগামিনং মার্গমন্বেষ্টুমুদ্যুক্তয়া ময়া বিবশায়াস্তস্যাঃ সমীপে বালকং নিক্ষিপ্য গন্তুমনুচিতমিতি কুমারোঽপ্যনায়ি' ইতি। তস্মিন্নেব ক্ষণে বন্যো বারণঃ কশ্চিদদৃশ্যত। তং বিলোক্য ভীতা সা বালকং নিপাত্য প্রাদ্রবৎ। অহং সমীপলতাগুল্মকে প্রবিশ্য পরীক্ষমাণোঽতিষ্ঠম্। নিপতিতং বালকং পল্লবকবলমিবাদদতি গজপতৌ কণ্ঠীরবো ভীমরবো মহাগ্রহেণ ন্যপতৎ। ভয়াকুলেন দন্তাবলেন ঝটিতি বিয়তি সমুৎপাত্যমানো বালকো ন্যপতৎ। চিরায়ুষ্মত্তয়া স চোন্নততরুশাখাসমাসীনেন বানরেণ কেনচিৎপক্বফলবুদ্ধ্যা পরিগৃহ্য ফলেতরতয়া বিততস্কন্ধমূলে নিক্ষিপ্তোঽভূৎ। সোঽপি মর্কটঃ ক্বচিদগাৎ। বালকেন সত্ত্বসম্পন্নতয়া সকলক্লেশসহেনাভাবি। কেসরিণা করিণং নিহত্য কুত্রচিদগামি। লতাগৃহান্নির্গতোঽহমপি তেজঃপুঞ্জং বালকং শনৈরবনীরুহাদবতার্য বনান্তরে বনিতামন্বিষ্যাবিলোক্যৈনমানীয় গুরবে নিবেদ্য তন্নিদেশেন ভবন্নিকটমানীতবানস্মি' ইতি। সর্বেষাং সুহৃদামেকদৈবানুকূলদৈবাভাবেন মহদাশ্চর্যং বিভ্রাণো রাজা রত্নোদ্ভবঃ কথমভ-

বদিতি চিন্তয়ংস্তন্নন্দনং পুষ্পোদ্ভবনামধেয়ং বিধায় তদ্বৃত্তান্তং ব্যাখ্যায় সুশ্রুতায় বিষাদসন্তোষাবনুভবংস্তদনুজতনয়ং সমর্পিতবান্।

অন্যেদ্যুঃ কঞ্চন বালকমুরসি দধতী বসুমতী বল্লভমভিগতা। তেন 'কুতস্ত্যোঽয়ম্' ইতি পৃষ্টা সমভাষত—'রাজন্ অতীতায়াং রাত্রৌ কাচন দিব্যবনিতা মৎপুরতঃ কুমারমেকং সংস্থাপ্য নিদ্রামুদ্রিতাং মাং বিবোধ্য বিনীতাঽব্রবীৎ—'দেবী ত্বন্মন্ত্রিণো ধর্মপালনন্দনস্য কামপালস্য বল্লভা যক্ষকন্যাঽহং তারাবলী নাম নন্দিনী মণিভদ্রস্য। যক্ষেশ্বরানুমত্যা মদাত্মজমেতং ভবত্তনুজস্যাম্ভোনিধিবলয়বেষ্টিতক্ষোণীমণ্ডলেশ্বরস্য ভাবিনো বিশুদ্ধ-যশোনিধে রাজবাহনস্য পরিচর্যাকরণায়ানীতবত্যস্মি। ত্বমেনং মনোজসংনিভমভিবর্ধয়' ইতি। বিস্ময়বিকসিতনয়নয়া ময়া সবিনয়ং সৎকৃতা স্বক্ষী যক্ষী সাঽপ্যদৃশ্যতামযাসীৎ' ইতি। কামপালস্য যক্ষকন্যাসংগমে বিস্ময়মানমানসো রাজহংসো রঞ্জিতমিত্রং সুমিত্রং মন্ত্রিণমাহূয় তদীয়ভ্রাতৃপুত্রমর্থপালং বিধায় তস্মৈ সর্বং বার্তাদিকং ব্যাখ্যায়াদাৎ।

ততঃ পরস্মিন্দিবসে বামদেবান্তেবাসী তদাশ্রমবাসী সমারাধিতদেবকীর্তিংনির্ভৎ-সিতমারমূর্তিং কুসুমসুকুমারং কুমারমেকমবগময্য নরপতিমবাদীৎ—'দেব তীর্থযাত্রাপ্রসঙ্গেন কাবেরীতীরমাগতোঽহং বিলোলালকং বালকং নিজোৎসঙ্গতলে নিধায় রুদতীং স্থবিরামেকাং বিলোক্যাবোচম্—'স্থবিরে কা ত্বম্, অয়মর্ভকঃ কস্য নয়নানন্দকরঃ, কান্তারং কিমর্থমাগতা, শোককারণং কিম্' ইতি। সা করযুগেন বাষ্পজলমুন্মৃজ্য নিজশোকশঙ্কুৎপাটনক্ষমমিব মামবলোক্য শোকহেতুমবোচৎ—'দ্বিজাত্মজ রাজহংসমন্ত্রিণঃ সিতবর্মণঃ কনীয়ানাত্মজঃ সত্যবর্মা তীর্থযাত্রাভিলাষেণ দেশমেনমাগচ্ছৎ। স কস্মিংশ্চিদগ্রহারে কালীং নাম কস্যচি-দ্ভূসুরস্য নন্দিনীং বিবাহ্য তস্যা অনপত্যতয়া গৌরীং নামতদ্ভগিনীং কাঞ্চনকান্তিং পরিণীয় তস্যামেকং তনয়মলভত। কালী সাসূয়মেকদা ধাত্র্যা ময়া সহ বালমেনমেকেন মিষেণানীয় তটিন্যামেতস্যামক্ষিপৎ। করেণৈকেন বালমুদ্ধৃত্যাপরেণ প্লবমানা নদী-বেগাগতস্য কস্যচিত্তরোঃ শাখামবলম্ব্য তত্র শিশুং নিধায় নদীবেগেনোহ্যমানা কেনচিত্ত-রুলগ্নেন কালভোগিনাঽহমদংশি। মদবলম্বীভূতো ভূরুহোঽয়মস্মিন্দেশে তীরমগমৎ। গরলস্যোদ্দীপনতয়া ময়ি মৃতায়ামরণ্যে কশ্চন শরণ্যো নাস্তীতি ময়া শোচ্যতে' ইতি।

ততো বিষমবিষজ্বালাবলীঢাবয়বা সা ধরণীতলে ন্যপতৎ। দয়াবিষ্টহৃদয়োঽহং মন্ত্রবলেন বিষব্যবস্থামপনেতুমক্ষমঃ সমীপকুঞ্জেষ্বোষধিবিশেষমন্বিষ্য প্রত্যাগতো ব্যুৎক্রান্ত-জীবিতাং তাং ব্যালোকয়ম্। তদনু তস্যাঃ পাবকসংস্কারং বিরচ্য শোকাকুলচেতা বালমেনমগতিমাদায় সত্যবর্মবৃত্তান্তশ্রবণবেলায়াং তন্নিবাসাগ্রহারনামধেয়স্যাশ্রুততয়া তদন্বেষণমশক্যমিত্যালোচ্য ভবদমাত্যতনয়স্য ভবানেবাভিরক্ষিতেতি ভবন্তমেনমনয়ম্' ইতি। তন্নিশম্য সত্যবর্মস্থিতেঃ সম্যগনিশ্চিততয়া খিন্নমানসো নরপতিঃ সুমতয়ে মন্ত্রিণে সোমদত্তং নাম তদনুজতনয়মর্পিতবান্। সোঽপি সোদরমাগতমিব মন্যমানো বিশেষেণ পুপোষ।

এবং মিলিতেন কুমারমণ্ডলেন বালকেলীরনুভবন্নধিরূঢ়ানেকবাহনো রাজবাহনোঽনু-ক্রমেণ চৌলোপনয়নাদিসংস্কারজাতমলভত। ততঃ সকললিপিজ্ঞানং নিখিলদেশীয়-ভাষাপাণ্ডিত্যং ষড়ঙ্গসহিতবেদসমুদায়কোবিদত্বং কাব্যনাটকাখ্যানকাখ্যায়িকেতিহাসচিত্র-কথাসহিতপুরাণগণনৈপুণ্যং ধর্মশব্দজ্যোতিস্তর্কমীমাংসাদিসমস্তশাস্ত্রনিকরচাতুর্যং কৌটিল্যকামন্দকীয়াদিনীতিপটলকৌশলং বীণাদ্যশেষবাদ্যদাক্ষ্যং সঙ্গীতসাহিত্যহারিত্বং মণিমন্ত্রৌষধাদিমায়াপ্রপঞ্চচুঞ্চুত্বং মাতঙ্গতুরঙ্গাদিবাহনারোহণপাটবং বিবিধায়ুধপ্রয়োগচণত্বং

চৌর্যদুরোদরাদিকপটকলাপ্রৌঢ়ত্বং চ কুমারনিকরং নিরীক্ষ্য মহীবল্লভঃ সঃ 'অহং শত্রুজনদুর্লভঃ' ইতি পরমানন্দমমন্দমবিন্দত।

॥ ইতি শ্রীদণ্ডিনঃ কৃতৌ দশকুমারচরিতে কুমারোৎপত্তির্নাম প্রথম উচ্ছ্বাসঃ ॥

× × × × × × × × × × × × × দ্বিতীয়োচ্ছ্বাসঃ × × × × × × × × × × × × ×

অথৈকদা বামদেবঃ সকলকলাকুশলেন কুসুমসায়ক-সংশয়িতসৌন্দর্যেণ কল্পিতসোদর্যেণ সাহসোপহসিতকুমারেণ সুকুমারেণ জয়ধ্বজাতপবারণকুলিশাঙ্কিতকরেণ কুমারনিকরেণ পরিবেষ্টিতং রাজানমানতশিরসং সমভিগম্য তেন তাং কৃতাং পরিচর্যামঙ্গীকৃত্য নির্জরচরণ-কমলযুগলমিলন্মধুকরায়মাণকাকপক্ষং বিদলিষ্যমাণবিপক্ষং কুমারচয়ং গাঢ়মালিঙ্গ্য মিতসত্যবাক্যেন বিহিতাশীরভ্যভাষত—'ভুবল্লভ ভবদীয়মনোরথফলমিব সমৃদ্ধলাবণ্যং তারুণ্যং নূতমিত্রো ভবৎপুত্রোহনুভবতি। সহচরসমেতস্য নূনমেতস্য দিগ্বিজয়ারম্ভসময় এষঃ। তদস্য সকলক্লেশসহস্য রাজবাহনস্য দিগ্বিজয়প্রয়াণং ক্রিয়তাম্' ইতি। কুমারা মারাভিরামা রামাদ্যপৌরুষা রুষা ভস্মীকৃতারয়ো রথোপহসিতসমীরণা রণাভিযানেন যানেনাভ্যুদয়াশংসং রাজানমকার্ষুঃ। তৎসাচিব্যমিতরেষাং বিধায় সমুচিতাং বুদ্ধিমুপদিশ্য শুভে মুহূর্তে সপরিবারং কুমারং বিজয়ায় বিসসর্জ।

রাজবাহনো মঙ্গলসূচকং শুভশকুনং বিলোকয়ন্দেশং কঞ্চিদতিক্রম্য বিন্ধ্যাটবীম-ধ্যমবিশৎ। তত্র হেতিহতিকিণাঙ্কং কালায়সকর্কশকায়ং যজ্ঞোপবীতেনানুমেয়বিপ্রভাবং ব্যক্তকিরাতপ্রভাবং লোচনপরুষং কমপি পুরুষং দদর্শ। তেন বিহিতপূজনো রাজবাহনো-ঽভাষত—'ননু মানব জনসঙ্গরহিতে মৃগহিতে ঘোরপ্রচার কান্তারে বিন্ধ্যাটবীমধ্যে ভবানেকাকী কিমিতি নিবসতি। ভবদংসোপনীতং যজ্ঞোপবীতং ভূসুরভাবং দ্যোতয়তি। হেতিহতিভিঃ কিরাতরীতিরনুমীয়তে। কথয় কিমেতৎ' ইতি। 'তেজোময়োঽয়ং মানুষমাত্রপৌরুষো নূনং ন ভবতি' ইতি মত্বা স পুরুষস্তদ্বয়স্যমুখান্নামজননে বিজ্ঞায় তস্মৈ নিজবৃত্তান্তমকথয়ৎ—'রাজনন্দন কেচিদস্যামটব্যাং বেদাদিবিদ্যাভ্যাসমপহায় নিজকুলা-চারং দূরীকৃত্য সত্যশৌচাদিধর্মব্রাতং পরিহৃত্য কিল্বিষমন্বিষ্যন্তঃ পুলিন্দপুরোগমা-স্তদন্নমুপভুঞ্জানা বহবো ব্রাহ্মণব্রুবা নিবসন্তি। তেষু কস্যচিৎপুত্রো নিন্দাপাত্রচারিত্রো মাতঙ্গো নামাহং সহ কিরাত-বলেন জনপদং প্রবিশ্য গ্রামেষু ধনিনঃ স্ত্রীবাল-সহিতা-নানীয়াটব্যাং বন্ধনে নিধায় তেষাং সকল-ধনমপহরন্নুদ্ধত্য বীতদয়ো ব্যচরম্। কদাচি-দেকস্মিন্-কান্তারে মদীয়সহচরগণেন জিঘাংস্যমানং ভূসুর-মেকমবলোক্য দয়ায়ত্তচিত্তোঽ-ব্রবম্—'ননু পাপাঃ ন হন্তব্যো ব্রাহ্মণঃ' ইতি। তে রোষারুণনয়না মাং বহুধা নিরভর্ৎসয়ন্। তেষাং ভাষণপারুষ্যমসহিষ্ণু রহমবনিসুররক্ষণায় চিরং প্রযুধ্য তৈরভি-হতো গতজীবিতোঽভবম্ ততঃ প্রেতপুরীমুপেত্য তত্র দেহধারাভিঃ পুরুষৈঃ পরি-বেষ্টিতং সভামধ্যে রত্নখচিত-সিংহাসনাসীনং শমনং বিলোক্য তস্মৈ দণ্ডপ্রণামমকরবম্।

সোঽপি মামবেক্ষ্য চিত্রগুপ্তং নাম নিজামাত্যমাহূয় তমবোচৎ—সচিব নৈষোঽমুষ্য মৃত্যুসময়ঃ। নিন্দিতচরিতোঽপ্যয়ং মহীসুরনিমিত্তং গতজীবিতোঽভূৎ। ইতঃ প্রভৃতি বিগলিতকল্মষস্যাস্য পুণ্যকর্মকরণে রুচিরুদেষ্যতি। পাপিষ্ঠৈরনুভূয়মানমত্র যাতনাবিশেষং বিলোক্য পুনরপি পূর্বশরীরমনেন গম্যতাম্' ইতি। চিত্রগুপ্তোঽপি

তত্র তত্র সন্তপ্তেষ্বায়সস্তম্ভেষু বধ্যমানান্‌, অত্যুষ্ণীকৃতে বিততশরাবে তৈলে নিক্ষিপ্য-মানান্‌, লগুড়ৈর্জর্জরীকৃতাবয়বান্‌, নিশিতটঙ্কৈঃ পরিতক্ষ্যমাণানপি দর্শয়িত্বা পুণ্য-বুদ্ধিমুপদিশ্য মামমুঞ্চৎ। তদেব পূর্বশরীরমহং প্রাপ্তো মহাটবীমধ্যে শীতলোপচারং রচয়তা মহীসুরেণ পরীক্ষ্যমাণঃ শিলায়াং শয়িতঃ ক্ষণমতিষ্ঠম্‌।

তদনু বিদিতোদন্তো মদীয়-বংশবন্ধুগণঃ সহসাগত্য মন্দিরমানীয় মামপক্রান্ত-ব্রণমকরোৎ। দ্বিজন্মা কৃতজ্ঞো মহ্যমক্ষরশিক্ষাং বিধায় বিবিধাগমতন্ত্রমাখ্যায় কল্মষক্ষয়কারণং সদা-চারমুপদিশ্য জ্ঞানেক্ষণগম্যমানস্য শশিখণ্ডশেখরস্য পূজাবিধানমভিধায় পূজাং মৎকৃতামঙ্গীকৃত্য নিরগাৎ। তদারভ্যাহং কিরাতকৃতসংসর্গং বন্ধুকুলবর্গমুৎসৃজ্য সকললোকৈকগুরুমিন্দুকলাবতংসং চেতসি স্মরন্ন-স্মিন্‌কাননে দূরীকৃতকলঙ্কো বসামি দেব ভবতে বিজ্ঞাপনীয়ং রহস্যং কিঞ্চিদস্তি। আগম্যতাম্‌' ইতি।

স বয়স্যগণাদপনীয় রহসি পুনরেনমভাষত—'রাজন্‌! অতীতে নিশান্তে গৌরীপতিঃ স্বপ্নসংনিহিতো নিদ্রামুদিতলোচনং বিবোধ্য প্রসন্নবদনকান্তিঃ প্রশ্রয়ানতং মামবোচৎ—'মাতঙ্গ, দণ্ডকারণ্যান্তরালগামিন্যাস্তটিন্যাস্তীরভূমৌ সিদ্ধসাধ্যারাধ্যমানস্য স্ফটিকলিঙ্গস্য পশ্চাদদ্রিপতিকন্যাপদপংক্তিচিহ্নিতস্যাশ্মনঃ সবিধে বিধেরাননমিব কিমপি বিলং বিদ্যতে। তৎপ্রবিশ্য তত্র নিক্ষিপ্তং তাম্রশাসনং শাসনং বিধাতুরিব সমাদায় বিধিং তদুপদিষ্টং দিষ্টবিজয়মিব বিধায় পাতাল-লোকাধীশ্বরেণ ভবতা ভবিতব্যম্‌। ভবৎ-সাহায্যকরো রাজকুমারোঽদ্য শ্বো বা সমাগমিষ্যতি' ইতি। তদাদেশানুগুণমেব ভবদা-গমনমভূৎ। সাধনাভিলাষিণো মম তোষিণো রচয় সাহায্যম্‌' ইতি। 'তথা' ইতি রাজবাহনঃ সাকং মাতঙ্গেন নমিতোত্তমাঙ্গেন বিহায়ার্ধরাত্রে নিদ্রাপরতন্ত্রং মিত্রগণং বনান্তরমবাপ।

তদনু তদনুচরাঃ কল্যে সকল্যেন রাজকুমারমনবলোকয়ন্তো বিষণ্ণহৃদয়াস্তেষু তেষু বনেষু সম্যগন্বিষ্যানবেক্ষমাণা এতদন্বেষণমনীষয়া দেশান্তরং চরিষ্ণবোঽতি-সহিষ্ণবো নিশ্চিতপুনঃ সঙ্গমসঙ্কেতস্থানাঃ পরস্পরং বিযুজ্য যযুঃ।

লোকৈকবীরেণ কুমারেণ রক্ষ্যমাণঃ সন্তুষ্টান্তরঙ্গো মাতঙ্গোঽপি বিলং শশিশেখর-কথিতাভিজ্ঞানপরিজ্ঞাতং নিঃশঙ্কং প্রবিশ্য গৃহীততাম্রশাসনো রসাতলং পথা তেনৈবো-পেত্য তত্র কস্যচিৎপত্তনস্য নিকটে কেলীকাননকাসারস্য বিততসারসস্য সমীপে নানা-বিধেনেশশাসনবিধানোপপাদিতেন হবিষা হোমং বিরচ্য প্রত্যূহপরিহারিণি সবিস্ময়ং বিলোকয়তি রাজবাহনে সমিদাজ্যসমুজ্জ্বলিতে জ্বলনে পুণ্যগেহং দেহং মন্ত্রপূর্বক-মাহুতীকৃত্য তড়িৎসমানকান্তিং দিব্যাং তনুমলভত।

ক্ষণপরে স্থাবরকের গাড়ি চেপে বসন্তসেনা এলেন। পর্দা উঠিয়ে তাঁকে দেখে শকার পূর্ববৎ প্রসাদিত করার চেষ্টা করল—বসন্তসেনা অটল। অতঃপর ভীতি প্রদর্শন। বিট অনেক চাতুর্য অবলম্বন করল তাঁকে রক্ষা করবার—কিন্তু শকার অটল। বিটের অলক্ষ্যে বসন্তসেনার গলা টিপে অচৈতন্য করে মৃত ভেবে পাতায় ঢাকল তার দেহ, তারপর অন্তর্হিত হলো সে। স্থাবরক পাছে ব্যাপারটা প্রকাশ করে এই ভেবে আপন অট্টালিকার ছাদে নিগড়বন্ধ করে রাখল তাকে। প্রবেশ করল সংবাহক। পুষ্প-করণ্ডকের সরোবরে স্নান সেরে কৌপীন শুকোবার স্থান খুঁজছিল ও। পাতার আড়ালে বসন্তসেনার তখন জ্ঞান ফিরেছে। দুঃসময়ের উদ্ধারিকাকে চিনল সংবাহক। কৃতজ্ঞ-চিত্তে তাঁর জ্ঞান ফিরিয়ে বৌদ্ধমঠে নিয়ে গেল তাঁকে সুস্থ করবার জন্য।

শকার ভাবল ব্যাপারটা প্রকাশ পেলে কি হবে বলা কঠিন অতএব নিজেই গিয়ে রাজার অধিকরণে নালিশ জানাল চারুদত্ত অলঙ্কারের লোভে বসন্তসেনাকে হত্যা করেছে। জটিল সমস্যা। এলেন বসন্তসেনার জননী, আনা হলো চারুদত্তকে ; জননী বলছেন—এ-ব্রাহ্মণ হত্যা করতে পারেন না তাঁর কন্যাকে, শকার বলে ওই মেরেছে। আরম্ভ হলো জেরা। দুর্ভাগ্য যেন পণ করেছে চারুদত্তের বিরুদ্ধে। বসন্তসেনা সেই যে অলঙ্কার দিয়েছিলেন রোহসেনকে, চারুদত্ত সেগুলি ফিরিয়ে দেওয়ার জন্য সমর্পণ করেছিলেন মৈত্রেয়র হাতে। অমন করে কারুর দান নেওয়া তাঁর মর্যাদায় বেধেছিল। মৈত্রেয় চলে-ছিলেন বসন্তসেনার বাড়ি। পথে খবর পেয়ে এলেন বিচারালয়ে। শকারের অভিযোগ শুনে আস্ফালন শুরু করতেই কক্ষ থেকে খসে পড়ল অলঙ্কারের রাশি। কে আর কার কথা শোনে। আধিকরণিক বললেন—মৃত্যুই এর দণ্ড। তবে ব্রাহ্মণ অবধ্য, একে নির্বাসিত কর। কিন্তু রাজা পালক বার্তা শুনে হুকুম দিলেন—শূলে দাও।

দক্ষিণ শ্মশানে দুজন চণ্ডাল নিয়ে চলল চারুদত্তকে। নগরীর গবাক্ষপথে শতশত অশ্রুসিক্ত নয়ন ব্যর্থ প্রতিবাদ করল। স্থাবরক ছিল শকারের বাড়ির ছাদে শৃংখলবদ্ধ। চণ্ডালের ঘোষণা শুনে চীৎকার করে সমস্ত ঘটনা ব্যক্ত করল। দুর্মদ আকর্ষণে শৃঙ্খলও ছিন্ন হলো। স্থাবরক নামল রাজপথে। শকারও ছুটল পেছনে, তার অপূর্ব মিথ্যার জালে সত্য আবার ঢাকা পড়ল। চণ্ডালেরা স্বকার্যে প্রস্তুত। জীবন-মৃত্যুর সন্ধিক্ষণে চারুদত্ত, সম্মুখে দাঁড়িয়ে পুত্র রোহসেন। সহসা এসে দাঁড়াল ভিক্ষু সংবাহক বসন্তসেনাকে নিয়ে। বৌদ্ধমঠে সুস্থ হয়ে বসন্তসেনা ভিক্ষুকে অনুরোধ করেছিলেন—দয়িতের গৃহে নিয়ে যাওয়ার জন্য। পথে শুনলেন দারুণ সংবাদ। রুদ্ধশ্বাসে গিয়ে পৌঁছলেন বধ্যভূমিতে। ঘাতকের উদ্যত হস্ত নিরস্ত হলো যেন মন্ত্রবলে। প্রবেশ করল শর্বিলক। বড় উত্তেজিত তিনি—কেননা সদ্য রাজা পালককে বধ করেছেন আর্যক। নূতন রাজার আদেশে এসেছে মৃত্যুপথযাত্রীকে উদ্ধার করতে। চারুদত্ত জীবিত শুনে কৃতার্থ হলো তাঁর শ্রবণ। শর্বিলক জানালেন, আর্যক প্রিয়বন্ধু চারুদত্তকে বেণানদীর তীরে বিস্তীর্ণ রাজ্য দান করেছেন। শর্বিলকের আদেশে শকারকে বন্ধন করে আনা হলো—সে চাইল চারুদত্তের করুণা। ব্রাহ্মণ বললেন—'অভয়ম্ অভয়ং শরণাগতস্য।'

রক্ষা পেল শকার। ধূতাদেবী স্বামীর আসন্ন বিয়োগের আশংকায় অগ্নিতে আত্ম-দানে উদ্যত হয়েছিলেন। সবাই ত্বরিতগতিতে গিয়ে তাঁকে অমৃতবাণী শোনালেন।

রাজাদেশে বধ্য আখ্যা লাভ করলেন বসন্তসেনা—ধূতাদেবী আলিঙ্গন করলেন তাঁকে। অপূর্ণ রইল না কিছু। সংবাহক হলেন বৌদ্ধমঠের অধিপতি; শকার তার আগের কাজেই রইল।

প্রাসঙ্গিক কথা

(ক) মৃচ্ছকটিক : প্রকরণ

আলঙ্কারিকগণ মৃচ্ছকটিককে বলেছেন—'প্রকরণ', প্রকরণ নাটকেরই এক বিশেষ রূপভেদ। প্রকরণের কাহিনীটি লৌকিক এবং কবির স্বকপোলকল্পিত হবে। অর্থাৎ পৌরাণিক হবে না, অলৌকিকত্বও থাকবে না তাতে। শৃঙ্গার এতে প্রধান রস; নায়ক হবেন ব্রাহ্মণ, রাজার অমাত্য কিংবা বণিক। ধর্ম, অর্থ, কামে তিনি ব্রতী থাকবেন কিন্তু জীবন তাঁর বিঘ্নসংকুল হবে। তাঁর স্বভাবটি ধীর, প্রশান্ত হওয়া চাই। নায়িকা হবেন কুলস্ত্রী কিংবা গণিকা অথবা দুই-ই। এতে ধূর্ত, জুয়াড়ী, বিট, প্রভৃতি পাত্রের সমাবেশ থাকবে। যে সম্ভোগের খাতিরে সম্পদ খুইয়েছে, নাচে গানে কিছু পটু, জুয়া খেলায় পটু, গণিকালয়ের রীতিনীতি জানে, লোকের ভালবাসা কাড়তে পারে—তেমন লোককে বলা হয়েছে বিট্। চেট শব্দের অর্থ ভৃত্য। লক্ষণ দেখে বোঝা যায় নাটকের মতো উত্তুঙ্গ কোন মহিমায় মণ্ডিত হবে না প্রকরণ।

মৃচ্ছকটিকম্-এ প্রকরণের এই লক্ষণগুলি বর্তমান। এর নায়ক চারুদত্ত বিপ্র এবং বণিক। শৃঙ্গার এর রস। এক নায়িকা ধূতা কুলকামিনী, দ্বিতীয়া বসন্তসেনা বারবণিতা। কাহিনী কবির কল্পিত; বিট, চেট, ধূর্ত আদির অভাব নেই এতে। অতএব মৃচ্ছকটিকম্ একটি প্রকরণ।

(খ) নামকরণ

প্রকরণের নাম মৃচ্ছকটিকম্। মৃৎ=মৃত্তিকা। শকটিকা=ছোট্ট শকট বা গাড়ি। মৃৎ+শকটিকা=মৃচ্ছকটিকা, মাটির ছোট শকট। ষষ্ঠ অঙ্কে এই ক্ষুদ্র মাটির গাড়ির বৃত্তান্ত আছে। চারুদত্তের শিশুপুত্র রোহসেন পাশের বাড়ির এক ধনী বণিকের পুত্রের ছোট্ট সোনার গাড়ি নিয়ে খেলছিল। সে ওটি নিয়ে যাবার পর রোহসেন কান্না জুড়ে দিল। চারুদত্তের দাসী রদনিকা একটা মাটির গাড়ি এনে তাকে সামলাবার চেষ্টা করল কিন্তু ভবী ভোলবার নয়। ঘটনাস্থলে বসন্তসেনা হাজির ছিলেন, গায়ের গয়নাগুলো খুলে দিলেন সোনার গাড়ি তৈরি করাবার জন্য। এই গয়না অতঃপর নাটকে দুর্বার গতি এনেছিল এবং মাটির গাড়িই গয়না দেবার মূল বলে নাটকের নাম হলো মৃচ্ছকটিকম্।

কথা হলো, সোনার গাড়ির জন্য যে গয়না দেওয়া হলো তা যদি রূপকটিতে বিশিষ্ট অংশ গ্রহণ করে থাকে তবে স্নুবর্ণশকটিকম্ নাম হলো না কেন?

একটি কারণ, মৃচ্ছকটিকম্ নামটি কৌতূহল উদ্রেক করে। মাটির গাড়ি নিয়ে নাটক? পাঠকের পক্ষে যেন চুম্বকের কাজ করে।

আর এক কথা, চারুদত্তের দান হেতু দারিদ্র্য উন্মোচন করা এ-নাটকের স্থানে-স্থানে লক্ষ্য বলে বোঝা যায়। ঐ দারিদ্র্য তাঁর বিত্তকে হরণ করেছে কিন্তু চিত্তকে বড় করেছে।

একাধিকবার বসন্তসেনা বলেছেন তাই তিনি তাঁকে ভালবাসেন। ঐ মাটির গাড়ি প্রতিপাদন করেছে তাঁর নিঃস্বতা। একদা অনেক সোনার গাড়ি দেবার সামর্থ্য ছিল যাঁর আজ মাটির খেলনাই তাঁর একমাত্র সন্তানকে দেয়। এই দরিদ্রের পায়ে ধনজনযৌবনবতী বসন্তসেনা তনুমনপ্রাণ ঢেলে দিয়েছিলেন—এতে তাঁর প্রেমের গভীরত্ব উদ্‌ঘাটিত হয়েছে। শূদ্রক বারাঙ্গনার প্রেমে নিকষিত হেম আবিষ্কার করবার অধিকারী ছিলেন।

এছাড়াও সুবর্ণশকটিকম্‌ নাম হয়নি এই কারণে যে সুবর্ণ পরবর্তীকালে বহু কর্ম সম্পাদন করলেও সেই কর্মধারা গতি পেয়েছিল মাটির গাড়ির প্রত্যাখ্যান থেকে। সুতরাং 'মৃচ্ছকটিকম্‌'—এই নামই যুক্তিসঙ্গত।

নাট্যশাস্ত্র প্রণেতাদের নিয়ম মতো কিন্তু নাম হওয়া উচিত ছিল বসন্তসেনা-চারুদত্তম্‌, কেন না ওঁদের মতে 'নায়িকানায়কাখ্যানাং সংজ্ঞা প্রকরণাদিষু' (সাহিত্যদর্পণ, ৬.১৫৮)—প্রকরণ প্রভৃতিতে গ্রন্থের নামকরণ হবে নায়িকা এবং নায়কের নাম দিয়ে, যথা মালতী-মাধবম্‌। মৃচ্ছকটিকম্‌-এর ক্ষেত্রে নামটি গর্ভিত অর্থের প্রকাশক, যেটি নাটকের বেলায় ঘটবে। এখানে বক্তব্য এই যে প্রতিভাবান্‌ সর্বত্র লিখিত বিধি মেনে চলেন না, তার প্রমাণ বহুত্র বহু আর্যপ্রয়োগ। —এই কারণেই রামচরণ তর্কবাগীশ প্রকরণের নামের ঐ নিয়ম সম্পর্কে বলেছেন, 'এতৎ প্রায়িকম্‌'—এটা প্রায়শঃ মেনে চলা হয় অর্থাৎ সর্বত্র নয়।

(গ) নাট্যকার ঃ কাল

মৃচ্ছকটিকম্‌-এর রচয়িতা রাজা শূদ্রক। কবেকার এবং কোথাকার রাজা আজও তার হদিস মেলে নি। Sten Konow তাঁর Indian Drama-তে যেসব মত সংগ্রহ করেছেন তাতে দেখা যায় খৃষ্টপূর্ব দ্বিতীয় শতাব্দী থেকে খৃষ্টীয় ষষ্ঠ শতাব্দী পর্যন্ত রূপকটির কাল অবধারণ করেছেন পণ্ডিতবর্গ। ভাস-এর চারুদত্ত চার অঙ্কে পাওয়া যায় একালে। এমন মত আছে এই চারুদত্তই মৃচ্ছকটিকম্‌-এর ভিত্তি। নান্দীর পরে প্রস্তাবনায় কবির পরিচিতি আছে। সাধারণত এই পরিচয় কবি স্বয়ং দেন। তখনকার দিনের রীতি অনুযায়ী এতে আপন গৌরব আপনি কীর্তন করা দোষাবহ বিবেচিত হতো না। তৃতীয় শ্লোকের মর্মকথা—শূদ্রক বিখ্যাত কবি। গজরাজের মতো তাঁর চলন। দেহ সুঠাম। মুখখানি পৌর্ণমাসীর চাঁদের মতো। চোখ দুটি যেন চকোরের অনুকৃতি। এরপরের শ্লোকের সার হলো—তিনি ঋক্‌বেদ, সামবেদ, গণিত, কলাবিদ্যা, হস্তিবিষয়ক শিক্ষা• আয়ত্ত করেছিলেন। মহাদেবের কৃপায় তাঁর দুটি চক্ষু রোগমুক্ত হয়েছিল। ছেলেকে সিংহাসনে বসিয়ে, অশ্বমেধ যজ্ঞ করে একশ বছর দশ দিন বেঁচে শূদ্রক অগ্নিতে প্রবেশ করেন।

যুগযুগান্ত থেকে বিভিন্ন গ্রন্থে এবং জনশ্রুতিতে শূদ্রক একজন কীর্তিমান পুরুষ এবং তাঁর নামের সঙ্গেই অচ্ছেদ্যভাবে জড়িত রয়েছে মৃচ্ছকটিকম্‌। তাঁর কাল সম্বন্ধে এটুকু বলা যায় যে বামন তাঁর প্রসিদ্ধ গ্রন্থ কাব্যালঙ্কার সূত্রে শ্লেষের উদাহরণ দিতে গিয়ে বলেছেন ঃ 'শূদ্রকাদিরচিতেষু প্রবন্ধেষু অস্য ভূয়ান্‌ প্রপঞ্চো দৃশ্যতে'—শূদ্রক প্রভৃতির রচিত কাব্যে এর প্রচুর দৃষ্টান্ত আছে। এখানে শূদ্রকের নামমাত্র গৃহীত হয়েছে কিন্তু বিশেষোক্তির দৃষ্টান্তরূপে বামন উদ্ধৃত করেছেন ঃ

'দ্যূতং হিনাম পুরুষস্য অসিংহাসনং রাজ্যম্'—পাশাখেলা হলো আসলে পুরুষের সিংহাসনবিহীন রাজ্য। এই ছত্রটি মৃচ্ছকটিকম্-এর দ্বিতীয় অঙ্কে এক পাশাখেলোয়াড় দর্দুরকের উক্তি। বামন খৃষ্টীয় অষ্টম শতাব্দীর শেষ দিকের লেখক সুতরাং মৃচ্ছকটিকম্ তার পূর্ববর্তী, এই সিদ্ধান্ত যুক্তিসঙ্গত।

(ঘ) উৎস

প্রকরণের কাহিনী ইতিহাস পুরাণাদি হতে নেবার প্রয়োজন নেই পরন্তু তার কাহিনী কবির মন থেকে আবির্ভূত হবে এই হলো রীতি। মৃচ্ছকটিকম্ সে-রীতিতে প্রতিষ্ঠিত কারণ চারুদত্ত, বসন্তসেনা, শার্বিলক বা দর্দুরক্ কেউ বিখ্যাত নন। তবু এ-কাহিনীতে কবির মৌলিক স্বত্ব আছে কিনা এ-প্রশ্ন ওঠে। ভাস শূদ্রকের পূর্ববর্তী চার-অঙ্কের একটি রূপক 'চারুদত্ত' তাঁর রচনা। মৃচ্ছকটিকম্-এ যেখানে বসন্তসেনা চারুদত্তের প্রেরিত রত্নহার সঙ্গে নিয়ে মেঘমেদুর এক সন্ধ্যায় চারুদত্তের গৃহে আসছেন অভিসারে, ভাসের চারুদত্ত সেইখানে সহসা থেমে গেছে। ভাসের এটি অন্তিম এবং অপূর্ণ রচনা বলে অনুমিত। বিশেষজ্ঞগণের মতে মৃচ্ছকটিকম্-এর কাহিনী মৌলিক নয়, তার জন্মভূমি ভাসের চারুদত্ত। চার-অঙ্কের বিষয় বাদ দিলে অতিরিক্ত ছয়-অঙ্কের ক্রিয়াকলাপ, কবিরই সৃষ্টি। তাই প্রকরণের যা দাবী, কাহিনীটি মৌলিক হবে, তা প্রতিপালিত হয়েছে মৃচ্ছকটিকম্-এ। অন্ততঃ এটি পৌরাণিক বা ঐতিহাসিক নয়।

(ঙ) সাধারণ আলোচনা

মৃচ্ছকটিকম্ সংস্কৃত-সাহিত্যের অনন্য সৃষ্টি কারণ অন্যত্র মহাকাব্য বা নাটকে যেখানে একটি বৃহৎ আদর্শ রচনাই গূঢ় কথা সেখানে শূদ্রক একটি রক্ত-মাংসে গড়া সমাজের ছবি যেমন দেখেছেন তেমনি হাজির করেছেন। কাব্য তো রামাদিবৎ প্রবর্তিতব্যম্'—কাব্য থেকে রাম প্রভৃতির মতো আচরণ শিখতে হবে এবং 'ন রাবণাদিবৎ' —রাবণ প্রভৃতির মতো নয়—এই হলো মহাজনকথিত নীতি (কাব্যপ্রকাশ, প্রথম উল্লাস) এই রূপকে তাদৃশ রাম অনুপস্থিত এবং রাবণেরও একান্ত অভাব অতএব বিধি এবং নিষেধ কোনটিরই দৃষ্টান্ত নেই। আপন পত্নীতে অসন্তুষ্ট এবং গণিকার প্রেমে নিমগ্ন হয়ে তাকে কলত্ররূপে গ্রহণকারী চারুদত্ত রামাদিবৎ নন, যদি চ তিনি বহুগুণে গুণী। বসন্তসেনা গণিকা কিন্তু প্রেমে পূর্ণা এবং গৃহজীবনের জন্য উৎসুক।

বসন্তসেনা বা মদনিকার যা গুণ তা একান্তই ব্যক্তিগত। তার দ্বারা সমাজে একটি শ্রেণীর গুণবত্তা প্রতিষ্ঠিত হয় নি। দেশে সেকালে বারাঙ্গনার সঙ্গে গৃহস্থ ব্রাহ্মণের বিবাহ চালু ছিল এমন ঐতিহাসিক উপকরণও জানা নেই। দশম-অঙ্কে এই প্রকরণ যখন সমাপ্তির মুখে তখন শর্বিলক বলছেন: 'আর্যে বসন্তসেনে, পরিতুষ্টো রাজা ভবতীং বধূশব্দেন অনুগৃহ্ণাতি'—আর্যা বসন্তসেনা, রাজা খুশি হয়ে আপনাকে বধূ-শব্দের দ্বারা সম্মানিত করেছেন। ফলত রাজার অনুমোদন পেয়েই এই বিবাহ সিদ্ধ হয়েছিল। সুতরাং ঈদৃশ বিবাহের চলন ছিল না বলে সেই বিবাহের অনুষ্ঠান সাহিত্যে কবির এক দুঃসাহসিক কর্ম সম্পাদন। তিনি কি এই ইঙ্গিত করেছেন যে অপাংক্তেয় জীবন যাপন করে যারা পংক্তিতে উঠতে চায় এইভাবে সমাজ তাদের গ্রহণ করুক?

কিন্তু কথা উঠেছিল এই প্রকরণে আদর্শ চরিত্র নিয়ে। কবির কোন নর বা কোন

নারীই মহৎ বা বৃহৎ নয়, আটপৌরে মানুষ সব। তাঁর বাস্তব দৃষ্টি অতি প্রখর কিন্তু সে-দৃষ্টি মহিমময় নয়, তাতে ব্যাপ্তি নেই। শ্লোকের ছড়াছড়ি রয়েছে এবং তাতে অন্ধকার, বর্ষা, মানুষের চরিত্র, জীবনের নানা পর্যায় সম্পর্কে বহু উক্তি রয়েছে কিন্তু 'লিম্পতীব তমোঽঙ্গানি' (১.৩৪)—অন্ধকার যেন অঙ্গগুলি লেপে দিচ্ছে, ইত্যাদি শ্লোকের প্রাচুর্য নেই। কোথায়ও বর্ণনা যেন শিথিল। স্বাভাবিক অবস্থাটিই অস্ফুট রয়ে গিয়েছে। শর্বিলক সিঁধ কাটতে গিয়ে সর্পদষ্ট হলেন, বিষের জ্বালার অভিনয় করলেন, চিকিৎসা করলেন এবং সঙ্গে-সঙ্গে সুস্থ হয়ে কাজে মন দিলেন। এই দ্রুততা এবং লঘুতা সর্প-দংশনকে বাস্তবসম্মতভাবে উপস্থাপিত করেন নি। এটি তৃতীয়-অঙ্কের ঘটনা। পঞ্চম-অঙ্কের ষষ্ঠ-শ্লোকে মেঘাচ্ছন্ন পরিবেশের বর্ণনা করেছেন কবি ঃ বলে অতি দর্পিত দুর্যোধনের মতো হৃষ্ট ময়ূর গর্জন করছে। পাশাখেলায় হেরে-যাওয়া যুধিষ্ঠির যেমন পথে বেরিয়েছিলেন তেমনি কোকিল নীরব হয়েছে। হাঁসেরা পাণ্ডবদের মতো বন থেকে অজ্ঞাতবাসে চলে গেছে। নিন্দিত দুর্যোধনের সঙ্গে তুলনা দেওয়ায় নৃত্যপর ময়ূরের অনুপম সৌন্দর্যবোধে ব্যাধা ঘটেছে এখানে। পাশা খেলায় হেরে-যাওয়া যুধিষ্ঠিরের পথে ভ্রমণ তাঁর স্বকর্মের ফল, কোকিলের মধ্যে কোন কর্ম তার এই নির্বাসন অর্জন করল তা দুর্বোধ্য এবং পাণ্ডবদের অজ্ঞাতবাসে গমনের কথা শুনলে যে ঐতিহাসিক বিরাট ঘটনার কথা মনে জাগে হাঁসদের বন থেকে অচিনপুরে গমনের পশ্চাতে তার মতো কোন বিপুল পর্বের কিছুমাত্র অস্তিত্ব না থাকায় রসগ্রহণে ব্যাঘাত ঘটেছে। একথা ঠিক যে উপমায় উপমান এবং উপমেয়ের হুবহু মিল থাকে না, তবে তো চাঁদের সঙ্গে মুখের উপমা ব্যর্থ হতো কিংবা পুরুষের সঙ্গে ব্যাঘ্রের তুলনাও চালু হতো না, কিন্তু উপমাটি এমন হবে না যে চিত্ত পুলকিত না হয়ে ক্ষুব্ধ হয়। দুর্যোধনের গর্জন আর ময়ূরের গর্জন এক নয়। এরকম ক্ষেত্র একাধিক আছে। প্রকৃতির ক্ষেত্রে কবির বিশ্লেষণ আছে কিন্তু তা মমকে সর্বত্র সিক্ত করে না। বরং জীবনের নানা চিত্র তাঁর হাতে অনেক বেশি প্রাণময় হয়েছে। কিন্তু এখানেও মানুষ আজ অবধি যে-প্রবৃত্তির বিকাশকে শ্রদ্ধা করেছে তার বিবরণে কবি কিছু কৃপণ। তিনি বসন্তসেনার এবং বিটের লুব্ধ পদসঞ্চার ; পাশার আড্ডার বৃত্তান্ত, মাথুরের হাতে শর্বিলকের লাঞ্ছনা, শর্বিলকের চুরি, ধনী বারস্ত্রীর প্রাসাদবর্ণনা, পুষ্পকরণ্ডকে শকারের হাতে বসন্তসেনার নিগ্রহ এবং শকারের আত্মরক্ষার আয়োজন, বিচারশালার ব্যর্থ কর্ম দীর্ঘ সময় নিয়ে এঁকেছেন কিন্তু সংবাহক যে পাশা ছেড়ে বৌদ্ধ ভিক্ষু হলো কিংবা শর্বিলক যে পালকের শৃঙ্খল থেকে আর্যককে মুক্ত করলেন—এ-সব কথা অতি সংক্ষিপ্ত। বসন্তসেনাকে সূক্ষ্ম বর্ণনায় পরিস্ফুট করেছেন কবি কিন্তু ধূতার বেলায় শুধু বাণী শুনিয়ে ক্ষান্ত হয়েছেন। ধূতার অগ্নি-প্রবেশের চেষ্টাও অল্প রেখায় আঁকা। রূপকের অন্তিম মুহূর্তে ধূতাকে একবার আনতে হয়েছিল বসন্তসেনাকে আলিঙ্গন করবার জন্য। এটি না হলে নাটকের দুখান্তভাব যাই যাই করেও যায় না। সংস্কৃত-নাটকে 'মধুরেণ সমাপয়েৎ' এই নীতি আছেই, লেখক স্বয়ং চারুদত্তের পাদপতিত শকারকে অবধি ছাড়পত্র দিয়েছেন সুতরাং তাঁর ঈপ্সিত নায়িকার সঙ্গে চারুদত্তের মিলনকে নিরঙ্কুশ করতে চাইবেন। পাঠক সেটা প্রত্যক্ষ না করলে নিঃসংশয় হবেন কিনা এই সন্দেহে সতী ধূতাকে (বিদূষকের উক্তি স্মরণীয় ঃ 'অহো সদীএ পহাবো'—আহা সতীর প্রভাব !) রঙ্গমঞ্চে উপস্থিত করলেন। উজ্জয়িনীর বৌদ্ধ মঠ এবং

মহাকাশের মন্দির মৃচ্ছকটিকম্-এ বড় দূরে।

বসন্তসেনা চারুদত্তকে মদনমহোৎসবে কামদেবের মন্দিরে দেখে তাঁর প্রেমে বিহ্বল হয়েছিলেন একথা প্রথম-অঙ্কে বিদূষকের প্রতি শকারের তর্জনে আমরা শুনেছি। দ্বিতীয়-অঙ্কের প্রথম-ভাগে মদনিকার সঙ্গে বসন্তসেনার কথোপকথনেও তাই প্রতিপালিত হয়েছে। এই উৎসবটি অতীতে অনুষ্ঠিত হতো মাঘের শুক্লাপঞ্চমীতে যার নাম বসন্ত-পঞ্চমী। বসন্তপঞ্চমীর পর দিনে-দিনে শুক্লপক্ষ পার হয়েছে, সন্ধ্যাবেলায় চাঁদ ওঠে না, ওঠে বেশ একটু দেরী করে। এমনি কোন দিনে প্রথম-অঙ্কের যবনিকা উঠেছে। বসন্তসেনাকে যখন কালিগোলা অন্ধকারের মধ্যে বিট এবং শকার তাড়া করেছে তখন আকাশে চাঁদ ওঠে নি কিন্তু ঘণ্টা দেড়-দুই পরে চারুদত্ত যখন তাঁকে পেঁাছে দেবার জন্য সঙ্গে নিয়ে বেরিয়েছেন তখন 'উদয়তি হি শশাঙ্কঃ কামিনীগণ্ডপাণ্ডুঃ।'

চারুদত্তের বন্ধু চূর্ণবৃদ্ধ চারুদত্তকে জাতিফুলের গন্ধ জড়ান একটি চাদর বন্ধুর জন্য উপহার পাঠিয়েছেন চারুদত্তের বিদূষক ব্রাহ্মণ মৈত্রেয়ের হাতে—এইখানেই কাহিনীর আরম্ভ। এই চাদর রূপকের একটি উপকরণ। মৈত্রেয় যে-সন্ধ্যায় বন্ধুকে এই চাদর অর্পণ করলেন সেই সন্ধ্যায়ই বসন্তসেনা প্রবেশ করেছিলেন চারুদত্তের গৃহে এবং চারুদত্ত তাঁর দাসী রদনিকা ভেবে বসন্তসেনার গায়ে এই চাদর নিক্ষেপ করেছিলেন পুত্র রোহসেন-এর শীত নিবারণের জন্য। ঐ গন্ধবিধুর উত্তরীয় অতঃপর পথচারী চারুদত্ত বসন্তসেনার মাহুত কর্ণপূরককে এটি পুরস্কার দিয়েছিলেন কারণ সে মনিবের শিকল ছেঁড়া দুষ্ট হাতি দুষ্ট ম্যেড়ককে বশ করে তার কবল থেকে রক্ষা করেছিল এক পরি-ব্রাজককে। পরিব্রাজক হলেন বৌদ্ধ সন্ন্যাসী। দ্বিতীয়-অঙ্কে পাশা-খেলোয়াড় সংবাহক ভিক্ষু হয়েছিল। এদিকে ব্রাহ্মণ চারুদত্ত গৃহদেবতা এবং মাতৃদেবতাদের পুজা নিবেদন করছেন। দুটি মত সহাবস্থান করছে সমাজে।

ঐ উত্তরীয়ই চারুদত্ত দিয়েছিলেন কারণ তাঁর আর দেবার কিছু ছিল না। দেহে গয়না পরবার জায়গায় অভ্যাসবশে দৃষ্টিপাত কয়েছিলেন তিনি কিন্তু শূন্য দেখে চাদরটি দিলেন। প্রিয় যদি দরিদ্র হয় তবে ধনী প্রেমিকার প্রেম নিবিড়তর হয়। কর্ণ-পূরককে গয়না দিয়ে চাদরটি আত্মসাৎ করেছিলেন বসন্তসেনা।

চারুদত্ত যখন চাদর পেলেন তখন তিনি গৃহদেবতাদের পুজা শেষ করে অনুরোধ করছেন মৈত্রেয়কে চতুষ্পক্ষে মাতৃদেবতাদের পুজা দিয়ে আসবার জন্য। মৈত্রেয় যেতে চান না কারণ অন্ধকার রাজপথে এখন বিট চেট, রাজার প্রিয়পাত্র পুরুষেরা চড়ে বেড়াচ্ছে। সঙ্গে-সঙ্গে মঞ্চে অগ্রে বসন্তসেনা এবং পশ্চাৎ-পশ্চাৎ বিট, শকার এবং চেটি অর্থাৎ ভৃত্যের প্রবেশ ঘটল। শকার হলো রাজা পালকের অবিবাহিতা পত্নীর ভ্রাতা। এর লালসার চিত্র নিখুঁত হয়ে ফুটেছে কবির হাতে। সে মূর্খ, বোকা। তার সংলাপে কবি হাসি জুগিয়েছেন প্রথম এবং অষ্টম অঙ্কে। এই হাসিতে ব্যঙ্গের স্পর্শ আছে। শকার বসন্তসেনাকে বলছেঃ 'কিং দোব্বদী বিঅ পলাঅশি লামভীদা' (১.২৫)—রামের ভয়ে দ্রৌপদীর মতো পালাচ্ছ কেন? দ্রৌপদীর পলায়ন অনৈতিহাসিক। তাও রামের ভয়ে। রামকে অধঃপাতে পাঠিয়ে শকার স্বখাতসলিলে ডুবল। দ্রৌপদীর প্রতি তার একটা বিশেষ আকর্ষণ দেখা যায় এবং কেমন করে সে টের পেয়েছিল যে তার পিছনে অনেক লোক ছুটেছে। তাই চারুদত্তের সদরে অন্ধকারে রদনিকার চুল ধরে বসল—ধরেছি। 'চাণক্যেণেব্ব দোব্বদী' (১.৩৯)—চাণক্য যেমন দ্রৌপদীকে ধরেছিল,

তেমনি। বসন্তসেনা আপন পরিজন থেকে পরিভ্রষ্ট হয়েছেন তাই এই দুর্দৈব। নাম ধরে ডাকলেন তাদের। এই কাপুরুষ ভয়ে চমকে উঠল! কিন্তু পরক্ষণেই বসন্তসেনা যখন 'মাধবিকা' বলে চীৎকার করলেন, পৌরুষ জাগ্রত হলো শকারের, বলল, 'ইত্থিয়াণং শদং মালেমি। শূলে হগ্গে'—একশটা মেয়েলোক মারতে পারি। আমি বীর।

এই ব্যাপারে বিটও কম যান না। প্রথম-অঙ্কে বসন্তসেনার সঙ্গে উভয়ের আলাপের কিছুটা এইরকম ঃ

বসন্তসেনা ঃ 'অজ্জ, অবলা ক্খু অহম্'—আর্য, আমি অবলা।

বিট ঃ 'অত এব খ্রিয়সে'—তাই তো ধরছি।

শকার ঃ 'অতো ব্জেব ণ মালীঅশি'—তাই তো মেরে ফেলছি না।

লাম্পট্য যে শিক্ষিতকেও আক্রমণ করেছিল এই ব্যাপ্তিটুকু দেখানর জন্যই বিটের আমন্ত্রণ। শকারের সঙ্গী হলেও শিক্ষা তাঁকে শিক্ষিত করেছিল। 'দীনানাং কল্পবৃক্ষঃ'—গরীবদের কল্পতরু ইত্যাদি উক্তিতে (১.৪৮) তিনি চারুদত্তের মাহাত্ম্যের যে-বিশ্লেষণ করেছেন তাতে রাতের ঐ নিকষকালো আঁধারের মধ্যেও তাঁর চরিত্র আলোক বিকীর্ণ করেছে। চারুদত্তের দেহলীতে রদনিকাকে ধরেছিল শকার, ভেবেছিল এই তার বসন্তসেনা। সেই ভুল যখন ভাঙল, তখন বিদূষক মৈত্রেয় হাতের লাঠি তুললেন। বিট সঙ্গে-সঙ্গে তার পায়ে পড়লেন। পা ছেড়ে ওঠার একটিই শর্ত তাঁর ঃ 'যদি ইমং বৃত্তান্তম্ আর্য চারুদত্তস্য ন আখ্যাস্যসি'—যদি এই ঘটনা আর্য চারুদত্তকে না বলেন। মৈত্রেয় প্রতিশ্রুতি দিলেন। বিটের এই প্রার্থনা চারুদত্তকে মহিমান্বিত করেছে, বিটকেও বড় করল। এটা শাস্তির ভয়ে নয় কিন্তু নায়কের জন্য যে শ্রদ্ধা ব্যক্ত করেছেন বিট তাতে বোঝা যায় চারুদত্তের কাছে এই হীন কর্ম প্রকাশিত হওয়া তাঁর পক্ষে লজ্জাকর শকারের প্রশ্ন—'তুমি কাকে ভয় করছ?' বিটের জবাব—'চারুদত্তের গুণকে।'

দোষ করল শকার ক্ষমা চাইলেন বিট। শকারের কিছুমাত্র দুশ্চিন্তা নেই, বিদূষককে একবার বলছে 'বস, বস', আবার বলছে 'ওঠ ওঠ'। এই চরিত্রটিকে চারুদত্তের প্রতিদ্বন্দ্বী খলনায়ক বলা যায় কি না সে চিন্তার বস্তু। শকারের নির্মম কাপুরুষতা এবং উলঙ্গ লালসা, বাক্যের অশালীনতা এবং নির্বুদ্ধিতা নায়ক শব্দটিকে এত দূরবর্তী করেছেন যে 'খল' বিশেষণও তাকে আত্মীয় করতে সঙ্কোচ পায়। এখানে চারুদত্তের সঙ্গে তাঁর তুলনার প্রশ্নই ওঠে না। কখনও একজনের গুণ পার্শ্ববর্তী আর একজনকে হেয় প্রতিপন্ন করে। এখানে কিন্তু অন্যনিরপেক্ষভাবেই শকার অপাংক্তেয়। বসন্তসেনার প্রতি তার আকর্ষণও তার প্রেমের ব্যঞ্জক নয় এ-তার দেহলালসার ছবি। অবশ্য মিলনান্তক যে কোন কাহিনীতে যে-কোন খলনায়কের নায়িকাপ্রাপ্তির আকাঙ্ক্ষাই কামমাত্র, প্রকৃত প্রেম হলে অচরিতার্থতার দরুণ সে কাহিনীতে tragedyর সুর আনবে, তবু তুঙ্গস্থিত নায়কের উত্তুঙ্গতাকে প্রকাশ করবার জন্যই খলনায়কের চরিত্রে বড়র কিছু উপকরণ থাকে। শকার তা থেকে সম্পূর্ণ বঞ্চিত।

ধূতা এই কাহিনীর অন্যতমা নায়িকা বলে কথিত হয়েছেন। এটি চিন্তা করা যেতে পারে। কবি ওঁর এই নাম 'ধূতা' অর্থাৎ কম্পিতা। এই শব্দের অর্থ হতে পারে অস্থির, চঞ্চল। এক্ষেত্রে এটি ধূতাদেবীর স্বভাবের পরিচায়ক এবং তাঁর নায়িকা হওয়ার যোগ্যতার প্রতি কটাক্ষ করেছে। প্রেমরস প্রয়োগে নিপুণ চারুদত্ত ধূতার ব্যাপারে যেন উদাসীন। বসন্তসেনার গয়না চুরি যখন ধরা পড়ল তখন ধূতা পিতৃদত্ত

'চদ্দুস্সমুদ্দসারভূদা রঅণাবলী' (বিদূষক, তৃতীয়-অংক)—চার সমুদ্রের সার রত্নহারটি খেসারত হিসাবে দিলেন বিদূষককে ডাকিয়ে তাঁরই হাতে, বন্ধুকে দেবার জন্যে। চারুদত্ত শূলে যাচ্ছেন শুনে ধূতা অগ্নিপ্রবেশের আয়োজন করেছিলেন। হিন্দুনারীর পক্ষে এটি কর্তব্য বলে পরিগণিত হতো। সেকালে সহমরণ চলিত ছিল বলে মনে হয়। বিদূষক আত্মহনন থেকে বন্ধুপত্নীকে নিবৃত্ত করবার চেষ্টায় বলেছিলেনঃ 'ভোদীএ দাব বম্হণীএ ভিন্নত্তণেণ চিদাধিরোহণং পাবং উদাহরন্তি রিসীও' (দশম-অংক)— আপনি ব্রাহ্মণী, ঋষিরা বলেছেন স্বামী ছাড়া আপনার চিতায় ওঠা পাপ। ধূতা স্বামীর মৃত্যু শোনবার আগেই আগুনে ঝাঁপ দিতে চেয়েছিলেন এটুকুই তাঁর মৌলিক কর্ম।

চারুদত্তের সম্বন্ধে ধূতার আচরণ একটি বিশিষ্ট ধ্যানধারণার প্রতীক। এটি তাঁকে উজ্জ্বল করেছে। কবির স্ত্রী-চরিত্রগুলি সবই দীপ্ত। বসন্তসেনা বারবনিতা কিন্তু মহীয়সী। তাঁর দাসী মদনিকাও তথৈব। এদের জীবিকা নিন্দিত কিন্তু কবির হাতে জীবনটি নন্দিত।

(চ) দৃশ্যস্থাপনার কাল

প্রথম-অঙ্কে অন্ধকার রাজপথে শকার এবং বিট তথা ভৃত্যের বসন্তসেনাকে অনুসরণ করার মধ্যে রাজ্যের উচ্ছৃংখল ভাব ফুটেছে। এটি বিপ্লবের ইঙ্গিত বহন করে।

তদানীন্তন রাজা পালককে আমরা নামে মাত্র পাই কিন্তু তাঁর অপশাসনের মূর্তিটি এতে পরিস্ফুট। তাঁর কণ্ঠ আমরা অন্তরাল থেকে শুনেছি। অধিকরণিক (বিচারপতি) দোষী সাব্যস্ত হওয়ায় চারুদত্তকে ব্রাহ্মণ বলে মনুর বিধানমতে নির্বাসনের আদেশ দিয়েছিলেন কিন্তু পালক সে-আদেশ রদ করে ঢ্যাঁড়া পিটিয়ে দক্ষিণ-শ্মশানে নিয়ে তাঁকে শূলে দেবার হুকুম দিলেন। অতএব তিনি স্বৈরাচারী।

চারুদত্তের বধের আদেশ তাঁর সম্বন্ধে পাঠককে অকরুণ করেছিল। পাঠক জানেন চারুদত্ত নির্দোষ। তাঁর নির্বাসনই তাঁকে ক্ষুব্ধ করেছে তাই পরমুহূর্তে ধর্মশাস্ত্রের অনুশাসন ভেঙে এই শূলদণ্ড যাঁর হাত থেকে এল তাঁর মৃত্যু অন্যায়ের প্রতিবিধান বলে মানুষ মেনে নেয়। এবং যে-পরিমাণে পালক ঘৃণার্হ, সেই পরিমাণেই তাঁর বধের যিনি সম্পাদক সেই ব্যক্তি শ্রদ্ধেয় হলেন। পালক নামটি যেন নামীকে ব্যঙ্গ করছে।

পালক অনুপস্থিত হয়েও এই দৃশ্যকাব্যে যেমন উপস্থিত, আর্যক ক্ষণিক উপস্থিত হয়েও তেমনি চিরকালের জন্য হাজির এখানে কেননা চারুদত্তের দারিদ্র্যের অবসান এবং বসন্তসেনার সঙ্গে তাঁর বিবাহ, যেটি নাটকের মুখ্য কথা, শেষে রেশ রাখে মনে, সেটি তাঁরই কাজ। এই রূপকে ছোট আর একটি কাহিনী মদনিকা-শর্বিলককে নিয়ে। আর্যক-পালকবৃত্তান্ত তৃতীয় কাহিনী। আর্যক বন্দীদশা থেকে মুক্ত হয়ে ছেঁড়া শেকল পায়ে বসন্তসেনার গাড়িতে চেপে পুষ্পকরণ্ডকে হাজির হয়ে যুক্ত হলেন মূল নায়ক চারুদত্তের সঙ্গে। চারুদত্ত গোপনে তাঁর পলায়নের পথ করে দিয়ে ভবিষ্যৎ অভ্যুদয়ের বীজ বপন করলেন। আর্যক পালককে বধ করে মৃত্যুর দ্বার থেকে বাঁচালেন চারুদত্তকে। গণিকা বসন্তসেনা তাঁর হাতেই পেলেন দুর্লভ বধূ শব্দ। এটি সম্ভবতঃ গৃহস্থজীবনের পক্ষে অপরিহার্য ছিল, নইলে কবি ঘটা করে তার উল্লেখ করতেন না।

কারাগার থেকে আর্যককে মুক্ত করেছিলেন শর্বিলক। প্রথম-অঙ্কে বসন্তসেনা চারুদত্তের কাছে যে স্বর্ণভাণ্ড গচ্ছিত রেখেছিলেন তা অপহরণ করে শর্বিলক মূল

কাহিনীর সঙ্গে যুক্ত হয়েছেন। মূল কাহিনীর নায়িকা বসন্তসেনার দাসী মদনিকাকে বিবাহ করেও তাঁর সংযোগ ঘটেছে মূলের সঙ্গে।

দ্বিতীয়-অঙ্কের কাল প্রথম-অঙ্কের নৈশ ঘটনার পরবর্তী প্রভাত। প্রভাত এই কারণে যে বসন্তসেনার তখনও স্নান এবং দেবপূজা হয়নি। দাসী এসে নিবেদন করল 'অজ্জএ, অত্তা অদিসদি, ণাদা ভবিঅ দেবদাণং পূঅং ণিব্বত্তেহি'—আর্যা, মা আদেশ করছেন, স্নান সেরে দেবপূজা করুন। এই প্রভাত প্রথম-অঙ্কেরই রজনীকে অনুসরণ করেছে এই কারণে, যে জাতিকুসুমের গন্ধে বিধুর উত্তরীয় চারুদত্ত পূর্বরাত্রের অন্ধকারে ভ্রমে নিক্ষেপ করেছিলেন বসন্তসেনার গাত্রে, সেটি এই অঙ্কের যবনিকা ওঠাবার আগেই বসন্তসেনার মাহুত কর্ণপূরককে তার সাহসিকতার পুরস্কার স্বরূপ দান করেছিলেন তিনি। মাহুত সেটি মনিবকে দেখাল এবং মনিব প্রশ্ন করলেন—'কণ্ণউরঅ, জাণীহি দাব কিং এসো জাদীকুসুমবাসিদো পাবারআে ণবেত্তি'—কর্ণপূরক, দেখতো এই চাদরে জাতিফুলের গন্ধ আছে কি-না। বিগত রজনীর পরে বেশি বিলম্বে এই ঘটনা ঘটলে ফুলের গন্ধ চাদরে আশা করতেন না নিপুণ নায়িকা।

এই অঙ্কে পাশা খেলার ঘটনা সংবাহককে বসন্তসেনার সঙ্গে মিলিত করল। চারুদত্তের সুখের দিনে সে তাঁর দেহ মর্দন করত। পাশাখেলা নিয়ে রচিত এই দৃশ্যটির সজীবতা বিস্ময় জাগায়। পাশার আড্ডার মালিক মাথুর 'রাজবার্তাহারী' অর্থাৎ রাজ-দূত একথা চতুর্থ অঙ্কের অন্তভাগে আমরা বিদূষকের কাছে শুনতে পাই। সে-যুগের সামাজিক বৃত্তান্তে এই বার্তা গুরুত্বপূর্ণ।' বসন্তসেনা অলঙ্কার দিয়ে সভাপতির হাত থেকে সংবাহককে মুক্ত করলেন। সংবাহক মনের দুঃখে বৌদ্ধ ভিক্ষু হলো। পুষ্প-করণ্ডকে শকারের অত্যাচারে মূর্চ্ছিতা বসন্তসেনাকে সে-ই উদ্ধার করে বৌদ্ধবিহারে নিয়ে যায় এবং সুস্থ করে বধ্যভূমিতে হাজির করে সেই ক্ষণে যখন চণ্ডালেরা চারুদত্তকে শূলে দিচ্ছে।

তৃতীয় অঙ্কের কাল কেউ-কেউ বলেছেন দ্বিতীয় অঙ্কের পরের দিন। এ-মত সংগত মনে হয় না। কারণ রেভিলের গান শুনে চারুদত্ত এবং বিদূষক যখন ফিরলেন তখন ভৃত্য গয়নার পাত্রটি দিলেন বিদূষকের হাতে। বিদূষক বিরক্ত হয়ে বললেন—'অজ্জ বি এদং চিঠ্ঠদি', ইত্যাদি (তৃতীয়-অঙ্ক)—অর্থাৎ এগুলো আজও আছে। এই উজ্জয়িনীতে কি চোরও নেই যে এই দানীর পুত্র 'নিদ্রাচোর'কে চুরি করে নিয়ে যায় না। এই উক্তি স্বর্ণভাণ্ডের দায়িত্বে বেশ কয়েকদিন নিদ্রাহীন রজনী যাপনের পরেই সম্ভব হতে পারে। অতএব তৃতীয়-অঙ্কের ঘটনা দ্বিতীয় অঙ্কের পরের দিন নয়। কতদিন পরে? এই প্রশ্নের জবাবে বলা যায়—'উন্নতকোটিরিন্দুঃ' (৩.৬)—উন্নত অগ্রভাগযুক্ত চন্দ্র (অর্থাৎ দুই প্রান্ত যার সরু এবং উঁচু) অস্ত যাচ্ছেন একথা চারুদত্ত বিদূষককে বলছেন মধ্যরাত্রে ঘরে ফিরে। এটা ফাল্গুন মাসের শুক্লপক্ষের সপ্তমী। অষ্টমী তিথির নিয়ম। প্রথম অঙ্ক যদি মাঘের কৃষ্ণা চতুর্থী বা পঞ্চমীতে হয়ে থাকে তবে দ্বিতীয়-অঙ্ক হয়েছে তার পরের দিন মাঘের কৃষ্ণা পঞ্চমী বা ষষ্ঠীতে এবং তৃতীয়-অঙ্ক যদি চাঁদের রূপ এবং ক্রিয়ার বিচারে ফাল্গুনের শুক্লা সপ্তমী বা অষ্টমীতে হয়ে থাকে তবে দ্বিতীয়-অঙ্ক থেকে তার ব্যবধান হবে ১৬।১৭ দিনের।

তৃতীয় অঙ্কে রেভিলের গান শুনে চারুদত্ত বিদূষকের সঙ্গে গৃহে ফিরলেন গভীর রাত্রে। এই গানের প্রসঙ্গে বিদূষকের একটি মন্তব্য ঔৎসুক্য সঞ্চার করে—'স্ত্রিয়া সংস্কৃতং

পঠন্ত্যা, মনুষ্যেণ চ কাকলীং গায়তা' অর্থাৎ স্ত্রীলোক সংস্কৃত পড়ছে আর পুরুষ মানুষ মিহি সুরে গান গাইছে, এই দুটিতেই বিদূষকের 'হস্সং জাঅদি'—হাসি পায়। চারুদত্তের আবার ঐ ঢঙুটিই ভাল লেগেছে কারণ—'অন্তর্হিতা যদি ভবেদ্ বনিতেতি মন্যে' (৩.৪)—তাঁর মনে হচ্ছিল আড়াল থেকে কোন মেয়েই হয়তো গাইছে। এই অঙ্কের তৃতীয় এবং চতুর্থ শ্লোকে রেভিলের গানের যে বিশ্লেষণ ঘটেছে চারুদত্তের মুখে তা কবির সংগীতবিদ্যার পরিচয় দেয় এবং চারুদত্তের নায়কত্বকে মধুরতর করে। এই গান গভীর রাত অবধি চারুদত্ত এবং বিদূষককে জাগিয়ে রেখে তাঁদের নিদ্রাকে গভীরতর করে শর্বিলকের চৌর্যের সুযোগ এনে দিয়েছে। এই রূপকের অনেক দৃশ্যের মতনই চৌর্যের দৃশ্যটি এক অসাধারণ সৃষ্টি। নাট্যকার বিপুল যত্নে 'ভগবান্ কনকশক্তিপ্রোক্ত' চতুর্বিধ সিঁধ' কাটার বিদ্যাই আয়ত্ত করেন নি, চুরির উদ্যোগ থেকে তার নিষ্পত্তি অবধি যাবতীয় প্রক্রিয়া তাঁর নখদর্পণে। এখানে শর্বিলকের কর্মে ও বাক্যে যে বলিষ্ঠতা প্রকট হয়েছে তা ষষ্ঠ-অঙ্কে পালকের বন্দীশালায় শৃঙ্খলিতচরণ আর্যককে মুক্ত করবার সামর্থ্যের আভাস দিচ্ছে। গয়না অনেক কাজ করেছে এই দৃশ্যকাব্যে। তাকে চারুদত্তের কাছে গচ্ছিত রাখা হলো বলে সে অপহার্য হলো। অতএব চুরি করার এক অপরূপ দৃশ্যের অবতারণা সম্ভব করল। শর্বিলকের হাতে মুক্তি-মূল্য রূপে মদনিকার কাছে হাজির হয়ে অলঙ্কার প্রেমিকার কাছে প্রেমিকের প্রেমের নিবিড়ত্ব ঘোষণা করল। এরই প্রসঙ্গে আড়াল থেকে দুই হৃদয়ের সংবাদ পেলেন বসন্তসেনা। গয়নার ভাঁড় নিলেন, মিলিয়ে দিলেন দুজনকে। গয়না অবশ্য শর্বিলক মুক্তিমূল্য হিসাবে বসন্তসেনাকে দেবার সুযোগ পায় নি, কিন্তু গয়নাই তাঁর অভিপ্রেত মুক্তিমূল্য হলো। আবার অপহৃত গয়নার খেসারত দিতে ধূতা যে রত্নহার দিলেন সেই দান তাঁর চরিত্রকে ফোটাল। হার দিতে এসে বসন্তসেনার প্রাসাদ দেখলেন বিদূষক। এক বিপুল ঐশ্বর্যের বর্ণনা দেবার সুযোগ ঘটল কবির। হার ঘনীভূত করল নায়িকার প্রেম কেন-না সে যার প্রতিনিধি সে বস্তুত ভিন্ন উপাখ্যানের মাধ্যমে ইতিমধ্যেই হাতে এসেছে। আসল কাহিনীটি আড়াল থেকে শুনেছিলেন বসন্তসেনা, কাজেই হার পেয়ে স্বগত উক্তি করলেন—'এই জন্যই ত (তাঁকে) চাই!' গাঢ় প্রেমে তর সইল না সুতরাং সেই সন্ধ্যায়ই গেলেন প্রিয় নিকেতনে এবং নিশা যাপন করে যখন পুষ্পকরণ্ডকের দিকে চললেন তখন গয়নাগুলো সোনার শকট বানাবার জন্য দিলেন চারুদত্তের তনয় রোহসেনকে (ষষ্ঠ-অঙ্ক)। সেই আভরণ নবম-অঙ্কে চারুদত্তের কথায় বসন্তসেনার কাছে ফিরিয়ে নিয়ে যাবার সময় বিদূষক পথে শুনলেন চারুদত্তের বিচার চলেছে বসন্তসেনার হত্যার অপরাধে। প্রবেশ করলেন বিচারশালায়। সেখানে কাঁখ থেকে পড়ে গেল গয়না। বিচারক মেনে নিলেন শকারের অভিযোগ ঃ চারুদত্ত গয়নার লোভে বসন্তসেনাকে হত্যা করেছে। অতঃপর দণ্ড দিলেন নির্বাসন, পালক তা অগ্রাহ্য করে জারি করলেন বধের আদেশ। একটি জড় পদার্থের বিভিন্ন ভাব এবং অবস্থা সৃষ্টির সামর্থ্যের পরিচয় দিলেন কবি।

চতুর্থ-অঙ্কের ঘটনা ঘটেছিল সকালবেলা। সেই দিনেরই রাত্রে পঞ্চম-অঙ্কের অবতারণা। বসন্তসেনা এসেছেন। কে এসেছেন সেই খবর দিতে গিয়ে বসন্তসেনার ভৃত্য কুম্ভীলক এবং বিদূষকের মধ্যে বসন্তসেনার নামটি নিয়ে এক-প্রস্থ ধাঁধা জাতীয় আলোচনা হয়, যার মধ্যে চারুদত্তও লিপ্ত হন। এটি সময়াপহারক। কবির ইচ্ছা ছিল হাস্যরস পরিবেশন করা, যে কাজ আরও বড় উপায়ে তিনি অন্যত্র করে থাটি

আনন্দ দিয়েছেন। পূর্বোক্ত বিট এনেছেন বসন্তসেনার সঙ্গে। বর্ষামুখর সন্ধ্যায় পন্থ বিজন অতি ঘোর, তাই কি বসন্তসেনার সঙ্গে তিনি? অথবা বর্ষার একপ্রস্থ বর্ণনা দেবার জন্যই তাঁকে ডাকলেন কবি? আর কোন কাজ তাঁর এ-অঙ্কে নেই। দেহলীতে পেঁছেই বিদায় দিলেন নায়িকা বিটকে, তিনিও কদর্য গালি দিয়ে প্রস্থান করলেন (৫.৩৬)। আশ্চর্য, এই গালির জবাব ফোটে নি বসন্তসেনার মুখে। চতুর্থ অঙ্কে শর্বিলক এমনই বিশ্রী গালি দিয়েছিলেন মদনিকাকে এবং বসন্তসেনা আড়াল থেকে সব শুনেছেন কিন্তু কোন স্থান থেকে কোন উচ্চবাচ্য হয় নি। বর্ষার বিশ্লেষণ করেছেন কবি সবাইকে দিয়ে। প্রথমে চারুদত্ত বললেন কিছু, অতঃপর কুম্ভীলক, তারপর বিট এবং সবশেষে বসন্তসেনা। বিট বলেছেন: 'নীপঃ প্রদীপায়তে' (৫.১৪)—কদমগাছ প্রদীপের মতো দেখাচ্ছে। এ-বর্ণনা পলকে পরিবেশ রচনা করে কিন্তু বসন্তসেনা যখন বলছেন: 'জ্যোৎস্না দুর্বলভর্তৃকেব বনিতা প্রোৎসার্য মেঘৈর্হৃতাঃ' (৫.২০)—দুর্বল স্বামীর বধূর মতো জ্যোৎস্নাকে মেঘ হরণ করেছে, তখন চিত্ত ভরে না। কবির নাট্যরচনার মেজাজটাই আটপৌরে, তা কালিদাসাদির মতো মনকে দূরে বিসারিত করে না। ফলে প্রকৃতির বিভিন্ন পরিস্থিতিকে যখন কল্পনার সাহায্যে বিশ্লেষণ করছেন, তা সর্বত্র হৃদয়ে পশে না। এই অঙ্কে বসন্তসেনা বলছেন: 'গতা নাশং তারা উপকৃতম্ অসাধাবিব জনে' (৫.২৫)—অসাধু লোককে করা উপকারের মতোই তারাগুলি লোপ পেয়েছে; প্রথম-অঙ্কে অন্ধকারের দুর্ভেদ্যতা বোঝাতে বিট বলেছেন: 'অসৎপুরুষ সেবেব দৃষ্টির্বিফলতং গতা' (১.৩৪)—অসৎ পুরুষকে করা সেবার মতোই দৃষ্টি ব্যর্থ হয়েছে। বসন্তসেনা ইন্দ্রের কাছে প্রার্থনা করছেন—'হে ইন্দ্র, স্বাধীন তুমি যেমন অহল্যার জন্য 'আমি গৌতম' এই মিথ্যা বলেছিলে তেমনি আমার দুঃখও দূর কর' (৫ ৩১)। এখানে পূর্ববর্তী মিথ্যা কথনের সঙ্গে দুঃখ দূর করবার কোন মিল খুঁজে পাই নি।

পঞ্চম-অঙ্কের নাম দিয়েছেন তিনি 'দুর্দিন,' যে-শব্দের অর্থ 'মেঘাচ্ছন্ন দিন' (মেঘাচ্ছন্নেহহ্নি দুর্দিনম্, অমরকোষ)। একথা ঠিক যে বর্ষণমন্দ্রিত অন্ধকারে আবৃত বিভাবরীতে রূপকের এই অঙ্কের ঘটনা ঘটেছিল তাই কবি এর ঐ নাম দিয়েছেন, কিন্তু শব্দের যে বিশেষ অর্থই থাক দুর্ এবং দিন এই দুটি মিলিয়ে যা তৈরি হলো তা তলে তলে দুঃখেরই বাচক। ভানুজি দীক্ষিত দুর্দিন শব্দের ব্যাখ্যায় বলেছেন 'দুর্ নিন্দিতং দিনম্'। মেঘাচ্ছন্ন দিবস বা রজনী বোঝাতে কবি অন্য শব্দ আনতে পারতেন। অঙ্কটি পরমসুখের কেন-না এতে নায়ক এবং নায়িকার পরমবাঞ্ছিত মিলন নিষ্কণ্টক ভাবে দেখান হয়েছে এবং সে মিলন পূর্ণতর হয়েছে ভবিষ্যতে। সুদিনের ছবি রয়েছে এতে অথচ নাম হলো দুর্দিন।

পঞ্চম-অঙ্কে যে রাতে মিলন হলো উভয়ের তারই পরের প্রভাতে ষষ্ঠ-অঙ্কের অবতারণা। এই অঙ্কটি গুরুত্বপূর্ণ। এরই প্রথম-ভাগে বসন্তসেনা সোনার শকট তৈরির জন্য তাঁর অলঙ্কার দিলেন রোহসেনকে। পাশের বাড়ির ছেলের সঙ্গে তার সোনার গাড়ি নিয়ে খেলছিল রোহসেন। ছেলেটি সেটা নিয়ে গেল, রোহসেন কান্না জুড়ল! সোনার গাড়ী নিয়ে খেলা, তা-ও রাজপুত্রের নয়, গৃহস্থের ছেলের, এটি লক্ষ্য করবার। মৃচ্ছকটিক সামাজিক কবিকর্ম। রাজা উজীর এতে পটান্তরিত। কবি স্বয়ং রাজা হয়ে সাধারণ প্রজা নিয়ে নাটক লিখেছেন, এ-তাঁর অন্তরকে ব্যক্ত করেছে।

প্রজার ইচ্ছার এবং শক্তির তিনি জয় দেখিয়েছেন তাঁর রাজ-আদর্শের এটিও চিহ্ন। রাজা হয়ে রাজার বধ ঘটিয়েছেন প্রজার হাতে এবং তার পরেও রাজার কোন উত্তরাধিকারীকে নয়, কোন অভিজাত পুরুষকেও নয় কিন্তু গোপপুত্রকে সিংহাসনে বসিয়েছেন, এও তাঁর স্বাধীন রাজচিন্তার প্রতীক। অতঃপর পুষ্পকরণ্ডকের দিকে যাত্রা করে ভুল করে চাপলেন দরজায় দৈবাৎ দাঁড়ান শকারের গাড়িতে, যেটিরও গন্তব্য ছিল পুষ্পকরণ্ডক। শকারের হুকুম তাই ছিল এবং সে প্রতীক্ষা করছিল সেই জীর্ণোদ্যানে। বসন্তসেনার জন্য যে ঢাকা গাড়ি ছিল নির্দিষ্ট তাতে সদ্য শৃঙ্খল-ভাঙা আর্যক এসে উঠলেন গুপ্তভাবে। চালক বর্ধমানক গাড়িতে ভারী কিছু উঠেছে অনুভব করে না দেখেই চালিয়ে দিল গাড়ি, ভাবল বসন্তসেনাকে নিয়ে চলেছে চারুদত্তের আদেশ মতো পুষ্পকরণ্ডকে। সেইখানে মিলন হবে আর এক দফা। নগরের দুই রক্ষকপ্রধান বীরক এবং চন্দনক তারস্বরে ঘোষণা করেছেন আর্যকের পলায়নের বাহিনী এবং চলমান সমস্ত গাড়ী খুঁজছেন। বর্ধমানকের গাড়ী ধরলেন দুজনে এবং এইখানেও পেয়েও না-পাওয়ার সুন্দর বৃত্তান্ত দাখিল করেছেন কবি। চন্দনক যদি রাজার কাজে অটল থাকতেন, এ রূপকের কাহিনী কোন পথে বাঁক নিত জানি না। তবে রাজপুরুষ শক্তিমান হয়েও রাজার অনুগমন করেন নি। ইতিহাসে এঁরাই বহুত্র ভাঙাগড়ার কাজ করেছেন আড়ালে। চন্দনককে অনুসন্ধানরত অবস্থায় আর্যক বলেছিলেন—'শরণাগতোঽস্মি' এবং তিনিও বলেছিলেন—'অভয়ং শরণাগতস্য'। সেই বাণীই উত্তরণ ঘটাল, 'যদ্ ভবতু তদ্ ভবতু। প্রথমম্ এব অভয়ং দত্তম্'—যা হয় হোক্, গোড়ায়ই অভয় দিয়েছি। আর্যক রক্ষা পেলেন, নূতন ইতিহাস রচিত হলো এই ছাড়পত্রের সুবাদে উজ্জয়িনীতে।

পুষ্পকরণ্ডক উজ্জয়িনী নগর থেকে কত দূরে কবি লেখেন নি। চারুদত্তের শকটের সেইটুকু যেতে যে-সময় লেগেছিল তারপরেই সপ্তম অঙ্কের সুরু। বসন্তসেনার জন্য প্রতীক্ষমাণ চারুদত্ত এবং বিদূষক ছিন্ন শিকল পায়ে আর্যককে গ্রহণ করলেন। তিনি শরণ নিলেন, চারুদত্ত তাঁকে শরণ দিলেন। ভৃত্যকে দিয়ে পায়ের শৃঙ্খল ভাঙিয়ে নিজের গাড়িতে পাঠিয়ে দিলেন তাঁকে তাঁর অভিপ্রেতস্থানে। এই কর্ম এবং উভয়ের এই সখ্য নাটকের মধুর পরিণতির পক্ষে অপরিহার্য ছিল। চারুদত্ত সম্প্রতি দয়িতাকে পেলেন না কিন্তু যাঁকে পেলেন, দয়িতার পরিপূর্ণ প্রাপ্তি তিনিই ঘটিয়েছিলেন। পালক আর্যকের হাতে নিহত না হলে তা ঘটত না। অঙ্কের শেষভাগে চারুদত্ত বসন্তসেনার জন্য উদ্বেগ বহন করে পুষ্পকরণ্ডক ত্যাগ করলেন। সংবাহক তখন সেখানে প্রবেশ করছে।

সংবাহক তখন বৌদ্ধ সন্ন্যাসী ; এখানে পুকুরে কৌপীন ধুতে এসেছিল। অষ্টম অঙ্কের আরম্ভ এইখানে। শকার এবং বিট ইতিমধ্যেই হাজির সেখানে। শকার মেরে ফেলতে চাইল সংবাহককে, বিট কোনক্রমে তাকে বাঁচালেন। শকারের ক্ষুধার উদ্রেক হয়েছে। আকাশের দিকে তাকিয়ে বলছে ঃ 'গহমজ্ঝগদে শূলে দুপ্পেক্খে'—মাঝ আকাশে সূর্যের দিকে তাকান যাচ্ছে না। এ-থেকে বোঝা যায় সপ্তম-অঙ্কের পরেই দুপুরবেলা অষ্টম-অঙ্কের আরম্ভ হয়েছে। ফলতঃ ষষ্ঠ, সপ্তম এবং অষ্টম-অঙ্ক একই দিনে প্রভাতকাল থেকে রূপকে ক্রমে-ক্রমে স্থান পেয়েছে। ষষ্ঠ-অঙ্কে বসন্তসেনা যে ভুল করে শকারের শকটে উঠেছিলেন পুষ্পকরণ্ডকে এসে তার মাশুল দিতে হলো। শকার চাইল বসন্তসেনাকে। তিনি পূর্ববৎ প্রত্যাখ্যান করলেন। শকার ভাবল তার

গাড়োয়ান স্থাবরক এবং বিটের সামনে ও'র সঙ্কোচ হচ্ছে, অতএব বিদায় করল দুজনকে। তবু বসন্তসেনা অটল। এই অবজ্ঞা চারুদত্তের প্রতি প্রেমের বশে—এই ভেবে শকার কণ্ঠরোধ করল, ভাবল সে মৃত। সহসা পুনরাবির্ভাব ঘটল বিট এবং স্থাবরকের। ঘৃণায় বিট শকারকে ছেড়ে চলে গেল। সেইখানে 'যত্র আর্যশর্বিলকচন্দনকপ্রভৃতয়ঃ সন্তি'—যেখানে আর্য শর্বিলক, চন্দনক প্রভৃতি আছেন। কবি আলতোভাবে জানিয়ে দিলেন, পালকের চরণতলে মাটি সরছে।

লাম্পট্যের প্রবণতা থাকলেও যে শিক্ষিত সে শিক্ষিত—এই বোধহয় কবির প্রতিপাদ্য। শকার কুকীর্তি গোপন করবার জন্য ভৃত্যকে প্রাসাদে শিকল দিয়ে বেঁধে রাখবে ভেবে তাকে সরিয়ে দিল সেখান থেকে। শুকনো পাতায় ঢাকল অচেতন বসন্তসেনার দেহ। অত বড় কুকর্ম যে ঢাকা পড়বে না কবি বুঝিয়ে দিলেন সেটি, কারণ হালকা হাওয়াতেই পাতা উড়ে ঢাকা জিনিস বেরিয়ে আসে। তারপর সে পণ করল বসন্তসেনাকে হত্যার অভিযোগ আনবে চারুদত্তের নামে। উপলক্ষ্য—বসন্তসেনা চারুদত্তকে ভালবাসত, অতএব প্রতিহিংসা এবং দ্বিতীয় কথা আত্মরক্ষা। বিট যাঁকে 'নগরশ্রী' (৮·৪৯) অর্থাৎ নগরলক্ষ্মী বলেছেন তাঁর হত্যা (বিটও তাঁকে মৃত ভেবে বহু বিলাপ করেছেন অষ্টম-অঙ্কে) সাড়া জাগাবেই এবং বিট ভৃত্য কি ঘটাবে তারও কোন বিশ্বাস নেই। চরিত্রানুগ কর্ম করল শকার। চারুদত্তের উপরে দোষ আরোপের সুবিধা এই যে তিনি দরিদ্র এবং দুর্বল অধিকন্তু বসন্তসেনার সঙ্গে তাঁর যোগাযোগ আছে। শকার চলল নগরে। সংবাহক তখন কৌপীন শুকোবার সুযোগ খুঁজছে। দেখে শকার চমকে উঠল। তার উক্তি হলো: 'জেণ জেণ গচ্ছামি মগ্গেণ তেণ জ্জেব এশে দুষ্ট শমনকে গহিদকশাওদকং চীবলং আঅচ্ছদি'—যে-পথেই যাই সে-পথেই এই দুষ্ট বৌদ্ধ সন্ন্যাসীটা ভেজা ছোপান কৌপীন নিয়ে হাজির হয়। পরবর্তীকালে সংবাহকই চূড়ান্ত পরাভব ঘটিয়েছিল শকারের জীবনে। তার উদ্ধত গতি রোধ করে দাঁড়িয়েছিল। তারই পূর্বাভাস যেন ফুটে উঠেছে শকারের মনে কবির কৌশলে। পাঁচিল ডিঙিয়ে তাকে এড়িয়ে গেল শকার। সংবাহক যখন রঙ্গমঞ্চে এল তখন বসন্তসেনার জ্ঞান হয়েছে। অলঙ্কৃত হাতখানি নাড়লেন তিনি। দ্বিতীয়-অঙ্কে দ্যূতকর মাথুরকে গয়না দিয়ে যে হাত সংবাহককে মুক্ত করেছিল সেই হাত চিনল সে। চিনিয়ে দিল নিজেকে। 'জাব তাএ বসন্তশেণিআএ বুদ্ধোবাশিআএ পচ্চুবকালং ণ কলেমি'—যতক্ষণ ঐ বুদ্ধের উপাসিকা বসন্তসেনার প্রত্যুপকার সে করতে পারছিল না ততক্ষণ স্বর্গেও তার রুচি জাগছিল না। কৃতার্থ হয়ে সে বৌদ্ধবিহারে নিয়ে গেল তাঁকে। সৎকর্ম সৎকর্মের দ্বারা পুরস্কৃত হয় এই হলো কবির মন্তব্য। তাঁর রচনায় অসুন্দরের সমাবেশ ঘটেছে কিন্তু সুন্দরের সংস্পর্শে তাদের জন্মান্তর ঘটিয়েছে। শকারের পরিবর্তন আমরা প্রত্যক্ষ করি নি কিন্তু 'পশ্চাদ্‌বাহুবন্ধ' অর্থাৎ পিছন দিকে হাত বেঁধে যখন পুরুষেরা তাকে নিয়ে এল এবং 'আর্য চারুদত্ত, পরিত্রাণ করুন' বলে চারুদত্তের পায়ে পড়ে ঘোষণা করল: 'ণ উণ মালায়িশশমু' (দশম অঙ্ক)—আর আপনাকে মারব না, তখন তার অন্যায় থেকে ন্যায়ে উত্তরণে আমাদের আস্থা যদিও এলো না কারণ বসন্তসেনাকে মুহূর্তপরেই 'গর্ভদাসী' বলে সম্বোধন করেছে সে, তবু তাঁর কাছেও ক্ষমা প্রার্থনা তার আপন ভাবের পরিবর্তনের প্রতীক। পৃথিবীর মালিন্য কবিকে নিরাশ করে নি। অন্ধকার যত নিবিড় এবং ব্যাপক হোক, আলো কিছু থাকবেই এবং পরিণামে সে-ই

জয়ী হবে—এই তাঁর রূপকের বাণী।

নবম অঙ্কে ২৩ সংখ্যক শ্লোকে নগররক্ষী বীরক বলছে—গাড়িতে কে চলেছে দেখতে গিয়ে, চন্দনকের 'পাদপ্রহার' খেয়ে দুঃখ করতে-করতে, 'কথমপি রাত্রিঃ প্রভাতা মে'—কোনমতে আমার রাত ভোর হয়েছে—এবার বিচারশালায় যাই। পাদপ্রহার ষষ্ঠ-অঙ্কের ঘটনা। ষষ্ঠ থেকে অষ্টম অঙ্ক একদিনের ব্যাপার সুতরাং এই তিন-অঙ্ক যেদিনের তার পরের দিন সকালেই নবম-অঙ্কের আরম্ভ।

এই অঙ্কে শকার অভিযোগ আনল চারুদত্তের বিরুদ্ধে—তিনি অর্থের লোভে বসন্তসেনাকে পুষ্পকরণ্ডকে হত্যা করেছেন। বিচারক চেয়েছিলেন দুষ্ট শকারের অভিযোগ অন্যদিন শুনবেন, কিন্তু সে বলল—তাহলে সে তার ভগ্নীপতি রাজা পালক এবং তার মা এবং ভগিনীকে বলে 'এদং অধিঅলণিঅং দূলে ফেলিঅ' এই বিচারপতিকে দূরে ফেলে দিয়ে অন্য বিচারক বসাবে। অগত্যা বিচারপতিকে শকারের অভিযোগ শুনতে হলো।

বিচারপতি বিচারপতিই বটেন। তিনি 'ক্রোধন' নন, 'তুল্যো মিত্রপরস্বকেষু'—বন্ধু, পর এবং আপনজনে সমান, 'ন লোভান্বিতঃ' ঘুষ নেন না (৯.৫)। এই অঙ্ক পড়লে প্রাচীন ভারতের বিচারপদ্ধতির একটি বিশদ চিত্র মেলে। কত সহজ এবং দ্রুত বিচারের পদ্ধতি, কত শিষ্ট ছিল বিচারশালার ব্যবহার। বিচারকের ব্যক্তিত্বের সঙ্গে শিষ্টতার অপূর্ব মিশ্রণ ঘটেছে। তিনি চারুদত্ত এবং শকার দুজনকেই চিনতেন তাই গোড়ায় অভিযোগ বিশ্বাস করতে চান নি কিন্তু সাক্ষ্য প্রমাণ চারুদত্তের প্রতিকূলে গেল।

এই বিচারপর্বে একটি গুরুতর ত্রুটি হলো, বীরকের জবানী পরখ করে দেখা হয় নি। সে পুষ্পকরণ্ডকে তদন্ত করে এসে বলল: 'দিট্ঠং চ মএ ইত্থিয়াকলেবরং সাবদেহিং বিলুপ্পন্তম্'—দেখলাম, একটি স্ত্রীলোকের কলেবর শ্বাপদে খেয়ে শেষ করছে। সেটা যে পুরুষের নয় এটা বিচারক বীরকের কাছ থেকে হলফ করিয়ে নিলেন দেহের অবশিষ্ট চুল, হাত, পা ইত্যাদির বর্ণনা নিয়ে কিন্তু তিনি যা সিদ্ধান্ত নিলেন তা হলো যেহেতু পুষ্পকরণ্ডকে মৃত স্ত্রীলোক, সে বসন্তসেনা। বীরক বসন্তসেনাকে চিনত কিনা সে-প্রশ্নও বিচারক তোলেন নি, তিনি শুধু দেখতে বলেছিলেন: 'তত্র কাচিদ্ বিপন্না স্ত্রী ন বা ইতি'—সেখানে কোন স্ত্রীলোক মরে রয়েছে কি-না। বোঝা যাচ্ছে পূর্ব হতেই বিচারপতি এই ধারণায় অভিভূত যে স্ত্রীলোকের মৃতদেহ যদি ওখানে থেকে থাকে তবে সে নির্ঘাত বসন্তসেনার। শোধনক বা কায়স্থ বা শ্রেষ্ঠী কেউ এর প্রতিবাদ করলেন না। শ্রেষ্ঠী, এবং কায়স্থের প্রশ্ন হলো: 'কথং ত্বয়া জ্ঞাতং স্ত্রীকলেবরম্ ইতি?'—কেমন করে জানলে সেটা নারীর দেহ? বীরক চুলের, হাতের, পায়ের কথা বলল। বিচারক বললেন: 'আর্য চারুদত্ত, সত্যম্ অভিধীয়তাম্'—আর্য চারুদত্ত, সত্য বলুন। অর্থাৎ আমরা বুঝলাম ঐ মহিলা বসন্তসেনা এবং আপনিই তাকে হত্যা করেছেন, এবার আপনি কি বলেন?

আর একটি অপূর্ণতার কথা এই প্রসঙ্গে মনে আসে। বীরক পাদপ্রহার লাভ করেছিল চারুদত্তের ঢাকা গাড়ি দেখবার প্রসঙ্গে। সেই চারুদত্ত অভিযুক্ত হয়ে সম্মুখে দণ্ডায়মান। বিচারক যখন প্রশ্ন করলেন: জান কার সেই গাড়ি? বীরক বলল: 'ইমস্স অকুচারুদত্তস্স'—এই আর্য চারুদত্তের। যাঁর গাড়ির সুবাদে লাথি, তাঁর প্রতি

বিতৃষ্ণা প্রশ্নাতীত নয়। গাড়িতে বসন্তসেনা চলেছিলেন বিহার করতে এবং সেই বসন্তসেনাকে হত্যার অভিযোগ আনা হয়েছে চারুদত্তের নামে। বিচারশালায় প্রবেশ করে এ-সংবাদ সে অবশ্য সংগ্রহ করেছিল রাজরক্ষীর স্বাভাবিক কৌতূহলের বশে, যদিও নাটাকার সে-সম্বন্ধে মৌন—কিন্তু সে যাইহোক পূর্বোক্ত কারণে চারুদত্তের একটা সাজা পাওয়া তার কাম্য হওয়া সম্ভব হতে পারে এবং সেক্ষেত্রে তাকে দিয়ে অভিযোগ প্রমাণের একটা গুরুত্বপূর্ণ উপকরণ সম্বন্ধে অনুসন্ধান করান উচিত কিনা নিরপেক্ষ এবং উন্নত বিচারকের এটা ভাবা সঙ্গত ছিল। বিচারপ্রার্থী ক্ষুব্ধ বীরক যে সত্যই কোন মৃত নারীদেহ দেখেছিল তাই বা কে বলবে ? আরও কথা, বিচারক বলেছিলেন ঃ 'বীরক, পশ্চাদিহ ভবতো ন্যায়ং দ্রক্ষ্যামঃ'—বীরক, তোমার অভিযোগ পরে দেখব। তারপরেই তিনি তাকে পুষ্পকরণ্ডকে পাঠান। সে জানত যা আছে কিনা দেখতে তাকে আদেশ করা হলো সেটি আছে বললে অকাট্য প্রমাণ বলে মামলার সঙ্গে-সঙ্গে নিষ্পত্তি ঘটবে এবং নেই বললে চলবে আরও কিছুক্ষণ। প্রথম ক্ষেত্রে তার অভিযোগের বিচার হয়তো আরম্ভ হবে সদ্য-সদ্য এবং দ্বিতীয় ক্ষেত্রে কখন বা কবে হবে তার ঠিকানা নেই। ক্রুদ্ধ অভিযোগী, লাথির অপমানে 'অণুসোঅন্তস্স ইয়ং কধং পি রত্তী পভাদা' (৯.২৩) দুঃখ করতে-করতে যার কোন মতে রাত কেটেছে, সে কোন্‌টা চাইবে ? সে নগররক্ষী, যা বলবে বিচারক তা-ই মানবেন এ সে জানত। বস্তুত বিচারক তার উক্তিকে যাচাই করেন নি।

এই দুর্বলতাগুলি নাট্যকারের দৃষ্টি হয়তো আকর্ষণ করে নি অথবা পালকের বিরুদ্ধে বিতৃষ্ণা জাগাবার উদ্দেশ্যে ইচ্ছাপূর্বকই তিনি তাঁর রাজত্বে বিচারশালায়ও অযোগ্যতা সপ্রমাণ করতে চেয়েছেন। দ্বিতীয় সম্ভাবনাটি লঘুতর কেন না বিচারক এবং বিচারগৃহের যে সৌম্য গাম্ভীর্য তিনি চিত্রিত করেছেন তাতে এর স্থান সুসমঞ্জস নয়।

নবম-অঙ্কের কিছু পরেই দশম-অঙ্কের যবনিকা উঠল। নবম-অঙ্কে রাজা পালক আদেশ দিয়েছেন চারুদত্তকে শূলে দিতে এবং বিচারক সেই উদ্দেশ্যে চণ্ডালদের আদেশ দিয়ে বেরিয়ে গেলেন। অতঃপর শোধনকও চারুদত্তকে নিয়ে অগ্রসর হলেন। এইখানেই নবম-অঙ্কের ইতি। তারপরেই চারুদত্তকে নিয়ে দুজন চণ্ডালের প্রবেশ ঘটল দশম-অঙ্কে। চারুদত্তের সারা গায়ে রক্তচন্দন লিপ্ত করে তাতে চালের গুঁড়ো ছড়িয়ে দেওয়া হয়েছে, তাঁর গলায় করবীফুলের মালা, কাঁধে শূল। দুজন চণ্ডাল তাঁকে বধ্যভূমিতে নিয়ে যাচ্ছে। সেকালের শূলে দেবার ছবিটি লিপিবদ্ধ করেছেন কবি। মশানে পেঁছিবার আগে পাঁচ জায়গায় ঢোল বাজিয়ে ঘোষণা করা হলো কাকে কোন্ অপরাধে বধের দণ্ড দেওয়া হচ্ছে। এই পাঁচবার ঘোষণার মধ্যবর্তী কালে কবি ঘটনা-বিন্যাসের সুযোগ পেয়েছেন।* নবম-অঙ্কে চারুদত্ত বিদূষকের কাছে রোহসেনকে দেখতে চেয়েছিলেন। প্রথমবারে ঘোষণার পরেই বিদূষক তাঁকে নিয়ে পেঁছিলেন। এক করুণ দৃশ্যের অবতারণা হলো। সংস্কৃত-নাট্যসাহিত্যে শিশু-চরিত্রের ছড়াছড়ি নেই। শিশুর অবিবেচনার আব্দার অভিভাবককে কেমন বিপাকে ফেলতে পারে এইটে দেখান কবির অভিপ্রায় ছিল কিনা জানি না কেননা রোহসেনের সোনার গাড়ির বায়না বসন্তসেনাকে গয়না দিতে উদ্বুদ্ধ করেছিল এবং সেই গয়না তাঁর মৃত্যুদণ্ডকে সুলভ করেছে, কিন্তু এই অঙ্কে তার বার্তালাপ এইরকম ঃ

রোহসেন—বাবাকে কোথায় নিয়ে যাচ্ছ ?

চারুদত্ত—বাছা, বধ করবার জায়গায় যাচ্ছি।

রোহসেন—বাবাকে ছেড়ে দাও, আমাকে মেরে ফেল।

এগিয়ে চলেছে চণ্ডালেরা মশানের দিকে। দ্বিতীয় ঘোষণার জায়গায় আবার তারস্বরে দণ্ডের আদেশ উচ্চারণ করবার পরেই শৃংখলিত স্থাবরকের প্রবেশ। শকার তাকে বেঁধে রেখেছিল ঘরের দালানে, পাছে পুষ্পকরণ্ডকে বসন্তসেনার হত্যার ব্যাপার সে প্রকাশ করে দেয়। সত্য যেন প্রাণপণে আত্মপ্রকাশের চেষ্টা করছে। এইটেই তার ধর্ম, কবির বিন্যাসে তা স্পষ্ট হয়েছে। স্থাবরক জীবনকে তুচ্ছ করে মনিবের কুকীর্তি জানিয়ে দিল চণ্ডালদের, শকারের সামনেই কিন্তু অপূর্ব কৌশলে শকার তার উক্তি খণ্ডিত করে তাকে দূর করে দিল। মেঘের আড়ালে সূর্য ফুটিফুটি করেও ফুটতে পারল না। তৃতীয় স্থানে ঘোষণা হলো। কবি একটি নিপুণ কবিকর্ম সম্পাদন করলেন এবার। প্রথম চণ্ডাল বীরক যখন সহযোগীর কাছে শুনল তারই আজ বধকার্যের পালা তখন বলল তার পিতা বলেছিলেন—'বধ্যকে হঠাৎ বধ করিস না।' কারণ একগাদা, তার মধ্যে একটি হলো ঃ 'কদাবি লাঅপলিপত্তে হোদি তেণ শব্ববজ্ঝাণং মোক্খে হোদি'—কখনও যদি রাজপরিবর্তন ঘটে তাতে সব বধ্য মুক্ত হয়ে যায়। এই উক্তি শকারকে চকিত কিন্তু পাঠককে পুলকিত করল। ট্রাজেডিতে পরবর্তী ঘটনার ছায়া পড়ে পূর্ব ঘটনায়, কমেডিতে বিস্ময়ের সুযোগ আছে। আকস্মিকতা আনন্দ আনতে পারে কিন্তু পূর্ব আভাসে অভিপ্রেত ঘটনাটি অনুমান করবার সুযোগ পেলে পাঠকের আত্মগৌরব চরিতার্থ হয়। এতে রচনা আকর্ষণীয় হয়। এছাড়া এখানে কবির কাছে একটি গুরুত্বপূর্ণ প্রশ্ন ছিল। পালকের মৃত্যু এই রূপকে সামগ্রিকভাবে ট্রাজিডির ছায়া ফেলে নি কিন্তু ব্যক্তিবিশেষ, যেমন, শকারের কাছে তা ট্রাজিডিই বটে। মনে হয় কবি তার মনে এই আসন্ন সর্বনাশের ইঙ্গিত করতে চেয়েছিলেন।' চণ্ডাল বীরকের উক্তি শুনে শকার চীৎকার করে উঠেছিল ঃ 'কিং কিং লাঅপলিপত্তে হোদি!' —কি, কি, রাজার পরিবর্তন? বস্তুত পালকের মৃত্যু যাদের কাছে দুঃখ হয়ে দেখা দিল এবং যাদের কাছে সেইরূপে এল না এই উভয় পক্ষকেই কবি একটি উক্তিতে আলিঙ্গন করেছেন।

চতুর্থস্থানে ঘোষণা হলো। এই সময়ে বৌদ্ধবিহারে সুস্থ হয়ে ভিক্ষু সংবাহকের সঙ্গে বসন্তসেনা রাজপথে পা দিলেন চারুদত্তের গৃহে যাবেন বলে। চণ্ডালেরা ততক্ষণে কর্মের কেন্দ্রে পৌঁছে গেছে। শেষ ঘোষণা করল তারা এবং তার মর্ম বুঝে সংবাহক বোঝাল বসন্তসেনাকে। দ্রুত হলো পদক্ষেপ। ততক্ষণে চণ্ডাল খড়্গ তুলেছে কিন্তু তা খসে পড়ল হাত থেকে। বধ যে হবে না তা বোঝাবার এটি একটি সাধারণ কৌশল। এবার শূলে তুলতে গেল দুই চণ্ডাল। সেই মুহূর্তে বসন্তসেনা বলছেন ঃ 'অজ্জা, মা দাব, মা দাব। অজ্জা, এসা অহং মন্দভাইণী জাএ কারণাদো এসো বাবাদীঅদি'—মহাশয়েরা, থামুন, থামুন, এই আমি সেই হতভাগিনী যার জন্য এঁকে বধ করা হচ্ছে। শকার পালাল। চণ্ডালেরা বলল—রাজার আদেশ, বসন্তসেনাকে যে মেরেছে তাকে মারতে হবে। তারা শকারের পশ্চাৎ ছুটল। ইতিমধ্যে পালক নিহত হলেন আর্যকের হাতে। শকারকে ধরে আনল জনতা। শর্বিলক তাকে শূলে দিতে যাচ্ছেন—কিন্তু সে শরণ নিল চারুদত্তের এবং চারুদত্তের উক্তি হলো ঃ 'শস্ত্রেণ ন হন্তব্য, উপকারহতস্তু কর্তব্যঃ' (১০ ৫৫)—অস্ত্র দিয়ে ওকে মেরো না, উপকার দিয়ে বধ কর। লক্ষ্য করবার বিষয় হলো—যে দুই ব্যক্তি চারুদত্তের বধের ব্যবস্থা করেছিলেন, বধ্য

হলেন তাঁরাই, অভ্যুদয় হলো চারুদত্তের। কবি মনুর ভক্ত। মনুর উক্তি অনুসরণ করেই তাঁর বিচারক চারুদত্তকে ব্রাহ্মণ বলে অবধ্য ঘোষণা করেছিলেন। মনুরই অব্যর্থ কণ্ঠের প্রতিধ্বনি জাগে তাঁর গ্রন্থে: 'অধর্মেণৈধতে তাবৎ, ততো ভদ্রাণি পশ্যতি। ততঃ সপত্নান্ জয়তি, সমূলস্তু বিনশ্যতি' (মনুসংহিতা, ৪.১৭৪)—অধর্মের দ্বারা প্রথমে বড় হয়, তারপর ধন সম্পদ প্রচুর লাভ করে, ক্রমে শত্রুদেরও জয় করে কিন্তু অন্তিমে সমূলে ধ্বংস হয়।

আর একটি বাণীও কান পাতলে শোনা যায়: ভাল ভালকেই শুধু শক্তি জোগায় না, খারাপকেও ভাল করে। চারুদত্তের জীবন বসন্তসেনাকে মুগ্ধ করে বারবধূ থেকে গৃহবধূতে উত্তীর্ণ করল। শর্বিলকের প্রেম মদনিকাকেও সেই পরমবাঞ্ছিত আশ্রয় দিল। বসন্তসেনার ঔদার্য পাশায় সব-খোয়ান সংবাহকের পোষাককে গেরুয়ায় রাঙাল, এবং যার অসাধারণ দুর্বুদ্ধি এবং দুষ্কর্ম এই প্রকরণের তীব্র গতির মূল সেই শকারও, চারুদত্তের পায়ে পড়ে বলল: 'পুণো ন ঈদিশং কলিস্শম্'—আর এমন করব না।

'কাব্যতো রামাদিবৎ প্রবর্তিতব্যম্'—প্রাচীন ভারতবর্ষের কাব্যরচনার এই শালপ্রাংশু আদর্শ নাই বা রইল এতে কারণ এর কুশীলবের কর-চরণ ধরণীর ধূলায় ধূসর কিন্তু অশুভের কাছে অধুনা পরাহত মানুষের শুভশক্তির প্রতি কবি তাঁর অব্যর্থ বিশ্বাসের স্বাক্ষর রাখলেন মৃচ্ছকটিকম্-এ।

শ্রীতারাপদ চক্রবর্তী

অনুবাদকের নিবেদন

শর্বিলকের কাটা সিঁধ দেখে চারুদত্ত সবিস্ময়ে বলেছিলেন : 'অহো দর্শনীয়োঽয়ং সন্ধিঃ ! শূদ্রক সিঁধ কেটেছিলেন ভাসের 'দরিদ্র-চারুদত্তে'র ঘরে, আশ্চর্য কৌশলে। ভাস সেই সিঁধ দেখে বলতে পারতেন 'অহো দর্শনীয়োঽয়ং সন্ধিঃ'। শূদ্রক পরের ঘরে সিঁধ কেটে নাট্যরত্নের ভাণ্ডটি অপহরণ করলেন বটে, কিন্তু তা দিয়ে তিনি যে 'রত্নহার' গড়লেন তা কাব্যকান্তার কণ্ঠে কমনীয় হয়ে রইল।

'মৃচ্ছকটিকে'র অনুবাদ করতে-করতে মনে হলো সেই প্রাচীন উজ্জয়িনী পরিক্রমা করে এলাম। ভ্রমণের আনন্দ পেলাম কিন্তু ভাষান্তরে উজ্জয়িনীর সেই মোহিনী মূর্তিটিকে ধরা গেল না। মূর্তিটি ভাষা দিয়ে আঁকা। বহু ভাষা—বহু রঙের ভাষা। সংস্কৃতকে ছাপিয়ে প্রাকৃতের বিচিত্র কলধ্বনি। মহারাষ্ট্রী, শৌরসেনী আর মাগধী সহোদরার মতো হাত ধরাধরি করে চলেছে। সূত্রধারও যেন ভুল করে সাজানো সংস্কৃতে কথা শুরু করে প্রকৃতিকে ফিরে পেলেন—প্রাকৃতে প্রকাশ করলেন নিজেকে। প্রাকৃতের সঙ্গে মাঝে-মাঝে মিশে আছে অপভ্রংশ—কোনটি চণ্ডালী কোনটি বা ঢক্কী। এ-নাটক যখন লেখা হয়েছে তখনকার ভাষা প্রায় অপভ্রংশের কাছাকাছি পৌঁছেছিল মনে হয়।

যার মুখে যে-ভাষা মানায় নাট্যকার তাই তার মুখে বসিয়েছেন, তবে মিশ্রণ ঘটেছে বহুক্ষেত্রেই। মৈত্রেয়-শকার, মৈত্রেয়-কুম্ভীলক, শকার-চেট, শকার-বিট, সভিক-দ্যূতকর-দর্দুরক, বীরক-চন্দনক, আহীন্ত-গোহ—কত সংলাপ আর কী জীবন্ত সেই সংলাপ। শর্বিলক নিজের গুণগান করতে গিয়ে বলেছে 'বাগ্ দেশভাষান্তরে'—আমি বিভিন্ন দেশী-ভাষায় সরস্বতী। এ তো শূদ্রকের নিজেরই কথা! তাই তো তিনি ওরকম আশ্চর্য-স্বাভাবিক সংলাপ রচনা করতে পারেন। সংস্কৃতায়িত রূপের মধ্যে এইসব সংলাপের রস অলভ্য, তাই প্রাকৃতের দিকে চোখ রেখেই এর অনুবাদ করতে হয়েছে, কারণ মূল বাগ্‌বিধি বা ইডিয়ম আছে সেইখানেই। এই প্রসঙ্গে 'আপনি-তুমি-তুই'-সমস্যা দেখা দিয়েছে অনেক ক্ষেত্রে। মূলে একই পাত্রকে 'ত্বং' ও 'ভবান্' বলা হচ্ছে, তাই তা দেখে বোঝাবার উপায় নেই, বুঝতে হবে তার পারিবারিক বা সামাজিক মর্যাদা (স্ট্যাটাস) দেখে। সেখানেও সংশয় দেখা দিয়েছে কোন-কোন ক্ষেত্রে। 'তুমি' থেকে 'তুই'তে নেমে এসেছি যেখানে বচসাটি শেষ পর্যন্ত মুদারা থেকে তারা-গ্রামে পৌঁছেছে।

অনেক শব্দই ভাবিয়ে তুলেছে, যেমন 'শলাবকে'। কেউ বলেছেন এর সংস্কৃত রূপ হবে 'চার্বাকঃ', কেউ বলছেন 'শরাবকঃ', কেউ বলছেন 'শ্রাবকঃ'। এসব ক্ষেত্রে যেটি ভাষাতত্ত্বসম্মত এবং প্রসঙ্গের সঙ্গে যার বেশি সম্পর্ক সেইটিই গ্রহণ করেছি। বহু শাস্ত্রবিদ নাট্যকারেরা বিচিত্র পরিবেশ ও জনসমাজের বর্ণনায় এমন অনেক শব্দ ব্যবহার করেছেন যা নিয়ে মতান্তরের অবকাশ আছে। প্রসঙ্গকথায় এ-নিয়ে আলোচনা করা হয়েছে।

এর পরের কথা সমাস-সমস্যা। মহামহোপাধ্যায় হরিদাস সিদ্ধান্তবাগীশ মহাশয় মৃচ্ছকটিকের ভাষারীতি সম্বন্ধে বলেছেন 'বাহুল্যেন বৈদর্ভী রীতিঃ'। 'অল্পবৃত্তিরবৃত্তির্বা বৈদর্ভী রীতি রিষ্যতে'। কিন্তু মাঝেমাঝে 'সমাসভূয়স্ত্বম্' বেশ সমস্যাতেই ফেলেছে। একটু ভাঙচুর করতেই হয়েছে। নান্দী শ্লোকটি বৈদগ্ধ্যদীপ্ত হলেও অনুবাদকের পক্ষে তা নান্দী অর্থাৎ আনন্দপ্রদ হয়ে ওঠেনি। পর্যঙ্কগ্রন্থিবন্ধদ্বিগুণিতভুজগাশ্লেষ-

সংবীত জানোঃ ইত্যাদি শ্লোকাংশকে ভুজগাশ্লেষ বলেই মনে হয়েছে। এই আশ্লেষ ছাড়াতে যে বেগ পেতে হয়েছে তা অকপটে স্বীকার্য।

ভাষান্তর করতে গিয়ে ভাসের 'চারুদত্তে'র কথা অনেক ক্ষেত্রে (চতুর্থ অঙ্ক পর্যন্ত) মনে পড়েছে। প্রসঙ্গকথায় যথাস্থানে তা আলোচনা করেছি। গতানুগতিকতার বাধন-ছেঁড়া এই নাটকটি, যাকে বলা হয়েছে 'the most Shakespearian of all Sanskrit plays' ভাষা ও সাহিত্য প্রেমিকদের কাছে এক রত্নখনি। জিজ্ঞাসু বিদ্যার্থীর মন নিয়েই নাটকটিকে ভাষান্তরিত করতে চেষ্টা করেছি। মনে হচ্ছে, একটা শর্করাখণ্ডকে নাড়তে গিয়ে ভেঙে ফেললাম। তবে ভরসা এই—'জয়ি সক্কর সয় খণ্ড থিয় তো ইস মিঠী চুরি'—শর্করা শত খণ্ড হলেও তার চূর্ণ মাধুর্য ত্যাগ করে না।

সূক্তিরত্নাবলী

(বর্ণানুক্রমিক, বন্ধনীর অন্তর্গত সংখ্যা অংক-নির্দেশক)

অপবাদ এব সুলভো দ্রষ্টুর্গুণো দূরতঃ ।(৯)

(বিচারকের অপবাদই সুলভ, তার গুণ অনেক দূরে অর্থাৎ কারো চোখে পড়ে না

অপেয়েষু তড়াগেষু বহুতরমুদকং ভবতি ।(২)

(যে পুকুরের জল পানের অযোগ্য—তাতেই খুব বেশি জল দেখা যায়)

ঈদৃশো দাসভাবো যৎ সত্যং কর্মাপি ন প্রত্যায়য়তি ।(১০)

(দাসত্ব এমন যে সত্য বললেও কেউ বিশ্বাস করে না)

কামো বামঃ ।(৫)

(কাম প্রতিকূল)

কিং হীনকুসুমং সহকারপাদপং মধুকর্যঃ পুনঃ সেবন্তে ?(২)

(যে আমগাছের মুকুলই গেছে ঝরে, মধুকরীরা কি আর তাতে গিয়ে বসে ?)

কোপেন বিনাঽথ বা কুতঃ কামঃ ।(৫)

(ক্রোধ ছাড়া কি প্রেম জমে ?)

গগনতলে প্রতিবসন্তৌ চন্দ্রসূর্যাবপি বিপত্তিং লভেতে ।(১০)

(গগনতলবাসী চন্দ্র ও সূর্যও বিপন্ন হয়)

গুণঃ খলু অনুরাগস্য কারণং ন পুনর্বলাৎকারঃ ।(১)

(গুণই অনুরাগের কারণ, বলাৎকার নয়)

চিত্তং ন মুণ্ডিতং কিমর্থং মুণ্ডিতম্ ।(৮)

(চিত্তই যদি কলুষমুক্ত না হল তা হলে মাথা মুড়িয়ে আর কী হবে ?)

ছিদ্রেষ্বনর্থা বহুলীভবন্তি ।(৯)

(ছিদ্রপথেই অনর্থেরা দলে-দলে আসে)

দুষ্করং বিষমৌষধীকর্তুম্ ।(৮)

(বিষকে ওষুধ করা কঠিন)

দ্যূতং হি নাম পুরুষস্যাসিংহাসনং রাজ্যম্ ।(২)

(জুয়াখেলা হল পুরুষের সিংহাসনহীন রাজ্য)

দ্বয়মিদমতীব লোকে প্রিয়ং নরাণাং সুহৃচ্চ বনিতা চ ।(৪)

(সংসারে দুজন মানুষের প্রিয়—বন্ধু আর বনিতা)

ন কালমপেক্ষতে স্নেহঃ ।(৭)

(স্নেহঃ কালের অপেক্ষা করে না)

ন চন্দ্রাদাতপো ভবতি ।(৪)

(চাঁদ থেকে উত্তাপ আসে না)

ন পুষ্পমোষমর্হত্যুদ্যানলতা ।(১)

(উদ্যানলতার ফুল ছেঁড়া উচিত নয়)

ন যুক্তং পরকলত্রদর্শনম্ ।(১)

(পরস্ত্রীদর্শন অনুচিত)

পশ্যেয়ুঃ ক্ষিতিপতয়ো হি চারদৃষ্ট্যা ।(৭)

(রাজারা চরের চোখ দিয়ে দেখুন)

বহুদোষা হি শর্বরী ।(২)

(রাত্রি বহুদোষময়ী)

শঙ্কনীয়া হি লোকেঽস্মিন্নিষ্প্রতাপা দরিদ্রতা ।(৫)

(প্রভাবহীন দারিদ্র্য এ-সংসারে সন্দেহের উদ্রেক করে)

সৎকারধনঃ খলু সজ্জনঃ ।(২)

(সজ্জনদের সম্পদই হল পরহিত)

সর্বং শূন্যং দরিদ্রস্য ।(১)

(দরিদ্রের সব শূন্য)

কুশীলব

পুরুষ-চরিত্র

সূত্রধার—	নাট্যাধ্যক্ষ
চারুদত্ত—	উজ্জয়িনীর বিশিষ্ট নাগরিক, নায়ক
মৈত্রেয়—	ব্রাহ্মণ, চারুদত্তের বয়স্য
শকার—	রাজশ্যালক, খল-নায়ক (Villain)
বিট[১]—	শকার-সহচর
চেট (স্থাবরক)—	শকার ভৃত্য
সংবাহক—	চারুদত্তের গাত্র-মর্দক ভৃত্য, পরে বৌদ্ধভিক্ষু
শর্বিলক—	দুর্ধর্ষ ব্রাহ্মণযুবা, মদনিকার প্রণয়ী
মাথুর (সভিক)—	দ্যুত-সভাধ্যক্ষ
দর্দুরক—	জনৈক দ্যুতকর
কর্ণপূরক—	বসন্তসেনার ভৃত্য
চেট (বর্ধমানক)—	চারুদত্তের ভৃত্য
বন্ধুল—	বসন্তসেনার গৃহবাসী জারজ
বিট[২]—	বসন্তসেনার অনুচর
রোহসেন—	চারুদত্তের পুত্র
আর্যক—	গোপপুত্র, ভাবী রাজা
বীরক—	পালকরাজের প্রধান সেনাপতি
চন্দনক—	পালকরাজের সেনাপতি
শোধনক—	বিচারালয়ের ভৃত্য
অধিকরণিক—	বিচারক
শ্রেষ্ঠী ও কায়স্থ—	বিচারালয়ের দুজন কর্মচারী
আহীন্ত ও গোহ—	দুজন চণ্ডাল, ঘাতক।

স্ত্রী-চরিত্র

নটী—	সূত্রধারের স্ত্রী
বসন্তসেনা—	নটী
বৃদ্ধা—	বসন্তসেনার মা
রদনিকা—	চারুদত্তের দাসী
মদনিকা—	বসন্তসেনার দাসী
চেটী[১]—	বসন্তসেনার আর একজন দাসী
বধূ—	চারুদত্তের পত্নী ধূতা
ছত্রধারিণী—	বসন্তসেনার পরিচারিকা
চেটী—	ধূতার দাসী।

উল্লিখিত-চরিত্র

চূর্ণবৃদ্ধ—	চারুদত্তের একজন বন্ধু
পালক—	উজ্জয়িনীর রাজা, পরে উৎখাত ও নিহত
রেভিল—	উজ্জয়িনীর একজন বণিক, চারুদত্তের বন্ধু

ঘটনাস্থল

উজ্জয়িনী নগরী এবং প্রান্তস্থিত পুষ্পকরণ্ডক উদ্যান।

মৃচ্ছকটিক

প্রথম অংক

পর্যঙ্কাসনের[১] গ্রন্থিবন্ধনে-দ্বিগুণিত সর্পের কুণ্ডলীতে যাঁর জানু-দুইটি বন্ধ, শরীরের অভ্যন্তরে প্রাণাদিবায়ুর নিরোধে সমস্ত জ্ঞান বিলুপ্ত হওয়ায় যাঁর ইন্দ্রিয়[২] নিরুদ্ধ, যিনি তত্ত্বদৃষ্টিতে (সম্যক্-জ্ঞানদৃষ্টিতে) ইন্দ্রিয়বৃত্তিরহিত হয়ে[৩] নিজের মধ্যেই নিজেকে প্রত্যক্ষ করছেন[৪] এমন শম্ভুর বাহ্যজ্ঞানশূন্যতায় স্থিরতাপন্ন ব্রহ্মলগ্ন সমাধি তোমাদের রক্ষা করুক[৫] ॥১॥

এবং

নীলকণ্ঠের[৬] কৃষ্ণমেঘবর্ণ যে কণ্ঠে গৌরীর বাহুলতা বিদ্যুৎ-লেখার মতো শোভা পায় সেই কণ্ঠ তোমাদের রক্ষা করুক[৭] ॥২॥

(নান্দীর পর)

সূত্রধার—দেখছি, অভিনয় দেখার জন্যে সমবেত ভদ্রমণ্ডলী উৎসুক হয়ে উঠেছেন—তাই আর অযথা কথা বাড়িয়ে তাঁদের বিব্রত করতে চাই না। উপস্থিত শ্রদ্ধেয় সুধীমণ্ডলীকে প্রণাম করে নিবেদন করছি যে আজ আমরা মৃচ্ছকটিক প্রকরণ[৮] মঞ্চস্থ করব বলে ঠিক করেছি। এই প্রকরণের রচয়িতা হলেন বিখ্যাত কবি শূদ্রক—যিনি গজপতিগতি, যাঁর নয়ন চকোরের মতো এবং মুখ পূর্ণচন্দ্রের মতো সুন্দর, যাঁর শরীর সুগঠিত এবং যিনি ক্ষত্রিয়শ্রেষ্ঠ এবং গম্ভীরহৃদয় ॥৩॥

তাছাড়া—

ইনি ঋগ্‌বেদ, সামবেদ, অঙ্কশাস্ত্র, বৈশিকী, হস্তিবিদ্যা প্রভৃতি চৌষট্টি প্রকার কলা শিক্ষা ক'রে শিবের অনুগ্রহে আঁধার-মুক্ত দৃষ্টি লাভ করেছেন। ইনি একশ বছর পরমায়ু অতিবাহিত করে পুত্রকে রাজ্যভার অর্পণ করে মহাসমারোহে অশ্বমেধ যজ্ঞ শেষ করার পর অগ্নিতে প্রবেশ করেন[৯] ॥৪॥

আবার,

এই শূদ্রক ছিলেন যুদ্ধপ্রিয়, ত্রুটিহীন বেদজ্ঞ শ্রেষ্ঠ, তপস্যায় ধনী এবং সর্বদা শ্রেষ্ঠ হাতির সঙ্গে[১০] বাহুযুদ্ধে প্রলুব্ধ ॥৫॥

তাঁর এই প্রকরণের মূল বিষয়ঃ

উজ্জয়িনী পুরীতে ব্রাহ্মণদের নেতৃস্থানীয় এক দরিদ্র যুবক বাস করতেন। এঁর গুণে অনুরক্তা বসন্তশ্রীধারিণী গণিকা বসন্তসেনা ॥৬॥

রাজা শূদ্রক এঁদের দুজনকে কেন্দ্র করে উত্তম সুরতোৎসব, নীতির প্রচার, খল স্বভাবের চিত্র, দুষ্টের আচরণ, ভবিতব্যের রূপ ইত্যাদি বর্ণনা করেছেন ॥৭॥

(পরিক্রমণ ও অবলোকন করে)

এ কি! আমাদের এই সঙ্গীতশালা যে শূন্য! নট-নটীরা সব গেলেন কোথায়? —(চিন্তা করে) ও, বুঝতে পেরেছি।

পুত্রহীনের ঘর শূন্য, যার সৎ বন্ধু নেই তার ঘরও শূন্য, মূর্খের কাছে চারিদিক শূন্য আর যে দরিদ্র তার কাছে সবই শূন্যময় ॥৮॥

আমার সঙ্গীত শেষ হয়েছে। অনেকক্ষণ সঙ্গীতচর্চা করে গ্রীষ্মকালে প্রচণ্ড

সূর্যকিরণে যেমন পদ্মবীজ শুকিয়ে যায় তেমনি ক্ষুধার জ্বালায় আমার চোখদুটো শুকিয়ে খট্‌খট্ করছে। এখন তাহলে গৃহিণীকে ডেকে জেনে নিই কপালে প্রাতরাশ জুটবে কিনা। প্রয়োজনের দাবিতে আর অভিনয়ের অজুহাতে এখন তবে প্রাকৃত ভাষায় কথাবার্তা চালানো যাক্।

ওঃ কী কষ্ট! অনেকক্ষণ সঙ্গীত-চর্চার ফলে শুকনো পদ্মের ডাঁটার মতো আমার সমস্ত শরীরটা যেন শুকিয়ে গেছে। যাই, বাড়ি গিয়ে খোঁজ করি, গৃহিণী আগে থাকতে কিছু যোগাড়-টোগাড় করে রেখেছেন কিনা। (পরিক্রমণ করে এবং দেখে) এই ত আমাদের বাড়ি, ভেতরে যাওয়া যাক্। (প্রবেশ করে এবং দেখে)। ব্যাপার কি! বাড়িতে দেখছি অন্য ধরনের আয়োজন চলেছে। পথে চাল-ধোয়া জলের দীর্ঘ স্রোত বয়ে চলেছে—যুবতীরা কপালে তিলক কাটলে দেখা যায় যে শোভা তার থেকে বেশি শোভার সৃষ্টি হচ্ছে লোহার কড়ায় ঘসাঘসিতে মাটিতে কাল দাগ পড়ে। রান্নার সুঘ্রাণ ক্ষুধার জ্বালাকে আরো বাড়িয়ে দিচ্ছে। তাহলে কি পূর্বপুরুষের কোন গুপ্তধন পাওয়া গেছে? না কি আমি ক্ষুধার্ত বলেই সমগ্র জগৎ আজ অন্নময় দেখছি? কিন্তু ঘরেও প্রাতরাশ কিছুই দেখছি না। এদিকে খিদের জ্বালায় প্রাণ যায় যে! এখানে সব ব্যবস্থাদি নতুন রকমের দেখছি। কেউ বা রং পিষছে, কেউ বা মালা গাঁথছে। (চিন্তা করে) ব্যাপার কি! ঠিক আছে, গিন্নিকে ডেকে আসল কথাটা জেনে নেওয়া যাক। গিন্নি, গিন্নি, একবার এদিকে এসো ত।

(নটীর প্রবেশ)

নটী—আর্য, এই যে আমি এসেছি।

সূত্রধার—আর্যে, এসো, এসো।

নটী—আমায় কী করতে হবে, আদেশ করুন।

সূত্রধার—আর্যে, ('অনেকক্ষণ ধরে সঙ্গীতচর্চা করে' ইত্যাদি বলার পর) ঘরে খাবার দাবার কিছু আছে কি?

নটী—আর্য, সবই আছে।

সূত্রধার—কী কী আছে?

নটী—এই যেমন গুড়ের পায়েস আছে, দধি আছে, ঘৃত আছে, তণ্ডুল আছে—আপনার খাবার মতো রসাল উপাদেয় সবকিছুই আছে, তবে এখন দেবতাদের অভিরুচি।

সূত্রধার—সে কি! যা বলছ আমাদের ঘরে তা সবই আছে? না, না, তুমি পরিহাস করছ!

নটী—(স্বগত) পরিহাসই বটে! (প্রকাশ্যে) আছে সবই—কিন্তু দোকানে।

সূত্রধার—(ক্রোধে) তবে রে অনার্যে, এই রকম তোমারও যেন আশা ভঙ্গ হয়—খাবার না জোটে। ঢেলার মতো ওপরে ছুঁড়ে দিয়ে শেষে আমাকে নিচে ফেলে দিলে?

নটী—আমায় মাপ করুন, মাপ করুন, আর্য। আমি পরিহাস করছিলাম।

সূত্রধার—তবে এসব নতুন ধরনের আয়োজন কিসের জন্যে? কেউ রং পিষছে, কেউ বা ফুলের মালা গাঁথছে—এইসব পাঁচরঙা ফুলে ঘরের মেজে সাজানো।

নটী—আজ্ঞে আমার উপোস।

সূত্রধার—উপোস? কিসের?

নটী—'সুন্দর পতিলাভ'-এর উপবাস।

সূত্রধার—পতিটি ইহলৌকিক না পারলৌকিক?

নটী—আজ্ঞে পারলৌকিক।

সূত্রধার—(ক্রোধে) দেখুন, দেখুন, মশাইরা। আমারই অন্নের শ্রাদ্ধ করে পারলৌকিক পতির খোঁজ করা হচ্ছে!

নটী—রাগ করো না, রাগ করো না, আর্য। পরের জন্মে তোমাকেই যাতে পতিরূপে পাই তার জন্যেই এই ব্রত!

সূত্রধার—তা এই উপবাসের মন্ত্রণাটি কে দিলেন?

নটী—তোমারই প্রিয় বন্ধু চূর্ণবৃদ্ধ।

সূত্রধার—(ক্রোধে) ওরে দাসী-পুত্র চূর্ণবৃদ্ধ! রাজা কবে যে ক্রুদ্ধ হয়ে নববধূর সুগন্ধ চুলের মতো তোকে কেটে ফেলবেন আমি তা দেখার জন্যে বসে আছি।

নটী—আর্য, রাগ করো না। তোমাকেই জন্মজন্মান্তর ধরে পতিরূপে পাবার জন্যে এই উপবাস করছি। (পায়ে লুটিয়ে পড়ে)

সূত্রধার—আর্যে, ওঠ, ওঠ। এই উপবাসে কী কী করতে হবে তাই বলো।

নটী—আমাদের অবস্থা অনুযায়ী উপযুক্ত ব্রাহ্মণ নিমন্ত্রণ করতে হবে।

সূত্রধার—ঠিক আছে, আমাদের অবস্থার উপযুক্ত ব্রাহ্মণকেই নিমন্ত্রণ করছি।

নটী—তোমার যা অভিরুচি। (প্রস্থান)

সূত্রধার—(পরিক্রমণ করে) তাই ত। এই সমৃদ্ধ উজ্জয়িনী নগরীতে আমাদের অবস্থার মতো ব্রাহ্মণ খুঁজে পাই কী করে? (দেখে) এই যে, চারুদত্তের বন্ধু মৈত্রেয়-মশাই এই দিকেই আসছেন দেখছি। প্রথমে ওঁকেই জিজ্ঞেস করা যাক। মৈত্রেয়-মশাই, সবার আগে আপনিই আজ আমাদের বাড়িতে আহার গ্রহণ করুন।

(নেপথ্যে)

ওহে অন্য কোন ব্রাহ্মণকে নিমন্ত্রণ করো। আমি এখন অন্যত্র ব্যস্ত আছি।

সূত্রধার—মহাশয়, আহার প্রস্তুত, কোন প্রতিদ্বন্দ্বীও নেই। তাছাড়া কিছু দক্ষিণারও ব্যবস্থা আছে।

(নেপথ্যে)

ওহে প্রথমেই ত আমি তোমার নিমন্ত্রণ প্রত্যাখ্যান করেছি। তবু বার-বার আমাকে জিজ্ঞেস করছ কেন?

সূত্রধার—ইনি আমার নিমন্ত্রণ রাখলেন না। বেশ, তবে অন্য কোন ব্রাহ্মণকেই নিমন্ত্রণ করা যাক। (প্রস্থান)

ইতি প্রস্তাবনা

(উত্তরীয় হাতে মৈত্রেয়ের প্রবেশ)

মৈত্রেয়—"অন্য কোন ব্রাহ্মণকেই নিমন্ত্রণ করা যাক"—আমি মৈত্রেয়, আমাকে কিনা এখন নিমন্ত্রণ খাওয়ার জন্যে দ্বারে-দ্বারে ঘুরতে হচ্ছে। হায়, কী শোচনীয় অবস্থা আমার। অথচ এই কিছুদিন আগে চারুদত্তের অবস্থা যখন ভালো ছিল তখন দিন-রাত মিষ্টান্ন খেয়ে উদ্গার তুলতাম। চতুঃশালার অন্তঃপুরের দ্বারে বসে সযত্নে প্রস্তুত নানান ব্যঞ্জন পাত্রে পরিবেষ্টিত হয়ে শিল্পীর মতো আঙ্গুলের সাহায্যে সব শেষ করতাম, নগর চত্বরের বৃষভের মতো বসে-বসে রোমন্থন

করতাম। সেই আমি কিনা সারাদিন এখানে-ওখানে খাবার খেয়ে ভিখিরির মতো এখানে আসি গৃহপালিত পায়রার মতো রাত্রে শুধু বিশ্রাম করতে।

চারুদত্তের প্রিয় বন্ধু আমাদের চূর্ণবৃদ্ধ এই যুঁইফুলের গন্ধমাখা উত্তরীয়টি আমার হাত দিয়ে পাঠিয়েছেন চারুদত্তের দেবপূজা শেষ হলে তাঁকে দেবার জন্যে। তাহলে আগে চারুদত্তের খোঁজ করা যাক। (পরিক্রমণ করে এবং দেখে) এই তো, দেবপূজা সেরে গৃহদেবতার নৈবেদ্য হাতে চারুদত্ত এই দিকেই আসছেন দেখছি।

(চারুদত্ত ও রদনিকার প্রবেশ)

চারুদত্ত—(ওপর দিকে চেয়ে এবং দীর্ঘশ্বাস ফেলে) হায়, একদিন আমার ঘরের দেওয়ালের ধারে হাঁস-সারসের দল পরম আগ্রহে কত খাবার খেয়ে বেড়িয়েছে, আজ কিনা সেই জায়গায় ঘাস আর আর আগাছায় ভরে গিয়েছে, পোকা-মাকড়েরা খুঁটে খাচ্ছে দু-একটা শস্যের দানা। ওঃ! ॥৯॥

(এই বলে ধীরে-ধীরে পরিক্রমণ করে এবং তারপর বসে)

বিদূষক—এই তো চারুদত্ত। তাহলে ওঁর কাছেই যাওয়া যাক। (কাছে গিয়ে) সম্ভাষণ গ্রহণ করুন। আপনার শ্রীবৃদ্ধি হোক।

চারুদত্ত—এই তো আমার চিরদিনের বন্ধু মৈত্রেয়। এসো, এসো, বন্ধু বসো।

বিদূষক—তা না হয় বসছি। (বসে) এই নিন বন্ধু, আপনার পরম বন্ধু চূর্ণবৃদ্ধ আমার হাত দিয়ে এই যুঁইফুলের গন্ধমাখা উত্তরীয়টি পাঠিয়েছেন আপনার দেবপূজা শেষ হলে আপনাকে দেবার জন্যে। (হাতে দিলেন)

চারুদত্ত—(হাতে নিয়ে চিন্তামগ্ন)

বিদূষক—বন্ধু, কী ভাবছ?

চারুদত্ত—ভাই, ঘন অন্ধকারে দীপশিখার মতো দুঃখ-কষ্টের পর সুখভোগ বড় মনোরম, তাই না? কিন্তু বিলাস-ব্যসন উপভোগের পর মানুষ যখন কষ্টে পড়ে তখন সেটা তার পক্ষে মৃত্যুতুল্য, সে তখন কেবল দেহের ভার বয়ে বেড়ায় ॥১০॥

বিদূষক—আচ্ছা, বন্ধু, বল তো, মৃত্যু আর দারিদ্র্য—এ দুটোর মধ্যে আপনার পছন্দ কোন্‌টি?

চারুদত্ত—দারিদ্র্য আর মৃত্যু—এ দুয়ের মধ্যে আমি বরং মৃত্যুকেই বরণ করব, দারিদ্র্য কখনো নয়। মৃত্যু তো ক্ষণকাল যন্ত্রণা দেয়, কিন্তু দারিদ্র্যদহনের যেন শেষ নেই ॥১১॥

বিদূষক—দুঃখ করবেন না, বন্ধু। একদিন আপনি দরিদ্রদের সম্পদ বিলিয়েছেন আজ তাই দরিদ্র অবস্থাতেও আপনি সুন্দর—সুরলোকের পীতশেষ চন্দ্রের মতো রমণীয়।

চারুদত্ত—বন্ধু, আমার দুঃখটা ঠিক অর্থের জন্যে নয়, কিন্তু—দুঃখটা কোথায় জান? আজ আমার দুরবস্থা বলে অতিথিরা আর আসে না। মদকাল শেষ হলে হাতির গালদুটো যখন একেবারে শুকিয়ে যায় তখন কি ভ্রমরেরা উড়ে আর হাতির কাছে আসে? ॥১২॥

বিদূষক—বন্ধু, এই সব নীচ অর্থলোভী অতিথিরা সুবিধাবাদী রাখাল বালকের মতো যে মাঠে যতক্ষণ সুবিধা পায় সেই মাঠে ততক্ষণ থাকে।

চারুদত্ত—না, আজ আমার ঐশ্বর্য নেই বলে যে আমি দুঃখিত ঠিক তা নয়। ভাগ্যক্রমেই ধন আসে, ধন যায়। শুধু দুঃখটা কী জান? ধন-সম্বল চলে গেলে লোকের কাছ থেকে স্নেহভালবাসা আর পাওয়া যায় না ॥১৩॥

তা ছাড়া—

দারিদ্র্য মানুষকে দেয় লজ্জা, লজ্জা তেজের বিনাশ ঘটায়, তেজ বিগত হলে আসে নিরাশা, নিরাশা থেকে শোক, শোক-দুঃখে মানুষ হয় বুদ্ধিভ্রষ্ট আর বুদ্ধিভ্রষ্ট মানুষ হয় বিধ্বস্ত। আশ্চর্য! দারিদ্র্যই সব দুর্ভাগ্যের মূল ॥১৪॥

বিদূষক—বন্ধু, তুচ্ছ অর্থের কথা ভেবে কেন কষ্ট পাচ্ছ?

চারুদত্ত—দেখ, মানুষের কাছে দারিদ্র্যই দুশ্চিন্তার আবাস, দারিদ্র্য দেয় নিদারুণ অপমান, জন্ম দেয় শত্রুতার, নিয়ে আসে বন্ধুবিচ্ছেদ, আত্মীয়-স্বজন আর সাধারণের মধ্যে সৃষ্টি করে ঘৃণা। দারিদ্র্যের ফলে মানুষ নিজের স্ত্রীর কাছে অপমানিত হয়ে নিতে চায় বনবাস, হৃদয়স্থ দুঃখের আগুন তাকে জ্বালায় কিন্তু একেবারে দগ্ধ করে না ॥১৫॥

তা বয়স্য, আমি গৃহদেবতার পূজা শেষ করেছি, এখন তুমি রাজপথের চৌমাথায় গিয়ে মাতৃপূজার নৈবেদ্য দিয়ে এসো।

বিদূষক—না আমি যাব না।

চারুদত্ত—যাবে না? কেন?

বিদূষক—কারণ, এত পুজোর ঘটা করেও তো তুমি দেবীর কৃপা পাচ্ছ না, আর পুজো করে লাভ আছে কিছু?

চারুদত্ত—বয়স্য, ও কথা বলো না। এটা গৃহস্থ মানুষের অবশ্য কর্তব্য।

শুদ্ধ দেহে, সভক্তিচিত্তে, প্রসন্ন বাক্যে ও প্রশান্ত মনে এবং নৈবেদ্যদানে পূজা করলে দেবতারা সব সময়েই তুষ্ট হন। এ বিষয়ে প্রশ্ন তুলে কী হবে? ॥১৬॥

কাজেই যাও, মায়ের পূজা দিয়ে এসো।

বিদূষক—না বয়স্য, আমি যাব না। অন্য কাউকে যেতে বলো। আমার মতো হতভাগ্য ব্রাহ্মণের কপালে সব সময় বিপরীত ফলই জোটে। দর্পণের ছায়ার ক্ষেত্রে যেমন ডান-দিকটা হয় বাঁ-দিক আবার বাঁ-দিকটা ডান-দিক, ঠিক তেমনি। তা ছাড়া, এখন এই সন্ধ্যায় রাজপথে গণিকা, বিট, চেট ও রাজার প্রিয়পাত্রেরা ঘুরে বেড়াচ্ছে। তাদের সামনে পড়লে আমার দশা হবে ঠিক কালসাপলোভী ব্যাঙের মুখে ইঁদুরের মতো। তা তুমি এখানে বসে থেকে কী করবে?

চারুদত্ত—ঠিক আছে, তুমি তা হলে একটু অপেক্ষা করো। আমি জপটা সেরে নি।

(নেপথ্যে)

দাঁড়াও, বসন্তসেনা, দাঁড়াও।

(বিট, শকার ও চেট অনুসৃতা বসন্তসেনার প্রবেশ)

বিট—দাঁড়াও, বসন্তসেনা, দাঁড়াও।

ভয় পেয়ে কেন তুমি তোমার দেহসুষমা হারিয়ে নৃত্যমুদুল ছন্দিত চরণে ভয়চকিত কটাক্ষ হেনে ব্যাধতাড়িতা ভীতা হরিণীর মতো ছুটে যাচ্ছ? ॥১৭॥

শকার—দাঁড়াও, বসন্তসেনা, দাঁড়াও।

কেন তুমি যাচ্ছ, দৌড়চ্ছ, পালাচ্ছ, স্খলিত চরণে ছুটে যাচ্ছ ? কথা শোনো বালিকা, একটু দাঁড়াও। কামের দহনে আমার অসহায় হৃদয় জ্বলন্ত অঙ্গারে নিক্ষিপ্ত মাংসখণ্ডের মতো দগ্ধ হচ্ছে ॥১৮॥

চেট—ওগো নারী, দাঁড়াও, দাঁড়াও।

অকারণে ভয় পেয়ে গ্রীষ্ম-ময়ূরীর মতো কলাপ মেলে আবার কাছ থেকে কেন দূরে চলে যাচ্ছ ? তুমি আমার জ্যেষ্ঠা ভগিনীর মতো। এই যে আমাদের প্রভু অরণ্যে ধাবমান কুক্কুটশাবকের মতো তোমার কাছে ছুটে যাচ্ছেন ॥১৯॥

বিট—দাঁড়াও, বসন্তসেনা, দাঁড়াও।

রক্তবস্ত্রপরিহিতা তুমি বালকদলীর মতো রেশমী আঁচল বাতাসে আন্দোলিত করে অস্ত্রাঘাতে বিদীর্যমান মনঃশিলা-গুহার মতো কমল-মুকুল বিকিরণ করতে করতে কেন পালাচ্ছ ?॥২০॥

শকার—একটু দাঁড়াও, বসন্তসেনা।

কামানলশিখা দ্বিগুণ ক'রে আর আমার রাতের নিদ্রা হরণ ক'রে ভয়ভীতা তুমি স্খলিত চরণে চলে যাও কেন ? এখন রাবণের কুক্ষিগত কুন্তীর মতো[১১] তুমি আমার বশীভুতা ॥২১॥

বিট—বসন্তসেনা, আমার চেয়ে দ্রুতগতিতে ছুটছ কেন ? তুমি কি খগেন্দ্রের ভয়ে সচকিতা সর্পিণী ? চলার বেগে আমি পবনকেও পরাস্ত করতে পারি, কিন্তু হে বরগাত্রী ! তোমাকে নিগ্রহ করার প্রচেষ্টা আমার নেই ॥২২॥

শকার—বন্ধু, বন্ধু—

তস্কর-প্রেয়সী, মৎস্য-ভোজিনী, নৃত্য-বিলাসিনী, সর্বনাশিনী, কুলনাশিনী, অবশ্যা, কামের পেটিকা, সুবেশিনী, বেশবধূ, বেশাঙ্গনা—এই দশ নামে ডাকি তবু সে আমার দিকে ফিরেও চায় না ॥২৩॥

বিট—ভয়বিহ্বল হয়ে তুমি ছুটে চলেছ কেন ? তোমার কর্ণকুণ্ডল ইতস্ততঃ আন্দোলিত হয়ে তোমার গণ্ডদেশ ঘর্ষণ করছে। তুমি বুঝি কুশলী শিল্পীর নখাহত বীণা অথবা তুমি যেন মেঘগর্জনে ভীতা সারসী ॥২৪॥

শকার—বিচিত্র অলংকারের ঝনঝন্ শব্দ তুলে রাম-ভীতা দ্রৌপদীর মতো[১২] তুমি পালাচ্ছ কেন ? বিশ্বাবসুর ভগিনী সুভদ্রাকে যেমন হনুমান হরণ করেছিলেন তেমনি তোমাকে আমি সহসা হরণ করব[১৩] ॥২৫॥

চেট—এই রাজবল্লভের মনোরঞ্জন করার পর তুমি মাছ-মাংস পাবে। মাছ-মাংস পেলে কুকুর আর মৃতদেহ স্পর্শ করে না ॥২৬॥

বিট—ওগো বসন্তসেনা, কটিতটে তারকার মতো উজ্জ্বল চন্দ্রহার, তোমার মুখদেশ মনঃশিলা-চূর্ণলেপনে শোভিত। এইভাবে ভীত হয়ে নগর-দেবীর মতো কোথায় চলেছ ?॥২৭॥

শকার—কুকুরের ভয়ে ভীতা শৃগালীর মতো তুমি আমাদের ভয়ে দ্রুত পালাচ্ছ আর সঙ্গে নিয়ে যাচ্ছ আমার হৃদয়টিকে ॥২৮॥

বসন্তসেনা—পল্লবক, পল্লবক—পরভৃতিকা, পরভৃতিকা।

শকার—(সভয়ে) বন্ধু, বন্ধু, এখানে লোকজন আছে দেখছি !

বিট—ভয় নেই, ভয় নেই।

বসন্তসেনা—মাধবিকা, মাধবিকা।

বিট—(হেসে) দূর বোকা! ও তো পরিচারিকাদের খুঁজছে।

শকার— ও কি তা হলে স্ত্রীলোকদের ডাকছে?

বিট—হ্যাঁরে বাবা, হ্যাঁ।

শকার—একশ জন স্ত্রীলোক আসুক না কেন, আমি তাদের মেরে ঠাণ্ডা করব। তারা জানে না, আমি কত বড় বীর।

বসন্তসেনা—(কেউ আসছে না দেখে) হায়, কী বিপদ! আমি এখন কী করি! পরিচারিকারাও সব পালিয়েছে দেখছি। এখন নিজেকেই নিজে রক্ষা করতে হবে।

বিট—কৈ, ডাকো, ডাকো।

শকার—বসন্তসেনা, ডাকো তোমার পরভৃতিকাকে ডাকো—তোমার পল্লবককে ডাকো কিংবা গোটা বসন্তঋতুটাকেই ডাকো। আমি তোমাকে অনুসরণ করছি—দেখি, কে তোমাকে রক্ষা করে।

জমদগ্নির পুত্র ভীমসেন, কিংবা কুন্তীর পুত্র রাবণ,—দেখি কে তোমাকে বাঁচাতে পারে। আমি আজ তোমার কেশগুচ্ছ ধারণ করে দুঃশাসনের ভূমিকাকে রূপ দেব[১৪] ॥২৯॥

এই দেখো, এই দেখো এদিকে!

এই আমার সুতীক্ষ্ন অসি তোমার মস্তকটিও আমার নাগালে, আমি তোমার শিরশ্ছেদ করব অথবা মেরে ফেলব। অতএব, পালানোর দরকার নেই। যে মরবেই তাকে কে বাঁচায় দেখব ॥৩০॥

বসন্তসেনা—দোহাই আপনার, আমি অবলা—

বিট—তাইতো তোমাকে ধরছি।

শকার—তাই আজ প্রাণে বাঁচলে তুমি।

বসন্তসেনা—(স্বগত) এর অভয়বাণীতেও ভয় হয়। যাক্ যা আছে কপালে, (প্রকাশ্যে) আপনারা কি আমার এই অলঙ্কারগুলি নেবেন?

বিট—সে কী কথা? ছি, ছি। বাগানের লতা থেকে তো ফুল ছিঁড়ে নেওয়া যায় না। তোমার অলঙ্কারে আমাদের প্রয়োজন নেই।

বসন্তসেনা—তবে আমাকে ধরে বা মেরে আপনার লাভ কী?

শকার—আমি দেবকল্প পুরুষ, আমি নররূপী শ্রীকৃষ্ণ। আমাকে ভজনা করতে হবে।

বসন্তসেনা—(রেগে) শান্ত হন, যথেষ্ট হয়েছে, অসভ্যের মতো কথা বলবেন না।

শকার—(হাততালি দিয়ে ও হেসে) বন্ধু, শুনছ, এ কী বলছে? আমার ওপর দরদ দেখিয়ে বলছে, 'এসো, তুমি শ্রান্ত'—সত্যি, প্রিয়ে, তোমার দিব্যি, আমি গ্রামান্তরেও যাই নি, নগরান্তরেও যাই নি, তোমার পেছনে ছুটে ছুটেই আমি শ্রান্ত হয়ে পড়েছি।

বিট—(স্বগত) আশ্চর্য, ও যখন বলেছে 'শান্ত' তখন নির্বোধটা মনে করেছে 'শ্রান্ত'। (প্রকাশ্যে) ওগো, বসন্তসেনা, তুমি যা বললে তা যে গণিকালয়ের বিরুদ্ধ কথা।

তা দেখ, বসন্তসেনা, যুবকের সাহায্যের ওপব নির্ভর করেই গণিকালয় চলে,

তোমরা গণিকারা হলে ঠিক পথের ধারে বেড়ে ওঠা লতার মতো। তোমার দেহটিকে তো অর্থ দিয়ে কেনা যায় অর্থাৎ ওটি বাজারের পণ্য। কাজেই তোমার প্রিয়জন-অপ্রিয়জন—উভয়কেই সমানভাবে সেবা কর ॥৩১॥

তা ছাড়া, একই দীঘিতে পণ্ডিত, ব্রাহ্মণ, মূর্খ নীচ সবলেই স্নান করে। যে পুষ্পিত বিনম্র লতায় ময়ূর বসে সেই লতাতেই আবার কাকও বসে। একই নৌকোয় চণ্ডাল, ব্রাহ্মণ নদী পার হয়। অতএব, দীঘি, লতা অথবা নৌকোর মতো তুমি সকলেরই সেবা কর ॥৩২॥

বসন্তসেনা—কিন্তু গুণই অনুরাগের কারণ, শক্তি-প্রয়োগে অনুরাগ জন্মায় না।

শকার—শুনেছ বন্ধু, এই গর্ভদাসীটি কামদেবের উদ্যানে তাকে দেখার পর সর্বস্বান্ত চারুদত্তের প্রেমে পড়েছে, তাই আমাকে আর পছন্দ হয় না। এই যে বাঁ-দিকেই চারুদত্তের বাড়ি। দেখো বন্ধু এ যেন তোমার আমার হাতছাড়া না হয়।

বিট—(স্বগত) আঃ যে কথাটা গোপন রাখা দরকার মূর্খ সেটা ফাঁস করে দিল। বসন্তসেনা মহৎ চারুদত্তের প্রেমে পড়েছে। একেই বলে মণিকাঞ্চন যোগ, কথাটা খুবই ঠিক। তা হলে একে পালাতেই দেওয়া যাক; নির্বোধটার হাতে একে দিয়ে কী হবে? (প্রকাশ্যে) দেখ, শকার বাঁ-দিকেই কিন্তু সেই বণিকের বাড়ি।

শকার—হ্যাঁ, বাঁ-দিকেই তার বাড়ি।

বসন্তসেনা—(স্বগত) আশ্চর্য! সত্যি তো বাঁ-দিকেই তাঁর বাড়ি। এই লোকটি আমার ক্ষতি করতে গিয়ে আমার উপকারই করল—আমার প্রিয়জনের সঙ্গে মিলন ঘটিয়ে দিল।

শকার—দেখ বন্ধু, মাষ-কলাইয়ের রাশির মধ্যে যেমন কালির গুঁড়ো মিশে যায়, তেমনি দেখতে দেখতে বসন্তসেনাও কোথায় হারিয়ে গেল।

বিট—সত্যি তো, কী ঘন অন্ধকার!

আমার আলোক-বিস্তৃত নয়ন যেন সহসা অন্ধকারে দৃষ্টিশক্তি হারিয়ে ফেলেছে, অন্ধকারে চোখ খোলা রেখেও মনে হচ্ছে আমি বুঝি চোখ বুঁজে আছি ॥৩৩॥

আবার,

অন্ধকারে আমার সর্বাঙ্গ লিপ্ত হচ্ছে, আকাশ যেন কাজল বর্ষণ করছে,[১৫] এবং অসৎ পুরুষের সেবার মতো আমার দৃষ্টি বিফল হয়েছে ॥৩৪॥

শকার—বন্ধু, আমি তা হলে বসন্তসেনাকে খুঁজে দেখি?

বিট—কোন চিহ্ন-টিহ্ন দেখতে পাচ্ছ কি যা লক্ষ্য করে খুঁজতে পার?

শকার—কী ধরনের চিহ্নের কথা বলছ?

বিট—যেমন ধর, তার অলঙ্কারের শব্দ, কিংবা ঘ্রাণসুখকর মালার সৌরভ।

শকার—ঠিক, আমি তার মালার গন্ধ শুনতে পাচ্ছি,[১৬] কিন্তু অন্ধকারে আমার নাক একেবারে ভরে গেছে, তার অলঙ্কারের শব্দ দেখতে পাচ্ছি না।[১৭]

বিট—(জনান্তিকে) ওগো বসন্তসেনা, এই অন্ধকারে তুমি অদৃশ্য মেঘের বুকে বিদ্যুৎ-এর মতো, কিন্তু হে ভীরু তোমার মালার সুবাস আর নূপুরের নিক্কণ তোমার অবস্থিতি ঘোষণা করে ॥৩৫॥

বসন্তসেনা, শুনতে পাচ্ছ?

বসন্তসেনা—(স্বগত) শুনেছি, বুঝতেও পেরেছি। (নূপুর ও মালা খুলে ফেলে,

কিছুটা পরিক্রমা করে এবং হাত দিয়ে স্পর্শ করে) এই তো, দেওয়ালে হাত দিয়ে বুঝতে পারছি, এটা বাড়ির পার্শ্বদ্বার—কিন্তু এ যে বন্ধ !

চারুদত্ত—বন্ধু, আমার জপ শেষ হয়েছে। এখন তুমি যাও মাতৃদেবতাদের পূজার উপচার দিয়ে এস।

বিদূষক—না, আমি যাব না।

চারুদত্ত—হায় ! ধিক !

দারিদ্র্যের দরুন মানুষের আত্মীয়-স্বজনও তার কথা শোনে না, ঘনিষ্ঠ বন্ধুরাও দূরে সরে যায়, তার নানা সমস্যা তীব্রতর হয়, সে নিস্তেজ হয়ে পড়ে, তার চরিত্র-চন্দ্রের দীপ্তি ম্লান হয় আর অন্যের অপকর্মের দুর্নামের বোঝা তার ওপরেই চাপে ॥৩৬॥

তা ছাড়া,

দরিদ্রের সঙ্গ কেউ কামনা করে না, তাকে সাদর সম্ভাষণও জানায় না কেউ, সে যদি ধনীর গৃহের কোন উৎসব উপলক্ষ্যে যায় তখন সবাই তাকে ঘৃণার দৃষ্টিতে দেখে। সামান্য পোশাক পরিহিত বলে সে লজ্জায় ধনীদের কাছ থেকে দূরে-দূরে থাকে। তাই, আমার মনে হয় দারিদ্র্য পঞ্চমহাপাপের অতিরিক্ত ষষ্ঠ-মহাপাপ ॥৩৭॥

আবার,

হে দারিদ্র্য ! তোমার জন্যে আমার দুঃখ হয়। তুমি এতদিন পরম বন্ধুর মতো আমার সঙ্গে কাটালে, কিন্তু আমার মৃত্যুর পর তুমি কোথায় যাবে আমার সেই চিন্তা। ॥৩৮॥

বিদূষক—(সলজ্জ ভাবে) আচ্ছা, আমাকে যদি যেতেই হয় তবে রদনিকাও আমার সঙ্গিনী হোক।

চারুদত্ত—রদনিকা, তুমি মৈত্রেয়ের সঙ্গে যাও।

রদনিকা—আপনি যা বলেন।

বিদূষক—এই নৈবেদ্য আর বাতিটা ধরো তো রদনিকা, আমি এই দরজাটা খুলি।

(পার্শ্বদ্বার উন্মুক্ত করল)

বসন্তসেনা—(স্বগত) কে যেন দয়া করে দরজাটা খুলে দিল। তা হলে ভেতরে যাই। (দেখে) আঃ, কি মুশকিল, একটা প্রদীপ রয়েছে যে !

(শাড়ির আঁচলে প্রদীপ নিভিয়ে ভেতরে প্রবেশ)

চারুদত্ত—কী হলো, মৈত্রেয় ?

বিদূষক—দরজাটা খুলতেই দমকা হাওয়া এসে প্রদীপটা নিভিয়ে দিল। রদনিকা, তুমি দরজা দিয়ে বেরিয়ে যাও, আমি চতুঃশালা থেকে প্রদীপটা জেলে আনি।

(প্রস্থান)

শকার—বন্ধু আমি তবে বসন্তসেনাকে খুঁজে দেখি।

বিট—খুঁজে দেখো, খুঁজে দেখো।

শকার—(খুঁজে দেখে) ধরেছি—ধরেছি, এই তো।

বিট—আরে মূর্খ, এ তো আমি।

শকার—তবে তুমি এখান থেকে সরে গিয়ে কোণে দাঁড়াও। (আবার খুঁজে এবং দাসকে

ধরে) বন্ধু, এই যে এবার ধরেছি।

চেট—প্রভু, আমি দাস।

শকার—এইদিকে যাও বন্ধু, দাস তুমি ঐদিকে যাও। ও বন্ধু, ও দাস—ও দাস, ও বন্ধু—তোমরা পাশে সরে যাও। (আবার খোঁজ করতে-করতে রদনিকার কেশ ধারণ করে) এইবার আমি সত্যিই ধরেছি বসন্তসেনাকে, সত্যিই ধরেছি।
অন্ধকারে পালাচ্ছিল, কিন্তু মালার গন্ধ পেয়ে বুঝেছি। যেমন চাণক্য দ্রৌপদীর[১৮] কেশাকর্ষণ করেছিল, আমিও তেমনি এর কেশপাশ ধরেছি ॥৩৯॥

বিট—যৌবনগর্বে তুমি এক সৎ বংশজাত ব্যক্তিকে ধরতে যাচ্ছিলে, এখন তোমারই পুষ্প-শোভিত সুচারু কেশ মুণ্ডিতে ধরা পড়েছে ॥৪০॥

শকার—বলো! তোমার কেশগুচ্ছ আকর্ষণ করে তোমাকে ধরেছি। এইবার উচ্চকণ্ঠে শম্ভু, শিব, ভগবান বলে চেঁচাও অথবা আর্তনাদ করো ॥৪০॥

রদনিকা—(সভয়ে) মশাইরা এ কী করছেন ?

বিট—ওহে, এ যে অন্য-কারও কণ্ঠস্বর !

শকার—দই-সরের লোভে বেড়াল যেমন গলার স্বর পালটায় এ বেটিও তেমনি গলার আওয়াজ বদলেছে[১৯]।

বিট—কী বললে ! গলার স্বর পালটেছে ! আশ্চর্য ! না, না, এতে অবাক হবার কিছু নেই। রঙ্গমঞ্চে অভিনয় করে কণ্ঠস্বর পরিবর্তনের কায়দাটি এ ভালোভাবেই রপ্ত করেছে—সেই সঙ্গে প্রতারণার কৌশলটিও ॥৪২॥

(বিদূষকের প্রবেশ)

বিদূষক—আহা, চমৎকার ! হাড়িকাঠে বাঁধা বলির ছাগলের প্রাণটার মতো সন্ধ্যার মৃদু-মন্দ বাতাসে প্রদীপের শিখা ফুর্‌ ফুর্‌ করছে। (অগ্রসর হয়ে রদনিকাকে ঐ অবস্থায় দেখে) রদনিকা—

শকার—বন্ধু, মানুষ, মানুষ।

বিদূষক—এ ভারী অন্যায়। আমাদের সদাশয় চারুদত্তের অবস্থা পড়ে গেছে সত্যি কথা, কিন্তু তাই বলে তার ঘরে এমন পরপুরুষ ঢুকবে ?

রদনিকা—মৈত্রেয়মশাই দেখুন, এরা আমায় কীভাবে অপমান করছে।

বিদূষক—কী বললে ? অপমান ? তোমার, না আমাদের ?

রদনিকা—হ্যাঁ, এ আপনাদেরই অপমান।

বিদূষক—বলাৎকার নাকি ?

রদনিকা—তা ছাড়া আর কী ?

বিদূষক—সত্যি ?

রদনিকা—সত্যি।

বিদূষক—(রেগে গিয়ে লাঠি তুলে) এ কিছুতেই সহ্য করা যায় না। নিজের আবাসে কুকুরও রুখে দাঁড়ায়। আমি ত একজন ব্রাহ্মণ। আমাদের ভাগ্যের মতোই বাঁকা এই লাঠি দিয়ে আয়, জীর্ণ-শুষ্ক বাঁশের আগার মতো তোর মাথাটা গুঁড়িয়ে দিই।

বিট—ক্ষমা করুন, হে সৎ ব্রাহ্মণ, ক্ষমা করুন।

বিদূষক—(বিটের দিকে চেয়ে) না, এ কোনো অপরাধ করে নি—(শকারের দিকে চেয়ে) ঐ লোকটাই অপরাধী। ওরে ব্যাটা, রাজার-শ্যালক—সংস্থানক, অমানুষ,

পাষণ্ড! এ তোর উচিত নয়। চারুদত্ত আজ দরিদ্র হয়েছে কিন্তু তাঁর গুণে কি উজ্জয়িনী অলঙ্কৃত নয়? তবে তুই কোন্ সাহসে তারই গৃহে প্রবেশ করে এইভাবে তার দাসীদের লাঞ্ছনা করিস?

দারিদ্র্যে কারও অপমান হয় না, দৈবও দরিদ্রহিসেবে ব্যক্তিকে বিচার করে না। তা ছাড়া ধনী লোকও যদি চরিত্রহীন হয় তবে সে-ই প্রকৃত দরিদ্র ॥৪৩॥

বিট—(লজ্জিত হয়ে) ক্ষমা করুন, মহাব্রাহ্মণ, ক্ষমা করুন। অন্য একজনকে মনে করে ভুল করে আমরা এই অন্যায় কাজ করে ফেলেছি—দেখুন, আমরা এক কামুকী নারীর অন্বেষণ করছিলাম--

বিদূষক—কী! এই নারীটিকে খুঁজছিলে?

বিট—ছি, ছি তা কেন হবে?

এক স্বাধীন-যৌবনা নারীকে (বারবনিতাকে) খুঁজছিলাম। সে যে কোথায় পালিয়ে গেল, আর এই জন্যেই ভ্রমক্রমে আমাদের এই চরিত্রচ্যুতি। ॥৪৪॥

দয়া করে আমার যথাসর্বস্ব গ্রহণ করুন (তরবারি ফেলে দিয়ে কৃতাঞ্জলি হয়ে পদতলে লুটিয়ে পড়ে)

বিদূষক—তুমি ত ভালো লোক—ওঠো, ওঠো। আমি না জেনে তোমায় দোষ দিয়েছি। এখন জেনে আবার অনুনয় করছি।

বিট—আমি আপনার কাছেই অপরাধী—আমাকেই আপনি ক্ষমা করুন। যদি একটা কথা দেন তো উঠি।

বিদূষক—কী কথা?

বিট—ব্যাপারটা চারুদত্তকে বলবেন না, দয়া করে।

বিদূষক—আচ্ছা, বলব না।

বিট—হে ব্রাহ্মণ, তোমার অনুগ্রহ মাথায় করে রাখব। আমরা সশস্ত্র কিন্তু গুণের অস্ত্রে আমরা পরাজিত ॥৪৫॥

শকার—(ঈর্ষাযুক্ত ক্রোধে) হাত জোড় করে তুমি এই অপদার্থ লোকটার পায়ে লুটিয়ে পড়ছ। ব্যাপার কী, বলতো।

বিট—কারণ, আমি ভীত হয়েছি।

শকার—কার কাছে ভীত?

বিট—চারুদত্তের গুণের কাছে।

শকার—যার ঘরে গিয়ে কেউ একমুঠোও খাবার পায় না তার কী গুণ আছে, শুনি?

বিট—ও কথা বোলো না—

আমাদের মতো মানুষের প্রার্থনা মেটাতে গিয়েই তিনি আজ নিঃস্ব। ধনের গর্বে তিনি কাউকে কোনদিন অপমান করেন নি। গ্রীষ্মকালের পরিপূর্ণ জলাশয় যেমন পিপাসার্তদের তৃষ্ণা মিটিয়ে শুষ্ক হয়ে যায় তেমনি তিনি অভাবী মানুষের চাহিদা মেটাতে গিয়ে শুষ্ক হয়ে পড়েছেন ॥৪৬॥

শকার—(অসহিষ্ণুভাবে) এই গর্ভদাসীর পুত্তুরটি কে? তিনি কি পাণ্ডুর সেই সাহসী ও বীর পুত্র শ্বেতকেতু? অথবা তিনি কি রাধার ইন্দ্রদত্ত পুত্র রাবণ? কিংবা তিনি কি রামের ঔরসজাত কুন্তীপুত্র? না কি তিনি ধর্মপুত্র জটায়ু?[২০] ॥৪৭॥

বিট—ওরে মূর্খ, তিনি হলেন স্বনামধন্য চারুদত্ত। তিনি দুঃখীর কাছে ফলভারে

অবনত কল্পতরু, ধার্মিকের আত্মীয়। তিনি হলেন বিদ্বানের দর্পণ, নৈতিক আচরণের কষ্টিপাথর আর চরিত্ররূপ তীরভূমির সাগর। তিনি অতিথিবৎসল, কাউকে অসম্মান করেন না তিনি। তিনি পুরুষোচিত গুণের আধার, স্বভাবে অনুকুল ও উদার। বহুগুণের অধিকারী তিনিই একমাত্র প্রশংসার পাত্র। অন্যেরা শুধু বেঁচে আছে মাত্র ॥৪৮॥

অতএব, চলো, আমরা এখান থেকে সরে পড়ি।

শকার—বসন্তসেনাকে না নিয়েই চলে যাব?

বিট—তোমার বসন্তসেনা হারিয়ে গেছে।

শকার—তাই নাকি? কেমন করে?

বিট—তোমাকে দেখে তিনি অন্ধের দৃষ্টি অথবা রোগীর পুষ্টির মতো, অথবা অলস ব্যক্তির সিদ্ধি কিংবা পাপাসক্ত ও দুর্বলস্মৃতিগ্রস্ত মানুষের পরমা বিদ্যার মতো অথবা শত্রুর প্রতি অনুরক্তির মতোই অলীক বস্তু হয়ে কোথায় মিলিয়ে গেছেন ॥৪৯॥

শকার—বসন্তসেনাকে না নিয়ে আমি যাব না।

বিট—তুমি কি এটাও জান না যে—

হস্তী ধরা পড়ে বন্ধনস্তম্ভে, অশ্ব বাঁধা পড়ে বল্গায়, আর নারীকে ধরা যায় হৃদয়ের বন্ধনে। হৃদয় যদি না থাকে তোমার তা হলে বিদায় হও ॥৫০॥

শকার—তোমার ইচ্ছে হলে তুমি যেতে পার, আমি যাচ্ছি না।

বিট—বেশ, তবে আমিই চলে যাচ্ছি। (প্রস্থান)

শকার—তা হলে ও চলেই গেল দেখছি। (বিদূষকের প্রতি) ওরে কাক-পদ-ঝুঁটিওয়ালা শয়তান! বোসো বোসো বলছি।

বিদূষক—আমাদেরও আগেই বসিয়ে দেওয়া হয়েছে।

শকার—কে বসিয়ে দিল?

বিদূষক—ভাগ্য।

শকার—বুঝেছি, এখন ওঠো তো দেখি, ওঠো।

বিট—হ্যাঁ, আমরা উঠে দাঁড়াব।

শকার—কখন?

বিদূষক—যখন ভাগ্য আবার সুপ্রসন্ন হবে।

শলার—তা হলে, কাঁদো, কাঁদো।

বিদূষক—আমাদের তো কাঁদাচ্ছেই।

শকার—কে?

বিদূষক—দারিদ্র্য।

শকার—তবে হাসো হাসো।

বিদূষক—হ্যাঁ, হাসব।

শকার—কখন?

বিদূষক—যখন মহান্ চারুদত্ত আবার ঐশ্বর্য ফিরে পাবেন তখন।

শকার—ওরে দুর্বৃত্ত, ভিখারী চারুদত্তকে আমার এই নির্দেশ জানাস—স্বর্ণাভরণে অলঙ্কৃতা, নবনাট্যের প্রদর্শনে প্রধানা অভিনেত্রীরূপা গণিকা বসন্তসেনা

কামদেবের উদ্যানে যে তোমার প্রেমে পড়েছে তাকে জোর করে লাভ করতে গিয়েছিলাম বলে সে তোমার গৃহে প্রবেশ করেছে। এখন তাকে যদি তুমি স্বেচ্ছায়, আইনের আশ্রয় না গিয়ে মুক্তি দাও এবং আমার হাতে সমর্পণ কর তবে তোমার ও আমার মধ্যে চিরস্থায়ী বন্ধুত্ব বজায় থাকবে। কিন্তু যদি তুমি তাকে ছেড়ে না দাও তবে আমাদের মধ্যে আমরণ শত্রুতা থেকে যাবে।

তাছাড়া, আরো মনে রেখো গোবরলিপ্ত বৃন্ত, শুষ্ক সব্জি, রান্না-করা মাংস এবং শীতকালের-রাতে-সিদ্ধকরা ভাতের মতো এই শত্রুতা সময়ের ব্যবধানে নষ্ট হবার নয় ॥৫১॥

ভালো করে বলবে আর কৌশলে বলবে। এমন ভাবে বলবে যাতে আমি আমার প্রাসাদের চিলেকোঠায় বসে শুনতে পারি। যদি অন্য রকম বল তাহলে কপাটে পিষ্ট কয়েতবেলের খোলের মতো তোমার মাথা গুঁড়িয়ে দেব।

বিদূষক—আমি ঠিক ঠিক বলব।

শকার—(জনান্তিকে) চেট, বিট কি চলে গেছে ?

চেট—আজ্ঞে হ্যাঁ।

শকার—তাহলে আমরাও এবার চলি।

চেট—কর্তা, আপনার তরোয়াল।

শকার—ওটা তোমার হাতেই থাক।

চেট—না কর্তা, এটা আপনার, আপনিই নিয়ে যান।

শকার— (বিপরীত দিক ধারণ করে)

মূলোর খোসার বর্ণবিশিষ্ট কোষমুক্ত এই তরবারি কাঁধে রেখে আবার তা কোষে আবৃত করে কুক্কুর-কুক্কুরী বিতাড়িত শৃগালের মতো এখন ঘরে ফিরে যাচ্ছি ॥৫২॥

(পরিক্রম করে প্রস্থান)

বিদূষক—রদনিকা, তোমার এই লাঞ্ছনার কথা চারুদত্তকে যেন বোলো না। একেতেই তিনি দারিদ্র্যদগ্ধ, তার ওপর এ সংবাদ পেলে তিনি দ্বিগুণ দুঃখ পাবেন।

রদনিকা—মৈত্রেয়মশাই, আমি রদনিকা—আমি মুখ খুলব না।

চারুদত্ত—(বসন্তসেনাকে উদ্দেশ্য করে) রদনিকা, বায়ুসেবনাভিলাষী রোহসেন এখন এই রাত্রিবেলায় শীতে কাতর হয়ে পড়েছে। তাঁকে ভেতরে নিয়ে যাও আর এই চাদরটি দিয়ে ঢেকে দাও।

বসন্তসেনা—(স্বগত)

(চাদরটি নিয়ে আঘ্রাণ করে এবং সাগ্রহে স্বগতোক্তি করে) আঃ ! চাদরটিতে যূঁইফুলের কী সুন্দর সুবাস ! মনে হচ্ছে এঁর যৌবনটি মোটেই উদাসীন নয়।

(একপাশে দাঁড়িয়ে চাদরটিতে নিজেকে আবৃত করে)

চারুদত্ত—রদনিকা, রোহসেনকে নিয়ে ভেতরে যাও।

বসন্তসেনা—(স্বগত) আহা ! তোমার গৃহে প্রবেশ করার সৌভাগ্য কি আমার আছে ?

চারুদত্ত—রদনিকা ! উত্তর দিচ্ছ না—হায়, যখন কোনো মানুষ ভাগ্যচক্রে সম্পদ হারানোর বেদনা লাভ করে তখন তার বন্ধুরা পর্যন্ত শত্রুতে পরিণত হয়। এমন কি, সে তার দীর্ঘদিনের অনুরক্ত জনের কাছেও বিরাগভাজন হয়ে ওঠে ॥৫৩॥

(রদনিকা ও বিদূষক অগ্রসর হয়)

বিদূষক—মশাই, এই যে রদনিকা।

চারুদত্ত—এ তবে আমাদের রদনিকা! তাহলে আমার অজ্ঞতাবশত প্রদত্ত বস্ত্রে দূষিতা এই মহিলাটি তবে কে?

বসন্তসেনা—(স্বগত) 'দূষিতা' নয়, বরং ভূষিতা।

চারুদত্ত—শরতের মেঘে আবৃত চন্দ্রকলার মতো ইনি কে?॥৫৪॥

না, পরস্ত্রীদর্শন অন্যায়।

বিদূষক—মশাই, পরস্ত্রীদর্শনের আশঙ্কা এখানে নেই। ইনি হলেন বসন্তসেনা—যিনি কামদেবের উদ্যানে গিয়ে আপনার প্রেমে পড়েছেন।

চারুদত্ত—তাহলে ইনিই বসন্তসেনা। (স্বগত) এঁর দ্বারাই আমার সর্বসত্তায় প্রেমোম্মদনা জেগে উঠে আবার তা আমার বিশাল ঐশ্বর্যনাশের ফলে ভীরুজনের অক্ষম ক্রোধের মতো মিলিয়ে গেছে॥৫৫॥

বিদূষক—বন্ধু, রাজার-শ্যালক যা বলেন তা হল—

চারুদত্ত—কী?

বিদূষক—'বসন্তসেনা নামে এই স্বর্ণভূষণে আচ্ছাদিতা, নবনাট্যের প্রদর্শনে উত্থিতা প্রধানা নটীরূপা (সূত্রধারিণী) গণিকা বসন্তসেনা যে কামদেব-উদ্যানে তোমার প্রেমে পড়েছে তাকে বলপ্রয়োগে লাভ করার চেষ্টা করতে সে তোমার গৃহে প্রবেশ করেছে।

বসন্তসেনা—(স্বগত) সত্যি কথা বলতে কি, এই 'বলপ্রয়োগে লাভ করা' কথাগুলি যেন আমাকেই ধন্য করছে।

বিদূষক—'এখন যদি বিচারালয়ের আশ্রয়ে না গিয়ে নিজে থেকেই তুমি আমার কাছে এঁকে ফিরিয়ে দাও তা হলেই আমার সঙ্গে তোমার প্রীতির সম্পর্ক না হলে আমরণ শত্রুতা থাকবে।'

চারুদত্ত—(ঘৃণার ভাব নিয়ে) সে একটা আস্ত নির্বোধ। (স্বগত) আহা! এই নারী দেবীর মতো উপাস্যা। যখন তাকে আমার গৃহে প্রবেশ করতে আদেশ করলাম তখন সে আমার দূরবস্থার কথা স্মরণ রেখে প্রবেশ করল না। যদিও সে নানা পুরুষের সঙ্গে সপ্রতিভভাবে নানা ভঙ্গীতে কথা বলতে অভ্যস্ত তবু সে নীরব রইল॥৫৬॥

(প্রকাশ্যে) আর্যা বসন্তসেনা, আমি চিনতে না পেরে তোমাকে দাসী ভেবে তোমার প্রতি যে আচরণ করেছি তার জন্যে আমি নতমস্তকে ক্ষমাপ্রার্থী।

বসন্তসেনা—এ জায়গায় অনধিকার প্রবেশ করায় আমিই অপরাধী এবং এ জন্যে আমি নতশিরে প্রণাম করে আপনার কাছে মার্জনা ভিক্ষা করছি।

বিদূষক—বেশ, আপনারা দুজনেই ধানক্ষেতের দুই আলের মতো সুখে মাথা নুইয়ে পরস্পর অভিবাদনের আদান-প্রদান করুন আর আমিও গজশাবকের অবনত জানুর মতো মাথা নীচু করে আপনাদের দুজনেরই কাছে ক্ষমা ভিক্ষা করি।

চারুদত্ত—যাক, আর অনুনয় বিনয়ে কাজ নেই।

বসন্তসেনা—(স্বগত) এঁর কথা-বার্তা কী পরিপাটি আর মধুর! কিন্তু ওঁর এই দুরবস্থায় এ ভাবে এখানে আসাটা আমার উচিত হয়নি। ঠিক আছে, তবে এইভাবে

বলি। (প্রকাশ্যে) দেখুন আমার প্রতি যদি আপনার অনুগ্রহ থাকে তবে দয়া করে এই অলঙ্কারগুলো আপনার কাছে গচ্ছিত রাখুন—এই অলঙ্কারের জন্যেই দুর্বৃত্তরা আমার পিছু নিয়েছিল।

চারুদত্ত—এগুলো রাখবার পক্ষে কিন্তু আমার গৃহ নিরাপদ নয়।

বসন্তসেনা—আর্য, এ কথা ঠিক নয়। কারণ, গচ্ছিত রাখা হচ্ছে ব্যক্তির কাছে, গৃহের কাছে নয়।

চারুদত্ত—মৈত্রেয়, তা হলে এ অলঙ্কার রেখে দাও।

বসন্তসেনা—অনুগৃহীতা হলাম। (অলঙ্কার প্রদান)

বিদূষক—(গ্রহণ করে) আপনি সুখী হোন।

চারুদত্ত—আরে বোকা, গচ্ছিত রাখতে বলা হচ্ছে, দাতব্য করা হচ্ছে না।

বিদূষক—(অলক্ষ্যে) তাই নাকি, তাহলে চোরে যেন চুরি করে নেবে।—

চারুদত্ত—অল্প দিনের মধ্যেই—

বিদূষক—এঁর এই গচ্ছিত জিনিস—

চারুদত্ত আমি এঁকে ফিরিয়ে দেব।

বসন্তসেনা—আর্য, এই মহাশয় যদি আমায় বাড়ি পৌঁছে দেন—

চারুদত্ত—মৈত্রেয়, এর সঙ্গে যাও।

বিদূষক—এই রাজহংসীর সঙ্গে রাজহংসের মতো তুমি গেলেই মানাবে। আমি সামান্য ব্রাহ্মণ, আমি গেলে লোকে আমাকে মারবে, চতুষ্পথে আনা নৈবেদ্য যেমন কুকুরে খায় আমিও তেমনি কুকুরের খাবার হব।

চারুদত্ত—ঠিক আছে, আমিই এঁকে পৌঁছে দিচ্ছি। দীপ জেবলে রাজপথ ভালোভাবে আলোকিত করার ব্যবস্থা করো।

বিদূষক—বর্ধমানক দীপ জবালাও।

চেটী—(জনান্তিকে) তেল ছাড়া মশাল জবলবে কি করে?

বিদূষক—(জনান্তিকে) কপর্দকশূন্য প্রেমিক জুটলে গণিকারা যেমন স্নেহশূন্য হয়ে পড়ে তেমনি অবস্থা দাঁড়িয়েছে তেলহীন দীপগুলোর।

চারুদত্ত—মৈত্রেয়, দীপ থাক তবে। চেয়ে দেখ,—কামময়ী নারীর গণ্ডদেশের মতো পাণ্ডুর রাজপথের প্রদীপ চন্দ্র ঐ গ্রহ পরিবেষ্টিত হয়ে উদিত হয়েছে। অন্ধকারের মধ্যে এর শুভ্ররশ্মি আর্দ্র কর্দমে ক্ষীরধারার মতো পতিত হচ্ছে ॥৫৭॥

(অনুরাগ সহ) বসন্তসেনা, এই তোমার গৃহ, প্রবেশ করো।

(অনুরাগের দৃষ্টি হেনে বসন্তসেনার প্রস্থান)।

চারুদত্ত - সখা, বসন্তসেনা চলে গেলেন, এখন চলো আমরাও ঘরে ফিরি। রাজপথ জনশূন্য, কেবল প্রহরীরা চলাফেরা করছে, আমাদের চোর বলে ভুল না করে কেউ। রাত্রির অনেক দোষ। (পরিক্রমা করে) এই অলঙ্কার পেটিকাটি রাত্রে তোমার কাছে রাখবে, দিনের বেলা এটা থাকবে বর্ধমানকের কাছে ॥৫৮॥

বিদূষক—আপনি যা বলেন।

(উভয়ের প্রস্থান)

॥ মৃচ্ছকটিকের 'অলঙ্কারন্যাস' নামক প্রথম অঙ্কের সমাপ্তি ॥

(প্রবেশ করে)

চেটী—মা আমাকে (বিশেষ) সংবাদ দিয়ে আর্যার কাছে পাঠিয়েছেন। তাই প্রবেশ করে তাঁর কাছে যাই। (পরিক্রমা করে দেখেন) এই-যে আর্যা বসে আছেন। মনে মনে কী যেন ভাবছেন। যাই এগিয়ে যাই।

(তারপর আসনস্থা উৎকণ্ঠিতা বসন্তসেনা ও মদনিকার প্রবেশ)

বসন্তসেনা—চেটী, তার পর ?

মদনিকা—আর্যে, আপনি তো কিছুই বলছেন না, তবে আর 'তারপর' এ কথা জিজ্ঞেস করছেন কেন ?

বসন্তসেনা—আমি কী বলেছি ?

চেটী—'তার পর'।

বসন্তসেনা—(ভ্রূকুঞ্চন ক'রে) ও তাই তো।

(এগিয়ে এসে)

প্রথমা চেটী—মা আদেশ করছেন স্নান সেরে আপনি দেবতার পুজোয় বসুন।

বসন্তসেনা—চেটী, গিয়ে মাকে বল্ আমি আজ স্নান করব না। বামুনমশাই পুজো করুন।

চেটী—আর্যা, যা আদেশ করেন।

মদনিকা—আর্যে, দোষদর্শিতা[১] নয়, স্নেহই আমাকে জিজ্ঞেস করতে বাধ্য করছে। বলুন তো ব্যাপার কী ?

বসন্তসেনা—মদনিকা ! আমাকে কেমন দেখছিস বল্ তো ?

মদনিকা—আপনার অন্যমনস্কতা দেখে বুঝছি হৃদয়গত কাউকে আপনি কামনা করছেন।

বসন্তসেনা—তুই ঠিক ধরেছিস। পরের হৃদয়বোধে-নিপুণা তুই যে মদনিকা।

মদনিকা—কী আনন্দ আমার, কী আনন্দ। তরুণজনের মহোৎসব কামদেবকেই আপনি অনুগৃহীত করলেন। তাহলে এবারে আর্যে বলুন, তিনি রাজা না রাজার প্রিয় কেউ, যাকে সেবা করবেন আপনি !

বসন্তসেনা—সেবা করতে চাইনে আমি, চাই আনন্দনিবিড় হতে।[২]

মদনিকা—আপনি কি বিদ্যাবিশেষে অলংকৃত কোন ব্রাহ্মণ যুবককে কামনা করছেন ?

বসন্তসেনা—ব্রাহ্মণ আমার পূজনীয়।

মদনিকা—তবে কি এমন কোন বণিকযুবা আপনার অভিলষিত যে বহু নগরে গিয়ে প্রচুর ধন অর্জন করেছে ?

বসন্তসেনা—ওলো, গভীর প্রেমবন্ধ প্রণয়িজনকে পরিত্যাগ করে বণিকজন প্রবল বিরহবেদনা সৃষ্টি করে।

মদনিকা—আর্যে, তিনি রাজা নন, রাজবল্লভ নন, ব্রাহ্মণ নন, বণিকও নন। তাহলে আপনি কাকে কামনা করছেন ?

বসন্তসেনা—ওলো, তুই আমার সঙ্গে কামদেবায়তন-উদ্যানে গিয়েছিলি।

মদনিকা—হাঁ, গিয়েছিলাম।

বসন্তসেনা—তবুও কিছুই জানিস না এইভাবে আমাকে জিজ্ঞেস করছিস ?

মদনিকা—বুঝেছি। তিনিই কি ? আপনি আশ্রয় চাইলে যিনি অনুগ্রহ করেছিলেন ?
বসন্তসেনা—তাঁর নাম কী ?
মদনিকা—তিনি তো বণিক্-চটিতে বাস করেন।
বসন্তসেনা ওলো, আমি নাম জিজ্ঞেস করেছি।
মদনিকা—আর্যে, তিনি হলেন সার্থকনামা শ্রদ্ধেয় চারুদত্ত।
বসন্তসেনা—(সহর্ষে) সাবাস মদনিকা. সাবাস। তুই ঠিক জেনেছিস।
মদনিকা—(স্বগত) এখন এইভাবে বলি। (প্রকাশ্যে) আর্যে, তিনি তো দরিদ্র একথা সবাই বলে।
বসন্তসেনা—এই জন্যেই তো চাই তাঁকে। দরিদ্রে আসক্তা বলে গণিকাদের অখ্যাতি ঘুচে যায়।
মদনিকা—আর্যে, মধুকরীরা কি হীনপুষ্প আম্রতরুর সেবা করে ?
বসন্তসেনা—এই জন্যেই তো তাদের মধুকরী বলে।
মদনিকা—আর্যে, তিনি যদি আপনার অভিলষিতই হন তাহলে অবিলম্বে অভিসারে যাচ্ছেন না কেন ?
বসন্তসেনা—চেটী, হঠাৎ অভিসারে গেলে, যথাযোগ্য প্রতিদান দিতে না পেরে, তিনি হয়তো আর দেখাই দেবেন না। আমি এই ব্যাপারটাই এড়াতে চাচ্ছি।
মদনিকা—এই জন্যেই কি আপনি তার হাতে গয়নাগুলো গচ্ছিত রাখলেন ?
বসন্তসেনা—ওলো, তুই ঠিক ধরেছিস।

(নেপথ্যে)

কর্তা, দশমোহরের পণে বন্ধ এই জুয়াড়ীটি পালিয়ে যাচ্ছে। ধর্, ধর্। দূরে থেকে তোকে দেখছি কিন্তু।

(পর্দা নাড়িয়ে প্রবেশ করে, উত্তেজিতভাবে)

সংবাহক—আশ্চর্য, জুয়াড়ীদের অবস্থাটা সত্যিই বেদনাদায়ক।
নববন্ধন থেকে মুক্ত গর্দভীর মতো গর্দভী[৩] (জুয়াড় কাঁড়) আমাকে তাড়না করেছে, কর্ণনিক্ষিপ্ত শক্তি (একঘ্নী) যেন ঘটোৎকচকে তাড়না করেছিল,[৪] আমাকেও তেমনি শক্তি[৫] (জুয়ার চাল বিশেষ) তাড়না করছে ॥১॥
জুয়াড়ীদের সর্দার[৬] লেখার কাজে ব্যস্ত দেখে দ্রুত পালিয়ে পথে এসে পড়েছি। এখন কার শরণ নেব ? ॥২॥
এখন জুয়াড়ীসর্দার আর জুয়াড়ী আমাকে খুঁজতে থাকুক, ইতিমধ্যে আমি উল্টো পায়ে শূন্য মন্দিরে ঢুকে দেবীমূর্তি বনে যাই।

(নানারকম অভিনয় করে সেইভাবে থাকল।)

(তারপর মাথুর এবং জুয়াড়ীর প্রবেশ)

মাথুর—কর্তা ! দশ মোহরের পণে বাঁধা জুয়াড়ী পালালো, পালালো। ধর্, ধর্,। দাঁড়া, দাঁড়া। দূর থেকে দেখতে পেয়েছি তোকে।
জুয়াড়ী—যদি এখন পাতালেও যাস, বা ইন্দ্রকেও শরণ নিস, সভিক (জুয়াড়ীসর্দার) ছাড়া শিবও তোকে বাঁচাতে পারবেন না ॥৩॥
মাথুর—ওরে শোন্, সহজ সরল জুয়াড়ীসর্দারকে ঠেকিয়ে ভয়ে-কাঁপা দেহ নিয়ে উঁচু-

নিচু মাটিতে পায়ে-পায়ে হোঁচট খেতে-খেতে, কুল ও মানকে অত্যন্ত কলঙ্কিত করে কোন্ চুলোয় পালাচ্ছিস্ ?

জুয়াড়ী—(পায়ের চিহ্ন দেখে) এই যাচ্ছে। এই পায়ের চিহ্ন মিলিয়ে গেল।

মাথুর—(দেখে, চিন্তা করে) একি উল্টোদিকে পায়ের ছাপ দেখছি। প্রতিমাশূন্য মন্দির। (চিন্তা করে) ধূর্ত জুয়াড়ী উল্টো পদক্ষেপে মন্দিরে ঢুকেছে।

জুয়াড়ী—অনুসরণ করি তাহলে।

মাথুর—তাই করি।

(দুজনে মন্দিরে প্রবেশ করেছে এমন অভিনয় করে, পরস্পরকে ইঙ্গিত করে)

জুয়াড়ী—একি ! কাঠের প্রতিমা দেখছি।

মাথুর—ওরে, না না। পাথরের প্রতিমা। (নানাভাবে নাড়া দিয়ে ইঙ্গিত করে) ঠিক আছে। এসো। পাশা খেলা যাক।

সংবাহক—(পাশাখেলায় ইচ্ছাজনিত বিকার সংবরণ করে মনে মনে) ওরে—

পাশার ছকে পড়ার শব্দ কপর্দকহীন মানুষের মন হরণ করে, ঢাকের শব্দ যেমন ভ্রষ্ট-রাজ্য রাজার মন হরণ করে তেমনি ॥৫॥

জানি সুমেরুচূড়া থেকে লাফিয়ে পড়ার মতো এই জুয়াখেলা আর আমি খেলব না। তবু কোকিলের (রবের) মতো মধুর এই পাশার দান দেবার শব্দ আমার মন হরণ করছে[৭] ॥৬॥

জুয়াড়ী—আমার দান। আমার দান।

মাথুর—না না। আমার দান। আমার দান।

সংবাহক—(অন্যখান থেকে হঠাৎ এসে) আমার দান।

জুয়াড়ী—পেয়েছি মানুষটাকে।

মাথুর—এখনই দাও।

সংবাহক—দেব। অনুগ্রহ করুন।

মাথুর—ওরে, এখনই দে।

সংবাহক—আমার মাথা ঘুরছে। (মাটিতে পড়ে গেল)

(দুজনে তাকে মারতে লাগল)

মাথুর—জুয়াড়ীচক্রের নামে তোকে বাঁধছি।

সংবাহক—(উঠে সবিষাদে) কী, জুয়াড়ীচক্রের নামে বন্ধ হচ্ছি। হায় ! এটা জুয়াড়ীদের এমন এক নিয়ম যা লঙ্ঘন করা যায় না। কিন্তু দেব কোত্থেকে ?

মাথুর—অঙ্গীকার কর, অঙ্গীকার।

সংবাহক—তাই করি। (জুয়াড়ীকে স্পর্শ করে) তোমাকে অর্ধেকটা দেব, অর্ধেকটা ছেড়ে দাও।

জুয়াড়ী—তাই হোক।

সংবাহক—(সভিকের কাছে এসে) অর্ধেকটায় প্রতিশ্রুতি দিলাম, অর্ধেকটা ছেড়ে দিন।

মাথুর—বেশ, তাই হোক।

সংবাহক—আর্য, অর্ধেক আপনি ছাড়লেন ?

মাথুর—ছাড়লাম।

সংবাহক—(জুয়াড়ীর প্রতি) আপনিও অর্ধেকটা ছেড়েছেন ?

মাথুর—ছাড়লাম।
সংবাহক—এখন তাহলে যাই ?
মাথুর—সেই দশটি মোহর দাও। কোথায় যাচ্ছ ?
সংবাহক—দেখুন দেখুন মশাইরা, দেখুন। এই এক্ষুনি আমি অর্ধেকটার জন্যে প্রতিশ্রুতি দিলাম, বাকি অর্ধেক মকুব করা হলো। তবুও ইনি এক্ষুনি তা আমার কাছে চাচ্ছেন। যা আমি দিতে অক্ষম।
মাথুর—(ধরে) ওরে ধূর্ত ! আমি মাথুর। বোকা নই। আমাকে এভাবে ঠকানো যাবে না। পণের দশটি মোহর এক্ষুনি দে।
সংবাহক—কোত্থেকে দেব ?
মাথুর—তোর বাপকে বেচে শোধ দে।
সংবাহক—আমার বাপ কোথায় ?
মাথুর—মা-কে বেঁচে শোধ দে।
সংবাহক—আমার মা কোথায় ?
মাথুর—নিজেকে বিক্রি করে শোধ দে।
সংবাহক—অনুগ্রহ করুন। আমাকে রাজপথে নিয়ে চলুন।
মাথুর—এসো দেখি।
সংবাহক—তাই হোক।

(পরিক্রমা করল) মশাইরা, দশটি মোহর দিয়ে আমাকে এই জুয়ার সর্দারেরা হাত থেকে ছাড়িয়ে নিন। (—দেখে, শূন্যে তাকিয়ে) কী বলছেন ? কী— করতে পার ? আমি আপনার বাড়ির চাকর হতে পারি। এ কি ? উত্তর না দিয়েই চলে গেলেন যে ! আর এক জনকে বলি। (আবার একই কথা বলল।)
ইনিও আমাকে অবজ্ঞা করেই চলে গেলেন। হায় চারুদত্তের অবস্থা পড়ে যাওয়ায় আমার এই দশা হয়েছে।

মাথুর—দাও বলছি।
সংবাহক—কোত্থেকে দেব ? (পড়ে গেল)

(মাথুর টানতে লাগল)

সংবাহক—মশাইরা, রক্ষা করুন, রক্ষা করুন।

(দর্দুরকের প্রবেশ)

দর্দুরক—জুয়া হল পুরুষের কাছে সিংহাসনহীন রাজ্য।

রাজার মতো জুয়াড়ী কারো কাছ থেকে পরাজয়কে তুচ্ছ করে, সব সময় টাকা নেয় আর দেয়, আর ভালো টাকার সুখ দেখলে তাকে ধনীরাও খাতির করে ॥৭॥

তাছাড়া—

জুয়াতেই পাওয়া যায় টাকা, জুয়াতেই পাওয়া যায় স্ত্রী ও বন্ধু। দান ও ভোগ সম্ভবপর হয় জুয়ারই দৌলতে। আর সমস্ত নষ্ট হয় জুয়ারই ফলে ॥৮॥

তাছাড়া—

'ত্রেতা'[৮]-চালে সব হারলাম। 'পাবরে'র[৯] ভুল দানে শরীরটা গেল শুকিয়ে 'নর্দিত'[১০] আমাকে পথে বের করল। আর 'কট'[১১] আমার সর্বনাশ করে ছাড়ল ॥৯॥

(সামনে তাকিয়ে) আমাদের আগেকার জুয়াড়ীসর্দার মাথুর এই দিকেই আসছে। একে এড়াবার আর উপায় নেই। নিজেকে অবগুণ্ঠিত করি।

(নানাভাবে অভিনয় করে দাঁড়িয়ে রইল। চাদর দেখে।)

এই পরিচ্ছদটির সুতো বেশির ভাগই নাই। শতছিদ্রে অলংকৃত এটি। এই পরিচ্ছদটি পরিধানের অযোগ্য। ভাঁজ করে রাখলেই এটি ভালো দেখায় ॥১০॥

এ লোকটা করবেই বা কী ?

আমি তো এক পা শূন্যে আর এক পা মাটিতে রেখে যতক্ষণ রোদ ততক্ষণ থাকতে পারি।

মাথুর—দাও, দাও।

সংবাহক—দেব কী করে ?

মাথুর—(টানতে লাগল)

দর্দুরক—একি ! সামনে কী ? (আকাশে) কী বললেন ?

এই জুয়াড়ীকে সর্দার নির্যাতন করছে, কিন্তু একে ছাড়াবার কেউ নাই ? এই দর্দুরকই তাকে ছাড়াবে ! (এগিয়ে এসে)। সরে যাও সরে যাও। (দেখে) এই সেই ধূর্ত মাথুর, আর এই বেচারা সংবাহক ! যে সারাদিন নিশ্চলভাবে মাথা ঝুলিয়ে থাকে না। (হেঁচড়ে নিয়ে যাওয়ার জন্যে) যার পিঠে ইট পাটকেলে ছড়ে যাওয়ার দাগ নেই, আর যার উরুর ভেতরটা লেলিয়ে দেওয়া কুকুর খাবলে খায় না।[১২] অতি দীর্ঘ এবং কোমল সেই মানুষটি সর্বদা জুয়ায় মেতে থাকে যেন ॥১২॥

যা হোক মাথুরকে শান্ত করি। (এগিয়ে কাছে এসে)। মাথুর, আমি অভিবাদন করছি।

মাথুর—(প্রত্যভিবাদন করল)

দর্দুরক—ব্যাপার কী ?

মাথুর—এই লোকটি দশমোহর ধারে।

দর্দুরক—এ তো সামান্য টাকা।[১৩]

মাথুর—(দর্দুরকের বগল থেকে চাদরটা টেনে বের করে) দেখুন মশাইরা দেখুন। যার গায়ে ছেঁড়া ত্যানা সে কিনা দশমোহরকে বলছে সামান্য টাকা !

দর্দুরক—ওরে মূর্খ ! আমি একটা যা 'কটে'র চালেই দশমোহর দিতে পারি। যার আছে সে কি তা কোলে বয়ে দেখায় ?

ওরে, তুই নীচ কুলে জন্মেছিস্, নিপাত যাবি তুই। দশমোহরের জন্যে পাঁচটি ইন্দ্রিয়ের মানুষকে মেরে ফেলছিস তুই ॥১৩॥

মাথুর—মশাই আপনার কাছে এই দশমোহর তুচ্ছ হতে পারে, কিন্তু আমার কাছে তা অনেক ধন।

দর্দুরব—যদি তাই হয় তবে শোনো। একেই আরও দশমোহর দাও ওদের সঙ্গে খেলুক সে।

মাথুর—কী হবে তাতে ?

দর্দুরক—যদি জেতে তবে দেবে।

মাথুর—যদি না জেতে ?

দর্দুরক—তাহলে দেবে না।

মাথুর—এভাবে তোমার সঙ্গে কথা বলার কোন মানে হয় না। ধূর্ত, একথা যখন বলছ তুমিই দাও তাহ'লে। নামকরা জুয়াড়ী আমি মাথুর শুধুশুধুই জুয়া খেলি ? আমি কাউকে ভয় করি না। ধূর্ত, তুমি বেইমান।

দর্দুরক—কী বললি, কে বেইমান ?

মাথুর—তুই।

দর্দুরক—তোর বাপ।

মাথুর—খানকীরবেটা, এই ভাবেই জুয়া খেলেছিস তুই ?

দর্দুরক—হ্যাঁ, এই ভাবেই খেলেছি।

মাথুর—ওরে সংবাহক, দশমোহর দে।

সংবাহক—আজই দেব। এখনই দেব। (মাথুর টানছে)

দর্দুরক—মূর্খ, আমার চোখের আড়ালে তুই একে হেনস্তা করতে পারিস। চোখের সামনে নয়।

(মাথুর সংবাহককে টানতে টানতে নাকে ঘুষি মারল। দর্দুরক এগিয়ে এসে বাধা দিল। মাথুর দর্দুরককে আঘাত করল, দর্দুরক প্রত্যাঘাত করল)

মাথুর—ওরে খানকীর-বাচ্চা, ফল পাবি।

দর্দুরক—ওরে তুই আমাকে (আজ) রাস্তায় মারলি। কিন্তু কাল যদি রাজকুলে মারতিস তাহলে দেখাতম।

মাথুর—আমি দেখতে রাজী।

দর্দুরক—দেখাবি কী করে ?

মাথুর—(চোখ বড়ো করে, এই ভাবে দেখাব)

(দর্দুরক মাথুরের চোখে ধুলো ছুঁড়ে সংবাহককে পালাতে ইশারা করল। মাথুর চোখ বন্ধ করে মাটিতে পড়ে গেল। সংবাহক পালাল।)

দর্দুরক—(স্বগত) প্রধান জুয়াড়ীসর্দারকে শত্রু করলাম। তাই এখানে আর থাকা উচিত নয়। আমার প্রিয়বন্ধু শর্বিলক বলেছে, আর্যক নামে এক গোয়ালার ছেলে কাল রাজা হবে—সিদ্ধাচার্যেরা এমন ভবিষ্যৎবাণী করেছেন। আমার সঙ্গে আর সকলে তাকেই অনুসরণ করছে। আমিও তার কাছেই যাই।

(নিষ্ক্রান্ত)

সংবাহক—(সভয়ে পরিক্রমা করে এবং দেখে) এই যে পাশ-দরজা-খোলা কার-বা বাড়ি, এখানেই ঢুকে পড়ি। (প্রবেশ অভিনয় করে। বসন্তসেনাকে দেখে) আর্যে, আমি শরণাগত।

বসন্তসেনা—শরণাগতকে অভয় দিচ্ছি। চেটী পাশদরজা বন্ধ করো।

(চেটী তাই করল)

বসন্তসেনা—কাকে ভয় তোমার ?

সংবাহক—পাওনাদারকে।

বসন্তসেনা—চেটী, পাশদরজা খুলে দাও এখন।

সংবাহক—(স্বগত) পাওনাদারকে ভয় ব্যাপারটাকে লঘু করে দেখলেন ইনি। ঠিকই বলা হয় যে-মানুষ নিজের শক্তি বুঝে ভার নেয়, তার কখনও স্খলন হয় না,

বনে গেলেও সে বিপন্ন হয় না ॥১৫॥
এই সত্যের প্রমাণ আমি নিজেই।

মাথুর—(চোখ পরিষ্কার করে, জুয়াড়ীকে) ওরে, দে, দে।

জুয়াড়ী—কত্তা, আমরা যখন দর্দুরকের সঙ্গে ঝগড়া করছিলাম সেই সময়ে সে পালিয়েছে।

মাথুর—ঘুষিতে সেই জুয়াড়ীর নাক ভেঙেছে। তাই এসো, রক্তের অনুসরণ করি।
(রক্ত অনুসরণ করে)

জুয়াড়ী—কত্তা, বসন্তসেনার বাড়িতে ঢুকে পড়েছে।

মাথুর—তাহলে আমাদের দশমোহর খোয়াতেই হল।

জুয়াড়ী—চলুন, রাজকুলে নালিশ করি গিয়ে।

মাথুর—এই ধূর্ত বেরিয়ে অন্য কোথাও চলে যাবে। তাই পথ আগলেই ধরতে হবে ওকে।

বসন্তসেনা—(মদনিকাকে ইঙ্গিত করল)

মদনিকা—আপনি এলেন কোথা থেকে? কে আপনি? কার সেবক আপনি? আপনার বৃত্তি কী? আপনার কাকেই বা ভয়?

সংবাহক—শুনুন আর্যা, পাটলিপুত্রে আমার জন্মভূমি। গ্রামের মোড়লের ছেলে আমি। আমার বৃত্তি সংবাহকের।

বসন্তসেনা—আর্য একটি সুকুমার কলা শিক্ষা করেছেন।

সংবাহক—আর্যে, কলা হিসেবেই শিখেছিলাম, কিন্তু এখন এটা আমার পেশা।

চেটী—একটু বিষণ্ণ উত্তরই আপনি দিলেন বলব। তারপর—আর্যে, তারপর, বাড়িতে বসে পর্যটকদের মুখে (এই দেশ সম্বন্ধে) শুনে এই দেশটি দেখতে এলাম। এখানে উজ্জয়িনীতে এসে আমি এক সজ্জন ব্যক্তির সেবা করলাম। তিনি সুদর্শন ও প্রিয়ভাষী, দিয়ে কখনও বলেন না, অপকার করলে তা ভুলে যান, বেশি বলে আর কী হবে? ঔদার্যে তিনি পরকেও আপন বলে মনে করেন, এবং যে তার শরণ নেয় তিনি তাঁর প্রতি সদয় হন।

চেটী—আর্যার অন্তরে যিনি আছেন তাঁর গুণ চুরি করে উজ্জয়িনীকে অলংকৃত করছেন?

বসন্তসেনা—ঠিক বলেছ চেটী, ঠিক বলেছ। আমিও মনে মনে একথা ভাবছিলাম।

চেটী—আর্য! তারপর!

সংবাহক—দয়া করে তিনি যে বিপুল দান করতেন তাতেই—

বসন্তসেনা—তাতেই তাঁর ভগ্নদশা?

সংবাহক—যা বললেন, আর্যা জানলেন কী করে?

বসন্তসেনা—জানবার কী আছে? গুণ আর বিভব একত্র দুর্লভ। সেই সব পুকুরই জলে ভর্তি যাদের জল পানের অযোগ্য।

চেটী—আর্য! তাঁর নাম কী?

সংবাহক—আর্যে, কে সেই ধরিত্রীর শশাঙ্কের নাম না জানে। তিনি পুণ্যনাম শ্রদ্ধেয় চারুদত্ত।

বসন্তসেনা—(সহর্ষে আসন থেকে নেমে) এ গৃহ আপনার নিজের বলে জানবেন। চেটী এঁকে আসন দাও। শ্রমে ক্লান্ত ইনি।

(চেটী তাই করল)

সংবাহক—(স্বগত) একি ! শুধু আর্য চারুদত্তের নাম করতেই এমন আদর ? ধন্য চারুদত্ত ধন্য। পৃথিবীতে শুধু তুমিই বেঁচে আছ। আর সবই শুধু শ্বাস নেয় মাত্র।

(বসন্তসেনার পায়ে পড়ে) না, না আর্যা আপনি বসুন আসনে।

বসন্তসেনা—(আসনে বসে) আর্য, তিনি ধনী (হতে পারেন) কী করে ?

সংবাহক—সজ্জনের সম্পদই হল আতিথিপরায়ণতা, ক্ষণস্থায়ী সম্পদ নেই কার ? যে অন্যের সম্মান দিতে জানে বিশেষ সম্মানও সে জানে (পায়) ॥১৫॥

বসন্তসেনা—তারপর ?

সংবাহক—তারপর তিনি আমাকে সেবেতনে পরিচারক হিসেবে রাখলেন। যখন তাঁর শুধু সুনামটুকুই সার তখন আমি বৃত্তিহিসেবে জুয়াকেই বেছে নিলাম। তারপর দুর্ভাগ্যক্রমে জুয়ায় আমি দশমোহর হেরেছি।

মাথুর—আমার সর্বনাশ হল, আমার সব লুট হল।

সংবাহক—এই ওরা দুজন—সর্দার আর জুয়াড়ী। আমাকে খুঁজছে ওরা। সব শুনে এখন আপনি যা করার করুন।

বসন্তসেনা—মদনিকা, পাখিরা যে গাছে বসে সে গাছ যখন জীর্ণ হয়ে পড়ে তখন তারা ইতস্তত ঘুরে বেড়ায়। চেটী, তুই গিয়ে সর্দার আর জুয়াড়ীকে এই বালাটা দিয়ে বলবি ইনিই (সংবাহকই) দিলেন।

(তিনি হাত থেকে অলঙ্কার খুলে চেটীকে দিলেন)

চেটী—(গ্রহণ করে) আপনি যা বলেন। (নিষ্ক্রান্ত)

মাথুর—আমার সর্বনাশ হল, আমার সব লুট হল !

চেটী—এরা দুজন যেভাবে উঁচু দিকে তাকিয়ে দীর্ঘশ্বাস ফেলছে, ভাবছে এবং দরজার দিকে তাকিয়ে যেভাবে কথা বলছে তাতে মনে হচ্ছে এরা দুজনই সেই সর্দার আর জুয়াড়ী। (কাছে এসে) আর্য, নমস্কার।

মাথুর—সুখী হও।

চেটী—আর্য, আপনাদের মধ্যে সর্দার কে ?

মাথুর—হে তনুমধ্যা ! কটাক্ষে দৃষ্টিপাত করে রতিরঙ্গে দষ্ট অধরে উচ্চারিত মধুরবচনে (আমাদের) কার সঙ্গে কথা বলছ ? আমার অর্থ নেই অন্যের কাছে যাও।

চেটী—এভাবে কথা বলছ যখন তখন তুমি জুয়াড়ী হতে পার না। তোমার কাছে টাকা ধারে এমন কেউ আছে কি ?

মাথুর—হ্যাঁ আছে। সে আমার কাছে দশ মোহর ধারে। তার কথা কেন ? তার জন্যে আর্য এই হাতের গয়নাটি দিয়েছে। না, না তিনিই দিয়েছেন।

মাথুর—(সহর্ষে গ্রহণ করে)। তুমি সেই কুলীনের-পোকে গিয়ে বলবে তোমার ঋণশোধ। এসো আবার জুয়া খেলো। (নিষ্ক্রান্ত)

চেটী—(বসন্তসেনার কাছে এসে) আর্যে, সর্দার আর জুয়াড়ী সন্তুষ্ট হয়ে গিয়েছে।

বসন্তসেনা—তাহলে, আর্য, এবার আপনি গিয়ে আপনার স্বজনদের আশ্বস্ত করুন।

সংবাহক—আপনি বললে আপনার পরিচারিকাকে এই কলা[২০] শিখিয়ে যেতে পারি।

বসন্তসেনা—আর্য ! যার জন্যে আপনি এই কলা শিখেছেন, যাকে আগে সেবা করেছেন, তাকেই সেবা করুন।

সংবাহক—(স্বগত) আর্যা নিপুণভাবে আমার প্রস্তাব প্রত্যাখ্যান করলেন। (প্রকাশ্যে) আর্যে, এই জুয়াড়ী হবার অবমাননায় বিরক্ত হয়ে আমি বৌদ্ধ ভিক্ষু হব। আপনি এ কথাগুলো মনে রাখবেন।

বসন্তসেনা—আর্যে, হঠাৎ কিছু করবেন না।

সংবাহক—আর্যে, আমি সংকল্প করেছি।

(পরিক্রমা করে)

জুয়া আমাকে এমন অবস্থায় এনেছিল যাতে আমি সকলের সামনে অবমানিত হয়েছি। এখন আমি রাজপথে মাথা উঁচু করে চলব ॥১৭॥

(নেপথ্যে কলরব)

সংবাহক—(শুনে) ব্যাপার কী ? (আকাশে) কী বলছ ? বসন্তসেনার খুণ্টমোড়ক[১] নামে দুষ্ট হাতিটি বেরিয়ে পড়েছে। ও, তাহলে আমি গিয়ে আপনার গন্ধ-গজ দেখব। অথবা আমার এতে কী এসে যায় ? আমি বরং যা সংকল্প করেছি তাই করব। (প্রস্থান)

(তারপর পর্দা নাড়িয়ে জমকালো পোশাকপরা আনন্দিত কর্ণপূরকের প্রবেশ)

কর্ণপূরক—আর্যা কোথায় ?

চেটী—তোমার এমন কী উত্তেজনার কারণ যে সামনেই উপবিষ্টা আর্যাকে দেখতে পাচ্ছ না ?

কর্ণপূরক—(দেখে) আর্যে, প্রণাম।

বসন্তসেনা—তোমার মুখ দেখে তোমাকে খুব খুশি মনে হচ্ছে ! ব্যাপার কী ?

কর্ণপূরক—(সবিস্ময়ে) আর্যে, আজ কর্ণপূরকের পরাক্রম আপনি দেখলেন না, বঞ্চিতই হলেন বলব।

বসন্তসেনা—কর্ণপূরক, কী কী ?

কর্ণপূরক—শুনুন আর্যে, আপনার খুণ্টমোড়ক নামে দুষ্ট হাতিটি আজ বন্ধনস্তম্ভ ভেঙে মহামাত্রকে নিহত করে ভীষণ সংক্ষোভ সৃষ্টি করে রাজপথে বেরিয়ে পড়েছে। ইতিমধ্যে লোকেরা চিৎকার করে উঠল—

শিশুদের সরাও, শিগ্‌গিরই গাছে বা বাড়ির ছাদে ওঠো। দেখছ না ঐ দুষ্ট হাতিটা এইদিকেই আসছে ?

তা ছাড়া—

পায়ের নূপুরদুটি পথে পড়েছে। রত্নখচিত মেখলা ভেঙে গেছে। ছোটো ছোটো মণিতে গাঁথা সুন্দরতর বলয়গুলোরও সেই দশা ॥১৯॥

তারপর সেই দুষ্ট হাতিটা একটা বৌদ্ধ ভিক্ষুর উপর এসে পড়ল—উজ্জয়িনী-নগরী দিয়ে ধাবমান হাতিটিকে দেখে মনে হচ্ছিল সে যেন শুঁড়, পা আর দাঁত দিয়ে প্রস্ফুটিত-পদ্ম কোন সরোবরে সাঁতরে চলেছে। ভিক্ষুকে দেখে সে তার দিকে জলকণা ছিটিয়ে দিল। ভয়ে তার হাত থেকে দণ্ড, পাত্র ও কমণ্ডলু আগেই পড়ে গিয়েছিল। তাকে সে দুই দাঁতের মধ্যে উপরে তুলে নিল দেখে লোকেরা আবার চীৎকার করে উঠল—হায় ! ভিক্ষুটি নিহত হতে চলেছে।’

বসন্তসেনা—(সসম্ভ্রমে) হায় কী সর্বনাশ, কী সর্বনাশ।
কর্ণপূরক—বিচলিত হবেন না। শুনুন, আর্যে, ঝুলন্ত ভাঙা শিকলের মালা বয়ে ছুটছিল সে, ভিক্ষুকে তুলে ধরেছিল দুই দাঁতের ফাঁকে—এই অবস্থায় হাতিটাকে দেখে আমি কর্ণপূরক—না, না, আপনার অন্নদাস—এঁকেবেঁকে এগিয়ে সেই জুয়াড়ীকে (ভিক্ষুকে) চীৎকাপ করে ডেকে, একটা দোকান থেকে লোহার দণ্ড নিয়ে সেই দণ্ডে হাতিটাকে দ্বন্দ্বে আহ্বান করলাম।
বসন্তসেনা—তারপর ?
কর্ণপূরক—বিন্ধ্যপর্বতের চূড়ার মতো সেই ক্রুদ্ধ হাতিটাকে আঘাত ক'রে দুই দাঁতের মধ্যে ঝুলন্ত ভিক্ষুকে মুক্ত করলাম ॥২০॥
বসন্তসেনা—তুমি খুব ভালো কাজ করেছ, তারপর ?
কর্ণপূরক—তারপর অসমভাবে ভার-চাপানো নৌকোর মতো সমস্ত উজ্জয়িনী এক দিকে ভীড় করে দাঁড়িয়ে বলতে লাগল, সাবাস কর্ণপূরক সাবাস! তারপর আর্যে, একজন মানুষ তার অলংকারের শূন্য স্থানগুলো স্পর্শ করে শূন্যে তাকিয়ে দীর্ঘশ্বাস ফেলে এই চাদরটি আমার উপর ছুঁড়ে দিলেন।
বাসবদত্তা—কর্ণপূরক, দেখ তো ঐ চাদরে যূঁইফুলের গন্ধ আছে কিনা।
কর্ণপূরক—হাতির মদগন্ধে[১১] কিসের গন্ধ তা ধরতে পারছি না।
বসন্তসেনা—কোন নাম আছে কিনা দেখেছ ?
কর্ণপূরক—হ্যাঁ, নাম আছে বটে। আপনিই পড়ুন।

(চাদরটা তাঁকে দিল)

বসন্তসেনা—আর্য চারুদত্তের।
চেটী—কর্ণপূরক, এই চাদরটিতে আমাদের আর্যাকে বেশ মানিয়েছে।
কর্ণপূক—হ্যাঁ, মানিয়েছে বটে।
বসন্তসেনা—কর্ণপূরক, এই তোমার পারিতোষিক। (অলঙ্কার দিলেন)
কর্ণপূরক—(মাথায় করে নিয়ে এবং প্রণাম ক'রে) সত্যিই এখন চাদরটিতে আপনাকে চমৎকার মানিয়েছে।
বসন্তসেনা—আর্য চারুদত্ত এখন কোথায় থাকতে পারেন জানো ?
কর্ণপূরক—এই পথেই তিনি বাড়ি রওনা হয়েছিলেন।
বসন্তসেনা—চেটী, উপরের অলিন্দে উঠে আর্য চারুদত্তকে দেখি চলো।

(সকলের প্রস্থান)

॥ দ্যূতকরসংবাহক-নামে দ্বিতীয় অঙ্ক সমাপ্ত ॥

× × × × × × × × × × × × × তৃতীয় অঙ্ক × × × × × × × × × × × × ×

(চেট-এর প্রবেশ)

চেট—যে মনিব তাঁর ভৃত্যের প্রতি দরদী তিনি দরিদ্র হলেও সুন্দর, কিন্তু যে মনিব ধনগর্বী, নীচ তাঁর সেবা করা দুঃসাধ্য—পরিণামে তিনি ভয়ঙ্কর ॥১॥
তা ছাড়া, শস্যলুব্ধ ষণ্ডকে যেমন নিবারিত করা যায় না—তেমনি পরস্ত্রীতে

গভীরভাবে আসক্ত ব্যক্তিকে, জুয়াড়ীকে এবং স্বভাবদুষ্ট মানুষকে শোধরানো যায় না ॥২॥

অনেকক্ষণ হল আর্য চারুদত্ত গান-বাজনা শুনতে গেছেন। মধ্যরাত হয়ে গেল তবু ফিরছেন না। যাই, আমি বার-দেউড়ীর কাছের ঘরে ঘুমোই গে।

(বিদূষক ও চারুদত্তের প্রবেশ)

চারুদত্ত—আহা ! অপূর্ব ! রেভিল কী সুন্দয় গাইল ! বীণাটি যেন এমন এক রত্ন যা সমুদ্র থেকে উৎপন্ন নয়।[১] কারণ—

প্রেমকাতর মানুষের হৃদরের কাছে এ এক সহৃদয় সঙ্গী, বিরহদগ্ধ প্রেমিকের পক্ষে সময় কাটানোর এ এক অপূর্ব উপায়, যারা বিচ্ছেদ-ব্যথায় পীড়িত তাদের কাছে এ হলো সান্ত্বনার উপায়[২] আর প্রেমমুগ্ধকে এ দেয় আনন্দ যা তার অনুরাগকেই বাড়িয়ে তোলে ॥৩॥

বিদূষক—চলুন, বাড়ি চলুন এখন।

চারুদত্ত—রেভিল কিন্তু সত্যি চমৎকার গেয়েছে !

বিদূষক—আমার দুটো ব্যাপারে হাসি পায়—মেয়েদের সংস্কৃত পড়া আর ছেলেদের মিহি সুরে গান করা শুনে। মেয়েরা যখন সংস্কৃত পড়ে তখন নাকে-নতুন-দড়ি পরানো গোরুর মতো একটু বেশি রকম 'সু সু' শব্দ করে। আর ছেলেদের মিনমিনে সুরে গান শুকনো-ফুলের-মালা-পরা বৃদ্ধ পুরোহিতের মন্ত্রের মতো আমার কাছে অসহ্য।

চারুদত্ত—কিন্তু, বন্ধু, রেভিল আজ সত্যিই খুব ভালো গেয়েছে, তোমার ভালো লাগে নি ?

মধুর, অনুরাগে পূর্ণ, স্পষ্ট ভাবে ভরা আর মিষ্টি—কী গান ! আহা ! কথা দিয়ে ঠিক বোঝানো যায় না—মনে হচ্ছিল, আড়াল থেকে কোন মেয়েই বুঝি গাইছে ॥৪॥

আর—

সত্যি, গান শেষ হয়ে গেলেও তার রেশটুকু এখনো কানে বাজছে। যেতে-যেতে অনুভব করছি—সেই মিষ্টি কণ্ঠের স্বর-মূর্ছনা, বীণার তারে সুরের মৃদু ও উচ্চ উত্থান-পতন—স্বরের মিশ্রণ, শেষের দিকে সুরের মৃদুতা, সহজ সংযমে শব্দের দ্বিরুক্তি ॥৫॥

বিদূষক—বন্ধু, কুকুরেরাও দোকানপাটের রাস্তার ধারে ধারে ঘুমে মগ্ন। কাজেই এখন বাড়ি চলুন, (অগ্রসর হয়ে ও দেখে) বন্ধু, দেখুন, দেখুন, অন্ধকারকে সুযোগ দিয়ে চন্দ্রদেবতা যেন তাঁর আকাশের প্রাসাদ ছেড়ে নেমে আসছেন !

চারুদত্ত—তুমি সত্যিই বলেছ—

চাঁদ অন্ধকারকে সুযোগ দিয়ে অস্ত যাচ্ছেন। জলে ডুবে-যাওয়া বুনো হাতীর ধারালো দাঁতটি শুধু অবশিষ্ট আছে যেন ॥৬॥

বিদূষক—বাড়ি এসে গেছি। বর্ধমানক, বর্ধমানক, দরজা খোলো !

চেট—মৈত্রেয়মশাইয়ের গলা শুনতে পাচ্ছি। আর্য চারুদত্ত এসেছেন। তাহলে দরজা খুলি, (তাই করে) আর্য, প্রণাম, মৈত্রেয়মশাই, আপনাকেও প্রণাম। এখানে বিছানো আসনে বসুন।

(উভয়ে প্রবেশ ও উপবেশনের অভিনয় করে)

বিদূষক—বর্ধমানক, রদনিকাকে ডাকো, আমাদের পা ধুইয়ে দিক।

চারুদত্ত—(অনুকম্পা ক'রে) ঘুমন্ত মানুষকে জাগানোর দরকার নেই।

চেট—মৈত্রেয়মশাই, আমি জল ঢালছি আপনি পা ধুইয়ে দিন।

বিদূষক—(রেগে গিয়ে) বন্ধু, এই দাসীরব্যাটা বলে কী! ও জল ঢালবে আর আমি আপনার পা ধুইয়ে দেব?

চারুদত্ত—বন্ধু মৈত্রেয়, তুমি বরং জল ঢালো আর বর্ধমানক আমার পা ধুইয়ে দিক।

চেট—মৈত্রেয়মশাই, জল ঢালুন।

(বিদূষক তাই করে, চেট চারুদত্তের পা ধুইয়ে সরে গেল)

চারুদত্ত—ব্রাহ্মণের পায়েও জল ঢেলে দাও।

বিদূষক—আমার পায়ে জল ঢেলে আর কী হবে? আমাকে তো এখুনি আবার মার-খাওয়া গাধার মতো মাটিতে গড়াতে হবে।

চেট—মৈত্রেয়মশাই, আপনি যে ব্রাহ্মণ!

বিদূষক—হ্যাঁ, আমি ব্রাহ্মণের শিরোমণি—সাপের মধ্যে ঢোঁড়া সাপ।

চেট—মৈত্রেয়মশাই, আমি আপনার পা ধুয়ে দিচ্ছি। (তাই করে) মৈত্রেয়মশাই, এই যে সোনার পেটিকা, দিনের বেলা আমি পাহারা দিয়েছি, এবার রাত্রে আপনি দিন। দয়া করে এটা নিন। (দিয়ে প্রস্থান)

বিদূষক—(হাতে নিয়ে) এটা এখনো আমাদের কাছে আছে! উজ্জয়িনীতে কি একটি চোরও নেই যে আমার এই হতচ্ছাড়া ঘুম-চুরিকরা জিনিসটি চুরি করে আমাকে স্বস্তি দেয়? বন্ধু এটাকে অন্তঃপুরে কোথায় রেখে আসি?

চারুদত্ত—না বন্ধু, অন্তঃপুরে নিয়ে যেও না, একজন গণিকা এই অলঙ্কার ব্যবহার করেছে। ব্রাহ্মণ, তার কাছে ফেরত না দেওয়া পর্যন্ত এটা তোমার কাছেই রেখে দাও ॥৭॥

(ঘুমের অভিনয় করে এবং ঘুমের ঘোরে বলতে থাকে,
'সত্যি সে গানের···' ইত্যাদি)

বিদূষক—ঘুমুচ্ছেন নাকি?

চারুদত্ত—হ্যাঁ, কপাল থেকে চোখজোড়া ঘুম যেন নেমে আসছে, এ যেন অদৃশ্যা ও মায়াময়ী জবার মতো যা মানুষের চেতনাকে আচ্ছন্ন ক'রে মানুষের শক্তি হরণ ক'রে ক্রমশঃ বাড়তে থাকে ॥৮॥

বিদূষক—তা হলে দুজনেই ঘুমোই। (ঘুমিয়ে পড়ার অভিনয় করে)

(শর্বিলকের প্রবেশ)

শর্বিলক—নিজের শিক্ষা ও গায়ের জোরে আমার মাপের মানুষের পক্ষে সহজে ঢুকে যাবার মতো যথেষ্ট বড়ো পথ তৈরি করেছি। এবার গর্তের দু' পাশে ঘষা খেতে খেতে খোলস ছাড়া সাপের মতো ঢুকে যাব ॥৯॥

(আনন্দে আকাশের দিকে চেয়ে) বাঃ, চন্দ্রদেব অস্ত যাচ্ছেন? তাই তো? স্নেহান্ধ মায়ের মতো সবকিছু গাঢ় অন্ধকারে ঢেকে রাখা এই রাত আমাকে ঢেকে রাখছে—তাই তো এখন চলাফেরায় রাজপুরুষের ভয় থাকা সত্ত্বেও আমি বীরের মতো অন্যের বাড়িতে চুরি করার জন্যে ঢুকতে পারছি ॥১০॥

বাগানের প্রাচীরের গায়ে সিঁধ কেটে বাড়ির মধ্যে ঢুকেছি, এবার অন্তঃপুরের দেওয়ালে সিঁধ কাটি। ঘুমন্ত মানুষের ঘরে চুরি করার ব্যাপারটাকে লোকে ছোটো কাজ বলে—মানুষের বিশ্বাসকে ভাঁওতা দিয়ে চুরি করায় কৃতিত্ব নেই,—লোকে এও বলে। আমি কিন্তু বলি যে হাত জোড় করে লোকের চাকরগিরি করার চেয়ে নিন্দার হলেও স্বাধীন বৃত্তি অনেক ভালো। দ্রোণের পুত্র ক্ষত্রিয় রাজপুত্রদের ঘুমের মধ্যে হত্যা করে এমন দৃষ্টান্ত দেখিয়ে গেছেন ॥১১॥
তাহলে—কোন্ জায়গায় সিঁধ কাটি? জলে ভিজে ভিজে নরম হয়ে গেছে বলে কোনো শব্দ হবে না—এমন জায়গা কোথায়? দেওয়ালে এমন জায়গায় সিঁধ কাটতে হবে যেখানটা কারো নজরে আসবে না, লোনা-ধরা ভাঙা জায়গা কোথায় দেখতে হবে। কোনো স্ত্রীলোকের দৃষ্টির বাইরে থেকে কাজ হাঁসিল করতে পারা যাবে এমন জায়গা বাছা দরকার ॥১২॥
(দেওয়ালে হাত বুলিয়ে) এই তো পেয়েছি? রোদে পুড়ে আর জলে ভিজে ভিজে এই জায়গাটা খারাপ হয়ে গেছে, লোনা ধরেছে আর ইঁদুরেও মাটি তুলেছে দেখেছি। যাক্, এবার কার্যসিদ্ধি। কার্তিকের শিষ্যদের কাছে এটাই হল প্রথম লক্ষণ। এখন কী ভাবে সিঁধ কাটা যায়? কার্তিকঠাকুর তো সিঁধ কাটার চার রকম উপায় দেখিয়েছেন। যেমন, ঝামা ইঁট টেনে খসানো, কাঁচা ইঁট হলে কেটে ফেলা, মাটির দেওয়ালে জল ঢালা, কাঠের তৈরি হলে কাটা। এখানে দেখছি ঝামা ইঁট, কাজেই টেনে বার করতে হবে। কিন্তু এখানে 'ফোটা পদ্ম', 'সূর্য', 'বাল-চন্দ্র', 'বড়ো দীঘি', 'স্বস্তিকা', 'পূর্ণকুম্ভ'—কোথায় কোন্ শিল্প দেখাব যা দেখে কাল নগরবাসী অবাক হয়ে যাবে? ॥১৩॥
ঠিক আছে, এখানে এই ঝামা ইঁটে কলসীর আকারের সিঁধই মানাবে। তাই কাটা যাক। লোনা-ধরা, অসমান অন্যের দেওয়ালে আমার সিঁধ কাটার কায়দা দেখে সকালবেলা প্রতিবেশীরা আমাকে দোষ দেবে, আবার প্রশংসাও করবে ॥১৪॥
বরদাতা কুমার কার্তিককে প্রণাম জানাই। দেবব্রত কনকশক্তিকে নমস্কার, ভাস্করনন্দীকেও নমস্কার, আমার গুরু যোগাচার্যকেও প্রণাম, তিনিই সন্তুষ্ট হয়ে আমাকে এই যাদুময় উপকরণ দান করেছেন। এটা গায়ে মেখে নিলে রক্ষীরা আমাকে দেখতে পাবে না, গায়ে অস্ত্র পড়লেও চোট লাগবে না ॥১৫॥
(তাই করে) এই রে! মাপার ফিতে আনতে ভুলে গেছি। (ভেবে) ঠিক আছে, এই পৈতেটাই মাপার ফিতের কাজ করবে। সত্যি, পৈতে জিনিসটা ব্রাহ্মণদের, বিশেষ করে আমার মতো ব্রাহ্মণের যথেষ্ট কাজে লাগে। কারণ—এ দিয়ে সিঁধ কাটার মাপ ঠিক করা যায়, এ দিয়ে গায়ের গয়না টেনে নেওয়া যায়, যন্ত্রের মতো শক্ত দরজা এ দিয়ে খোলা যায়, আবার সাপে কামড়ালে এ দিয়ে বাঁধাও যায় ॥১৬॥
এইবার মাপ-জোক করে কাজ শুরু করা যাক। (তাই করে এবং দেখে) আর একটা ইঁট বাকি আছে। উঃ আমাকে সাপে কামড়েছে। (পৈতে দিয়ে আঙুল বেঁধে বিষের জ্বালায় কষ্ট পাওয়ার অভিনয় করে) ব্যস্, ঠিক হয়ে গেছি এখন। (আবার সিঁধ কেটে এবং দেখে) একি! একটা প্রদীপ জ্বলছে যে! তাই তো—সোনারবরণ প্রদীপশিখার আলো সিঁধের মুখ দিয়ে বেরিয়ে আসছে, চারিদিকে

বিস্তৃত ঘন অন্ধকার—যেন কষ্টিপাথরে সোনার রেখা ॥১৭॥

(আবার কাজ করে) যাক্, সিঁধ কাটা শেষ। এইবার তবে ঢুকে পড়ি। না আগেই ঢুকব না। প্রথমে একটা নকল মানুষ ঢোকাই। (তাই করে) কেউ নেই তা হলে। কার্তিকঠাকুরকে প্রণাম জানাই। (প্রবেশ করে দেখে) দু'জন লোক ঘুমোচ্ছে দেখছি। পালানোর জন্যে বাইরের দরজাটা খুলে রাখা যাক। পুরোনো বাড়ি, তাই কপাটটায় ক্যাঁচ-কোঁচ শব্দ হচ্ছে। দেখি, কোথাও যদি একটু জলটল পাওয়া যায়। জল কোথায় আছে কে জানে! (এদিক-ওদিক দেখে জল নিয়ে ভয়ে ভয়ে কপাটে জল দেয়) না, কাজ নেই আর। মাটি পড়ে জলের শব্দ হচ্ছে বড়ো। যাক্, এ পর্যন্ত তো হলো এক রকম। (পিঠ দিয়ে কপাট খুলে) এবার তবে পরীক্ষা করে দেখা যাক্, এরা সত্যিই ঘুমোচ্ছে কি না. (তাদের ভয় দেখায় এবং লক্ষ্য করে) এরা তবে সত্যিই ঘুমোচ্ছে। কারণ, এদের নিঃশ্বাস পরিষ্কার ও সমানভাবে পড়ছে। চোখ ভালোভাবে বন্ধ করা। চোখের পাতা কাঁপছে না। এদের অঙ্গ শিথিলভাবে পড়ে আছে কারণ দেহের গ্রন্থিগুলো আলগা হয়ে আছে, যথাসম্ভব জায়গায় শরীর এলিয়ে শুয়ে আছে। যদি ঘুমের ভাণও করত তবে মুখের ওপর প্রদীপের আলোটা কখনো সহ্য করতে পারত না ॥১৮॥

(চারিদিক দেখে) কী ব্যাপার? এখানে দেখছি একটা মৃদঙ্গ, বাঁশি আবার এখানে একটা বীণা, এখানে আবার কতগুলো বই—একি তবে সঙ্গীতাচার্যের বাড়ি! আমি তো বাড়িটা দেখেই ঢুকেছি। বাড়ীর মালিক কি সত্যি গরিব, না রাজা অথবা চোরের ভয়ে টাকা-পয়সা মাটিতে পুঁতে রেখে দিয়েছে? কিন্তু শর্বিলককে ফাঁকি দেওয়া সহজ নয়। বীজ ছড়িয়ে দেখব। (তাই করে) তাই তো, বীজ ছড়ালাম, কিন্তু কোনোটাই ফুটে উঠল না। আহা, বেচারা সত্যিই গরিব। তা হলে চলেই যাই।

বিদূষক—(ঘুমের মধ্যে কথা বলে) বন্ধু, গর্তের মতো কি যেন দেখতে পাচ্ছি! চোরের মতো কে যেন দাঁড়িয়ে। এই সোনার পেটিকা আপনি নিন তা হলে।

শর্বিলক—গরিবের বাড়িতে ঢুকেছি বলে কি আমাকে ঠাট্টা করছে? তবে কি একে বধ করব? না কি দুর্বল প্রকৃতি বলে স্বপ্নে এরকম বলছে? (দেখে) ছেঁড়া-খোঁড়া স্নানের গামছায় বাঁধা সত্যিই কতকগুলো অলঙ্কার প্রদীপের আলোয় ঝকমক করছে—আচ্ছা, তবে নেওয়াই যাক। না, থাক, আমার মতো গরিব হলেও এই উচ্চ বংশের লোকটিকে দুঃখ দেওয়া উচিত নয়। আমি বরং চলেই যাই।

বিদূষক—বয়স্য, গো-ব্রাহ্মণের দিব্যি, অলঙ্কারগুলো আপনি নিয়ে যান বলছি।

শর্বিলক—গো-ব্রাহ্মণের দিব্যি! তা হলে তো নিতেই হয়। কিন্তু প্রদীপটা জ্বলছে যে। আমার কাছে অবশ্য প্রদীপটা নেভানোর জন্যে এ-ধরনের আগুনে পোকাও আছে। পোকা ছেড়ে দি। (তাই করে) পোকাগুলো প্রদীপের ওপর ঘুরে-ফিরে বেড়াচ্ছে। ভদ্রপীঠের পাখার ঝাপটায় প্রদীপ নিভে গেল। ওঃ কী অন্ধকার! কিন্তু আমি কিনা ব্রাহ্মণ বংশে জন্মে অন্ধকারে ঘুরে বেড়াচ্ছি? চতুর্বেদের অধিকারী, যে ব্রাহ্মণ কখনো দান গ্রহণ করেন নি তাঁর পুত্র হয়ে আমি—ব্রাহ্মণ শর্বিলক কি না গণিকা মদনিকার জন্যে কুকর্ম করছি। যাকগে,

এখন এই ব্রাহ্মণের অনুরোধটা রক্ষা করি তো।

(হাতড়াতে হাতড়াতে এগিয়ে যায়)

বিদূষক—বয়স্য ! আপনার হাতটা এত ঠাণ্ডা কেন ?

শর্বিলক—কী বিপদ বল দেখি ! জল ঘেঁটে হাতটা ঠাণ্ডা হয়ে গেছে। আচ্ছা, বগলের মধ্যে হাতটা রাখি। (ডান হাত গরম করে অলঙ্কার নেয়)

বিদূষক—নিয়েছেন তা হলে ?

শর্বিলক—ব্রাহ্মণের অনুরোধ কি এড়ানো যায় ? নিয়েছি।

বিদূষক—জিনিসপত্র বিক্রী হয়ে যাবার পর বণিক যেমন নিশ্চিন্তে ঘুমোয়, তেমনি আমিও এবার ঘুমোই। (ঘুমিয়ে পড়ে)

শর্বিলক—ওহে, মহাব্রাহ্মণ, এখন তুমি একশ বছর ধরে ঘুমোও, তাতে আমার কোনো আপত্তি নেই। আমার এখন একমাত্র দুঃখ হল—গণিকা মদনিকার জন্যে গোটা ব্রাহ্মণকুলকে নরকে ডোবালাম, অথবা নিজেই নরকে ডুবলাম। দারিদ্র্যকে ধিক্, কারণ, এই দারিদ্র্যই পৌরষকে বিপথগামী করে। দারিদ্র্যের জন্যেই আমি কুকর্ম করছি, আবার তার নিন্দাও করছি ॥১৯॥

এখন তবে মদনিকার দাসত্ব ঘোচাতে বসন্তসেনার বাড়িতে যাওয়া যাক। (পরিক্রমা ও অবলোকন করে) কার যেন পায়ের শব্দ শোনা যাচ্ছে, প্রহরীদের নয় তো ? থামের মত চুপ করে এখানে দাঁড়িয়ে থাকি। আমি হলাম গিয়ে শর্বিলক, রক্ষী আমার কী করবে ?

বিড়ালের মতো নিঃশব্দে চলে, হরিণের মতো দ্রুতগতিতে যে ছোটে, গ্রহণছেদন কাজে যে বাজের মতো, কুকুরের মতো যে বুঝতে পারে কে নিদ্রিত, কে সুপ্ত, সাপের মতো আঁকাবাঁকা যার গতি, ছদ্মবেশে যে মায়ার মতো, ফুটো দিয়ে গলে যাবার ব্যাপারে যে সাপ, নানা ভাষায় যে অভিজ্ঞ এবং সরস্বতীর মতো জ্ঞানী, রাত্রে যে প্রদীপ, বিপদে শেয়াল, মাটিতে ঘোড়া আর জলে নৌকো—সেই শর্বিলকের আবার রক্ষীর ভয় ! ॥২০॥

তাছাড়া,—

আমি গতিতে সর্প, স্থৈর্যে পর্বত, অবিরাম ওড়ায় গরুড়ের সমতুল্য, চারিদিক লক্ষ্যের ব্যাপারে খরগোস, ছিনিয়ে নিতে আমি যেন বাঘ আর শক্তিতে সিংহ ॥২১॥

(রদনিকার প্রবেশ)

রদনিকা—হায়, এখন কী করি ? বাইরের দরজার কাছের ঘরে বর্ধমানক ঘুমোচ্ছিল—তাকেও দেখছি না। আচ্ছা, তবে মৈত্রেয়মশাইকেই ডাকি। (পরিক্রমণ)

শর্বিলক—(রদনিকাকে মারতে উদ্যত, কিন্তু দেখে) এ কি ! এ যে স্ত্রীলোক ! তবে যাই (প্রস্থান)

রদনিকা—(ভয়ে ভয়ে গিয়ে) সর্বনাশ হয়েছে। চোর চুরি করে পালাচ্ছে ! আমি গিয়ে মৈত্রেয়কে জানিয়ে দি। (বিদূষকের কাছে গিয়ে) মৈত্রেয়মশাই, শিগ্‌গির জাগুন। বাড়িতে সিঁধ কেটে পালাচ্ছে !

বিদূষক—(উঠে পড়ে) আরে বেটী, বলিস কী ? সিঁধ কেটে চোর পালাল ?

রদনিকা—আরে নির্বোধ ; ঠাট্টা নয়, দেখছ না ঐ যে সিঁধ ?

বিদূষক—ওরে বেটী, বলিস কী ? দ্বিতীয় একটা দরজা তৈরি হয়েছে দেখছি ! বন্ধ।

বয়স্য চারুদত্ত, উঠুন, উঠনে, আমাদের বাড়িতে চোর সিঁধ কেটে পালিয়েছে !
চারুদত্ত—খুব হয়েছে। পরিহাস করছ কেন ?
বিদূষক—পরিহাস নয়, আপনি নিজে এসে দেখুন।
চারুদত্ত—কোথায় ?
বিদূষক—এই যে এদিকে।
চারুদত্ত—(লক্ষ্য করে) আহা, দেখার মতো সিঁধ বটে ! ওপর থেকে ইঁট সরিয়ে নিচের দিকে নামা হয়েছে। তাই ওপর দিকটা সরু আর মাঝখানটা চওড়া। মনে হচ্ছে আমাদের রাজকীয় গৃহের হৃদয়টি যেন অযোগ্য লোকের সংসর্গের ভয়ে বিদীর্ণ হয়েছে। এই ধরণের কাজের মধ্যেও কী নৈপুণ্য॥২২।
বিদূষক—বয়স্য ! হয় কোনো বিদেশী অথবা কোনো শিক্ষানবিস দেশী লোক এই সিঁধ কেটেছে। তা না হলে, উজ্জয়িনীতে আমাদের বাড়ির অবস্থার কথা কে না জানে ?
চারুদত্ত—কোনো বিদেশী অথবা কেবল শিখছে এ রকম কেউ এ কাজ করেছে। তার জানা ছিল না যে টাকা পয়সা নেই বলে বাড়ির লোক নিশ্চিন্তে ঘুমোচ্ছে। প্রথমে আমাদের বাড়ীর বাহ্যিক জৌলুস দেখে আশা করেছিল। তারপর অনেক্ষণ ধরে সিঁধ কেটে ক্লান্ত হয়ে নিরাশ হয়ে ফিরে গিয়েছে॥২৩॥
তাহলে এখন বেচারা বন্ধুদের কাছে গিয়ে কী বলবে ? বলবে "বণিকের ছেলের বাড়িতে গিয়ে কিছুই পাইনি'।
বিদূষক—বটে ! চোরটার ওপর খুব যে দরদ দেখছি ! সে নিশ্চয়ই মনে করেছিল এই বিরাট বাড়ি থেকে সোনার অলঙ্কার, ধনরত্ন সব চুরি করে নিয়ে যাবে। ও ভালো কথা, সেই সোনার অলঙ্কারগুলো কোথায় ? তা বয়স্য, আপনি সব সময় বলে থাকেন, "মৈত্রেয়টা একটা আস্ত নির্বোধ, মূর্খ" —কিন্তু আমি সেই অলঙ্কারগুলো আপনার হাতে দিয়ে ঠিক কাজ করেছি কিনা, বলুন তো ? তা না দিলে চোরটা নিশ্চয়ই ওগুলো নিয়ে পালাতো, তাই না ?
চারুদত্ত আর পরিহাসে কাজ নেই।
বিদূষক—আমি এমনই মূর্খ যে পরিহাসের স্থানকাল বুঝি না ?
চারুদত্ত—কখন দিলে তুমি ?
বিদূষক—কেন ? আপনাকে যখন বললাম, আপনার হাতটা কী ঠাণ্ডা—
চারুদত্ত—এ কথা আবার কখন বললে ? (চারদিক দেখে আনন্দে) বন্ধু, একটা সুখবর দিচ্ছি।
বিদূষক—কী ? চুরি হয়নি তো ?
চারুদত্ত—হ্যাঁ, চুরি হয়েছে।
বিদূষক—তবু বলছেন, সুখবর ?
চারুদত্ত—চোর সন্তুষ্ট হয়ে চলে গেছে।
বিদূষক—কিন্তু সে যে গচ্ছিত জিনিস।
চারুদত্ত—কি বললে ! সেই গচ্ছিত জিনিস ? (মূর্ছা)
বিদূষক—শান্ত হোন বন্ধু। চোরে গচ্ছিত জিনিস চুরি করেছে বলে আপনি মূর্ছা যাচ্ছেন কেন ? চারুদত্ত (সংজ্ঞা লাভ করে)—বন্ধু, সত্যি ঘটনা কে বিশ্বাস করবে ? প্রত্যেকেই আমাকে নীচ মনে করবে। গৌরবহীন দারিদ্র্যকেই লোকে

সন্দেহের চোখে দেখে ॥২৪॥
ওঃ কি দুর্ভাগ্য আমার! বিধি আমার ধন চুরি করালেন, এখন আমার চরিত্রকে নিষ্ঠুরভাবে হনন করছেন ॥২৫।

বিদূষক—আমি সরাসরি অস্বীকার করব। দিয়েছে কে? নিয়েছেই বা কে? সাক্ষী কোথায়?

চারুদত্ত—আমাকে কি এখন মিথ্যে কথা বলতে হবে? না, আমি বরং ভিক্ষা করে গচ্ছিত জিনিস ফেরত দেব, তবু মিথ্যা বলে চরিত্রনাশের কারণ ঘটাতে পারব না ॥২৬॥

রদনিকা—যাই ধুতো-মাকে খবরটা দিয়ে আসি। (প্রস্থান)

(চেটীর সঙ্গে চারুদত্তের স্ত্রীর প্রবেশ)

স্ত্রী—(ব্যস্ত হয়ে) ওলো, আর্যপুত্র মৈত্রেয়সহ অক্ষত শরীরে আছেন?

চেটী—সত্যি মা-ঠাকরুণ। কিন্তু সেই গণিকার গয়নাগুলো চুরি হয়ে গেছে।

স্ত্রী—(অচেতন্য হওয়ার অভিনয় করে)

চেটী—শান্ত হোন, মা ঠাকরুন।

স্ত্রী—(সংজ্ঞা ফিরে পেয়ে) ওরে কি বলছিস তুই? ওঁর শরীরে কোনো আঘাত লাগে নি কিন্তু চরিত্রে আঘাত লাগার চেয়ে যে শরীরের আঘাত অনেক ভালো ছিল। এখন উজ্জয়িনীর সব লোক বলবে—অভাবের তাড়নায় উনি এই কাজ করেছেন। (ওপরে তাকিয়ে ও দীর্ঘশ্বাস ফেলে) হায় ভগবান। পুরুষের ভাগ্যকে পদ্মপাতার জলের মতো চঞ্চল করে এ তোমার কী কৌতুক? আমার মায়ের বাড়ি থেকে পাওয়া এই একটি মাত্র রত্নহার আমার আছে। কিন্তু আমার স্বামী যে প্রকৃতির লোক—তিনি কিছুতেই এটা গ্রহণ করবেন না। ওলো, যা মৈত্রেয়-মশাইকে একবার এখানে ডেকে নিয়ে আয়।

চেটী—যে আজ্ঞা, মা-ঠাকরুন। (বিদূষকের কাছে গিয়ে) মৈত্রেয়মশাই ধুতো-মা আপনাকে ডাকছেন।

বিদূষক—কোথায় তিনি?

চেটী—এই যে ইনি এখানে। এদিকে আসুন।

বিদূষক—(এগিয়ে গিয়ে) কল্যাণ হোক।

স্ত্রী—প্রণাম জানাই। পূব দিকে মুখ ফিরিয়ে বসুন।

বিদূষক—এই আমি পূবমুখো হয়ে বসলাম।

স্ত্রী—এইটে আপনি রাখুন।

বিদূষক—কী এটি?

স্ত্রী—আমি রত্নষষ্ঠী ব্রত নিয়েছিলাম—তাতে যার যা ক্ষমতা সেই অনুসারে ব্রাহ্মণকে রত্নদান করতে হয়। এটা আমি একজন ব্রাহ্মণকে দিতে গিয়েছিলাম—কিন্তু তিনি গ্রহণ করলেন না। তাঁর হয়ে এই রত্নহারটি আপনি গ্রহণ করুন।

বিদূষক—(গ্রহণ করে) কল্যাণ হোক। যাই প্রিয়বন্ধুকে খবরটা দিই গে।

স্ত্রী—মৈত্রেয়মহাশয়, আমাকে লজ্জা দেবেন না। (প্রস্থান)

বিদূষক—(বিস্ময়ে) ওঃ! কী মহানুভবতা!

চারুদত্ত—মৈত্রেয় আসতে এত দেরি করছে কেন? মনের দুঃখে কিছু একটা করে না বসে। মৈত্রেয়, মৈত্রেয়!

বিদূষক—(কাছে এসে) এই যে এসেছি। এইটি নিন। (রত্নহার দেখান)

চারুদত্ত—এটা কী ?

বিদূষক—আপনি যে আপনারই যোগ্য স্ত্রী পেয়েছেন এ তারই প্রমাণ।

চারুদত্ত—অ্যাঁ, আমার ব্রাহ্মণী পর্যন্ত আমাকে করুণা করেন। আমি তবে সত্যিই গরিব—ভাগ্যদোষে হৃতসর্বস্ব আমার প্রতি স্ত্রী করুণা দেখাচ্ছেন। অর্থই পুরুষকে নারী করে দেয়, আবার অর্থ ই স্ত্রীলোককে পুরুষ করে ॥২৭॥

কিন্তু না, আমি দরিদ্র নই, কারণ—আমার স্ত্রী আমার ভাগ্যেরই অনুগমন করেন, সুখে-দুঃখে তুমি আমার বন্ধু, দরিদ্রের পক্ষে স্বাভাবিক হলেও আমি মনে-প্রাণে সত্যভ্রষ্ট হইনি ॥২৮॥

মৈত্রেয়, এই রত্নহার নিয়ে বসন্তসেনার কাছে যাও। তাকে আমার হয়ে বোলো, 'তোমার সেই স্বর্ণ-অলঙ্কার আমার নিজের জিনিস মনে করে পাশা-খেলায় হারিয়েছি—তার বদলে এই রত্নহারটি দিচ্ছি, তুমি গ্রহণ করো।

বিদূষক—চার সাগরের সার এই মহামূল্য রত্নহারটি সামান্য মূল্যের অলঙ্কারের পরিবর্তে দেওয়াটা মোটেই উচিত নয়। তাছাড়া সে অলঙ্কারটি আমরা ভোগও করিনি, আত্মসাৎও করি নি—চোরে নিয়েছে।

চারুদত্ত—না, বন্ধু, ঠিক তা নয়। যে বিশ্বাস নিয়ে সে আমাদের কাছে সেটা গচ্ছিত রেখেছিল আমি সেই বিশ্বাসেরই দাম দিচ্ছি ॥২৯॥

তাহলে বন্ধু, আমার গা ছুঁয়ে প্রতিজ্ঞা করো এটা গ্রহণ না করিয়ে তুমি এখানে আসবে না।

বর্ধমানক—ইঁটগুলো দিয়ে তাড়াতাড়ি সিঁধটা গেঁথে ফেল। দুর্নামের অনেক জ্বালা, তাই ওটাকে ওভাবে ফেলে রাখতে চাই না ॥৩০॥

বন্ধু, মৈত্রেয়, তুমি সসম্মানে ও উদারভাবে তাকে সম্বোধন করবে।

বিদূষক—বন্ধু, গরিব কি উদারভাবে কথা বলতে পারে ?

চারুদত্ত—বন্ধু, আমি মোটেই গরিব নই। যার—('স্ত্রী অনুগতা' ইত্যাদি বার বার বলতে থাকে)। তুমি তবে এসো—আমিও শুদ্ধ হয়ে সন্ধ্যা উপাসনায় যাই।

॥ সন্ধিচ্ছেদ-নামে তৃতীয় অঙ্কের সমাপ্তি ॥

× × × × × × × × × × × × × চতুর্থ অঙ্ক × × × × × × × × × × × ×

(চেটীর প্রবেশ)

চেটী—মা আর্যার কাছে যেতে বললেন। এই তো আর্যা মদনিকার সঙ্গে কথা বলছেন, তাঁর চোখ একটা ছবির ওপর। কাছে যাই। (যেতে থাকে)

(বসন্তসেনা ও মদনিকার প্রবেশ)

বসন্তসেনা—ওলো মদনিকা, ছবিটা অবিকল চারুদত্তের মতো, তাই না ?

মদনিকা—একেবারে অবিকল।

বসন্তসেনা—জানলি কী করে ?

মদনিকা—ছবিটার দিকে কি রকম অনুরাগ নিয়ে চেয়ে আছেন, এতেও বুঝব না ?

বসন্তসেনা—বাঃ গণিকার বাড়িতে থেকে থেকে বেশ তো মন যুগিয়ে কথা বলতে শিখেছিস।

মদনিকা—বা রে, গণিকার বাড়িতে থাকলেই বুঝি মন জুগিয়ে চলতে হয়?

মদনিকা—আপনার চোখ আর মন যেভাবে ছবিটার ওপরে পড়ে আছে তার কী কারণ তা না জিজ্ঞেস করলেও চলে।

বসন্তসেনা—ওলো, সখীদের ঠাট্টার হাত থেকে বাঁচতে চাইছি।

মদনিকা—না আর্যা, ঠিক তা নয়। সখীর সঙ্গে সখীর মনের মিল থাকবেই।

প্রথম চেটী—(কাছে এসে) আর্যা, মা আদেশ করলেন, 'পাশের দরজায় ঢাকা গাড়ি তাইতে যাও।'

বসন্তসেনা—ওলো, চারুদত্ত কি আমায় নিতে পাঠিয়েছেন?

চেঠী—আর্যা, তিনি গাড়ির সঙ্গে দশ হাজার মোহরের গয়না পাঠিয়েছেন।

বসন্তসেনা—তিনি আবার কে?

চেটী—তিনি হলেন রাজার-শালা সংস্থানক।

বসন্তসেনা—(রেগে) দূর হ! আর কক্ষনো বলবি না ও কথা।

চেটী—শান্ত হন, শান্ত হন, আর্যা। আমায় খবরটা দিতে বলেছেন, তাই—

বসন্তপেনা—তোর এই খবরটার ওপরেই আমার রাগ হচ্ছে।

চেটী—তা হলে মাকে গিয়ে কী বলব?

বসন্তসেনা—বলবি, মা যদি আমার মরা মুখ দেখতে না চান তবে যেন আর কখনো এমন আদেশ না করেন।

চেটী—যে আজ্ঞে। (প্রস্থান)

(শর্বিলকের প্রবেশ)

শর্বিলক—রাত্রিকে অপবাদ দিয়ে, নিদ্রাকে জয় করে আর রাজার রক্ষীদের বোকা বানিয়ে শেষ রাত্রে সূর্যোদয়ের সময়কার চাঁদের মতো মলিন হয়ে আমি এখানে এসেছি ॥১॥

তা ছাড়া—

যখনই কেউ আমায় ছুটতে দেখে আমার দিকে তাকিয়েছে, কিংবা তাড়াতাড়ি আমার কাছে এসেছে তখন আমি তাদের সবাইকে দেখেই ভয় পেয়েছি—এর কারণ আমার নিজেই সন্দিগ্ধ মন। মানুষের নিজের দোষই তাকে ভীরু করে রাখে[১] ॥২॥

মদনিকার জন্যেই আমার এই দুঃসাহসের কাজ। কোন কোন জায়গায় চাকর-বাকরের সঙ্গে কোন লোক কথা বলছে শুনে এড়িয়ে গেছি, কোন বাড়িতে কেবল স্ত্রীলোক আছে বলে ছেড়ে দিয়েছি, রাজার রক্ষীরা কাছাকাছি এলে কাঠের খুঁটির মতো দাঁড়িয়ে গেছি। এই ধরনের নানা আচরণে আমি রাতকে দিন করেছি ॥৩॥ (পরিক্রমা করে)

বসন্তসেনা—ওলো, এই ছবিটা আমার ঘরে বিছানার ওপয়ে রেখে তাড়াতাড়ি একটা পাখা নিয়ে আয়।

মদনিকা—যাচ্ছি। (ছবি নিয়ে চয়ে চলে যায়)

শর্বিলক—এই ত বসন্তসেনার বাড়ি। তা হলে প্রবেশ করি (তাই করে) এখন মদনিকাকে পাই কোথায়?

(পাখাহাতে মদনিকার প্রবেশ)

শর্বিলক—(দেখতে পেয়ে) এই ত মদনিকা আসছে! গুণে মদনদেবকেও পরাস্ত করে মূর্তিমতী রতিদেবীর মতো শোভা পাচ্ছে এই আমার মদনিকা। ভালবাসার আগুনে আমার হৃদয় পুড়িয়ে আবার তাকে চন্দনের প্রলেপে শান্ত করে দেয় ॥৪॥
মদনিকা—

মদনিকা—(দেখে) একী! এ যে শর্বিলক; এসো, এসো। ব্যাপার কী! এদিকে কোথায় চলেছ?

(পরস্পর অনুরাগের সাথে দেখে)

বসন্তসেনা—মদনিকা এত দেরি করছে কেন? তাই তো, গেল কোথায়? চলে গেল নাকি? (জানলা দিয়ে দেখে) একী! এ যে একজন পুরুষমানুষের সঙ্গে কথা বলছে দেখছি। যে ভাবে লোকটিকে অনুরাগের দৃষ্টি দিয়ে গিলে খাচ্ছে তাতে মনে হয় লোকটি ওকে বন্ধন থেকে মুক্ত করতে চায়। ঠিক আছে, ওরা রসালাপ করুক। ওদের প্রেম নিবেদন কেউ যেন বাধা সৃষ্টি না করে। আমি আর ডাকব না ওকে।

মদনিকা—শর্বিলক, বল কী ব্যাপার।

(শর্বিলক ভয়ে ভয়ে চারিদিক দেখে)

কী হয়েছে, শর্বিলক? মনে হচ্ছে, তুমি যেন ভয় পেয়েছ!

শর্বিলক—তোমাকে, একটা গোপন কথা বলছি, তা, জায়গাটা নির্জন তো?

মদনিকা—হ্যাঁ।

বসন্তসেনা—(স্বগত) গোপন কথা! তা হলে না শোনাই উচিত।

শর্বিলক—আচ্ছা মদনিকা, আমি যদি দাম দিই তা হলে বসন্তসেনা কি তোমায় ছেড়ে দেবেন?

বসন্তসেনা—আমার সম্বন্ধে কথা! তা হলে নিজেকে লুকিয়ে রেখে এই জানলা দিয়ে শুনি।

মদনিকা—শর্বিলক, আমি আর্যাকে জিজ্ঞেস করেছিলাম। তিনি বলেছেন—'আমার ইচ্ছে হলে আমার সব পরিচারক-পরিচারিকাদেরই কোনো দাম না নিয়েই ছেড়ে দিতে পারি।' আচ্ছা, শর্বিলক, তোমার এত অর্থ কোথায় যে আমাকে আর্যার কাছ থেকে মুক্ত করবে?

শর্বিলক—ওগো, ভীতু মেয়ে, আমি গরিব, কিন্তু তোমাকে ভালবাসি বলেই গত রাত্রে একটা দুঃসাহসের কাজ করে ফেলেছি ॥৫॥

বসন্তসেনা—দেখে মনে হচ্ছে লোকটি শান্তশিষ্ট। কিন্তু ওর ঐ দুঃসাহসের কাজের ব্যাপারটা শুনে ভয় হয়।

মদনিকা—শর্বিলক, একটা সামান্য মেয়ের জন্যে তুমি দুটো জিনিসকে বিপদে ফেলেছিলে।

শর্বিলক—দুটো জিনিস কী কী?

মদনিকা—তোমার দেহ আর চরিত্র।

শর্বিলক—আরে বোকা মেয়ে, সাহসেই লক্ষ্মী বাস করেন।[২]

মদনিকা—শর্বিলক, এখন পর্যন্ত তোমার চরিত্রে কোনো দোষ ঘটে নি, কিন্তু

আমার জন্যে একটা অপরাধের কাজ করা কি তোমার উচিত হয়েছে ?

শর্বিলক—আমি কখনো পুষ্পিতা লতার মতো গয়না-পরা মেয়েদের চুরি করি না, ব্রাহ্মণের সম্পদ° কিংবা যজ্ঞের সোনা চুরি করি না। অর্থের জন্যে আমি কখনো ধাত্রীর কোল থেকে শিশুকে ছিনিয়ে নিই না। চুরি করার সময়েও আমার মন কোনটা ভালো আর কোন্‌টা মন্দ তা বিচার করে ॥৬॥

কাজেই বসন্তসেনাকে বলো—

'দয়া করে আমার ভালবাসার খাতিরে যেন আপনারই দেহের মাপে তৈরি—এই অলঙ্কার গোপনে পরবেন।'

মদনিকা—দেখ শর্বিলক, গয়না পরা আর গোপনে এ দুটো জিনিস এক সঙ্গে হয় না। কৈ, আনো দেখি, একবার গয়নাগুলো দেখি।

শর্বিলক—এই যে অলঙ্কার। (সসঙ্কোচে হাতে দেয়)

মদনিকা—(ভালো করে দেখে) এ অলঙ্কার যেন আগে কোথাও দেখেছি ! কোথায় পেলে, বলো তো ?

শর্বিলক—সে-সব শুনে লাভ নেই, এগুলো ধরো এখন।

মদনিকা—(রেগে গিয়ে) আমাকে যদি এতই অবিশ্বাস তবে আমাকে মুক্ত করতে চাও কেন ?

শর্বিলক—সকালে বাজারে শুনলাম এগুলো নাকি বণিক চারুদত্তের।

(বসন্তসেনা ও মদনিকা দু'জনেই মূর্ছার অভিনয় করে)

শর্বিলক—শান্ত হও মদনিকা ! তুমি এখন মুক্ত, তবু তুমি কেন বিচলিত হচ্ছ, কেন তোমার অঙ্গ-প্রত্যঙ্গ হতাশায় কাঁপছে, তোমার চোখ উত্তেজনায় ঘুরছে কেন ? আমার প্রতি তোমার কি করুণা নেই ?

মদনিকা—(সুস্থ হয়ে) বীরপুরুষ, এই কুকর্ম করতে গিয়ে সে বাড়ির কাউকে মেরেটেরে ফেল নি ত ?

শর্বিলক—ওগো, মদনিকা, শর্বিলক কোনো ভীত বা নিদ্রিত মানুষকে আঘাত করে না। আমি কাউকে মারিও নি, আঘাতও করি নি।

মদনিকা—সত্যি বলছ ?

শর্বিলক—সত্যি।

বসন্তসেনা—(সংজ্ঞালাভ ক'রে) আঃ ! বাঁচলাম।

মদনিকা—এটা তবে সুসংবাদ আমার কাছে।

শর্বিলক—(ঈর্ষান্বিত হয়ে) সুসংবাদ বলতে তুমি কী বোঝাতে চাইছ ?

পূর্বপুরুষদের ন্যায়নিষ্ঠ আচরণে যে বংশ ধন্য সেই বংশে জন্মেও আমি পাপের কাজ করেছি, কারণ আমার হৃদয় তোমার প্রেমে মুগ্ধ। কামনার আগুনে আমার গুণ পুড়ে ছাই হয়ে গেলেও আমি এখনো মান বিসর্জন দিই নি। তুমি আমাকে বন্ধু বলছ, আবার অন্য পুরুষের প্রতিও আসক্তি দেখাচ্ছ ॥৭॥

(অর্থপূর্ণভাবে)

পৃথিবীতে উচ্চ বংশের যুবকেরা যেন ফলবান্ বৃক্ষ। গণিকারূপী পাখিরা সেই সব ফল খেয়ে খেয়ে তাদের শেষ করে দেয় ॥১০॥

আর এই প্রেম হল আগুন, প্রণয় জ্বালানি এবং কামলীলা তার শিখা। মানুষ

এতে তার যৌবন ও সম্পদ আহুতি দেয় ॥১১॥

বসন্তসেনা—(হেসে) ওর এই আবেগ ভুল জায়গায়।

শর্বিলক—আমার মতে, যারা স্ত্রীলোককে অথবা সম্পদকে বিশ্বাস করে তার সব দিক দিয়েই বোকা। স্ত্রীলোক আর সম্পদ সাপিনীর মতোই কুটিল ভাবে চলে ॥১২॥

স্ত্রীলোককে ভালবাসা ঠিক নয়, স্ত্রীলোক তার প্রতি আসক্ত মানুষকে অপমান করে। যে স্ত্রীলোকের হৃদয়ে প্রেম আছে তাকেই কেবল ভালবাসা উচিত, যে স্ত্রীলোকের হৃদয়ে তা নেই তাকে ত্যাগ করাই উচিত ॥১৩॥

এ কথা খুব সত্যি যে—

এ সব মেয়ে মানুষেরা টাকার জন্যেই হাসে, টাকার জন্যেই কাঁদে! এরা নিজেদের প্রতি পুরুষকে বিশ্বস্ত করে তোলে, কিন্তু নিজেরা পুরুষকে অবিশ্বাস করে। কাজেই উঁচু বংশের সচ্চরিত্র লোকের উচিত এদের শ্মশানের ফুলের মতো এড়িয়ে চলা ॥১৪॥

মেয়েদের স্বভাব সাগরের ঢেউয়ের মতো চঞ্চল, তাদের অনুরাগ সন্ধ্যার মেঘের রেখার মতোই ক্ষণিকের, মেয়েমানুষ পুরুষের অর্থ শুষে নিয়ে শেষ পর্যন্ত তাকে বর্ণহীন অলক্তের মতো ত্যাগ করে ॥১৫॥

স্ত্রীলোকেরা সত্যিই চপল—

একজন পুরুষকে হৃদয়ে নিয়ে আর একজনকে কটাক্ষে আহ্বান জানায়, একজনকে অনুরাগসূচক হাবভাব দেখিয়ে একজনকে দেহ দিয়ে কামনা করে[8] ॥১৬॥

একজন খুব সত্যি কথা বলেছেন—

পাহাড়ের চূড়ায় পদ্মফুল হয় না, গাধা ঘোড়ার বোঝা বইতে পারে না, যব বুনলে ধান হয় না, ঠিক তেমনি গণিকালয়ের স্ত্রীলোকেরা খাঁটি হয় না[৫] ॥১৭॥

ওরে, দুরাত্মা, চারুদত্ত, আজ তোর একদিন কি আমার একদিন। (কয়েক পা এগিয়ে যায়)

মদনিকা—(বস্ত্রাঞ্চল ধরে) কী সব আবোল তাবোল বকছ, অকারণে রাগ করছ।

শর্বিলক—অকারণে কেন ?

মদনিকা—এই গয়না আর্য বসন্তসেনার।

শর্বিলক—তাতে কী হয়েছে ?

মদনিকা—এই গয়না চারুদত্তের কাছে গচ্ছিত ছিল।

শর্বিলক – কী জন্যে ?

মদনিকা—(কানে কানে) এর জন্যে।

শর্বিলক—(লজ্জায়) হায়! কী কষ্ট!

গ্রীষ্মে তাপিত হয়ে ছায়ার জন্যে যে শাখার আশ্রয় নিলাম, অজ্ঞতার বশে আমি সেই শাখাকেই নিষ্পত্র করলাম ॥১৮॥

বসন্তসেনা—এ সত্যি দুঃখিত। তা হলে না জেনেই কাজটা করে ফেলেছে।

শর্বিলক—মদনিকা, তা হলে এখন কী করা উচিত।

মদনিকা—এ ব্যাপারে তুমি যা ভাল বোঝ। তুমি অভিজ্ঞ লোক।

শর্বিলক—তা নয়, বুঝলে—

এ সব স্ত্রীলোকেরা স্বভাবতই অভিজ্ঞা, কিন্তু পুরুষের অভিজ্ঞতা শাস্ত্র থেকে পাওয়া ॥১৯॥

মদনিকা—শর্বিলক, যদি আমার বুদ্ধি নাও তো এ অলঙ্কার সেই মহানুভবকেই ফিরিয়ে দিয়ে এস।

শর্বিলক—তিনি যদি রাজদ্বারে আমার বিরুদ্ধে নালিশ করেন ?

মদনিকা—চাঁদের কি তাপ থাকে ?

বসন্তসেনা—সুন্দর বলেছ, মদনিকা, সুন্দর বলেছ !

শর্বিলক—আমার এই দুঃসাহসের কাজের জন্যে আমার দুঃখ বা ভয় কোনোটাই হচ্ছে না। তবু তুমি আমাকে সেই ভালো মানুষটির গুণের কথা কেন বলছ ? এই জঘন্য কাজটাই আমাকে লজ্জা দিচ্ছে ? রাজা আমাদের মতো ধূর্ত লোকদের কী করতে পারেন ? ॥২০॥

তবুও এটা নীতিবিরুদ্ধ। অন্য কোনো উপায় ভাবো।

মদনিকা—তা হলে আর-একটা উপায় আছে।

বসন্তসেনা—আর একটা উপায় ! সেটা কী হতে পারে ?

মদনিকা—সেই আর্যের (চারুদত্তের) লোক হয়ে এই অলঙ্কার আর্যার (বসন্তসেনার) কাছে নিয়ে যাও।

শর্বিলক—যদি তাই করি, তাহলে কী হবে ?

মদনিকা—তা হলে তুমি চোর হলে না, আর্যেরও ঋণ রইল না, আর আর্যাও তাঁর গয়না পেয়ে গেলেন।

শর্বিলক—কিন্তু এতে বিপদ আছে।

মদনিকা—না গো, মশাই না ! আর্যার কাছেই নিয়ে যাও। বরং না গেলেই বিপদ !

বসন্তসেনা—সাবাস, মদনিকা, সাবাস ! ভদ্রঘরের স্ত্রীলোকের মতোই বলেছ।

শর্বিলক—তোমার কথা শুনে আমার জ্ঞানচক্ষু খুলে গেল। রাত্রিবেলায় চাঁদ ডুবে গেলে পথ দেখবার লোক পাওয়াই শক্ত ॥২১॥

মদনিকা—তা হলে তুমি কামদেবের মন্দিরে একটু বোসো, আর্যাকে তোমার আসার খবরটা দিই গে।

শর্বিলক—ঠিক আছে।

মদনিকা—(এগিয়ে গিয়ে) আর্যা, চারুদত্তের কাছ থেকে একজন ব্রাহ্মণ এসেছেন।

বসন্তসেনা—ওলো, চারুদত্তের লোক চিনলি কী করে ?

মদনিকা—ওমা, নিজের লোককে চিনব না ?

বসন্তসেনা—(নিজের প্রতি মাথা নেড়ে ও হেসে) ঠিক বলেছিস। (প্রকাশ্যে) তা ভেতরে নিয়ে আয়।

মদনিকা—তাই যাচ্ছি। (কাছে গিয়ে) শর্বিলক, ভেতরে এস।

শর্বিলক (বিচলিত ভাবে এগিয়ে যায়) আর্যার মঙ্গল হোক।

বসন্তসেনা—নমস্কার। আর্য বসুন।

শর্বিলক—বণিক (চারুদত্ত) বলে পাঠিয়েছেন—আমার বাড়িটা ভাঙাচোরা, এই পেটিকা রক্ষা করা কঠিন। কাজেই দয়া করে এটা ফেরত নিন। (মদনিকার হাতে দিয়ে চলে যেতে চায়)

বসন্তসেনা—আর্য, আমারও একটি প্রতিবার্তা তাঁকে পৌঁছে দেবেন।

শর্বিলক—(স্বগত) সর্বনাশ। তাঁর কাছে কে যাবে? (প্রকাশ্যে) আপনার বার্তাটি কী?

বসন্তসেনা—মদনিকাকে গ্রহণ করতে হবে।

শর্বিলক—আর্যা, আমি ঠিক বুঝতে পারছি না।

বসন্তসেনা—আমি পারছি।

শর্বিলক—আপনি কী বলতে চান—

বসন্তসেনা—চারুদত্ত আমায় বলছেন যে যিনি আমাকে গয়না দিতে আসবেন তাঁর হাতে আমি যেন মদনিকাকে সমর্পণ করি। কাজেই বুঝতে পারছেন, তিনিই মদনিকাকে আপনার হাতে দিতে চান।

শর্বিলক—(স্বগত) এই রে, আমি ধরা পড়ে গেছি! (প্রকাশ্যে) সাধু, আর্য চারুদত্ত, সাধু।

মানুষের উচিত সর্বদা গুণী হবার চেষ্টা করা। গরীব হলেও গুণী লোক গুণহীন ধনীর মতো নয় ॥২২॥

তাছাড়া—

মানুষের উচিত গুণের অধিকারী হতে চেষ্টা করা, কারণ গুণ দিয়ে পাওয়া যায় না এমন কিছু নেই। গুণ আছে বলেই চাঁদ শিবের অলংঘ্য ললাটে উঠতে পেরেছে।

বসন্তসেনা—গাড়ির চালক কোথায়?

(গাড়ি নিয়ে[৬] আসে)

চেট—আর্যা, গাড়ি প্রস্তুত।

বসন্তসেনা—ওলো, মদনিকা, আমার দিকে ভালো করে তাকা। তোকে দান করলাম। নে এবার গাড়িতে ওঠ। আমাকে মনে রাখিস, বুঝলি?

মদনিকা—(কেঁদে) আর্যা আমাকে ত্যাগ করলেন। (পায়ে লুটিয়ে পড়ে)

বসন্তসেনা—এখন থেকে তুইই প্রণামের যোগ্য হলি।[৭] নে ওঠ, বাড়িতে গিয়ে বোস। আর, আমাকে ভুলিস না যেন।

শর্বিলক—আর্যা, আপনার মঙ্গল হোক। ওগো, মদনিকা—এঁর দিকে শুভদৃষ্টিপাত করো। এঁকে মাথা নত করে প্রণাম জানাও। এঁর কৃপাতেই তুমি দুর্লভ বধূআখ্যার অবগুণ্ঠন লাভ করলে ॥২৪॥

(মদনিকাকে নিয়ে গাড়িতে উঠে রওনা দেয়)

(নেপথ্যে)

যে আছ, শোন। নগরপাল আদেশ করেছেন: 'রাখালবালক আর্যক রাজা হবেন'—জ্যোতিষীর এই ভবিষ্যদ্বাণী বিশ্বাস করে ভীত রাজা পালক তাকে ঘোষপল্লী থেকে ধরে এনে ভয়ঙ্কর কারাগারের নরকে বন্দী করে রেখেছেন। কাজেই যে যেখানে আছ, সবাই সাবধান।

শর্বিলক—(শুনে) কী! রাজা পালক আমার বন্ধু আর্যককে বন্দী করে রেখেছেন, আর এদিকে আমি কিনা স্ত্রীকে নিয়ে—ওঃ কী হতভাগা আমি! না—

পৃথিবীতে দুটো জিনিস মানুষের খুবই প্রিয়, বন্ধু আর স্ত্রী। কিন্তু এখন

আমার কাছে বন্ধু শত শত সুন্দরী স্ত্রীর চেয়েও দামী ॥২৫॥

বেশ, নেমেই যাই (নেমে যায়)

মদনিকা—(চোখের জল ফেলতে ফেলতে হাত জোড় করে) এ আবার কী হল ? আমাকে তবে কোনো গুরুজনের কাছে পাঠিয়ে দাও।

শর্বিলক—বাঃ। তুমি ঠিক বলেছ, প্রিয়া। (চেটের প্রতি) ওহে, তুমি বণিক রেভিলের বাড়ি চেন ?

চেট—আজ্ঞে, হ্যাঁ।

শর্বিলক—আমার স্ত্রীকে তাহলে সেখানেই নিয়ে যাও।

চেট—আর্যের যা আদেশ।

মদনিকা—আর্য যা বলছেন তাই হোক। তবে, আর্য, তুমি সাবধানে থেকো। (প্রস্থান)।

শর্বিলক—আমি এখন—

আমার বন্ধুর মুক্তির জন্যে রাজা উদয়নের পক্ষে যৌগন্ধরায়ণের মতো জ্ঞাতিদের, বিজ্ঞ লোকেদের, বাহুবলে যাঁরা খ্যাত হয়েছেন তাঁদের আর রাজা অপমান করেছেন বলে যে সব রাজকর্মচারীরা ক্রুদ্ধ তাঁদের সবাইকে উত্তেজিত করে তুলব ॥২৬॥

শুধু তাই নয়—

রাহু যেমন চাঁদকে আবদ্ধ করে তেমনি যে-সব অসৎ শত্রুরা ভয় পেয়ে অকারণে আমার প্রিয় বন্ধুকে আটকে রেখেছে তাদের ওপর হঠাৎ হানা দিয়ে আমি রাহু মুখে স্থিত চন্দ্রবিম্বের মতো আমার বন্ধুকে উদ্ধার করব ॥২৭॥

(প্রস্থান)

(চেটের প্রবেশ)

চেট—আর্যা, কী সৌভাগ্য আপনার! আর্য চারুদত্তের কাছ থেকে একজন ব্রাহ্মণ এসেছেন আপনার কাছে।

বসন্তসেনা—সত্যি, আজকের দিনটি খুব সুন্দর। ওলো, তোরা কেউ তাঁকে সসম্মানে বন্ধুলের সঙ্গে এখানে নিয়ে আয়।

চেটী—আপনার যা আদেশ। (প্রস্থান)

(বন্ধুল সহ বিদূষকের প্রবেশ)

বিদূষক—হা! হা! রাক্ষসরাজ রাবণ তপস্যা করে পাওয়া পুষ্পক রথে চেপে যাওয়া-আসা করতেন, আর আমি সামান্য এক ব্রাহ্মণ কোনো তপস্যা না করেই কেমন দিব্যি একদল পুরুষ আর মহিলার সঙ্গে চলেছি।

চেটী—মশাই, বাড়ির দরজাটার দিকে চেয়ে দেখুন।

বিদূষক—(বিস্ময়ের দৃষ্টিতে দেখে) আহা, বসন্তসেনার বাড়ির দরজাটার দিকে তাকালে চোখ জুড়িয়ে যায়! জল দিয়ে ধুয়ে গোবর লেপন করা হয়েছে। নানারকম সুগন্ধি ফুলে মেঝে সাজানো। হাতীর দাঁতের তোরণটি যেন আকাশ দেখার কৌতূহল নিয়ে অনেক উঁচুতে মাথা তুলে দাঁড়িয়ে আছে। দরজায় মল্লিকার মালা দুলছে—মনে হয় বুঝি হাতীর শুঁড় দুলছে। মহামূল্য রত্নখচিত হাতীর দাঁতের তোরণে সৌভাগ্যসূচক পতাকা উড়ছে—যেন হাওয়ায় দুলতে-দুলতে আমাদের আহ্বান জানাচ্ছে। তোরণের থামের নিচে বেদীর দুপাশে স্ফটিকের তৈরি মঙ্গলকলস, তার ওপর হলদে রঙের আমের শাখা। সোনার কপাট মহাসুরের

বুকের মতো দুর্ভেদ্য, তাতে ঘন ঘন পেরেক লাগানো। এই দরজা গরিব লোকের মনে আশা জাগিয়ে আবার দুঃখ দেয়। এমন কি উদাসীনের দৃষ্টিকেও আকৃষ্ট করে।

চেটী—আসুন, আসুন—দয়া করে প্রথম মহলে আসুন।

বিদূষক—(প্রবেশ করে ও দেখে) আহা, অপূর্ব। এই প্রথম মহলে চাঁদ কিংবা শাঁখের বরণ, মৃণালের মতো চকচকে চুণকামকরা নানা ধরনের রত্নখচিত সোনার সিঁড়ি-যুক্ত সারি সারি প্রাসাদ দেখছি। মুক্তোর মালায় সাজানো স্ফটিকের জানালা যেন প্রাসাদগুলোর চাঁদমুখ—যা দিয়ে ওরা সারা উজ্জয়িনীনগরটিকে দেখছে। আবার শ্রোত্রিয় ব্রাহ্মণের মতো দারোয়ানেরা দিব্যি ঘুমোচ্ছে। কাকেদের দই আর কলমা চালের ভাত খেতে দেওয়া হয়েছে। কিন্তু তারা লোভী হলেও চুণমাখানো মনে করে সে ভাত খাচ্ছে না। এরপর কোথায় যেতে হবে, বলো।

চেটী—আসুন, এই যে দয়া করে দ্বিতীয় মহলে আসুন।

বিদূষক—(প্রবেশ করে ও চারিদিক দেখে) আহা! অপূর্ব! ঘাস-ভুষি খেয়ে পুষ্ট তেল-কুচকুচে শিঙওয়ালা গাড়িটানা সব বলদ দেখছি। এখানে আবার একটা মোষ, সৎকুলজাত অপমানিত মানুষের মতো ভোস ভোস করে দীর্ঘনিঃশ্বাস ফেলছে। এদিকে আবার যুদ্ধশেষে মল্লবীরের ঘাড় মলে দেবার মতো একটি মেয়ের ঘাড় মলে দেওয়া হচ্ছে। ওদিকে আবার অশ্বদের কেশবিন্যাস করে দেওয়া হচ্ছে। আস্তাবলে চোরের মতো একটি বানর আষ্টেপৃষ্টে বাঁধা। (অন্যদিকে তাকিয়ে) এখানে মাহুতেরা দেখছি হাতীকে তেলমাখা ভাতের পিণ্ড খাওয়াচ্ছে। বলো, এবার কোথায় যেতে হবে।

চেটী—আসুন, তৃতীয় মহলে আসুন।

বিদূষক—(প্রবেশ করে ও চারিদিক দেখে) বাঃ! এই তৃতীয় মহলে দেখছি ভদ্র-সন্তানদের বসবার জন্যে আসন সাজানো হয়েছে। বেদিকার ওপবে অর্ধ-পঠিত পুস্তক ও মণিখচিত পাশায় গুটি পড়ে আছে। এদিকে আবার রতিশাস্ত্রে বিজ্ঞ গণিকা ও বৃদ্ধ রসজ্ঞেরা নানা রঙের চিত্রফলক হাতে নিয়ে ঘুরে ঘুরে বেড়াচ্ছে। এর পর কোথায় যেতে হবে বলো।

চেটী—আসুন, এই চতুর্থ মহলে আসুন।

বিদূষক—(প্রবেশ করে ও চারিদিক দেখে) বা বা, চমৎকার! চতুর্থ মহলে দেখছি যুবতীদের করাঘাতে মৃদঙ্গ বেজে উঠছে, মেঘগর্জনের মতো কী গম্ভীর ধ্বনি! স্বর্গের পুণ্যশেষে খসে-পড়া নক্ষত্রদের মতো কর্তালগুলি নেমে এসে কেমন তালে তালে পড়ছে। ভ্রমরের গুঞ্জনের মতো বাঁশি-তবলা কেমন মধুরভাবে বেজে উঠছে। এখানে আবার ঈর্ষা-প্রণয়-ক্রুদ্ধা কামিনীর মতো বীণাটিকে কোলে নিয়ে নখের আঘাতে বাজানো হচ্ছে। এখানে ফুলের মধুপানে মত্ত ভ্রমরের মতো গণিকাকন্যারা কামনামদির নৃত্যে মেতে উঠেছে। আর বাতাস ধরে রাখবার জন্যে বাতায়নে জলের কলসীগুলো উল্টো করে ঝুলিয়ে রাখা হয়েছে। এর পর কোথায় যেতে হবে বলো।

চেটী—এবার চলুন পঞ্চম মহলে।

বিদূষক—(প্রবেশ করে ও দেখে) এই পঞ্চম মহল তো দেখছি মনমাতানো হিঙ্ আর

তেলের গন্ধে ভুর-ভুর করছে, এই গন্ধে কাঙালের খিদে বেড়ে যায়। সদা-উত্তপ্ত রন্ধনশালাটি যেন হাঁসফাঁস করছে, উনুনগুলোর নানা আকারের রন্ধ্রপথ দিয়ে নানাজাতীয় সুবাস বের হচ্ছে। এত নানা ধরনের খাবার তৈরি হচ্ছে যে আমার লোভ ক্রমশঃ বেড়ে যাচ্ছে। ওদিকে আবার কশাই-বালকটি কাটা-পশুর পেটের মাংস ছেঁড়া কাপড়ের মতো কচলে-কচলে ধুচ্ছে। রাঁধুনী নানাধরনের খাবার তৈরি করছে—মিষ্টি বানাচ্ছে, পিঠে ভাজছে। (স্বগত) ও আমাকে তাড়াতাড়ি পাতা ধুয়ে নিয়ে পেটপুরে খাবার অনুরোধ কখন জানাবে! (অন্যদিকে তাকিয়ে) সত্যি বলতে কি, গৃহের এই স্থানটি বন্ধুল আর নানা অলঙ্কারে ভূষিতা গণিকারা গন্ধর্ব-অপ্সরাদের মতো যেন স্বর্গ রচনা করেছে। আচ্ছা, তোমরা—, যারা বন্ধুল বলে পরিচিত তারা কে বলো দেখি?

বন্ধুলেরা—আমরা হস্তিশাবকের মতো ঘুরিফিরি, অন্য লোকের গৃহে পালিত হই, পরের খাবার খেয়ে বাঁচি, অন্য মানুষের ঔরসে অপরিচিতা নারীর গর্ভে জন্ম নিই, পরের ধন ভোগ করি, আমাদের নিজেদের কোন গুণ নেই ॥২৮॥

বিদূষক—ওগো, এরপর কোথায় যাব চলো।

চেটী—আসুন, আসুন এই ষষ্ঠ মহলে আসুন।

বিদূষক—(প্রবেশ করে ও চারিদিক দেখে) মরি মরি! এই ষষ্ঠ মহলে এই সব অপূর্ব শিল্পকীর্তির নিদর্শন তোরণগুলি স্বর্ণখচিত নীল রত্নে মণ্ডিত হয়ে ইন্দ্রধনুর মতো শোভা পাচ্ছে। মণিকারেরা প্রবাল, পুষ্পরাগ, ইন্দ্রনীল, কর্কেতরক, পদ্মরাগ, মরকত প্রভৃতি রত্ন নিয়ে পরস্পর পরামর্শ করছে, সোনায় মণি বসানো হচ্ছে, সোনার অলঙ্কার তৈরি হচ্ছে, লাল রেশমী সুতোয় বাঁধা হচ্ছে মুক্তোর অলঙ্কায়, বৈদূর্যমণি ধীরে ধীরে মাজা হচ্ছে, শাঁখা কাটা হচ্ছে, প্রবাল শাণে ঘষা হচ্ছে, ভিজে কুম্‌কুম্‌ শুকোতে দেওয়া হয়েছে, কস্তুরী ভিজোনো হচ্ছে, চন্দন বাঁটা হচ্ছে। গণিকারা তাদের কামার্ত পুরুষদের কর্পূর-মেশানো পান দিচ্ছে—কটাক্ষ হানছে, হাসছে; তৃপ্তিসূচক শব্দ করে অনবরত মদ্যপান করে চলেছে। এই সব দাস-দাসীরা ও পুরুষেরা তাদের স্ত্রী, সম্পত্তি ও শিশু-সন্তানদের ছেড়ে এখানে এসে গণিকাদের উচ্ছিষ্ট মদ্য পান করছে। এরপর কোথায় যেতে হবে বলো।

চেটী—আসুন, একবার সপ্তম মহলে চলুন।

বিদূষক—(প্রবেশ করে ও দেখে) কী আশ্চর্য। এখানেও এই সপ্তম মহলে দেখছি পায়রা-জুটিরা পরস্পরকে চুম্বন করে কেমন সুখ অনুভব করছে! খাঁচার মধ্যে শুক-পাখি দই-ভাতে উদর-পূর্ণ ব্রাহ্মণের মতো বেদমন্ত্র পাঠ করছে। এদিকে আবার কয়েকটি ময়না-শালিক প্রভুর আদরে দাসীর মতো কী সব বিড়বিড় ক'রে বকে চলেছে। কোকিলেরা নানা ফলের রসাস্বাদে কণ্ঠকে ভিজিয়ে নিয়ে কুট্টিনীর মতো তারস্বরে চীৎকার করছে। সারি সারি খাঁচা ঝুলছে। 'লওয়া'-পাখিদের লড়াইয়ের জন্যে উত্তেজিত করা হচ্ছে, কপিঞ্জল-পাখিরা আলাপন করছে। খাঁচায় পায়রা বসে আছে। নানান মণি-মাণিক্যে চিত্রিত গৃহপালিত ময়ূরটি আনন্দে নাচতে নাচতে পেখম মেলে রৌদ্রতপ্ত প্রাসাদটিকে যেন চামর দিয়ে বাতাস করছে—(অন্যদিকে তাকিয়ে) এখানে দেখছি জমাট-বাঁধা জ্যোৎস্নার মতো রাজহংসেরা

সুন্দরী যুবতীদের পেছনে পেছনে যেন তাদের পদ-গতি শিখে নেবার জন্যে হাঁটছে। আর এখানে এই সব পোষা সারসেরা বৃদ্ধের মতো চলে ফিরে বেড়াচ্ছে। আহা অপূর্ব! গণিকারা নানা পাখির এক বিরাট সমাবেশে কী সুন্দর প্রদর্শনীর আয়োজন করেছে। সত্যি বলতে কি, এই গণিকালয়টি আমার কাছে নন্দন-কাননের মতো মনে হচ্ছে। চলো, কোথায় যেতে হবে।

চেটী—আসুন, এবার অষ্টম মহলে আসুন।

বিদূষক—(প্রবেশ করে ও দেখে) আচ্ছা, ঐ যে লোকটি রেশমী চাদর গায়ে আর নানা বিচিত্র অলঙ্কার পরে কেমন যেন অদ্ভুত ভঙ্গিতে থেমে থেমে চলাফেরা করছেন—উনি কে?

চেটী—ইনি হলেন মনিবকন্যার ভাই।

বিদূষক—আচ্ছা, কতটা তপস্যা করলে বসন্তসেনার ভাই হওয়া যায়? না এ আমি কী বলছি! কারণ, যদিও তাঁর দেহ রাজকীয় ও জমকালো পোষাকে আবৃত এবং সুবাসযুক্ত তবু তিনি শ্মশানে জাত পুষ্পিত, সুগন্ধি ও আকর্ষণীয় চাঁপাগাছের মতোই সকলের অনাদৃত ॥২৯॥

(অন্যদিকে চেয়ে) আর ঐ যে উঁচু আসনে বসে ফুলের কারুকার্যখচিত চাদর গায়ে, তেলে চোবানো চুকচুকে জুতো পরা—ইনি আবার কে?

চেটী—ইনি হলেন আমাদের মনিবকন্যার মা।

বিদূষক—এই কুৎসিত ডাইনীর পেটটি কী বিরাট! এই শিবমূর্তিটিকে দ্বারের শোভার জন্যেই কি এখানে রাখা হয়েছে?

চেটী—আমাদের মাকে নিয়ে ওভাবে পরিহাস করবেন না। উনি 'চাতুর্থিক' পালাজ্বরে ভুগছেন।

বিদূষক—ওগো 'চাতুর্থিক'! এই ব্রাহ্মণটিকে একবার কৃপা করো।

চেটী—তা হলে মরবে যে!

বিদূষক—(পরিহাসপূর্বক) এ ধরনের মোটা আর ভুঁড়িওয়ালা লোকদের মরণই ভালো। সোমসুধারস পান করে করে মায়ের আমার এই করুণ অবস্থা। মা যদি আমার দেহ রাখেন তাহলে হাজার শেয়ালের ভোজ হবে ॥৩০॥

ও মেয়ে, তোমাদের বাণিজ্য জাহাজ-টাহাজ কি বিদেশে যাতায়াত করে?

চেটী—মোটেই না।

বিদূষক—দেখো দেখি, এ আবার কী জিজ্ঞাসা করছি। নির্মল প্রেমের জলে কাম-সমুদ্রে তোমাদের স্তন, নিতম্ব, জঘনাদিই তো মনোহর জলযান। সে যাই হোক, বসন্তসেনার এই আটমহলা বাড়ি দেখে আমার মনে হচ্ছে, বুঝি তিন ভুবন এক জায়গায় জড়ো হয়েছে। প্রশংসার বাণী আমি খুঁজে পাচ্ছি না, একে গণিকালয় বলব, না কুবেরের বাড়ি বলব জানি না। হ্যাঁ, তোমাদের মনিবকন্যাটি কোথায়?

চেটী—তিনি ঐ বাগানে আছেন, দয়া করে চলুন।

বিদূষক—(প্রবেশ করে ও দেখে) আহা! কী অপূর্ব! বাগানটি সত্যি বড়ো চমৎকার। কত রকমের গাছের বাহার, কত বিচিত্র সব ফুল ফুটে রয়েছে। নধর বৃক্ষের তলায় যুবতিদের জঘনের মাপমতো সব দোলনা ঝুলছে। সত্যিকথা বলতে কি, চম্পা, যুঁই, শেফালি, মালতী আর নবমল্লিকা প্রভৃতি নানান ফুলের সমারোহে

বাগানটি যেন নন্দনকাননের শোভা ধারণ করেছে। (অন্য দিকে চেয়ে) এদিকে আবার নতুন সূর্যের মতো উজ্জ্বল রক্ত-লাল পদ্মে দীঘিটি আবৃত। তা ছাড়া,— অশোকের গাছে গাছে নবীন পুষ্পপত্রের উদ্গমের ফলে মনে হচ্ছে বুঝি সংগ্রামী কোনো মল্লের রক্তাক্ত সুশোভন শরীর ॥৩১॥

তা, তোমাদের মনিব-কন্যাটি কোথায় ?

চেটী—নিচের দিকে তাকান—ওঁকে দেখতে পাবেন।

বিদূরক—(দেখে অগ্রসর হয়ে) কল্যাণ হোক।

বসন্তসেনা—এ কী! মৈত্রেয়মশাই যে! (উঠে) আসুন, আসুন। এই যে আসন গ্রহণ করুন।

বিদূষক—আপনি বসুন।

(উভয়ে বসে)

বসন্তসেনা—বণিকপুত্রের কুশল তো ?

বিদূষক—হ্যাঁ, তিনি কুশলেই আছেন ?

বসন্তসেনা—মৈত্রেয়মশাই, এখন গুণ যাঁর কিশলয়, বিনয় শাখা-প্রশাখা, সুযশ কুসুম আর মূলটি হল বিশ্বাস, যার ফল ধরে নিজের গুণে—এমন বৃক্ষে বন্ধু-বান্ধব-রূপ পাখিরা কি সুখে বাস করে ? ॥৩২॥

বিদূষক—(স্বগত) হতচ্ছাড়া বেটী ধরেছে ঠিক ? (প্রকাশ্যে) তা করে বৈ কি ॥

বসন্তসেনা—এখন আগমনের হেতু ?

বিদূষক—তা হলে শুনুন, মহাশয়া। মাননীয় চারুদত্ত শিরস্পর্শ করে আপনাকে এই বার্তা জানাতে বলেছেন—

বসন্তসেনা—(জোড়হাতে) কী তাঁর বার্তা ?

বিদূষক—তিনি জানিয়েছেন—"আমি সেই অলঙ্কারগুলি নিজের দ্যুতক্রীড়ায় হারিয়েছি, সেই জুয়াড়ীও রাজার কাছে কোথায় চলে গেছে জানি না।"

চেটী—আপনার সৌভাগ্য, মা, আর্য চারুদত্ত জুয়াড়ী হয়েছেন।

বসন্তসেনা—(স্বগত) এও কি সম্ভব! চোরে চুরি করে নিয়ে গেছে তবু নিজের মহত্ত্বে বলছেন কিনা—"দ্যুতক্রীড়ায় হারিয়েছি।" এই জন্যেই তো তাঁকে আমি ভালবাসি।

বিদূষক—ক্ষতিপূরণস্বরূপ দয়া করে এই রত্ন-হারটি গ্রহণ করুন।

বসন্তসেনা—(স্বগত) অলঙ্কারগুলো দেখাবো ? না, এখনই নয়।

বিদূষক—আপনি কি তবে এই রত্নহার গ্রহণ করবেন না ?

বসন্তসেনা—(হেসে, সখীর মুখের দিকে চেয়ে) নেব না কেন, মৈত্রেয়মশাই ? (রত্নহার নিয়ে নিজের পাশে রেখে, স্বগত) আম্রতরু পুষ্পহীন হয়ে গেলেও তা থেকে মধু-বিন্দু ঝরে। (প্রকাশ্যে) জুয়াড়ী চারুদত্তকে আমার নাম করে বলবেন আজ সন্ধ্যায় তাঁর সঙ্গে দেখা করতে যাব।

বিদূষক—(স্বগত) সেখানে গিয়ে না জানি কী আবার আদায় করার মতলব! (প্রকাশ্যে) আচ্ছা, বলে দেব। (স্বগত) বলব—যদি বাঁচতে চাও তো এই গণিকাবেটীর সঙ্গ ছাড়ো।

(প্রস্থান)

বসন্তসেনা—ওলো, অলঙ্কারগুলো ধর্, চারুদত্তের সঙ্গে দেখা করতে যাচ্ছি।
চেটী—এদিকে দেখুন মা, দেখুন। অকালে ঝড় উঠছে।
বসন্তসেনা—মেঘ জমুক, আঁধার নামুক, অবিরাম বর্ষণ হোক। আমার হৃদয় প্রিয়-সঙ্গের জন্যে উতলা হয়েছে, আজ আর কোনো কিছুই গ্রাহ্য করব না। ওলো, তাড়াতাড়ি হারটা নিয়ে আয়। ॥৩৩॥

(সকলের প্রস্থান)

॥ 'মদনিকা ও শর্বিলক' নামক চতুর্থ অঙ্কের সমাপ্ত ॥

× × × × × × × × × × × × পঞ্চম অঙ্ক × × × × × × × × × × × ×

(তারপর আসনস্থ উৎকণ্ঠিত চারুদত্তের প্রবেশ)

চারুদত্ত—(উঁচুদিকে তাকিয়ে) অসময়ে দুর্যোগ ঘনালো। কারণ—

যা ময়ূরেরা পেখম মেলে দেখছে, মানসসরোবরের উদ্দেশ্যে প্রস্থানে উন্মুখ হংসদল[১] যা অনুমোদন করছে না, সেই অকাল-মেঘ একই সঙ্গে আকাশ এবং উৎকণ্ঠিত প্রেমিকের হৃদয়[২] আচ্ছন্ন করছে ॥১॥

তাছাড়া—

জলে-ভেজা মহিষের উদরের মতো ভ্রমর-নীল মেঘ শোভা পাচ্ছে। বিদ্যুৎপ্রভায় তার হলুদরঙের রেশমী চাদর তৈরি হয়েছে। সংলগ্ন বলাকা-পংক্তিরূপ শঙ্খ ধারণ করেছে সে। সে যেন দ্বিতীয় বিষ্ণুর মতো[৩] আকাশ আক্রমণ করতে চলেছে ॥২॥

তাছাড়া—

চক্রধারী বিষ্ণুর মতো একখণ্ড মেঘ উঠে আসছে। বিষ্ণুদেহের মতো তা শ্যামবর্ণ, বক্র বলাকা পঙ্ক্তিতে তার শঙ্খ রচিত হয়েছে, বিদ্যুৎ-তন্তুই তার পীতবস্ত্র ॥৩॥

মেঘের গর্ভ থেকে বৃষ্টিধারা গলিত রজতের সিঞ্চিত ধারার মতো ঝরে পড়ছে। আকাশপটের ছিন্ন সূত্রের মতো সেই ধারা, বিদ্যুৎরূপ প্রদীপের শিখায় যা চকিতে দেখা যাচ্ছে, আবার অদৃশ্য হয়ে যাচ্ছে ॥৪॥

বায়ু মেঘমালাকে বিশ্লিষ্ট করে দেওয়ায় আকাশ যেন চিত্রমালায় ভূষিত হয়েছে। কখনও মনে হচ্ছে যেন চক্রবাকমিথুন সংলগ্ন হয়েছে, কখনও বা মনে হচ্ছে উড়ন্ত হাঁসের দল, কোথায় বিক্ষিপ্ত মীন ও মকরের ঝাঁক, কোথাও বা সমুচ্চ সৌধমালা—এইভাবে মেঘ নানা আকৃতিতে রূপ নিচ্ছে ॥৫॥

এই মেঘে অন্ধকার আকাশ যেন ধৃতরাষ্ট্রের সেনার মতো। আনন্দিত ময়ূর যেন শক্তিগর্বে অতিগর্বিত দুর্যোধনের মতো চিৎকার করছে। কোকিল কুহুধ্বনি ত্যাগ করছে, পাশাখেলায় পরাজিত যুধিষ্ঠির যেন (মৌন হয়ে) বনপথ ধরেছেন। সম্প্রতি হাঁসেরা পাণ্ডবদের মতো বন থেকে অজ্ঞাতবাসে গিয়েছে ॥৬॥

(চিন্তা করে) অনেকক্ষণ হল মৈত্রেয় বসন্তসেনার কাছে গিয়েছে। এখনও তো এল না।

(প্রবেশ করে)

বিদূষক—ইস্ ! গণিকাদের কী লোভ এবং অসৌজন্য ! একটা অন্য কথাও বলল না। তার স্নেহের অনুরূপ কিছু বলে রত্নহারটি নিল।

এত ধনদৌলত থাকা সত্ত্বেও একটি বার তো বলল না—আর্য মৈত্রেয়, বিশ্রাম করুন। অন্ততঃ এক গেলাস জল খেয়ে যান। এই বাঁদীরবেটী গণিকার মুখদর্শন যেন আমাকে আর না করতে হয়। (সখেদে) মূল নেই অথচ পদ্মচারা গজাচ্ছে, স্যাকরা অথচ চোর নয়। গাঁয়ের পঞ্চায়েৎ অথচ ঝগড়া নেই সেখানে, গণিকা অথচ লোভ নেই তার – এমনটা যে হয় না, একথা লোকে ঠিকই বলে। তাই প্রিয়বয়স্যের কাছে গিয়ে এই গণিকার আসক্তি থেকে ওঁকে নিবৃত্ত করি। (পরিক্রমা করে দেখে) এ কী, প্রিয়বয়স্য যে বাগানে বসে আছেন ! কাছে যাই তাহলে, (কাছে গিয়ে)। কল্যাণ হোক আপনার। সমৃদ্ধিলাভ করুন আপনি।

চারুদত্ত—(দেখে)। এই যে আমার বন্ধু মৈত্রেয় এসেছ। বন্ধু, স্বাগত। বোসো।

বিদূষক—বসেছি।

চারুদত্ত—বন্ধু, যে-কাজের ভার দিয়েছিলাম তার কথা বলো।

বিদূষক—ও কাজ ভেস্তে গিয়েছে।

চারুদত্ত—তিনি কি রত্নহার গ্রহণ করেন নি ?

বিদূষক—আমাদের কি সেই ভাগ্য ?

নবকমলের মতো কোমল অঞ্জলি মাথায় করে গ্রহণ করেছেন।

চারুদত্ত—তাহলে ভেস্তে গেল বলছ কেন ?

বিদূষক—ভেস্তে গেল ছাড়া কী বলব ?

যা আমরা খাই নি পরি নি, যা চোরে নিয়ে গেল, সেই অল্পদামের সোনার বাক্সটার বদলে কিনা আপনি হারালেন রত্নহার—যা চতুঃসমুদ্রের সার !

চারুদত্ত—বন্ধু, ওকথা বোলো না।

যে-আস্থা অবলম্বন করে আমার কাছে তিনি তা গচ্ছিত রেখেছিলেন সেই মহাপ্রত্যয়ের মূল্য দিয়েছি ॥৭॥

বিদূষক—বয়স্য, আর এটাও আমার রাগের আর এক করণ যে তিনি আঁচলে মুখ ঢেকে সখীকে ইঙ্গিত করে আমাকে যেন উপহাস করলেন। তাই আমি ব্রাহ্মণ হয়ে এখন আপনার কাছে মাথা নত করে অনুরোধ করছি, বহু অনর্থের মূল এই গণিকায় আসক্তি থেকে আপনি নিবৃত্ত হোন। গণিকা হচ্ছে জুতোয়-ঢুকে-পড়া ঢিলের মতো, অনেক কষ্টে যা বের করতে হয়। তাছাড়া, বন্ধু ! গণিকা, হাতি, কায়স্থ, ভিক্ষু, গুপ্তচর এবং গাধা—এরা যেখানে বাস করে সেখানে দুষ্টেরাও জন্মায় না।

চারুদত্ত—বন্ধু, এসব নিন্দা করে আর লাভ নেই। আমার অবস্থাই তো আমাকে নিবৃত্ত করেছে। দেখ—

(ক্লান্ত) ঘোড়া দ্রুত ছুটতে বেগের আশ্রয় নেয়, কিন্তু শক্তির অভাবে তার পা তাকে ততটা বইতে পারে না। তেমনি মানুষের বাসনারাশি সর্বত্রই যেতে চায়, কিন্তু খিন্ন হয়ে তারা আবার হৃদয়েই প্রবেশ করে ॥৮॥

তা ছাড়া, বন্ধু—

যার ধন আছে সেই অঙ্গনা তারই, ধনেই তাঁকে পাওয়া যায়। (স্বগত) না, গুণেই তাঁকে পাওয়া যায়। (প্রকাশ্যে) ধন আমাকে পরিত্যাগ করেছে তাই, তাঁকেও আমি ত্যাগ করেছি ॥৯॥

বিদূষক—(নিচে তাকিয়ে। স্বগত) তিনি যে ঊর্ধ্ব দৃষ্টি দিয়ে দীর্ঘশ্বাস ফেলছেন তাতে মনে হচ্ছে আমি নিবারণ করায় তাঁর উৎকণ্ঠা (অনুরাগ) আরও বেড়ে গেল। প্রেমের গতি যে বক্র একথা ঠিকই বলা হয়ে থাকে। (প্রকাশ্যে) বয়স্য! তিনি বলেছেন - 'চারুদত্তকে বলবেন আজ সন্ধ্যায় আমি তাঁর ওখানে আসব।' মনে হয় রত্নহার পেয়ে তিনি সন্তুষ্ট হন নি, আরও কিছু চাইতেই তিনি আসবেন।

চারুদত্ত—বয়স্য, আসুন; পরিতুষ্ট হয়েই যাবেন তিনি।

চেট—(প্রবেশ করে)—শুনুন সকলে।

মেঘ যতই বর্ষণ করছে আমার পিঠের চামড়াও ততই ভিজে উঠছে আর ঠাণ্ডা হাওয়া যতই বইছে, আমার হৃদয়ও তত কাঁপছে ॥১০॥

(জোরে হেসে)

সাতটি ফুটো-ওয়ালা বাঁশি বাজাই আমি, ঝংকারতোলা সাততারের বীণাও বাজাই আমি। গাধার মতো গান গাই আমি। তুম্বুরুই হোন, আর নারদই[২] হোন, আমার গানের কাছে তাঁরা কে ॥১১॥

আর্যা বসন্তসেনা আমাকে আদেশ করেছেন - কুম্ভীলক, যাও আমার আসার কথা চারুদত্তকে বলো গিয়ে। যাই তাহলে আর্য চারুদত্তের বাড়ি যাই।

(পরিক্রমা করল। প্রবেশ করে এবং দেখে)

এই যে, চারুদত্ত বাগানেই আছেন। আর এই দুষ্ট বামুনটাও আছে দেখছি। কাছেই যাই। সে কী। বাগানের দুয়োর যে বন্ধ। যাক ঐ দুষ্ট বামুনটাকেই ইশারা করি। (কাদার ঢেলা ছুঁড়ল)

বিদূষক—এ কী! কে এখানে এসে আমাকে কাদার ঢেলা ছুঁড়ে মারছে, আমি যেন বেড়ায়ঘেরা কদবেল গাছ।

চারুদত্ত—বাগান-বাড়ির ছাতে খেলা করতে করতে পায়রারা হয়তো ফেলেছে।

বিদূষক—হতচ্ছারা বাঁদীরবেটা পায়রা! দাঁড়া আমি এই লাঠিটা দিয়ে দালান থেকে তোদের পাকা আমের মতো মাটিতে ফেলছি! (লাঠি উঁচিয়ে দৌড়ল)

চারুদত্ত—(পৈতে টেনে) বয়স্য, বোসো। কী হবে ওর সঙ্গে লেগে? বেচারা পায়রাটি দয়িতার সঙ্গে থাকুক না।

চেট—এ কী! পায়রাই দেখছে দেখি, আমাকে তো দেখছে না। যা হোক। আর একটা কাদার ঢেলা ছুঁড়ে মারি। (তাই করল)।

বিদূষক—(চারদিক দেখে) আরে! এ যে কুম্ভীলক! ওর কাছেই যাই তাহলে। (এসে, দুয়োর খুলে) কুম্ভীলক, ভেতরে এসো, স্বাগত জানাচ্ছি তোমাকে।

চেট—(প্রবেশ করে) আর্য, নমস্কার।

বিদূষক—ওহে! এমন দুর্যোগে অন্ধকারের মধ্যে তুমি কোথায় এসেছ?

চেট—তিনি এসেছেন যে।

বিদূষক—তিনি কে?

চেট—এই যে তিনি।

বিদূষক—ওরে বাঁদীরবেটা, দুর্ভিক্ষের দিনে ভিখিরির মতো তুই 'এষ সা এষ সা' (এই যে তিনি, এই যে তিনি) বলে শোষাচ্ছিস কেন ?

চেট—তুমিও 'কা'-'কা' (কে-কে) করে কাকের মতো চেঁচাচ্ছ কেন ?

বিদূষক—বেশ ! বল্ তাহলে।

চেট (স্বগত) তা হলে এইভাবেই বলি। (প্রকাশ্যে) তোমাকে একটা হেঁয়ালি শুধোই।

বিদূষক—(বলতে পারলে) আমি তোমার মাথায় পা রাখব !

বিট—বেশ ! কোন ঋতুতে আমের মুকুল ধরে বল তো !

বিদূষক—ওরে বাঁদীর-বেটা ! গ্রীষ্মে।

চেট—না, না।

বিদূষক—(স্বগত) কী বলি তাহলে ? (চিন্তা করে) চারুদত্তের কাছে গিয়ে জিজ্ঞাসা করি। (প্রকাশ্যে) ওরে, একটু দাঁড়া। (চারুদত্তের কাছে গিয়ে) হে বন্ধু, জিজ্ঞেস করছি কোন্ সময়ে আমের মুকুল ধরে বলুন তো !

চারুদত্ত—মূর্খ, বসন্তে।

বিদূষক—(চেটের কাছে গিয়ে) মূর্খ, বসন্তে।

চেট—এবারে দ্বিতীয় প্রশ্ন করছি। সুসমৃদ্ধ গ্রামকে কে রক্ষা করে ?

বিদূষক—কেন, রথ্যা (সৈনিকদের গাড়ি)

চেট—(সহাস্যে) হল না, হল না।

বিদূষক—সংশয়েই পড়লাম দেখছি। (চিন্তা করি) যাই চারুদত্তকেই আবার জিজ্ঞেস করি। (আবার ফিরে চারুদত্তকেই জিজ্ঞেস করল।)

চারুদত্ত—বন্ধু ! সেনা।

বিদূষক—(চেটের কাছে এসে) ওরে—বাঁদীরবেটা ! 'সেনা'।

চেট—দুটো একসঙ্গে বলো তো।

বিদূষক—সেনাবসন্তে।

চেটী—উল্টিয়ে বলো।

বিদূষক—(দেহটা ঘুরিয়ে নিয়ে) সেনাবসন্তে।

চেট—ওরে মূর্খ ! ঐ বর্ণগাঁথা পদদুটো ওল্টাও।

বিদূষক—বসন্তসেনা।

চেট—তিনিই এসেছেন।

বিদূষক—তাহলে চারুদত্তকে বলি গিয়ে। (কাছে এসে) সেই ধনী মানুষটি আপনার কাছে এসেছে।

চারুদত্ত—আমাদের বংশে ধনী মানুষ আবার কে ?

বিদূষক—বংশে না থাকলেও, দ্বারে আছেন। বসন্তসেনা এসেছেন।

চারুদত্ত—বয়স্য, আমাকে কি প্রতারণা করছ ?

বিদূষক—যদি আমার কথায় বিশ্বাস না হয়, তাহলে এই কুম্ভীলককে জিজ্ঞাসা করুন। ওরে বাঁদীর-বেটা ! এদিকে আয়।

চেট—(এগিয়ে এসে) আর্য, প্রণাম।

চারুদত্ত—ভদ্র ! স্বাগত। বলো সত্যিই কি বসন্তসেনা এসেছেন ?
চেট—বসন্তসেনা সত্যই এসেছেন এখানে।
চারুদত্ত—(সহর্ষে) ভালো সংবাদ পেলে আমি কখনও নিষ্ফল হতে দিই না (অর্থাৎ সুসংবাদবাহীকে আমি পুরস্কৃত করি)। এই পারিতোষিক নাও তুমি (উত্তরীয় দিলেন)
চেট—যাই, আর্যাকে বলি গিয়ে। (নিষ্ক্রান্ত হল)
বিদূষক—আচ্ছা, আপনি কি জানেন এই দুর্যোগে তিনি কেন এসেছেন ?
চারুদত্ত—বন্ধু, তা আমি ঠিক বুঝতে পারছি না।
বিদূষক—কিন্তু আমি বুঝতে পারছি। রত্নহারটি কম দামের, স্বর্ণভাণ্ডটি বেশী দামের। তাই পরিতুষ্ট না হতে পেরে আর কিছু চাইতে এসেছেন।
চারুদত্ত—পরিতুষ্ট হয়েই যাবেন তিনি।

(তারপর উজ্জ্বল অভিসারিকার বেশে বসন্তসেনা ও তাঁর সঙ্গে ছত্রধারিণী এবং বিট প্রবেশ করল)।

বিট—(বসন্তসেনাকে উদ্দেশ্য করে) ইনি পদ্মহীন লক্ষ্মী কামদেবের ললিত অস্ত্র। কুলস্ত্রীদের দুঃখ[৫] এবং কামরূপ রম্যবৃক্ষের ফল স্বরূপা। রতিকালে লজ্জা প্রকট করে যখন উনি অভিরাম গতিতে চলেন তখন প্রিয় বণিকদল রতিক্ষেত্ররূপ রঙ্গমঞ্চে তাঁকে অনুসরণ করেন ॥১২॥
বসন্তসেনা—দেখো দেখো !

বিরহি-বনিতাদের হৃদয়-অনুকারী (বিদীর্ণ) মেঘরাশি গর্জন করছে। শৈল-শিখরে তাদের ছায়া এসে পড়েছে। এদের গর্জনে হঠাৎ-উড়ে-আসা ময়ূরেরা যেন মণিময় তাল-পাখায় আকাশকে হাওয়া করছে ॥১৩॥

বৃষ্টিধারায় আহত কাদায়-মুখ-লেপা ব্যাঙেরা জল পান করছে। কামাতুর ময়ূরেরা মুক্তকণ্ঠে কেকাধ্বনি তুলছে। কদমফুলকে প্রদীপের মতো দেখাচ্ছে। কুলঘ্ন মানুষ যেমন ক'রে সন্ন্যাসকে আচ্ছন্ন ক'রে কলঙ্কিত করে, মেঘ চাঁদকে যেন তেমনি ক'রে আচ্ছন্ন করেছে। নিচুবংশে জাত যুবতীর মতো বিদ্যুৎও একখানে থাকছে না ॥১৪॥

বসন্তসেনা—ভদ্র ! আপনি ঠিকই বলেছেন। এই—

(মেঘ-)গর্জনে মুহুর্মুহু আমাকে নিবারণ ক'রে রাত্রিরূপিণী সসত্নী যেন কুপিতা হয়েই আমার পথরোধ করে চলছে, রে মূঢ়ে, ঘনসংলগ্ন-পয়োধরা, আমার সঙ্গে কান্ত যখন রতিরঙ্গে মত্ত তখন তোমার এখানে আসার প্রায়াজন কী ?॥১৫॥

বিট—হ্যাঁ, তাই বটে। একে তুমি তিরস্কার করো।
বসন্তসেনা—এ অনড়, স্ত্রীলোকের স্বভাব যা তাই[৬], একে আর তিরস্কার করে কী হবে ? দেখুন, ভদ্র—

মেঘ বর্ষণ করুক, অথবা বজ্রপাত করুক। অভিসারিকারা শীতাতপ গণনা করে না ॥১৬॥

বিট—বসন্তসেনা ! দেখো দেখো। এই যে একজন—

বাতাসে যার বেগ বর্ধিত হয়েছে স্থূলে ধারা যার বাণরাশি, গর্জন যার পটহনাদ, স্ফুরিত বিদ্যুৎ যার পতাকা সেই মেঘ, নগরমধ্যে হীনবল শত্রুর কাছ থেকে রাজা

যেমন কর গ্রহণ করে তেমনি করে মেঘ ও আকাশে চাঁদের কর (কিরণ) গ্রহণ করছে অর্থাৎ চাঁদকে আচ্ছন্ন করছে ॥১৭॥

বসন্তসেনা—হ্যাঁ, তাই। এই আর একজন—

যারা গজেন্দ্রের মতো কৃষ্ণবর্ণ, যাদের উদর স্ফীত ও লম্বিত, তড়িৎ এবং বলয়পঙ্‌ক্তিতে যারা চিত্রিত সেই সব গর্জনশীল মেঘখণ্ড যখন মনকে শল্যবিদ্ধ করে ফেলেছে তখন, হায়! হে হতভাগা দুষ্টবুদ্ধি বক, প্রোষিতভর্তৃকাদের বধনির্দেশে পটহধ্বনির মতো তুমি 'প্রাবৃট্' 'প্রাবৃট'[৭] (বর্ষা বর্ষা) বলে কাটাঘায়ে নুনের ছিটা[৮] দিচ্ছ যেন ?॥১৮॥

বিট—বসন্তসেনা, সত্যিই তাই। আর একটা জিনিস দেখুন। বলাকারূপ শ্বেত-উষ্ণীষ এবং বিদ্যুৎরূপ চামর ধারণ করে আকাশ মত্তহস্তীর সাম্যগ্রহণে' ইচ্ছুক হয়েছে ॥১৯॥

বসন্তসেনা—ভদ্র! দেখুন দেখুন।

সিক্ত তমালপত্রের মতো কৃষ্ণবর্ণ এই মেঘরাশি আকাশে সূর্যকে সম্পূর্ণ পান করেছে (গ্রাস করেছে), উইয়ের ঢিবিগুলো বৃষ্টিধারায় আহত হয়ে শরাহত হাতির মতো ভেঙে পড়েছে। (মেঘরাশি) বিদ্যুৎকে কাঞ্চনদীপিকার মতো প্রাসাদ-সঞ্চারিণী এবং জ্যোৎস্নাকে দুর্বলভর্তৃকা স্ত্রীর মতো সবলে অপহরণ করেছে ॥২০॥

বিট—বসন্তসেনা, দেখো দেখো—

বিদ্যুৎরূপ গুণে (জ্বললে) আবদ্ধ হাতির মতো পরস্পরের প্রতি ধাবমান এই ধারাবর্ষী মেঘেরা যেন ইন্দ্রের আদেশে পৃথিবীকে রুপোর রশিতে উপরে তুলছে ॥২১॥

আরও দেখো—

প্রচণ্ড ঝটিকায় ধ্বনিত মহিষকুলের মতো নীলবর্ণ বিদ্যুৎরূপ পাখার বলে জলধির মতো আকাশে সঞ্চরমাণ এই চঞ্চল মেঘরাশি ধারাসম্পাতে নব-শ্যামল শস্যাঙ্কুরবতী মৃৎসুরভি এই ধরিত্রীকে যেন মণিময় শরে বিদ্ধ করছে ॥২২॥

বসন্তসেনা—ভদ্র! আরও দেখুন—

দিঙ্‌মণ্ডলকে কাজলের মতো কালো করে দিয়ে মেঘ উঠে আসছে। ময়ূরেরা 'এসো এসো' বলে তাকে উচ্চ কেকাধ্বনিতে তাকে ডাকছে। উড়ে এসে বকপঙ্‌ক্তি যে তাকে আবেগের সঙ্গে গাঢ়ভাবে আলিঙ্গন করছে, পদ্ম ছেড়ে কণ্টে উঠে এসে হাঁসেরা অত্যন্ত উদ্বেগ নিয়ে তাকে দেখছে ॥২৩॥

বিট—তাই বটে। আরও দেখ—

পৃথিবী এখন যেন ধারাসম্পাতে রচিত সৌধের ভিতরে নিশ্চল হয়ে নিদ্রা যাচ্ছে। পদ্মফুলরূপ তার চোখও নিশ্চল হয়েছে। পৃথিবী দিন ও রাত্রিকে হারিয়েছে। বিদ্যুৎ-স্ফুরণের দরুন ভিতরের অন্ধকার ক্ষণকালের জন্যে কাটছে বলে আবার দেখা যাচ্ছে। দিঙ্‌মণ্ডলরূপ তার মুখ অবগুণ্ঠিত। মেঘের আবাস ঐ বিস্তীর্ণ আকাশে অগণিত মেঘের এক ছত্র-আচ্ছাদন রচিত হয়েছে ॥২৪॥

বসন্তসেনা—ভদ্র, সত্যিই তাই। দেখুন দেখুন—

অসজ্জনে কৃত উপকারের মতো তারারা বিনষ্ট হয়ে রয়েছ ; কান্তবিযুক্তা নারীর

মতো দিকগুলো শোভা পাচ্ছে না ; মনে হচ্ছে, দেবরাজ ইন্দ্রের অস্ত্রের অত্যন্ত উত্তপ্ত হয়ে দ্রবীভূত হয়ে আকাশ জলরূপে ঝরে পড়ছে ॥২৫॥

আরও দেখুন—

প্রথম সম্পদলাভে পুরুষ যেমন করে তেমনি মেঘ নানা রূপ ধারণ করছে—এই উঠছে, এই পড়ছে, এই ঝরে পড়ছে, এই গর্জন করছে, এই অন্ধকার ঘনিয়ে তুলছে ॥২৬॥

বিট্—তাই বটে।

আকাশটা যেন বিদ্যুতে বিদ্যুতে জ্বলছে। শত শত বলাকার দরুন যেন হাসছে, ধারাশরবর্ষী ইন্দ্রধনু উদিত হওয়ায় যেন নাচছে, বজ্রের উচ্চ ধ্বনির দরুন যেন চিৎকার ঝরছে, ঝড়ে যেন টলছে, ঘন কালো সাপের মতো মেঘগুলোর দরুন যেন ধূম উদ্গিরণ করছে বলে মনে হচ্ছে ॥২৭॥

বসন্তসেনা—মেঘ তুমি নির্লজ্জ, কারণ—

প্রিয়গৃহে চলিতা আমাকে গর্জনে ভয় দেখিয়ে ধারাহস্তে (বৃষ্টিধারারূপ হস্তে) তুমি আমাকে স্পর্শ করছ ॥২৮॥

হে ইন্দ্র, আমি কি তোমার প্রতি পূর্বে কখনও অনুরাগে আসক্ত হয়েছি যে তুমি মেঘগর্জনরূপ সিংহনিনাদ করছ ? ধারাসম্পাতে এই প্রিয়বাঞ্ছিতা আমার পথরোধ করা তোমার উচিত নয় ॥২৯॥

তা ছাড়া—

হে ইন্দ্র, তুমি যেমন অহল্যার জন্যে 'আমি গোতম' একথা বলেছিলে তেমনি, আমারও দুঃখ (এ দুঃখ তুমি হৃদয়ঙ্গম করো)। হে (পরদুঃখে) উদাসীন, মেঘ সরিয়ে নাও ॥৩০॥

তা ছাড়া—

হে ইন্দ্র ! তুমি গর্জনই কর আর বর্ষণই কর বা শত শত বজ্রপাত ঘটাও, দয়িতের মিলনে যে নারীরা চলেছে তাদের তুমি বাধা দিতে পারবে না ॥৩১॥

মেঘ যদি গর্জন করে করুক, কারণ পুরুষেরা নিষ্ঠুর। কিন্তু অয়ি বিদ্যুৎ। তুমিও অঙ্গনাদের দুঃখ বোঝ না ?॥৩২॥

বিট—ভদ্রে, না না তুমি তিরস্কার কোরো না। এ (বিদ্যুৎ) যে তোমার উপকারিণী। কারণ, ঐরাবতের বুকে চঞ্চল স্বর্ণরজ্জুর মতো, পাহাড়চূড়োয় নিহিত পতাকার মতো, ইন্দ্রভবনের (আকাশের) দীপিকার মতো এ (বিদ্যুৎ) তোমাকে প্রিয়তমের আবাস দেখিয়ে দিচ্ছে ॥৩৩॥

বসন্তসেনা—ভদ্র ! সত্যই তাই। এই সেই গৃহ।

বিট—সকল কলায় অভিজ্ঞ তোমাকে উপদেশ দেবার কিছু নেই। তবু স্নেহ কিছু বলিয়ে নিচ্ছে। এখানে প্রবেশ করে মোটেই বেশি কোপ প্রকাশ করবে না। যদি কুপিতা হও প্রেম রইবে না। আবার কোপ ছাড়া কাম কোথায় ? কুপিতা হও, তাকেও কুপিত করো, কিন্তু প্রসন্নও হোয়ো, প্রিয়কে প্রসন্নও কোরো ॥৩৪॥

তাই হোক। ওহে শোনো, আর্য চারুদত্তকে বলো—কদম্ব ও নীল যে-সময়ে প্রস্ফুটিত হয়ে সুগন্ধ ছড়ায় সেই মেঘমেদুর সময়ে সে কামার্তা ও আনন্দিতা হয়ে প্রিয়ের আবাসে এসেছে। জল তার চূর্ণকুন্তল সিক্ত। বিদ্যুৎ এবং মেঘগর্জনে

সে তার চরণদুটি প্রক্ষালনে রতা, যে চরণদটির নূপুর কর্দমে ক্লিন্ন ॥৩৫॥

চারুদত্ত—(শুনে) বয়স্য, জেনে এসো ব্যাপারটা কী ?

বিদূষক—আপনার যে আদেশ। (বসন্তসেনার কাছে এসে, সাদরে) আপনার মঙ্গল হোক।

বসন্তসেনা—আর্য, নমস্কার। আপনাকে স্বাগত জানাচ্ছি। (বিটের প্রতি) এই ছত্রধারিণী শুধু আপনারই হোক।

বিট—(স্বগত) এইভাবে সুন্দর করে আমাকে বিদায় দেওয়া হল। (প্রকাশ্যে) তাই হোক, শ্রীমতী বসন্তসেনা।

সগর্ব মায়া, ছল ও মিথ্যার যা জন্মভূমি, শাঠ্যই যার আত্মা, সম্ভোগক্রীড়া যাকে নিজের ঘর বানিয়েছে সেখানে রমণসুখের সংগ্রহ গণিকারূপ বিপণির পণ্যের সামান্য বিনিময় দাক্ষিণ্য সহকারে সিদ্ধ হোক ॥৩৬॥

(বিটের প্রস্থান)

বসন্তসেনা—আর্য মৈত্রেয়, আপনাদের দ্যূতকর কোথায় ?

বিদূষক—(স্বগত)—আশ্চর্য ! 'দ্যূতকর' একথা বলেই ইনি প্রিয় বয়স্যকে অলংকৃতই করলেন।

(প্রকাশ্যে) শ্রীমতী ! ইনি এই শুষ্ক উদ্যানে।

বসন্তসেনা—আর্য ! 'শুষ্ক উদ্যান' বলতে কী বোঝায় ?

বিদূষক—যেখানে খাওয়ার বা পান করা কিছুই নেই।

(বসন্তসেনার স্মিতহাস্য)

বিদূষক—তাহলে শ্রীমতী প্রবেশ করুন।

বসন্তসেনা—(জনান্তিকে)—এখানে প্রবেশ করে আমি কী বলব ?

চেটী—দ্যূতকর ! আপনার কাছে এই সন্ধ্যাটি সুখকর তো ?

বসন্তসেনা—আমি কি তা বলতে পারব ?

চেটী—অবস্থাগতিকে ভালোই পারবেন।

বিদূষক—শ্রীমতী প্রবেশ করুন।

বসন্তসেনা—(প্রবেশ করে এবং কাছে গিয়ে, ফুলের আঘাত করে) ওগো দ্যূতকর, সন্ধ্যাটি আপনার কাছে সুখকর তো ?

চারুদত্ত—(দেখে)—ও, বসন্তসেনা এসেছে। (সহর্ষে উঠে) প্রিয়ে !

আমার সন্ধ্যা সর্বদাই বিনিদ্রভাবে কাটে, রাত্রিও সর্বদা দীর্ঘশ্বাস ফেলেই কেটেছে। হে বিশাললোচনে ! তোমার সঙ্গে মিলিত হয়েছি বলে আজকে আমার এই সন্ধ্যা দুঃখ দূর করেছে ॥৩৭॥

তাই তোমাকে স্বাগত জানাই। এই যে আসন। বোসো এখানে।

বিদূষক—এই যে আসুন। বসুন আপনি। (বসন্তসেনা বসলেন, তারপর সবাই বসলেন)

চারুদত্ত—বয়স্য, দেখো দেখো—

কর্ণান্তবিলম্বী বর্ষাবারিবর্ষী কদম্বে এঁর যৌবরাজ্যে বৃত রাজতনয়ের মতো একটি স্তন অভিষিক্ত হয়েছে ॥৩৮॥

তাই, হে বয়স্য ! বসন্তসেনার পরিচ্ছদদুটি সিক্ত, অন্য একজোড়া সুন্দর পরিচ্ছদ এনে দাও।

বিদূষক—আপনার যা আদেশ।
চেটী—আর্য মৈত্রেয়, আপনি থাকুন। আমিই আর্যার পরিচর্যা করছি।
বিদূষক—(চারুদত্তকে, জনান্তিকে) বয়স্য, আমি এঁকে কিছু জিজ্ঞেস করব।
চারুদত্ত—তাই করো।
বিদূষক—(প্রকাশ্যে) আপনি এই জ্যোৎস্নাহীন দুর্যোগের অন্ধকারে এলেন কেন বলুন তো ?
চেটী—এই ব্রাহ্মণ কী সরল !
বসন্তসেনা—বরং 'চতুর' এ কথাই বলো।
চেটী—আর্যা জিজ্ঞেস করতে এসেছেন সেই রত্নহারের দাম কত ?
বিদূষক—(জনান্তিকে) আমি তো বলেইছিলাম রত্নহারটি অল্প দামের আর স্বর্ণভাণ্ডটা অনেক দামের। তাই সন্তুষ্ট হতে না পেরে ইনি অন্য কিছু চাইতে এসেছেন।
চেটী—ঐ হারটি তো আর্যা নিজের মনে করে জুয়ায় খুইয়েছেন। এখন সেই রাজদূত সভিক জুয়ার সর্দার কোথায় গেল তা জানা যাচ্ছে না।
বিদূষক—আপনি শুধু আমি যা বললাম তারই পুনরুক্তি করছেন।
চেটী—তাকে যতক্ষণ খুঁজে না পাওয়া যাচ্ছে ততক্ষণ এই রত্নভাণ্ডটি রাখুন।

(বিদূষক চিন্তামগ্ন হলেন)

চেটী—আর্য দেখি একদৃষ্টে দেখছেন এটি। আপনি কি আগে দেখেছেন নাকি ?
বিদূষক—এর শিল্পনৈপুণ্য আমার দৃষ্টি কেড়ে নিয়েছে।
চেটী—আর্য, আপনার চোখ আপনাকে ঠকিয়েছে। এটি সেই সুবর্ণভাণ্ড।
বিদূষক—(সানন্দে) বয়স্য ! এই সেই সুবর্ণভাণ্ড যা আমাদের বাড়ি থেকে চো নিয়ে গিয়েছিল। ...রে
চারুদত্ত—বয়স্য ! গচ্ছিত প্রত্যর্পণের যে ছলনার কথা আমরা ভেবেছিল... আমাদের দিকে ঘুরিয়ে ধরা হয়েছে ! একি সত্যি, না কৌতুক... ...ম তাই দেখি
বিদূষক—বন্ধু, আমার বামনাইয়ের দিব্যি, সত্যি। ...এ ?
চারুদত্ত—এ আনন্দের, সত্যিই আনন্দের।
বিদূষক—(জনান্তিকে) আচ্ছা, জিজ্ঞেস করছি কোথে... ...ক চোর পেল এটা ?
চারুদত্ত—না পাবার কী আছে ?
বিদূষক—(চেটীর কানে কানে) এটা কি সেই...
চারুদত্ত—কী বলা হচ্ছে শুনি ! আমি ... ...কম ?
বিদূষক—সেই রকমই। ...ক বাইরের লোক ?
চারুদত্ত—ভদ্রে ! এটা কি সত্যি... ...ই সেই স্বর্ণভাণ্ড ?
চেটী—আর্য, হ্যাঁ, সেই ভা... ...ডই।
চারুদত্ত—ভালো খবর... ...পেলে (তাকে আমি নিষ্ফল করি না, উপহার না দিয়ে আমি পারি না ...)। তাই উপহার হিসেবে এই আংটিটি নাও।
বসন্তসেনা—(স্বগত) এই জন্যেই তো তুমি আমার প্রার্থিত।
চারুদত্ত—(জনান্তিকে) হায় ! ধনহীন লোকের প্রথমতঃ, জীবন থেকেই বা লাভ কী ? কারণ—প্রতিকারের শক্তি নেই ব'লে তার ক্রোধ এবং অনুগ্রহ দুই-ই ব্যর্থ হয়ে যায় ॥৪০॥

তা ছাড়া—

ডানাভাঙা পাখি, শুকিয়ে যাওয়া গাছ, জলহীন সরোবর, বিষদাঁত ভেঙে যাওয়া সাপ আর গরিব মানুষ—এরা সংসারে একই রকম ॥৪১॥

তা ছাড়া—

গরিব মানুষেরা শূন্যগৃহের মতো, নির্জলা কুয়োর মতো, শীর্ণ তরুর মতো। কারণ—পূর্বপরিচিত মানুষদের সঙ্গে মিলনে (দুঃখ) বিস্মৃত হলেও আনন্দের সময়টি ব্যর্থ হয় ॥৪২॥

বিদূষক—দুঃখ করবেন না বেশি। (প্রকাশ্যে সপরিহাসে) শ্রীমতী! আমার স্নানবস্ত্রটি ফিরিয়ে দিন।

বসন্তসেনা—আর্য চারুদত্ত এই রত্নহারটি দিয়ে আমাকে পরীক্ষা করাটা কি ঠিক হয়েছে?

চারুদত্ত—(সঙ্কোচের হাস্যে) বসন্তসেনা। দেখো দেখো!

কে সত্য ঘটনাটি বিশ্বাস করত? প্রত্যেকেই আমাকে লঘু করেই দেখত। গৌরবহীন দারিদ্র্য এ সংসারে সংশয়েরই উদ্রেক করে ॥৪৩॥

বিদূষক—চেটী, তুমি কি এখানেই ঘুমোবে?

চেটী—(সহাস্যে)! আর্য মৈত্রেয়! এবারে আপনি নিজেকে অত্যন্ত সরল বলে প্রমাণিত করলেন।

বিদূষক—বয়স্য! আবার দেখি ধারাসারে বৃষ্টি পড়তে শুরু করল। জমিয়ে বসা লোকদের তাড়ানোর জন্যেই বোধহয় মেঘের এই কাণ্ড!

চারুদত্ত—তুমি ঠিকই বলেছ। মেঘের অন্তরাল ভেদ করে জলধারা ঝরছে, মৃণালদণ্ড যেমন পঙ্কের অন্তরাল ভেদ করে প্রবেশ করে তেমনি।

এই বারিধারা যেন চাঁদের দুঃখে দুঃখিত আকাশের অশ্রুধারার মতোই ঝরছে ॥৪৪॥

[illegible] না—

তাছাড়া [illegible] পরিচ্ছেদের মতো প্রতীয়মান মেঘেরা বৃষ্টিধারায় ঝরে পড়ছে, তারা বলরামের [illegible] মনের মতো পবিত্র, আর ভয়ঙ্কর বলে যেন অর্জুনের শরবর্ষণের যেন মহৎজনের [illegible] চ্ছে মেঘেরা যেন ইন্দ্রের মুক্তাসঞ্চয় বর্ষণ করে চলেছে ॥৪৫॥

মতো। দেখে মনে [illegible]

প্রিয়ে, দেখো দেখো! [illegible] নার মতো, সুরভি ও শীতল সান্ধ্য বায়ুতে তারা মেঘেদের বর্ণ পিষ্টতমালপ [illegible] ম্বরকে মেঘসমাগমে প্রণয়িনীর মতো বিদ্যুৎ বীজিত। এমন মেঘে আচ্ছন্ন অ[illegible] ন্তকে যেমন আলিঙ্গন করে তেমনি ॥৪৬॥

ইচ্ছামতো আলিঙ্গন করছে, প্রিয়তমা ক[illegible] চারুদত্তকে আলিঙ্গন করল)

(বসন্তসেনা শৃঙ্গারভাবের অভিনয় করে [illegible] র)

চারুদত্ত—(স্পর্শসুখ অভিনয়ে প্রকাশ করে আলিঙ্গন ক[illegible] নুগ্রহে আমার অনঙ্গপীড়িত হে মেঘ আরও গম্ভীরভাবে গর্জন করো। তোমারই অ[illegible] ণত হয়েছে ॥৪৭॥

দেহ (প্রিয়া) স্পর্শে রোমাঞ্চিত হয়ে যেন কদম্বপুষ্পে পা[illegible] প্রতিপন্ন হলি।

চারুদত্ত—বয়স্য! বাঁদীরবেটা, বর্ষাকাল, তুই অত্যন্ত অনার্য বলে [illegible]

কারণ শ্রীমতীকে বিদ্যুতস্ফুরণে ভয় দেখাচ্ছিস।

চারুদত্ত ভর্ৎসনা করা অন্যায় হবে তোমার। অবিরত বর্ষণ দিয়ে এই দুর্যোগ শতবর্ষ বিরাজিত থাকুক। বিদ্যুৎও স্ফুরিত হতে থাকুক। যেহেতু আমাদের মতো লোকের কাছে দুর্লভ এই প্রিয়া আমাকে আলিঙ্গন করছে ॥৪৮॥

তা ছাড়া, বয়স্য—

তাদের জীবনই ধন্য গৃহে আগত কামিনীদের বৃষ্টিশীতল আর্দ্রদেহে যাদের দেহ আলিঙ্গিত হয় ॥৪৯।

প্রিয়া বসন্তসেনা!

এই চন্দ্রাতপটি ছিন্ন হওয়ায় স্তম্ভগুলো তা কোন রকমে ধরে রেখেছে। কারণ পাদপীঠের প্রান্তগুলো শিথিল হয়ে পড়েছে। আর এই চিত্রিত দেয়ালটি রঙের প্রলেপ ফেটে ফেটে যাওয়ায় বৃষ্টিধারায় একেবারে ভিজে উঠেছে ॥৫০॥

(উঁচুদিকে তাকিয়ে) এ কী, ইন্দ্রধনু উঠেছে দেখছি! প্রিয়ে দেখো দেখো—

আকাশ যেন হাই তুলেছে। বিদ্যুৎ যেন তার জিভ। বাহু যেন ঐ ইন্দ্রধনু[১০], প্রশান্ত চিবুক যেন ঐ মেঘরাশি ॥৫১॥

তাই এসো, এবারে ভিতরে যাই।

(উঠে পরিক্রমা করল)

বৃষ্টিধারা তালপাতায় পড়ছে তীব্রভাবে, শাখায় পড়ছে মন্দ্রভাবে, শিলায় পড়ছে রূক্ষভাবে, আর জলে পড়ছে প্রচণ্ডভাবে। তালের সঙ্গে বাদিত সংগীতবীণার মতোই যেন সেই বৃষ্টিধারার ধ্বনি ॥৫২॥

॥ 'দুর্দিন' নামে পঞ্চম অঙ্ক সমাপ্ত ॥

× × × × × × × × × × × × × ষষ্ঠ অংক × × × × × × × × × × × × ×

চেটী—এ কী, এখনও তো আর্যা জাগলেন না। যাই, ভিতরে গিয়ে জাগাই।

(পরিক্রমার অভিনয় করল)

[তারপর আবৃতাদেহা প্রসুপ্তা বসন্তসেনার প্রবেশ]

(দেখে)—উঠুন দেবী! ভোর হয়েছে।

বসন্তসেনা—(জেগে উঠে) সে কী, রাত থাকতে ভোর হবে কেমন করে?

চেটী—আমাদের কাছে এ ভোর আপনার কাছে এখনও রাতই।

বসন্তসেনা—চেটী! তোমাদের সেই দ্যূতকর কোথায়?[১]

চেটী—দেবী! বর্ধমানকে আদেশ দিয়ে আর্য চারুদত্ত পুরনো বাগান পুষ্পকরণ্ডকে[২] গিয়েছেন।

বসন্তসেনা—তিনি কী আদেশ দিয়ে গেছেন।

চেটী—রাতেই গাড়ি ঠিক ক'রে রাখো বসন্তসেনা যেন চলে যান।

বসন্তসেনা—ওলো, আমাকে কোথায় যেতে হবে?

চেটী—দেবী! যেখানে চারুদত্ত গেছেন, সেখানে।

বসন্তসেনা—(চেটীকে আলিঙ্গন করে) ওলো, রাতে তাকে ঠিক দেখতে পাই নি। আজ দুচোখ ভরে দেখব। ওলো, আমি কি ভিতরের চতুঃশালায় প্রবেশ করেছি?

চেটী—শুধু ভিতরের চতুঃশালায় নয়, আপনি সকলের হৃদয়ে প্রবেশ করেছেন।

বসন্তসেনা—চারুদত্তের পরিজনেরা কি দুঃখিত হয়েছেন?

চেটী—দুঃখিত হবেন।

বসন্তসেনা—কখন ?

চেটী—যখন আপনি চলে যাবেন।

বসন্তসেনা—তখন তো সবার আগে আমার দুঃখ হবে।

(সানুনয়ে) ওলো ! আমার এই রত্নহারটা নে। গিয়ে আমার বোন আর্যা ধূতাকে দিবি। বলবি আমি যখন গুণের মূল্যে কেনা চারুদত্তের দাসী, তখন আপনারও দাসী। তাই এই রত্নহার আপনারাই কণ্ঠে শোভা পায়।

চেটী—দেবী ! তাহলে চারুদত্ত তাঁর উপর রাগ করবেন।

বসন্তসেনা—যা, রাগবেন না।

চেটী—(নিয়ে) আপনার যা আদেশ।

(এই বলে চেটীর নিষ্ক্রমণ ও পুনঃপ্রবেশ) দেবী ! আর্যা বললেন—আমার স্বামী প্রসন্ন হয়ে এটা আপনাকে দিয়েছেন, এটা আমার নেওয়া ঠিক নয়। আর্যা জানুন, আমার স্বামীই আমার বিশেষ অলঙ্কার[৩] !

(তারপর চারুদত্তের ছেলেকে নিয়ে রদনিকার প্রবেশ)

রদনিকা—আয় বাছা ! গাড়িটা নিয়ে খেলি আমরা।

ছেলেটি (কাঁদোকাঁদো হয়ে) রদনিকা ! এই মাটির গাড়ি দিয়ে কী করব আমি ? আমাকে সোনার গাড়িটা দাও।

রদনিকা (সবিষাদে দীর্ঘশ্বাস নিয়ে) এখন আমরা সোনাদানা কোথায় পাব, বাছা ! বাবার অবস্থা ফিরুক, তারপর সোনার গাড়ি নিয়ে খেলবি।—

ওকে একটু ভুলিয়ে ভালিয়ে রাখি। বরং আমি বসন্তসেনার কাছে যাই। (কাছে গিয়ে) দেবী ! প্রণাম।

বসন্তসেনা—এসো এসো, রদনিকা ! তা ছেলেটি কার ? গায়ে গয়নাগাটি কিছু না থাকলেও ওর চাঁদমুখ আমাকে আনন্দ দিচ্ছে।

রদনিকা—এটি হল আর্য চারুদত্তের ছেলে, নাম রোহসেন।

বাসবদত্তা—আয় বাছা, আমাকে আলিঙ্গন কর। (কোলে বসিয়ে) ওর বাবার রূপেরই প্রতিচ্ছবি।

রদনিকা—শুধু রূপে নয়, আমার মনে হয় চরিত্রেও ! আর্য চারুদত্ত ওকে নিয়েই নিজেকে মাতিয়ে রাখেন।

বসন্তসেনা—কিন্তু ও কাঁদছে কেন ?

রদনিকা—ও প্রতিবেশী এক গৃহস্থের ছেলের ছোট্ট একটা সোনার গাড়ি নিয়ে খেলেছিল। সে তা নিয়ে গেছে। তারপর আবার ঐটে চাওয়ায় আমি একটা মাটির গাড়ি গড়ে ওকে দিয়েছি। কিন্তু ও বলছে রদনিকা, এই মাটির গাড়ি দিয়ে আমি কী করব ? আমাকে ঐ সোনার গাড়িটা দাও।

বসন্তসেনা—হায় হায় ! একেও কিনা অন্যের জিনিসের জন্যে মন খারাপ করতে হচ্ছে ! ভাগ্যের দেবতা ! পদ্মপাতায় পড়া জলবিন্দুর মতো মানুষের ভাগ্য নিয়ে তুমি খেলছ ! (সাশ্রুনেত্রে) বাছা, কেঁদো না, সোনার গাড়ি নিয়েই তুমি খেলবে।

ছেলেটি—ও কে, রদনিকা ?

বসন্তসেনা—তোমার বাবার গুণের মূল্যে কেনা দাসী।

রদনিকা—ইনি তোমার মা হন।

দারক—রদনিকা, তুমি মিথ্যে কথা বলছ। ও যদি আমার মা হয় তাহলে গয়না-পরা কেন ?

বসন্তসেনা—বাছা, সরলমুখে তুমি অতি করুণ কথা বলেছ। (আভরণ উন্মোচনের অভিনয় করে রোদন) এই আমি তোমার মা হলাম। এই গয়নাগুলো তুমি নাও। সোনার গাড়ি গড়িয়ে নাও।

দারক—তুমি যাও! আমি নেব না। তুমি কাঁদছ।

বসন্তসেনা—(চোখ মুছে) বাছা, আর কাঁদব না। যাও, খেলা করো। অলঙ্কারে মাটির গাড়িটা ভ'রে দিয়ে) বাছা সোনার গাড়ি গড়িয়ে নিও।

(ছেলেকে নিয়ে রদনিকার প্রস্থান)

(শকটারোহণে প্রবেশ ক'রে)

চেট—রদনিকা! রদনিকা! আর্যা বসন্তসেনাকে বলো—পাশের দুয়ারে ঢাকা-গাড়ি প্রস্তুত।

(প্রবেশ করে)

রদনিকা—দেবী! বর্ধমানকে জানাচ্ছে পাশের দুয়োরে গাড়ি প্রস্তুত।

বসন্তসেনা—ওলো, একটু দাঁড়া, আমি প্রসাধনটা সেরে নিই।

রদনিকা—(প্রস্থান করে) বর্ধমানক, একটু অপেক্ষা করো। আর্যা প্রসাধনটা সেরে নিন।

চেট—আরে! এ কী! আমি দেখছি গাড়ির গদিটা নিজেই ভুলে গিয়েছি। যাই নিয়ে আসি গিয়ে। নাকে-দড়ি বলদগুলো চঞ্চল হয়ে উঠেছে। ভাই, গাড়ি নিয়েই বরং যাই। (চেটের প্রস্থান)

বাসবদত্তা—ওলো, আমার প্রসাধনের জিনিসগুলো এনে দে তো। প্রসাধনটা সেরে নিই।

(শকটারোহণে প্রবেশ)

চেট—স্থাবরক, রাজার-শ্যালক সংস্থানক আমাকে আদেশ করেছেন—'স্থাবরক, গাড়িটা নিয়ে পুরনো বাগান পুষ্পকরণ্ডকে শিগ্গিরই এস।' যাই, সেখানেই যাই—জল্দি ছোট্, বলদজোড়া, জল্দি ছোট্। (পরিক্রমা ক'রে, দেখে) গ্রামের গাড়িগুলোতে পথটা আটকে আছে দেখছি। কী করি এখন? (উদ্ধতভাবে) সরে যাও, সরে যাও! (শুনে) কী বলছ? কার গাড়ি এটা! গাড়িটা রাজার-শ্যালক সংস্থানকের শিগ্গিরই সরে যাও। (দেখে) ব্যাপার কী! কে একজন সভয়ে আমাকে দেখে হঠাৎ জুয়ার-সর্দারের কাছ থেকে পালানো জুয়াড়ীর মতো নিজেকে হঠাৎ আড়াল করে অন্যদিকে পালিয়ে গেল। কে লোকটা? যাক্ তা দিয়ে আমার দরকারটা কী? তাড়াতাড়ি যাব। গাঁয়ের লোকেরা, সরে যাও, সরে যাও! কী বলছ?—'একটু দাঁড়াও, চাকাটা একটু ঠেলে দাও?' সাহস তো কম নয়? আমি হলাম গিয়ে রাজার-শ্যালকের বীর ভৃত্য সংস্থানক, আর আমি কিনা তোর চাকা ঠেলব? অবশ্য, বেচারা একা! ঠিক আছে। এই করি তা হলে। গাড়িটাকে আর্য চারুদত্তের বাগানবাড়ির পাশদুয়ারে রাখি। (গাড়ি রেখে) এই আমি এসেছি। (প্রস্থান)

চেটী—দেবী! গাড়ির চাকার শব্দ শোনা যাচ্ছে। গাড়িটা এসেই পড়েছে তা হলে।

বসন্তসেনা—ওলো, যা। মনটা চঞ্চল আমার, পাশদুয়োরটা কোন্ দিকে বল্!

চেটী—এদিকে আসুন, দেবী! এদিকে আসুন।

বসন্তসেনা—(পরিক্রমা ক'রে) এবারে তুই বিশ্রাম কর্ গিয়ে।

চেটী—আপনি যা বলেন। (প্রস্থান)

বসন্তসেনা—(ডান চোখ নাচছে তাই দেখিয়ে এবং গাড়িতে উঠে) এ কী! আমার ডানচোখ নাচছে কেন? চারুদত্তের দর্শনই অবশ্য অমঙ্গল দূর করবে।

(প্রবেশ করে)

চেট স্থাবরক—(পথ-আটকে থাকা) গাড়িগুলোকে কাটিয়েছি! এবারে এগিয়ে যাব। (আরোহণ ও চালনার অভিনয় করে) গাড়িটা ভারি মনে হচ্ছে যে! বোধহয় চাকা ঠেলার ধকলের জন্যেই এমন ভারি বলে মনে হচ্ছে। যা হোক, এগিয়ে যাই। চল্ বলদজোড়া, চল্।

(নেপথ্যে)

দ্বাররক্ষীরা! ওহে, যে-যার চৌকিতে হুঁশিয়ার হও। এই গোয়ালার ছেলে (আর্যক) কারাগার ভেঙে প্রহরীকে হত্যা করে শিকল ছিঁড়ে পালিয়ে যাচ্ছে, তাকে ধরো, তাকে ধরো!

(তারপর পর্দা নাড়িয়ে একপায়ে শিকল জড়ানো অবগুণ্ঠিত
চঞ্চল আর্যকের প্রবেশ ও পরিক্রমা)

চেট—(স্বগত) নগরীতে বিরাট চাঞ্চল্য দেখা দিয়েছে, তাই শিগ্গির শিগ্গির যেতে হবে। (প্রস্থান)

আর্যক—রাজার অবরোধরূপ বিপদ-মহাসমুদ্র পার হয়ে পায়ের প্রান্তে একমাত্র শৃঙ্খলপাশ বয়ে বন্ধনভ্রষ্ট হাতির মতো বিচরণ করছি আমি ॥১॥

সিদ্ধপুরুষের ভবিষ্যদ্-বাণীতে ভয় পেয়ে রাজা পালক আমাকে ঘোষপল্লী থেকে ছিনিয়ে এনে মারাত্মক গুপ্তকারাগার শৃঙ্খলে বেঁধে রেখেছিলেন। সেখান থেকে প্রিয়সুহৃদ্ শর্বিলকের অনুগ্রহে বন্ধনদশা থেকে মুক্ত হয়েছি আমি।

(চোখের জল ফেলে) যদি আমার সে ভাগ্যই থাকে তাহলে আমার কী দোষ যে তিনি আমাকে বুনো হাতির মতো বেঁধে রাখবেন?

তাছাড়া, দৈবসিদ্ধিকে কেউ লঙ্ঘনও করতে পারে না। রাজা সকলেরই সেব্য। বলবানের সঙ্গে বিরোধের অবকাশই বা কোথায়? ॥২॥

কিন্তু এখন হতভাগ্য আমি যাব কোথায়? (দেখে) এটা কোন সজ্জনের বাড়ি। পাশের দুয়ারটি অবারিত দেখছি।

বাড়িটার ভগ্নদশা। ওর বিরাট কপাটটিতে আগল নেই, জোড়াগুলোয় চিড় ধরেছে। আমারই মতো দুর্ভাগা গৃহস্বামীটি নিশ্চয়ই দুর্দশার কবলে পড়েছেন। এখানে প্রবেশ করে থেকে যাই।

(নেপথ্যে)

চল চল্, বলদজোড়া, চল্।

আর্যক—(শুনে) একটা গাড়ি এগিয়েই আসছে দেখছি।

এটা কি কোন উৎসব-গামী গাড়ি? কোন বাজে লোক হয়তো যাচ্ছে না এতে। না কি কোন কনের গাড়ি? তাকে নিয়ে যাবার জন্যেই এসেছে হয়তো। নাকি ভাগ্যক্রমে এটা বাহিরে নিয়ে যাবার জন্যে কোন বড়ো মানুষের চড়বার মতো

গাড়ি? সঙ্গে লোকজন কেউ নেই বলে মনে হচ্ছে গাড়িটা ফাঁকা, আমার অনুকূলে দৈবই হয়তো পাঠিয়েছে গাড়িটা।

(তারপর গাড়ির সঙ্গে প্রবেশ করে)

চেট বর্ধমানক—চমৎকার। আমি গাড়ির গদিটা নিয়ে এসেছি।

রদনিকা! আর্যা বসন্তসেনাকে বলো—তৈরি গাড়ি দাঁড়িয়ে আছে। আপনি আরোহণ করে পুরনো বাগান পুষ্পকরণ্ডকে আসুন।

আর্যক—(শুনে) বারবনিতার গাড়ি এটা। (নগরীর) বাইরে যাবার গাড়িও বটে। যাক চড়ে বসি।

(এই বলে ধীরে ধীরে এগিয়ে গেল)

চেট—(শুনে) হ্যাঁ, নূপুরের শব্দ। আর্যাই নিশ্চয় এসে পড়েছেন তাহলে। নাকে দড়ি থাকায় অসহিষ্ণু হয়েছে বলদ দুটি।[৩] পিছন দিয়েই উঠুন আপনি।

(আর্যক তাই করল)

চেট—পদচালনায় মুখর নূপুর শান্ত হয়েছে। গাড়িটা ভারি হয়েছে। মনে হয় এখন আর্যা উঠে বসেছেন। এবারে যাই। চল্ রে, বলদদুটি, চল্। (পরিক্রমা)

(প্রবেশ করে)

বীরক—ওহে, জয়, জয়মান চন্দনক, মঙ্গল, পুষ্পভদ্র এবং আর সবাই! তোমরা নিশ্চিন্ত হয়ে বেড়াচ্ছ কেন? সেই গোয়ালার ছেলে যে কারাগারে আটক ছিল সে, রাজার হৃদয় এবং শৃঙ্খল দুটোই একসঙ্গে ভেঙে দিয়ে পালিয়ে যাচ্ছে ॥৫॥

এই যে, তুমি এই মধ্যপথের পূব দুয়ারে থাকো। তুমি থাকো পশ্চিমের দুয়ারে আর তুমি থাকো দক্ষিণে, আর তুমি উত্তরে। আর এই যে প্রাকারখণ্ড, আমি তারই উপর উঠে চন্দনকের সঙ্গে চারদিক দেখছি। এসো চন্দনক, এসো। এইদিকে।

(উত্তেজিতভাবে প্রবেশ করে)

চন্দনক—ওহে বীরক, বিশল্য, ভীম, অঙ্গদ, দত্তকালক, দণ্ডশূর এবং আর সবাই—

খুব বিশ্বস্ত হয়ে আয়, একটুও দেরি না, তাড়াতাড়ি চেষ্টা কর্ রাজলক্ষ্মী যাতে অন্য বংশে না যেতে পারে ॥৬॥

তাছাড়া—বাগানে, জুয়ার আড্ডায়, পথেঘাটে, নগরে, বাজারে, গোয়ালাদের বস্তীতে, যার উপরে তোমাদের সন্দেহ হবে তাকেই পরীক্ষা করে দেখবে ॥৭॥

বীরক, আমাকে কোন্ দিকে লক্ষ্য রাখতে বল, গোপনে বলো তো। কে এই বাঁধন ছিঁড়ে ঘোষেদের ব্যাটাকে নিয়ে পালালো? ॥৮॥

কার অষ্টম স্থানে রবি, কার চতুর্থ স্থানে চন্দ্র, কার ষষ্ঠ স্থানে শুক্রগ্রহ, আর কারই বা পঞ্চম স্থানে মঙ্গলগ্রহ? ॥৯॥

বলো বৃহস্পতি কার জন্ম রাশিতে ষষ্ঠ স্থানে আর শনি আছে নবম স্থানে। চন্দনক জীবিত থাকতে সে কে যে সেই গোয়ালার ব্যাটাকে হরণ করল? ॥১০॥

বীরক—ভট চন্দনক!

আমি তোমার হৃদয়ের নামে দিব্যি করে বলছি, চন্দনক, কেউ নিশ্চয় সেই ঘোষের পো-কে নিয়ে পালিয়েছে। কারণ, সূর্য যখন অর্ধোদিত ঠিক সেই সময়েই তাকে বন্ধন-মুক্ত করা হয়েছে ॥১১

চেট—চল্, বলদজোড়া, চল্।

চন্দনক—(দেখে) দেখো দেখো! একটা ঢাকা গাড়ি রাজপথের মাঝখান দিয়ে যাচ্ছে। জিজ্ঞাসাবাদ করে দেখো, কার গাড়ি, কোথায় পাঠানো হচ্ছে।

বীরক—(দেখে) গাড়োয়ান। গাড়িটা থামাও। কার গাড়ি, কে আছে ভিতরে? কোথায় যাচ্ছে সে?

চেট—এ গাড়ি আর্য চারুদত্তের। এতে আছেন বসন্তসেনা। চারুদত্তের সঙ্গে বিহারের জন্যে তাকে পুরনো বাগান পুষ্পকরণ্ডকে নিয়ে যাওয়া হচ্ছে।

বীরক—(চন্দনকের কাছে এসে) গাড়োয়ান বলছে আর্য চারুদত্তের গাড়ি। এতে রয়েছেন বসন্তসেনা। পুরনো বাগান পুষ্পকরণ্ডকে নিয়ে যাওয়া হচ্ছে।

চন্দনক—যাক তাহলে।

বীরক—না দেখেই ছাড়ব?

চন্দনক—হাঁ।

বীরক—কার সুবাদে?

চন্দনক—আর্য চারুদত্তের সুবাদে।

বীরক—কে আর্য চারুদত্ত, বসন্তসেনাই বা কে, যে না দেখেই ছাড়া হবে?

চন্দনক—সে কী! আর্য চারুদত্তকেও জানো না, বসন্তসেনাকেও? যদি আর্য চারুদত্তকে বা বসন্তসেনাকে না জানো তা হলে আকাশে জ্যোৎস্নামণ্ডিত চাঁদকেও জানো না!

গুণে যিনি পদ্মের মতো, শীলে যিনি চন্দ্রের মতো, যিনি দুঃখীদের মোক্ষস্বরূপ চারটি সমুদ্রের যিনি সারভুত রত্ন তাঁকে কে চেনে না? ॥১৩॥

এই নগরীর অলঙ্কারস্বরূপ দুটি শ্রদ্ধেয় মানুষ আছেন—একজন বসন্তসেনা, আর একজন ধর্মনিধি চারুদত্ত ॥১৪॥

বীরক—চারুদত্তকে জানি বসন্তসেনাকেও ভালোভাবে জানি, কিন্তু রাজকার্যের ব্যাপারে আমি নিজের পিতাকেও জানি না ॥১৫॥

আর্যক—(স্বগত)—এ আমার পূর্বশত্রু, আর এ আমার পূর্ববন্ধু। কারণ—

এক কাজে নিযুক্ত হলেও এঁদের চরিত্রে মিল নেই, বিবাহে এবং চিতায় যেমন দুই অগ্নির মিল নেই ॥১৬॥

চন্দনক—আমি দেখলেই কি সেটা তোমার দেখা হবে না?

বীরক—যা তুমি দেখেছ তা স্বয়ং রাজা পালকও দেখেছেন একথা বলা চলে।

চন্দনক—ওহে জাঙাল ওঠাও। (চেট তাহাই করিল)

আর্যক—(স্বগত) রক্ষীরা দেখে ফেলবে না তো? খুবই দুর্ভাগ্য আমার তাই আমি নিরস্ত্র। অথবা—

আমি ভীমের অনুকরণ করব। আমার বাহুই হবে আমার অস্ত্র! বন্দী হয়ে শৃঙ্খলাবদ্ধ হবার চেয়ে যুদ্ধ করে মরাও ভালো ॥১৭॥

অথবা, হঠকারিতারও এটা সময় নয়।

(চন্দনকের যানারোহণ এবং পরিক্রমণের অভিনয়)

আমি শরণাগত।

চন্দনক—(সংস্কৃত আশ্রয় করে) শরণাগতের কোন ভয় নেই।

আর্যক—যে শরণাগতকে ত্যাগ করে জয়শ্রী তাকে ত্যাগ করে, মিত্র স্বজনেরাও তাকে ত্যাগ করে। সে সর্বদা উপহাসের পাত্র হয়ে থাকে ॥১৮॥

চন্দনক—সে কী? ঘোষনন্দন আর্যক শ্যেনের ভয়ে ভীত পাখির মতো ব্যাধের হাতে পড়েছে। (চিন্তা করে) আর্য চারুদত্তের শকটে আছে নিরাপরাধ শরণার্থী এই মানুষটি আমার প্রাণদাতা আর্য শর্বিলকের বন্ধু। অন্যদিকে রাজকর্তব্য! এখন এখানে কী করা উচিত? অথবা যা হবার হোক। প্রথমেই অভয় দিয়েছি। ভীতকে যে অভয় দেয় সেই পরোপকার-রসিকের যদি বিনাশও হয় হোক, সংসারে তা গুণই। (সভয়ে নেমে) আমি তাকে দেখেছি (অর্ধোক্ত রেখেই)—এবং তিনি বললেন, 'আমি যে আর্য চারুদত্তের সঙ্গে সাক্ষাৎ করতে গিয়ে রাজপথে অবমানিত হলাম, এটা কি ঠিক হল, এটা কি যুক্তিযুক্ত হল?

বীরক—চন্দনক, এখানে আমার সংশয়ের উদ্রেক হচ্ছে।

চন্দনক—তোমার সংশয়ের কারণ কী?

বীরক—'আমি আর্যকে দেখেছি' এবং ঠিক তার পর-পরই 'আর্যা বসন্তসেনা'—একথা বলবার সময় তোমার কণ্ঠ উত্তেজনায় ভাঙা-ভাঙা শোনালো—এখানেই আমার অবিশ্বাস।

চন্দনক—ওহে, এখানে তোমার অবিশ্বাসের কী আছে? আমরা দক্ষিণদেশের অধিবাসী বলে অস্ফুটভাষী। খশ, খত্তি খড়, গড়ঠ্ঠ, বিড, কর্ণাট, কর্ণ, প্রাবরণ, দ্রাবিড়, চোল, চীন, বর্বর, খের, খান, মুখ, মধুঘাত প্রভৃতি ম্লেচ্ছ জাতিদের অনেক দেশের ভাষায় অভিজ্ঞ বলে আমরা যথেচ্ছভাবে বলি 'দৃষ্ট' বা 'দৃষ্টা'। 'আর্য' বা 'আর্যা'।

বীরক—তা হোক, আমিও দেখব। এটা রাজার আদেশ। আমি রাজার বিশ্বস্ত (অনুচর)।

চন্দনক—তাহলে আমি কি অবিশ্বস্ত হয়ে গেলাম?

বীরক—তবু, রাজাদেশ তো।

চন্দনক—(স্বগত) আর্য গোপালনন্দন আর্য চারুদত্তের গাড়িতে চড়ে পালাচ্ছে যদি একথা বলি তাহলে আর্য চারুদত্তকে শাস্তি দেবেন রাজা। তাই তো, কী করি এখন? (চিন্তা করে) কর্ণাটকেরা যেভাবে কলহ করে সেইভাবে কলহ শুরু করি। (প্রকাশ্যে) ওহে বীরক, আমি চন্দনক যা দেখেছি তুমি আবার তা দেখবে? তুমি কে?

বীরক—তুমিই বা কে?

চন্দনক—পূজ্যমান এবং মান্যমান তুমি তোমার বংশকে স্মরণ করছ না।

বীরক—(সক্রোধে) বলো তো আমার কী বংশ?

চন্দনক—কে বলতে পারে?

বীরক—বলো।

চন্দনক না আমি বলব না। সৌজন্যের খাতিরে তোমার বংশ কী তা জেনেও বলব না। তা আমার মনেই থাকুক। কৎবেল ভেঙে আর কী হবে?

বীরক—না, বলো।

(চন্দনক আকারে-ইঙ্গিতে কী যেন বলল)

বীরক—এর মানে কী ?

চন্দনক—(এক সময়) তোমার হাতে থাকত একটা ভাঙা (শাণ) পাথরের টুকরো যা পুরুষের দাড়ি কামাতে লাগত, আর তোমার ব্যস্ত হাতে থাকত একটি কাঁচি। সেই তুমি আজ সেনাপতি হয়েছে ! ॥১২॥

বীরক—ওহে চন্দনক, মান্যমান তুমিও নিজের জাতটিকে ভুলে যাচ্ছ।

চন্দনক—ওহে, চাঁদের মতো শুদ্ধ এই চন্দনকের জাতটি কী শুনি ?

বীরক—কে জানে ?

চন্দনক—বলো বলো।

(বীরক অভিনয় করে ইঙ্গিতে দেখাল)

চন্দনক—এর মানে কী ?

বীরক—শোনো, শোনো, খুব বিশুদ্ধ তোমার জাত। মা হল ভেরী, বাবা হল ঢাক, করটক হল ভাই। ওহে দুর্মুখ, তুমিই কিনা সেনাপতি হলে !॥১৩॥

চন্দনক—(সক্রোধে (আমি চন্দনক হলাম চর্মকার। তা হলে গাড়িটা দেখো এবারে।

বীরক—গাড়োয়ান, গাড়ি ঘোরাও, আমি দেখব।

(চেট তাই করল। বীরক গাড়িতে উঠতে চাইল। চন্দনক হঠাৎ চুল ধরে তাকে মাটিতে ফেলে পদাঘাত করল)

বীরক—(সক্রোধে উঠে) (রাজার) বিশ্বস্ত (কর্মী) আমি যখন রাজার হুকুম তামিল করছি সেই সময়ে তুই হঠাৎ আমার চুল ধরে আমাকে পদাঘাত করলি !

শোন্ তা হলে। আমি যদি তোকে বিচারালয়ে দণ্ড না দেওয়াই তা হলে আমি বীরক নই।

চন্দনক—ওরে, রাজকুলে যা বা আদালতে যা, তোর মতো কুকুরকে দিয়ে কী হবে ?

বীরক—বেশ, দেখা যাবে ! (প্রস্থান)

চন্দনক—(চারদিক দেখে) গাড়োয়ান, যাও। যদি কেউ জিজ্ঞেস করে তাহলে বোলো চন্দনক আর বীরকের দেখা গাড়ি যাচ্ছে।

মাননীয় বসন্তসেনা, এই অভিজ্ঞান আপনাকে দিলাম। (এই বলে খড়্গ দিল)

আর্যক—(খড়্গ নিয়ে সহর্ষে, মনে মনে) ওহো ! আমি অস্ত্র পেয়েছি। আমার ডান হাত স্পন্দিত হচ্ছে। সব কিছুই আমার অনুকূলে হতে চলেছে। আমি বেঁচে গেলাম তবে ॥২৪॥

চন্দনক—আর্যে, আশা করি চন্দনককে আপনার মনে থাকবে, কারণ আমি আপনাকে যা বলেছি তা সত্য বলে প্রমাণও করেছি। আমি একথা কোন লোভ নিয়ে বলছি না, বলছি প্রীতিরসে পূর্ণ হয়ে।

আর্যক—ভাগ্যক্রমে চাঁদের মতো চরিত্রে মহান্ চন্দনক আজ আমার বন্ধু হল। হ্যাঁ, যদি সিদ্ধাদেশ সত্যি হয় আমি চন্দনককে ভুলব না।

চন্দনক—শিব, বিষ্ণু, ব্রহ্মা, রবি ও চন্দ্র শত্রুপক্ষকে বধ করে তোমাকে অভয় দিন, দেবী পার্বতী শুম্ভনিশুম্ভ বধ করে দেবতাদের যেমন অভয় দিয়েছিলেন তেমনি। (চেট গাড়ি নিয়ে চলে গেল)

চন্দনক–(নেপথ্যের দিকে তাকিয়ে) ওহো ! সে চলে যাওয়ার পর পরই আমার প্রিয় বন্ধুও ঠিক তার পিছনে-পিছনে সংলগ্ন হয়েই গেলেন।

প্রধান দণ্ডধারক এবং রাজার বিশ্বাসের পাত্র বীরবককে আমি শত্রু করেছি। তাই আমিও ছেলেদের এবং ভাইদের নিয়ে তাকেই (শর্বিলককে) অনুসরণ করি।

॥ প্রহরণ-বিপর্যয় নামে ষষ্ঠ অঙ্ক সমাপ্ত ॥

× × × × × × × × × × × × সপ্তম অংক × × × × × × × × × × × × ×

(তারপর চারুদত্ত ও বিদূষকের প্রবেশ)

বিদূষক—দেখুন দেখুন, পুরনো বাগান পুষ্পকরণ্ডকের মাধুর্য দেখুন।

চারুদত্ত—বয়স্য ! সত্যই তাই। কারণ গাছগুলো বণিকের মতো শোভা পাচ্ছে, ফুলগুলো পণ্যের মতোই সজ্জিত (ভ্রমরেরা বিচরণ করছে, তারা যেন শুল্ক আদায় করতে বেড়িয়েছে ॥১॥

বিদূষক—বিনা অলঙ্করণেই রমণীয় এই শিলাতলে বসুন আপনি।

চারুদত্ত—বয়স্য ! বর্ধমানক দেরি করে ফেলেছে।

বিদূষক—বর্ধমানককে তো বলেছিলমে—বসন্তসেনাকে নিয়ে শিগ্‌গিরই চলে এসো।

চারুদত্ত—তাহলে দেরি করছে কেন ? তার সামনে কি অন্য গাড়ি পড়ল যাকে কাটিয়ে যেতে অবকাশের অপেক্ষায় আছে অথবা, অক্ষটি ভেঙে যাওয়ায় তাকে তা বদলাতে হচ্ছে, না কি লাগামই ছিঁড়ে গেল, না কি পথের মাঝখানে কাঠ পড়ে থাকায় তাকে অন্য পথের সন্ধান করতে হচ্ছে, না কি ইচ্ছেমতো বলদদুটোকে চালাতে দিয়ে স্বাচ্ছন্দগতিতে আসছে সে ॥২॥

(ব্যস্ত আর্যক সহ গাড়ি নিয়ে প্রবেশ করে)

চেট—চল্‌, বলদজোড়া, চল্‌।

আর্য—(স্বগত) রাজপুরুষদের দেখে অত্যন্ত ভীত হয়ে পড়ছি, পায়ে শিকল থাকায় পলায়ন এখন সম্পূর্ণ হয়েছে বলা চলে না, সজ্জনের গাড়িতে চড়ে গোপনে চলেছি, এ অবস্থায় নিজেকে মনে হচ্ছে কোকিলের মতো, বায়সীরা যাকে নীড়ে রক্ষা করছে[১]। ॥৩॥

দেখছি নগর থেকে অনেক দূরে এসে পড়েছে। তাই এখন এই গাড়ি থেকে নেমে এই গভীর কুঞ্জে প্রবেশ করব, নাকি এই গাড়ির মালিককে দেখব ? অথবা, কুঞ্জে না হয় নাই গেলাম। শোনা যায় আর্য চারুদত্ত শরণাগতবৎসল। তাই তাঁকে চোখে দেখেই যাব। সেই সজ্জন আমাকে সম্প্রতি বিপদ থেকে সদ্য মুক্ত জেনে সুখীই হবেন। সেই মহাত্মার গুণেই আমি (এখনও) এমন-হাল-হওয়া ধারণ করে আছি ॥৪॥

চেট—এই সেই উদ্যান। এগিয়ে যাই। (এগিয়ে) আর্য মৈত্রেয়।

বিদূষক—শুনছেন ? আপনাকে খোশখবর দিচ্ছি। বর্ধমানক কথা বলছে। বসন্তসেনাও নিশ্চয় এসেছেন।

চারুদত্ত—আমার কাছে এ খবর আনন্দের, সত্যই আনন্দের।

বিদূষক—বাঁদীরব্যাটা ! এত দেরি করলি কেন শুনি ?

চেট—আর্য মৈত্রেয়, রাগ করবেন না। গাড়ির গদি আনতে ভুলে গিয়ে অনর্থক যাতায়াত

করতে হল বলে দেরি করে ফেলেছি।

চারুদত্ত—বর্ধমানক, গাড়ি ঘোরাও। বন্ধু মৈত্রেয়, বসন্তসেনাকে নামিয়ে আনো।

বিদূষক—ওঁর পা-দুটি কি শিকলে বাঁধা যে উনি নিজে নামতে পারবেন না? (উঠে এবং গাড়ির আবরণ মোচন করে) ও মা কে? বসন্তসেনা না, এ যে বসন্তসেন!

চারুদত্ত—বয়স্য. আর পরিহাস কোরো না। প্রীতি সময়ের অপেক্ষা করে না। বরং নিজেই নামিয়ে আনছি। (এই বলে উঠলেন)

চারুদত্ত—(গাড়িতে উঠে দেখে) সে কী! তা হলে ইনি কে?

হাতির শুঁড়ের মতো বাহু, সিংহের মতো উঁচু আর চওড়া কাঁধ, প্রশস্ত আর সমান বুক, আনত চোখ দুটি রক্তিম আর চঞ্চল—এমন আকৃতি যার সেই মহাত্মা এমন দশায় কেমন করে পড়লেন যা তাঁর মোটেই যোগ্য নয়, কারণ তিনি পায়েহাঁটা একটি শিকল বহন করছেন ॥৫॥

আপনি কে বলুন তো?

আর্যক—আমি শরণাগত গোপালতনয় আর্যক।

চারুদত্ত—ঘোষপল্লী থেকে এনে রাজা পালক যাঁকে বন্দী করে রেখেছিলেন?

আর্যক—আজ্ঞে হ্যাঁ।

চারুদত্ত—ভাগ্যই আপনাকে এখানে পাঠিয়েছে, আপনি আমার দৃষ্টিসীমার মধ্যে এসে পড়েছেন। আমি বরং প্রাণ ত্যাগ করব তবু শরণাগত আপনাকে ত্যাগ করব না ॥৬॥

(আর্যক আনন্দের অভিনয় করল)

চারুদত্ত—বর্ধমানক, এর পা থেকে শিকল খুলে দাও।

চেট—তাই করছি, আর্য। (তাই করে) আর্য শিকল খুলেছে।

আর্যক—কিন্তু ভালোবাসায় গড়া এর চেয়ে বেশি শক্ত অন্য শিকল পরানো হল।

বিদূষক—শিকলগুলো নাও। ওঁকে মুক্ত করা হয়েছে। এবারে আমরা চলি।

চারুদত্ত—না না, এতো তাড়া কিসের?

আর্যক—বন্ধু চারুদত্ত, আমিও প্রীতিবশতই আপনার গাড়িতে চড়েছিলাম, ক্ষমা করবেন।

চারুদত্ত—নিজে থেকেই আপনি যে প্রীতি দেখিয়েছেন তাতে আমি অলঙ্কৃত হলাম।

আর্যক—এবারে আপনি অনুমতি দিন আমি যেতে পারি।

চারুদত্ত—আসুন।

আর্যক—যা হোক, এবারে নামি।

চারুদত্ত—বন্ধু, নামবেন না। আপনার শিকলগুলো কেবল খোলা হয়েছে, আপনি দ্রুত চলতে পারবেন না। এ অঞ্চলে গাড়িটাও কিছুটা আস্থার সৃষ্টি করবে, রাজ-পুরুষেরা অনেকেই ঘুরে বেড়াচ্ছে এখানে। তাই গাড়িতেই চলুন।

আর্যক—আপনি যেমন বললেন তাই হোক।

চারুদত্ত—কথাপ্রসঙ্গে আমাকে মনে পড়বে আশা করি।

আর্যক—আমি নিজের আত্মাকে ভুলতে পারি?

চারুদত্ত—পথ চলার দেবতারা আপনাকে রক্ষা করুন।

আর্যক—আপনিই আমাকে রক্ষা করেছেন।

চারুদত্ত—নিজের ভাগ্যেই আপনি রক্ষা পেয়েছেন।

আর্যক—তবু আপনিই তার হেতু ॥৭॥

চারুদত্ত—যেখানে 'পালক' ক্ষমতায় আসীন সেখানে সত্যিকারের নিরাপত্তা কিছুই নেই, তাই অবিলম্বে আত্মগোপন করুন।

আর্যক—হ্যাঁ, তাই করব, তবে আবার দেখা হবার জন্যেই। (প্রস্থান)

চারুদত্ত—রাজার বিরুদ্ধে গুরুতর অপরাধ ক'রে এখানে আর তিলার্ধ থাকাও ঠিক নয়। মৈত্রেয়, শিকলটা পুরনো কুয়োতে ফেলে দাও। কারণ রাজারা চরদের চোখে সব দেখে ফেলেন[৩] ॥৮॥

(বাঁ চোখ নাচছে এমন অভিনয় করে)

বন্ধু মৈত্রেয় আমি বসন্তসেনাকে দেখার জন্যে উৎসুক। দেখো—

সেই কান্তাকে না দেখে আমার বাঁ চোখ স্ফুরিত হচ্ছে, অকারণে ভীত আমার মন ব্যথিত হচ্ছে ॥৯॥

তাই এসো। যাই (পরিক্রমণ)

আমার সামনেই একজন বৌদ্ধ শ্রমণকে দেখছি—এ যে অশুভ লক্ষণ[৪]। (চিন্তা করে) সে এই পথে আসুক, আমরা বরং এইখানে (আর একটি পথে) যাই।

(প্রস্থান)

॥ 'আর্যকাপহরণ' নামে সপ্তম অঙ্ক সমাপ্ত ॥

× × × × × × × × × × × × অষ্টম অঙ্ক × × × × × × × × × × ×

(তারপর হাতে ভিজে কাপড় নিয়ে ভিক্ষুর প্রবেশ)

ভিক্ষু—হে অজ্ঞজন, ধর্মসঞ্চয় করো। নিজের উদরকে সংযত করো, ধ্যানরূপ পটহবাদ্যে নিত্য জাগ্রত হও। ইন্দ্রিয়ের রূপ-ধরা চতুর চোরেরা দীর্ঘদিনের সঞ্চিত পুণ্য হরণ করে ॥১॥

অধিকন্তু, এ (সংসারের) অনিত্যতা দেখে আমি একান্তভাবে ধর্মের[১] শরণ নিয়েছি।

পাঁচজন পুরুষ (পাঁচটি ইন্দ্রিয়) এবং একজন নারীকে (অবিদ্যাকে) বধ করে যে গ্রামকে (দেহকে) রক্ষা করেছে, এবং বলহীন চণ্ডালকেও (অহঙ্কারকে) যে বধ করেছে সেই মানুষ অবশ্যই স্বর্গে যায় ॥২॥

মাথা কামিয়েছ, মুখ কামিয়েছ[২] কিন্তু মন তো কামাও নি (পরিষ্কার কর নি), তাহলে আদৌ কামালে কেন? দেখ, যার মন ঠিক মতো কামানো, তার মাথা আর মুখও ঠিক মতো কামানো[৩] ॥৩॥

এই কাপড়টা গেরুয়া রঙের জলে রাঙিয়েছি। এখন রাজশ্যালকের বাগানে প্রবেশ করে পুকুরে ধুয়ে তাড়াতাড়ি বেরিয়ে যাব। (পরিক্রমা করে তা-ই করল)

(নেপথ্যে)

শকার—ওরে দুষ্ট সন্ন্যাসী দাঁড়া, দাঁড়া।

ভিক্ষু—(দেখে, সভয়ে) আশ্চর্য! এই সেই রাজশ্যালক সংস্থানক আসছে। একজন ভিক্ষু

তার কাছে দোষ করেছে বলে যেখানেই ভিক্ষু দেখে সেখানেই গোরুর মতো নাকে দড়ি পরিয়ে তাড়িয়ে দেয়। তাই অসহায় আমি কার শরণ নেব। অথবা প্রভু বুদ্ধই আমার শরণ।

(খড়্গধারী বিটের সঙ্গে প্রবেশ করে)

শকার—দাঁড়া, দুষ্ট সন্ন্যাসী, দাঁড়া। পানশালায়-আনা রাঙামুলোর মতো (মট্ করে) তোর মাথা ভাঙব। (মারতে লাগল)।

বিট—ছিনাল-পো! বৈরাগ্যে যে গেরুয়াধারণ করেছে সেই ভিক্ষুকে মারা ঠিক নয়। এ করে কী হবে। তার চেয়ে বরং সুখোপভোগ্য বাগানটি দেখো।

এখানে নিরাশ্রয়দের আশ্রয় ও আনন্দস্বরূপ এই তরুরাজি মহৎ কাজ করছে এই বনে, যে বন দুরাত্মাদের হৃদয়ের মতো অসংযত আর নতুন রাজ্যের মতো পূর্ণ বশীভূত নয় অথচ যা উপভোগে বাধা নেই ॥৪॥

ভিক্ষু—স্বাগত! প্রসন্ন হোন, উপাসক।

শকার—বন্ধু! দেখো দেখো গাল দিচ্ছে আমাকে।

বিট—কী বলছে?

শকার—আমাকে বলছে 'উপাসক'! আমি কি নাপিত?

বিট—বুদ্ধের উপাসক বলে তোমার স্তুতি গাইছে।

শকার—বেশ তো! স্তুতি গাও, ভিক্ষু স্তুতি গাও।

ভিক্ষু—তুমি ধন্য, তুমি পুণ্য (পবিত্র)।

শকার—বন্ধু, সে আমাকে ধন্য আর পুণ্য বলছে। আমি কি চার্বাক[৪], না ভাঁড়ার ঘর না কুম্ভকার?

বিট—ছিনাল-পো, তুমি ধন্য। তুমি পবিত্র তাই বলে তোমার প্রশংসাই করছে।

শকার—বন্ধু, তাহলে এ এখানে এসেছে কেন?

ভিক্ষু—এই গেরুয়াটা ধুতে।

শকার—ওরে দুষ্ট সন্ন্যাসী! আমার ভগ্নীপতি আমাকে সমস্ত বাগানের মধ্যে সেরা এই পুষ্পকরণ্ডক বাগানটা দিয়েছেন। যেখানে শিয়াল-কুকুরেরা জল খায়। পুরুষশ্রেষ্ঠ হয়েও আমিও এখানে স্নান করি না। আর সেখানে কিনা তুমি পুরনো কুলখরসের[৫] মতো লাল এবং কটুগন্ধি কাপড় ধুচ্ছ। এক ঘুষি মারব তোমাকে।

বিট—ছিনাল-পো! আমার মনে হয় অল্প দিন হল এ ভিক্ষু হয়েছে।

শকার—বন্ধু তা বুঝলে কেমন করে?

বিট—এতে বোঝবার কী আছে? দেখো না—আজও চুল নেই বলে তার কপালের রং আগের মতোই গৌরবর্ণ, অল্প সময়ই কেটেছে বলে কাপড়ের দাগ পড়ে নি। গেরুয়াপরায় এখনও সে অভ্যস্ত হয় নি। কাপড়টা লম্বা হওয়ায় তা ঢিলে হয়েছে, দেহের মাঝের অংশটা ঢেকে ফেলেছে, আর কাঁধের উপর এঁটে থাকছে না ॥৫॥

ভিক্ষু—উপাসক, আপনি যা বললেন তাই, আমি অল্প দিন হল সন্ন্যাস নিয়েছি।

শকার—জন্মানো মাত্রই সন্ন্যাসী হলে না কেন? (মারতে লাগল)

ভিক্ষু—বুদ্ধকে নমস্কার।

বিট—এ তপস্বীকে মেরে কী লাভ। ছেড়ে দিন। চলে যাক।
শকার—একটা পরামর্শ করে নিই, ততক্ষণ থাকো।
বিট—কার সঙ্গে?
শকার—নিজের হৃদয়ের সঙ্গে।
বিট—ইস্! এখন গেল না (বেচারা)!
শকার—হে পুত্র, হে আমার হৃদয়, হে প্রভু; হে পুত্র! এই ভিক্ষু কি যাবে না থাকবে। (স্বগত) এ যাবেও না যাবেও না। (প্রকাশ্যে) বন্ধু, আমার হৃদয়ের সঙ্গে পরামর্শ করেছি। আমার হৃদয় বলছে—
বিট—কী বলছে?
শকার—সে যাবেও না, থাকবেও না। নিশ্বাস নেবেও না ফেলবেও না। এখানেই এক্ষুনি পড়ে মরুক।
ভিক্ষু—বুদ্ধকে নমস্কার করি। আমি আপনার শরণ নিচ্ছি।
বিট—এ চলে যাক্।
শকার—কিন্তু একটি শর্তে।
বিট—শর্তটা কী শুনি?
শকার—এমনভাবে কাদা ছুঁড়ুক যে জল ঘোলাটে না হয়। অথবা জল রাশীকৃত করে কাদায় ফেলুক।
বিট—কী মূর্খতা! মূর্খের মন ও কাজ বিকৃত, তাদের দেহ যেন শুধু শিলাখণ্ডের সমষ্টি, তারা যেন মাংসের উদ্ভিদ্। এমন মূর্খেরা পৃথিবীর বোঝার মতো।

(ভিক্ষু অভিশাপ দেবার ভঙ্গী করল)

শকার—কী বলছে?
বিট—তোমার প্রশংসা করছে।
শকার—হাঁ হাঁ, তা করো তা করো, প্রশংসা করো।

(ভিক্ষু তাই করে প্রস্থান করল)

বিট—ছিনালের-পো, বাগানের শোভা দেখো। ফলে ফুলে শোভিত, স্থির লতায় বেষ্টিত, রাজার আদেশে রক্ষীদের হাতে পালিত এই গাছগুলো সপত্নীক মানুষের মতোই সুখ ভোগ করছে ॥৭॥
শকার—বন্ধু ঠিকই বলেছে। ভূমি বহু পুষ্পে চিত্রিত, পুষ্পভারে অবনমিত তরু, তরুশিখরে লতায় লম্বমান বানরগুলো কাঁঠাল-ফলের মতো শোভা পাচ্ছে ॥৮॥
বিট—ছিনাল-পো, এই শিলাতলে বসো।
শকার—এই বসলাম (বিটের সঙ্গে বসল)। বন্ধু, এখনও সেই বসন্তসেনাকে মনে পড়ছে। দুর্জনের মতো হৃদয় থেকে দূর হচ্ছে না।
বিট—(স্বগত) ঐভাবে প্রত্যাখ্যাত হয়েও তাকে স্মরণ করছে। অথবা, স্ত্রীলোকের অপমান করলে কাপুরুষদের কাম বৃদ্ধি পায়। কিন্তু সৎপুরুষের তা হ্রাস পায়, হয়তো একেবারেই থাকে না ॥৯॥
শকার—বন্ধু, বহুক্ষণ হল স্থাবরক চেটকে বলেছিলাম গাড়ি নিয়ে খুব তাড়াতাড়ি আসতে। এখনও এল না। ক্ষিদে পেয়েছে কতক্ষণ হল। দুপুরে পা ফেলে চলতেই পারছি না। দেখো, দেখো—

আকাশের মাঝখানে আসা কুপিতবানরের মতো আকাশের মাঝখানে আসা সূর্যটার দিকে তাকানোই কষ্টকর। মাটিটাও শতপুত্রকে হারিয়ে গান্ধারীর[৬] মতোই অত্যন্ত সন্তপ্ত ॥১০॥

বিট—সত্যি তাই। গোরুরা ছায়ায় ঘুমিয়ে পড়ছে, তাদের মুখ থেকে তৃণের গ্রাস পড়ে যাচ্ছে। তৃষ্ণার্ত বনমৃগেরা সরোবরের উষ্ণ জল পান করছে। উত্তাপের ভয়ে লোকেরা নগরীর পথে বেরুচ্ছে না। তেতে-ওঠা মাটি ছেড়ে গাড়িটা মনে হয় দাঁড়িয়ে আছে ॥১১॥

শকার—বন্ধু! আমার মাথার উপরে সূর্যের কিরণ পড়েছে। শকুনি, খগ এবং বিহগেরা বৃক্ষশাখায় লীন হয়ে আছে। নরপুরুষ ও মানুষেরা উষ্ণ দীর্ঘশ্বাস ফেলতে-ফেলতে গৃহ এবং আবাসে থেকে খরতাপ (খরতাপের মুহূর্তগুলো) যাপন করছে ॥১২॥

বন্ধু! এখনও সেই চেট এল না। নিজেকে ভোলাবার জন্যে কোন গান গাই। (গান গাইল) আমি যা গাইলাম শুনলে?

বিট কী আর বলব? তুমি স্বয়ং গন্ধর্ব!

শকার—গন্ধর্ব হব না কেন? হিং, জিরা, নাগরমোথা, বচের গাঁঠ এবং গুড় দেওয়া আদা মিশানো এক সুগন্ধ ক্বাথ আমি সেবন করেছি, আমার গলার স্বর মধুর হবে না কেন?॥১৩॥

বিট—কী আর বলার আছে? তুমি গন্ধর্বই।

শকার—গন্ধর্ব হব না কেন? হিং দিয়ে মরিচগুঁড়ো মিশিয়ে দিয়ে ভেজে তেল ও ঘি ছিটিয়ে কোকিলের মাংস খেয়েছি আমি। আমার গলার স্বর মধুর হবে না কেন?॥১৪॥

বন্ধু, এখনও তো চেট এল না।

বিট—ব্যস্ত হোয়ো না। এসে পড়বে এখুনি।

(তারপর গাড়িতে ক'রে বসন্তসেনা ও চেটের প্রবেশ)

চেট—ভয় হচ্ছে আমার। সূর্য মাঝ-আকাশে। রাজশ্যালক সংস্থানক হয় তো এখন ক্রুদ্ধ হয়ে আছেন। তাই তাড়াতাড়ি চালাই। চল্ রে বলদজোড়া, চল্।

বসন্তসেনা—কী সর্বনাশ! কী সর্বনাশ! এ তো বর্ধমানকের গলা নয়। ব্যাপার কী? ক্লান্ত বলদদের ক্লান্তি থেকে বাঁচানোর জন্যে আর্য চারুদত্ত কি অন্য চালক এবং অন্য গাড়ি পাঠিয়েছেন? আমার ডানচোখ নাচছে, আমার বুক ঢিপ্ ঢিপ্ করছে। চারদিক খাঁ খাঁ করছে। সবই ওলট-পালট হয়ে গেল।

শকার—(চাকার আওয়াজ পেয়ে) বন্ধু, বন্ধু, গাড়ি এসেছে।

বিট—কেমন করে বুঝলে?

শকার—দেখছো না বন্ধু? বুড়ো শুয়োরের মতো ঘোঁৎ ঘোঁৎ শব্দ হচ্ছে।

বিট—স্থাবরক, আমার ভৃত্য, আমার পুত্র, এসেছিস বাবা?

চেট—এসেছি।

শকার—গাড়িটাও এসেছে?

চেট—নিশ্চয়।

শকার—বলদজোড়াও এসেছে!

চেট—নিশ্চয় ।
শকার—আর, তুই-ও এসেছিস্ ?
চেট—(সহাস্যে) এসেছি, প্রভু ।
শকার—তাহলে গাড়ি নিয়ে আয় ।
চেট—কোন্ পথে আনব ?
শকার—ভাঙা প্রাচীরে দিক দিয়ে নিয়ে আয় ।
শকার—কর্তা, বলদজোড়া মরবে, গাড়িটাও ভাঙবে, আর (আপনার) ভৃত্য আমিও মরব ।
শকার—ওরে, আমি রাজার-শ্যালক । বলদজোড়া যদি মরে, আর-একজোড়া কিনব । আর তুই মরলেও আর-একজন গাড়োয়ান হবে ।
চেট—এ সব ঠিকই হবে । কিন্তু আমি আর আমি থাকব না ।
শকার—ওরে, সব নষ্ট হোক । ঐ প্রাচীরটার পথেই গাড়ি ঢোকা ।
চেট—ভাঙরে, গাড়ি ভাঙ্ । প্রভুর সঙ্গেই ভেঙে টুকরো হ । অন্য গাড়ি হোক । কর্তাকে গিয়ে বলব । (প্রবেশ করে) আরে ভাঙল না তো । কর্তা, এই যে এনেছি গাড়িটা ।
শকার—বন্ধু, এসো । গাড়িটা দেখি দুজনে । বন্ধু, তুমিও আমার গুরু, পরম গুরু । আমি তোমাকে শ্রদ্ধেয় এমন একজন মনে করি যাকে বিশ্বাস ও সম্মানের চোখে দেখা উচিত । তাই, আমার আগে তুমিই গাড়িতে ওঠো ।
বিট—তাই হোক । (উঠতে গেল)
শকার—অথবা, তুমি থাকো । এটা কি তোমার বাপের গাড়ি যে তুমি আগে উঠছ ? আমিই গাড়ির মালিক, আমিই আগে গাড়িতে উঠব ।
বিট—কিন্তু তুমিই তো বললে ।
শকার—আমি বলে থাকলেও সৌজন্যের খাতিরে তোমার উচিত ছিল 'তুমিই আগে ওঠো' এ কথা বলা ।
বিট—তুমি ওঠো ।
শকার—এই এখন উঠছি আমি । পুত্র, স্থাবরক, চেট, গাড়িটা ঘোরা ।
চেট—(গাড়ি ঘুরিয়ে) উঠুন কর্তা ।
শকার—(উঠে, দেখে, শঙ্কা প্রকাশ করে দ্রুত নেমে পড়ে বিটের গলা জড়িয়ে ধরে) বন্ধু, মরেছ, মরেছ । একটা রাক্ষসী অথবা চোর গাড়িতে বসে আছে । যদি রাক্ষসী হয় তাহলে আমরা দুজনেই অপহৃত, আর যদি চোর হয় তাহলে আমরা দুজনেই ভক্ষিত !
বিট—ভয় পেয়ো না । গরুরগাড়িতে রাক্ষস আসবে কোথা থেকে ? মধ্যাহ্নসূর্যের তাপে ঝলসানো চোখে সপরিচ্ছদ স্থাবরকের ছায়া দেখে তোমার এ ভ্রান্তি হয়নি তো ?
শকার—পুত্র, স্থাবরক, ভৃত্য আমার ! তুই কি জীবিত ?
চেট—আজ্ঞে হাঁ ।
শকার—বন্ধু, গাড়িতে বসে আছে একজন স্ত্রীলোক, তুমি বরং দেখো একবার ।
বিট—কী বললে ? স্ত্রীলোক ? বৃষ্টি-চোখে-লাগা বলদের মতো মাথা নত করে আমরা বরং শীঘ্রই পথ ধরি । সমাজে গৌরবলাভই আমার প্রিয়, তাই

আমার চোখ কুলবধূদর্শনে অনিচ্ছুক ॥১৫॥

বসন্তসেনা—(সবিস্ময়ে, স্বগত) এ কী! আমার চক্ষুশূল এই সেই রাজশ্যালক। তাহলে হতভাগিনী আমি সত্যিই বিপন্না। ঊষর জমিতে বোনা একমুঠো বীজের মতোই হতভাগিনী-আমার এখানে আসা নিষ্ফল। এখন কী করি?

শকার—এই বুধ চেট ভীরু, সে গাড়ি দেখবে না। বন্ধু, তুমিই দেখো।

বিট—ক্ষতি কী! তাই হোক। তাই দেখি।

শকার—এ কী! শেয়াল উড়ছে, কাকেরা ঘুরে বেড়াচ্ছে। বন্ধুকে যতক্ষণে চোখ দিয়ে খাচ্ছে এবং দাঁত দিয়ে দেখছে, ততক্ষণে আমি পালাব।[৮]

বিট—(বসন্তসেনাকে দেখে সবিস্ময়ে, মনে মনে) এ কী! হরিণী কেন বাঘের অনুসরণ করছে! হায়! বেলাভূমিতে শয়ান শরচ্চন্দ্রের মতো হংসকে পরিত্যাগ করে হংসী কেন কাকের কাছে এসেছে?

(জনান্তিকে) বসন্তসেনা! এটা উচিতও নয়, তোমার যোগ্যও নয়।

আগে তাকে সগর্বে প্রত্যাখ্যান করে পরে জননীর আদেশে অর্থের লোভে—

বসন্তসেনা—না। (মাথা নাড়ল)

বিট—তা হলে মনে হয় আত্মসম্মানহীন স্বভাবগত বেশ্যাবৃত্তির জন্যেই এসেছ। আমি তো আগেই তোমাকে বলেছি, প্রিয়-অপ্রিয় সবার সঙ্গেই একরকম আচরণ করবে।

বসন্তসেনা—গাড়িবদল হওয়ায় এভাবে এসেছি, আমি শরণাগত।

বিট—ভয় পেওনা, ভয় পেওনা! আমি একে বোকা বানাব। (শকারের কাছে এসে) ছিনাল-পো! সত্যিই রাক্ষসীই বসে আছে বটে।

শকার—বন্ধু, বন্ধু! যদি রাক্ষসীই বসে থাকে তবে তোমাকে কেন চুরি করল না॥ আর যদি চোরই হয় তোমাকে তো খেয়ে ফেলল না?

বিট—এসব আলোচনা ক'রে কী হবে? যদি পর পর উদ্যান দিয়ে পায়ে হেঁটেই আমরা উজ্জয়িনীনগরীতে প্রবেশ করি তাহলে ক্ষতি কী?

শকার—তা করলে কী হবে?

বিট—তা করলে ব্যায়াম হবে, আর বলদবেচারাদেরও একটু আরাম দেওয়া হবে।

শকার—তাই হোক। স্থাবরক, চেট, গাড়ি নিয়ে যা। না না, দাঁড়া দাঁড়া। দেবতা ও ব্রাহ্মণদের সামনে পায়ে হেঁটে যাব? না, না। গাড়িতে চেপেই যাব। যাতে দূর থেকেই আমাকে দেখে বলে—ঐ আমাদের প্রভু রাজশ্যালক যাচ্ছেন।

বিট—(স্বগত) বিষকে ওষুধ করা সত্যিই কঠিন![৯] যা-হোক, এই ভাবে বলি। (প্রকাশ্যে) ছিনালের-পো! এই বসন্তসেনা তোমার অভিসারে এসেছে। বসন্তসেনা! বালাই, বালাই।

শকার—(সহর্ষে) তা হলে সে এসেছে আমার কাছে—এক প্রবর পুরুষের কাছে, (আর-এক) বাসুদেবের কাছে।

বিট—হাঁ।

শকার—তাহলে অপূর্ব ভাগ্যলক্ষ্মীকে পেয়েছি আমি। সেই সময়ে আমি তাকে রুষ্ট করেছি, এখন পায়ে পড়ে প্রসন্ন করব।

বিট—ঠিকই বলেছ।

শকার—এই আমি পায়ে পড়ছি। (এই বলে বসন্তসেনার কাছে গিয়ে) মা, জননী! আমার মিনতি শোনো—হে বিশালাক্ষী! এই আমি তোমার পায়ে পড়ছি। হে শুভ্রদন্তী! তোমার পায়ের দশটি নখে আমার হস্তাঞ্জলি রাখছি। কামার্ত হয়ে আমি তোমাকে যে কষ্ট দিয়েছি তুমি তা ক্ষমা করো। হে বরগাত্রী! আমি তোমার দাস ॥১৮॥

বসন্তসেনা—(সক্রোধে) দূর হও, অশোভন কথা বলছ। (এই বলে পদাঘাত করল)

শকার—আমার মা, আমার জননী, আমার মাথাটি চুম্বন করেছেন, দেবতার কাছেও যা কখনও নত হয়নি সেই মাথায় ইনি পদাঘাত করলেন, শৃগাল যেমন শবকে পদাঘাত করে তেমনি।[১০] ॥১৯॥

ওরে স্থাবরক, চেট, তুই এঁকে কোথায় পেলি?

চেট—কর্তা, গাঁয়ের গাড়িগুলোতে রাজপথ রুদ্ধ হয়েছিল। তখন চারুদত্তের বাগানবাড়িতে গাড়ি রেখে একটা গাড়ির চাকা ঠেলছিলাম, সেই সময়ে গাড়িবদল হয়ে ইনি উঠেছেন বলে মনে হচ্ছে।

শকার—সে কী, গাড়ি-বদল হয়ে এসেছে! আমার অভিসারে আসে নি তবে। তা হলে নামো, আমার গাড়ি থেকে নামো। তুমি সেই দরিদ্র বণিক্‌পুত্রের অভিসারে এসেছ আর আমার বলদজোড়াকে দিয়ে নিজেকে আনিয়েছ। নেমে পড়ো, নেমে পড়ো। গর্ভদাসী! নেমে পড়ো।

বসন্তসেনা—সত্যি বলতে কি, 'তুমি সেই চারুদত্তের অভিসারে এসেছ' এ কথায় আমি সম্মানিত হয়েছি। এখন যা হবার হোক।

শকার—আমার যে-দুটি হাতের দশনখ হল পদ্মমণ্ডলের মতো, শত চাটুবাক্যের ছলনায় যে-দুটি তোমার ধর্ষণে লোলুপ সেই হাতদুটি দিয়ে আমার গাড়ি থেকে তোমার সুন্দর দেহটিকে টেনে নামাব, জটায়ু যেমন বালির স্ত্রীকে টেনে নামিয়েছিল তেমনি করে[১১] ॥২০॥

বিট—এই গুণমণ্ডিত রমণীদের কেশাকর্ষণ করতে নেই। উপবনে-জাত লতার পল্লব-ছেদ করা ঠিক নয় ॥২১॥

তাই তুমি থাকো, আমিই একে নামিয়ে আনি! বসন্তসেনা! নেমে এসো ॥

(বসন্তসেনা নেমে এসে একান্তে দাঁড়িয়ে রইল)

শকার—(স্বগত) আমার যে ক্রোধাগ্নি আমার কথার অবমাননা করায় জ্বলেছিল তা আজ এর পাদপ্রহারে উদ্দীপিত হয়েছে। তাই একে এখন বধ করব। ঠিক আছে। এইভাবে অগ্রসর হই। বন্ধু! বন্ধু!

যদি লম্বা-পাড়-ওয়ালা বহুঝুরিদার চাদর পরতে চাও এবং চুহুচুহু চুক্‌চুহু চুহু করে[১২] মাংস খেয়ে তৃপ্তি পেতে চাও—

বিট—তা হলে কী?

শকার—আমার ইচ্ছেমতো কাজ করো।

বিট—বেশ করব, তবে অকাজ-কুকাজ বাদ দিয়ে।

শকার—অকাজের লেশ মাত্রও নয়। রাক্ষসীও কেউ নেই (সামনে)।

বিট—বলো তা হলে।

শকার—বসন্তসেনাকে বধ করো।

বিট—(কান ঢেকে) গণিকা হয়েও গণিকাদুর্লভ প্রণয়ে আসক্তা নগরের অলঙ্কার নিরপরাধ এই তরুণী স্ত্রীকে যদি বধ করি কোন্ ভেলায় করে আমি পরলোকের নদী পার হব ?[১৩] ॥২৩॥

শকার—আমি তোমাকে ভেলা দেব। তা ছাড়া, এই নির্জন উদ্যানে একে বধ করবার সময় তোমাকে দেখবে কে ?

বিট—পাপপুণ্যের সাক্ষী দশদিক এবং বনদেবতারা আমাকে দেখছেন, দেখছেন চন্দ্র, দীপ্তরশ্মি এই সূর্য, ধর্ম, বায়ু, গগন, অন্তরাত্মা এবং ভূমি।[১৪] ॥২৪॥

শকার—তাহলে চাদর দিয়ে ঢেকে একে বধ করো।

চেট—মূর্খ, নিপাত যাও।

শকার—এই বৃদ্ধ শৃগাল অধর্মভীরু। যাক্, স্থাবরক চেটকে অনুরোধ করি। পুত্র স্থাবরক চেট, তোকে আমি সোনার বালা দেব।

চেট—আমিও পরব।

শকার—তোকে সোনার আসন গড়িয়ে দেব।

চেট—আমিও তাতে বসব।

শকার—আমি আমার সমস্ত উচ্ছিষ্ট তোকে দেব।

চেট—আমিও খাব।

শকার—সমস্ত ভৃত্যদের মধ্যে তোকেই প্রধান করব।

চেট—কর্তা, আমি তাই হব।

শকার—তাহলে আমি যা বলছি কর্।

চেট—কর্তা, সব করব, তবে 'অকাজ' ছাড়া।

শকার—অকাজ আদৌ নয়।

চেট—বলুন, কর্তা।

শকার—এই বসন্তসেনাকে বধ কর্।

চেট—রাগ করবেন না, কর্তা! গাড়ি বদল হওয়ায় আমি এই মাননীয়াকে এনেছি।

শকার—ওরে, নফর, তোর উপরেও কি আমার প্রভুত্ব খাটবে না ?

চেট—কর্তা, আপনি আমার দেহের প্রভু, আমার চরিত্রের নয়।[১৫] প্রসন্ন হোন্, প্রসন্ন হোন, কর্তা! আমি সত্যই ভয় পেয়েছি।

শকার—তুই আমার চাকর হয়ে কাকে ভয় পাচ্ছিস ?

চেট—পরলোককে ?

শকার—ঐ পরলোক-বস্তুটি কী ?

চেট—ভালো কাজ আর মন্দ কাজের পরিণাম।

শকার—ভালো কাজের পরিণাম কী ?

চেট—এই আপনি যেমন স্বর্ণমণ্ডিত।

শকার—মন্দ কাজের ফল কী ?

চেট—এই আমি যেমন পরান্নভোজী হয়েছি! তাই কুকাজ আমি করব না।

শকার—ও তাহলে ওকে হত্যা কর্বি না তুই ? (এই বলে নানাভাবে মারতে লাগল)

চেট—মারুন কর্তা, মারুন। কুকাজ আমি করব না।

যে ভাগ্যদোষে আমি গর্ভদাস হয়ে জন্মেছি, সেই ভাগ্যকে (দুর্ভাগ্যকে) আমি

আর কিনব না। এই জন্যে আমি কুকাজ এড়িয়ে চলছি ॥২৫॥

বসন্তসেনা—ভদ্র, আমি আপনার শরণ নিলাম।

বিট—ছিনাল-পো! ক্ষমা করো, ক্ষমা করো।

সাবাস, স্থাবরক, সাবাস! দেখো, এই দুর্দশাগ্রস্ত দরিদ্রও পরলোকের ফল চায়, কিন্তু এর প্রভু চায় না। তাহলে এরা এক্ষুনি ধ্বংস হয় না কেন, যারা মন্দ কাজ বাড়িয়েই চলে আর ভালো কাজ চলে এড়িয়ে? ॥২৬॥

তা ছাড়া—

ছিদ্রান্বেষী ভাগ্য অসমদর্শী, কারণ, এর ভাগ্যে হল দাসত্ব আর তোমার ভাগ্যে প্রভুত্ব; তোমার সম্পদ এ ভোগ করছে না, তুমিও এর হুকুম তামিল করছ না ॥২৭॥

শকার—(স্বগত) অধর্মভীরু এই বুড়ো শেয়ালটা। পরলোকভীরু এই গর্ভদাস। আমি রাজ-শ্যালক, অভিজাত পুরুষ, আমি ভয় করি কাকে? (প্রকাশ্যে) ওরে গর্ভদাস, চেট, তুই যা। নির্জন কোন জায়গায় গিয়ে তুই বিশ্রাম কর।

চেট—আপনি যা বলেন। (বসন্তসেনার কাছে গিয়ে) এইটুকুই আমার করবার মতো ছিল।

শকার—(কোমর বেঁধে) দাঁড়াও, বসন্তসেনা। দাঁড়াও। বধ করছি তোমাকে।

বিট—ইস্! আমার সামনেই বধ করবি। (এই বলে গলা চেপে ধরল)

শকার—(মাটিতে পড়ে গেল) বন্ধু আমাকে মারল। (এই বলে মূর্ছার অভিনয় করল। চেতনা লাভ করে) সব সময় যাকে ঘি খাইয়ে মাংস খাইয়ে তাগড়া করলাম কাজের সময় সেই কিনা শত্তুর হল! ॥২৮॥

(চিন্তা করে) ঠিক আছে। উপায় খুঁজে পেয়েছি। বুড়ো শেয়ালটা মাথা নেড়ে (বসন্তসেনাকে) ইশারা করেছিল। তাই একে বিদেয় করে বসন্তসেনাকে বধ করব। তাই হোক। (প্রকাশ্যে) আমি তোমাকে যা বলেছি, পেয়ালার মতো বড়ো বংশে জন্মে আমি সেই কুকাজ করব কেমন করে? তাকে আমার প্রতি অনুকূল করবার জন্যেই একথা বলেছিলাম।

বিট—কুলের কথা তুলে কী হবে, এ বিষয় স্বভাবই আসল। কাঁটাগাছ ভালো ক্ষেতে খুব বেড়ে ওঠে ॥২৯॥

শকার—বন্ধু, তোমার সামনে এ লজ্জা করছে। আমাকে গ্রহণ করছে না। তাই তুমি যাও। স্থাবরক চেটকে আমি তাড়িয়েছি, সে চলেও গিয়েছে।

বিট (স্বগত) আত্ম-অহংকারে আমার সামনে বসন্তসেনা এই মূর্খকে (প্রেমিকরূপে) গ্রহণ করবে না। তাই একে একান্তেই রেখে যাই, কারণ নির্জনতাতেই প্রেম আস্বাদ্য হয়ে ওঠে ॥৩০॥

(প্রকাশ্যে) তাই হোক। আমি যাচ্ছি।

বসন্তসেনা—(তার পরিচ্ছদের প্রান্ত আকর্ষণ করে) আমি যে বলেছি আমি আপনার শরণাগত।

বিট—বসন্তসেনা, ভয় কোরো না, ভয় কোরো না। ছিনাল-পো! বসন্তসেনা তোমার হাতে গচ্ছিত রইল।

শকার—বেশ! আমার হাতে এ গচ্ছিত হয়েই থাকুক।

বিট—সত্যি?

শকার—সত্যি ।

বিট—(কিছুটা গিয়ে, স্বগত) কিন্তু আমি গেলে এই নৃশংস একে যদি বধ করে, তাই আড়ালে থেকে এর আচরণ লক্ষ্য করি । (একান্তে রইল)

শকার—ঠিক আছে, (এবারে) হত্যা করি একে । কিন্তু ধূর্ত-শিরোমণি এই ব্রাহ্মণ—এই বুড়ো শেয়ালটা যদি কোথাও লুকিয়ে থেকে (এখান থেকে) গিয়ে শেয়ালের মতো হয়েই যদি ছলনা করে ! তাই একে ঠকাবার জন্যে এই করি । (ফুল তুলে নিজেকে সাজাল) বালিকা ! বালিকা । বসন্তসেনা ! এসো ।

বিট—ওঃ এ দেখি প্রেমিক বনে গেল ! যাক, নিশ্চিন্ত হলাম । যাই । (নিষ্ক্রমণ)

শকার—সোনা দিচ্ছি, মিষ্টি কথা বলছি, পাগড়িবাঁধা মাথায় (পায়ে) পড়ছি । তবু ওগো সুদন্তী, তুমি আমাকে গ্রহণ করছ না । (হায়) মানুষ সত্যিই দুঃখময়[১৬] ॥৩১॥

বসন্তসেনা—এ বিষয়ে সন্দেহের কী আছে ? (এই বলে নতমুখে 'খলচরিত' ইত্যাদি শ্লোক দুটি আবৃত্তি করল)

দুশ্চরিত্র ! অধম ! দোষদুষ্ট হয়ে এখানে কেন আমাকে অর্থের লোভ দেখাচ্ছ ? সুচরিত্র শুদ্ধদেহ কমলকে ভ্রমরেরা পরিত্যাগ করে না ॥৩২॥

সৎকুলজাত চরিত্রবান পুরুষ দরিদ্র হলেও তাকে সযত্নে সেবা করা উচিত । যোগ্যজনে আশ্রিত প্রেমবাসনা পণ্য নারীদের সৌন্দর্য ॥৩৩॥

তা ছাড়া,

আম্রতরুর সেবা করে এখন পলাশতরুকে গ্রহণ করতে পারব না ।

শকার—বাঁদীর-বেটী, দরিদ্র চারুদত্তকে করলি আমগাছ আর আমাকে বললি পলাশগাছ ? কিংশুকও করলি না[১৭] ? এইভাবে আমাকে গালমন্দ দিতে দিতে তুই কিনা আজও চারুদত্তকেই স্মরণ করছিস ?

বসন্তসেনা—তিনি তো আমার হৃদয়গত হয়েই আছেন, তাঁকে স্মরণ করব কেন ?

শকার—আজকেই তোকে আর তোর হৃদয়গত তাকে একসঙ্গেই হত্যা করব । ওরে দরিদ্র বণিকপুত্রের প্রণয়িনী দাঁড়া, দাঁড়া ।

বসন্তসেনা—বলো বলো, ঐ মনোরম অক্ষরগুলো আবার বলো ।

শকার—বাঁদীর-ব্যাটা দরিদ্র চারুদত্ত তোকে রক্ষা করুক ।

বসন্তসেনা—আমাকে দেখতে পেলে রক্ষা করবেন ।

শকার—সে কি ইন্দ্র, বালিপুত্র মহেন্দ্র, রম্ভাপুত্র কালনেমি, সুবন্ধু, রাজা রুদ্র, দ্রোণ-পুত্র জটায়ু, চাণক্য, না ত্রিশঙ্কু[১৮] ?॥৩৪॥

ও কথা থাক । এঁরাও তোমাকে রক্ষা করতে পারবেন না ।

ভারতযুগে চাণক্য যেমন করে সীতাকে বধ করেছিল, জটায়ু যেমন করে দ্রৌপদীকে বধ করেছিল তেমনি করেই আমি তোমাকে বধ করব ।[১৯]

(মারতে উদ্যত হল)

বসন্তসেনা—হায় জননী ! তুমি কোথায় ? হায়, আর্য চারুদত্ত, অপূর্ণমনোরথ এই মানুষটি মারা পড়ল । এবারে আমি জোরে চেঁচাব । না থাক । বসন্তসেনা চেঁচাচ্ছে—এ ব্যাপারটা লজ্জায়ই বটে । আর্য চারুদত্তকে নমস্কার ।

শকার—এখনও গর্ভদাসী সেই পাপিষ্ঠের নামই নিচ্ছে ।

(কণ্ঠে পীড়ন করল) স্মরণ করো, গর্ভদাসী, স্মরণ করো।

বসন্তসেনা—আর্য চারুদত্তকে নমস্কার।

শকার—মর্ গর্ভদাসী মর্। (কণ্ঠ পীড়ন করে হত্যার অভিনয়)

(বসন্তসেনা নিশ্চলভাবে সংজ্ঞাহীন হয়ে পড়ে গেল)

শকার—(সহর্ষে) দোষের পেটিকা, ঔদ্ধত্যের বাসভূমি, দুষ্টা এবং (চারুদত্তের) অনুরক্তা, তারই সঙ্গে বিহারের অভিপ্রায়ে আগতা, মৃত্যুচালিতাকে (বধ করে) আমি নিজের বাহুর বীরত্ব আর কী বর্ণনা করব? নিঃশ্বাসরহিত হয়েও দেখি মাতা মৃতা হলেন, ভারতযুগে যেমন সীতা একান্ত মৃতা হয়েছিলেন তেমনি ॥৩৬॥ আমি তাকে চাইলেও এই গণিকা আমাকে চাইল না তাই ক্রুদ্ধ হয়ে এই নির্জন পুষ্পকরণ্ডক উদ্যানে তাকে হঠাৎ বাহুপাশে সন্ত্রস্ত করে হত্যা করছি। আমার ভাই, বাবা এবং দ্রৌপদীর মতো মা যার ছেলের এই কাজ—এই বীরত্ব দেখতে পেল না, তারা সেবাবঞ্চিত হল (অর্থাৎ আমি বীরত্ব দেখিয়ে পরিতৃপ্ত করে তাদের যে সেবা করতাম সেই সেবা থেকে তারা বঞ্চিত হল) ॥৩৭॥

যা হোক, এখন বুড়ো শেয়ালটা এসে পড়বে, একটু সরে দাঁড়াই। (তাই করল)

(চেটের সঙ্গে প্রবেশ করে)

বিট—স্থাবরক চেটকে বলে কয়ে এনেছি। এখন ছিনাল-পোটি কোথায় দেখি। (পরিক্রমা করে তাকিয়ে) এ কী! পথের উপরেই একটা গাছ পড়েছে। পড়ন্ত গাছের চাপে একটি স্ত্রীলোক মারা গিয়েছে। ওহে পাপিষ্ঠ, এমন অকাজ কেন করলে তুমি? তোমার পতনে নিহত স্ত্রীলোক দেখে আমরাও পতিত হলাম। এ এক কুলক্ষণ। সত্যি বলতে কি, বসন্তসেনার জন্যে মনটা উৎকণ্ঠিত হয়ে আছে। দেবতারা সব-দিক-দিয়ে মঙ্গল করবেন। (শকারের কাছে এসে ছিনাল-পো, স্থাবরক চেটকে বলে কয়ে এনেছি।

শকার—বন্ধু, স্বাগত! পুত্র স্থাবরক, তোমাকেও স্বাগত জানাচ্ছি।

চেট—হ্যাঁ।

বিট—আমার গচ্ছিত ধন ফেরৎ দাও।

শকার—গচ্ছিত ধন? সে আবার কেমন?

বিট—বসন্তসেনা।

শকার চলে গিয়েছে।

বিট—কোথায়?

শকার—তোমার পিছে পিছেই।

বিট—(সবিতর্কে) না সে তো সেদিকে যায় নি?

শকার—তুমি কোন্ দিক দিয়ে গেলে?

বিট—পূর্ব দিক দিয়ে।

শকার—সে-ও দক্ষিণদিক দিয়ে গিয়েছে।

বিট—আমি দক্ষিণদিক দিয়ে গিয়েছি।

শকার—সেও উত্তরদিক দিয়ে গিয়েছে।

বিট—তুমি অত্যন্ত উত্তেজিত হয়ে কথা বলছ। আমার মন মানছে না। সত্য কথা বল তো।

শকার—তোমার মাথা আর আমার পায়ের দিব্যি! তোমার হৃদয়কে শান্ত করো। আমি তাকে হত্যা করেছি।

বিট—(সবিষাদে) সত্যি হত্যা করেছ?

শকার—যদি আমার কথায় বিশ্বাস না হয়, তাহলে রাষ্ট্রিয় শ্যালকের প্রথম বীরত্ব প্রত্যক্ষ করো। (দেখাল)

বিট—হায়, হতভাগ্য আমার কী সর্বনাশ হল! (মূর্ছিত হয়ে পড়ে গেল)

শকার—হা! হা! বন্ধু দেখি মরেই গেল!

চেট—ধৈর্য ধরুন, ধৈর্য ধরুন, ভদ্র। নির্বোধের মতো ঐ গাড়িটা এখানে এনে আমিই তাকে প্রথম হত্যা করেছি।

বিট—(নিজেকে সামলে নিয়ে, করুণভাবে) হায় বসন্তসেনা!

দাক্ষিণ্যের নদী বিশুষ্ক হয়ে গেল; রতি স্বদেশে যাত্রা করল। হায় অলঙ্কারের অলঙ্কাররূপিণী! হায় সুমুখী! হায় রতিরঙ্গবিলাসিনী! হায় সৌজন্যতটিনী! হায় প্রমোদসৈকতভূমি! হায়! মাদৃশ (অধম) জনের আশ্রয়রূপিণী! হায়! সৌভাগ্যের পণ্যাবলীপূর্ণ অনঙ্গবিপণি বিনষ্ট হল!

(সাশ্রুনেত্রে) হায়, কী দুর্ভাগ্য, কী দুর্ভাগ্য! তুমি এই যে-কাজটা করলে তাতে তোমার কোন্ অভিপ্রায় চরিতার্থ হবে? পাপের প্রতিমূর্তি তুমি নগরের শ্রীকে ভূলুণ্ঠিত করলে।

(স্বগত) ও, এই পাপী আবার এই গর্হিত কাজের অপরাধটা আমার ঘাড়ে চাপিয়ে না দেয়! যাই এখান থেকে। (পরিক্রমণ)

(শকার এসে তাকে ধরল)

বিট—পাপিষ্ঠ, আমাকে ছুঁয়ো না। তোমাকে বুঝতে আমার বাকি নেই। আমি যাচ্ছি।

শকার—ওঃ, নিজে বসন্তসেনাকে হত্যা করে আমার ঘাড়ে দোষ চাপিয়ে পালাচ্ছ কোথায়? কী অসহায় অবস্থায় পড়েছি আমি!

বিট—গোল্লায় যাও।

শকার—এক-শো স্বর্ণমুদ্রা দেব, এক বোড়িক শুদ্ধ কার্ষাপণ[২০] দেব তোমাকে। আমার এই অপরাধমূলক পরাক্রম সর্বধারণের হোক অর্থাৎ আমার নাম করে প্রকাশ কোরো না।

বিট—ধিক্। শুধু তোমারই হোক।

চেট—ভগবান না করুন! (শকারের হাস্য)

বিট—আনন্দ না থাকুক। হাসি ত্যাগ করো। তোমার বন্ধুত্বে ধিক যে বন্ধুত্ব অবমাননাকর এবং অসম্মানজনক। কখনও যেন তোমার মুখ দেখতে না হয়। ছিন্নধনুর মতো গুণহীন তোমাকে ত্যাগ করছি ॥৪১॥

শকার—বন্ধু, প্রসন্ন হও প্রসন্ন হও। এসো, আমরা এই পদ্মসরোবরে নেমে ক্রীড়ামত্ত হই।

বিট—এই নগরের লোক, নিষ্প্রাণ হলেও তোমার সেবায় রত বলে আমাকে পাপী বলেই জানে। যে তুমি নারীহত্যা করেছ এবং যাকে নগরের স্ত্রীলোকেরা ভয়ে অর্ধনিমীলিত চোখে দেখে সেই তোমাকে আমি কেমন করে অনুগমন করব বলো? ॥৪২॥

(করুণভাবে) বসন্তসেনা—হে সুন্দরী! পরজন্মে তুমি আর বারনারী হোয়ো না। হে চরিত্রগুণমণ্ডিতা! তুমি সদ্‌বংশে জন্ম নিও ॥৪৩॥

শকার—আমার পুষ্পকরণ্ডক জীর্ণোদ্যানে বসন্তসেনাকে হত্যা করে কোথায় পালাচ্ছ? এসো। আমার শ্যালকের কাছে (রাজার কাছে) তোমাকে জবাবদিহি করতে হবে। (এই বলে তাকে ধরল)

বিট—আঃ, থাম্ মূর্খ! (এই বলে খড়্গ আকর্ষণ করল)

শকার—(সভয়ে এগিয়ে এসে) কি রে ভয় পেলি? যা, তবে।

বিট (স্বগত)—(এখানে) থাকা উচিত হবে না। যেখানে আর্য শর্বিলক ও চন্দনক প্রভৃতিরা আছেন সেইখানে যাই। (নিষ্ক্রান্ত)

শকার—নিপাত যা। ওরে স্থাবরক, বাছা! বল তো, আমি কেমন কাজ করলাম?

চেট—কর্তা! খুব খারাপ কাজ করেছেন।

শকার—ওরে চেট! কী বলছিস? অকাজ করেছি? যাক, এই করি (নানা অলঙ্কার খুলে) আমার দেওয়া এই অলঙ্কার গ্রহণ কর। আমি যতক্ষণ প্রসাধন করব ততক্ষণ এগুলো আমার আর অন্য সময় তোর।

চেট—কর্তা, এগুলো আপনাকেই মানায়। আমার এ দিয়ে কী হবে?

শকার—তাহলে যাও। আমি এই বলদজোড়া নিয়ে আমি যতক্ষণ না আসি ততক্ষণ আমার প্রাসাদের নতুন তৈরি চিলেকোঠায় অপেক্ষা কর।

চেট—আজ্ঞে, আপনার যা আদেশ। (প্রস্থান)

শকার—নিজেকে বাঁচানোর জন্যে বন্ধু অদৃশ্য হলেন। আর এই চেটকেও আমি নতুনতৈরি চিলেকোঠায় শিকলে বেঁধে রাখব। তাহলে ব্যাপারটা গোপন থাকবে। এখন বরং একে দেখি। এ কি সত্যিই মরেছে না আবার মারব? (দেখে) দেখি। ভালো করেই মরেছে। যা হোক এই চাদর দিয়ে একে ঢাকি। না থাক, এটায় আবার আমার নাম লেখা। কোন ভদ্রলোক চিনে ফেলবে। বরং ঝোড়ো হাওয়ায় জড়ো হওয়া এই শুষ্ক পাতা দিয়ে ঢাকি। (তাই করে, ভেবে) যা হোক, ঠিক আছে। এবারে আমি এইভাবে অগ্রসর হব—আমি এক্ষুনি আদালতে যাব এবং 'এই মর্মে' একটা নালিশ-নামা লেখাব যে বণিক্ চারুদত্ত বসন্তসেনাকে আমার বাগানে এনে টাকার জন্যে একে বধ করেছে।

চারুদত্তের বিনাশের জন্যে একটা নতুন চালের আশ্রয় নেব যা পবিত্র নগরীতে পান্ডববধের মতো দারুণ ॥৪৪॥

ঠিক আছে। যাই। (নিষ্ক্রান্ত হয়ে দেখে, সভয়ে) আরে এতে বড়ো মুশকিল! আমি যে পথেই যাচ্ছি সেই পথেই গেরুয়া রঙে ছোপানো পরিচ্ছদ পড়ে ঐ দুষ্ট বৌদ্ধ সন্ন্যাসী যাচ্ছে। তার নাকে ছিদ্র করে আমি তার সঙ্গে শত্রুতা ক'রে তাকে তাড়িয়ে দিয়েছি! আমাকে দেখে হয়তো সে ফাঁস করে দেবে যে আমিই তাকে মেরেছি। কিন্তু যাব কেমন করে? (দেখে) হ্যাঁ, এই অর্ধেক ধ্বসে পড়া ভাঙা দেয়ালটা লাফিয়ে পার হয়ে পালাই।

(বনের) মহেন্দ্র যেমন আকাশে, পাতালে এবং 'হনুমৎ-পাহাড়ে'র চূড়ার ছুটেছিল আমিও তেমনি প্রচণ্ড বেগে ছুটছি'[১] ॥৪৫॥ (প্রস্থান)

(যবনিকা কাঁপিয়ে সংবাহকের প্রবেশ)

ভিক্ষু—আমি এই ছেঁড়া-কাপড়টা ধুয়েছি। কোন শাখায় ঝুলিয়ে শুকিয়ে নেব কি ? কিন্তু বানরেই তা শেষ করবে। মাটিতে রাখব ? তা হলে ধুলোয় ময়লা হবে। তাহলে কোথায় মেলে শুকব ? (দেখে) দেখেছি। এখানে ঝোড়ো হাওয়ায় জড়ো হওয়া এই শুকনো পাতার রাশিতে রাখি। (তাই করে 'বুদ্ধকে নমস্কার'। (এই বলে বসল) যাক এবারে জপ করি। ('পঞ্চজনকে যে মেরেছে' ইত্যাদি শ্লোক উচ্চারণ করল)। অথবা কাজ নেই আমার এ স্বর্গে। যিনি দশটি স্বুবর্ণমুদ্রা দিয়ে জুয়াড়ীদের হাত থেকে আমাকে মুক্ত করেছিলেন, বুদ্ধের উপাসিকা সেই বসন্তসেনার প্রত্যুপকার যতদিন না করতে পারছি ততদিন আমি তাঁর ক্রীতদাস বলে নিজেকে মনে করছি। (দেখে) এ কী, কী একটা এই পাতার মধ্যে উচ্ছ্বসিত হয়ে উঠছে মনে হচ্ছে। আমার মনে হয় প্রথমে উষ্ণ হাওয়ায় তপ্ত হয়ে এবং পরে ছেঁড়া-কাপড় নিঙ্ড়ানো জল পড়ায় এই পাতাগুলো স্পন্দিত হচ্ছে। পালক ছড়ানো পাখির পাখার মতোই দেখছি পাতাগুলোকে ॥৪৬॥

(বসন্তসেনা সংজ্ঞালাভ করে হাত বাড়ালো)

এ কী এ কী ! সুন্দর গয়নাপরা স্ত্রীলোকের দুটো হাত বেরিয়ে আসছে দেখছি ! (নানাভাবে দেখে) আমি এ হাতকে চিনি। অথবা সংশয় নিরর্থক, এই হাতই আমাকে অভয় দিয়েছিল। যাক, দেখি।

(পাতা সরিয়ে, দেখে চিনতে পারার অভিনয় করে)

এই সেই বুদ্ধ উপাসিকা !

(বসন্তসেনা জল চাইল)

এ কী ? জল চাইছে দেখছি। দীর্ঘি তো দূরে। এখন কী করা যায় ? যা হোক এই ছেঁড়া কাপড়খানাই এর দেহে বিছিয়ে দিই। (তাই করল)

(বসন্তসেনা সংজ্ঞা লাভ করে উঠল। ভিক্ষু বস্ত্রপ্রান্ত দিয়ে তাঁকে হাওয়া করতে লাগল)

বসন্তসেনা—আর্য, আপনি কে ?

ভিক্ষু—দশটি স্বুবর্ণমুদ্রায় যাকে কিনেছিলেন তাকে কি বুদ্ধ-উপাসকা মনে করতে পারছেন না ?

বসন্তসেনা—মনে পড়েছে। তবে আপনি যেভাবে বললেন (অর্থাৎ আপনার পরিচয় দিলেন) সেটা ঠিক নয়। আমি মরে গেলেই ভালো হত।

ভিক্ষু—বুদ্ধোপাসিকা ! ব্যাপারটা কী ?

বসন্তসেনা—(সখেদে) বেশ্যার যা হওয়া উচিত তাই।

ভিক্ষু—বুদ্ধোপাসিকা ! আপনি এই গাছের কাছেই বেড়ে ওঠা লতা অবলম্বন ক'রে দাঁড়ান। (বসন্তসেনা তাই ধরে উঠলেন)

এই বিহারে আমার ধর্মভগিনী আছে। সেইখানে আপনি একটু আশ্বস্ত হয়ে তারপর বাড়ি যাবেন। তা হলে আপনি ধীরে ধীরে চলুন।

যে হাত-মুখ আর ইন্দ্রিয়ের চালনায় সংযত সেই প্রকৃত মানুষ। রাজার আদালত তার কী করতে পারে ? পরলোক তার হাতের মুঠোয় স্থির হয়ে থাকে।

॥ 'বসন্তসেনা মোটন' নামে অষ্টম অঙ্ক সমাপ্ত ॥

(তারপর শোধনকের প্রবেশ)

ন্যায়ালয়ের কর্মকর্তারা আমাকে আদেশ দিয়েছেন—শোনক, বিচারমণ্ডপে গিয়ে আসনগুলো সাজাও। তাই এখন গিয়ে বিচারমণ্ডপটা সাজিয়ে ফেলি। (পরিক্রমা করে এবং দেখে)

এই যে বিচারমণ্ডপ। প্রবেশ করি তাহলে। বিচারমণ্ডপটি একেবারে নির্জন করিয়ে নিয়েছি। আসনও সাজিয়েছি। যাই এখন বিচারকদের খবর দিই গে। (পরিক্রমা করে) এ কী! রাজশ্যালক মানে, সেই দুষ্ট এবং দুশ্চরিত্র লোকটা এদিকেই আসছে। তার দৃষ্টিপথ এড়িয়ে যাই। (একান্তে দাঁড়িয়ে রইল)

(তারপর উজ্জ্বলবেশধারী শকারের প্রবেশ)

আমি সলিল, জল এবং পানীয়ে[১] স্নান ক'রে যুবতী স্ত্রী ও নারীদের সঙ্গে গন্ধর্বের মতো সুসজ্জিত অঙ্গে উপবন কাননে বসে এলাম[২] ॥১॥

এই আমি চুলে গিঁট দিলাম, এই ঝুঁটি করে বাঁধলাম। এই তো লম্বা, এই কোঁকড়ানো, এই খুলে দিলাম, এই তো চুড়োয় জড়ালাম। আমি হলাম গিয়ে চিত্রবিচিত্র রাজার-শালা[৩] ॥২॥

তা ছাড়া, বিষগ্রন্থিতে ঢুকে পড়া পোকার মতো পথ খুঁজতে খুঁজতে একটা প্রশস্ত পথ পেয়ে গেলাম। এই কুকীর্তিটা চাপাব কার ঘাড়ে? (স্মরণ করে), ও মনে পড়েছে। দরিদ্র চারুদত্তের ঘাড়েই এই কুকীর্তিটা চাপিয়ে দেব। তাছাড়া সে দরিদ্র। দরিদ্রে সবই সম্ভব। যা হোক, বিচারমণ্ডপে গিয়ে আগে এই বলে নালিশটা রুজু করি যে চারুদত্ত বসন্তসেনাকে গলা টিপে হত্যা করেছে। বিচারমণ্ডপে যাই তাহলে। (পরিক্রমা করে দেখে)। এই যে বিচারমণ্ডপ এইখানে প্রবেশ করি। (প্রবেশ করে দেখে) এ কী! আসন সাজানো হয়েছে দেখছি। যাক্ যতক্ষণ কর্মকর্তারা না আসছেন ততক্ষণ এই দুর্বাচত্বরে কিছুক্ষণ বসে অপেক্ষা করি। (সেই ভাবে অবস্থান করল)

শোধনক—(অন্যদিকে পরিক্রমা করে। সামনে তাকিয়ে)। এই যে বিচারকেরা আসছেন। কাছে যাই তা হলে। (কাছে গেল)

(তারপর শ্রেষ্ঠী কায়স্থাদি পরিবৃত হয়ে বিচারকদের প্রবেশ)

বিচারকেরা—শ্রেষ্ঠী ও কায়স্থমশাই!

শ্রেষ্ঠী ও কায়স্থ—আদেশ করুন আর্য।

বিচারক—দেখুন! বিবাদনিষ্পত্তিটা অন্য নানা ব্যাপারের উপর নির্ভরশীল বলে বিচারকদের পক্ষে অন্যের মনকে ঠিক মতো বোঝা সত্যিই কঠিন।

লোকেরা (বাদী ও প্রতিবাদী) যা ন্যায় থেকে অনেক দূরে এমন কাজ গোপন করে (বিচারের জন্যে) উপস্থিত করে। স্বার্থ আছে বলে নিজেরা নিজেদের দোষ তো বিচারালয়ে বলে না। বাদী ও প্রতিবাদী দুই পক্ষ তার (সেই দোষের) বলকে আরও বাড়িয়েই দেয় যা রাজাকে স্পর্শ করে। সংক্ষেপে বলতে গেলে বিচারকের অপযশটাই সুলভ। যশ দুর্লভ বললেই হয় ॥৩॥

তা ছাড়া,

ন্যায়কে অবজ্ঞা করে কুপিত লোকেরা সত্য গোপন করে অন্যের বিরুদ্ধে নালিশ করে। বিচারালয়ে নিজেদের দোষ তারা নিজেরা বলে না। বাদীপ্রতিবাদীর দোষের সংস্পর্শে এসে সজ্জনেরাও[৩] ন্যায়-ভ্রষ্ট হয়ে পাপ করেন এও সত্য। সংক্ষেপে. বিচারকদের অপযশই জোটে, যশ তাঁদের কাছে অনেক দূরের ব্যাপার[৪] ॥৪॥

এই জন্যেই বিচারককে হতে হবে শাস্ত্রজ্ঞ, প্রতারণা ধরায় কুশলী. তাঁকে হতে হবে সুবক্তা এবং অক্রোধী, শত্রুমিত্র এবং স্বজনের স্বরূপ জেনেই তিনি রায় দেবেন. তিনি হবেন দীনের পালক এবং ধূর্তের পীড়ক, ধার্মিক হবেন তিনি, সুযোগ থাকলে[৫] লোভে পড়বেন না তিনি। আসল সত্য নির্ণয়ে তাঁকে হতে হবে একাগ্রচিত্ত, সেই সঙ্গে রাজার ক্রোধকেও দূর করবেন তিনি ॥৫॥

শ্রেষ্ঠী এবং কায়স্থ—আপনার ক্ষেত্রেও কি গুণ দোষ বলে নিন্দিত হবে? তাই যদি হয় তাহলে চন্দ্রলোকেও অন্ধকার আছে বলতে হবে।

বিচারক—ভদ্র শোধনক, বিচারমণ্ডপের পথ দেখাও।

শোধনক—আসুন আসুন মাননীয় বিচারকমশাই। (এই বলে পরিক্রমা করল)

শোধনক—এই যে বিচারমণ্ডপ। বিচারকেরা প্রবেশ করুন।

(সকলে প্রবেশ করলেন)

বিদূষক—ভদ্র শোধনক, বাহিরে বেরিয়ে দেখুন তো কারা বিচারপ্রার্থী হয়ে এসেছেন?

শোধনক—আপনার যে আদেশ। (নিষ্ক্রান্ত হও) শুনুন মশাইরা বিচারকেরা জিজ্ঞেস করছেন—আপনারা কে কে বিচারপ্রার্থী হয়ে এসেছেন?

শকার—(সানন্দে) বিচারকেরা এসে গেছেন তাহলে। (সগর্বে পরিক্রমা করে) এই যে আমি শ্রেষ্ঠ পুরুষ, মনুষ্যরূপী বাসুদেব রাষ্ট্রীয় শ্যালক, রাজশ্যালক বিচারপ্রার্থী হয়ে এসেছি।

শোধনক—(সভয়ে) এ কী! প্রথমেই রাজশ্যালক বিচারপার্থী। যাক আর্য, একটু অপেক্ষা করুন। আমি গিয়ে বিচারকদের বলছি। (এসে) শ্রদ্ধেয় মহোদয়েরা! রাষ্ট্রীয় শ্যালক বিচারপ্রার্থী হয়ে আদালতে এসেছেন।

বিচারক—সে কি? প্রথমেই রাষ্ট্রীয় শ্যালক বিচারপ্রার্থী? এ যেন সূর্যোদয়েই গ্রহণ লাগে—যা কোন মহাপুরুষের পতনের সূচনা করছে। শোধনক আজ মামলার শুনানী একটু গোলমেলে হবেই। ভদ্র, বেরিয়ে গিয়ে বলুন—তিনি যেতে পারেন, আজ তাঁর নালিশ শোনা সম্ভব হবে না।

শোধনক—আর্য যা বলেন। (বেরিয়ে এসে শকারের কাছে গিয়ে) আর্য! বিচারকেরা বললেন – আজ আপনি আসুন। আজ আপনার মামলার শুনানী সম্ভব নয়।

শকার (সক্রোধে) –কী আমার নালিশ শোনা হবে না? যদি শোনা না হয়, তাহলে আমি ভগ্নীপতি রাজা পালককে জানিয়ে দেব এবং ভগ্নীকে ও মাকে বলে এই বিচারককে তাড়িয়ে তার জায়গায় অন্য বিচারককে বসাব। (গমনোদ্যত হল)

শোধনক—আর্য! রাষ্ট্রীয় শ্যালক. একটু দাঁড়ান। আমি গিয়ে বিচারকদের বলি। (বিচারকের কাছে গিয়ে) এই রাষ্ট্রীয়-শ্যালক ক্রুদ্ধ হয়ে বলছেন—

বিচারক—এই মূর্খের পক্ষে সবই সম্ভব। ভদ্র, গিয়ে বলুন—আসুন, আপনার নালিশ শোনা হবে।

শোধনক—(শকারের কাছে এসে) আর্য বিচারকেরা বললেন—আসুন, আপনার নালিশ শোনা হবে। তা হলে আর্য প্রবেশ করুন আপনি।

শকার—প্রথমে তাঁরা বললেন আমার নালিশ তারা শুনবেন না এখন বলছেন শুনবেন। তাই বেশ বোঝা যাচ্ছে বিচারকেরা বেশ ভয় পেয়েছেন। তাই. যা আমি বলব তা-ই সত্যি বলে প্রতিপন্ন করিয়ে নেব। যা হোক, ভিতরে প্রবেশ করি।

(ভিতরে এসে, এগিয়ে)

আমি ভালোই আছি, তবে আপনাদের (ইচ্ছেমতো) ভালো থাকতেও পারি, নাও পারি।

বিচারক—(স্বগত) বিচারপ্রার্থী হলেও তার সেই স্থায়ী অভ্যাসগুলো গেল না (প্রকাশ্যে) বসুন।

শকার—ওঃ, এতো আমার নিজেরই জায়গা ; তাই যেখানে খুশি বসি। (শ্রেষ্ঠীকে) এখানে বসছি। (এই বলে মাটিতে বসল) (শোধনককে) এই এখানে বসছি। (বিচারকের মাথায় হাত রেখে) এইখানেই বসছি। (এই বলে মেঝেতে বসল)

বিচারক—আপনি বিচারার্থী!

শকার—হ্যাঁ।

বিচারক—বলুন কী ব্যাপার।

শকার—ব্যাপারটা আপনার কানে কানে বলব। পানপাত্রের মতো বড়ো বংশে আমার জন্ম। আমার বাবা রাজার শ্বশুর, রাজা আমার বাবার জামাই, আমি রাজার শালা, রাজা আমার বোনের স্বামী। ॥৬॥

বিচারক—সব জানি। কুলের উল্লেখ করে কী হবে, চরিত্রই এখানে বড়ো কথা। ভালো জমিতে কাঁটা গাছও খুব বেড়ে ওঠে ॥৭॥

কাজের কথা বলুন।

শকার—এই বলছি। কিন্তু জানবেন আপরাধী সাব্যস্ত হলেও তিনি (রাজা) কিছু বলবেন না! সেই ভগ্নীপতি পরিতুষ্ট হয়ে আমার বিলাসভ্রমণের জন্যে এবং দেখাশোনা করার জন্যে সমস্ত বাগানের সেরা 'পুষ্পকরণ্ডক' নামে পুরনো বাগানটা আমাকে দিয়েছেন। আমি রোজ তা দেখাশোনা করবার জন্যে যাই—ঠিক মতো জলনিকাশ করাই. ঝাঁট দেওয়াই, প্রয়োজন মতো ছাঁটাই করি, দেখি গাছগুলো ঠিকমতো বাড়ছে কিনা। দৈবযোগে, আমি সেখানে একটি রমণীর মৃতদেহকে মাটিতে পড়ে থাকতে দেখলাম—না, দেখলাম না।

বিচারক—কী ক'রে বুঝলেন মৃতদেহটি রমণীর? রমণীটি কে?

শকার—হে বিচারকবৃন্দ! শত স্বর্ণালংকারে ভূষিত নগরীর ভূষণস্বরূপা সেই রমণীকে চিনব না? কোন এক দুর্জন তুচ্ছ সোনার লোভে সেই নির্জন পুষ্পকরণ্ডক উদ্যানে প্রবেশ ক'রে বাহুপাশে শ্বাসরোধ করে বসন্তসেনাকে হত্যা করেছে, আমি—না, কিন্তু—(এই অর্ধেকটুকু বলেই মুখ ঢাকল)

বিচারক—নগরীবাসীদের কী অসাবধানতা! শ্রেষ্ঠী ও কায়স্থ! অভিযোগ অংশ—'আমি না' এই কথাটি প্রথমে লিখে রাখুন।

কায়স্থ—আপনি যা আদেশ করেন। (তাই লিখে) আর্য লিখেছি।

শকার—(স্বগত) ভিখারী তাড়াতাড়ি গরম পায়স খেতে গিয়ে যেমন সর্বনাশ ডেকে

আনে আমিই তেমনি আমার সর্বনাশ ডেকে আনলাম। যাক্ এইভাবে বলি। (প্রকাশ্যে) হে বিচারকবৃন্দ ! আমি বলতে যাচ্ছিলাম আমিই দেখেছি। এ নিয়ে এতো বিচলিত হচ্ছেন কেন ? (যা লেখা হয়েছিল সে পা দিয়ে মুছে দিল)

বিচারক – আপনি কী করে জানলেন যে টাকার জন্যে তাকে বাহুপাশে (শ্বাস রোধ করে) মারা হয়েছে ?

শকার - শুনুন, আমি তার গলা দেখে বুঝেছি, গলাটা ছিল কেমন ফোলা-ফোলা। আর ফাঁকা (অলঙ্কারহীন) গয়না-পরা। অন্য অঙ্গগুলো দেখে তা বুঝেছি। কারণ সেসব জায়গায় গয়না আর নেই।

শ্রেষ্ঠী ও কায়স্থ—তা সম্ভব বটে।

শকার—(স্বগত) ভাগ্যক্রমে আবার যেন জীবন ফিরে পেলাম। কী আনন্দ !

শ্রেষ্ঠী ও কায়স্থ—প্রমাণের জন্যে এ মামলাটা কার উপর বর্তাবে ?

বিচারক—মামলা দু রকমের।

শ্রেষ্ঠ ও কায়স্থ– কীরকম ?

বিচারক– বাক্য অনুসারে (জবানবন্দীতে) এবং অর্থানুসারে (ঘটনা অনুসারে)। যেটা বাক্য-অনুসারে সেটা বাদী-প্রতিবাদীদের বক্তব্য থেকে নিষ্পত্তি হবে। আর যা ঘটনার উপর নির্ভরশীল তা বিচার বুদ্ধি খাটিয়ে বিচারকই মীমাংসা করবেন।

শ্রেষ্ঠী ও কায়স্থ – তাহলে এ মামলাটা বসন্তসেনার মায়ের উপরই বর্তাবে, অর্থাৎ (এ প্রসঙ্গে মাকেই জিজ্ঞাসাবাদ করা হবে)।

বিচারক –হ্যাঁ তাই, ভদ্র শোধনক, আপনি বসন্তসেনার মাকে ডেকে আনুন তো। দেখবেন উনি যেন খুব ভয় না পান।

শোধনক—এই যাচ্ছি। (বেরিয়ে গণিকামাতাকে নিয়ে প্রবেশ করে) আসুন আর্যা।

বৃদ্ধা – আমার মেয়ে তার কোন বন্ধুজনের বাড়ি গিয়েছে, যৌবন উপভোগ করতে। এই আয়ুষ্মান বলছেন বিচারক ডেকেছেন। তাই আমার মনে হচ্ছে—মূর্চ্ছা যেন আমাকে আচ্ছন্ন করছে। আমার বুক কাঁপছে। আর্য বিচারমণ্ডপের পথ বলে দিল আমাকে।

শোধনক – আসুন, আর্যা, আসুন।

(উভয়ের পরিক্রমা)

এই যে বিচারকমণ্ডপ। আর্যা এইখানে প্রবেশ করুন।

(দুজনের প্রবেশ)

বৃদ্ধা (এগিয়ে এসে) ভদ্রমহোদয়দের কল্যাণ হোক।

বিচারক – ভদ্রে, স্বাগত। আপনি বসুন।

বৃদ্ধা– বসছি (বসলেন)।

শকার—(গাল দেওয়ার ভঙ্গীতে) বৃদ্ধকুট্টনী ! এসেছ তা হলে, কী বলো ?

বিচারক—আপনিই কি বসন্তসেনার মা ?

বৃদ্ধা—হ্যাঁ।

বিচারক—আচ্ছা, বসন্তসেনা এখন কোথায় গিয়েছেন ?

বৃদ্ধা—বন্ধুর বাড়ি।

বিচারক – বন্ধুর নাম কী ?

বৃদ্ধা—(স্বগত) হায় ধিক হায় ধিক ! সে তো খুবই লজ্জার কথা। (প্রকাশ্যে) সাধারণ কোন লোক একথা জিজ্ঞেস করতে পারে, কিন্তু বিচারক পারেন না।
বিচারক—লজ্জা করবেন না ; একটা আইনগত প্রয়োজন আছে বলেই জিজ্ঞেস করছি।
শ্রেষ্ঠী ও কায়স্থ—আইনগত প্রয়োজনেই এই প্রশ্ন। এতে দোষ নেই। বলুন।
বৃদ্ধা—কী বললেন ? আইনের প্রয়োজন ? তাহলে শুনুন মশাইরা, তিনি হলেন বণিক বিনয়দত্তের পৌত্র, সগরদত্তের পুত্র, তাঁর নাম চারুদত্ত, যাঁর নাম উচ্চারণেই মঙ্গল, যিনি শ্রেষ্ঠিচত্বরে বাস করেন। সেখানেই আমার কন্যা যৌবনসুখ উপভোগ করছে।
শকার—শুনলেন আপনারা ? একথাগুলো লিখে রাখুন। চারুদত্তের সঙ্গে আমার বিবাদ।
শ্রেষ্ঠী ও কায়স্থ—চারুদত্ত তাঁর বন্ধু এতে কোন ক্ষতি নেই।
বিচারক—তাহলে এখন সাক্ষ্যের জন্যে চারুদত্তেরর দরকার হবে।
শ্রেষ্ঠী ও কায়স্থ—হ্যাঁ তাই।
বিচারক—ধনদত্ত, এই মামলার প্রথম অংশ হিসেবে লিখুন—বসন্তসেনা আর্য চারুদত্তের বাড়ি গিয়েছিলেন। দুঃখের বিষয় আর্য চারুদত্তকেও আমাদের ডাকতে হচ্ছে। অবশ্য আইনই ডাকছে। ভদ্র শোধনক, যান। আর্য চারুদত্তকে সসম্মানে ডেকে আনুন। দেখবেন তিনি যেন স্বচ্ছন্দে আসেন, বিচলিত বা উদ্বিগ্ন না হয়ে পড়েন। বলবেন—বিচারক আপনার সাক্ষাৎপ্রার্থী।
শোধনক—আপনার যা আদেশ। (নিষ্ক্রান্ত হয়ে চারুদত্তকে নিয়ে প্রবেশ করে) আসুন আর্য।
চারুদত্ত—(চিন্তা করে) আমার কুল ও শীল ভালো করে জেনেও রাজা যে আমাকে ডাকলেন তাতে মনে হচ্ছে আমার অবস্থাবিপর্যয়ে তিনি আমার প্রতি সন্দিগ্ধ ॥৮॥
(চিন্তা করে, মনে মনে) বন্ধনমুক্ত সে (আর্যক) পথে এসে পড়লে আমি তাকে গাড়িতে করে অন্য জায়গায় পাঠিয়েছি এ কথা গুপ্তচর-চক্ষু (গুপ্তচরেরাই রাজার চোখ) রাজার কানে এসেছে, তাই আমি এইভাবে অভিযুক্ত হয়ে (বিচারালয়ে) চলেছি ॥৯॥
অথবা, এ-সব ভেবে কী হবে ? বিচারমণ্ডপেই যাই। ভদ্র শোধনক, বিচারালয়ের পথ দেখিয়ে দিন।
শোধনক—আসুন, আর্য।

(দুজনে পরিক্রমা করলেন)

কাক কর্কশ স্বরে ডাকছে[৮]। অমাত্য ভৃত্যেরা (আর্দালীরা) বারবার হাঁক দিচ্ছে। আমার বাঁ চোখ প্রবলভাবে স্পন্দিত হচ্ছে। এই সব কুলক্ষণ আমাকে উদ্বিগ্ন করে তুলেছে ॥১০॥
শোধনক—আসুন আর্য, ধীরেসুস্থে আসুন।
চারুদত্ত—(পরিক্রমা করে, সামনে তাকিয়ে)
কাক শুকনো গাছে বসে সূর্যের দিকে মুখ করে আমার দিকে বাঁ-চোখ হানছে, নিশ্চয় কোন বিপদ আসন্ন ॥১১॥
(আবার অন্যদিকে তাকিয়ে) এ কী ! এ যে সাপ ! বাঁটা কাজলের মতো

কালোরঙের এই প্রকাণ্ড সাপটা সরোষে আস্ফালন করছে। আমার দিকেই তার চোখ, লক্‌লকে জিভ বের করছে, চারটে সাদা দাঁত আছে তার। পেটটা বাঁকা আর ফুলে-ওঠা। আমার পথ জুড়ে ঘুমিয়েছিল সাপটা।[৯] ॥১২॥

আমার পা পিছলে যাচ্ছে কিন্তু মাটি তো তেমন ভিজে নয়, আমার (বাঁ) চোখ নাচছে, বাঁ হাতও বার বার কাঁপছে। আবার এদিকে এক পাখি ডেকেই চলেছে। এসব কিছু মহাভয়ঙ্কর মৃত্যুই সূচিত করছে। এবিষয়ে কোন সন্দেহই নেই ॥১৩॥

দেবতারা সবদিক দিয়ে মঙ্গল করুন!

শোধনক আসুন আর্য। এ যে বিচার-মণ্ডপ, আপনি প্রবেশ করুন।

চারুদত্ত—(প্রবেশ করে, চারদিকে তাকিয়ে) বাঃ বিচার-মণ্ডপটি কী অপূর্ব সুন্দর! উগ্র উপাদান আছে বলে রাজার এই বিচারালয়কে সমুদ্রের মতো দেখাচ্ছে। চিন্তমগ্ন মন্ত্রীরা হল এর জল; দূতেরা হল এর শঙ্খসমাকুল তরঙ্গ; নিকটস্থ গুপ্তচরেরা হল হাঙর ও কুমির; নাগ ও অশ্বেরা হল হিংস্র জন্তুস্থানীয়, বাদী-প্রতিবাদীরা হল কঙ্কপাখির দল, কায়স্থেরা হল সর্প। এর তটভূমি দণ্ডবিধিতে ভগ্ন (অর্থাৎ দণ্ডবিধিরূপ নদীর জলধারায় ভগ্ন) ॥১৪॥

যা হোক। (প্রবেশ করে মাথায় আঘাত অভিনয় করে, চিন্তা ক'রে) একি, এ যে আর এক দুর্লক্ষণ। বাঁ চোখ নাচছে, কাক ডাকছে, সাপ পথ আগলে আছে। দৈব আমার মঙ্গল করুন। প্রবেশ করি তাহলে ॥১৫॥

(প্রবেশ করলেন)

বিচারক—এই সেই চারুদত্ত। যিনি উন্নতনাসা এবং অপাঙ্গদীর্ঘ নেত্র ধারণ করছেন। এরকম মুখ কখনও অকারণ দূষণের আবাস হতে পারে না। হাতি, গোরু, ঘোড়া এবং মানুষের ক্ষেত্রে আকৃতি কখনও সুচরিত্র বিরোধী হয় না[১০] ॥১৬॥

চারুদত্ত—বিচারকমহোদয়েরা! আপনাদের মঙ্গল হোক। কর্মিবৃন্দ! আপনাদের কুশল তো?

বিচারকেরা—(সসম্ভ্রমে) আর্য, স্বাগত। ভদ্র শোধনক, ওঁর জন্যে আসন আনো।

শোধনক—(আসন এনে) এই আসন। আর্য, এখানে বসুন। (চারুদত্ত বসলেন)

শকার—(সক্রোধে) ও, নারীহন্তা তুমি এসেছ তা হলে। কী চমৎকার ব্যবস্থা! কী চমৎকার ধর্মসম্মত আচার! নারী হন্তাকে কিনা আসন দেওয়া হচ্ছে! (সগর্বে) বেশ। দেওয়া হোক।

বিচারক—আর্য চারুদত্ত! আপনার কি এই ভদ্রমহিলার কন্যার সঙ্গে পরিচয়, প্রণয় বা প্রীতি আছে?

চারুদত্ত—কার?

বিচারক—এঁর। (বসন্তসেনার মাতাকে দেখালেন)

চারুদত্ত—(উঠে) আর্যে, অভিবাদন করি।

বৃদ্ধা—বৎস, দীর্ঘজীবী হও। (স্বগত) এই সেই চারুদত্ত। কন্যার যৌবন তাহলে যোগ্যপাত্রেই নিবেদিত।

বিচারক—আর্য, গণিকা আপনার মিত্র? (চারুদত্ত লজ্জার অভিনয় করলেন)

শকার—নিজে তাকে অর্থের জন্যে হত্যা করে এখন এ কুকর্ম লজ্জায় বা ভীরুতায়

গোপন করার চেষ্টা করছে। কিন্তু রাজা তা গোপন করবেন না (অর্থাৎ অবশ্যই প্রকাশ করে দেবে) ॥১৭॥

শ্রেষ্ঠী ও কায়স্থ—আর্য চারুদত্ত, আপনি বসুন, লজ্জা করবেন না। এ হল আইনসম্মত পদ্ধতি মাত্র।

চারুদত্ত—(সলজ্জভাবে) হে বিচারকবৃন্দ, একজন গণিকা আমার মিত্র, একথা আমি উচ্চারণ করি কী করে। তবে এক্ষেত্রে যৌবনেরই দোষ, আমার চরিত্রের নয়।

বিচারক—মামলায় নানা বিঘ্ন। হৃদয়ে স্থিত লজ্জা দূর করুন। সত্য কথা বলুন, বিলম্ব করবেন না। এখানে কোন কপটতার স্থান নেই ॥১৮॥

লজ্জা করবেন না। মামলাই আপনাকে প্রশ্ন করছে।

চারুদত্ত বিচারক মহোদয়, কার সঙ্গে আমার মামলা ?

শকার—(উদ্ধতভাবে) আমার সঙ্গে তোমার মামলা।

চারুদত্ত আপনার সঙ্গে আমার মামলা অত্যন্ত দুঃসহ।

শকার—ওরে নারীঘাতক, ঐরকম শতরত্নভূষিতা বসন্তসেনাকে হত্যা করে এখন কপট ধূর্তের মতো তা গোপন করবার চেষ্টা করছিস ?

চারুদত্ত—আপনি বাজে কথা বলছেন।

বিচারক—আপনি ওঁর কথা ধরবেন না, সত্য কথা বলুন। গণিকা কি আপনার মিত্র ?

চারুদত্ত—হ্যাঁ।

বিচারক—আর্য, বসন্তসেনা কোথায় ?

চারুদত্ত—বাড়ি গিয়েছেন।

শ্রেষ্ঠী ও কায়স্থ—কেমন করে গেলেন ? কখন গেলেন ? তাঁর সঙ্গে কে গিয়েছে ?

চারুদত্ত—(স্বগত) কীভাবে গিয়েছেন আমি তা দেখিনি তাই কেমন ক'রে বলব ?

শ্রেষ্ঠী ও কায়স্থ—আর্য, বলুন।

চারুদত্ত—বাড়ি গিয়েছেন। আর কী বলব ?

শকার—তুমি তাকে আমার পুরনো উদ্যান পুষ্পকরণ্ডকে নিয়ে গিয়ে টাকার জন্যে তাকে জোর করে বাহুপাশে শ্বাসরোধ করে তাকে হত্যা করেছ। আর এখন বলছ তিনি বাড়ি গিয়েছেন ?

চারুদত্ত—আঃ, কী বাজে কথা বলছেন ? এ মিথ্যা। কারণ মেঘের জলে আপনি সম্পূর্ণ সিক্ত নন, তবু নীলকণ্ঠ পাখির পাখার মতো আপনার কালো মুখ কালো হয়ে উঠেছে[১]। হেমন্তপদ্মের মতো নিষ্প্রভ দেখাচ্ছে ॥১৯॥

বিচারক—(জনান্তিকে) চারুদত্তের উপর দোষারোপ যেন হিমালয়কে ওজন করতে যাওয়ার মতো, বায়ুকে ধরতে যাওয়ার মতো ॥২০॥

(প্রকাশ্যে) ইনি আর্য চারুদত্ত। ইনি এমন কুকাজ করবেন কেন ?

(উন্নতনাসা ইত্যাদি শ্লোক উচ্চারণ করলেন)

শকার—আপনারা পক্ষপাতিত্ব করে মামলা পরিচালনা করছেন দেখছি।

বিচারক—দূর হও, মূর্খ। তুমি নীচ হয়ে বেদার্থ বলছ অথচ তোমার জিভ খসে পড়ছে না, মধ্যাহ্নের সূর্যের দিকে তাকিয়ে আছ তবু সহসা তোমার দৃষ্টি লোপ হচ্ছে না, প্রদীপ্ত অগ্নির মধ্যে হাত দিচ্ছ তবু তা দগ্ধ হচ্ছে না। চারুদত্তকে

সুনাম থেকে ভ্রষ্ট করতে চলেছ, তবু পৃথিবী তোমার দেহ গ্রাস করছে না[১২] ॥২১॥

আর্য চারুদত্ত কেমন করে কুকাজ করবেন? যিনি সমুদ্রের শুধু জলটুকুই অবশিষ্ট রেখেছেন, যিনি অকল্পনীয় ধন দান করেছেন, সেই মঙ্গলের একমাত্র আধার মহাত্মা অর্থের জন্যে এমন পাপ কেন করবেন যা নীচ লোকের পক্ষেই করা সম্ভব ॥২২॥

বৃদ্ধা—হতভাগা! গচ্ছিত স্বর্ণভাণ্ড রাত্রে চুরি গেল বলে সম্প্রতি যিনি চতুঃসমুদ্রের সারভূতা রত্নাবলী দান করতে পারেন, তুচ্ছ অর্থের জন্যে তিনি কি এই কুকর্ম করতে পারেন?

বিচারক—আর্য চারুদত্ত, তিনি কি পায়ে হেঁটে গেছেন না গাড়িতে করে গেছেন?

চারুদত্ত—তাঁর যাওয়া আমি দেখি নি। তাই তিনি হেঁটে গেছেন না গাড়িতে গেছেন তা জানি না।

(সক্রোধে প্রবেশ করে)

বীরক—পদাঘাতের অপমানের (চন্দনকের বিরুদ্ধে) তীব্র বিদ্বেষ বুকে বয়ে ভাবতে ভাবতে কোনরকমে রাত কেটেছে। যাই বিচারমণ্ডপে প্রবেশ করি।

(প্রবেশ করে)

ভদ্রমহোদয়দের মঙ্গল কামনা করি।

বিচারক—এ যে নগররক্ষাধিকর্তা বীরক দেখছি। বীরক, এখানে এলে কেন?

বীরক—ওঃ, আর্যক বাঁধন ভেঙে বেরোবার পর যে হৈচৈ হল তারই মধ্যে তাকে খুঁজতে খুঁজতে একটা বন্ধ গাড়ি যেতে দেখে আমি সন্দিগ্ধ হয়ে 'তুমি গাড়িটা দেখলেও আমিও একবার দেখব' একথা বলামাত্র সর্দার চন্দনক আমাকে লাথি মেরেছে। একথা শুনে এখন আপনারা যা হয় বিচার করুন। ॥২৩॥

বিচারক—ভদ্র, আপনি জানেন কি গাড়িটা কার?

বীরক—এই আর্য চারুদত্তের। চালক বলল: বসন্তসেনা ভিতরে আছেন এবং তাকে পুষ্পকরণ্ডককে উদ্যানে নিয়ে যাওয়া হচ্ছে।

শকার—আবার আপনারা (একই কথা) শুনলেন!

বিচারক—হায়, নির্মল জ্যোৎস্নাছড়ানো চাঁদ রাহুগ্রস্ত হল। কূল ভেঙে পড়ায় স্বচ্ছ জল পঙ্কিল হল ॥২৪॥

বীরক, আমরা পরে তোমার অভিযোগ খতিয়ে দেখছি। এখন বিচারালয়ের দুয়োরে যে ঘোড়াটা দাঁড়িয়ে আছে তাতে চড়ে পুষ্পকরণ্ডক উদ্যানে যাও, গিয়ে দেখো সেখানে কোন স্ত্রীলোকের মৃতদেহ পড়ে আছে কিনা।

বীরক—আপনার যা আদেশ। (প্রস্থান করল, প্রবেশ করে)

আমি গিয়েছিলাম সেখানে। সেখানে একটি স্ত্রীলোকের শব দেখলাম, শিয়াল-কুকুরে খাচ্ছে।

শ্রেষ্ঠী ও কায়স্থ—কী করে বুঝলেন স্ত্রীলোকের দেহ?

বীরক—চুল, বাহু হাত ও পায়ের অবশিষ্ট অংশ দেখলাম যে।

বিচারক—হায় ধিক মামলা কী অদ্ভুত জিনিস!

যত সূক্ষ্মভাবে বিচার করতে চাচ্ছি ততোই তা গোলমেলে হয়ে উঠছে। হায়!

আইনের প্রমাণগুলো খুবই স্পষ্ট। গোরু পাঁকে পড়লে যেমন অবসন্ন হয়, আমার বুদ্ধিও সেইরকম অবসন্ন ॥২৫॥

চারুদত্ত—(স্বগত) ফুলের প্রথম প্রস্ফুটনের সময়ে যেমন ভ্রমরেরা মিলিত হয়ে মধু-পান করতে আসে, মানুষের বিপদের সময়েও তেমনি ছিদ্রের মধ্যে দিয়ে অকার্য দ্বিগুণিত হয় ॥২৬॥

বিচারক—আর্য চারুদত্ত, সত্য বলুন।

চারুদত্ত—পরগুণে ঈর্ষান্বিত দুরাশয়, ক্রোধান্ধ ও অন্যের প্রতি জিঘাংসাপরায়ণ কোন মানুষ স্বভাবদোষে যদি মিথ্যাকথা বলে সেটাই কি গ্রাহ্য হবে? তা বিচার করে দেখা হবে না? ॥২৭॥

তা ছাড়া,

যে আমি কুসুমিত লতাকেও ফুল তোলার জন্যে আকর্ষণ করেও ফুল তুলি না, সেই আমি কেমন করে ভ্রমরপক্ষের মতো বর্ণবিশিষ্ট সুদীর্ঘ কেশ আকর্ষণ রোরুদ্যমানা নারীকে হত্যা করব ?॥২৮॥

শকার—বিচারকমশাইরা, আপনারা কি পক্ষপাতিত্ব নিয়ে মামলা পরিচালনা করেন! তা না হলে এই নীচ চারুদত্তকে এখন আসনে বসিয়ে রেখেছেন কেন?

বিচারক—ভদ্র শোধনক, উনি যা বলছেন তাই করো।

(শোধনক তাই করল)

চারুদত্ত—বিচার করুন বিচারকমণ্ডলী, বিচার করুন।

শকার—(স্বগত, সহর্ষে নৃত্য করে) আহা, এই আমি আমার নিজের পাপ অন্যের মাথায় চাপালাম। তাই এখন যে জায়গায় চারুদত্ত বসেছিল সেই জায়গায় বসব। (তাই করে) চারুদত্ত, তাকাও, আমার দিকে তাকাও। বলো, তাহলে বলো যে তুমিই তাকে হত্যা করেছ।

চারুদত্ত—বিচারকমণ্ডল! ('পরগুণে ঈর্ষান্বিত'—৯. ২৭ ইত্যাদি পূর্বোক্ত শ্লোক উচ্চারণ করলেন। দীর্ঘনিঃশ্বাস ফেলে, স্বগত) মৈত্রেয়, এ কী হচ্ছে? আজ তো আমার সর্বনাশ হতে চলেছে। নির্মল দ্বিজকুলে জাতা হায় ব্রাহ্মণী! হায় রোহসেন! আমার বিপদ তুমি দেখছ না। তুমি তো শুধু মিথ্যা খেলা নিয়েই মেতে আছ ॥২৯॥

আমি রোহসেনের খবর নেবার জন্যে মৈত্রেয়কে পাঠিয়েছি, যে গয়নাগুলো তিনি তাকে সোনার খেলনাদি বানাবার জন্যে দিয়েছিলেন তা ফেরৎ দেবার জন্যে। তার দেরি হচ্ছে কেন?

(তারপর অলঙ্কার নিয়ে বিদূষকের প্রবেশ)

বিদূষক—আর্য চারুদত্ত অলঙ্কার দিয়ে আমাকে বসন্তসেনার কাছে পাঠিয়েছেন, বলেছেন—'আর্য মৈত্রেয়, বসন্তসেনা বৎস রোহসেনকে তাঁর নিজের গয়না দিয়ে সাজিয়ে তার মায়ের কাছে পাঠিয়েছেন। তাঁর দেওয়াটা ঠিকই হয়েছে কিন্তু আমরা তো আর নিতে পারি না। তাই এগুলো তাঁকে ফেরৎ দিয়ে এসো।' তাই আমি বসন্তসেনার কাছেই যাচ্ছি। (পরিক্রমা করে, দেখে। আকাশে) এ কী বন্ধু রেভিল যে! তোমাকে এত উদ্বিগ্ন বলে মনে হচ্ছে কেন! (শুনে) কী বললে? প্রিয় বয়স্য চারুদত্তকে বিচারালয়ে ডাকা হয়েছে? তাহলে এ তো

সামান্য ব্যাপারে নিশ্চয়ই নয়। (চিন্তা করে) তাহলে পরে বসন্তসেনার কাছে যাব। আগে বিচারালয়েই যাই। (পরিক্রমা করে, দেখে) এ যে বিচার-মণ্ডপ! যাই ভিতরে প্রবেশ করি। (প্রবেশ করে) কল্যাণ হোক বিচার-মণ্ডলীর। আমার প্রিয় বন্ধু কোথায়?

বিচারক—এই যে তিনি।

বিদূষক—বন্ধু, কল্যাণ হোক।

চারুদত্ত—তাই হোক।

বিদূষক—খবর সব ভালো তো?

চারুদত্ত—তাই হোক।

বিদূষক - বয়স্য! আপনাকে অত্যন্ত উদ্বিগ্ন দেখাচ্ছে যেন। আপনাকে (এখানে) ডাকাই বা হল কেন?

চারুদত্ত—বয়স্য। নৃশংস ও পরলোক সম্বন্ধে অজ্ঞ আমি একটি স্ত্রীলোককে হত্যা করেছি, যিনি রতির সঙ্গে প্রায় অভিন্ন বললেই চলে। বাকিটা ইনি বলবেন ॥৩০॥

বিদূষক—কী? কী?

চারুদত্ত—(কানে কানে) এই, এই।

বিদূষক—কে বলছে একথা?

চারুদত্ত—(ইশারায় শকারকে দেখালেন) মৃত্যুদেবতার হেতুভূত এই নির্দোষ মানুষটি।

বিদূষক—(জনান্তিকে) একথা কেন বলেন নি যে বাড়ি চলে গিয়েছে।

চারুদত্ত—বললেও, আমার অবস্থাদোষের দরুন তা গ্রাহ্য হয় নি।

বিদূষক—ওহে ভদ্রমহোদয়েরা! যিনি উপনগরী, মঠ, উদ্যান, তড়াগ, কূপ এবং যূপ স্থাপন করে উজ্জয়িনীনগরীকে সাজিয়েছেন। তিনি কি, দরিদ্র বলেই, তুচ্ছ অর্থের জন্যে এই কুকর্ম করবেন? (সক্রোধে) ওরে কুলটাপুত্র, রাজশ্যালক সংস্থানক, ওরে উচ্ছৃঙ্খল! নিজের দোষ অন্যের ঘাড়ে চাপিয়ে দিতে ওস্তাদ! ওরে বহু সোনায় সাজা বাঁদর! বল্ বল্ আমার কাছে বল। আমার যে প্রিয়বয়স্য কুসুমিত মাধবীলতাকেও আকর্ষণ করেও পাতা না ছেঁড়ে এই ভয়ে ফুল তোলেন না তিনি কেমন করে এই ইহলোক ও পরলোকের বিরুদ্ধ কুকর্ম করবেন? দাঁড়া, কুট্টনীর-পো, দাঁড়া। আমি তোর মনের মতোই কুটিল এই দণ্ডকাঠ দিয়ে তোর মাথাটাকে শতখণ্ড করছি!

শকার—(সক্রোধে) মশাইরা শুনুন শুনুন্। চারুদত্তের সঙ্গে আমার বিবাদ বা মোকদ্দমা। তাহলে এই কাকের-পায়ের-মতো-মাথাওয়ালা এই লোকটা আমার মাথাটা শতখণ্ড করবে কেন? এ হতে পারে না রে দাসীর-ব্যাটা দুষ্ট বামুন!

(বিদূষক তার দণ্ডকাষ্ঠ উঠিয়ে আগে যা বলেছিল বলল। শকার রাগে উঠে দাঁড়িয়ে তাকে মারল। বিদূষকও শকারকে মারল। দুজনেই মারামারি করতে লাগল। বিদূষকের বগল থেকে গয়নাগুলো পড়ে গেল)।

শকার—সেগুলো নিয়ে, দেখে ভয় পেয়ে)—

দেখুন মশাইরা, দেখুন। এগুলো সেই বেচারীর গয়না। (চারদত্তকে সম্বোধন করে, চারুদত্তকে দেখিয়ে) এই তুচ্ছ অর্থের জন্যে একে মারা হয়েছে।

(বিচারকেরা মুখ নিচু করে থাকলেন)

চারুদত্ত (জনান্তিকে)—ঠিক এই সময়ে দেখা গয়নাগাটিগুলো আমার দুর্ভাগ্যবশ্যই পড়ে গেল এবং আমার সর্বনাশও করবে এরা ॥৩১॥

বিদূষক—আসল কথা কেন বলছেন না ?

চারুদত্ত—বয়স্য—রাজার চোখই দুর্বল, তা কখনও এ ব্যাপারে যা সত্য তাকে দেখাতে পারবে না। বললেও তা হবে নিছক আত্ম-অবমাননা, যা কলঙ্কময় মৃত্যুর মতোই ॥৩২॥

বিচারক—হায় ! কী দুঃখ। মণ্ডলগ্রহ যার বিরোধী এমন অতিদুর্বল বৃহস্পতির পাশে ধূমকেতুর মতো এ আর এক গ্রহ উত্থিত হল[১৪] ॥৩৩॥

শ্রেষ্ঠী ও কায়স্থ—(দেখে। বসন্তসেনার মাকে উদ্দেশ্য করে)
আর্যা, ভালো করে দেখুন তো এই গয়নাগুলো একই কিনা।

বৃদ্ধা—(দেখে) এক রকমই বটে। তবে সেগুলোই নয়।

শকার—আঃ বৃদ্ধ কুট্টনী ? তোমার চোখ দুটো বলে দিয়েছে, তবে তোমার কথা গোপন করার চেষ্টা করেছে।

বৃদ্ধা—তুমি দূর হও, দুষ্ট।

শ্রেষ্ঠী ও কায়স্থ—ঠিক করে বলুন, এগুলো সেগুলোই কিনা।

বৃদ্ধা—শিল্পকুশলতায় আমার দৃষ্টি আকর্ষণ করছে বটে, তবে এগুলো সেগুলো নয়।

বিচারক—ভদ্রে ! এই গয়নাগুলো চিনতে পারেন ?

বৃদ্ধা—আমি তো বলছি, চিনি না, সত্যই চিনি না। একই কারিগর গড়েছে এমনও হতে পারে।

বিচারক—দেখ, শ্রেষ্ঠী, কৃত্রিম আকারে এবং অলঙ্কারের সৌন্দর্যাদিগুণে ভিন্ন জিনিসও একরকম দেখায়। কারণ শিল্পীরা কিছু দেখে তার অনুকরণ করে। শিল্প-কৌশলের দরুনই এই সাদৃশ্য দেখা যায় ॥৩৪॥

শ্রেষ্ঠী ও কায়স্থ—তা হলে ওগুলো আর্য চারুদত্তের।

চারুদত্ত—না, না, আমার নয়।

শ্রেষ্ঠী ও কায়স্থ—তা হলে কার ?

চারুদত্ত—এগুলো এঁর কন্যার।

শ্রেষ্ঠী ও কায়স্থ এগুলো তাঁর দেহবিচ্ছিন্ন হল কী করে ?

চারুদত্ত—এইভাবে গিয়েছে, হ্যাঁ, বলছি—

শ্রেষ্ঠী ও কায়স্থ—আর্য চারুদত্ত, এ ব্যাপারে সত্য বলবেন। দেখুন দেখুন—সত্য-ভাষণেই সুখ পাওয়া যায়, সত্যভাষণে পাপ হয় না। ‘সত্য’ শব্দের দুটি অক্ষর সত্যিই অক্ষর অর্থাৎ অবিনশ্বর। মিথ্যাভাষণে সেই সত্য গোপন করবেন না ॥৩৫॥

চারুদত্ত—এই গয়নাগুলো সেই গয়না কিনা তা জানি না। তবে আমার বাড়ি থেকে আনা হয়েছে তা জানি।

শকার—উদ্যানে প্রবেশ করিয়ে প্রথমে হত্যা করেছ। এখন ছলকপটতা করে তা গোপন করছ।

বিচারক—আর্য চারুদত্ত, সত্য বলুন। এখন নিশ্চিত আপনার সুকুমার অঙ্গে কর্কশ কশাঘাত পড়বে তার সঙ্গে আমাদের মনোরথও পড়বে (মাটিতে ; অর্থাৎ আপনাকে নির্দোষ প্রমাণ করার চেষ্টা হবে ব্যর্থ) ॥৩৬॥

চারুদত্ত—নিষ্পাপদের বংশে জাত আমার মধ্যে পাপ নেই। আর যদি সেই পাপ আমাতে সম্ভব বলে মনেই করা হয় তা হলে নিষ্পাপ হয়েই বা আমার লাভ কী? ॥৩৭॥

(স্বগত) বসন্তসেনাবিরহিত জীবন দিয়েই বা কী করব? (প্রকাশ্যে) ভদ্রমহোদয়েরা, বেশি আর কী বলব? নৃশংস ও ইহকালপরকাল সম্বন্ধে অজ্ঞ আমি তাহলে এই বিশেষ স্ত্রীরত্নটিকে—বাকিটা এ বলবে। ॥৩৮॥

শকার—হত্যা করেছি। বলো আমি মেরেছি।

চারুদত্ত—এই তো তুমিই বললে।

শকার—শুনুন শুনুন মশাইরা, এ-ই মেরেছে। এ নিজেই সংশয় দূর করেছে। এই দরিদ্র চারুদত্তের প্রাণদণ্ড দেওয়া হোক।

বিচারক—শোধনক, এই রাষ্ট্রীয় যেমন বলেছেন তাই করো। হে রাজপুরুষেরা! চারুদত্তকে গ্রেপ্তার কর।

(রাজপুরুষেরা তাই করল)

বৃদ্ধা—প্রসন্ন হোন, মহোদয়গণ। (গচ্ছিত স্বর্ণভাণ্ড রাতে চুরি গেল বলে সম্প্রতি যিনি…ইত্যাদি পূর্বোক্ত কথাগুলো উচ্চারণ করলেন)। যদি মেরেই থাকে আমার কন্যাকে মেরেছে। আয়ুষ্মান বেঁচে থাকুক। তা ছাড়া। বাদীপ্রতিবাদী নিয়ে মামলা। আমি প্রতিবাদিনী। তাই বলছি এঁকে ছেড়ে দিন।

শকার—দূরহ গর্ভদাসী! তোর ওকে দিয়ে কী দরকার?

বিচারক—আর্যে আপনি যান। হে রাজপুরুষেরা, তোমরা এঁকে বাহিরে নিয়ে যাও।

বৃদ্ধা—হায় বাছা! (কাঁদতে কাঁদতে বেরিয়ে গেলেন)

শকার—(স্বগত) আমাকে যা করা উচিত ছিল আমিই উল্টো ওকে তাই করলাম। এখন যাই। (প্রস্থান)

বিচারক—আর্য চারুদত্ত, আমরা শুধু রায় দিতে পারি, বাকিটা নির্ভর করবে রাজার উপর। তবুও শোধনক রাজা পালককে জানাও—

ইনি পাপ করেছেন। কিন্তু মনু বলেছেন বিপ্র অবধ্য। তাই অক্ষত ধনসমেত তাকে রাষ্ট্র থেকে নির্বাসিত করা যেতে পারে ॥৩৯॥

শোধনক—আপনার যা আদেশ।

(নিষ্ক্রান্ত হয়ে আবার প্রবেশ করে। অশ্রুসিক্ত হয়ে)

রাজা পালক বললেন—তুচ্ছ অর্থের জন্য যে বসন্তসেনাকে হত্যা করেছে ঐ গয়নাগুলো তার গলায় বেঁধে দাও এবং ঢেঁড়া পিটিয়ে তাকে দক্ষিণদিকের শ্মশানে নিয়ে গিয়ে অবমাননাকর দণ্ড[১৫] দাও।

চারুদত্ত—রাজা পালক কী অবিমৃষ্যকারী!

অথবা—

এই রকম বিচারব্যবস্থার অগ্নিতে মন্ত্রীরা নিক্ষেপ করার ফলে রাজারা সঙ্গত কারণেই শোচনীয় অবস্থায় পড়েন ॥৪০॥

তা ছাড়া—

যারা সাদা-কাক আছে তা বিশ্বাস করে এবং যারা রাজার প্রশাসন ব্যবস্থাকে দূষিত করে এমন লোকেরা (বিচারকেরা) হাজার হাজার নিষ্পাপকে হত্যা করে এবং করছে ॥৪১॥

বন্ধু মৈত্রেয়, যাও। আমার মাকে আমার শেষ প্রণাম জানাও। আর আমার পুত্র রোহসেনকে পালন করো।

বিদূষক—মূল ছিন্ন হলে পাদপকে আর কে পালন করবে?

চারুদত্ত—না, তা বোলো না।

যারা লোকান্তরিত, পুত্রই তাদের প্রতিনিধি। তাই আমার উপর তোমার যে প্রীতি ছিল আমার পুত্রকেও তাই দিয়ো ॥৪২॥

বিদূষক—হে বন্ধু, দীর্ঘকাল তোমার প্রিয় বন্ধু হয়ে এখন তোমার বিচ্ছেদে আমি প্রাণধারণ করতে পারব কি?

চারুদত্ত—রোহসেনকে একবার দেখিয়ে নিয়ে যাও।

বিদূষক—হ্যাঁ, সেটা ঠিক।

বিচারক—ভদ্র শোধনক, একে[১৬] সরিয়ে নিয়ে যাও। (শোধনক তাই করল)

বিচারক—এখানে কে আছ? চণ্ডালদের আদেশ দাও।

(চারুদত্তকে একা রেখে আর সকলের প্রস্থান)

শোধনক—এদিকে আসুন, আর্য।

চারুদত্ত—(করুণভাবে, 'হে মৈত্রেয়—৯।২১ ইত্যাদি পাঠ করলেন। আকাশে)

আমার বিচারে বিষ, জল, তুলাদণ্ড ও অগ্নিপরীক্ষার প্রার্থনা করার পর সেইভাবে আগে দেখে নিয়ে না হয় আজ আমার দেহে করাত চালানোর আদেশ দিতে।[১৭] কিন্তু (তা না করে যখন) যখন আমার শত্রুর কথার উপর নির্ভর করেই আমাকে হত্যা করছ তখন পুত্র-পৌত্রদের নিয়ে নরকে যাবে ॥৪৩॥

(সকলের প্রস্থান)

॥ 'ব্যবহার' নামে নবম অঙ্ক সমাপ্ত ॥

× × × × × × × × × × × × দশম অঙ্ক × × × × × × × × × × × × ×

(তারপর চারুদত্তের প্রবেশ, সঙ্গে দুটি চণ্ডাল)

দুজনে—আমাদের মতলব তোমরা ধরতে পারছ না? আমরা দুজন বধ বা বন্ধনের জন্যে নতুন নতুন অপরাধীকে নিয়ে যাওয়ায় দক্ষ। শিগ্গির শিগ্গির মুণ্ডু কেটে ফেলায় এবং শূলে চড়ানোয় ওস্তাদ ॥১॥

সরুন মশাইরা, সরুন। এই আর্য চারুদত্ত—

যাঁকে করবীর মালা দেওয়া হয়েছে, যিনি এই আমাদের ঘাতকদুজনের জিম্মায় তেল-ফুরনো দীপের মতো ধীরে ধীরে দীপ্তি হারাচ্ছেন। ॥২॥

চারুদত্ত (সবিষাদে)—

চোখের জলে ভেজা ধুলোয় ধূসরিত শ্মশানের ফুলে বেষ্টিত, রক্তচন্দনে অনুলিপ্ত আমার এই দেহ এখানে কর্কশস্বরে-ডাকতে-থাকা কাকেরা পুজোর নৈবেদ্যের মতো খাবে বলে মনে করছে ॥৩॥

চণ্ডাল-দুজন—মশাইরা, সরুন, সরুন। মৃত্যুরূপ কুঠারে যাকে কাটা হচ্ছে সেই সৎপুরুষকে দেখে আর লাভ কী? সেই সৎপুরুষ হলেন গাছের মতো যে-গাছে সুজনরূপ পাখির বাস ॥৪॥

এসো হে চারুদত্ত, এসো।

চারুদত্ত—পুরুষের ভাগ্য ব্যাপারটা সত্যিই অচিন্তনীয়[১]। কে ভাবতে পেরেছিল আমার এদশা হবে ?

আমার সারা গায়ে রক্তচন্দনের ছাপ এবং পিষ্টচূর্ণের মালা। আমি মানুষ বটে, কিন্তু এখন আমাকে (বলির) পশুই বানানো হয়েছে ॥৫॥

(সামনের দিকে তাকিয়ে) হায় মানুষের ভাগ্যবিপর্যয় কী শোচনীয়। যে-দশায় আমি এসেছি তা দেখে এই নগরবাসীরা 'মর্ত্যের মানুষকে ধিক্' একথা বলে আমাকে বাঁচাতে না পেরে সজল চোখে বলছে—'স্বর্গ লাভ করো' ॥৬॥

চণ্ডাল-দুজন—সরুন, মশাইরা সরুন।

(বিসর্জনের জন্যে) নীয়মান ইন্দ্রধ্বজ, গাভীর প্রসব, তারাদের স্থানচ্যুতি এবং সৎপুরুষদের বিপত্তি—এই চারটি জিনিস দেখা উচিত নয় ॥৭

একজন—ওরে আহীন্ত, দেখ্ দেখ্।

নগরীর যিনি প্রধানস্বরূপ ভাগ্যের নির্দেশে তাঁকে বধ করা হচ্ছে বলে আকাশ কি কাঁদছে অথবা বিনা মেঘে বজ্রপাত হচ্ছে ? ॥৮॥

দ্বিতীয়জন—ওরে গোহ, বিনা মেঘে বজ্রও পড়ছে না, মহিলাবৃন্দরূপ মেঘ থেকে অশ্রু ঝরে পড়ছে অঝোর ধারে ॥৯॥

তাছাড়া—

বধ্যকে নিয়ে যাওয়া হচ্ছে কিন্তু পথের ধুলো উড়ছে না, কারণ—সকলেই কাঁদছে, তাদের চোখের জলে পথ সিক্ত ॥১০॥

চারুদত্ত—(দেখে, করুণভাবে)

সৌধস্থিত নারীরা জানালার অর্ধাংশ দিয়ে মুখ বের করে আমাকে লক্ষ্য করে 'হায় চারুদত্ত' একথা বলে যেন জলনিষ্কাশন প্রণালী দিয়ে অশ্রুধারা বইয়ে দিচ্ছে (অর্থাৎ অঝোরধারে অশ্রুবর্ষণ করছে) ॥১১॥

চণ্ডাল-দুজন—এসো হে চারুদত্ত, এসো। এটা হচ্ছে ঘোষণার স্থান। ঢাক বাজা। ঘোষণা ঘোষিত কর্।

দুজনে—শুনুন, মশাইরা শুনুন। বণিক বিনয়দত্তের নাতি সাগরদত্তের পুত্র এঁর নাম চারুদত্ত। কুকর্মকারী ইনি তুচ্ছ অর্থের জন্যে গণিকা বসন্তসেনাকে পুষ্পকরণ্ডক উদ্যানে এনে বাহুপাশে শ্বাসরোধ করে হত্যা করেছেন, এবং তারপর বা-মাল ধরা পড়েছেন এবং তিনি নিজেই দোষ স্বীকার করেছেন। তারপর রাজা পালক তাঁকে বধ করবার জন্য আমাদের আদেশ দিয়েছেন। যদি অন্য কেউ এই ধরণের অপরাধ করে, যা ইহলোক পরলোক কোন লোকেই মঙ্গলকর নয়, তাহলে তাঁকেও এই দণ্ড দেবেন।

চারুদত্ত—(সবিষাদে, স্বগত)

আগে শতযজ্ঞে পবিত্র আমার যে বংশ যজ্ঞসভায় এবং ভক্তনিবিড় চৈত্যে বেদপাঠে উজ্জ্বল হয়ে থাকত আমার মরণদশায়, এই সব পাপী এবং ভিন্নধর্মী মানুষেরা সেই বংশের নাম ঘোষণাস্থানে উচ্চারণ করছে ! ॥১২॥

(শিউরে উঠে এবং কান ঢেকে)

হা প্রিয়া বসন্তসেনা !

চাঁদের পবিত্র কিরণের মতো শুভ্র তোমার দাঁত, প্রবালের মতো রক্তোজ্জ্বল তোমার অধর। তোর মুখজাত অমৃত পান করে অসহায় আমি কেমন করে (এই) অপযশের বিষ পান করব? ॥১৩॥

দুজনে—সরুন, মশাইরা, সরুন।

এই গুণরত্নের আধার, সজ্জনদের দুঃখ (-নদী) পার হবার সেতু। সোনার তৈরি নয় অথচ (মূল্যবান্‌) অলংকার স্বরূপ এই মানুষটিকে আজ নগরী থেকে নিয়ে যাওয়া হচ্ছে ॥১৪॥

তাছাড়া,

এই সংসারে মানুষ সুখীদের সুখের কথাই ভাবে। কিন্তু বিপন্ন মানুষের হিতকারী সত্যই দুর্লভ ॥১৫॥

চারুদত্ত—(চারদিক দেখে)

পরিচ্ছদের প্রান্ত দিয়ে মুখ ঢেকে বন্ধুরা ঐ দূরে চলে যাচ্ছে। পরও সুখীমানুষের আপনজন হয়ে ওঠে কিন্তু বিপন্নের কেউ বন্ধু হয় না ॥১৬॥

চণ্ডাল-দুজন—(জনতাকে) সরিয়ে দিয়েছি।

রাজপথ এখন নির্জন। তাই বধ্যচিহ্নে চিহ্নিত একে নিয়ে চলো।

(চারুদত্ত নিশ্বাস ফেলে 'মৈত্রেয়, আজ কেন?' ইত্যাদি (৯৷২৯ পাঠ করেন।)

(নেপথ্যে)

হায় পিতা! হায় প্রিয় বন্ধু!

চারুদত্ত—(শুনে, করুণভাবে)। হে স্বজাতিশ্রেষ্ঠ, তোমারে কাছ থেকে আমি একটি অনুগ্রহ প্রার্থনা করি।

চণ্ডাল-দুজন—কী! আমাদের হাত থেকে তুমি দান নেবে।

চারুদত্ত—ভগবান্‌ না করুন। তবে চণ্ডাল না-দেখে-বিচার-করা দুরাচার পালকের মতো (অত মন্দ) নয়। পরলোকে শান্তির জন্যে আমি ছেলের মুখ দেখতে চাই।

চণ্ডাল-দুজন—তা করতে পারো।

(নেপথ্যে)

হায় পিতা! হায়!

চারুদত্ত শুনে করুণভাবে ('হে স্বজাতিশ্রেষ্ঠ' ইত্যাদি পাঠ)

চণ্ডাল-দুজন—হে পুরবাসিগণ, একটু পথ, এই আর্য চারুদত্ত ছেলের মুখ দেখুন।

(নেপথ্যের দিকে চেয়ে) আর্য! এদিকে আসুন, এদিকে আসুন।

(তারপর পুত্রসহ বিদূষকের প্রবেশ)

বিদূষক—তাড়াতাড়ি করো, তাড়াতাড়ি করো বাছা। তোমার পিতাকে বধ করতে নিয়ে যাওয়া হচ্ছে।

বালক—হায় তাত, হায় পিতা!

বিদূষক—হায় প্রিয়বয়স্য! আমি আবার কোথায় তোমাকে দেখব?

চারুদত্ত—(পুত্র ও মিত্রকে দেখে) হায় পুত্র, হায় মৈত্রেয়। (করুণভাবে) কী কষ্ট! পরলোকে দীর্ঘকাল আমাকে পিপাসিত থাকতে হবে, কারণ মৃত্যুর পর আমার জলাঞ্জলি খুব সামান্যই হবে, (কারণ বালকের হাতদুটো যে খুবই ছোটো) ॥১৭॥

ছেলেকে কী দেব আমি ? (নিজের দিকে তাকিয়ে, যজ্ঞোপবীত দেখে)
হ্যাঁ, একটা জিনিস তো আমার আছে—
মুক্তোর তৈরি নয়, সোনার তৈরি নয়, কিন্তু যা ব্রাহ্মণদের অলংকারস্বরূপ, যা দিয়ে দেবতা এবং পিতৃপুরুষদের অংশ (দেববলি এবং পিতৃপিণ্ডাদি) দান করা হয় (এই ব'লে যজ্ঞোপবীত দিলেন) ॥১৮॥

চণ্ডাল-দুজন—এসো হে চারুদত্ত এসো।

দ্বিতীয়—ওরে তুই আর্য চারুদত্তকে সম্মানবোধক পদ[২] ছাড়া শুধু নাম ধরে ডাকছিস ? দেখ্—
উত্থান ও পতনে, দিনে ও রাতে অপ্রতিরোধ্য গতিতে উদ্দাম কিশোরীর[৩] মতোই নিয়তি পুরুষের অনুসরণ করে ॥১৯॥
তাছাড়া—
তাঁর মর্যাদাদ্যোতক পদবীগুলো কি লুপ্ত হয়েছে ? তাঁর কাছে কি মাথা নত করা উচিত নয় ? রাহুগ্রস্ত চাঁদ কি মানুষের বন্দনীয় নয় ! ॥২০॥

বালক—ওগো চণ্ডালেরা তোমরা আমার বাবাকে কোথায় নিয়ে যাচ্ছ ?

চারুদত্ত—বৎস !
গলায় করবীর মালা, কাঁধে শূল ও হৃদয়ে শোক ধারণ করে যজ্ঞে যূপকাষ্ঠের কাছে নিয়ে যাওয়া ছাগের মতো আজ আমি (চণ্ডালের পিছে পিছে) বধ্যভূমিতে[৪] যাচ্ছি ॥২১॥

চণ্ডাল—বালক !
আমরা দুজন চণ্ডালকুলে জাত হলেও চণ্ডাল নই। চণ্ডাল সেই পাপীরা যারা সজ্জনের নিগ্রহ করে ॥২২॥

বালক—তাহলে আমার বাবাকে তোমরা হত্যা করতে চলেছ কেন ?

চণ্ডাল—হে দীর্ঘায়ু, এ ব্যাপারে রাজার আদেশই দোষী, আমরা নই।

বালক—আমাকে বধ করো। বাবাকে ছেড়ে দাও।

চণ্ডাল—হে দীর্ঘায়ু। একথা ব'লে তুমি (আরও) দীর্ঘজীবী হও।

চারুদত্ত—(অশ্রুসিক্ত হয়ে পুত্রকে কণ্ঠে নিয়ে)
এ (পুত্র) হল সেই স্নেহসর্বস্ব জিনিস যা যেমন ধনীর তেমনি নির্ধনের।
হল হৃদয়ের অনুলেপন, যদিও তাতে চন্দনও নেই, উশীরও নেই ॥২৩॥
('গলায় করবীর মালা'—২০।২১ ইত্যাদি শ্লোক আবার পাঠ করলেন। দেখে, স্বগত। 'পরিচ্ছদের প্রান্ত দিয়ে' ১।১৬ ইত্যাদি শ্লোক আবার পাঠ করলেন।)

বিদূষক—হে ভদ্রমুখ! আপনারা আমার প্রিয়বয়স্য চারুদত্তকে ছেড়ে দিন। আমাকে হত্যা করুন।

চারুদত্ত—ঈশ্বর না করুন ! (দেখে, স্বগত) আজ বুঝছি। ('পরও'—১০।১৬ ইত্যাদি পাঠ করলেন। প্রকাশ্যে সৌধগত—১০।১০ ইত্যাদি শ্লোক আবার পাঠ করলেন)

চণ্ডাল—সরুন, মশাইরা, সরুন। অযশের ভয়ে যে সজ্জন জীবনের আশা ত্যাগ করেছেন, যিনি দাঁড়িছেঁড়া সোনার কলসির মতো কুয়োয় ডুবছেন তাকে দেখছেন কেন ? ॥২৪॥

আর-একজন—ওরে, আবার ঘোষণা কর্। (চণ্ডাল তাই করল)

চারুদত্ত—প্রতিকূল দৈবের বশে আমি তো এই শোচনীয় অবস্থায় এসেছি। যার চরম ফল আমার জীবনান্ত। কিন্তু সেই ঘোষণাটি আমাকে অত্যন্ত পীড়া দিচ্ছে যে-ঘোষণাটিতে আমাকে শুনতে হবে তাকে (আমার প্রিয়তমাকে) আমি হত্যা করেছি ॥২৫॥

(তারপর প্রাসাদস্থ বন্ধ স্থাবরকের প্রবেশ)

স্থাবরক—(ঘোষণা শুনে বেদনার্তভাবে) একি, নিষ্পাপ চারুদত্তকে বধ করা হচ্ছে? প্রভু আমাকে শিকলে বেঁধে রেখেছে। যাক চিৎকার করি—শুনুন, মহোদয়েরা, শুনুন! ব্যাপারটা এই—এই পাপী আমি যান-পরিবর্তনের ফলে বসন্তসেনাকে পুষ্পকরণ্ডক নামে জীর্ণ উদ্যানে এনেছিলাম। তারপর আমার প্রভু 'আমাকে চাইলি না' এই বলে বাহুপাশে সবলে এঁকে হত্যা করেছেন, এই আর্য নন। কী! দূর থেকে বলছি বলে কেউ শোনে নি? কী যে করি? লাফিয়ে পড়ি তবে। (চিন্তা করে) যদি তাই করি তাহলে আর্য চারুদত্তকে বধ করা হবে না। যা হোক এই প্রাসাদের নতুন বানানো উঁচু চত্বর থেকে ভাঙা জানালা দিয়ে লাফিয়ে পড়ি। আমি মরলে কিছু এসে যায় না। কিন্তু কুলপুত্ররূপ পক্ষিনিবাস আর্য চারুদত্তের মরা কিছুতেই চলবে না। এভাবে যদি আমি মরিও তাহলে আমার পরলোকে (স্বর্গলাভ) তো হবে। (লাফিয়ে পড়ে) আশ্চর্য! আমি মরি নি। আমার ডাণ্ডাবেড়ীও শৃংখল খুলে গিয়েছে। এবারে চণ্ডালদের ঘোষণাস্থানটি খুঁজি। (দেখে এবং কাছে গিয়ে) ওহে চণ্ডালেরা, যেতে দাও, যেতে দাও।

চণ্ডাল-দুজন—আরে? কে জায়গা ছাড়তে বলছে?

(চেট—শুনুন, শুনুন এই কথা শুনে আবার বলল)

চারুদত্ত—এ কি! এমন (অ-) সময়ে আমি যখন কালপাশে আবদ্ধ তখন, শস্য অনাবৃষ্টিতে বিপন্ন হলে দ্রোণমেঘের[৫] মতো কে উদিত হল?॥২৬॥

আপনারা শুনলেন তো? আমি মৃত্যুভীত নই, যশ কলঙ্কিত হল বলেই আমার দুঃখ। আমি নির্দোষ প্রমাণিত হলে মৃত্যু আমার কাছে হবে পুত্রজন্মের মতো (আনন্দপ্রদ) ॥২৭॥

তা ছাড়া—

তার সঙ্গে শত্রুতা না করলেও নীচ এবং অল্পবুদ্ধি সে (শকার) আমাকে কলঙ্কিত করল। দূষিত সে বিষাক্ত শরে যেন আমাকেও দূষিত করল ॥২৮॥

চণ্ডাল-দুজন—স্থাবরক! তুমি সত্যি বলছ?

চেট—সত্যি। আমাকেও 'কাউকেই কিছু বলতে পারবে না' এই মনে করে প্রাসাদের নতুনগড়া প্রতোলিতে ডাণ্ডাবেড়ী দিয়ে আবদ্ধ করে রেখেছিল।

(প্রবেশ করে)

শকার—(সহর্ষে) আমার বাড়িতে আমি টক-টক-তেতো তেতো মাংস, শাক এবং মাছের ঝোল, পিঠে আর গুড়ের পায়েস দিয়ে ভাত খেয়েছি[৬] ॥২৯॥

(কান দিয়ে) ফাটা কাঁসার আওয়াজের মতো খনখনে চণ্ডালের গলার স্বর কানে আসছে। যে রকম ঢেঁড়া আর ঢাকের বাদ্য শুনছি তাতে মনে হচ্ছে দরিদ্র চারুদত্তকে বধ্যভূমিতে নিয়ে যাওয়া হচ্ছে। তাই দেখি। শত্রুবিনাশে, সত্যি

কথা বলতে কি, আমার মনে দারুণ আনন্দ হচ্ছে। কোন বিষাক্ত গুল্মের মধ্যে লুকনো পোকার মতো, আমি বুদ্ধি করে দরিদ্র চারুদত্তের বিনাশ করলাম। এখন নিজের প্রাসাদের নতুন বানানো উঁচু চত্বরে উঠে নিজের পরাক্রম দেখব। (তাই করে এবং দেখে) হা হা! গরিব চারুদত্তকে বধ্যভূমিতে নিয়ে যাবার সময় যদি এমন লোকের ভিড় হয় তাহলে আমার মতো লোককে যখন বধ্যভূমিতে নিয়ে যাওয়া হবে তখন কী দারুণ ভিড় হবে? (দেখে) এই যে তাকে নতুন ষাঁড়ের মতো সাজিয়ে দক্ষিণ দিকে নিয়ে যাওয়া হচ্ছে। কিন্তু আমার প্রাসাদের নতুন গড়া উঁচু চত্বরের কাছে হঠাৎ ঘোষণা হতেই তা থামিয়ে দেওয়া হল কেন? (দেখে) এ কী! স্থাবরক চেটও দেখি এখানে নেই? সে-ই এখান থেকে গিয়ে গুপ্ত কথা প্রকাশ করে দেয় নি তো? একেই বরং খুঁজে দেখি। (নেমে এগিয়ে গেল)

চেট—(দেখে) মহোদয়গণ, এই তিনি এসেছেন।

চণ্ডাল-দুজন—সরে যাও, জায়গা দাও। দুয়োর বন্ধ করো। চুপ করে থাকে। কারণ ঐ যে ঔদ্ধত্যের শিং উঁচিয়ে ক্ষ্যাপা ষাঁড় আসছে! ॥৩০॥

শকার—ওহে জায়গা ছাড়ো জায়গা ছাড়ো। (এগিয়ে) পুত্র, স্থাবরক, এসো আমরা যাই।

চেট—অনার্য তুমি বসন্তসেনাকে হত্যা করেই খুশি হও নি, এখন হত্যা করতে চাও, চারুদত্তকে যিনি প্রাণিজনের কল্পতরুর মতো।

শকার—রত্নকুলের মতো[1] আমি (অর্থের জন্যে) স্ত্রী হত্যা করি না।

সকলে—হ্যাঁ, তুমিই হত্যা করেছ। আর্য চারুদত্ত হত্যা করেন নি।

শকার—একথা কে বলছে?

সকলে—(চেটকে দেখিয়ে) এই সজ্জন ব্যক্তি বলছে।

শকার—(ভীত হয়ে স্বগত) হায়। স্থাবরক চেটকে আমি ভালো করে বেঁধে রাখিনি কেন? সেই আমার কুকর্মের সাক্ষী। (প্রকাশ্যে) মহোদয়গণ! এ মিথ্যা। কারণ আমার এ দাসটি যখন আমার সোনা চুরি করেছিল তখন তাকে আমি মেরেছি, আঘাত করেছি এবং বেঁধে রেখেছি। এখন এইভাবে শত্রু হয়ে উঠেছে বলে যে যা বলবে তাই হবে সত্যি? (আড়ালে চেটকে সোনার বালা দিয়ে ফিস্ ফিস্ করে) পুত্র স্থাবরক, চেট এটা নিয়ে অন্য কথা বল্।

চেট—(গ্রহণ করে) দেখুন দেখুন, মশাইরা, ইনি সুবর্ণের লোভ দেখাচ্ছেন।

শকার—(বালা কেড়ে নিয়ে) এই বালার জন্যেই ওকে শিকলে বেঁধে রেখেছিলাম। (সক্রোধে) ওহে চণ্ডালেরা, আমার সোনা চুরি করার সময় আমি সত্যিই তাকে মেরেছি এবং পিটিয়েছি। আমার কথা যদি বিশ্বাস না করেন, তাহলে তার পিঠ দেখতে পারেন।

চণ্ডাল—(দেখে) ইনি (শকার) যা বলছেন তা ঠিকই। বিক্ষুব্ধ হলে ভৃত্য কী না বলে?

চেট—হায়, দাসত্ব কী দারুণ অভিশাপ, দাসের কথা কেউ বিশ্বাস করে না। (করুণ-ভাবে) আর্য চারুদত্ত, এইটুকুই করতে পারলুম শুধু। (এই বলে পায়ে পড়ল)

চারুদত্ত—(করুণভাবে) ওঠো, তুমি বিপন্ন সজ্জনের প্রতি করুণা করেছ, হে ধর্মশীল,

তুমি অকারণ বন্ধু হয়েই এসেছিলে! আমার মুক্তির জন্যে তুমি অনেক চেষ্টা করলে। দৈব সায় দিল না, আজ তুমি কীই-বা না করলে?॥৩১॥

চণ্ডাল-দুজন—ভদ্র, এই চেটকে মেরে তাড়াও।

শকার—দূর হ' তুই (তাড়ালে)। ওহে চণ্ডাল, তোমরা দেরি করছ কেন, একে বধ করো।

চণ্ডাল—যদি তাড়া থাকে, আপনি নিজেই মারুন না।

রোহসেন—ওগো চণ্ডালেরা তোমরা আমাকে মারো, বাবাকে ছেড়ে দাও।

শকার—ছেলেকে শুদ্ধ একে বধ করো।

চারুদত্ত—এ মূর্খ সব পারে। বাছা, তুমি মায়ের কাছে যাও।

রোহসেন—আমি গিয়ে কী করব?

চারুদত্ত—বৎস, আজ তুমি মাকে নিয়ে কোন আশ্রমে[৮] যাও, পিতৃদোষে তোমারও এমন দশা না হয় ॥৩২॥

বয়স্য, একে নিয়ে যাও।

বিদূষক—বন্ধু, তোমাকে ছাড়া আমি প্রাণধারণ করব তোমার কি ধারণা?

চারুদত্ত—তোমার জীবন তোমার আয়ত্তে। তাই তাকে ত্যাগ করা তোমার উচিত হবে না।

বিদূষক—(স্বগত) একথা ঠিক। তবুও প্রিয় বন্ধু-বিরহিত হয়ে প্রাণধারণ করতে পারছি না। তাই আমি ব্রাহ্মণীর কাছে, ছেলেকে সমর্পণ করে প্রাণত্যাগ করে প্রিয় বন্ধুর অনুগমন করব। (প্রকাশ্যে) বন্ধু, একে আমি এক্ষুণি নিয়ে যাচ্ছি।

(সে চারুদত্তকে কণ্ঠে আলিঙ্গন করল এবং পায়ে পড়ল)

(ছেলেটিও কাঁদতে কাঁদতে পায়ে পড়ল)

(চারুদত্ত ভীতির অভিনয় করলেন)

চণ্ডাল-দুজন—পুত্রসহ চারুদত্তকে বধ করো রাজা আমাদের এমন আদেশ দেন নি। চলে যাও বালক, চলে যাও। (নিষ্ক্রান্ত করালো) এই হল তৃতীয় ঘোষণার স্থান। ঢেঁড়ায় আঘাত করো। (আবার ঘোষণা করল)

শকার—(স্বগত) ব্যাপার কী! নাগরিকেরা দেখি এটা বিশ্বাস করছে না? (প্রকাশ্যে) ওহে নচ্ছার চারুদত্ত, পুরবাসীরা বিশ্বাস করছে না, তাই নিজের জিভ দিয়েই বলো 'বসন্তসেনাকে হত্যা করেছি'। (চারুদত্ত নীরব রইলেন) ওরে চণ্ডাল, শুনছ? বজ্জাত চারুদত্ত কথা বলছে না। তাই তোমার ঢাকের কাঠি এই জীর্ণ বাঁশের টুকরোটা দিয়েই একে বারবার মেরে বলাও।

চণ্ডাল—(প্রহারের জন্যে হাত তুলে) ওহে চারুদত্ত, বলো!

চারুদত্ত—(করুণভাবে) বিপদরূপ মহাসমুদ্রের এই গভীর জলে পড়েও আমার মনে কোন ভয় বা বিষাদ নেই। এই লোকনিন্দার আগুনই আমাকে দগ্ধ করছে যে এখন আমাকে বলতে হবে 'আমিই প্রিয়াকে হত্যা করেছি' ॥৩৩॥

(শকার আবার তা-ই বলতে লাগল)

শকার—পুরবাসিগণ! ('নৃশংস আমি তাকে'—৯।৩০।৩৮ ইত্যাদি শ্লোক আবার পাঠ করলেন)

চারুদত্ত—'হত্যা করেছি।'

শকার—তাই হোক।

প্রথম-চণ্ডাল—ওরে আজ তোরই বধ করারপালা।
দ্বিতীয়-চণ্ডাল—ওরে, তোর।
প্রথম-চণ্ডাল—ওরে, আঁচড় কেটে দেখি। (নানারকম আঁচড় কেটে) ওরে, যদি আমারই বধ করার পালা হয় তা হলে একটু অপেক্ষা কর্।
দ্বিতীয়-চণ্ডাল—কেন?
প্রথম-চণ্ডাল—স্বর্গে যাবার সময় আমার পিতা আমাকে বলেছিলেন—পুত্র বীরক, যদি তোমারই বধ করবার পালা হয় তাহলে সহসা বধ্যকে বধ কোরো না।
দ্বিতীয়-চণ্ডাল—কেন বল্ তো শুনি?
প্রথম-চণ্ডাল—কখনও কোন সজ্জন যদি অর্থ দিয়ে বধ্যকে মুক্ত করেন। কখনও রাজার পুত্র হলে আনন্দোৎসবের জন্যে সমস্ত বধ্যের মুক্তি হতে পারে। কখনও হাতি বন্ধন ভাঙলে যে চাঞ্চল্য দেখা দেয় তাতে বধ্য মুক্ত হতে পারে। কখনও বা রাজার পরিবর্তন ঘটে, তাতেও সমস্ত বধ্যের মুক্তি হতে পারে।
শকার—কী কী? রাজার পরিবর্তন?
চণ্ডাল—ওরে, তাহলে বধ করবার পালা আমাদের কার কখন সেটা লিখে ফেলা যাক।
শকার—ওরে, এক্ষুনি বধ কর্ চারুদত্তকে।
চণ্ডাল—আর্য চারুদত্ত, রাজার আদেশই অপরাধী, আমরা চণ্ডালরা নই। তাই যা স্মরণ করার তা স্মরণ করো।
চারুদত্ত—ক্ষমতাবান পুরুষদের বাক্যে ভাগ্যদোষে যদিও কোনভাবে আমি দোষী সাব্যস্ত হয়েছি তবুও যদি ধর্মের কোন প্রভাব থাকে তা হলে তিনি (বাসবদত্তা) সুরলোকেই থাকুন বা যেখানেই থাকুন তিনি নিজগুণে আমার কলঙ্ক ক্ষালন করুন ॥৩৪॥
ওহে, আমাকে এখন কোথায় যেতে হবে?
চণ্ডাল—(সামনের পথ দেখিয়ে) এই যে দক্ষিণ-শ্মশান দেখা যাচ্ছে যা দেখলেই বধ্যেরা তৎক্ষণাৎ (ভয়ে) মরে। দেখ দেখ—
উঁচুদিকে শরীর-তোলা শিয়ালেরা শূলে ঝোলানো শরীরটাকে টানছে, আর (উপর দিকের) বাকি অংশ বিকট হাসির রূপান্তর বলে মনে হচ্ছে ॥৩৫॥
চারুদত্ত—হায়, হতভাগ্য আমার সর্বনাশ হল!
শকার—এখন যাব না। হত্যা করা হচ্ছে এমন অবস্থায় চারুদত্তকে দেখে যাব।
(পরিক্রমা করে দেখে) এ কী, বসে পড়ল যে!
চণ্ডাল—চারুদত্ত, ভয় পেলে কী?
চারুদত্ত—(হঠাৎ উঠে) মূর্খ।
(আমি মৃত্যু ভীত নই…১০।২৭ ইত্যাদি শ্লোক পাঠ করলেন)
চণ্ডাল—আর্য চারুদত্ত, আকাশতলবাসী চন্দ্রসূর্যও বিপন্ন হন, মরণভীরু মানুষজনের কথা আর কী বলব? এ সংসারে কেউ উঠে তারপর পড়ে, কেউ-বা পড়ে তারপর ওঠে!
শব উঠে আবার প'ড়ে বসনত্যাগের প্রক্রিয়াটা দেখিয়ে দেয়। একথা মনে রেখে নিজেকে আশ্বস্ত করো ॥৩৬॥
(দ্বিতীয় চণ্ডালের প্রতি) এটি হল চতুর্থ ঘোষণা স্থান। তাই ঘোষণা করি।

(আবার সেই-ভাবেই ঘোষণা করল)।

চারুদত্ত—হায় প্রিয়া বসন্তসেনা! (চাঁদের মতো পবিত্র—১০।১৩ ইত্যাদি শ্লোক আবার পাঠ করলেন)

(তারপর সন্ত্রস্তা বসন্তসেনা ও ভিক্ষুর প্রবেশ)

ভিক্ষু—আশ্চর্য। অস্থানে মূর্ছিতা বসন্তসেনাকে আশ্বস্ত করে সঙ্গে নিয়ে যেতে যেতে আমি সন্ন্যাসগ্রহণে কৃতকৃত্য হলাম। উপাসিকা! আপনাকে কোথায় নিয়ে যাব?

বসন্তসেনা—আর্য চারুদত্তের বাড়িতে। চন্দ্রতুল্য তাকে দেখিয়ে আমাকে কুমুদিনীর মতো আনন্দ দিন।

ভিক্ষু—(স্বগত) কোন্ পথ দিয়ে যাব? (চিন্তা করে) রাজপথ দিয়েই যাই। উপাসিকা, আসুন। এই রাজপথ। (শুনে) এ কী! এই রাজপথে তুমুল কোলাহল শোনা যাচ্ছে কেন?

বসন্তসেনা—(সামনে দেখে) সামনে বিপুল জনতা যে! আর্য! ব্যাপার কী জানুন তো। উজ্জয়িনী যেন একটা জায়গায় উঁচু হয়ে উঠেছে, পৃথিবী যেন অসম ভারে ভারাক্রান্তা হয়েছেন?

চণ্ডাল—এই হচ্ছে শেষ ঘোষণাস্থান। ঢেঁড়ায় আঘাত হান্, ঘোষণা কর্। (তাই করে) ওহে চারুদত্ত, প্রস্তুত হও, ভয় পেও না, এক্ষুনি তোমাকে বধ করা হবে। হে দেবতারা!

ভিক্ষু—(শুনে সন্ত্রস্ত হয়ে) উপাসিকা, আপনাকে চারুদত্ত হত্যা করেছে এই বলে চারুদত্তকে বধ করতে নিয়ে যাওয়া হচ্ছে।

বসন্তসেনা—(সন্ত্রস্ত হয়ে) হায় ধিক্, হায় ধিক্। হতভাগিনী আমার জন্যে চারুদত্তকে বধ করা হচ্ছে। শিগ্‌গির শিগ্‌গির পথ দেখিয়ে দিন।

ভিক্ষু—উপাসিকা, জীবিত অবস্থায় আর্য চারুদত্তকে আশ্বস্ত করতে শিগ্‌গিরই চলুন শিগ্‌গিরই চলুন।

বসন্তসেনা—জায়গা দিন, জায়গা দিন।

চণ্ডাল—আর্য চারুদত্ত প্রভুর আদেশই অপরাধী আমরা নই। তাই যা স্মরণ করার তাই স্মরণ কর।

চারুদত্ত—কী আর বলব? (ক্ষমতাবান্ পুরুষদের—১০-৩৪ ইত্যাদি শ্লোক আবার পাঠ করলেন)

চণ্ডাল—(খড়্গ আকর্ষণ করে) চিৎ হয়ে সোজা হয়ে থাকে, এক কোপে তোমাকে স্বর্গে পাঠাব। (চারুদত্ত সেইভাবে থাকলেন)।

চণ্ডাল—(প্রহারে উদ্যত। কিন্তু হাত থেকে খড়্গপতনের অভিনয় করে) একী!

যদিও আমি সরোষে বাঁট ধরে এটি আকর্ষণ করে মুষ্টিতে ধারণ করেছি তবু বজ্রতুল্য এই খড়্গ কেন মাটিতে পড়ে গেল? ॥৩৭॥

এমন যখন হল তখন মনে হচ্ছে আর্য চারুদত্তকে নিহত হতে হবে না। সহ্য-বাসিনী ভগবতী!* অনুগ্রহ করো! চারুদত্তের যদি মুক্তি হয় তাহলে তুমি চণ্ডালকুলকে অনুগৃহীত করবে।

অপরজন—যা আদেশ তাই করব।

(দুজনে চারুদত্তকে শূলে চড়াতে চাইল)

(চারুদত্ত ক্ষমতাবান্ পুরুষদের—ইত্যাদি শ্লোক পাঠ করলেন।)

ভিক্ষু ও বসন্তসেনা—(দেখে) ভদ্রমহোদয়েরা! এমন যেন না হয়, এমন যেন না হয়। মহোদয়েরা, এই আমি সেই হতভাগিনী যাঁর জন্যে (ওঁকে) বধ করা হচ্ছে।

চণ্ডাল—(দেখে) কেশভার কাঁধে লুটিয়ে পড়া এই মহিলাটি আবার কে, যিনি হাত তুলে 'না, না, এমন যেন না হয়' বলতে বলতে দ্রুত এদিকেই আসছেন? ॥৩৮॥

বসন্তসেনা—আর্য চারুদত্ত, এ কী হল? (এই বলে পায়ে পড়লেন)

চণ্ডাল—সভয়ে সরে গিয়ে) এ কী! এ বসন্তসেনা? আমাদের কী ভাগ্য যে আমরা একজন নির্দোষ মানুষকে বধ করি নি।

ভিক্ষু—(উঠে) আহা চারুদত্ত বেঁচে আছেন।

চণ্ডাল—শতবর্ষ বাঁচবেন।

বসন্তসেনা—(সহর্ষে) আমিও যেন পুনর্জীবিতা হলাম।

চণ্ডাল—যাই এ ঘটনা যজ্ঞবাটিকায়-গত রাজাকে জানাই। (নিষ্ক্রমণ)

শকার—(বসন্তসেনাকে দেখে সন্ত্রাসে) আশ্চর্য! গর্ভদাসীকে বাঁচাল কে? আমার প্রাণ গেল তাহলে! যাক—পালাই। (পালাল)

চণ্ডাল—(এগিয়ে এসে) রাজা আমাদের এই আদেশ দিয়েছিলেন 'যে তাকে (বসন্তসেনাকে) বধ করেছে তাকে বধ করো'। তাহলে রাষ্ট্রিয় শ্যালককেই এবারে খুঁজি আমরা। (নিষ্ক্রান্ত)

চারুদত্ত—(সবিস্ময়ে) শস্ত্র যখন উদ্যত, আমি যখন মৃত্যুর মুখগহ্বরে তখন অনাবৃষ্টিহত শস্যে দ্রোণ-মেঘের বৃষ্টির মতো কোন্ নারী এলো? ॥৩৯॥

(দেখে) একি দ্বিতীয় বসন্তসেনা? না কি সেই বসন্তসেনা যে স্বর্গ থেকে নেমে এলো? না কি আমার ভ্রান্ত মন তাকে এইভাবে দেখছ? অথবা এমন কি হতে পারে যে বসন্তসেনা আদো মরেই নি, সেই বসন্তসেনাই এসেছে? ॥৪০॥

অথবা—

সে কি আমাকে জীবন দান করতে স্বর্গ থেকে এল? না কি এ অন্য কেউ এল, আকৃতিতে যে তারই মতো? ॥৪১॥

বসন্তসেনা—(সাশ্রুনেত্রে উঠে পায়ে পড়ল) আর্য চারুদত্ত, আমিই সেই পাপিনী যার জন্যে তুমি এই অবস্থায় এসেছ।

(নেপথ্যে)

আশ্চর্য আশ্চর্য! বসন্তসেনা জীবিত! (সকলে একথার পুনরুক্তি করল)

চারুদত্ত—(শুনে সহসা উঠে স্পর্শসুখ অভিনয় করে নিমীলিত চোখে আনন্দে গদ্‌গদস্বরে) তুমিই বসন্তসেনা?

বসন্তসেনা—আমিই সেই হতভাগিনী।

চারুদত্ত—(সহর্ষে) হ্যাঁ, বসন্তসেনাই। (সহর্ষে) আমি যখন মৃত্যুর কবলে তখন অশ্রুধারায় স্তনযুগলকে স্নান করিয়ে, বিদ্যার[১০] মতো তুমি কোথা থেকে এলে? ॥৪২॥

প্রিয়া বসন্তসেনা!

আমার যে-দেহ তোমার কারণেই বিনষ্ট হচ্ছিল তা আবার তুমিই বাঁচালে। প্রিয়

প্রিয় মিলনের কী প্রভাব। না হলে যে মৃত সে কখনও আবার বেঁচে ওঠে ?॥৪৩॥

তা ছাড়া, প্রিয়ে দেখ—

সেই রক্ত বস্ত্র এবং মালা বধূমিলনে বরের সজ্জার মতোই দেখাচ্ছে। আর এই বধ্য পটহের বাদ্য যেন বিবাহের পটহবাদ্যের মতোই হল ॥৪৪॥

বসন্তসেনা—তোমার অতি-ঔদার্যে তুমি কেমন করে নিজেকে এ অবস্থায় আনলে ?

চারুদত্ত—প্রিয়ে, তোমাকে আমি হত্যা করেছি—এই বলে আমার প্রবল শত্রু পূর্ববন্ধ শত্রুতায় নিজে নরকে যেতে যেতে আমাকে এই অবস্থায় ফেলেছে ॥৪৫॥

বসন্তসেনা—(কান ঢেকে) ভগবান না করুন। সেই রাজশ্যালকই আমাকে হত্যা করেছিল।

চারুদত্ত—(ভিক্ষুকে দেখে) ইনি কে ?

বসন্তসেনা—সেই অনার্য আমাকে হত্যা করল আর আর্য আমাকে জীবন দান করলেন।

চারুদত্ত—নিঃস্বার্থ বন্ধু কে আপনি ?

ভিক্ষু—আপনি আমাকে চিনতে পারেন নি। আমিই আপনার চরণসংবাহনার ভার নিয়েছিলাম, আমার নাম সংবাহক। জুয়াড়ীরা আমাকে ধরেছিল কিন্তু এই উপাসিকা আমি আপনার সেবক জেনে একটি অলংকার দিয়ে আমাকে ছাড়িয়ে নিলেন। তারপর জুয়ায় বিরক্ত হয়ে আমি বৌদ্ধ ভিক্ষু হয়েছি। এই আর্যা, শকট-বিপর্যয়ে পুষ্পকরণ্ডক উদ্যানে গিয়েছিলেন। এবং সেখানে সেই দুশ্চরিত্র 'আমাকে গণ্য করলে না' এই বলে বাহুপাশে শ্বাসরোধ করে তাকে হত্যা করলেন। এই অবস্থায় আমি এঁকে দেখলাম।

(নেপথ্যে কলরব)

দক্ষযজ্ঞবিনাশক বৃষভকেতুর[১১] জয় হোক, তারপর জয় হোক ক্রৌঞ্চপর্বতবিদারক ক্রৌঞ্চরিপু কার্তিকেয়ের,[১২] তারপর জয় হোক আর্যকের, যিনি প্রবল শত্রুকে বধ করেছেন এবং সমগ্র বসুন্ধরাকে জয় করেছেন, যার (যে বসুন্ধরার) শুভ্র পতাকা হল কৈলাসপর্বত ॥৪৬॥

(হঠাৎ প্রবেশ করে)

শর্বিলক—হে পুরবাসিরা ! সেই দুষ্ট রাজা পালককে হত্যা করে তার রাজ্যে আর্যকে অভিষিক্ত করে, তারই শেষ আজ্ঞা মাথায় নিয়ে আমি (এখন) বিপন্ন চারুদত্তকে মুক্ত করব ॥৪৭॥

সেই শক্তি ও সুমন্ত্রণাহীন শত্রুকে বধ করে উৎকর্ষবলে সমস্ত পুরবাসীকে আশ্বস্ত করে, আমরা শত্রুর সমগ্র রাজ্য সার্বভৌমত্বসহ জয় করেছি, এ যেন ইন্দ্রেরই নিজের রাজ্য ॥৪৮॥

(সামনে দেখে) যা হোক। যেখানে লোক জমা হয়েছে তিনি সেইখানেই আছেন। মনে হয় রাজা আর্যকের (রাজত্বের) এই আরম্ভ চারুদত্তের জীবনলাভের মধ্যে দিয়ে সার্থক হবে। (অত্যন্ত দ্রুত উপস্থিত হয়ে) সরে যাও, মূর্খেরা। (দেখে, সহর্ষে) চারুদত্ত বসন্তসেনা সহ তাহলে জীবিত আছেন ? আমার প্রভুর ইচ্ছা সম্পূর্ণ হল।

সৌভাগ্যবশতঃ গুণে (পক্ষে, দড়িতে) আকৃষ্ট সুশীলা (পক্ষে, সঙ্ঘটিতা)

নৌকার মতো প্রিয়তমা বসন্তসেনার সাহায্যে অপার বিপত্তিসাগর-পার-হওয়া চারুদত্তকে দীর্ঘদিন পর গ্রহণমুক্ত জ্যোৎস্নাবন্ধ চাঁদের মতো দেখছি ॥৪৯॥

কিন্তু মহাপাপ করে (তাঁর থেকে চুরি করে) এখন তার কাছে যাব কী করে ? অথবা, ঋজুতা সর্বত্রই শোভা পায়। (প্রকাশ্যে উপস্থিত হয়ে যুক্তকরে) আর্য চারুদত্ত !

চারুদত্ত—আপনি কে ?

শর্বিলক—আপনার বাড়িতে সিঁধ কেটে গচ্ছিত ধন চুরি করেছিল আমি সেই মহাপাপী (এখন) আপনারই শরণ নিচ্ছি ॥৫০॥

চারুদত্ত—সখা, একথা বোলো না। তোমার সে-কাজ আমার পক্ষে অনুগ্রহই হয়েছিল। (গলা জড়িয়ে ধরলেন)

শর্বিলক—তা ছাড়া—

সচ্চরিত্র আর্যক যজ্ঞবাটিকায় স্থিত দুরাত্মা পালককে পশুর মতো বধ করে (নিজের) কুল ও মান রক্ষা করছে। ॥৫১॥

চারুদত্ত—কী ?

শর্বিলক—আপনার গাড়িতে চড়ে একদিন আপনার শরণ নিয়েছিল সে আজ যজ্ঞস্থলে যে পালককে পশুর মতো হত্যা করছে ॥৫২॥

চারুদত্ত—শর্বিলক, পালক যাকে ঘোষপল্লী থেকে অকারণে এনে গুপ্তকক্ষে বন্দী করে রেখেছিল এবং তুমি যাকে মুক্ত করেছিলে এ কি সে-ই (আর্যক) ?

শর্বিলক—আপনি যা বললেন তাই।

চারুদত্ত—আমার পক্ষে এ সুসংবাদও বটে।

শর্বিলক—আর্যক উজ্জয়িনীতে প্রতিষ্ঠিত হয়েই আপনার বন্ধু আপনাকে বেনানদীর তীরবর্তী কুশাবতী[১৩] নগরী অর্পণ করেছে। আপনি বন্ধুর এই প্রথম অনুরোধ গ্রহণ করুন। (কিছু দিয়ে) ওহে কে আছ ? সেই পাপী রাষ্ট্রিয় শঠকে ধরে আনো।

(নেপথ্যে)

শর্বিলকের যা আদেশ।

শর্বিলক—আর্য, রাজা আর্যক জানাচ্ছেন—আপনারই সৌজন্যে আমি এই রাজ্য পেয়েছি। এ রাজ্য আপনি উপভোগ করুন।

চারুদত্ত—আমার গুণে এ রাজ্য উপার্জিত !

(নেপথ্যে)

ওরে রাষ্ট্রিয় শ্যালক, এসো এসো, নিজের কুকর্মের ফল ভোগ করো।

(তারপর পিছনে হাত-বাঁধা অবস্থায় প্রহরীবেষ্টিত শকারের প্রবেশ)

শকার—আশ্চর্য !

দড়ি-ছেঁড়া গাধার মতো আমি অনেকটা পূর্বেই পালিয়েছিলাম, কিন্তু বন্য কুকুরের মতো আবার আমাকে ধরে আনা হল ॥৫৩॥

(চারদিক দেখে) এই রাষ্ট্রিয় এখন চারদিকে প্রহরীবেষ্টিত। তাহলে অসহায় আমি কার শরণ নেব ? যাই, সেই শরণাগতবৎসলের কাছেই যাই। (এগিয়ে এসে) আর্য চারুদত্ত, রক্ষা করুন, রক্ষা করুন ! (এই বলে পায়ে পড়ল)

(নেপথ্যে)

আর্য চারুদত্ত, ওকে ছেড়ে দিন ওকে ছেড়ে দিন, একে বধ করতে দিন আমাদের।

শকার—(চারুদত্ত) হে অসহায়ের সহায়, রক্ষা করুন।

চারুদত্ত—(সদয়ভাবে) ভয় নেই, শরণাগতের ভয় নেই।

শর্বিলক—(অধৈর্যভাবে) আঃ চারুদত্তের কাছ থেকে ওকে সরিয়ে নিয়ে যাও। (চারুদত্তকে) বলুন, এই পাপীকে কোন্ শাস্তি দেওয়া হবে ? ওরা (চণ্ডালেরা) ওকে শক্ত করে বেঁধে নিয়ে যাক। তারপর একে কি কুকুর দিয়ে খাওয়ানো হবে ? না শূলে চড়ানো হবে, না করাত দিয়ে কাটা হবে ?॥৫৪॥

চারুদত্ত—আমি যা বলব তাই কি করা হবে ?

শর্বিলক—এ বিষয়ে সন্দেহের কী আছে ?

শকার—প্রভু চারুদত্ত ! আমি আপনার শরণাগত। রক্ষা করুন, রক্ষা করুন। আপনার পক্ষে যা শোভা পায় তাই করুন। আমি আর এমন কাজ করব না।

(নেপথ্যে পুরজন)

ওকে হত্যা করো। (এমন) পাপী বেঁচে থাকবে কেন ?

(বসন্তসেনা বধ্যমালা চারুদত্তের গলা থেকে নিয়ে
শকারের উপরে নিক্ষেপ করল)

শকার—গর্ভদাসীর কন্যা ! প্রসন্ন হও, প্রসন্ন হও। আমি আর তোমাকে বধ করব না। আমাকে বাঁচাও।

শর্বিলক—ওরে, একে সরিয়ে নে। আর্য চারুদত্ত—এই পাপীকে কী করা হবে ?

চারুদত্ত—আমি যা বলব তা করা হবে ?

শর্বিলক—এ বিষয়ে সন্দেহ কী ?

চারুদত্ত—সত্যি ?

শর্বিলক—সত্যি।

চারুদত্ত—যদি তাই হয় তাহলে শিগ্‌গিরই একে—

শর্বিলক—বধ করা হবে ?

চারুদত্ত—না, না, মুক্তি দেওয়া হবে।

শর্বিলক—কেন ?

চারুদত্ত—শত্রু যদি অপরাধ করে শরণপ্রার্থী হয়ে পায়ে পড়ে তাকে অস্ত্র দিয়ে মারতে নেই—

শর্বিলক—তা হলে কুকুর দিয়ে খাওয়ানো হোক।

চারুদত্ত—না, উপকার দিয়ে তাকে প্রত্যাঘাত করতে হবে ॥৫৫॥

শর্বিলক—কী আশ্চর্য। কী করব ? আর্য বলুন।

চারুদত্ত—তাই, একে ছেড়ে দাও।

শর্বিলক—ওকে ছেড়ে দেওয়া হোক।

শকার—(আশ্চর্য) পুনর্জীবিত হলাম। (রক্ষীদের সঙ্গে প্রস্থান)

(নেপথ্যে কলরব, পুনরায় নেপথ্যে)

আর্য চারুদত্তের বধূ, আর্যা ধূতা অগ্নিতে প্রবেশ করছেন। তার পায়ের কাছে

আঁচলে ধরে থাকা ছেলেটাকে তিনি সরিয়ে দিচ্ছেন, জলভরা চোখে লোকেরা তাঁকে নিবৃত্ত করতে চেষ্টা করছেন।

(শুনে, নেপথ্যের দিকে তাকিয়ে)

এ কী চন্দনক ? একী ?

চন্দনক—(প্রবেশ করে) আপনি কি দেখেন নি ? মহারাজের প্রাসাদের দক্ষিণে বহু লোকের ভিড় জমেছে। ('আর্য চারুদত্তের বধ' ইত্যাদি আবার পাঠ করল) আমি তাঁকে বলেছি, আর্যে, হঠকারিতা করবেন না, আর্য চারুদত্ত বেঁচে আছেন। কিন্তু দুঃখভারাক্রান্ত অবস্থায় কে শোনে আর কে বিশ্বাস করে ?

চারুদত্ত—(সোদ্বেগে) আমি বেঁচে থাকতেও তুমি এ কি করতে চলেছ ঃ (উঁচুতে তাকিয়ে, দীর্ঘশ্বাস ফেলে) চারুচরিতা ! তোমার কাজ (মহত্ত্ব) ঠিক এ' পৃথিবীতে মাপা যায় না। তবুও হে পতিব্রতা, স্বামীকে ছেড়ে পরলোকের সুখভোগ তোমার উচিত নয় ॥৫৬॥ (মূর্ছিত হলেন)

শর্বিলক—কী অঘটন ! সেখানে (ধূতা দেবীর কাছে) আমাদের অবিলম্বে যাওয়া উচিত, অথচ এদিকে আর্য মূর্ছিত হলেন। হায় ধিক্, আমাদের চেষ্টা সবদিক দিয়ে ব্যর্থ হতে চলেছে দেখছি ॥৫৭॥

বসন্তসেনা আশ্বস্ত হও, আর্য। সেখানে গিয়ে আর্যাকে রক্ষা করো। তা না হলে অধৈর্যে অনর্থ হতে পারে।

চারুদত্ত—(আশ্বস্ত হয়ে হঠাৎ উঠে) হায় প্রিয়ে, তুমি কোথায় আমাকে প্রত্যুত্তর দাও।

চন্দনক—এদিকে আসুন, আর্য, এদিকে আসুন।

(সকলে পরিক্রমা করল)

(তারপর যথানির্দিষ্টা ধূতা, অঙ্গসংলগ্ন রোহসেন এবং বিদূষক ও রদনিকার প্রবেশ)

ধূতা—(অশ্রুসিক্ত হয়ে) বাছা ! আমাকে বাধা দিস্ নে। আমার ভয় হচ্ছে পাছে স্বামীর সম্বন্ধে দুঃসংবাদটা আমার কানে যায়। (তিনি উঠলেন, আঁচল মুক্ত করলেন এবং আগুনের দিকে চললেন)

রোহসেন—মা, আমার জন্যে অপেক্ষা করো। তুমি ছাড়া আমি বাঁচতে পারব না।

(তাঁর কাছে দ্রুত ছুটে এসে সে আবার আঁচল ধরল)

বিদূষক—আপনি ব্রাহ্মণী বলে, ঋষিরা পৃথক্‌ভাবে[১৪] আরোহণ করাকে পাপ বলে বিধান দিয়েছেন।

ধূতা—আমার স্বামীর সম্বন্ধে দুঃসংবাদ শোনার চেয়ে পাপ করাও ভালো।

শর্বিলক—(সামনে তাকিয়ে) আর্য প্রায় আগুনের কাছে এসে পড়েছেন। শিগ্‌গির শিগ্‌গির।

(চারুদত্ত দ্রুত ছুটে চললেন)

ধূতা—রদনিকা, বালককে দেখো যাতে আমি যা ভাবছি তা করতে পারি।

চেটী—(করুণভাবে) আমিও আমার প্রভুপত্নীর কাছে যা শিখেছি তাই করতে যাচ্ছি।

ধূতা—(বিদূষককে দেখে) আর্য, আপনিই ওকে দেখবেন।

বিদূষক—(সাবেগে) কোনো ইচ্ছা পূরণ করতে হলে ব্রাহ্মণের নেতৃত্বেই তা করতে হয়।

তাই আমি আর্যার অগ্রবর্তী হব।

ধূতা—এ কী! দুজনেই আমার অনুরোধ প্রত্যাখ্যান করল। (বালককে আলিঙ্গন করে) বাছা তুমি নিজেই নিজেকে দেখো। যাতে আমাদের দুজনকে তিলাঞ্জলি দিতে পার। যিনি নাগালের বাইরে তাঁর উপর কিছু আশা করে তো লাভ নেই (সনিঃশ্বাসে) আর্যপুত্র তো আর তোমাকে দেখবেন না!

চারুদত্ত—(শুনে, হঠাৎ এগিয়ে গিয়ে) আমিই আমার পুত্রের ভার নেব। (এই বলে বালককে দু-হাতে তুলে বুকে জড়িয়ে ধরলেন)

ধূতা—(দেখে) আশ্চর্য! আর্যপুত্রের গলার স্বর শুনছি মনে হচ্ছে। (তারপর ভালো করে দেখে সহর্ষে) কী ভাগ্য আমার! ইনি তো আর্যপুত্রই দেখছি। কী আনন্দ! কী আনন্দ আমার!

বালক—(দেখে, সহর্ষে) আশ্চর্য! বাবা, আমাকে আলিঙ্গন করছেন। মা, এবার তুমি খুশি তো? বাবা নিজেই আমার ভার নিলেন!

(এই বলে সে প্রত্যালিঙ্গন করল)

চারুদত্ত—(ধূতাকে) হায় প্রেয়সী! স্বামী জীবিত থাকতে এ ভয়ঙ্কর কাজ তুমি করতে চলেছিলে কেন? সূর্য অস্ত না যেতে কি পদ্মিনী নয়ন নিমীলিত করে?॥৫৮॥

ধূতা—আর্যপুত্র, এই জন্যেই তো তাকে অচেতন বলা হয়।

বিদূষক—(দেখে সহর্ষে) আশ্চর্য! এই দুটো চোখ দিয়ে প্রিয় বয়স্যকে দেখছি। পতিব্রতার কী শক্তি! অগ্নিতে প্রবেশের সংকল্প করেই তিনি প্রিয়সঙ্গ লাভ করলেন। (চারুদত্তকে) জয় হোক, প্রিয় বয়স্যের জয় হোক।

চারুদত্ত—এসো মৈত্রেয়। (এই বলে আলিঙ্গন করলেন)

চেটী—ঘটনার কী বিচিত্র গতি! আর্য, প্রণাম করি। (এই বলে চারুদত্তের পায়ে পড়ল)

চারুদত্ত—(পিঠে হাত দিয়ে) রদনিকা ওঠো। (এই বলে তাকে ওঠালেন)

ধূতা—(বসন্তসেনাকে দেখে) কী সৌভাগ্য! ভগিনী নিরাপদ।

বসন্তসেনা—এখন সত্যিই আমি নিরাপদ হলাম।

(পরস্পর আলিঙ্গনবদ্ধ হলেন)

শর্বিলক—সৌভাগ্যবশতঃ আপনার বন্ধুবর্গ সবাই জীবিত।

চারুদত্ত—তোমারই অনুগ্রহে।

শর্বিলক—আর্যা বসন্তসেনা। পরিতুষ্ট রাজা আপনাকে 'বধূ' আখ্যাতেই অভিহিত করেছেন।

বসন্তসেনা—আর্য! আমি কৃতার্থ হলাম।

শর্বিলক—(বসন্তসেনাকে ঘোমটা পরিয়ে। চারুদত্তকে) এই ভিক্ষুর কী করা যায়?

চারুদত্ত—ভিক্ষু, তোমার কী ইচ্ছা?

ভিক্ষু—সম্প্রতি এরকম ভাগ্য-পরিবর্তন দেখে প্রব্রজ্যায় আমার যে-আসক্তি জন্মেছিল তা দ্বিগুণ হল।

চারুদত্ত—সখা, এর সংকল্প দৃঢ়। তাই ওকে দেশের সমস্ত বৌদ্ধ মঠের অধ্যক্ষ করা হোক।

শর্বিলক—আপনি যেমন বললেন।

ভিক্ষু—এ আমার পক্ষে সত্যিই আনন্দের। সত্যিই আনন্দের।

বসন্তসেনা—এখন আমার মনে হচ্ছে আমি জীবন ফিরে পেয়েছি।

শর্বিলক—স্থাবরকের কী করা যায়?

চারুদত্ত—সচ্চরিত্র এই মানুষটি দাসত্ব থেকে মুক্ত হোক। আর এই চণ্ডালেরা সমস্ত চণ্ডালেরা অধিপতি হোক। আর রাষ্ট্রিয় শ্যালক আগে যে অধিকারে প্রতিষ্ঠিত ছিল তাই থাকুক।

শর্বিলক—আপনি যা বললেন তাই হোক। কিন্তু একে ছেড়ে দিন (আমার কাছে) আমি তাকে বধ করি।

চারুদত্ত—যে শরণাগত সে অভয় হোক। (শত্রু যদি—১০।৫৫ ইত্যাদি পাঠ করলেন)

শর্বিলক—এবারে বলুন আর কী করলে আপনি খুশি হবেন?

চারুদত্ত—এর পরেও আর কী প্রিয় থাকতে পারে? আমার চরিত্রের বিশুদ্ধি রক্ষিত হল। আমার চরণে পতিত শত্রুকে মুক্তি দেওয়া হল। আমার প্রিয় বন্ধু আর্যক শত্রুর মূলোচ্ছেদ করেছে এবং সে এখন রাজা পৃথিবীর শাসক। প্রিয়াকে (বসন্তসেনাকে) পেলাম, (তোমার) প্রিয়বন্ধুর (আর্যকের) সঙ্গে মিলিত তুমি আমার বন্ধু হলে, তোমার কাছে চাইবার মতো আর কী থাকতে পারে? ॥৫৯॥

কাউকে তুচ্ছ করে দেয়, কাউকে তুলে ধরে, কাউকে নীচে নামায়, কাউকে সংশয়িত অবস্থায় রাখে, এইভাবে ভিন্নধর্মী বস্তুর পরস্পর সান্নিধ্য ঘটিয়ে ভাগ্য মানুষকে লোকস্থিতির শিক্ষা দিয়ে কূপযন্ত্র এবং ঘটিকান্যায়ে[১৫] খেলা করে ॥৬০॥

তবুও এই হোক—

(ভরতবাক্য[১৬])

গাভীরা দুগ্ধবতী হোক, বসুমতী শস্যসমৃদ্ধা হোক, মেঘ সময়মতো বর্ষণ করুক, সর্বজনের মনকে আনন্দ দিয়ে বায়ু প্রবাহিত হোক। সমস্ত প্রাণী আনন্দিত হোক, ব্রাহ্মণেরা সম্মানিত হোক, সজ্জনেরা সমৃদ্ধিমান হোক। ধার্মিক রাজারা শত্রু দমন করুন এবং পৃথিবী সুশাসন করুন ॥৬১॥

॥ 'সংহার'[১৭] নামে দশম সর্গ সমাপ্ত ॥

॥ মৃচ্ছকটিক নাটক সমাপ্ত ॥

প্রসঙ্গ কথা

প্রথম অংক

১. পর্যঙ্কাসনকে সাধারণত 'বীরাসনের' সঙ্গে অভিন্ন মনে করা হয়। বীরাসনের লক্ষণ—

একপাদমথৈকস্মিন্ বিন্যস্যোরুণি সংস্থিতম্।
ইতরস্মিংস্তথা চান্যং বীরাসনমুদাহৃতম্ ॥

(রঘুবংশম্ এর ত্রয়োদশসর্গীয় ৫২নং শ্লোকের টীকায় উদ্ধৃত)।
কিন্তু 'পর্যঙ্ক'কে পৃথক্ আসন বলাই ভালো। শিবমহাপুরাণে অষ্টাসনের মধ্যে পর্যঙ্ক' ও 'বীরাসন' পৃথক আসনরূপে উল্লিখিত—

স্বস্তিকং পদ্মং মধ্যেন্দুং বীরং যোগং প্রসাধিতম্
পর্যঙ্কং চ যথেষ্টং চ প্রোক্তমাসনমষ্টধা ॥ শিবমহাপুরাণ ৭।২।৩৭।২০

২. একাদশ ইন্দ্রিয়ের পাঁচটি কর্মেন্দ্রিয় এবং ছয়টি জ্ঞানেন্দ্রিয় ঃ

মনঃ কর্ণৌ তথা নেত্রে রসনা চ ত্বয়া সহ।
নাসিকা চেতি ষট্ তানি ধীন্দ্রিয়াণি প্রচক্ষতে ॥

—এখানে এই ছয়টি ইন্দ্রিয়ই বিবক্ষিত।

